4. সঠিক উত্তর- (b) How garrulous (বাচাল) the girl is!, কেননা তোমরা ইতোমধ্যে exclamator sentence এ জেনেছো- "How + adjective + subject + verb + !" এইভাবে গঠিত হয়। How এ পরে article না বসে, সরাসরি adjective বসে।
5. সঠিক উত্তর- (a) Relative pronoun, কেননা who-এর পর verb থাকলে তা relative pronoun হয় তবে, "Who+--- ?" এমন sentence হলে "Who"-কে Wh. word বা Interrogative pronoun বলে।
6. সঠিক উত্তর- (d) Adverb, কারণ "live" একটি intransitive verb। সুতরাং, intransitive verb এ পর, হয় adverb বসবে নতুবা adverbial phrase বসবে।
7. সঠিক উত্তর- (c) Imperative, কারণ এই বাক্যে mention অর্থ উল্লেখ করা, শব্দটি verb। আমরা জা verb দ্বারা sentence শুরু হলে, তা Imperative sentence হয়। বলে রাখা ভালো, "Mention" শব্দ একই সাথে noun ও verb উভয় হতে পারে।
8. সঠিক উত্তর- (a) Full stop, কেননা বাক্যটির শুরু "What" দ্বারা হলেও শেষে Question mark দেও যাবে না। কারণ, Question mark দিতে চাইলে সাহায্যকারী verb "did" বসতো subject "she" এ পূর্বে। সুতরাং, বাক্যটি Assertive হওয়ায় শেষে Full stop বসবে।
9. সঠিক উত্তর- (d) Optative, কারণ এই বাক্যে "Have" দ্বারা শুভকামনা (wish) করা বোঝাচ্ছে। সুতরা যদি কোনো বাক্যে "Have" এর পর কোনো সুখকর মুহূর্ত/সময়কে বোঝায়, তবে "Have" মূলত optativ sentence এর "may" এর সমার্থক শব্দ হিসেবে কাজ করে।
10. সঠিক উত্তর- (d) Optative, কেননা Assertive sentence এর পূর্বে "May/Long" বসালেই optative হয়ে যায়। সেইজন্য, optative-কে Asseritve sentence হিসেবে ভাবা হয়।

Object

(কর্ম)

একটি ফুলগাছ যেমন টবের উপরে ভর করে দাঁড়িয়ে থাকে, তেমনি একটি English sentence একটি বিশে structure এর উপর ভিত্তি করে গঠিত হয়। এই structure টি হচ্ছে- "subject + verb + extension"। তবে, অনেকেই মনে করে একটি আদর্শ English বাক্যের structure: "Subject + verb + object"। কি কথাটি সঠিক নয়। কেননা, একটি বাক্যের শেষে শুধু object-ই বসে না বরং ক্ষেত্র বিশেষ adverb complement, *etc.* বসে।

[এই অধ্যায়ে শুধুমাত্র object সম্পর্কে বিস্তারিত ধারণা পাবে,
পরবর্তী অধ্যায়ে থাকছে complement এর আলোচনা।]

What is object?

Verb কে কি (what) বা কাকে (whom) দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায়, সেই word/phrase টি object। যেমন: They gave me a flower vase. (তারা আমাকে একটি ফুলদানি দিয়েছিল।)

লক্ষণীয়, উপরের বাক্যে verb "give/gave" কে যদি আমরা "কি" বা "কাকে" দ্বারা প্রশ্ন করি-

- ❑ কাকে দিয়েছিল (gave?) উত্তর হবে = me (আমাকে)
- ❑ কি দিয়েছিল (gave?) উত্তর হবে = a flower vase (একটি ফুলদানি)

তাহলে, উপরের বাক্যটিতে "me" ও "a flower vase" দুটোই object।

অজানা কথা:

Object অবস্থানে যা বসবে, তা অবশ্যই noun/noun phrase/gerund/pronoun-এর object form হবে।

Kinds of objects: object দুই প্রকার-

i. Indirect object (I.O), যা দ্বারা ব্যক্তি বোঝায়।

ii. Direct object (D.O), যা দ্বারা প্রাথমিকভাবে বিষয়/বস্তু বোঝায়।

তাহলে, উপরের বাক্যতে "me" হলো indirect object আর "a flower vase" হলো direct object।

মনে রাখা জরুরী:

যে বাক্যে একটি মাত্র object থাকে, তাকে direct object বলে। তাই ব্যক্তিবাচক হলেই সর্বদা indirect object এবং বস্তুবাচক হলে direct object, এমন ভাবনা থেকে বের হয়ে আসতে হবে।

আরও কিছু উদাহরণ:

i. Our teacher helped us. = "us" একটি direct object
(আমাদের শিক্ষক আমাদের সাহায্য করেছিল।)

ii. She speaks English. = "English" একটি direct object
(সে ইংরেজিতে কথা বলে / সে ইংরেজি বলে।)

iii. The police told me the real story. = "me" একটি indirect object এবং "the real story" একটি direct object
(পুলিশ আমাকে আসল ঘটনাটি বলেছিল।)

iv. He sent the company a final mail. ="the company" একটি indirect object এবং "a final mail" একটি direct object
(সে কোম্পানিকে একটি চূড়ান্ত মেইল পাঠিয়েছিল।)

দুইটি object একসাথে বসলে "indirect + direct object" এই ক্রমানুসারে বসে।

মনে রাখতে পার: I.O+D.O

For example:

Subject	transitive verb (t.v)	Indirect object (I.O)	Direct object (D.O)
He	gave	me	a flower vase
The player	passed	the new player	the ball
She	bought	him	a new dress

Preposition-যুক্ত হয়ে "direct object + preposition + indirect object" এই ক্রমানুসারে বসে।

মনে রাখতে পার: D.O + preposition(to/for) + I.O

Subject	(t.v)	(D.O)	Preposition	(I.O)
He	gave	a flower vase	to	me
The player	passed	the ball	to	the new player
She	bought	a new dress	for	him

উল্লেখ্য, Preposition বসে indirect object এবং direct object আগে-পরে হলেও, উপরে উল্লেখিত দুই ধরনের বাক্যগুলোর অর্থ মূলত একই।

অজানা কথা:

i. শুধুমাত্র transitive verb (action verb)-এর direct object থাকে।
ii. Direct object-কে passive voice-এ retain (স্থির) object বলে।
iii. যে verb-এর পর object বসে, সেই verb-কে transitive (সকর্মক) verb বলে।
iv. "Subject + verb + object"-এর পর adverb/adverb phrase বসতে পারে।
যেমন: I sing a song. এই বাক্যটির শেষে adverb বসানো যেতে পারে।
= I sing a song well.

Direct object & Indirect object- নিয়ে শেষ কথা

"Direct object" verb-এর কার্য সম্পাদন করে থাকে এবং indirect object "direct object"-এর কাজ সম্পাদন করে।

যেমন: He likes me.

এখানে "me" ব্যক্তিবাচক হওয়া সত্ত্বেও, object সংখ্যা একটি হওয়ায় তা direct object যা সরাসরি verb-এর কাজকে গ্রহণ করছে।

কিন্তু যদি বলি:

He gave me a flower.

এখানে "me" একটি indirect object যা সরাসরি আরেকটি direct object "a flower" গ্রহণ করেছে। এমন এক্ষেত্রে "indirect object" এর পর "direct object" না বসালে বাক্যের অর্থ পূর্ণতা পায় না।

Complement

(পরিপূরক)

What is complement?

Complement শব্দের অর্থ "পরিপূরক"। sentence-এ subject এর পূর্ণতার জন্য verb এর পরে যে word/phrase-টি বসে তাকে complement বলে।

অন্যভাবে বললে-

A **complement** is a word, phrase or clause that is necessary to complete the meaning of an expression. (complement হলো একটি শব্দ, শব্দগুচ্ছ বা বাক্যাংশ যা একটি ভাব/ অভিব্যক্তি পরিপূর্ণ করার জন্য প্রয়োজনীয়।)

যেমন:

I am happy. = (আমি খুশি) "I" এর অন্য অবস্থা সে এখন happy/খুশি।
They are helpless. = (তারা অসহায়) "They" এর অন্য অবস্থা তারা এখন helpless/অসহায়।
Hasmot is a farmer. = (হাসমত একজন কৃষক) "Hasmot" এর অন্য পরিচয় সে একজন farmer/কৃষক।

লক্ষণীয়, উপরের ৩টি বাক্যতে যথাক্রমে happy, helpless ও farmer পূর্বের subject-গুলোর পরিপূরক। সুতরাং, "happy, helpless ও farmer" শব্দগুলো complement।

Kinds of Complements

বাক্যে অবস্থান অনুযায়ী **Complement** দুই প্রকার:

i. Subjective complement, যা subject ইঙ্গিত করে।
ii. Objective complement, যা object-এর পরে বসে।

Subjective complement আবার তিন প্রকার:

i. Noun complement
ii. Adjective complement
iii. Adverb complement

☑ **Noun complement:** বাক্যে noun/noun phrase-এর কাজ করে, noun-এর শূন্যতা পূরণ করে।

For example:

He is a doctor. = "a doctor" noun phrase যা অন্য কথায় noun complement
(সে একজন ডাক্তার।)

She is a nurse. = "a nurse" noun phrase যা অন্য কথায় noun complement
(সে একজন সেবিকা।)

Jacky is a footballer. = "a footballer" noun phrase যা অন্য কথায় noun complement
(জ্যাকি একজন ফুটবল খেলোয়াড়।)

অজানা কথা:

It is I / It is me, এই গুলো pronoun দিয়ে গঠিত complement।

☑ **Adjective complement:** বাক্যে adjective এর কাজ করে।

For example:

She is happy. = "happy" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(সে খুশি।)

Honey tastes sweet. = "sweet" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(মধু খেতে মিষ্টি।)

He feels relaxed. = "relaxed-প্রশান্তি" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(সে প্রশান্তি অনুভব করে।)

☑ **Adverb complement:** বাক্যে adverb এর কাজ করে। এটি সাধারণত স্থান, গতি বা দিকনির্দেশনা ইঙ্গিত করে থাকে।

For example:

Stand still. "still" শব্দটি adverb, অন্যকথায় adverb complement
(স্থির হয়ে দাঁড়াও।)

He sang well. "well" শব্দটি adverb, অন্যকথায় adverb complement
(সে ভালোভাবে গান গেয়েছিল।)

I will be there. "there" শব্দটি adverb, অন্যকথায় adverb complement
(আমি সেখানে থাকবো।)

বাস্তবধর্মী Subjective Complement:

"It always seems impossible until it is done." -Nelson Mandela
(কোন কিছু শেষ না হওয়া পর্যন্ত তা অসম্ভব মনে হয়।)

❑ Objective complement: যা মূলত object-এর পরিপূরক

i. Word/Phrase as objective complement:

He has made me happy.= এখানে object "me" এর complement "happy"
(সে আমাকে সুখী করেছে।)
We appointed him our bodyguard= এখানে object "him" এর complement "our bodyguard"
(আমরা তাকে আমাদের দেহরক্ষী নিযুক্ত করেছিলাম।)
I found him talking.= এখানে "him" object এর complement "talking"
(আমি তাকে কথা বলা অবস্থায় দেখেছিলাম।)

ii. Clause as objective complement:

We called the boy who is nervous. (আমরা ভীত বালকটিকে ডেকেছিলাম।)
I painted my room which was old shaped. (আমি আমার পুরনো ধরনের বাড়িতে রং করেছিলাম।)

অজানা কথা:

i. Subject ও Complement যেহেতু একে অপরের পরিপূরক, সেক্ষেত্রে complement নির্ণয়ে subject ও complement-এর মাঝখানে is equal to (=) চিহ্ন বসিয়ে complement বের করা যেতে পারে।
যেমন: He is a doctor. অর্থাৎ, He = a doctor. [যিনিই "He" তিনিই "doctor"]
ii. Complement লিখতে গিয়ে অনেকেই ভুল করে "Compliment" লিখে থাকে। যার অর্থ "অভিবাদন/অভিনন্দন"।

দ্বন্দ্ব দূর করে নাও:

Complement-এর ক্ষেত্রেও verb কে অনেক ক্ষেত্রে "what/who/whom" দ্বারা প্রশ্ন করে complement পাওয়া যায়। যে ব্যাপারটা object এবং complement নির্ণয়ের ক্ষেত্রে দ্বন্দ্ব সৃষ্টি করে।
সুতরাং "what/who/whom" এর বিষয়টি বাদ দিয়ে, অন্য নিয়মগুলোকে মূল ভেবে complement শনাক্ত করতে হবে।

দ্বন্দ্বের সমাধান নাও :

Subject ও Complement-এর মাঝে মাঝে অবশ্যই linking verb থাকবে।
Shortcut: Subject + linking verb (L.V) + complement

সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান linking verb গুলো:

Am, Is, Are, Was, Were, Have been, Has been, Seem- মনে করা; Sound- শব্দ হওয়া; Remain- থাকা; Taste- স্বাদ নেওয়া; Become- হওয়া; Feel- অনুভব করা; Smell- ঘ্রাণ/গন্ধ নেওয়া; Stay- থেকে যাওয়া; Appear- উপস্থিত হওয়া; Run- পরিণত হওয়া; Go- হওয়া; Turn- পরিণত হওয়া; Keep- রাখা; Stand- অবস্থান করা; Prove - প্রতীয়মান হয়; Grow- বেড়ে যায়।

মনে রাখা জরুরী:

মাঝে মাঝে (look, smell, appear, prove, sound, feel, remain, taste, grow *etc.*) এইগুলো action verb বা transitive verb হিসেবে ব্যবহৃত হয়, বিস্তারিত আলোচনা শেষ অংশে পাবে।

যেমন:

"Grow" as **Linking verb** = He grew tired. (সে ক্লান্ত হয়েছিল।)

"Grow" as **Action verb** = He grew some seasonal fruits.
(সে কিছু মৌসুমি ফলমূল উৎপাদন করেছিল।)

"Smell" as **Linking verb**= The cake smells bad. (কেকটি মন্দ স্বাদের।)

"Smell" as **Action verb**= He smells the cake. (সে কেকটির গন্ধ/স্বাদ নেয়।)

Object ও Complement-এর তুলনামূলক বিশ্লেষণ

Object	Complement
i. Object অর্থ- কর্ম	i. Complement অর্থ- পরিপূরক
ii. Object দুই প্রকার	ii. Complement সর্বমোট পাঁচ প্রকার
iii. Object বের করতে verb-কে "কি" বা "কাকে" দিয়ে প্রশ্ন করা যায়	iii. Complement এর ক্ষেত্রেও verb-কে "কি" বা "কাকে" দিয়ে প্রশ্ন করা যায়
iv. Transitive verb-এর পর object বসে	iv. Linking verb-এর পর complement বসে
v. Object এর পরে adverb বসতে পারে	v. Complement এর পরেও adverb বসতে পারে

Practice
MCQ মাধ্যম

1. Object কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) এক (d) চার
2. Complement প্রধানত কত প্রকার?
   (a) তিন (b) চার (c) দুই (d) এক
3. Indirect object বলতে কাকে বোঝায়?
   (a) বস্তুকে (b) ব্যক্তিকে (c) কোনো বিষয়কে (d) কোনো ঘটনাকে
4. নিচের কোনটি object বা complement হতে পারে না?
   (a) Noun (b) Pronoun (c) Preposition (d) Noun phrase
5. They elected me captain. –এখানে "me, captain" কি?
   (a) Compound, Complement (b) Complement, Object
   (c) Compound, Object (d) Object, Complement
6. নিচের কোন বাক্যটি সঠিক?
   (a) He gave me her wallet. (b) He gave his wallet to me.
   (c) He gave me to his wallet. (d) He gave his wallet me.
7. She feels -----.
   (a) unhappiness (b) happily (c) happiness (d) unhappy
8. Subject ও Complement এর মাঝের verb কে কি বলে?
   (a) Auxiliary verb (b) Perception verb c) Linking verb (d) Transitive verb

9. Object হওয়ার যোগ্যতা রাখে কোন Parts of speech?
   (a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
10. নিচের কোনটি complement হতে পারেনা?
   (a) Noun (b) Adjective (c) Verb (d) Pronoun

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (a) দুই, কারণ object দুই প্রকার, indirect ও direct।
2. সঠিক উত্তর- (c) দুই, কারণ subjective complement ও objective complement
3. সঠিক উত্তর- (b) ব্যক্তিকে, কেননা indirect দ্বারা ব্যক্তিবাচক object কে বোঝায়, আর direct দ্বারা বস্তু/বিষয়/কোনো ঘটনামূলক object কে বোঝায়।
4. সঠিক উত্তর- (c) Preposition, কারণ preposition ছাড়া option এ উল্লেখিত noun, pronoun এবং noun phrase এরা object বা complement-এর অবস্থানে বসতে পারে।
5. সঠিক উত্তর- (d) Object, Complement, উল্লেখিত বাক্যটির structure টি হলো- "Subject + factitive verb (elect, select, make etc.) + সাধারণ object (me) + objective complement (captain)"
6. সঠিক উত্তর- (b) He gave his wallet to me, মনে আছে? object বসার দুইটি structure:
   i. I.O (Indirect object- ব্যক্তিবাচক) + D.O (Direct object- বস্তুবাচক) অথবা,
   ii. D.O (Direct object- বস্তুবাচক) + preposition + I.O (Indirect object- ব্যক্তিবাচক)
   তাহলে, (ii.) no. অনুযায়ী "(b)" number উত্তরটিই সঠিক।
7. সঠিক উত্তর- (d) unhappy, কেননা "feel" একটি linking verb যার পর adjective complement বসে। Option এ দেওয়া শব্দগুলোর মধ্যে "unhappy" শব্দটিই একমাত্র adjective।
8. সঠিক উত্তর- (c) Linking verb, একটি structure দেখলেই সঠিক উত্তর সম্বন্ধে স্বচ্ছ ধারণা পাবে। Structure টি- "Subject + linking verb + complement"
9. সঠিক উত্তর- (a) Noun, কেননা subject ও object হতে গেলে, শব্দটিকে অবশ্যই noun অথবা noun phrase হতে হয়।
10. সঠিক উত্তর- (c) Verb, তোমরা পূর্বেই জেনেছ complement হিসেবে- Noun, Adjective ও Pronoun বসে, verb বসে না।

Gender

(লিঙ্গ)

Gender হল noun-এর একটি বিভাগ (category)।
Gender শব্দটি Latin শব্দ *"Genus"* থেকে এসেছে। যে পদ্ধতি/শ্রেণিবিন্যাসের মাধ্যমে noun/pronoun-এর লিঙ্গ/sex নির্ণয় করা হয়, তাকে gender বলে।

Kinds of Genders

ইংরেজিতে noun এর মৌলিক বিভাগ তিনটি:

i. Masculine Gender = Man (পুরুষ মানুষ)
ii. Feminine Gender = Woman (মহিলা মানুষ)
iii. Common Gender = Doctor (পুরুষ অথবা মহিলা ডাক্তার)

তবে, প্রকার বিবেচনায় সর্বমোট ৪ প্রকার:

i. Masculine Gender (পুংলিঙ্গ/পুরুষনির্ণায়ক শব্দ)
ii. Feminine Gender (স্ত্রীলিঙ্গ/মহিলানির্ণায়ক শব্দ)
iii. Common Gender (উভয়লিঙ্গ/পুরুষ-মহিলা নির্ণায়ক শব্দ)
iv. Neuter Gender (ক্লীবলিঙ্গ/জড়বস্তুমূলক শব্দ)= **lifeless things**

অজানা কথা:

i. Baby, Child, Dog, Rat, Cat এগুলোর প্রাণ থাকা সত্ত্বেও তা Neuter Gender।
ii. Neuter Gender বাক্যের subject হলে, pronoun হিসেবে "It" ভাবা হয়।

☑ Masculine Gender:

যে সকল noun বা pronoun দ্বারা পুরুষ বোঝায় অথবা যে সকল noun পুরুষসম গুণসম্পন্ন, তাকে masculine gender বলে।

For example:

Father, Brother, Rahim, Drone (পুংমৌমাছি), Man, He *etc.*

উল্লেখ্য, উপরের প্রত্যেকটি উদাহরণ বা শব্দ দ্বারা পুংলিঙ্গকে বোঝানো হয়েছে। সুতরাং, শব্দগুলো masculine gender.

অজানা কথা:

Masculine শব্দটি adjective, যা মূলত "male-পুরুষ" এই noun থেকে উৎপত্তি।

☑ Feminine Gender:

যে সকল noun বা pronoun দ্বারা স্ত্রী বোঝায় অথবা যে সকল noun স্ত্রী/মেয়ে/মহিলাসম গুণসম্পন্ন, তাকে feminine gender বলে।

For example:

Mother, Sister, Rita, Bee (স্ত্রীমৌমাছি), Woman, She *etc.*

উল্লেখ্য, উপরের প্রত্যেকটি উদাহরণ বা শব্দ দ্বারা স্ত্রীলিঙ্গকে বোঝানো হয়েছে। সুতরাং, শব্দগুলো feminine gender.

অজানা কথা:

Feminine শব্দটি adjective, যা মূলত "female-মহিলা" এই noun word থেকে উৎপত্তি।

☑ Common Gender:

যে সকল noun বা pronoun দ্বারা বোঝা যায় না যে, সে কি স্ত্রী লিঙ্গ নাকি পুংলিঙ্গ এমন noun বা pronoun কে common gender বলে।

For example:

Baby- শিশু, Parent- বাবা/মা, Child-শিশু, Friend-বন্ধু, Infant -শিশু, Passenger- যাত্রী, Relative-আত্মীয়, Student- ছাত্র/ছাত্রী, Teacher- শিক্ষক, Guardian- অভিভাবক, Cousin- চাচাতো ভাই বোন, Calf-বাছুর, Spouse -দম্পতি *etc.*

উল্লেখ্য, উপরের শব্দগুলো দ্বারা কোনো ভাবেই বোঝা সম্ভব নয় যে, উক্ত শব্দগুলো দ্বারা কি পুরুষবাচক শব্দ বোঝানো হচ্ছে নাকি স্ত্রীবাচক শব্দ বোঝানো হচ্ছে।

যেমন:

Baby = ছেলে শিশু হতে পারে/মেয়ে শিশুও হতে পারে।
Parent = বাবা হতে পারে/মা-ও হতে পারে।
Friend = ছেলে বন্ধু হতে পারে/মেয়ে বন্ধুও হতে পারে।
Spouse = স্বামী হতে পারে / স্ত্রীও হতে পারে।

☑ Neuter Gender:

যে সকল noun/pronoun দ্বারা কোনো জড় বিষয়বস্তুকে (non-living and lifeless things) বোঝায়, তাকে neuter gender বলে।

For example:

Pen, Table, Rock (শিলা), Water, Milk, Stone, Computer, Mobile *etc.*

উল্লেখ্য, উপরের শব্দগুলো দ্বারা কি স্ত্রীলিঙ্গ বা পুংলিঙ্গ নির্ণয় করা সম্ভব? কোনোভাবেই নয়।

তুলনামূলক পার্থক্য Masculine *Vs* Feminine = Common Gender

Masculine	Feminine	Common
Boy	Girl	= Child- শিশু
Man	Woman	= Person- ব্যক্তি
Husband	Wife	= Spouse - দম্পতি
King	Queen	= Monarch- সম্রাট
Sir	Madam	= Teacher- শিক্ষক
Poet	Poetess	= Poet - কবি
Ram	Ewe	= Sheep- ভেড়া
Cock	Hen	= Chicken- মুরগি
Brother	Sister	= Sibling- ভাইবোন

অজানা কথা:

i. Common gender-এর অপর নাম Neutral gender/Dual gender।

ii. Common gender গুলোই সাধারণত common noun-এর অন্তর্ভুক্ত।

Masculine থেকে Feminine gender করার নিয়মসমূহ

i. সম্পূর্ণ নতুন শব্দ যোগে masculine থেকে feminine

ii. শব্দের শেষে "ess" যোগে masculine থেকে feminine

iii. Compound/Hyphened word কে masculine থেকে feminine

iv. শব্দের শেষে এক বা একের অধিক letter যোগে masculine থেকে feminine

❑ সম্পূর্ণ নতুন শব্দ যোগে Masculine থেকে Feminine:

[এই জাতীয় Gender পরিবর্তনগুলো প্রতিযোগিতামূলক পরীক্ষাতে বেশি আসতে দেখা যায়।]

Masculine	Feminine
1. Bachelor ['ব্যাচালা(র্)] - অবিবাহিত ছেলে	Maid, Spinster [মেইড্/ 'স্পিন্স্টা(র্)] - অবিবাহিত মেয়ে
2. Boy [বয়] - বালক	Girl [গাল্] - বালিকা
3. Boar [বো°(র্)] - বন্য শূকর	Sow [সাউ] - বন্য শূকরী
4. Bull/ Ox [বুল্/ অক্স্] - ষাঁড়/ এঁড়ে	Cow [কাউ] - গাভী
5. Buck/ Deer [বাক্/ ডিআ(র্)] - হরিণ	Doe [ডৌ] - হরিণী
6. Cock [কক্] - মোরগ	Hen [হেন্] - মুরগী
7. Colt [কৌল্ট্] - অশ্ব শাবক	Filly ['ফিলি] - স্ত্রী অশ্ব শাবক
8. Dog [ডগ্] - কুকুর	Bitch [বিচ্] - কুকুরী
9. Drake [ড্রেইক্] - হংস	Duck [ডাক্] - হংসী
10. Drone [ড্রৌন্] - পুং মৌমাছি	Bee [বী] - স্ত্রী মৌমাছি
11. Earl [আল্] - সম্ভ্রান্ত ব্যক্তি	Countess ['কাউন্টিস্] - মহিলা সম্ভ্রান্ত ব্যক্তি
12. Friar ['ফ্রাইআ(র্)] - সন্ন্যাসী	Sister ['সিস্টা(র্)] - সন্ন্যাসিনী
13. Fox [ফক্স্] - খেঁকশিয়াল	Vixen ['ভিক্স্ন্] - খেঁকশিয়ালী
14. Gentleman ['জেন্ট্ল্মান্] - ভদ্রলোক	Lady ['লেইডি] - ভদ্রমহিলা
15. Gander/ Cob ['গ্যান্ডা(র্)/ কব্] - রাজহংস	Goose/ Pen [গূস্/ পেন্] - রাজহংসী
16. Hart [হা:ট্] - হরিণ	Roe [রৌ] - হরিণী
17. Horse [হো°স্] - ঘোড়া	Mare ['মেআ(র্)] - ঘোটকী
18. Husband ['হাজ্বান্ড্] - স্বামী	Wife [ওয়াইফ্] - স্ত্রী
19. Lamb [ল্যাম্] - পুং মেষশাবক	Ewe [ইউ] - স্ত্রী মেষশাবক
20. Lad [ল্যাড্] - বালক	Lass [ল্যাস্] - বালিকা
21. Lord [লোড্] - মনিব	Lady ['লেইডি] - সম্ভ্রান্তা মহিলা
22. Master [মা:স্টা(র্)] - শিক্ষক	Mistress ['মিস্ট্রিস্] - শিক্ষয়িত্রী
23. Monk [মঙ্ক্] - সন্ন্যাসী	Nun [নান্] - সন্ন্যাসিনী

Masculine	Feminine
24. Mr. ['মিস্টা(র্)] - জনাব	Mrs. [মীসেস্] - জনাবা
25. Nephew ['নেফিউ] - ভাইপো	Niece [নীস্] - ভাইঝি
26. Ram [র‍্যাম্] - ভেড়া	Ewe [ইউ] - ভেড়ী
27. Sloven ['স্লাভ্ন্] - অভদ্র লোক	Slut [স্লাট্] - অভদ্র মহিলা
28. Son [সান্] - পুত্র	Daughter ['ডো°টা(র্)] - কন্যা
29. Stag [স্ট্যা'গ্] - পুরুষ বড়ো হরিণ	Hind [হাইন্ড্] - স্ত্রী বড়ো হরিণ
30. Stallion ['স্ট্যালিআন্] - ঘোড়া	Mare ['মেআ(র্)] - ঘোটকী
31. Tailor ['টেইলা(র্)] - পুরুষ দর্জি	Seamstress [সীম্স্ট্রেস্] - মহিলা দর্জি
32. Uncle [আঙ্কল্] - চাচা/ মামা	Aunt [আ:ন্ট্] - চাচী/ মামী
33. Wizard ['উইজাড্] - জাদুকর	Witch [উইচ্] - যাদুকরী/ ডাইনী

❑ **শব্দের শেষে "ess" যোগে masculine থেকে feminine:**

Masculine	Feminine
1. Actor ['অ্যাক্টা(র্)] - অভিনেতা	Actress ['অ্যাক্ট্রিস্] - অভিনেত্রী
2. Author ['ও°থা(র্)] - লেখক	Authoress ['ও°থারেস্] - লেখিকা
3. Baron ['ব্যারন্] - পুং জমিদার	Baroness ['ব্যারনেস্] - স্ত্রী জমিদার
4. Benefactor ['বেনিফ্যাক্টা(র্)] - জনহিতকারী	Benefactress ['বেনিফ্যাক্ট্রেস্] - জনহিতকারিণী
5. Duke [ডিউক্] - ক্ষুদ্র রাজ্যের পুং নৃপতি	Duchess ['ডাচিস্] - ক্ষুদ্র রাজ্যের স্ত্রী নৃপতি
6. Emperor ['এম্পারা(র্)] - সম্রাট	Empress ['এম্প্রিস্] - সম্রাজ্ঞী
7. Enchanter [ইনচা:টার্] - পুরুষ জাদুকর	Enchantress [ইনচা:ট্রিস্] - মহিলা জাদুকর
8. Founder ['ফাউন্ডা(র্)] - পুরুষ প্রতিষ্ঠাতা	Foundress ['ফাউন্ড্রিস্] - মহিলা প্রতিষ্ঠাতা
9. Giant ['জাইআন্ট্] - পুরুষ দৈত্য	Giantess ['জাইআন্টেস্] - স্ত্রী দৈত্য
10. God [গড্] - দেবতা	Goddess [গডেস] - দেবী
11. Governor ['গাভানা(র্)] - প্রশাসক	Governess ['গাভানার্নেস্] - প্রশাসিকা
12. Heir [এআ(র্)] - উত্তরাধিকারী	Heiress [এআরেস্] - উত্তরাধিকারিণী
13. Host [হৌস্ট্] - অতিথি সেবক	Hostess [হৌস্টেস্] - অতিথি সেবিকা
14. Hunter [হান্টার্] - শিকারি	Huntress [হান্ট্রেস্] - শিকারিনী
15. Instructor [ইন্'স্ট্রাক্ট(র্)] - প্রশিক্ষক	Instructress [ইন্'স্ট্রাক্ট্রিস্] - শিক্ষয়িত্রী
16. Jew [জু] - ইহুদি	Jewess ['জুইস্] - ইহুদি রমণী
17. Lion [লাইআন্] - সিংহ	Lioness [লাইআনেস্] - সিংহী
18. Manager ['ম্যানিজা(র্)] - ব্যবস্থাপক	Manageress ['ম্যানিজা'রেস্] - ব্যবস্থাপিকা
19. Master [মা:স্টা(র্)] - গৃহকর্তা	Mistress ['মিস্ট্রিস্] - গৃহকর্ত্রী
20. Murderer [মাডা'রার্] - হত্যাকারী	Murderess [মাডা'রারেস্] - হত্যাকারিণী
21. Patron ['পেইট্রন্] - পৃষ্ঠপোষক	Patroness ['পেইট্রন্ইস্] - মহিলা পৃষ্ঠপোষক

Masculine	Feminine
22. Peer [পীআ(র্)] - পুরুষ সহকর্মী	Peeress [পিআরেস্] - মহিলা সহকর্মী
23. Poet ['পৌইট্] - কবি	Poetess ['পৌইটেস্] - মহিলা কবি
24. Priest ['প্রীস্ট্] - পুরোহিত	Priestess ['প্রীস্টেস্] - যাজিকা
25. Prince ['প্রিন্স্] - রাজপুত্র	Princess ['প্রিন্সেস্] - রাজকন্যা
26. Shepherd ['শেপাড্] - মেষপালক	Shepherdess ['শেপাডেস্] - মেষপালিকা
27. Sorcerer ['সো°সারা(র্)] - যাদুকর	Sorceress ['সো°সারিস্] - জাদুকরিণী
28. Steward [স্টিউআ(র্)ড্] - পরিচারক	Stewardess [স্টিউআডেস্] - পরিচারিকা
29. Viscount ['ভাইকাউন্ট্] - শেরিফ	Viscountess ['ভাইকাউন্টিস্] - মহিলা শেরিফ
30. Waiter [ওয়েইটর্] -পরিচারক	Waitress [ওয়েইট্রিস্] -পরিচারিকা

❑ Compound/Hyphened word কে masculine থেকে feminine:

Masculine	Feminine
1. Beggar-man ['বেগা(র্)-ম্যান্] - ভিখারি	Beggar-women ['বেগা(র্)-উইমিন্] - ভিখারিনি
2. Boy-friend [বয়্-ফ্রেন্ড্] - ছেলে বন্ধু	Girl-friend [গাল্-ফ্রেন্ড্] - মেয়ে বন্ধু
3. Billy-goat ['বিলি-গৌট্] - পাঁঠা	Nanny-goat [ন্যানি-গৌট্] - ছাগী
4. Bull-calf [বুল্-কা:ফ্] - এঁড়ে বাছুর	Cow-calf [কাউ-কা:ফ্] - বকনা বাছুর
5. Cock-sparrow [কক্-'স্প্যারৌ] - পুরুষ চড়ুই	Hen-sparrow [হেন্-'স্প্যারৌ] - স্ত্রী চড়ুই
6. Father-in-law ['ফাদার্ ইনলো] - শ্বশুর	Mother-in-law ['মাদার্ ইনলো] - শাশুড়ি
7. Fisherman ['ফিশা(র্)মান্] - জেলে	Fisherwoman ['ফিশা(র্)উউমান] - জেলেনি
8. He-goat [হী-গৌট্] - ছাগল	She-goat [শী-গৌট্] - ছাগী
9. He-wolf [হী-উউল্ফ্] - পুরুষ নেকড়ে	She-wolf [শী-উউল্ফ্] - স্ত্রী নেকড়ে
10. Jack-ass [জ্যাক্-অ্যাস্] গাধা	Jenny-ass ['জেনি-অ্যাস্] - গাধী/ মাদি গাধা
11. Landlord [ল্যান্ড্'লো°ড্] বাড়িওয়ালা	Landlady [ল্যান্ড্'লেইডি] - বাড়িওয়ালী
12. Man-servant [ম্যান্-'সাভান্ট্] - চাকর	Maid-servant [মেইড্-'সাভান্ট] - চাকরানী
13. Male-child [মেইল্-চাইল্ড্] - পুংশিশু	Female-child ['ফীমেইল্-চাইল্ড্] - স্ত্রী শিশু
14. Milk-man [মিল্ক্-ম্যান্] - গোয়ালা	Milk-maid [মিল্ক্-মেইড্] - গোয়ালিনি
15. Peacock ['পীক্ক্] - ময়ূর	Peahen ['পীহেন্] - ময়ূরী
16. School-master [স্কুল্-মা:স্টা(র্)] - বিদ্যালয়ের শিক্ষক	School-mistress [স্কুল্-'মিস্ট্রিস্] - বিদ্যালয়ের শিক্ষিকা
17. Son-in-law [সান্-ইন্-লো°] - জামাই	Daughter-in-law [ডো°টা(র্)-ইন্-লো°] - পুত্রবধু
18. Step-son [স্টেপ্-সান্] - সৎ পুত্র	Step-daughter [স্টেপ্-'ডো°টা(র্)] - সৎ কন্যা

❑ শব্দের শেষে এক বা একের অধিক **letter** যোগে **masculine** থেকে **feminine:**

Masculine	Feminine
1. Administrator [আড্‌মিনিস্‌ট্রেইটা(র্)] - প্রশাসক	Administratrix [আড্‌মিনিস্‌ট্রেইট্রিক্‌স্] - প্রশাসিকা
2. Don [ডন্] - মহাশয়	Dona, Donna [ডৌনা, ডনা] - মহাশয়া
3. Executor [ইগ্'জেক্যুটা(র্)] - নির্বাহক	Executrix [ইগ্'জেক্যুট্রিক্‌স্] - নির্বাহিকা/মহিলা নির্বাহক
4. Hero ['হিআরৌ] - বীর	Heroine [হেরৌইন্] - বিরাঙ্গনা
5. Joseph [জৌসেফ্] - বিশুদ্ধ চরিত্রের ভদ্রলোক	Josephine [জৌসেফাইন্] - বিশুদ্ধ চরিত্রের ভদ্রমহিলা
6. Prosecutor ['প্রসিকিউটর্] - অভিশংসক	Prosecutrix ['প্রসিকিউট্রিক্‌স্] - অভিশংসিকা
7. Sultan ['সাল্‌টান্] - বাদশা	Sultana ['সাল্‌টানা] - সম্রাজ্ঞি
8. Testator [টেস্‌টেইটর্] - পুরুষ উইলকারী	Testatrix [টেস্‌টেইট্রিক্‌স্] - মহিলা উইলকারী
9. Widower ['উইডোআর্] - বিপত্নীক	Widow ['উইডো] - বিধবা

যেসব প্রাণহীন বিষয়/বস্তু Masculine Gender

কিছু প্রাণহীন বিষয়/বস্তু যেগুলো দ্বারা একজন ব্যক্তিকে কল্পনা করা হয়, সেই সকল প্রাণহীন বিষয়/বস্তুকে masculine/feminine হিসেবে ধরা হয়। এদেরকে অন্যকথায় personified object বলে।

শক্তি, সাহস, মহত্ত্ব ও শ্রেষ্ঠত্ব প্রকাশে ব্যবহৃত শব্দ masculine gender হিসেবে পরিচিত। এইগুলোর pronoun হিসেবে "He" বা "It" উভয়ই ব্যবহার করা যায়।

For example:

Sun, Death, Time, Love, Summer (গ্রীষ্মকাল), Winter, Anger, Thunder (বজ্র), Revenge (প্রতিশোধ), Fear (ভয়), Day, Wind,War, Grave (সমাধি) *etc.*

অজানা কথা:

ইংরেজি সাহিত্যের অনেক কবি, লেখক তাদের বিভিন্ন সাহিত্যকর্মে personified object ব্যবহার করেছেন। সুতরাং, এই বিষয়টি না জানলে সাহিত্য (Literature) পড়তে গিয়ে অনেক সময় অনেক কিছুর সঠিক অর্থ বোঝা যায় না।

যেসব প্রাণহীন বিষয়/বস্তু Feminine Gender

সৌন্দর্য, কোমলতা, নম্রতা, আশীর্বাদপুষ্ট, উর্বরতা নির্দেশক শব্দ feminine gender হিসেবে পরিচিত। এইগুলো pronoun হিসেবে "She" বা "It" উভয়ই ব্যবহার করা যায়।

For example:

Modesty (নম্রতা), Earth, Moon, Truth, Religion, Mercy, Nature, Sky, Night, Hope, Peace (শান্তি), Liberty (স্বাধীনতা), Virtue (গুণ), Autumn (শরৎকাল), Spring (বসন্ত), Justice, Charity (দাতব্য), দেশের নাম, জাহাজের নাম, কোন যানবাহনের নাম *etc.*

Practice
MCQ মাধ্যম

1. Gender কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
2. Masculine/Feminine কোন ধরনের parts of speech?
   (a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
3. Masculine-এর noun form কোনটি?
   (a) Muscle (b) Male (c) Men (d) Human
4. Material noun কোন gender-এর অন্তর্ভুক্ত?
   (a) Masculine (b) Feminine (c) Neuter (d) Common
5. "Spinster" is a-
   (a) Common (b) Neuter (c) Musculine (d) Feminine
6. নিচের কোন noun-টির feminine gender নেই?
   (a) Allah (b) God (c) Almighty (d) Creator
7. Bridegroom শব্দটি কোন শব্দ থেকে উৎপন্ন?
   (a) Groom (b) Bride (c) Bridal (d) Nuptial
8. "Baby, Bird, Infant, Pupil" এগুলো কোন ধরনের gender?
   (a) Masculine (b) Feminine (c) Common (d) Neuter
9. Fill in the gap: Poetry has ----- own charms.
   (a) his (b) her (c) its (d) their
10. Hart এর feminine gender কোনটি?
    (a) Cow (b) Duck (c) Roe (d) Vixen

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) চার, যথা: Masculine, Feminine,Common,Neuter
2. সঠিক উত্তর- (c) Adjective, কারণ "male-noun" থেকে "masculine-adjective" এবং "female-noun" থেকে "feminine-adjective" word দুইটির উৎপত্তি।
3. সঠিক উত্তর- (b) Male।
4. সঠিক উত্তর- (c) Neuter, কেননা neuter gender দ্বারা জড়ো বিষয়-বস্তু, অচেতন কোনো পদার্থ কে বোঝায়। আমরা জানি, জড়ো বিষয়-বস্তু/পদার্থ বোঝালে material noun হয়।
5. সঠিক উত্তর- (d) Feminine, "Spinster" অর্থ- অবিবাহিত মেয়ে
6. সঠিক উত্তর- (a) Allah।
7. সঠিক উত্তর- (b) Bride, কেননা bride + groom = বর, এভাবেই শব্দটি গঠিত হয়েছে। কোনোভাবেই groom + bride বলা যায় না। কেননা, Groombride নামে কোনো শব্দ নেই।

8. সঠিক উত্তর- (c) Common, উল্লেখিত শব্দগুলো দ্বারা ছেলে অথবা মেয়ে উভয়টিকেই বোঝানো সম্ভব। যেমন: Baby/infant = ছেলে শিশু/মেয়ে শিশু, bird = পুরুষ পাখি/স্ত্রী পাখি, pupil = ছাত্র/ছাত্রী।
9. সঠিক উত্তর- (b) her, কোনো সাহিত্যিক art (শিল্পকে) feminine অর্থে ভাবা হয়। তাই "poetry- কবিতা" শব্দটিকে feminine ভেবে possessive pronoun "her" নেওয়া হয়েছে।
10. সঠিক উত্তর- (c) Roe, "Hart" অর্থ "পুরুষ হরিণ" আর "Roe" অর্থ "মহিলা ছোট হরিণ"।

Number

(সংখ্যা/বচন)

Number-জানি বলেই, আমরা কোন জিনিসকে বা বিষয়কে বিভাজন করতে পারি। আমরা বলতে পারি ১টি জিনি বা ২টি জিনিস। তাহলে, কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর সংখ্যা নির্ণয়কে বচন (number) বলে।

Kinds of Numbers

ইংরেজিতে number দুই প্রকার:

i. Singular number (একবচন)
ii. Plural number (বহুবচন)

☑ **Singular Number:** যা দ্বারা একটি মাত্র বিষয়বস্তু/ব্যক্তি/স্থান/ধারনা ইত্যাদি বোঝায়।

For example:
Mila, Dhaka, problem, pendrive, sun, moon *etc.*

☑ **Plural Number:** যা দ্বারা দুই বা ততোধিক (more than one) বিষয়বস্তু/ব্যক্তি/স্থান/ধারনা ইত্যাদি বোঝায়।

For example:
Girls, problems, pictures, pens *etc.*

অজানা কথা:

i. Noun (singular number) হলে verb হবে singular।
ii. Noun (plural number) হলে verb হবে plural।

মনে রাখা দরকার: সকল noun-ই plural হয়না।

Noun কে singular থেকে plural করার নিয়ম সমূহ:

i. Noun এর সাথে "s" যুক্ত করে plural
ii. Noun এর শেষে "es" যুক্ত করে plural
iii. Noun এর শেষে "ves" যুক্ত করে plural
iv. Noun এর অভ্যন্তরে vowel পরিবর্তন করে plural
v. Noun এর শেষে "en" যুক্ত করে plural
vi. Compound বা hyphen noun-এ মূল শব্দের সাথে "s" যুক্ত করে plural

vii. Compound বা hyphen noun এর উভয় অংশ পরিবর্তন করে plural
viii. "ful" যুক্ত compound noun এর শেষে "s" যুক্ত করে plural
ix. কিছু noun যা plural এ ভিন্ন অর্থ দেয়
x. কিছু noun, singular এ একটি অর্থ, plural এ দুইটি অর্থ
xi. কিছু noun, দেখতে singular মনে হলেও তা মূলত plural
xii. কিছু noun, সর্বদাই singular
xiii. কিছু noun, যার কোনো singular নেই
xiv. কিছু noun এর singular ও plural একই
xv. কিছু noun এর singular এবং plural নিয়ম মেনে হয় না
xvi. ইংরেজি বর্ণ, সংখ্যা, শব্দ-সংক্ষেপ (Abbreviation) কে plural করতে apostrophe ('s) ব্যবহার করতে হয়।

❑ Noun-এর সাথে "s" যুক্ত করে plural:

Singular	Plural
Boy/Lad (বালক)	boys/lads
Girl (বালিকা)	girls
Pen (কলম)	pens
Rat (ইঁদুর)	rats
Book (বই)	books

❑ Noun-এর শেষে "es" যুক্ত করে plural:

Singular	Plural
Loss (ক্ষতি)	losses
Bush (ঝোপ-ঝাড়)	bushes
Bench (বেঞ্চি)	benches
Box (বাক্স)	boxes
Fox (খেঁকশিয়াল)	foxes
Bus (বাস)	buses

Rule: Noun এর শেষে s/sh/ch/x/z থাকলে plural এ তার সাথে es হয়।

❑ Noun-এর শেষে "ves" যুক্ত করে plural:

Singular	Plural
Calf (বাছুর)	calves
Life (জীবন)	lives
Knife (ছুরি/চাকু)	knives
Leaf (পাতা)	leaves
Self (আত্ম/নিজ)	selves
Half (অর্ধেক)	halves

Rule: Noun এর শেষে f/fe থাকলে plural-এ তা উঠে ves হয়।

❑ Noun-এর অভ্যন্তরে vowel পরিবর্তন করে plural:

Singular	Plural
Man (পুরুষ)	men
Woman (মহিলা)	women
Louse (উকুন)	lice
Goose (রাজহংসী)	geese
Mouse (ইদুর)	mice
Foot (পা)	feet
Tooth (দাঁত)	teeth

Note: এই ধরনের noun গুলো মুখস্থ রাখাই বুদ্ধিমানের কাজ। কোন কৌশল খাটিয়ে এগুলো নিয়ন্ত্রণে রাখা যায়ন

❑ Noun-এর শেষে "en" যুক্ত করে plural:

Singular	Plural
Ox (ষাঁড়)	oxen
Child (শিশু)	children
Brother (ভাই)	brothers/brethren
Cow (গাভী)	cows/kine

❑ Compound বা Hyphen noun এ মূল শব্দের সাথে "s" যুক্ত করে plural:

Singular	Plural
Passer-by (পথচারী)	passers-by
Step-brother (সৎ ভাই)	step-brothers
Sister-in-law (শালিকা)	sisters-in-law
Man-of-war (যুদ্ধ জাহাজ)	men-of-war
Maid-servant (চাকরানী)	maid-servants

❑ Compound বা hyphen noun-এর উভয় অংশ পরিবর্তন করে plural:

Singular	Plural
Man-servant (চাকর)	men-servants
Woman-servant (চাকরানী)	women-servants

❑ "ful" যুক্ত compound noun-এর শেষে "s" যুক্ত করে plural:

Singular	Plural
Spoonful (এক চামচ)	spoonfuls
Handful (এক মুঠো)	handfuls
Mouthful (একগ্রাস)	mouthfuls
Bucketful (এক বালতি)	Bucketful
Cupful (এককাপ)	Cupful

অজানা কথা:

i. সব সময় "full" থাকলেই adjective হয়না, উল্লেখিত শব্দগুলো তারই প্রমাণ।

ii. এই শব্দগুলোর singular এবং plural এর ক্ষেত্রে Old English এবং Modern English এর মধ্যে কিছু পরিবর্তন লক্ষণীয়। যেমন:

Old English	Modern English (New Style)
two spoonful of suger three bucketful of water four cupful of rice	two spoonfuls of suger three bucketfuls of water four cupfuls of rice

❑ কিছু noun যা plural-এ ভিন্ন অর্থ দেয়:

Singular	Plural
Arm (বাহু)	Arms (অস্ত্রসমূহ/বাহুগুলো)
Circumstance (ঘটনা)	Circumstances (অবস্থা/ঘটনাগুলো)
Colour (বর্ণ)	Colours (পতাকা/বর্ণগুলো)
Custom (রীতি)	Customs (শুল্ক/রীতিসমূহ)
Effect (ফলাফল)	Effects (অস্থাবর সম্পত্তি/ফলসমূহ)
Number (সংখ্যা)	Numbers (কবিতা/সংখ্যাগুলো)
Spectacle (দৃশ্য)	Spectacles (চশমা/দৃশ্যগুলো)

❑ কিছু noun, singular-এ একটি অর্থ, plural-এ দুইটি অর্থ:

Singular	Plural
Brother (ভাই)	brothers (সহোদরগণ) brethren (একই প্রতিষ্ঠানের সহকর্মী)
Fish (মাছ)	fish (একই প্রজাতির অনেকগুলো মাছ) fishes (ভিন্ন জাতের অনেক মাছ)
Fruit (ফল)	Fruit (একই জাতের অনেকগুলো ফল) Fruits (ভিন্ন জাতের অনেক ফল)
Cloth (কাপড়)	cloths (কাপড়ের খন্ড সমূহ) clothes (পোশাক)
Beef (গরুর মাংস)	beefs (বিভিন্ন প্রকারের গরুর মাংস) beeves (ষাঁড় গুলো)
Index (সূচীপত্র)	indexes (সূচীপত্রগুলো) indices (বীজগণিতের চিত্রসমূহ)
Die (মুদ্রার ছাঁচ)	dies (মুদ্রার ছাঁচগুলো) dice (পাশা খেলার গুটিগুলো)

❑ কিছু noun, দেখতে singular মনে হলেও তা মূলত plural:

Gentry (ভদ্রসম্প্রদায়), cattle (গবাদিপশু), poultry (হাঁস-মুরগী), police (পুলিশ-বাহিনী), government (সরকার), mankind (মানবজাতি) ইত্যাদি noun দেখতে singular মনে হলেও এরা মূলত plural অর্থে ব্যবহৃত হয়।

অজানা কথা:

উক্ত noun শব্দগুলোর পর verb সর্বদাই plural হয়।

❑ কিছু noun, সর্বদাই singular:

Expenditure (ব্যয়), furniture (আসবাবপত্র), advice (উপদেশ), hair (চুল), bread (রুটি) information (তথ্য), luggage (মালপত্র), off-spring (সন্তান), poetry (কবিতা), scenery (দৃশ্য) machinery (যন্ত্রপাতি), decision (সিদ্ধান্ত), soap (সাবান), money (অর্থ), knowledge (জ্ঞান) ইত্যাদি noun গুলো সর্বদাই singular রূপে ব্যবহৃত হয়।

অজানা কথা:

i. উক্ত noun/uncountable noun গুলো subject হিসেবে ব্যবহৃত হলে verb হয় singularl।
ii. উক্ত noun গুলোকে plural করতে partitive phrase "a piece of/a slice of/a bar of" *et* phrase এর সাহায্য নিতে হয়।

❑ কিছু noun, যার কোনো singular form নেই:

Aborigines (আদিবাসী), alms (ভিক্ষা), amends (ক্ষতিপূরণ), annals (ইতিবৃত্ত), ashes (ছাই), asse (সম্পত্তি), bellows (যাতা/হাপর), billiards (একরকম খেলা), bowels (অন্ত্র), dregs (তলানি), eave (ঘরের ছাঁইচ), environs (শহরতলি), entrails (নাড়ীভূঁড়ি), fetters (শৃঙ্খল), measles (হাম), mump (গলাফুলা রোগ), nuptials (বিবাহ), obsequies (শেষকৃত্য), odds (বাধা-বিপত্তি), proceeds (আয় scissors (কাঁচি), shears (কাঁচি), spectacles (চশমা), thanks (ধন্যবাদ), tidings (সংবাদ), vital (জীবনীশক্তি), wages (বেতন) ইত্যাদি।

❑ কিছু noun, এর singular ও plural একই:

Salmon (একজাতীয় সামুদ্রিক মাছ), deer (হরিণ), sheep (ভেড়া), species (প্রজাতি), swine (শুকর ছানা) canon (কামান), pice (পয়সা), corps (সৈন্যদল), fish (মাছ), aircraft (বিমান), offspring (সন্তানসন্ততি) ইত্যাদি।

অজানা কথা:

i. উল্লেখিত noun গুলোকে zero plural/zero plural marker noun বলা হয়। কেননা, noun গুলোকে plural করতে আলাদা কোন plural symbol/sign(s/es) ব্যবহার করতে হয় না।
ii. উক্ত শব্দগুলোর পরে verb, singular এবং plural উভয়ই হতে পারে, তবে তা নির্ভর করবে অর্থের উপরে যেমন:

Incorrect: There is a deer in the jungle.
Correct: There are many deer in the jungle. (জঙ্গলে নিশ্চয় অনেক হরিণ থাকে)

আবার বলা যেতে পারেঃ

They displayed a deer for circus. (circus-এ একটি হরিণ দেখাতেই পারে)

❑ কিছু noun-এর singular এবং plural নিয়ম মেনে হয় নাঃ

Singular	Plural
1. Aorta (মহাধমনী)	Aortas
2. Alumns (প্রাক্তন ছাত্র/ছাত্রী)	Alumni
3. Agendum (সভার কার্যতালিকা)	Agenda/ Agendum
4. Appendix (অবশিষ্ট/পরিশিষ্ট)	Appendices
5. Analysis (বিশ্লেষণ)	Analyses
6. Axis (মেরুরেখা/অক্ষ)	Axes
7. Aquarium (কাঁচের মৎস্যাধার)	Aquaria/Aquariums
8. Adieu (বিদায়)	Adieux/Adieus
9. Bureau (অফিস)	Bureaux/bureaus
10. Basis (ভিত্তি)	Bases
11. Crisis (সঙ্কটাপন্ন অবস্থা)	Crises
12. Datum (তথ্য/উপাত্ত)	Data
13. Dogma (ধর্মমত, মতবাদ)	Dogmata/Dogmas
14. Erratum (ছাপার ভুল/লেখার ভুল)	Errata
15. Focus (কেন্দ্রবিন্দু)	Foci/focuses
16. Formula (সূত্র)	Formulae/formulas
17. Forget me not (এক বিশেষ ধরনের গাছ)	Forget me nots
18. Forum (আলোচনা সভা)	Fora/Forums
19. Genus (গোত্র)	Genera
20. Genius (প্রতিভা)	Genii/Geniuses
21. Gymnasium (ব্যায়ামাগার)	Gymnasia/Gymnasiums
22. Hypothesis (অনুমান)	Hypotheses
23. Medium (মাধ্যম)	Media
24. Memorandum (স্মারক লিপি)	Memoranda
25. Mr (জনাব)	Messrs
26. Madam (ভদ্রমহিলা)	Mesdames
27. Oasis (মরুদ্যান)	Oases
28.Ovum (ডিম্বাণু)	Ova
29. Phenomenon (বিষয়)	Phenomena
30. Parenthesis (বন্ধনী/ প্রথম বন্ধনী)	Parentheses

Singular	Plural
31. Radius (ব্যাসার্ধ)	Radii
32. Syllabus (পাঠ্যসূচি)	Syllabi/syllabuses
33. Stratum (স্তর)	Strata
34. Terminus (শেষপ্রান্ত)	Termini/terminuses
35. Thesis (গবেষণা)	Theses
36. Vertex (শীর্ষ)	Vertices

Note: এই Noun গুলোর Singular থেকে Plural করার সুনির্দিষ্ট নিয়ম নেই। তবে দু-একটি নিয়ম অনুসর করলে অনেক সময় কাজে দেয়।

Rules:

i. Noun এর শেষে um থাকলে plural-এ তা a হয়।

ii. Noun এর শেষে is থাকলে plural-এ তা es হয়।

iii. Noun এর শেষে us থাকলে plural-এ তা i হয়।

❑ ইংরেজি বর্ণ, সংখ্যা, শব্দ-সংক্ষেপ (Abbreviation) কে plural করতে apostroph ('s) ব্যবহার করতে হয়:

Singular	Plural
i	i's (অনেক গুলো "i") [এইভাবে plural করতে হয়]
5	5's (অনেক গুলো "5") [এইভাবে plural করতে হয়]
MA/M.A.	MA's (অনেক গুলো "MA" ডিগ্রী) [এইভাবে plural করতে হয়

অজানা কথা:

Modern English-এ abbreviation-এরপর fullstop বসেনা।

Practice
MCQ মাধ্যম

1. "Number" grammar এর কোন lesson এর অন্তর্ভুক্ত?
   (a) Noun (b) Verb (c) Pronoun (d) Adverb
2. Number কত প্রকার?
   (a) এক (b) দুই (c) তিন (d) চার
3. Apostrophe ('s) যুক্ত করে নিচের কোনটিকে plural করা যাবে?
   (a) Sail (b) L (c) Fish (d) Spectacles
4. "It" এর plural form কোনটি?
   (a) These (b) Those (c) Its (d) They
5. নিচের কোন শব্দটির singular এবং plural একই?
   (a) Alms (b) Eaves (c) Alphabet (d) Vitals

6. Fill in the gap: Delete four ----- and add two 4's.
   (a) 5 (b) five (c) 5's (d) 5s
7. "Focus" এর plural কোনটি?
   (a) Focuss (b) Focuses (c) Focal (d) Focci
8. "Aristocracy, Nobility, Cattle" উক্ত noun গুলোর পর নিচের কোন verb টি হতে পারে?
   (a) is (b) are (c) was (d) has been
9. "Advices" এর মত অর্থ দেয় নিচের কোন শব্দটি?
   (a) Advise (b) Counsel (c) Information (d) Listening
10. Fill in the gap: Gallows ----- prepared for the killer.
   (a) is (b) are (c) have been (d) will

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (a) Noun, কেননা noun এরই কেবল singular number ও plural number হয়।
2. সঠিক উত্তর- (b) দুই, singular number এবং plural number।
3. সঠিক উত্তর- (b) L, কোনো গাণিতিক সংখ্যা (4, 5, 6) বা ইংরেজির অক্ষর (L, M, N) কে plural করতে Apostrophe ('s) ব্যবহার করতে হয়। যেমন: L's = অনেকগুলো "L" 5's = অনেকগুলো "5"
4. সঠিক উত্তর- (d) They, একটি বিষয় লক্ষ্য করো "mango" যাকে pronoun "it" দ্বারা প্রকাশ করা যায়। তবে, শব্দটি যদি "mangoes" হয়, তবে নিশ্চয় এবার "they" বলতে হবে। সুতরাং, they দ্বারা সর্বদাই মানুষ জনকেই বোঝায় না "it" এর plural অর্থে pronoun "they" ব্যবহার করা হয়।
5. সঠিক উত্তর- (c) Alphabet, মনে রেখো: Alphabet মানেই "বর্ণমালা" যার singular এবং plural কোনো ক্ষেত্রেই ভিন্ন হয় না। অন্যদিকে Alms-ভিক্ষা, Eaves-ঘরের ছাউনি, Vitals-জীবনী শক্তি, এই noun গুলো সর্বদাই plural হিসেবে ব্যবহৃত হয়।
6. সঠিক উত্তর- (c) 5's, যেহেতু "five" ব্যবহার করা হয়েছে, তাই পূর্বে বর্ণীত নিয়ম অনুযায়ী 5's করে plural করা হয়েছে।
7. সঠিক উত্তর- (b) Focuses, আরেকটি plural হতে পারে "Foci"।
8. সঠিক উত্তর- (b) are, উল্লিখিত noun (Aristocracy-অভিজাত শ্রেণী, nobility-জমিদার শ্রেণী, cattle-গরুর বাছুর) গুলো collective noun। যার পরে verb সর্বদাই plural হয়।
9. সঠিক উত্তর- (c) Information, যদিও তোমরা পূর্বেই জেনেছ advice এর plural form নেই। তবে, "advices" ব্যবহার হলে তার বাংলা অর্থ হয় "তথ্য (information)"।
10. সঠিক উত্তর- (a) is, "Gallows-ফাঁসির কাষ্ঠ" শব্দটি দেখতে plural মনে হলেও আসলে তা singular অর্থে ব্যবহৃত হয়। সেইজন্য, singular verb "is" হয়েছে।

Case

Case হল মূলত Noun এবং Pronoun এর কিছু Grammatical কার্যাবলীর আলোচনা। Case একটি বাক্যে অন্যান্য শব্দের সাথে একটি noun বা pronoun- এর সম্পর্কে তুলে ধরে।

Case মূলত ৩ প্রকার:

i. Subjective case
ii. Objective case
iii. Possessive case

❑ Subjective case:

যে noun/pronoun গুলো বাক্যে subject অবস্থানে বসে, তাকে subjective case বলে।

For example:

Mir works in a factory. (মীর একটি কারখানায় কাজ করে।)
She tries to overcome the problem. (সে সমস্যাটি কাটিয়ে ওঠার চেষ্টা করে।)
I want to reach there. (আমি সেখানে পৌঁছাতে চাই।)
Walking is called the best exercise. (হাঁটাকে সেরা ব্যায়াম বলা হয়।)

লক্ষণীয়, উপরের চারটি বাক্যতে যথাক্রমে Mir, She, I, Walking শব্দগুলো বাক্যগুলোর subject হিসেবে বসা সে গুলোকে subjective case হিসেবে গণ্য করা হয়েছে।

অজানা কথা:

i. Subjective case এর অপর নাম Nominative case।
ii. Gerund -ও subjective case, কেননা gerund এর মধ্যে noun লুকানো থাকে।
iii. Subject শব্দটির adjective রূপ subjective
iv. সাধারণ অর্থে-একাধিক pronoun "subjective case" হিসেবে বাক্যের শুরুতে বসলে, তারা একটি নির্দিষ্ট নিয়ম মেনে বসে
যেমন: প্রথমে 2nd person "you" তারপর 3rd person "he, she, any name" এবং সর্বশেষে 1st person "I"
যাকে অন্যভাবে মনে রাখা যেতে পারে: (231) এভাবে।

❑ Objective case:

যখন noun/pronoun একটি বাক্যে transitive verb এর object হিসেবে বসে, তখন তাকে objective case বলে।

For example:

Shila does not eat Thai Food. (শিলা থাই খাবার খায় না।)
She loves pizza. (সে পিৎজা পছন্দ করে।)
Robin told me something. (রবিন আমাকে কিছু বলেছিল।)
Rita follows Rani. (রিতা রানীকে অনুসরণ করে।)
I like swimming. (আমি সাঁতার পছন্দ করি।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে underline করা শব্দগুলো object case হয়েছে, কেননা উক্ত শব্দগুলো transitive verb (eat, love, told, follow, like) এর পর বসেছে।

অজানা কথা:

i. Objective case এর অপর নাম accusative।
ii. Transitive verb, যে verb এর object বা কর্ম থাকে।
iii. অনেক সময় transitive verb এর দুইটি object থাকে, এ ক্ষেত্রে উভয় object কে objective case বলে।
যেমন: She gave me a flower. (সে আমাকে একটি ফুল দিয়েছিল।)
I presented him a gift. (আমি তাকে একটি উপহার দিয়েছিলাম।)

❑ Possessive case:

অধিকারের সম্পর্ককে বোঝায়, অন্য কথায় noun বা pronoun এর অধিকারে থাকা কোনো বিষয়কে বোঝায়।

For examples:

Mrinal's house is near the old temple. (পুরানো মন্দিরের কাছে মৃণালের বাড়ি ।)
Her brother lives in the village. (তার ভাই গ্রামে থাকে।)
My family does not allow this. (আমার পরিবার এটিকে অনুমতি দেয় না।)
Kohinur's husband has passed away. (কোহিনুরের স্বামী মারা গেছেন।)

অজানা কথা:

i. Possessive case এর অপর নাম Genitive case
i. Possessive case+noun = Noun phrase হয়। যেমন: Mir's house, My pen, Tipu's opinion *etc.*
iii. যে নাম গুলোর সাথে আগে থেকে "s" থাকে অথবা যে নামগুলো plural অর্থে ব্যবহার হয়, সে গুলোকে possessive করার ক্ষেত্রে আলাদা করে apostrophe "s" যুক্ত করতে হয় না, শুধু noun এর শেষে "কমা" দিলেই হয়। যেমন:

Incorrect: Sams's pen, Pears's book, Boys's school, Girls's school
Correct: Sams'pen, Pears' book, Boys' school, Girls' school

৩টি Case এক টেবিলে

Subjective case	Objective case	Possessive case
I- আমি	Me- আমাকে	My, mine- আমার
We- আমরা	Us- আমাদেরকে	Our, ours- আমাদের
You- তুমি	You-তোমাকে	Your, yours-তোমার
He-সে (পুংলিঙ্গ)	Him- তাকে	His- তার
She-সে (স্ত্রীলিঙ্গ)	Her- তাকে	Her, hers- তার
They- তারা	Them- তাদেরকে	Their, theirs- তাদের
It- ইহা	It- এটা	Its- এটার
Who-কে	Whom- কাকে	Whose- কার

উল্লেখ্য, Case এর আরেকটি ধরন রয়েছে double possessive।
যেমন: mine, ours, theirs, yours *etc.* এগুলোকে case এর বিশেষ কোন প্রকার হিসেবে ধরা হয় না।

Case এর আরেকটি প্রকার vocative case।

তবে, Modern English -এ vocative case কে অতটা গুরুত্ব দিয়ে আলোচনা করা হয় না।

❑ Vocative case:

মূলত সম্বোধনসূচক noun/pronoun, যা দ্বারা কোন ব্যক্তিকে ইঙ্গিত করা হয় এবং এই vocative case টি ক দ্বারা পৃথক হয়।

For examples:

Roni, may I ask you a question? (রনি, আমি কি আপনাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি?)

You, get out now. (তুমি, এখনই বের হও।)

Listen to me, Robert. (আমার কথা শোন, রবার্ট।)

How are you, Priya? (কেমন আছো, প্রিয়া?)

লক্ষণীয়, উপরে বাঁক্যগুলোতে যথাক্রমে "Roni, You, Robert, Priya" এগুলো vocative case"। কেন এদেরকে সম্বোধন করে বাকি কথা বলা হচ্ছে এবং এই vocative case গুলোকে কমা দিয়ে আলাদা করা হয়েছে।

অজানা কথা:

অনেক সময়, অনেকে vocative case ব্যবহার করে sentence- এ "Run on Sentence" নামক একটি ভু করে থাকে।

যেমন: **Incorrect:** I know you, dear, we are waiting for you.

Correct: I know you, dear. We are waiting for you.

যে কারণে ভুল (incorrect):

(কোন full stop ব্যবহার না করেই, দুটি বাক্য যুক্ত করা হয়েছে যা run on sentence বা comm mistakes এর অন্তর্ভুক্ত)

সবশেষে দেখে নাও !

একটি বাক্যে ৪ প্রকার case এর অবস্থান:

You know me and my friend, Abrar.

এখানে,

You=Subjective case, *me*=Objective case,

my=Possessive case এবং *Abrar*=Vocative case

উল্লেখ্য, Abrar মূলত সম্মোধন (vocative case) যা You কে বলা হচ্ছে।

সম্পূর্ণ বাক্যটির বাংলা অর্থ- "তুমি আমাকে এবং আমার বন্ধু কে চেনো, আবরার।"

তাহলে নিশ্চয়ই প্রথমে বলা কথাটির প্রমান পেয়েছো-

Case একটি বাক্যে অন্যান্য শব্দের সাথে একটি noun বা pronoun-এর সম্পর্কে তুলে ধরে।

Practice
MCQ মাধ্যম

1. যখন কোনো "Pronoun" verb এর subject হিসেবে বসে, তখন কোন case বসে?
   (a) subjective case (b) objective case (c) possessive case (d) vocative case
2. নিচের কোন বাক্যটি সঠিক?
   (a) Last Sundays' meeting was boring. (b) Last Sunday's meeting was boring.
   (c) Last Sunday meeting was boring. (d) Last Sunday of meeting was boring.
3. নিচের কোন বাক্যটি সঠিক?
   (a) I know about girls school (b) I know about girls's school
   (c) I know about girls' school (d) I know about girl's school
4. Fill in the gap: Rahul and ----- are going to market.
   (a) she (b) her (c) mine (d) my
5. The man who came here was -----.
   (a) she (b) him (c) he (d) the man
6. Choose the correct sentence:
   (a) Come here, Mir. (b) Come here, Mir?
   (c) Come here Mir. (d) Come here, Mir,
7. Vocative case –এর আলোচনায় কোন punctuation mark-এর ব্যবহার লক্ষণীয়?
   (a) full stop (b) hyphen (c) comma (d) asterisk
8. Allah helps ----- who help themselves.
   (a) they (b) them (c) those (d) those people
9. নিচের কোনটি "Possessive form" নয়?
   (a) those (b) its (c) theirs (d) ours
10. নিচের কোনটি case এর আলোচনার অন্তর্ভুক্ত?
    (a) participle (b) Infinitive (c) gerund (d) complement

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তরঃ (a) subjective case, আমরা জানি verb -এর পূর্বে pronoun -এর subject form বসাতে হয়, সেইজন্য verb -এর পূর্বে subjective case বসে।
2. সঠিক উত্তরঃ (b) Last Sunday's meeting was boring, কারণ Sunday একটি proper noun। proper noun "Sunday" এর সাথে apostrophe ('s) যুক্ত করে noun "Sunday's meeting" দেওয়া হয়েছে।
3. সঠিক উত্তরঃ (c) I know about girls' school, এখানে "girl" একটি common noun যেহেতু "বালিকাদের বিদ্যালয়" বলা হয়েছে। এখানে বালিকাদের বা "girls" plural হওয়ার জন্য possessive করতে শুধুমাত্র "কমা" ব্যবহার করা হয়েছে।

4. সঠিক উত্তরঃ (a) she, এখানে gap যে জায়গায় রয়েছে, সেটি subject এর জায়গা। সুতরাং pronoun এর subject form "she" নেওয়া হয়েছে।
5. সঠিক উত্তরঃ (c) he, এখানে পূর্বের ব্যক্তি "The man" কে বোঝানোয় Be verb "was" এর পর complement হিসেবে subject form "he" হয়েছে।
6. সঠিক উত্তরঃ (a) Come here, Mir., এই বাক্যে "Mir" vocative case হিসেবে ব্যবহার হয়েছে। কোনো বাক্যের শেষে "vocative case" বা "সম্বোধন" থাকলে "কমা" দিয়ে "সম্বোধন (vocative case)" এবং সবার শেষে full stop দিতে হয়।
7. সঠিক উত্তরঃ (a) comma, vocative case হলো সম্বোধনসূচক noun/pronoun, যাকে সর্বদাই "কমা" দ্বারা পৃথক করা হয়।
8. সঠিক উত্তরঃ (d) those, যদিও verb এর পর objective case হিসেবে object form বসার কথা কিন্তু এটি একটি ব্যতিক্রম নিয়ম relative pronoun "who" থাকায়, তার পূর্বে antecedent (পূর্বপদ) হিসেবে কখনোই object form না বসে, সর্বদায় those বসে।
9. সঠিক উত্তরঃ (a) those, এখানে একমাত্র "those" ছাড়া বাকি সবগুলোই possessive।
10. সঠিক উত্তরঃ (c) gerund, এখানে সবগুলো option এর মধ্যে একমাত্র "gerund" case এর অংশ হতে পারে। কেননা, gerund এর মধ্যে noun লুকায়িত আছে। আর noun বাক্যে subject হতে পারে অন্যকথায় subjective case হতে পারে।

Parts of Speech

(বাক্যের অংশ/ব্যাকরনিক শব্দ শ্রেণী)

Parts of Speech মূলত একজন মানুষের বিভিন্ন ধরনের কথা। একজন মানুষ তার দৈনন্দিন জীবনে যে ধরনের কথা বলে তার ধরনগুলোই মূলত Parts of Speech এর অন্তর্ভুক্ত।

Parts of Speech এর সংজ্ঞা:

Sentence বা বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি তথা ৮ ধরনের অর্থবোধক শব্দকে Parts of Speech বলে।
তাহলে, Parts of Speech যে ৮ প্রকার সংজ্ঞাতেই তা টের পেয়েছো। প্রকার সমূহঃ

Parts of Speech	উচ্চারণ	বাংলা ব্যাকরণে
1. Noun	নাউন্	বিশেষ্য
2. Pronoun	প্রৌনাউন্	সর্বনাম
3. Adjective	অ্যাজিক্‌টিভ্	বিশেষণ
4. Verb	ভার্ব্	ক্রিয়া
5. Adverb	অ্যাড্‌ভার্ব্	ভাব বিশেষণ
6. Preposition	প্রেপা'জিশ্‌ন্	পদান্বয়ী অব্যয়
7. Conjunction	কন্'জাঙ্‌ক্‌শ্‌ন্	সংযোজক অব্যয়
8. Interjection	ইনটারজ্যাক্‌শ্‌ন্	অনন্বয়ী অব্যয়

Noun: Noun মানেই কোনো কিছুর নাম (noun means the name of something)।
যেমন:

i. **Human name** (মানুষের নাম)- Farhad, Sakib, Niloy *etc.*
ii. **Country name** (দেশের নাম)- Bangladesh, India, Japan *etc.*
iii. **Name of class or tribe** (শ্রেণী বা গোত্রের নাম) - Man, Woman, Lion, Tree *etc.*
iv. **The name of the object or substance** (বস্তু বা পদার্থের নাম) -Water, Wood, Gold *etc.*
v. **The name of invisible things that cannot be caught or touched** (ধরা বা ছোঁয়া যায় না এমন অদৃশ্য বিষয়ের নাম) - Honesty, Love, Happiness, Education *etc.*
vi. **The name of any job/task** (যেকোন কাজের নাম)- Swimming, Traveling, Direction *etc.*
vii. **The name of the subject read** (পঠিত বিষয়ের নাম)- Physics, Politics, Sociology, Psychology *etc.*

অজানা কথা:

i. Noun কে বলা হয় "Naming word"।
ii. "শিরোনাম" হিসেবে বসলে যে কোন শব্দ (word)-ই noun হতে পারে। যেমন:
The word "Verb" is-**Noun**
The word "Adjective" is-**Noun**

Noun প্রধানত দুই প্রকার:

i. Concrete Noun (ইন্দ্রিয়গ্রাহ্য নাম)
ii. Abstract Noun (গুনবাচক নাম)

Concrete Noun: যে noun এর বাহ্যিক অস্তিত্ব আছে বা যাকে দেখা যায়।
Concrete noun চার প্রকার:

i. Proper noun-বিশেষ বা নির্দিষ্ট নাম
ii. Common noun-জাতিবাচক নাম
iii. Collective noun-সমষ্টিবাচক নাম
iv. Material noun-বস্তুবাচক নাম

অজানা কথা:


তাহলে এবার বলতো noun সর্বমোট কত প্রকার? ৪টি option দিলাম-

(a) ৪ প্রকার (b) ৫ প্রকার (c) ৬ প্রকার (d) ২ প্রকার

সঠিক উত্তর:

Noun সর্বমোট ৫ প্রকার। কিভাবে ৫ প্রকার হলো চলো তা জেনে নিই।

Noun প্রধানত ২ প্রকার:



অর্থাৎ, Concrete noun ভেঙ্গে হয়েছে ৪ প্রকার। অন্যদিকে, Abstract আরো একটি প্রকার, এই সর্বমো প্রকার।

Noun-এর প্রকার সমূহ নিয়ে বিস্তারিত

Proper Noun:

Proper noun কোনো ব্যক্তি, কোনো দেশ, কোনো স্থান বা কোনো কিছুর নিজস্ব/নির্দিষ্ট (specific) নাম বোঝা
(A proper noun is a specific name for a particular person, place, or thing.)

For example:

ব্যক্তির নাম- Rana, Rafi, Jessica

দেশের নাম- Bangladesh, India, Japan

স্থানের নাম- Panipath, Rajshahi, Dhaka

কোনো কিছুর নিজস্ব নাম- Gitanjali, Kobor, Devdas (এইগুলো সাহিত্যকর্ম)

মাসের নাম ও দিনের নাম- January, February, Sunday, Friday *etc.*

লক্ষণীয়,উপরের প্রতিটি noun দ্বারা specific বা নির্দিষ্ট করে noun (নাম বাচক) শব্দ কে বোঝানো হচ্ছে।

অজানা কথা:

i. Proper noun এর শুরুর letter সর্বদাই capital letter (বড় হাতের অক্ষর) হয়।

ii. আধুনিক এই সময়ে email address-এ নিজের নাম (proper noun) টি শুরু করতে হয় ছোট হ (small letter) দিয়ে। "rafique0909_@gmail.com"

iii. Article (a, an, the) + proper noun= Common Noun
যেমন: Nazrul is the Byron of Bangladesh. ("The Byron" একটি common noun)
(কবি নজরুল কে বাংলাদেশের বাইরন বলা হয়)

Common Noun:

কোনো গোত্র বা শ্রেণির সাধারণ নাম। Common noun কে generic বা জাতিবাচক noun বলে।

For example:

Teacher - যা দ্বারা অনির্দিষ্ট সকল "শিক্ষককে" বোঝানো যায়।

Student - যা দ্বারা অনির্দিষ্ট সকল "ছাত্র/ছাত্রীকে" বোঝানো যায়।

Boy - যা দ্বারা অনির্দিষ্ট সকল "ছেলেকে" বোঝানো যায়।

Girl - যা দ্বারা অনির্দিষ্ট সকল "মেয়েকে" বোঝানো যায়।
Nurse - যা দ্বারা অনির্দিষ্ট সকল "সেবিকাকে" বোঝানো যায়।
Poet - যা দ্বারা অনির্দিষ্ট সকল "কবিকে" বোঝানো যায়।
River - যা দ্বারা অনির্দিষ্ট সকল "নদীকে" বোঝানো যায়।
Doctor - যা দ্বারা অনির্দিষ্ট সকল "ডাক্তারকে" বোঝানো যায়।

লক্ষণীয়, common noun -এর ক্ষেত্রে **"অনির্দিষ্ট সকল"** কথাটা সর্বদাই গুরুত্ব পাবে।

Common Noun এবং Proper Noun
সম্পর্কে পূর্ণ ধারণা পেতে আরো কিছু উদাহরণ:

Proper Noun (নামগুলো নির্দিষ্ট)	**Common Noun নামগুলো** (একত্রিত হয়ে এক জাতীয়)
Rana, Matin, Robin	= Man
Kazi Nazrul Islam, John Keats, Lord Byron	= Poet
Pacific Ocean,Atlantic Ocean	= Ocean
Bangladesh,Australia,Japan	= Country
Burj Khalifa, Princess Tower	= Building

অজানা কথা:

i. Common noun যদি Proper noun এর পূর্বে বসে, তাহলে উভয় noun ই "capital letter" দিয়ে শুরু হয়। যেমন: I wanted to speak to *Doctor Abtahee.*

ii. Common noun কোনো sentence এ একা বসে না, হয় সে determiner নিয়ে বসবে, নতুবা Common noun-টি plural হবে।

For example:

I know *the boy.*=article + singular common noun "boy"
I like *the teacher.* =article + singular common noun "teacher"
I appreciate *the poet.* =article + singular common noun "poet"

সাবধান! এই sentence গুলোকে যে ভাবে লিখা যাবে না:

I know *boy.*
I like *teacher.*
I appreciate *poet.*

তবে, এই sentence গুলোকে এভাবে লিখা যেতে পারে:

I know boys. = "boys" plural হওয়ায় কোন determiner হলো না
I like teachers. = "teachers" plural হওয়ায় কোন determiner হলো না
I appreciate poets. = "poets" plural হওয়ায় কোন determiner হলো না

iii. Subject অথবা object অবস্থানে adjective বসলে তার পূর্বে "The" বসে। এক্ষেত্রে উক্ত adjective টি common noun হয়ে যায়।

Shortcut: The + adjective=plural common noun +verb (plural)

For example:
The rich are not always happy.
The wise are aware of this.
We should not hate the poor.

Collective Noun:

একটি না বুঝিয়ে অনেকের সমষ্টি বা group কে বোঝায়।

Collective Noun মূলত নিচে উল্লেখিত group গুলোকে বোঝায়:

Herd (পাল) - It is a group of herbivore (তৃণভোজী) animals.
Flock (ঝাঁক) - It is a group of birds.
Swarm (ঝাঁক) - It is a group of canine (ইতর/কুকুরসম) insects.
Shoal (ঝাঁক) - It is a group of fish.
Crowd (ভিড়) - It is a group of people.
Staff (কর্মীবৃন্দ) - It is a group of people who work in the same place.
Board (বোর্ড, সমিতি) - It is a group of professional people.
Series (সিরিজ,ক্রম) - It is a type of movie, drama, book episode.
Gang (ঐক্যবদ্ধ দল) - It is used to describe a group of criminals; workers, particularl sailors.
Mob (উচ্ছৃঙ্খল জনতা) - It is used to describe an angry or unruly group of people.
Crew (নাবিকদল) - It is used to denote a group of workers specially aircraft ar ships personnel.
Choir (গায়কদল) - It is a large, organized group of singers.
Orchestra (বাদকদল) - It is a large, organized group of instrumentalists.
Panel (নামসূচি) - It is a group of experts.
Troupe (দল) - It is a group of actors or acrobats or a group of monkeys.
Pile (গাদা, স্তুপ) - It is an untidy collection of items such as rubbish and wastage.
Set (চক্রিদল) - It is a tidy group of matched objects also used to describe a soci group of people.
Bunch (গুচ্ছ) - It is a group of smallish objects such as grapes, flowers or bananas
Stack (গাদা ,স্তূপ) - It is A group of items neatly laid one on top of another.
Shower (ধারা) - It is used to describe rain, although it can be used to describ gifts or compliments.

For example:
Shoal (মাছের ঝাঁক) - অনেক মাছের সমন্বয়ে বা সমষ্টিতে shoal তৈরী হয়।
Class (শ্রেণি) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে class গঠিত হয়।
Audience (দর্শক) - অনেকের সমন্বয় বা সমষ্টিকে audience বলে।
Mass (জনসাধারণ) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে mass গঠিত হয়।

Jury (নির্ণায়ক সভা) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে jury বোর্ড/ সভা গঠিত হয়।
Committee (সমিতি) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে committee নির্বাচিত হয়।
Crowd (জনতা) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে crowd তৈরী হয়।
Government (সরকার) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে government গঠিত হয়।
Police (পুলিশ) - অনেকের সমন্বয়ে বা সমষ্টিতে police বাহিনী গঠিত হয়।
লক্ষণীয়, Collective noun -এর ক্ষেত্রে "সমষ্টি" কথাটা সর্বদায় গুরুত্ব পাবে।

আরো কিছু collective noun যেগুলো phrase হিসেবে দেখা যায়,
সবচেয়ে গুরুত্বপূর্ণ এমন কিছু collective noun

Relating to people:

A panel of experts- বিশেষজ্ঞদের দল	A band of musicians- সংগীতশিল্পী দল
A crowd of people- জনতার ভিড়	A gang of thieves-চোরের দল
A class/batch of students- ছাত্রদল	A team of players- খেলোয়াড়দের দল
A choir of singers- গায়কদল	A troupe of dancers- নিত্য শিল্পী দল
A board of directors- পরিচালনা পর্ষদ	A regiment of soldiers-সৈন্যদল
A gang of robbers- ডাকাত দল	

Relating to animals:

A flock of birds- পাখির ঝাঁক	A pack of wolves-নেকড়ের দল
A flock of sheep- ভেড়ার পাল	A swarm of locusts- পঙ্গপালের ঝাঁক
A hive of bees- মৌমাছির ঝাঁক	A pride of lions- সিংহের দল
A school of fish- মাছের ঝাঁক	A herd of camels- উটের পাল
A team of horses-ঘোড়ার দল	A herd of cattle- গরুর বাছুরের পাল
An army of ants- পিঁপড়ার বাহিনী	A troop of monkeys- বানর দল
A litter of puppies- কুকুরের ছানা	A herd of deer- হরিণের পাল
A pack of hounds শিকারি কুকুরের দল	

Relating to things:

A pair of shoes- এক জোড়া জুতা	A pack of cards- তাসের ফেটি
A galaxy of stars- নক্ষত্রপুঞ্জ	A pack of lies- মিথ্যার ঝুড়ি
A bunch/ bouquet of flowers- ফুলের তোড়া	A range of mountains- পর্বতমালা
A fleet of ships- জাহাজের বহর	A wad of notes-নোটের পেটি
A forest of trees- জঙ্গলের সমারোহ	A pile of books- একগাদা বই

অজানা কথা:

i. Collective noun + verb (singular) হবে।
ii. বেশিরভাগ collective noun দ্বারা মানুষের/মানব গোষ্ঠী বুঝায়, তবে কিছু ক্ষেত্রে প্রাণী বা বস্তু বুঝায়।

দ্বন্দ্ব দূর করে নাও: -

অনেক সময় collective noun এরপর verb "singular" এবং "plural" উভয়টি বসতে দেখা যায়। এটি মূলত British English/American English-এর নিয়ম অনুযায়ী হয়ে থাকে।
British English অনুযায়ী collective noun-এরপর verb "plural" হয়।
American English অনুযায়ী collective noun এরপর verb "singular" হয়।
তবে, collective noun এরপর singular verb টি অধিক গ্রহণযোগ্য এবং প্রচলিত।

Note: Collective noun "plural" হয়না, তবে তা যদি হয় তবে উক্ত collective noun টি common noun-এ পরিণত হয়।

For example:
The fleet has been waiting at the wharf for a long time. (Collective noun)
The fleets have been waiting at the wharf for a long time. (Common noun)
(নৌবহর গুলো অনেকক্ষণ ধরে ঘাটে অপেক্ষা করছে)

Noun of Multitude:

Collective noun কোন কারণে ভাগ/পৃথক হয়ে ভিন্ন অর্থ দিলে তাকে Noun of Multitude বলে।

For example:
a) The jury is giving its opinion. (The jury=collective noun)
b) The jury are giving their opinions.(এখানে The jury=noun of multitude)
লক্ষণীয়, a -নং example এ "The jury" একটি collective noun আর b -নং example এ "The jury" কে Noun of Multitude বলা হচ্ছে। কারণ, এই বাক্যে মতামতের (opinions) ভিন্নতা প্রকাশ হয়েছে।

অজানা কথা:
সবচেয়ে বেশি ব্যবহৃত collective noun গুলো দেখে নাও, যেগুলো বিভিন্ন সময়ে Noun of multitude হিসেবে বেশি ব্যবহার হয় :
Committee- কর্মিদল, Team- গোষ্ঠী, Government- সরকার, Jury- নির্ণায়ক-সভা, Army- সেনাবাহিনী, Group- সমষ্টি, Party- দল, Crowd- ভিড়, Flock- ঝাঁক, Generation- প্রজন্ম, Mob- জনতা, Department- বিভাগ, Family- পরিবার, Crew- নাবিকদল, Herd- পশুপালক, Syndicate- মন্ত্রণাসভা, Faculty- অনুষদ, Audience- শ্রোতা, Public- জনসাধারণ, Company- প্রতিষ্ঠান, Congress- প্রতিনিধিদের আলোচনাসভা, Orchestra- বাদকদল, Firm- অংশিদারী ব্যবসা, Parliament- আইনসভা

অনেক সময় Common noun এবং Collective noun নির্ণয় করা কঠিন হয়ে যায়।
নিচের Table টেবিল থেকে সূক্ষ্ম পার্থক্য জেনে নাও

Common noun	Collective noun
i. Common noun এমন একটি noun যা একটি নির্দিষ্ট ব্যক্তির বিপরীতে "নির্দিষ্ট একটি শ্রেণীকে" বোঝায়। যেমন: Man	i. Collective noun এমন একটি noun যা মানুষ, প্রাণী, বস্তুর একটি গোষ্ঠীকে "একক সত্তা" হিসেবে নির্দেশ করে। যেমন: Army
ii. Common noun সাধারণভাবে মানুষ, স্থান বা জিনিসগুলিকে নির্দেশ করতে পারে।	ii. Collective noun মানুষ বা জিনিস দ্বারা গঠিত একটি গ্রুপকে বোঝায়।
iii. Common noun এরপর verb "singular" ও plural উভয় হতে পারে। যেমন: Man is/Men are ---	iii. Collective noun এরপর সাধারণত verb "singular" হয় যেমন: The army is---

Material Noun:

বস্তুবাচক noun, যা দ্বারা কোনো বস্তু (material) , কোনো উপাদান (substance) বা কোনো মিশ্রধাতু (alloy) কে বোঝায়।

For example:

- **Material noun (প্রকৃতি থেকে প্রাপ্ত):** sand, water, gold, silver, copper, calcium, bronze, steel, silicon, rock, sunlight, rain, salt *etc.*
- **Material noun (প্রাণী থেকে প্রাপ্ত):** honey, milk, leather, egg, meat, wool *etc.*
- **Material noun (উদ্ভিদ থেকে প্রাপ্ত):** oil, wood, jute, coffee, medicine, rubber, tea, cotton *etc.*

অজানা কথা:

i. Material noun, subject হলে verb সর্বদাই singular হয়।
ii. Material noun মূলত Liquid-(তরল), Semi-liquid-(আধা তরল), Solid-(কঠিন) পদার্থকে বুঝায়।
iii. Material noun এবং abstract noun কে "Mass noun" বলা হয়, যেহেতু এই noun গুলোকে গণনা করা যায়না।
iv. Material noun এর পূর্বে সাধারণত article বসে না। তবে নির্দিষ্ট অর্থে preposition "of/with" থাকলে material noun এর পূর্বে "the" বসে, এক্ষেত্রে material noun-টি common noun হয়ে যায়।

For example:

a) Water is very clear. (পানি খুব পরিষ্কার)
b) Gold is precious. (স্বর্ণ মূল্যবান)
c) The water of this jar is very pure.
d) The gold of your ring looks like much more expensive.

লক্ষণীয়, a -নং এবং b -নং বাক্যে "Water, Gold" শব্দ দুটি material noun হওয়ায় verb singular "is" হয়েছে এবং এগুলোর পূর্বে কোন determiner বসেনি।

তবে, c -নং এবং d -নং বাক্যে of থাকায় "নির্দিষ্ট" অর্থে the + material noun (water এবং gold) হয়েছে। এখানে water এবং gold "common noun" হয়েছে।

Abstract noun

যে noun কে দেখা যায় না, ধরা যায় না, ছোঁয়া যায় না শুধুমাত্র অনুভব করা যায়। অন্য কথায় abstract noun কে পঞ্চইন্দ্রিয় অর্থাৎ নাক, কান, ত্বক, চোখ,জিহ্বা দ্বারা অনুভব/শনাক্ত করা যায় না।

Abstract noun এর শেষে সাধারণত যে suffix গুলো বেশি দেখা যায়:

tion, ism, ity, ment, ness, age, ance, ence, ship, acy *etc.*

For example:

Discussion, Nationalism, Dignity, Movement, Breakage, Ignorance, Innocence, friendship, accuracy

ইংরেজিতে সাধারণত যে abstract noun গুলো বারবার চোখে পড়ে

☑ **Emotions/Feelings** (আবেগ-অনুভূতি প্রকাশক abstract noun):
Peace-শান্তি; Love-ভালোবাসা; Hate-ঘৃণা; Ego-আত্ম অহংকার; Anger-রাগ; Sympathy-সহানুভূতি
Pride-গর্ব *etc.*

☑ **States/Attributes** (বিভিন্ন অবস্থা পরিস্থিতি এবং বিশেষ গুণবাচক abstract noun):
Honesty-সততা; Beauty-সৌন্দর্য; Success-সাফল্য; Courage-সাহস; Bravery-সাহস; Loyalty-আনুগত্য; Integrity-সততা; Compassion-সমবেদনা; Charity-দানশীলতা; Skill-দক্ষতা
Brilliance-প্রতিভা; Misery-দুর্দশা; Deceit-প্রতারণা; Pain-ব্যথা *etc.*

☑ **Idea/Concept/Ideals** (বিভিন্ন ধারণা ও আদর্শমূলক abstract noun):
Dedication-উৎসর্গ; Dream-স্বপ্ন; Belief-বিশ্বাস; Liberty-স্বাধীনতা; Justice-বিচার; Truth-সত্য
Faith-বিশ্বাস; Information-তথ্য; Culture-সংস্কৃতি; Trust-আস্থা; Knowledge-জ্ঞান; Thought-চিন্তাধারা *etc.*

☑ **Movement/Events** (বিভিন্ন ঘটনা সম্পর্কিত abstract noun):
Education-শিক্ষা; Leisure-অবসর; Friendship-বন্ধুত্ব; Progress-উন্নতি; Hospitality-আতিথেয়তা; Relaxation-বিনোদন; Trouble-কষ্ট *etc.*

লক্ষণীয়, উপরে যতগুলো noun শব্দ উল্লেখ করা হয়েছে, সবগুলোই অনুধাবনযোগ্য "noun", এগুলোকে ধরা যা না, ছোঁয়া যায় না শুধু অনুধাবন করা যায়। এজন্যই এই noun গুলোকে abstract noun বলে।

Concrete noun এবং Abstract noun-এর তুলনামূলক পার্থক্য

Abstract Noun (এই noun গুলোর কোনো দৃশ্যমান রূপ নেই)	**Concrete Noun** (এই noun গুলো দেখা যায়, যার দৃশ্যমান রূপ আছে)
Success-সফলতা	Money- অর্থ
Friendship-বন্ধুত্ব	Friend-বন্ধু
Energy-শক্তি	Gas-গ্যাস

অজানা কথা:

i. Abstract noun বাক্যের subject হলে verb হয় singular।
যেমন: Success means achieving something.

ii. Abstract noun এর pronoun "It" হয়।
যেমন: Success means achieving something. It applies to a lucky person.

iii. বেশিরভাগ Abstract noun গুলো uncountable noun হওয়ায়, এই noun গুলোর পূর্বে সাধারণ সংখ্যাবাচক determiner বসে না। যেমন:
Incorrect : I need two success.
Correct : I need success.

Incorrect : They have lost first energy.
Correct : They have lost energy.

iv. কিছু Adjective word, Verb word এবং Common noun থেকেও abstract noun গঠিত হয়:

Adjective	Abstract noun
Free- বিনামূল্যে	Freedom- স্বাধীনতা
Healthy- স্বাস্থ্যকর	Health- স্বাস্থ্য
Long- দীর্ঘ	Length- দৈর্ঘ্য
Kind- দয়ালু	Kindness- দয়া
Strong- শক্তিশালী	Strength- শক্তি
Ill- অসুস্থ	Illness- অসুস্থতা

Verb	Abstract noun
Advise- উপদেশ দেওয়া	Advice- উপদেশ
Behave- আচরণ করা	Behaviour-আচরণ (British) Behavior (American)
Laugh- হাসা	Laughter- হাসি
Think- ভাবা	Thought- ভাবনা
Lose- হারানো	Loss- ক্ষতি
Obey- মান্য করা	Obedience- আনুগত্য

Common noun	Abstract noun
Friend- বন্ধু	Friendship- বন্ধুত্ব
Mother- মা	Motherhood- মাতৃত্ব
Member- সদস্য	Membership- সদস্যতা
Patriot- দেশপ্রেমিক	Patriotism- দেশপ্রেম
Neighbour- প্রতিবেশী	Neighbourhood- প্রতিবেশী

Noun নিয়ে আরও কথা

❑ **Abstract noun যখন Common noun হয়:**

"The + abstract noun + of ---"এই ক্ষেত্রে abstract noun টি common noun হয়।

For example:

The kindness of you makes me joyful.

The honesty of the man is praiseworthy (প্রশংসনীয়).

লক্ষণীয়, উপরের বাক্যতে "kindness ও honesty" শব্দ দুইটি Common noun হয়েছে, কেননা, শব্দ দুটির পরে "of" বসে কোন একজন ব্যক্তির সাধারন গুনাবলি "নির্দিষ্টভাবে" প্রকাশ করেছে।

❑ **Common noun যখন Abstract noun হয়:**

"The + common noun + in----" এই ক্ষেত্রে common noun টি abstract noun হয়।

For example:

I appreciated her to see the mother in her. (the mother in her = মাতৃত্ব)

The father in him impressed me very much. (The father in him = পিতৃত্ব)

লক্ষণীয়, উপরের দুটি বাক্যতে "mother ও father" শব্দ দুইটি abstract noun, কেননা শব্দ দুটির পরে "in" আছে এবং ধরা যায়না/ছোঁয়া যায় না "মাতৃত্ব বা পিতৃত্ব" এমন গুনাবলী বোঝাচ্ছে।

Countable & Uncountable Noun

অথবা

Count & Non-count Noun

গণনার ভিত্তিতে noun কে দুই ভাগে ভাগ করা হয়:

i. Countable noun (গণনাযোগ্য বিশেষ্য)

ii. Uncountable noun (অগণ্য বিশেষ্য)

Countable Noun:

যে noun গুলোকে গণনা করা যায়, সে গুলোকে countable noun/count noun বলা হয়।

যেমন: pen, table, mobile, cat, cow *etc.*

উপরের noun গুলোকে যেহেতু গণনা করা যায়, তাই এভাবেও লিখা যেতে পারে:

A pen, two pens, pens = একটি কলম, দুইটি কলম, কলম গুলো

A table, two tables, tables = একটি টেবিল, দুইটি টেবিল, টেবিল গুলো

A mobile, two mobiles, mobiles = একটি মোবাইল, দুইটি মোবাইল, মোবাইল গুলো

A cat, two cats, cats = একটি বিড়াল, দুইটি বিড়াল, বিড়াল গুলো

A cow, two cows, cows = একটি গরু, দুইটি গরু, গরু গুলো

Uncountable Noun:

যে noun গুলোকে গণনা করা যায় না, সে গুলোকে uncountable noun/non-count noun বলা হয়।

যেমন: Information-তথ্য; Dirt-ময়লা; Rice-চাউল; Hair-চুল *etc.*

লক্ষণীয়, উপরের noun গুলোকে কোনভাবে গণনা করা যায় না, চা২লে এগুলোকে কখনো *একটি-দুটি* বলা যায় না।

Countable noun এবং Uncountable noun -এর মূল কথা:

Countable noun "Singular" এবং "Plural" উভয়ই হতে পারে।

অন্যদিকে, Uncountable noun সর্বদাই "singular" হিসেবে ব্যবহৃত হয়।

অজানা কথা:

i. Uncountable noun এরপর verb সর্বদায় "singular" হয়।

ii. British English-এ Countable noun/Uncountable noun বলা হয় এবং American English এ Count noun/Non-count noun বলা হয়।

ইংরেজি পড়তে গেলেই যে uncountable noun গুলো বারবার চোখে পড়বে

General
Furniture- আসবাবপত্র, Equipment- সাজসরঞ্জাম, Soap- সাবান, Clothing- পোশাক; Homework- প্রস্তুতিপর্বের কাজ, Machinery- যন্ত্রপাতি, কলকবজা,Gold- সোনা, Silver- রূপা, Cotton- তুলা, Glass- কাচ, Jewelry- জহরত, Perfume- সুগন্ধি, Luggage- মালপত্র, Paper- কাগজ, Wood- কাঠ, Petrol- পেট্রল, Hair- চুল, Traffic- যানবাহন, Money-অর্থ

Food
Rice- ভাত, চাউল, Flour- ময়দা, আটা, Meat- মাংস, Food- খাদ্য, Cake- কেক, Bread- পাউরুটি, Ice, cream- কুলপির বরফ, Cheese- পনির, Toast- টোস্ট, Pasta- পাস্তা, Spaghetti- স্প্যাগেটি, Butter- মাখন, Honey- মধু, Soup- সুপ, Fish- মাছ, Salt- লবণ, Tea- চা, Coffee- কফি

Subjects/Fields
Grammar- ব্যাকরণ শাস্ত্র, Economics- অর্থনীতি, Physics- পদার্থবিদ্যা, Ethics- ন্যায়শাস্ত্র; নীতিশাস্ত্র, Civics- পৌরবিজ্ঞান, Art- শিল্প বিদ্যা, Architecture- স্থাপত্য, Music- সঙ্গীত, সঙ্গীত বিদ্যা, Photography- আলোকচিত্র গ্রহণ বিদ্যা, Mathematics- গণিতশাস্ত্র,অঙ্কবিদ্যা, Chemistry- রাসায়ন, History- ইতিহাস, Commerce- বাণিজ্য, Engineering- যন্ত্রবিজ্ঞান, Politics- রাষ্ট্রনীতি, Sociology – সমাজবিজ্ঞান, Psychology- মনোবিজ্ঞান, Poetry- কবিতা, কবিতাগুচ্ছ

Abstract
Information- তথ্য, News- সংবাদ, Recreation- চিত্তবিনোদন, Enjoyment- আনন্দ, Help- সাহায্য, Knowledge- জ্ঞান, Fun- কৌতুক, তামাশা, Patience- ধৈর্য্য, Happiness- সুখ, Progress- অগ্রগতি, Confidence- আত্মবিশ্বাস, Courage- সাহস, Education- শিক্ষা, Intelligence- বুদ্ধি, Space- ব্যবধান; জায়গা; অবকাশ, Energy- কর্মশক্তি; উদ্যম, Laughter- হাসি, Peace- শান্তি, Pride- গর্ব; অহংকার; ঔদ্ধত্য, Advice-উপদেশ, Scenery-দৃশ্য, Leisure-অবসর, Decision-সিদ্ধান্ত, Accommodation -থাকার জায়গা

Languages
English- ইংরেজি ভাষা, Hindi- হিন্দিভাষা; Arabic- আরবী ভাষা, Japanese- জাপানী ভাষা, Korean- কোরিয়ার ভাষা, Italian- ইটালীদেশীয়, Spanish- স্পেনের ভাষা, French- ফরাসী, Russian- রাশিয়ার ভাষা, Hebrew- হীব্রুভাষা, Chinese- চীনদেশীয় ভাষা

অজানা কথা:

উল্লেখিত শব্দগুলো দ্বারা ভাষা বোঝালে তা noun হিসেবে বিবেচিত হয়, অন্যথায় adjective হতে পারে।

Activities
Walking- চলাফেরা, Swimming- সাঁতার, Driving- চালনা, Jogging- জগিং, Reading- পাঠ, অধ্যয়ন, Writing- লেখা; লিখন, Listening- শ্রবণ; কর্ণপাত, Speaking- বাচন, Cooking- রন্ধন; রান্না, Sleeping- ঘুমন্ত, Studying- পড়াশোনা, Working- কার্য

উল্লেখিত uncountable noun সমূহকে বিশেষ phrase (pertitive phrase) ব্যবহার করার মাধ্যমে countable করা যায়:

Uncountable noun	Countable noun
Advice =	A piece of advice / Two pieces of advice.
Furniture =	A piece of furniture / Two pieces of furniture.
Soap =	A bar of soap / Two bars of soap.
Bread =	A piece/slice/loaf of bread / Two pieces of bread.
Information =	A piece of information / Two pieces of information.
Music =	A piece of music / Two pieces of music.
News =	A piece of news / Two pieces of news.
Equipment =	A piece of equipment / Two pieces of equipment.

লক্ষণীয়, uncountable noun টি কিন্তু plural হয়নি, বরং আগের অংশটি (phrase) plural হয়েছে।

Uncountable noun-কে অন্য উপায়ে Countable:

Uncountable	Countable
Accommodation- বাসস্থান	a house, a flat, a place to live, a place to stay
Baggage/Luggage- মাল পত্র	a suitcase, a bag, a rucksack
Bread- রুটি	a loaf (of bread), a (bread) roll
Lightning- বজ্র	a flash of lightning
Luck- ভাগ্য	a stroke of luck
Money- অর্থ	a note, a coin, a sum of money, a euro, a dollar
Poetry- কবিতা	a poem
Rain- বৃষ্টি	a shower, a downpour, a storm
Travel- ভ্রমণ	a journey, a trip
Work- কাজ	a job, a task

[**Source:** Cambridge Grammar]

অজানা কথা:

নিম্নে উল্লেখিত ৮ ধরনের শব্দ সমূহ uncountable noun এর অন্তর্ভুক্ত:

i. **Liquids (তরল বস্তু):** Milk, water, oil *etc.*
ii. **Abstract ideas (বিমূর্ত ধারণা):** Advice, motivation, information, decision *etc.*
iii. **Powder and grain (গুঁড়া এবং শস্য):** Rice, sand, wheat *etc.*
iv. **Mass nouns (জনসাধারণের সাথে সম্পৃক্ত):** Furniture, transportation, hair *etc.*
v. **Natural phenomena (প্রাকৃতিক ঘটনা):** Sunshine, snow, rain, weather *etc.*
vi. **State of being (নিজ সত্তার অবস্থা):** Sleep, stress, childhood *etc.*
vii. **Feelings (অনুভূতি সমূহ):** Anger, happiness, enthusiasm *etc.*
viii. **Gas (গ্যাস):** Oxygen, air *etc.*

Countable noun এবং Uncountable noun নিয়ে তুলনামূলক বিশ্লেষণ

1.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর আগে article/ determiner বসে। **Shortcut:** article/ determiner + countable noun যেমন: He has a pen.	Uncountable noun এর আগে কোনো article বসে না। **Shortcut:** No article + uncountable noun যেমন: **Incorrect:** I don't like the sugar. **Correct:** I don't like sugar.

2.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর আগে সংখ্যাবাচক শব্দ বসতে পারে।	Uncountable noun এর আগে সংখ্যাবাচক শব্দ বসে না।

Shortcut: সংখ্যাবাচক শব্দ + countable noun যেমন: I have five cows.	**Shortcut:** সংখ্যাবাচক শব্দ ছাড়া + uncountable noun যেমন: Incorrect: One news has been telecast. Correct: News has been telecast. Correct: A piece of news has been telecast.

3.	
Countable noun	**Uncountable noun**
Countable noun কে singular থেকে plural করা যায়। **Shortcut:** Countable noun + s/es যেমন: I have two pens.	Uncountable noun কে কখনোই plural করা যায় না। **Shortcut:** Uncountable noun + no (s/es) যেমন: **Incorrect:** I need furnitures. **Correct:** I need furniture. **Correct:** I need two pieces of furniture.

4.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর পরে verb "singular" এবং "plural" উভয় হতে পারে। **Shortcut:** Countable noun + verb (singular/ plural) যেমন: Boys are crazy to have it. A boy is coming.	Uncountable noun এর পর verb সর্বদাই "singular" হয়। **Shortcut:** Uncountable noun + verb (singular) যেমন: **Incorrect:** Informations have been provided. **Correct:** Information has been provided.

Article যোগে Uncountable noun-এর অর্থের পরিবর্তন হয় ।

যেমন:

Uncountable noun	Countable noun
Agreement- চুক্তি	An agreement / agreements- চুক্তির নথিপত্র
Business- ব্যবসায়	A business / businesses- ব্যবসায় প্রতিষ্ঠান
Light- আলো	A light / lights- বাতি
Paper- কাগজ	A paper / papers-নথিপত্র
Work- কাজ	A work / works- শিল্পকর্ম

একটি বিষয় লক্ষ্য করো:

I have agreement with you. = তোমার সাথে আমার চুক্তি আছে।

I have kept an agreement. = আমি একটি নথিপত্র মজুদ রেখেছি।

I have many agreements. = আমার অনেক নথিপত্র আছে।

লক্ষণীয়, বুঝতে ভুল হলে বা জানার মাঝে ঘাটতি থাকলে এমনটি মনে হতে পারে, "Agreement" যেহেতু uncountable noun তাই এর পূর্বে কোনো ভাবেই article দেওয়া যাবে না এবং এটিকে plural করা যাবে না।

কিন্তু না, এগুলোর পূর্বে "article" ব্যবহার করা যাবে এবং noun -টিকে plural করা যেতে পারে, তবে অর্থের পরিবর্তন হবে।

Uncountable noun -এর ব্যতিক্রমধর্মী ব্যবহার

৬ Room:

I need a room in your house. = এখানে "room" একটি countable noun
(তোমার বাড়িতে আমার একটি কক্ষ দরকার)

There is no room for you in this house.= এখানে "room" একটি uncountable noun
(এই বাড়িতে তোমার কোনো জায়গা নেই)

৬ Hair:

I have noticed a hair in this soup. = এখানে "hair" একটি countable noun
(এই স্যুপের ভেতরে আমি একটি চুল লক্ষ্য করেছি)

A lot of hair falls out every day. = এখানে "hair" একটি uncountable noun
(প্রতিদিন প্রচুর চুল পড়ে)

৬ Business:

He has started a new business. = এখানে "business" একটি countable noun
(সে একটি নতুন ব্যবসা শুরু করেছে)

He is going to London for business. = এখানে "business" একটি uncountable noun
(তিনি ব্যবসার জন্য লন্ডন যাচ্ছেন)

Noun চেনার কিছু suffix:

ty, al, cy, ance, ence, ant, ent, tion, sion, ment, ties, hood, ism, dom ness, age, ee, er or, y *etc.*

For example:

electricity, arrival, advocacy, elegance, difference, obedient, mention, possession appointment, activities, childhood, nationalism, kindness, breakage, employee, painter actor, jealousy *etc.*

লক্ষণীয়, উপরের word গুলোর শেষে underline করা suffix সমূহ প্রমাণ করে যে শব্দগুলো noun।

Noun চেনার কিছু prefix:

co,sub,auto,anti,mis *etc.*

For example:

co-founder, subdivision, autobiography, anticlimax, misdeed *etc.*

লক্ষণীয়, উপরের word গুলোর শুরুতে underline করা prefix সমূহ প্রমাণ করে যে শব্দগুলো noun।

অজানা কথা:

i. Prefix শব্দটি noun, যার plural form " Prefixes"
ii. Misfortune- দুর্ভাগ্য (noun), কিন্তু Unfortunate- দু:খজনক ও দুর্ভাগ্য (adjective & noun)

Noun অধ্যায়ের শেষে যা না জানলে, Noun এর আলোচনাটি অপূর্ণ থেকে যাবে

Position of Noun in a Sentence

(একটি বাক্যে noun এর অবস্থান)

নিম্নে আলোচিত এই ৫টি জায়গায় noun বসে।

Position-01: বাক্যের subject হিসেবে noun word বসে।

Shortcut: Noun + verb + extension

For example:

Perseverance is a great virtue. (অধ্যাবসায় একটি একটি মহৎ গুণ।)

Illiteracy means inability to read and write. (নিরক্ষরতা বলতে লিখা ও পড়ার অক্ষমতাকে বোঝায়)

লক্ষণীয়, বাক্যের শুরুতে subject অবস্থানে বসা "Perseverance, Illiteracy" শব্দগুলো noun হয়েছে।

অজানা কথা:

Subject অবস্থানে Noun phrase, Infinitive phrase এবং Noun clause বসে।

For example:

i. Playing with friends in the afternoon is my habit.=Noun phrase
(বিকেলে বন্ধুদের সাথে খেলা আমার অভ্যাস।)

ii. To talk to strangers is scary.= Infinitive phrase
(অচেনা মানুষের সাথে কথা বলা ভীতিজনক।)

iii. What you have said is true.= Noun clause
(তুমি যা বলেছ তা সত্য।)

Position-02: বাক্যের object হিসেবে noun word বসে।

Shortcut: Sub + transitive verb (t.v) + noun

For example:

Farmers depend on cultivation. (কৃষকরা চাষাবাদের উপর নির্ভরশীল।)

We need development. (আমাদের উন্নয়ন/অগ্রগতি প্রয়োজন।)

লক্ষণীয়, বাক্যের শেষে transitive verb এরপর object অবস্থানে বসা "cultivation, development" শব্দগুলো noun|

অজানা কথা:

বাক্যের object অবস্থানে noun phrase, infinitive phrase এবং noun clause বসে।

For example:

Avoid playing with friends in the afternoon.= noun phrase
(বিকেলে বন্ধুদের সাথে খেলা এড়িয়ে চলো।)

He strives to finish his goals. = infinitive phrase (সে তার লক্ষ্য শেষ করার চেষ্টা করে।)

I know what you have said. = noun clause (আমি জানি তুমি যা/কি বলেছ।)

Position-03: "To" ব্যতীত অন্যান্য preposition এর পরে object হিসেবে noun word বসে।

Shortcut:------preposition + Noun

For example:
An ideal student is careful about responsibility. (একজন আদর্শ ছাত্র দায়িত্বের ব্যাপারে সতর্ক।)
Now the parents feel lack of awareness. (এখন অভিভাবকরা সচেতনতার অভাব অনুভব করেন।)
লক্ষণীয়, Preposition "about এবং of" এর পরে বসা "responsibility, awareness" শব্দ গুলো noun হয়েছে।

অজানা কথা:
i. Preposition "to" যুক্ত word/phrase এরপর noun বসে।
For example:
Man is subject to death.
He is addicted to smoking.

Position-04: Complement হিসেবে "noun" word বসে।
For example:
He was a cricketer.= noun complement (সে একজন ক্রিকেটার।)
Are you a waiter?= noun complement (আপনি কি একজন পরিচারক।)
অর্থাৎ subject এর পরিপূরক হিসেবে linking verb এরপর noun complement বসে। এজন্য উল্লেখিত বাক্যতে "cricketer এবং waiter" হলো "noun"।

অজানা কথা:
Complement হিসেবে শুধু noun বসে না, adjective বসতে পারে, কোনটি বসবে তা নির্ভর করবে অর্থের ওপর।

Position-05: Subject এর apposition, যা subject এর আরেকটি পরিচয়/অস্তিত্ব বহন করে এমন এমন শব্দ noun হয়
Shortcut: Subject + কমা (,) + noun + কমা (,) + verb------
For example:
Rita, a dancer, will perform in today's program.
(রিতা, একজন নৃত্যশিল্পী, আজকের অনুষ্ঠানে অভিনয় করবেন।)
Sakib-Al-Hasan, a cricketer, is busy with his personal task.
(সাকিব-আল-হাসান, একজন ক্রিকেটার, সে তার ব্যক্তিগত কাজ নিয়ে ব্যস্ত।)
লক্ষণীয়, উল্লেখিত বাক্যতে দুই কমার মাঝে বসা "dancer, cricketer" শব্দ গুলো noun হয়েছে।

অজানা কথা:
যে সকল জায়গাতে noun বসতে পারে, সেই সকল জায়গাতেই noun equivalent (noun সমতুল্য) বসতে পারে
Noun equivalent =Gerund/Noun phrase/Noun clause /Infinitive phrase।

Practice
MCQ মাধ্যম

1. Noun কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
2. "Quality, Action or State" are the conditions of --- noun.
   (a) Proper (b) Common (c) Abstract (d) Material
3. "Mutton" কী ধরনের noun?
   (a) Proper (b) Material (c) Common (d) Abstract
4. "A noun of multitude" denotes -----.
   (a) the individual (b) the individuals (c) individual (d) an individual
5. "Check the beast in you." Underline করা শব্দটি কী noun?
   (a) Common (b) Proper (c) Abstract (d) Material
6. "He is a man of action." Underline করা শব্দটি কী noun?
   (a) Abstract (b) Collective (c) Proper (d) Material
7. "God, Lord, Almighty" এগুলো কোন ধরনের noun?
   (a) Proper (b) Common (c) Collective (d) Abstract
8. Noun is a ----- word.
   (a) describing (b) qualifying (c) modifying (d) naming
9. নিচের কোন শব্দটি noun?
   (a) feed (b) city (c) to (d) very
10. "grammar, physics, music, chemistry" এইগুলো কোন ধরনের noun?
    (a) Common (b) Proper (c) Abstract (d) Collective

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) পাঁচ, মনে রাখতে হবে, যদি প্রধানত কত প্রকার বলা হয়, সেক্ষেত্রে দুই প্রকার। যথা: i. Concrete ও ii. Abstract। তবে যদি Noun কত প্রকার বলা হয়, তাহলে পাঁচ প্রকার বলতে হবে। যথা: i. Proper, ii. Common, iii. Collective, iv. Material ও v. Abstract
2. সঠিক উত্তর- (c) Abstract, মূলত Abstract বলতে যা ধরা বা ছোঁয়া যায় না, শুধু অনুভব করা যায়, এমন গুণাবলি (quality), কাজের ধরণ (action), কোনো অবস্থা (state) মূলক noun কে বোঝায়।
3. সঠিক উত্তর- (c) Common, কেননা Mutton দ্বারা স্বতন্ত্র বস্তু (distinct thing) ভেড়ার মাংসকে বোঝানো হয়েছে।
4. সঠিক উত্তর- (b) the individuals, collective noun যখন নির্দিষ্ট (individual) অর্থে প্রকাশ পায়। তখন তাকে noun of multitude বলে।

5. সঠিক উত্তর- (a) Abstract, "beast" অর্থ "পশু", এটি মূলত common noun। কিন্তু, কোনো common noun এর পর preposition "in" থাকলে, তা Abstract noun হয়। যেমন: Beast in you = তোমার ভেতরে পশুত্ব, The mother in her = তার ভেতরের মাতৃত্ব।
6. সঠিক উত্তর- (c) Proper noun, মনে রাখতে হবে, যখন কোনো গুণ দ্বারা কোন ব্যক্তির বৈশিষ্ট্য আরোপ করা হয় তখন তা proper noun হয়। লক্ষ্য করো, "Action" মূলত "man" এর বৈশিষ্ট্যকেই বোঝাচ্ছে।
7. সঠিক উত্তর- (a) Proper, সৃষ্টিকর্তার নাম মূলত proper noun। মনে রেখো, proper noun এর প্রথম letter টি সর্বদাই capital/বড় হাতের হয়।
8. সঠিক উত্তর- (d) naming, noun দ্বারা মূলত নামবাচক শব্দ (naming word) কে বোঝায়।
9. সঠিক উত্তর- (b) city, কেননা city = শহর, যা noun। অন্যদিকে feed = খাওয়ানো (verb), to = প্রতি (preposition), very = খুব (adverb)।
10. সঠিক উত্তর- (c) Abstract, লক্ষ্য করলে বোঝা যায় উল্লিখিত noun দ্বারা কোনো একটি ধারণাকে বোঝায়। অন্যকথায়, কোনো পঠিত subject বা বিষয়কে abstract noun বলে।

Pronoun

Noun-এর শূন্যতা পূরণে একটি বাক্যে noun-এর প্রতিনিধি হিসেবে যার ব্যবহার, তা pronoun। মনে রাখতে হবে, pronoun-এর জায়গায় pronoun ব্যবহার না করে পুনরায় noun ব্যবহার করা অনেকটা "বাহুল্যদোষ"।

For example:

Rina is a student of class V. *Rina* loves gardening. *Rina* takes after her mother.

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "Rina"-এই noun টি বারবার ব্যবহার করা হয়েছে, যা "বাহুল্যদোষ"। ২য় ও ৩য় বাক্যে "Rina" এর পরিবর্তে pronoun "she" ব্যবহার করতে হবে।

তাহলে সঠিক করে লিখতে হবে:

Rina is a student of class V. She loves gardening. She looks after her mother.

= রিনা পঞ্চম শ্রেণির ছাত্রী। সে বাগান করতে ভালোবাসে। সে তার মায়ের দেখাশোনা করে।

Pronoun এর সংজ্ঞা:

Noun/Noun phrase এর পরিবর্তে ব্যবহৃত শব্দকে pronoun বলে।

(A pronoun is a word that is used instead of a noun or noun phrase.)

একটু ভেঙ্গে বললে- Pro অর্থ স্বপক্ষে, noun অর্থ বিশেষ্য, তাহলে pronoun অর্থ দাঁড়ালো- noun বা বিশেষ্য এর স্বপক্ষে ব্যবহৃত শব্দ।

For example:

a) Rana is a good boy. He abides by his parents.

b) Rana's behaviour is praiseworthy. It pleases all.

লক্ষণীয়, a- নং বাক্যে noun "Rana"এর পরিবর্তে "He"বসেছে এবং b- নং বাক্যে noun phrase "Rana's behaviour" এর পরিবর্তে "It"বসেছে।

অজানা কথা :

কিছু ক্ষেত্রে Indefinite pronoun-এর ক্ষেত্রে/পরিবর্তে আবার pronoun "they" হয়, যদিও আমরা জানি সাধারনত noun-এর পরিবর্তে pronoun ব্যবহৃত হয়।

For example:

Everybody/Nobody/None/No none=**They**

Nothing/Everything/Something=**It**

Pronoun এর প্রকারভেদ: এটি মূলত ৯ প্রকার-

i. Personal pronoun
ii. Possessive pronoun
iii. Reflexive/Emphatic pronoun (Intensive pronoun)
iv. Interrogative pronoun
v. Relative pronoun
vi. Reciprocal pronoun
vii. Demonstrative pronoun
viii. Indefinite pronoun
ix. Distributive pronoun

Note: অনেক সময় possessive pronoun কে personal pronoun-এর অন্তর্ভুক্ত করা হয়। সেই জন্য pronoun-কে ৮ প্রকার বলা যেতে পারে।

☑ Personal pronoun:

Person/Thing গুলোই personal pronoun।

Personal pronoun বলতে মূলত নিচের pronoun গুলোকে বোঝায়:

I - 1st Person (singular)
We - 1st Person (plural)
You (তুমি) - 2nd Person (singular)
You (তোমরা) - 2nd Person (plural)
He, She, It - 3rd Person (singular)
They - 3rd Person (plural)

Personal pronoun এর ৫টি form

Subject	Object	Possessive	Double Possessive	Reflexive
I	me	my	mine	myself
We	us	our	ours	ourselves
You (তুমি)	You(তোমাকে)	your	yours	yourself
He	him	his	his	himself
She	her	her	hers	herself
They	them	their	theirs	themselves

অজানা কথা:

i. Possessive pronoun কে possessive determiner বলা হয় এবং Double possessive কে independent possessive pronoun বলা হয়।
ii. Subject form + verb দ্বারা বাক্য শুরু হয়।
iii. Be verb+subject form হয়। তবে, (Be verb+object=informal ব্যবহার)
iv. As/than + subject form হয়।

For example:

I can manage the situation. (Subject হিসেবে I)
It is I who did it. (Be verb এর পর subject form)
He is as wise as I. (As এর পর subject form)

মনে করে দেখ:

Spoken & Social media তে "It's me/It is me." এই ধরনের informal ব্যবহার লক্ষ্য করা যায়।
উল্লেখ্য, as, than ও be verb এর পর object form বসলে তা informal English হিসেবে পরিগণিত হয়।

দ্বন্দ্ব দূর করে নাও:

He is better than I.
আসলে বাক্যটি: He is better **than** I (am).
= এখানে "than" দুইটি clause কে যুক্ত করায় "than" একটি conjunction।

অজানা কথা:

i. সাধারণ বাক্য গঠনে Sub + transitive verb + object বসে।
ii. বাক্যে object কে গুরুত্ব দেয়ার জন্য object + subject + verb বসে।

For example:

I like him.
Vegetables I like most.
লক্ষণীয়: প্রথম বাক্যে verb-এর পরের শব্দটি "him" বাক্যের object। দ্বিতীয় বাক্যের প্রথমে বসা শ (Vegetables) যদিও object, তা বাক্যের শুরুতে বসেছে। এই বাক্যটিকে এভাবেও বলা যেতে পারে "I lik vegetables most"।

☑ Possessive pronoun:

অধিকার মূলক কিছু শব্দ, যা দ্বারা আমার, তোমার, তার, আমাদের, তোমাদের, ইহার এধরনের অর্থ প্রকাশ করে Possessive pronoun একটি noun-এর মালিকানা বা দখলে থাকাকে/থাকার বিষয়কে বোঝায়।
Possessive pronouns: My, your, his, her, its, our, their *etc.*

Possessive pronoun ২ প্রকার:

i. Single possessive/possessive determiner
ii. Double possessive/Independent possessive pronoun

Single possessive এর গঠন:
My/your/his/her/its/our/their + noun.
উল্লেখ্য, যেহেতু এই possessive গুলো অবশ্যই noun এর পূর্বে বসে, সেজন্য এগুলোকে possessive determiner বলা হয়।

Double possessive এর গঠন:
mine, yours, his, hers, theirs, ours যার ভেতরে একটি noun লুকানো থাকে।
উল্লেখ্য, যেহেতু এই possessive গুলোর পর আলাদা করে noun বসাতে হয় না, একাই স্বয়ংসম্পূর্ণ (independent) অর্থ প্রকাশ করে থাকে, তাই এই possessive-কে Independent possessive pronoun বলা হয়।

For example:
My pen is better than *your pen*.
My pen is better than *yours*. (এখানে yours=your pen)

Your home is wider than *my home*.
Your home is wider than *mine*. (এখানে mine=my home)
লক্ষণীয়, উপরের বাক্য গুলোতে "my + pen" ও "your + home" single possessive এর উদাহরণ।
অন্যদিকে, অন্য দুটি বাক্যে "yours" ও "mine" double possessive এর উদাহরণ।

☑ Reflexive Pronoun:
Reflexive pronoun বলতে সেই সকল pronoun কে বোঝায় যার সাথে "self/selves" suffix যুক্ত থাকে।
Reflexive pronoun সর্বদায় subject-কে ইঙ্গিত করে।
ইংরেজিতে "Reflexive Pronoun" ১০ টি:
myself, yourself, himself, herself, itself, themself, theirself, yourselves, ourselves, themselves

Singular Reflexive Pronoun	Plural Reflexive Pronoun
myself, yourself, himself, herself, itself, themself, theirself	yourselves, ourselves, themselves

For example:
I washed the car myself/ I myself washed the car. (আমি নিজেই গাড়িটি ধৌত করেছিলাম।)
Rita does her work herself. (রিতা নিজেই তার কাজ করে।)
We can finish our job ourselves. (আমরা নিজেরাই আমাদের কাজ শেষ করতে পারি।)
My father and I did the work ourselves. (আমার বাবা এবং আমি নিজেরাই আমাদের কাজটি করেছিলাম।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে সবার শেষে যে "reflexive object" গুলো বসেছে তা প্রথম subject কে অনুসরণ করে।

Reflexive Pronoun-এর প্রয়োজনীয়তা:
অভি নিজে চীনা ভাষা শিখেছে=

Avi taught Avi chinese. (অভি কথাটি দুইবার ব্যবহার করায় বেমানান লাগছে।)
Avi taught himself chinese. (এবার কথাটি স্পষ্ট হলো।)

☑ Emphatic/Intensive pronoun:

Reflexive pronoun বাক্যের শেষে object হিসেবে বসে। তবে, কখনো যদি "reflexive object" subje এর পর বসে তবে তা দ্বারা বাক্যের subject-কে বেশি জোর প্রয়োগ করে, এক্ষেত্রে subject-এর পরে ক reflexive object-টি emphatic /intensive pronoun হয়।

উল্লেখ্য, Reflexive pronoun-এর মত emphatic/intensive pronoun বাক্যের অর্থের পরিপূর্ণতার জ প্রয়োজন হয় না। শুধুমাত্র subject-কে জোর প্রয়োগে ব্যবহার হয়। তাই মূল বাক্য থেকে emphatic /intensiv pronoun বাদ দিলেও বাক্যটি অর্থ নষ্ট হয় না।

Shortcut:

i. Sub+self/selves যুক্ত (emphatic obj)+verb+ext.
ii. Sub+verb+ self/selves হলে (reflexive obj).

For example:

I myself like to travel. (আমি নিজেই ভ্রমণ করতে পছন্দ করি।)
He himself announced his merit list. (সে নিজেই তার মেধাতালিকা ঘোষণা করেছিল।)
They themselves attended the ceremony. (তারা নিজেরাই অনুষ্ঠানে উপস্থিত হয়েছিল।)

উল্লেখ্য, উপরের বাক্যগুলোতে "reflexive pronoun" subject এর পরে বসায় তার নাম emphati intensive pronoun হয়েছে।

অজানা কথা:

i. Reflexive pronoun কখনো বাক্যের subject হতে পারে না।
ii. Passive voice-এ "by + reflexive object" সর্বদায় শেষে বসে।

For example:

Active: He killed himself.
Passive: He is killed by himself.

iii. Every যুক্ত Noun (every man, every person, every girl *etc.*)-এর reflexive prono অনেক রকমের হতে পারে।

For example:

a) Every person needs a break for themselves.
b) Every person needs a break for himself.
c) Every person needs a break for herself.
d) Every person needs a break for himself or herself.

☑ Interrogative pronoun:

who, whom, which, what, whose, whoever, whomever, whichever, whatever মূল বাক্যের শুরুতে বসে প্রশ্নবোধক বাক্য তৈরী করে।

For example:
Who is calling me? (কে আমাকে ডাকছে?)
What does she like to cook? (সে কী রান্না করতে পছন্দ করে?)
Which is your choice? (কোনটি তোমার পছন্দ?)
Whatever do they think? (তারা কী ভাবে?)

অজানা কথা:

i. Whatsoever (সবটা), Whomsoever, *etc.* কেও Interrogative pronoun বলা হয়। উল্লেখ্য-Wh. word-এর সাথে যুক্ত "soever" old fashioned suffix.
ii. Where এবং Why-কে অনেকে ভুল করে Interrogative pronoun মনে করে। আসলে এরা adverb যা মূলত verb সম্পর্কে তথ্য দিয়ে থাকে।

☑ Relative pronoun:

Who, whom, whose, which, that-এই শব্দগুলো দুটি clause বা বাক্যাংশের মধ্যে বসে relation তৈরী করে বলেই এরা relative pronoun।

Relative Pronoun-এর ৩ টি Form

Subject	Object	Possessive
who	whom	whose
which	which	whose
that	that	

Relative pronoun-এর প্রাথমিক কথা

❑ **Who** বসে ব্যক্তির জন্য :
It is Abir who has performed it.

অজানা কথা:
অনেক সময় পোষা প্রাণী (Pet)-এর ক্ষেত্রে relative pronoun "who" বসে।

For example:
I have a cat who misses me so much in my absence.
=আমার একটি বিড়াল আছে যা আমার অনুপস্থিতিতে আমার অভাব অনুভব করে।

❑ **Which** বসে প্রাণী বা বিষয়বস্তুর জন্য :
I bought a bird, which likes to eat local food.
I bought a motorcycle, which could go 100 kilometers per hour.

অজানা কথা:
Comma থেকে "which" যুক্ত clause-কে non-essential adjective clause/non-restricted adjective clause বলা হয়।

❑ **That** বসে ব্যক্তি, প্রাণী বা বিষয়বস্তুর জন্য:

The player that (who) has scored two goals is a foreigner.
The pen that he has bought is very expensive.
The pigeon that is now inside the cage has been bought at a low price.

অজানা কথা:

i. "That" যুক্ত clause- কে সর্বদায় essential/restricted clause বলা হয়।
ii. ব্যক্তি, প্রাণী বা বিষয়বস্তুর ক্ষেত্রে "That" এর ব্যবহার informal কে হিসেবে ভাবা হয়। এক্ষেত্রে "Which" এর বেশি যৌক্তিক এবং গ্রহণযোগ্য।

❑ **Whom** ব্যক্তিকে নির্দেশ করে, বাংলা অর্থে "যাকে" উল্লেখ থাকে:

I know the lad whom all like very much.
= আমি বালকটিকে চিনি যাকে সবাই খুব পছন্দ করে।

❑ **Whose** বসে প্রাণী বা বিষয়বস্তুর জন্য:

The man whose business runs well is a criminal.
The cows whose owner kept them safe caused an accident.
The books whose pages are of four colors create new reflection.

❑ **Indefinite Relative pronoun:**

Whoever, Whomever, Whichever, Whatever-এগুলো দ্বারা অনির্দিষ্ট ব্যক্তি, বিষয়-বস্তু কে বোঝানো হয়।

For example:

Thank whoever proposed this. (যেই এই প্রস্তাব দিয়েছে তাকে ধন্যবাদ দাও।)
Whichever option we choose there will be disadvantages.
(আমরা যে বিকল্পটিই বেছে নিই তাতে অসুবিধা হবে।)

❑ **Irregular relative pronoun:** When & Where

For example:

The day when I met you was Friday.
The village where they live is really amazing.

অজানা কথা:

i. Relative pronoun + sentence = relative clause
ii. বেশিরভাগ relative clause-ই adjective clause হয়।

যেমন: I know the man who came here yesterday.=adjective clause

☑ Reciprocal pronoun:

পারস্পারিক সম্পর্কের ক্ষেত্রে "each other" এবং "one another" এই দুটি pronoun ব্যবহার করতে হয়, যেগুলো reciprocal pronoun নামে পরিচিত।

Reciprocal pronoun বসানোর ক্ষেত্রে কিছু তথ্য:

i. দুই জনের মধ্যে সম্পর্ক বোঝাতে "each other" এবং দুই এর অধিক জনের মধ্যে সম্পর্ক বোঝাতে "one another" বসে।

ii. বাক্যে double, two উল্লেখ থাকলে "each other" বসে।

iii. বাক্যে they, three, four *etc.*বা দুইয়ের অধিক নাম উল্লেখ থাকলে one another বসে।

For example:

Mimma and Samiha like each other very much.
Mimma, Samiha and Nila like one another.
These two persons hate each other.

ব্যতিক্রম:

Nila and Niloy are two buddies (বন্ধু). They help each other/ one another very much. (কোনটি সঠিক মনে হচ্ছে?)

উপরের বাক্যটিতে they দ্বারা দুইয়ের অধিক বোঝানো হয়নি। এই বাক্যটিতে they দ্বারা "Nila" এবং "Niloy" দুইজনকে বোঝানো হয়েছে। আশা করি বুঝতে পেরেছো কোনটি সঠিক উত্তর হবে।

অজানা কথা:

i. Modern English-এ এখন দুই অথবা দুইয়ের অধিক হলেও বেশিরভাগ ক্ষেত্রে "each other" ব্যবহৃত হয়।

ii. **According to *Samuel Johnson*-** দুইয়ের অধিক হলেও "each other" ব্যবহার করা যায়। সরাসরি তার ব্যবহার করা উদাহরণ: Sixteen ministers who meet weekly at each other's house.

iii ভুল করেও (eachother,oneanother) একসাথে লিখা যাবে না, এরা সম্পূর্ন দুইটি আলাদা শব্দ।

iv. Reciprocal pronoun এর possessive ব্যবহারও দেখা যায়:
যেমন: Mita and Jahan often use each other's phones.

☑ Indefinite pronoun:

Indefinite pronoun কোন নির্দিষ্ট noun কে ইঙ্গিত করে না বা বোঝায় না। অনির্দিষ্ট কোনো ব্যক্তি, বিষয় বা বস্তুকে বোঝাতে Indefinite pronoun ব্যবহৃত হয়।

Indefinite pronoun-এর তিনটি ধরন:

i. Singular Indefinite	anybody, nobody, anyone, anything, each, everybody, everyone, everything, little, much, no one, nothing, one, somebody, someone, something
ii. Plural Indefinite	few, many, both, several
iii. Singular and Plural Indefinite	any, all, more, most, none, such, some

উল্লেখিত Singular Indefinite pronoun-এরপর verb "singular" হয় এবং plural indefinite pronoun-এরপর verb "plural" হয়।

সবশেষে উল্লেখিত Singular and Plural Indefinite pronoun-এরপর verb "singular & plural" উভয় হতে পারে।

For example:

Everybody wants to be happy in life. (প্রত্যেকে জীবনে সুখী হতে চায়।)

Nothing is possible. (কোন কিছুই সম্ভব না।)

Many people have come here but many are helpless.
(অনেক মানুষ এখানে এসেছে কিন্তু অনেকেই অসহায়।)

Both are correct. (উভয়ই গুলোই সঠিক।)

All are fine. (সবকিছুই ঠিকঠাক।)

All that glitters is not gold.(চকচক করলেই সোনা হয় না)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "Everybody, Nothing, Many, Both ও All " শব্দগুলো indefinite pronoun।

অজানা কথা:

i. কিছু indefinite pronoun "noun" এর পূর্বে বসতে পারে, যদি বসে তবে উক্ত indefinite pronoun গুলো determiner/adjective হয়ে যায়।
   যেমন: Many people are absent. I collected all papers.
ii. Indefinite pronoun এর পর apostrophe ('s) দিয়ে possessive করা যায়।
   যেমন: Is it anybody's document?
iii. Singular Indefinite pronoun + verb (singular) + his/her/thier (possessive)---

For example:

Everybody *is* trying to get *his/her* demand properly.
or, Everybody *is* trying to get *their* demand properly.

দ্বন্দ্বের অবসান:

Anybody, nobody, anyone, everybody, everyone, no one, somebody, someone থাকলে কেন Subject & Possessive হিসেবে "They & their" ব্যবহার করা হয়?

প্রথমে লক্ষ্য করো, দ্বন্দ্ব যেখান থেকে উৎপত্তি:

Q: Everybody hates a liar, don't they?= কেন "they" দিলাম?
Q: Every person knows it. But they are confused.= কেন "they" দিলাম?
Q: Every person is busy with their activities.= কেন "their" দিলাম?

Note: "Old English" অনুযায়ী "Every" কে শুধুমাত্র "Masculine Gender" অর্থাৎ "পুলিঙ্গ" ভেবে "He/his" ব্যবহার করা হতো।
পরবর্তীতে পরিবর্তন আসলো "Every" দ্বারা শুধু "Masculine Gender" কে বোঝায় না, বরং তা "Feminine Gender" কেউ বোঝায়।

এজন্য বাক্যগুলোতে নিরপেক্ষতায় "He/She এবং His/her" ব্যবহার করা হতো/লেখা হতো। যেমন:

i. Everybody is doing his/her duty.
ii. Everybody is successful. He/she will get award.

এই ধারাটি দীর্ঘদিন ধরে English Grammar-এ ব্যবহার হচ্ছিল, তবে এ এই ধরনের সমাধান/ব্যবহারকে Modern English "clumsy solution বা আনাড়ি সমাধান" বলছে।

According to Modern Grammar:

Anybody, nobody, anyone, everybody, everyone, no one, somebody, someone *etc.* এগুলোকে "Masculine" এবং "Feminine" উভয় Gender বিবেচনায় "They/their" ব্যবহার করা হয়।

সেজন্য বাক্যগুলোকে এমন দেখায়:

i. Everybody hates a liar, don't they?
   তবে, Old English অনুযায়ী: Everybody hates a liar, doesn't he/she? (এটিও সঠিক)
ii. Every person knows it. But they are confused.
   তবে, Old English অনুযায়ী: Every person knows it. But he/she is confused. (এটিও সঠিক)
iii. Every person is busy with their activities.
   তবে, Old English অনুযায়ী: Every person is busy with his/her activities. (এটিও সঠিক)

☑ Demonstrative pronoun:

Noun কে বিশেষ ভাবে নির্দেশ করা কিছু শব্দ সমূহ- This, that, such, none, these ও those এরাই মূলত Demonstrative pronoun।

Singular (demonstrative pronouns)	**Plural** (demonstrative pronouns)
this, that, such, none	these, those

Singular demonstrative pronoun এর পর noun ও verb "singular" হয় এবং Plural demonstrative pronoun এর পর noun ও verb "plural" হয়।

For example:

This is my plan. (এটা আমার পরিকল্পনা।)
These are my plans. (এগুলো আমার পরিকল্পনা।)
That will not be perfect. (ওইটা নিখুঁত হবে না।)
Those are really unique. (এগুলো সত্যিই অনন্য।)
Such was his sense. (এমনই ছিল তার বোধ।)
None of these books are/is new. (এই বইগুলির কোনটিই নতুন নয়।)

অজানা কথা:

i. সকল demonstrative pronoun-কে demonstrative adjective বলা হয়, যদি তা noun-এর পূর্বে বসে।
   Structure: Demonstrative adjective + noun
   For example:
   This pen is yours. I like that item.
ii. Demonstrative pronoun শুধু subject অবস্থানে নয়, object অবস্থানেও বসতে পারে।
   For example:
   Have you seen this?

Can you notice those?

ii. অনেক সময় ভাবা হয় article "The" থেকে demonstrative adjective "this, that, these, those"এর উৎপত্তি।

দ্বন্দ্ব দূর করে নাও:

যে ৪টি Demonstrative adjective ব্যবহারে অনেকের দ্বন্দ্ব তৈরি হয়।

	Singular	Plural
Near in time or distance (কাছের জিনিসকে ইঙ্গিত করতে)	this	these
Far in time or distance (দূরের জিনিসকে ইঙ্গিত করতে)	that	those

For example:

I like this pen. (আমি এই কলমটি পছন্দ করি।) - কাছের জিনিস singular বোঝাতে।

I like these pens. (আমি এই কলমগুলি পছন্দ করি।) - কাছের জিনিস plural বোঝাতে।

I liked that pen. (আমি ঐ কলমটি পছন্দ করেছিলাম।) - দূরের জিনিস singular বোঝাতে।

I liked those pens. (আমি ঐ কলমগুলি পছন্দ করেছিলাম।) - দূরের জিনিস plural বোঝাতে।

☑ Distributive pronoun:

"Distributive" মানে কোন কিছু ভাগ করা, বন্টন করা বা আলাদা করা।

যে pronoun অনেকগুলো বিষয়-বস্তুর মধ্যে থেকে বেছে নিয়ে একটি বিষয়-বস্তুকে আলাদাভাবে নির্দেশ করে বা বোঝায় সেই pronoun-কে distributive pronoun বলে।

সবচেয়ে বেশি ব্যবহৃত distributive pronoun গুলো: each, either, neither

For example:

Each of the members has been selected for next level.
(সদস্যদের প্রত্যেকে পরবর্তী পর্যায়ের জন্য মনোনীত হয়েছে।)

Either of the two men has gone there. (দুইজন মানুষের যেকোনো জনই সেখানে গিয়েছে।)

Neither of the books was fascinating. (বইগুলোর কোনোটাই চমৎকার ছিলনা।)

অজানা কথা:

i. Each of / Either of / Neither of + noun (Plural) = Verb (singular)

ii. Each / either/neither + noun হলে "each / either/neither" adjective হয়ে যাবে।
যেমন:
Each member can be selected. (প্রত্যেক সদস্য নির্বাচিত হতে পারে।)
Neither person is allowed. (কোন ব্যক্তিরই অনুমতি নেই।)
লক্ষণীয়, উপরের দুইটি বাক্যই "each এবং neither" noun-এর পূর্বে বসেছে। সুতরাং, each ও neither এখানে adjective হয়েছে।

iii. "Each of / Either of / Neither of"-এর possessive হিসেবে his/her হয়।
যেমন:
Each of the sons followed his father's trade.
Each of the daughters followed her father's trade.

Practice
MCQ মাধ্যম

1. Pronoun কত প্রকার?
   (a) সাত (b) আট (c) নয় (d) দশ
2. Personal pronoun কত প্রকার?
   (a) এক (b) দুই (c) তিন (d) চার
3. Fill in the gap: They talked with -----.
   (a) me (b) she (c) he (d) our
4. Fill in the gap: The house is -----.
   (a) his (b) her (c) my (d) theirs
5. "Such, The same, None" শব্দগুলো কি ধরনের pronoun?
   (a) personal (b) possessive (c) reciprocal (d) demonstrative
6. There is no mother but loves her child. -এই বাক্যে "but" কি?
   (a) Relative pronoun (b) Conjunctive pronoun
   (c) Personal pronoun (d) Reciprocal pronoun
7. I know what you say. –Underline করা শব্দ তুলে নিচের কোনটি বসানো যায়।
   (a) which (b) who (c) that (d) whom
8. She is the girl I noticed. –এই বাক্যে কোন pronoun টি উহ্য আছে?
   (a) that (b) which (c) who (d) whom
9. Each of the boys has completed his homework. "Each" কোন ধরনের pronoun?
   (a) Reciprocal (b) Distributive (c) Possessive (d) Demonstrative
10. Fill in the gap: One does not know when ----- will die.
   (a) he (b) she (c) one (d) all

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) নয়, Pronoun-এর আলোচনাতেই তা পেয়ে যাবে।
2. সঠিক উত্তর- (c) তিন, যথা: i. 1st person, ii. 2nd person, iii. 3rd person
3. সঠিক উত্তর- (a) me, Preposition-এর পর সর্বদাই object form বসে। "with" যেহেতু preposition, সেইজন্য পরবর্তীতে I-এর objective form "me" নেওয়া হয়েছে।
4. সঠিক উত্তর- (d) theirs, এটি মূলত they-এর double possessive। যার ভেতরে noun "house" লুকানো রয়েছে। অর্থাৎ, sentence টিকে দুইভাবে বলা যায়। যেমন: The house is their house. অথবা, The house is theirs (house).
5. সঠিক উত্তর- (d) demonstrative, যদিও this, that, these, those-কে authentic (খাঁটি) demonstrative pronoun বলা হয়। তবে, উল্লেখিত শব্দ subject হিসেবে বসলে তাদের নামও demonstrative pronoun হবে।

6. সঠিক উত্তর- (a) Relative pronoun, যদিও "but" একটি conjunction। তবে, এই বাক্যে relative pronoun "who"-এর মত অর্থ দিচ্ছে।
7. সঠিক উত্তর- (c) that, উল্লিখিত বাক্যে what একটি relative pronoun হিসেবে কাজ করছে। "what"-এর স্থানে relative pronoun "that" ও বসানো যায়।
8. সঠিক উত্তর- (d) whom, সঠিক বাক্যটি হতো:
   She is the girl whom I noticed. = সেই মেয়েটি যাকে আমি দেখেছিলাম।
9. সঠিক উত্তর- (b) Distributive, "Each, Either, Neither"-এগুলো distributive pronoun। উক্ত শব্দগুলোর পর noun (plural) কিন্তু, verb (singular)।
10. সঠিক উত্তর- (c) one, এটি একটি indefinite pronoun। কোনো বাক্যের শুরুতে one থাকলে, পরবর্তী বাক্যের subject "one"-ই ভাবা হয়।

Adjective

ভালো-মন্দ মিলেই আমাদের এই সুন্দর পৃথিবী। ভাল-মন্দের এই বর্ণনা English Grammar-এ Adjective অধ্যায়ে আলোচনা করা হয়।

Adjective-এর সংজ্ঞা:

একটি বাক্যে noun বা pronoun -এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ, পরিমাপ প্রকাশক শব্দকে adjective বলে।

For example:

The boy is talented. - বালকটি মেধাবী।

She is a talented girl. - সে একজন মেধাবী মেয়ে।

লক্ষণীয়, ১ম বাক্যতে "talented" শব্দটি দ্বারা noun (boy) এবং ২য় বাক্যতে pronoun (She) কে modify বা বিশেষায়িত করা হয়েছে। সুতরাং, "talented" শব্দটি adjective।

Adjective-এর position:

i. Adjective + noun যা Pre-modifier/ Attributive "Adjective" নামে পরিচিত। (Pre অর্থ- পূর্বে)

ii. Noun + ... adjective যা Post-modifier/Predicative adjective নামে পরিচিত। (Post অর্থ- পরে)

iii. Pronoun +..... Adjective যা Post positive adjective নামে পরিচিত।

For example:

The lame man will not be found any more. (ল্যাংড়া মানুষটিকে আর দেখা যাবে না।)

The man is lame. (মানুষটি ল্যাংড়া।)

It indicates something special. (এটি বিশেষ কিছু নির্দেশ করে)

লক্ষণীয়, প্রথম বাক্যটিতে "lame" adjective টি বসেছে "man" noun টির পূর্বে। যা pre-modifier।

দ্বিতীয় বাক্যটিতে "lame" adjective টি বসেছে "man" noun টির পরে। যা post-modifier।

তৃতীয় বাক্যতে pronoun "something" এর পর adjective "special" বসেছে, যা Post positive adjective।

অজানা কথা:

i. Adjective-কে modifier বা qualifier বলা হয়, যেহেতু এগুলো noun/pronoun কে বিশেষায়িত করে।

ii. Adjective-কে সংক্ষেপে qualifying word বলে।

মূলত Adjective কোনগুলো ?

Adjective বলতে descriptive/quality adjective (বর্ণনামূলক/ গুণ বিশেষণ) কে বোঝায়। Descriptive adjective গুলোকে কয়েকটি ভাগে ভাগ করা যায়:

1. Appearance	beautiful, brawny, fresh, dirty
2.Colour	blue, black, red, green
3. Condition	present, broken, cautious, boring
4. Personality	bothersome, valiant, complex, dizzy
5. Quantity	ample, bountiful, countless, poor
6. Sense	fragrant, sour, cold, loud
7. Size and Shape	large, broad, round, deep
8. Time	old, short, parallel, daily

Determiner মূলত এই ৭ ধরনের:

1. Article	a/an, the
2. Demonstrative	this, that, these, those
3. Possessive	my, your, his, her, its, our, their
4. Quantifier	all, every, most, some, more, much, any
5. Numbers	**Cardinal:** one, two, three **Ordinal:** first, second,third **Multiplicative:** single, double, triple
6. Indefinite	few, many, several, no, some
7. Interrogative	what, which, whose

Adjective *Vs* Determiner

যদিও Adjective এবং determiner উভয়ই noun-এর পূর্বে বসে তবে এদের মধ্যে ভিন্নতা রয়েছে।

Adjective	Determiner
1. Adjective-এর comparative ও superlative হয়। যেমন: good-better-best	Determiner-এর comparative ও superlative হয় না। যেমন: This, that
2. একটি sentence থেকে adjective সরালে/বাদ দিলেও তা grammatically সঠিক হতে পারে এবং অর্থও অনেকটা সঠিক থাকে। যেমন: **Right:** This colorful picture is-- **Right:** This picture is--	Sentence থেকে determiner বাদ দিলে এটি কোনোভাবেই grammatically সঠিক হয় না। যেমন: **Right:** This picture is-- **Wrong:** Picture is--

Adjective	Determiner
3. Adjective স্বতন্ত্র তাই যেকোনো noun-এর পূর্বে বসতে পারে। যেমন: I like the new shirt.	Determiner ব্যবহারের ক্ষেত্রে পূর্বের বিষয় লক্ষ্য করতে হয়, যেহেতু determiner গুলো pronoun এর মত আচরণ করে। যেমন: Those shirts are nice.
4. বাক্যে adjective "subjective complement" হতে পারে। যেমন: This picture is fine/good.	Determiner "subjective complement" হতে পারে না।

সব ভুলে মনে রাখা জরুরী:

Contemporary (সমসাময়িক) Grammar/ Modern (আধুনিক) Grammar অনুযায়ী:
Adjective এবং determiner কে আলাদা করে দেখানো হলেও, Traditional Grammar অনুযায়ী সকল determiner-কে adjective হিসেবে দেখানো হয়।

নিচের উদাহরণ গুলো থেকে determiner adjective গুলো দেখে নাও

Demonstrative adjective:
i. I like that arrangement. (আমি ওই আয়োজন টি পছন্দ করি।)
ii. This pen is yours. (এই কলমটি তোমার।)

Possessive adjective:
i. I am satisfied with your work. (আমি তোমার কাজে সন্তুষ্ট।)
ii. My dream is to be a good citizen.(আমার স্বপ্ন আমি একজন সুনাগরিক হব।)

Quantifier adjective:
i. They have some problems. (তাদের কিছু সমস্যা আছে।)
ii. I want more money. (আমি আরো অর্থ চাই।)

Cardinal adjective:
i. One issue causes many issues. (একটি ঘটনা বহু ঘটনা সৃষ্টি করে।)
ii. Our family is a family of five members. (আমাদের পরিবার পাঁচ সদস্যের পরিবার।)

Ordinal adjective:
i. He has got the first division. (সে প্রথম বিভাগ পেয়েছে।)
ii. He is undoubtedly a third class officer. (সে নিঃসন্দেহে একজন তৃতীয় শ্রেণীর কর্মকর্তা।)

Interrogative adjective:
i. What brand of mobile do you like? (মোবাইলের কোন ব্র্যান্ড তুমি পছন্দ করো?)
ii. Which book do you like to read? (কোন বই তোমার পড়তে ভালো লাগে?)

Indefinite adjective:
few, many, several, no, some

i. I have bought many books. (আমি অনেক বই ক্রয় করেছি।)
ii. No permission will be required. (কোন অনুমতির প্রয়োজন হবে না।)

অজানা কথা:
যে determiner গুলো একাই subject হিসেবে বাক্যে বসতে পারে, সেই determine গুলো যখন noun এর পূর্বে বসে, তখন তা pronominal adjective হয়ে যায়।
For example:
This is my pen. (এখানে "This"-একটি pronoun)
This pen is mine.
(এখানে "This" pronoun টি noun "pen"-এর পূর্বে বসায় তা pronominal adjective)

সবচেয়ে বেশি ব্যবহৃত Pronominal Adjective গুলো:
which, whatever, that, none, this, one, what, whatever, these, both, either, other, all, whatsoever, some, whichever, those, neither, another, such, whichsoever *etc.*

আরো কিছু Adjective

Noun adjective:
একটি noun এর পূর্বে আরেকটি noun বসলে, তা adjective/noun adjective হয়ে যায়।
Shortcut: Determiner + noun + noun
i. It is basically a leather bag. (এটি মূলত চামড়ার ব্যাগ।)
ii. Put the pencil box here. (এখানে কলমের ঝুড়ি টি রাখ।)

Proper adjective:
Proper noun থেকে যে adjective গুলো গঠিত হয়।
i. I have a Canadian friend. (আমার একজন কানাডিয়ান বন্ধু আছে।)
ii. We like Bangladeshi food. (আমরা বাংলাদেশি খাবার পছন্দ করি।)

অজানা কথা:
Proper noun বাক্যে proper adjective হিসেবে ব্যবহার হলেও শুরুর letter "capital" হয়।

Proper noun [Person]	Proper Adjective
William Shakespeare	Shakespearean
Charles Darwin	Darwinian
Jesus Christ	Christian
Queen Elizabeth	Elizabethan
Adolf Hitler	Hitlerian
Gautama Buddha	Buddhist

অজানা কথা:
যখন কোন ব্যক্তি বিখ্যাত হয় তখন তার নাম "Proper noun" টি proper adjective হিসেবে ব্যবহার হয় যাকে "Eponymous(নাম অনুসারে)" বলে।

Proper noun [Place]	Proper Adjective
Bangladesh	**B**angladeshi
India	**I**ndian
Canada	**C**anadian
Africa	**A**frican
Amazon	**A**mazonian
Asia	**A**sian
Brazil	**B**razilian
Britain	**B**ritish
China	**C**hinese
Himalayas	**H**imalayan
Iran	**I**ranian
Mexico	**M**exican
Paris	**P**arisian
Vienna	**V**iennese
the Philippines	**P**hilippine

Hyphen adjective:

একের অধিক adjective যখন hyphen দ্বারা যুক্ত হয় তখন তাকে Hyphen adjective/ Hyphen i compound adjective বলে।

i. I sent you a three-page document. (আমি তোমাকে তিন পাতার প্রমাণপত্র পাঠিয়েছিলাম।)

ii. I need a four-bedroom house. (আমার চার শয্যাগৃহের বাসা প্রয়োজন।)

অজানা কথা :

Noun-এর পূর্বে hyphen adjective অথবা noun adjective কখনোই "plural" হয় না।

Participle adjective:

Noun এর পূর্বে verb-এর সাথে "ing" যুক্ত adjective-কে participle adjective বলা হয়।

Shortcut: Determiner+verb+ing+Noun

i. A barking dog seldom bites. (ঘেউ ঘেউ করা কুকুর কম কামড়ায়।)

ii. A sleeping man is helpless indeed. (একজন ঘুমন্ত মানুষ নিরীহ বটে।)

Order of Adjectives

একই বাক্যে অনেকগুলো adjective বসলে, তার order বা ক্রম হবে নিম্নরুপ:

1. **Opinion adjective** = good/bad/tasty/boring/beautiful/important *etc.*
2. **Size** = big/small/little/huge/short/tall *etc.*
3. **Shape** = square/round/triangle/rectangular *etc.*
4. **Age** = old/new/ancient/young *etc.*
5. **Color** = black/red/white *etc.*
6. **Nationality** = Bangladeshi/Indian/Thai *etc.*

7. **Material** = gold/leather/diamond *etc.*
8. **Purpose** = a basket ball/a tennis racket *etc.*

For example:

He gave me a new Thai diamond watch. = age + nationality + material + noun.

I want to buy a big red car. = size + colour + noun.

Adjective চেনার চিহ্ন (suffix):

শব্দের শেষে কিছু suffix দেখে adjective চেনা যায়। যেমন:

able, ible, al, ful, ic, ive, less, ous, ing, ish, en, ed, like, ant, ly *etc.*

For example:

capable, incredible, chemical, helpful, fantastic, attractive, hopeless, dangerous, boring, foolish, broken, educated, childlike, important, friendly *etc.*

অজানা কথা:

i. Adjective + ly হলে adverb গঠিত হয়। যেমন: Nicely, beautifully etc.
ii. Noun + ly হলে adjective গঠিত হয়। যেমন: Heavenly, fatherly etc.
iii. Linking verb (be, feel, seem, remain *etc.*) + adjective complement হয়।

[Verb অধ্যায়ে বিস্তারিত আলোচনা থাকবে]

Confusion between Adjective & Preposition

Preposition ছাড়া noun এর পূর্বে যে parts of speech টি বসবে তা-ই adjective এ রূপান্তরিত হবে।

Shortcut: Adjective+Noun

For example:

She has an aim. (এই বাক্যে "an" একটি adjective। কেননা পরে noun "aim" আছে)

She is a university girl. (এই বাক্যে "university" একটি adjective। কেননা পরে noun "girl" আছে)

কিন্তু:

He lives in Dhaka. ("in" এখানে preposition, এটিকে adjective বলা যাবে না)

Note: Preposition যতই noun-এর পূর্বে বসানো হোক না কেন, তা adjective না হয়ে preposition হবে।

Practice
MCQ মাধ্যম

1. Adjective-এর কয় ধরনের ব্যবহার লক্ষণীয়?
   (a) এক (b) দুই (c) তিন (d) চার
2. Adjective কী হিসেবে কাজ করে?
   (a) Modifier (b) Qualifier (c) Determiner (d) সবগুলো
3. The word "Adjective" is a/an-
   (a) adjective (b) noun (c) adverb (d) conjunction
4. The word "Adjective" is basically ----- word.
   (a) naming (b) qualifying (c) describing (d) informing

5. An adjective modifies-
   (a) noun (b) pronoun (c) verb (d) both a & b
6. "He went to fish market." the underlined word is-
   (a) noun (b) adjective (c) adverb (d) কোনোটিই নয়
7. "Fatherly, motherly, sisterly, friendly, homely" শব্দগুলো কোন parts of speech?
   (a) noun (b) verb (c) adjective (d) adverb
8. "Truly, nicely, perfectly, enormously" শব্দগুলো কোন parts of speech?
   (a) noun (b) verb (c) adjective (d) adverb
9. It is really a public transportation. The underlined word is-
   (a) noun (b) adjective (c) verb (d) preposition
10. I know that it is your own business. বাক্যটিতে কয়টি adjective আছে?
   (a) দুই (b) তিন (c) চার (d) এক

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) দুই, একটি বাক্যে adjective-এর দুই ধরনের ব্যবহার দেখা যায়। যথা: i. Attributive use, যা noun এর পূর্বে বসে, ii. Predicative use, যা noun এর পরে বসে।
2. সঠিক উত্তর- (d) সবগুলো, আশাকরি adjective এর lesson থেকে জেনেছো adjective একই সাথে modifier ও qualifier হিসেবে বাক্যে ব্যবহৃত হয়। আর সকল determiner যেহেতু noun এর আগে বসে, তাই determiner কেও adjective বলা হয়।
3. সঠিক উত্তর- (b) noun, কোনো কিছুর শিরোনাম (title/tag) হলে, শব্দটি সর্বদাই noun/noun phrase হয়।
4. সঠিক উত্তর- (b) qualifying, একটি "adjective" noun বা pronoun এর পূর্বে বা পরে বসে তাকে qualify (বিশেষায়িত) করে।
5. সঠিক উত্তর- (d) both a & b, একটি adjective এর কাজই হচ্ছে noun বা pronoun কে বিশেষভাবে modify (বিশেষায়িত) করা।
6. সঠিক উত্তর- (b) adjective, noun এর পূর্বে আরেকটি noun বসলে, পূর্বের noun টিকে adjective/noun adjective বলা হয়। যেমন: fish market- মাছের বাজার, university school বিশ্ববিদ্যালয় স্কুল *etc.*
7. সঠিক উত্তর- (c) adjective, কারণ, noun + ly = adjective
8. সঠিক উত্তর- (d) adverb, কারণ, adjective + ly = adverb, যাকে অন্যকথায় "adverb of manner" বলে।
9. সঠিক উত্তর- (b) adjective, কারণ adjective + noun "transportation" বসেছে। জেনে রেখে public-জনগণ $_{(noun)}$, শব্দটি ব্যবহারের উপর ভিত্তি করে adjective বা noun উভয়ই হতে পারে।
10. সঠিক উত্তর- (a) দুই, শব্দ দুটি হলো- "your" এবং "own"। লক্ষ্য করো শব্দ দুটি noun "business" এর পূর্বে বসে তাকে modify করেছে।

Verbs

Heart বা হৃদয় ছাড়া যেমন মানুষ কল্পনা করা যায় না, তেমনি verb ছাড়াও sentence বা বাক্যের কথা কল্পনা করা যায় না। এজন্য, বলা হয়ে থাকে- "Verb is the heartbeat of a sentence."

Verb-এর সংজ্ঞা:

যে word / parts of speech দ্বারা কোনো কাজ করা, হওয়া বা কোনোকিছু থাকা বোঝায় তাকে verb (ক্রিয়া) বলে।

অন্যকথায়,

Verb তিন ধরনের কাজ করে থাকে:

i. **A physical action-** বাহ্যিক শক্তি খাটিয়ে
   For example:
   Run- দৌড়ানো, Swim- সাঁতার কাটা, Go- যাওয়া
ii. **A mental action-** মস্তিষ্ককে কাজে লাগিয়ে
   For example:
   Think- চিন্তা করা, Believe- বিশ্বাস করা, Consider- বিবেচনা করা
iii. **A state of being-** যা একটি অবস্থা বোঝায়
   For example:
   be verb, remain- থাকা, appear- দৃশ্যমান হওয়া

More examples:

He *goes* to market. (সে বাজারে যায়।)
They *believe* you. (তারা তোমাকে বিশ্বাস করে।)
We *are* concerned about this. (আমরা এই বিষয়ে উদ্বিগ্ন।)

উল্লেখ্য, উপরের তিনটি বাক্যেই italic (বাঁকা করে লিখা) শব্দগুলো verb। এবার চলো verb এর ধরন বা প্রকারগুলো সমন্ধে জানার চেষ্টা করি।

Kinds of Verbs

Verb প্রধানত ২ প্রকার:

i. Finite verb (সমাপিকা ক্রিয়া)
ii. Non-finite verb (অসমাপিকা ক্রিয়া)

Finite verb (সমাপিকা ক্রিয়া):

যে verb বাক্যে বসে person (subject) কে অনুসরণ করে এবং tense গঠনে সাহায্য করে তাকে finite verb বলে।

Finite verb এর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যসমূহ:

i. যে verb subject এর পরে বসে।
ii. যে verb এর present form ও past form আছে।
iii. Finite verb ছাড়া বাক্য গঠিত হয় না।

For example:

She *sings* folk songs. (সে লোকগীতি গান গায়।)

We *went* to market. (আমরা বাজারে গিয়েছিলাম।)

She *has* bought a lot of toys. (সে অনেকগুলো খেলনা কিনেছে।)

She *is* drawing a picture. (সে একটি ছবি আঁকছে।)

উল্লেখ্য, উপরের ৪টি বাক্যতে যথাক্রমে (sings, went, has, is) শব্দগুলো finite verb। কেননা, সবগুলো verb-ই subject এর পরে/নিকটে বসেছে এবং লক্ষ্য করলে দেখবে, প্রতিটি verb-এর present & past form আছে।

অজানা কথা:

i. Auxiliary verb এবং main verb পাশাপাশি বসলে auxiliary verb টি finite verb হয়ে যায় আর main verb টি তখন non-finite verb হয়ে যায়।

ii. যদিও modal auxiliary verb এর অনেক ক্ষেত্রে past form হয় না, তবুও modal verb কে finite verb বলা হয়।

Non-finite verb (অসমাপিকা ক্রিয়া):

Non-finite verb মূলত Finite verb এর বিপরীত বৈশিষ্ট্য সম্বলিত verb। অর্থাৎ, যে verb মূলত tense ও person অনুযায়ী বাক্যে পরিবর্তন হয়না এবং যে verb টি কখনই subject এর পরে বসে না তাকে non-finite verb বলে।

আরো সহজ করে বললে-

যে verb দেখে tense নির্ণয় করা যায় না, তাকে Non-finite verb বলে।

For example:

We sat in the restaurant *to meet* you. (আমরা রেস্টুরেন্ট এ বসেছিলাম তোমার সাথে সাক্ষাৎ করতে।)

I saw the man *playing* tennis. (আমি মানুষটিকে টেনিস খেলতে দেখেছিলাম।)

Having *finished* the work, I returned my village. (কাজটি শেষ করে আমি গ্রামে ফিরে গিয়েছিলাম।)

উল্লেখ্য, উপরের ৩টি বাক্যেই যথাক্রমে meet, playing, finished শব্দগুলো non-finite verb। কেননা, এই verb গুলো tense গঠনে সাহায্য করেনি এবং subject এর পরেও বসেনি।

Finite verb ২ প্রকার:

i. Principal / Main verb

ii. Auxiliary / Helping verb

Principal verb:

যে verb পরিপূর্ণ অর্থের ক্ষেত্রে অন্য কোনো verb এর সাহায্য নেয় না।

For example:

She *dances*. (সে নাচে)

I *met* you. (আমি তোমার সাথে দেখা করেছিলাম)

He *discussed* the matter. (সে বিষয়টি নিয়ে আলোচনা করেছিল)

উল্লেখ্য, উপরের বাক্যগুলোতে dance, met, discussed শব্দগুলি main verb। কেননা, পরিপূর্ণ অর্থের জন্য এই verb গুলো auxiliary বা modal verb এর সাহায্য নেয়নি।

অজানা কথা:

i. যে sentence এ একটাই verb সেটাই main verb।
ii. Main verb এর অপর নাম Lexical verb।
iii. কোন বাক্যে একক verb হিসেবে be verb (am/is/are/was/were) ব্যবহৃত হলে তাকে Principal verb/Linking verb উভয়ই বলা যায়।
যেমন: He *is* a doctor., I *was* absent. *etc.*

Auxiliary verb:

Auxiliary verb একটি বাক্যে ৪ ধরনের কাজ করে থাকে:
(i) Tense গঠন করে, (ii) মনের ভাব প্রকাশ করে,
(iii) বাক্যকে না বোধক করে এবং (iv) বাক্যকে প্রশ্নবোধক করে।

For example:

He *is* doing his best. (সে তার সর্বোচ্চটা করছে।) = Present Continuous গঠনে "is"
He *can* run fast. (সে দ্রুত দৌড়াতে পারে।) = মনের ভাব প্রকাশে modal verb "can "
She *does not / did not* study attentively. (সে মনোযোগ দিয়ে পড়েনা / পড়েছিল না) = বাক্যকে না বোধক করতে auxiliary verb"does not / did not"
Don't I help you? (আমি কি তোমাকে সাহায্য করিনা?) = প্রশ্নবোধক করতে " Don't"

উল্লেখ্য, উপরের বাক্যগুলোতে is, can, does/did ও don't গুলো auxiliary verb। কেননা, এই verb গুলো উপরে উল্লেখিত ৪ ধরনের কাজ করেছে। বাক্যগুলোর বাংলা অনুধাবন করলেই তা বুঝতে পারবে।

Principal verb ২ প্রকার:

i. Transitive verb (*t.v*)
ii. Intransitive verb (*int.v*)

Transitive verb (সকর্মক ক্রিয়া): যে verb-এর direct object থাকে।

For example:

A mother *loves* her child. (একজন মা তার সন্তান কে ভালবাসেন।)
He *took* shelter under a banyan tree. (সে একটি বটগাছের নিচে আশ্রয় নিয়েছিল।)
The lad *understood* the lesson. (বালকটি লেসনটি/পাঠটি বুঝেছিল।)

উল্লেখ্য, উপরের ৩টি বাক্যে (loves, took, understood) শব্দগুলো transitive verb। কেননা, প্রতিটি verb এর পরেই object আছে।

অজানা কথা:

i. Transitive verb এর object কে "receiver of the action" বলা হয়।
ii. Dictionary-তে সংক্ষেপে Transitive verb কে "t.v" এবং Intransitive verb কে "int.v" দিয়ে উল্লেখ করা হয়।
iii. Transitive verb এর object ব্যক্তিবাচক না হলে, সাধারণত তা plural অথবা noun phrase হয়।

Transitive verb-এর structure:

Verb + object (object টি হবে noun, pronoun অথবা noun phrase)

Transitive verb বের করার সহজ উপায়:

Verb কে, "কী" বা "কাকে" দ্বারা প্রশ্ন করে যদি উত্তর পাওয়া যায়, তাহলে ঐ verb-কে transitive verb বলে।

অজানা কথা:

i. Linking verb কেও অনেক সময় "what" দ্বারা প্রশ্ন করা যায়, যা complement অধ্যায়ে জেনেছো। এখন জেনে নাও এক্ষেত্রে linking verb-কে transitive verb বলা যাবে না, এটি মূলত intransitive linking verb।

For example:

He feels tired. I am happy.

ii. একটি বাক্যে দুইটি object থাকলে, verb কে what দিয়ে প্রশ্ন করে যে object পাওয়া যায় তা Direct (বস্তুবাচক) object এবং verb কে whom দিয়ে প্রশ্ন করে যে object পাওয়া যায় তা Indirect (ব্যক্তিবাচক) object।

মনে রাখা জরুরী:

Transitive verb-এর পর একটি object হলে, তা সর্বদা direct object হিসেবে বিবেচিত হবে।

For example:

	Indirect object	**Direct object**
She gave	me	a black rose.
She returned	him	his wallet.

	Direct object
They like	me
We should help	you

Intransitive verb (অকর্মক ক্রিয়া): যে verb-এরপর কোনো object থাকে না।

For example:

She *sleeps*. (সে ঘুমায়।) = verb + full stop দিয়ে বাক্য শেষ।

The River *flows* smoothly. = verb + adverb হয়েছে। (নদীটি শান্তভাবে বয়ে চলে।)

He *runs* in the field. = Verb + adverb হয়েছে। (সে মাঠে দৌঁড়ায়।)

উল্লেখ্য, উপরের ৩টি বাক্যতে sleeps, flows, runs শব্দগুলো intransitive verb। কেননা, full stop ও adverb দিয়ে বাক্যগুলো শেষ হয়েছে।

Intransitive verb-এর structure:

i. Verb + punctuation marks (full stop/question mark)

ii. Verb + adverb/adverbial phrase

অজানা কথা:

যেহেতু Intransitive verb-এরপর আর কিছু না বসালেও পরিপূর্ণ অর্থ পাওয়া যায়, এইজন্য Intransitive verb-কে "complete verb" বলা হয়। অন্যদিকে transitive verb কে "Incomplete verb" বলা হয়।

Transitive verb used Intransitively

ইংরেজিতে **Transitive** এবং **Intransitive verb** এর সংখ্যা নির্ধারিত নয়, বাক্যে ব্যবহারের ওপর ভিত্তি করে তা **Transitive/ Intransitive verb** উভয়ই হতে পারে।

Verb	Transitive and Intransitive
Fly	I fly kites.(আমি ঘুড়ি উড়াই) =Transitive verb Kites fly in the sky. (আকাশে ঘুড়ি ওড়ে) = Intransitive verb
Read	I read the book. (আমি বই পড়ি) =Transitive verb He reads a lot. (সে অনেক পড়ে) = Intransitive verb
Eat	Let's eat foreign food. (চলো বিদেশী খাবার খাই)= Transitive verb Let's eat. (চলো খাই)= Intransitive verb
Play	I will play cricket. (আমি ক্রিকেট খেলব)= Transitive verb I will play tomorrow. (আমি আগামীকাল খেলব)= Intransitive verb
Demonstrate	He demonstrated his skills. (সে তার দক্ষতার প্রমাণ দিয়েছিল)= Transitive verb He demonstrated.(সে প্রমাণ দিয়েছিল)= Intransitive verb

যে ১০ টি verb সর্বদায় Intransitive verb হিসেবে ব্যবহৃত হয়:

Arrive-পৌছানো, appear-আসা, breathe-শ্বাস নেওয়া, cry-কাঁদা, die-মারা যাওয়া, happen-ঘটা, occur -সংগঠিত হওয়া, continue-চালিয়ে যাওয়া, seem-মনে করা, smile-হাসা

অজানা কথা:

Intransitive verb গুলোর "passive voice" এ ব্যবহার incorrect।

যেমন:

Incorrect : It has been occurred on time.
Correct : It has occurred on time.
Incorrect : He was died.
Correct : He died.

Auxiliary verb ২ প্রকার:

i. Primary auxiliaries
ii. Modal auxiliaries

Primary auxiliaries: যে verb গুলো main verb/principal verb-এর পূর্বে বসে tense, mood অথবা voice গঠনে সাহায্য করে।

অজানা কথা:

Mood বলতে sentence কে Interrogative অথবা Negative করাকে বুঝায়।

Primary auxiliaries ৩ প্রকার:

i. **Do verb** - do, does, did, will do
ii. **Have verb** - have, has, had, having, will have
iii. **Be verb** - am, is, are, was, were, been, being, will be

Primary auxiliaries-এর form গুলো দেখে নাও:

Present	Past	Past Participle
am, is, are	was, were	been
have, has	had	had

অজানা কথা:

কোনো বাক্যে যদি primary auxiliary verb একাই বসে তাহলে সেটি "main verb/principal verb"-এ পরিণত হয়।

For example:

He does not work properly. = এই বাক্যে "does" একটি auxiliary verb।

He does it properly. = এই বাক্যে "does" একটি main verb।

I am working hard. = এই বাক্যে "am" একটি auxiliary verb।

I am a student. = এই বাক্যে "am" একটি main verb। কেননা, এই verb-টি এই বাক্যে একাই বসেছে।

Modal Auxiliaries:

Modal verb এর সংখ্যা কত?

যদি না থাকে জানা, তাহলে জানতে কেন মানা!

Modal verb এর সংখ্যা ১৮ টি:

can/could	must	have to	had better
may/might	need	used to	would rather
shall/should	dare	be to	will/would
ought to	be going to		

Note:

Have to = have to, has to, had to

Be going to = am/is/are/was/were + going to

Be to = am to, is to, are to, was to, were to

অজানা কথা:

Modal verb-কে "Defective verb" বলা হয়।

Note: মূলত Modal verb এর আলোচনা বিশদ। সেইজন্য, তোমরা modal verb এর বিস্তারিত আলোচনা "Modal Verb" নামক chapter থেকে দেখে নাও।

Non-finite verb ৩ প্রকার:

i. Infinitive ii. Gerund iii. Participle

Infinitive-এর structure:

To+v1 অর্থাৎ, verb এর base form এর পূর্বে to বসলে তা infinitive verb হয়ে যায়।

For example:

I requested the man *to return* my papers.

(আমি মানুষটিকে অনুরোধ করেছিলাম আমার কাগজগুলো ফেরত দিতে।)

(He sat beside me *to say* something.) সে আমার পাশে বসেছিল আমাকে কিছু বলতে।

অজানা কথা:

i. Infinitive এর বাংলা অর্থ "তে" বোঝায়। যেমন, উপরের ২টি বাক্যের বাংলা লক্ষ্য করো: to return = ফেরত দিতে এবং to say = বলতে।
ii. Infinitive এর ক্ষেত্রে "to" কোন preposition নয়, এটিকে "sign of the infinitives বা infinitive এর চিহ্ন" বলা হয়।

Gerund-এর structure:

Verb + ing যা noun হিসেবে বাক্যে বসে। যাকে অন্য কথায় verbal noun বলা হয়। যেহেতু, verb থেকে সৃষ্টি হয় noun।

Participle-এর structure:

Verb + ing যা adjective হিসেবে বাক্যে বসে, এর অন্য নাম verbal adjective। কেননা, verb থেকেই এই adjective-এর সৃষ্টি।

অজানা কথা:

Non-finite verb অর্থাৎ Gerund, Participle & Infinitive কে verbal phrase বলা হয়।

Note: "Gerund" ও "Participle" grammar-এর গুরুত্বপূর্ণ ও বিষদ আলোচ্য বিষয়। সেই জন্য এখানে শুধু প্রাথমিক ধারণা দেয়া হলো।

[বিস্তারিত ধারণা "Gerund & Participle" chapter থেকে পাবে]

আরও কিছু গুরুত্বপূর্ণ Verb

☑ Linking verb:

Linking verb যার বাংলা অর্থ যোগসূত্র স্থাপনকারী verb। এই verb টি মূলত subject ও complement এর মাঝে যোগসূত্র স্থাপন করে।

List of linking verbs:

Seem- মনে করা, Sound- শব্দ হওয়া, Remain- থাকা, Taste- স্বাদ নেওয়া, Become- হওয়া, Feel- অনুভব করা, Smell- ঘ্রাণ/গন্ধ নেওয়া, Stay- থেকে যাওয়া, Appear- উপস্থিত হওয়া, Run- পরিণত হওয়া, Go- হওয়া, Turn- পরিণত হওয়া, Keep- রাখা, Stand- অবস্থান করা

For example:

She feels happy. (সে সুখ অনুভব করে)
He became a youtuber. (সে একজন "ইউটিউবার" হয়েছিল)
Honey tastes sweet. (মধু খেতে মিষ্টি)
He went mad. (সে পাগল হয়ে গেছে)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে যথাক্রমে "feels, became, tastes, went" verb-গুলো linking verb। কেননা উল্লিখিত verb-গুলো subject ও পরবর্তী complement-কে যুক্ত করেছে।

Linking verb এর গুরুত্বপূর্ণ structure:

i. Subject + linking verb + complement (adjective)
ii. Subject + linking verb + article + complement (noun)

যেমন:

He is tired.
He is a doctor.

অজানা কথা:

i. Linking verb এর অপর নাম "copulative/copula verb"
ii. যেকোনো linking verb তুলে দিয়ে তদস্থলে be verb (is/was) বসালেও sentence টির অর্থ নষ্ট হয় না। সেইজন্য am, is, are, was, were *etc.*-এই be verb গুলোকেও linking verb হিসেবে ব্যবহার করা হয়।
যেমন: She feels happy. অর্থাৎ, She *is* happy.
He became a youtuber. অর্থাৎ, He *was* a youtuber.

Linking verb *vs* Action verb

Linking verb সর্বদা linking verb না থেকে তা Action verb হতে পারে।

যেমন:

"Smell" as Linking verb: It smells bad. (এটির গন্ধ খারাপ।)
"Smell" as Action verb: He smells the soup. (সে স্যুপের গন্ধ পায়।)

অজানা কথা:

Action verb এর অপর নাম Physical verb।

☑ Factitive verb:

Transitive verb এর direct object থাকা সত্ত্বেও যদি object পরবর্তী noun/noun phrase/adjective (complement) এর সাহায্য ছাড়া বাক্য পূর্ণ না হয়, তখন ঐ বাক্যে ব্যবহৃত verb কে factitive verb বলে।

List of factitive verbs:

Elect- নির্বাচিত করা, Select- বাছাই করা, Make- বানানো, Appoint- নিয়োগ দেওয়া, Call- নাম ধরে ডাকা, Name- নাম রাখা, Crown- বিশেষ উপাধিতে ভূষিত করা, Label- আখ্যা দেওয়া, Nominate- মনোনিত করা, Think- ভাবা, Choose- পছন্দ করা, find- খুঁজে পাওয়া, Prove- প্রমাণ করা, Keep- রাখা, Imagine- কল্পনা করা, Judge- বিবেচনা করা, Designate-আখ্যা দেওয়া

For example:

They elected me captain. =---factitive verb+object+noun complement
We called him a fool. =---factitive verb+object+noun complement
I think Shakespeare a great poet. =---factitive verb+object+ noun complement
I consider him faithful.=---factitive verb+object+adjective complement

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে object থাকা সত্ত্বেও পরবর্তীতে যথাক্রমে "captain, a fool, a great poet" এই noun complement শব্দগুলো ব্যবহার করে বাক্যগুলোকে পূর্ণাঙ্গ করা হয়েছে। সুতরাং, উক্ত বাক্যে ব্যবহৃত verb গুলো factitive verb।

অজানা কথা:

i. Factitive verb দিয়ে গঠিত sentence এর structure টি নিম্নরূপ:
Subject + factitive verb + direct object + factitive object

ii. Factitive object কে objective complement বলে।
iii. Factitive verb এর ক্ষেত্রে "list of factitive verbs" গুলো মুখস্থ করলে verb গুলো নিয়ে আর কোনো দ্বন্দ্ব থাকে না।

ব্যতিক্রম:

We called him at night. (আমরা তাকে রাতের বেলায় ডেকেছিলাম)
She makes her own clothes. (সে নিজের কাপড় নিজেই বানায়।)
লক্ষণীয়, উল্লেখিত বাক্যগুলোতে "called, make" factitive verb নয়, এগুলো সাধারণ "main verb /action verb" যেহেতু পরবর্তীতে "objective complement" বসেনি।

☑ Cognate verb:

Cognate অর্থ-সমজাতীয়। অর্থাৎ, কোনো বাক্যে intransitive verb এর মত/সমজাতীয় যে object ব্যবহারে বাক্য পূর্ণ হয়, তখন ঐ বাক্যের verb কে cognate verb বলে।

For example:

He dreamt a good dream. (সে একটি ভাল স্বপ্ন দেখেছিল।)
She lived a pure life. (সে পরিশুদ্ধ জীবন যাপন করতো।)
He sleeps the sleep of death. (সে মৃত্যুঘুম ঘুমায়।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে যথাক্রমে "dreamt, lived, sleeps" এই verb গুলো intransitive। অর্থাৎ, এদের পরে object বসার কথা নয়। কিন্তু, তার পরেও যখন verb এর সাথে সঙ্গতি রেখে সমজাতীয় object যথাক্রমে "a good dream, a pure life, the sleep of death" নেওয়া হয়েছে।

জেনে রাখা জরুরি:

অনেক সময় factitive verb এর "object" গুলো একটু ভিন্ন হয় তবে অর্থ খুঁজলে verb এর সাথে সম্পর্ক খুঁজে পাওয়া যায়।

For example:

He ran a race. (সে দৌঁড় প্রতিযোগীতায় দৌঁড় দিয়েছিল।)
He went a long way. (সে অনেক দূর এগিয়ে গিয়েছিল।)
He fought a good battle. (সে একটি ভাল যুদ্ধ করেছিল।)
It blows a brisk gale. (প্রবল ঝড় বইছে।)

অজানা কথা:

i. Cognate verb এর object কে cognate object বলে।
ii. Intransitive verb কে transitive verb এ রূপান্তর করার একটি মাধ্যম cognate object এর সাহায্য নেওয়া।

☑ Quasi-passive verb:

"Quasi" অর্থ "প্রায়/কিছুটা"। সুতরাং Quasi passive বলতে "প্রায় passive" এমন কিছু বোঝায়।
তাহলে,

যে sentence গঠনগত দিক থেকে active voice, কিন্তু বাংলা অর্থ করলে passive বা "অন্যের দ্বারা/অন্যকিছুর মাধ্যমে" ঘটে, এমন বাক্যে ব্যবহৃত verb কে quasi-passive verb বলে।

For example:

a. Honey tastes sweet. (মধু খেতে মিষ্টি।)

b. The book reads well. (বইটি পড়তে ভাল।)

c. Rice sells cheap. (চাল সস্তায় বিক্রি হয়।)

লক্ষণীয়, "a" নং বাক্যটি গঠনগত দিক থেকে active voice। কিন্তু, অর্থ করলে দেখা যায় "মধু যতক্ষণ না জিহ্বা দ্বারা taste (স্বাদ) নেওয়া হচ্ছে, ততক্ষণ পর্যন্ত বোঝা যায়না এটি মিষ্টি না তেতো"। সুতরাং, "a" নং বাক্যে "tastes" quasi-passive verb।

"b" নং বাক্যটি গঠনগত দিক থেকে active voice। কিন্তু, অর্থ করলে দেখা যায় "বইটা যতক্ষণ অন্যের দ্বারা না পড়া হয় হচ্ছে, ততক্ষণ পর্যন্ত বইটির ভালো মন্দ বোঝা যায় না"। সুতরাং, "b" নং বাক্যে "reads" quasi-passive verb।

"c" নং বাক্যটি গঠনগত দিক থেকে active voice। কিন্তু, অর্থ করলে দেখা যায় "চাল সস্তায় বিক্রি হয় অন্যের দ্বারা"। সুতরাং, "c" নং বাক্যে "sells" quasi-passive verb।

অজানা কথা:

i. Quasi-passive verb এর পর complement হিসেবে adjective বা adverb বসে।

ii. এজন্য মাঝে মাঝে "Adverb" - কেও complement বলা হয়।

☑ Reflexive verb:

Transitive verb-এর subject ও object যদি একই ব্যক্তি বা বস্তুকে বোঝায়, তবে তাকে reflexive verb বলে।

For example:

She killed herself. (সে আত্মহত্যা করলো।)

They killed themselves. (তারা আত্মহত্যা করলো।)

She funs herself. (সে নিজের সাথে মজা করে।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে object-এর সাথে self/selves যুক্ত হয়েছে, যা দ্বারা (আত্ম, নিজ) বোঝানো হয়েছে। বাক্যগুলোতে যে verb ব্যবহার করা হয়েছে, তাই reflexive verb।

অজানা কথা:

i. Reflexive object বা self/selves "object" যুক্ত sentence-এ কেবল reflexive verb থাকবে।

ii. Reflexive verb মূলত transitive verb।

☑ Group verb:

যখন কোন verb-এর পর নির্দিষ্ট preposition বসে, তখন উক্ত verb টি transitive verb হয়ে যায় এবং যখন verb -এর নির্দিষ্ট অর্থ বাদে ভিন্ন অর্থ দেয় তখন তাকে group verb বলে।

Verb এবং Group verb-এর তুলনামূলক পার্থক্য

সাধারণ verb হিসেবে অর্থ	Group verb হিসেবে অর্থ
Act= কাজ করা, ভান করা	Act + upon= ক্ষতি করা
Bear= বহন করা	Bear + out= সমর্থন করা
Call= ডাকা	Call + off= প্রত্যাহার করা
Come= আসা	Come + of= জন্মগ্রহণ করা
Go= যাওয়া	Go + over= পরিবর্তন করা

অজানা কথা:

i. অনেকে ভুল করে "appropriate preposition"-কে group verb-এর সঙ্গে মিলিয়ে ফেলে। মনে রাখা দরকার, appropriate preposition-এ অর্থের মিল থাকবে কিন্তু group verb-এ verb-এর সাথে "preposion" যুক্ত হলে অর্থ ভিন্ন হয়ে যাবে।

ii. Group verb-এর অপর নাম verbal pharse/verbal idiom।

☑ Impersonal verb:

Pronoun "It" এর পর singular রূপে যে verb ব্যবহার করা হয়, তা-ই impersonal verb।

For example:


It rains.= এখানে "rains" impersonal verb

It is possible.= এখানে "is" impersonal verb

It may rain today.

Note: এখানে "rain"-কে impersonal verb বলা যাবে না, কেননা modal verb এর পর "rain" main verb হিসেবে বসেছে।

☑ **Verb-এর সম্পূর্ণ আলোচনা শেষে verb-এর সবগুলো প্রকার এক নজরে দেখে নেওয়া যাক:**



Practice
MCQ মাধ্যম

1. Grammar এর কোন lesson এর সাথে "Verb" সম্পৃক্ত?
   (a) Article (b) Preposition (c) Tense (d) Clause
2. Verb প্রধানত কয় প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
3. "Transitive verb" এর পরে কি বসে?
   (a) Complement (b) Object (c) Adverb (d) Both b & c
4. "Principal verb" এর প্রকার দুইটি কী কী?
   (a) Infinitive, Gerund (b) Finite, Non finite
   (c) Transitive, Intransitive (d) Gerund, Participle
5. No sentence can be formed without a -----
   (a) Transitive verb (b) Principal verb (c) Factitive verb (d) Intransitive verb
6. Nothing lasts forever. Here the underlined "verb" is-
   (a) Auxiliary (b) Principal (c) Main (d) Modal
7. The baby laughs. -বাক্যটিতে "laugh" কি ধরনের verb?
   (a) Transitive (b) Intransitive (c) Auxiliary (d) Causative
8. "Transitive verb" এর সর্বাধিক কয়টি Object দেখা যায়?
   (a) একটি (b) দুইটি (c) তিনটি (d) চারটি
9. "Be" verb এর সংখ্যা কয়টি?
   (a) পাঁচটি (b) ছয়টি (c) সাতটি (d) আটটি
10. নিচের কোন structure টি ভুল?
    (a) Subject + linking verb + complement
    (b) Subject + intransitive verb + adverb
    (c) Subject + transitive verb + adverb
    (d) Subject + transitive verb + object + adverb

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) Tense, সত্যিকার অর্থে tense-এর কাজই হচ্ছে verb-এর তিনটি form (v1, v2, v3) -এর পরিবর্তনের মাধ্যমে present, past, future tense কে নির্দেশ করা।
2. সঠিক উত্তর- (a) দুই, verb এর lesson এই জেনেছো প্রধাণত দুই প্রকার। যথা: i. Finite verb এবং ii. Non finite verb
3. সঠিক উত্তর- (b) Object, shortcut টি মনে রেখো: "Subject + transitive verb + object"
4. সঠিক উত্তর- (c) Transitive, Intransitive, অন্য কোনোগুলোই principal verb-এর প্রকার নয়। Verb lesson থেকে দেখে নিতে পারো।

5. সঠিক উত্তর- (b) Principal verb, প্রশ্নটিতে বলা হয়েছে "কোনো বাক্যই গঠিত হতে পারে না ----- ছাড়া" অর্থাৎ, principal verb ছাড়া বাক্য গঠিত হয় না।
6. সঠিক উত্তর- (b)+(c) Main, যে sentence এ একটি মাত্র verb তা-ই principal/main verb।
7. সঠিক উত্তর- (b) Intransitive, কেননা intransitive (অকর্মক) verb মানেই হলো, যার পরে object (কর্ম) ছাড়া অন্য কিছু বসবে। সেটা হতে পারে adverb অথবা, প্রয়োজন মতো punctuation marks। লক্ষ্য করো, "laughs" এর পর punctuation mark হিসেবে full stop বসেছে।
8. সঠিক উত্তর- (b) দুইটি, shortcut দুটি মনে রেখো: Subject + transitive verb + ব্যক্তিবাচক object + বস্তুবাচক object। উল্লেখ্য, ব্যক্তিবাচক object-এর অপর নাম indirect object এবং বস্তুবাচক object এর অপর নাম direct object।
9. সঠিক উত্তর- (d) আটটি, be verb = am, is, are, was, were, be, been, being। উল্লেখ্য, do verb তিনটি = do, does, did অপরদিকে, have verb তিনটি = have, has, had।
10. সঠিক উত্তর- (c) Subject + transitive verb + adverb, কেননা transitive verb এর পর object হিসেবে noun/pronoun অথবা noun phrase বসে।

Adverb

একটি বাক্যে বাড়তি অর্থ প্রদানে adverb ব্যবহৃত হয়। এক্ষেত্রে মনে রাখা জরুরী, adverb ছাড়াও একটি sentence গঠিত হতে পারে তবে পরিপূর্ণ অর্থ দেয় না। বাক্যের স্বতঃস্ফূর্ত অর্থ প্রদানে adverb সহায়ক এবং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Adverb এর সংজ্ঞা:

যে Parts of speech বাক্যে বসে verb, adjective ও adverb কে বিশেষ ভাবে modify (বিশেষায়িত) করে তা-ই adverb।

For example:

She is a *completely* talented student. (সে সম্পূর্ণরূপে একজন মেধাবী ছাত্রী।)
He runs *very* fast. (সে খুব দ্রুত দৌঁড়ায়।)
He speaks *fluently*. (সে স্বতস্ফূর্ত ভাবে কথা বলে।)

উল্লেখ্য, উপরের ৩টি বাক্যে "completely, very, fluently" শব্দগুলি adverb, যারা ক্রমান্বয়ে talented (adjective), fast (adverb), speaks (verb) কে modify বা বিশেষায়িত করেছে।

অজানা কথা:

i. Adverb শব্দটির উৎপত্তি "Add + verb" অর্থাৎ, সাধারণত verb কে নিয়ে অতিরিক্ত তথ্য দেয়াই adverb-এর প্রাথমিক ও প্রধান কাজ।
ii. অনেক ক্ষেত্রে "adverb" phrase, clause এবং সম্পূর্ণ sentence-কে modify করে।

For example:

Meet me as soon as possible.=modifying "pharse"
Meet me after he goes. =modifying "clause"

Actually they are responsible for this.=modifying "sentence"
উল্লেখ্য, "basically, Actually, frankly, hopefully, regretfully, thankfully and strictly"-এ শব্দগুলো বাক্যের শুরুতে adverb হিসেবে বসে সম্পূর্ণ বাক্যকে modify করে।

অজানা কথা:
Adverb "phrase"-কে modify করলে তা "adverb phrase" এবং Adverb "clause"-কে modify করলে তা "adverb clause"।

Types of adverbs:

i. Adverb of manner - যা কাজের ধরনকে বোঝায়। verb কে "how" দিয়ে প্রশ্ন করে উত্তর পেলে তা "adverb of manner"।

For example:
They sang a song *loudly*. (তারা উচ্চস্বরে একটি গান গেয়েছিলো।)
Do the work *fast*. (কাজটি দ্রুত করো।)
"Ly" যুক্ত কিছু গুরুত্বপূর্ণ adverb of manner: carefully, boldly, excitedly, financially, horribly, mildly, poorly, quickly, willingly *etc.*

অজানা কথা:
i. "ly" থাকলেই adverb হয়না। যেমন: Noun + ly হলে adjective হয়।
যেমন: friendly, motherly, heavenly etc.
ii. Adjective+ly হলে adverb হয়। যেমন: perfectly, nicely, gorgeously etc.
iii. "ly" যুক্ত adverb না হয়েও বেশ কিছু শব্দ আছে যারা "adverb of manner" যেমন: fast, late, hard, well, straight

ii. Adverb of place - যা স্থানকে বোঝায়। verb-কে "where" দিয়ে প্রশ্ন করে উত্তর পেলে তা "adverb of place"।

For example:
He played football *in the playground*. (সে মাঠে ফুটবল খেলেছিলো।)
Let us *there*. (চলো সেখানে যাই।)
কিছু গুরুত্বপূর্ণ adverb of place:
here, everywhere, there, inside, underground, upstair *etc.*

iii. Adverb of time - যা সময়কে বোঝায়। verb কে "when" দিয়ে প্রশ্ন করে উত্তর পেলে তা "adverb of time

For example:
She cooks rice at *7 o'clock*. (সে ৭.০০ টায় ভাত রান্না করে।)
I will call you *later*. (আমি তোমাকে পরে কল দেব।)
কিছু গুরুত্বপূর্ণ adverb of time: today, yesterday, tomorrow, am, pm, year, month *etc.*

iv. Adverb of frequency/duration- কতবার ঘটে (how often) বোঝায়। verb-কে "how much" দিয়ে প্রশ্ন করে উত্তর পেলে তা "adverb of frequency/duration"।

I will *never* forgive you. (আমি কখনোই তোমাকে ক্ষমা করব না।)
I will *always* speak the truth. (আমি সর্বদা সত্য কথা বলব।)

কিছু গুরুত্বপূর্ণ adverb of frequency:
always, usually, never, normally, often, sometimes, rarely *etc.*

v. **Adverb of degree/ comparison-** কি পরিমাণ (how much) বোঝায়। verb-কে "how often" দিয়ে প্রশ্ন করে উত্তর পেলে তা "adverb degree"।

For example:
They are *very* happy. (তারা অনেক খুশি।)
She is *so* angry. (সে অতিশয় রাগান্বিত।)
They work *smarter*. (তারা বুদ্ধিদীপ্ততার সাথে কাজ করে।)

কিছু গুরুত্বপূর্ণ Adverb of degree:
very, so, slightly, quite, totally, fairly, absolutely, extremely, adj+er *etc.*

অজানা কথা:
Adverb-এর আরো একটি irregular প্রকার দেখা যায়, সেটা হল "conjunctive adverb"।

vi. **Adverb of purpose/reason-** যেগুলো দ্বারা কারণ প্রকাশ হয়।
I could not go to school *because I was ill.*
(আমি অসুস্থ থাকায় স্কুলে যেতে পারিনি)
I met you *to tell the matter.*
(আমি তোমার সঙ্গে সাক্ষাৎ করেছিলাম বিষয়টি বলতে)

কিছু গুরুত্বপূর্ণ adverb of purpose: because, so, to, for, so that, so..that, lest, in case *etc.*

কিছু গুরুত্বপূর্ণ conjunctive adverb: for example, for instance, however, also, anyway, finally, lately, in addition, in conclusion, certainly, besides, all in all, again, so, still, yet, then, otherwise, that is, meanwhile, next, accordingly, additionally, comparatively, consequently, conversely, equally, elsewhere, further, furthermore, indeed, likewise, moreover, namely, nevertheless, rather, regardless, therefore, thus, undoubtedly *etc.*

Order of adverbs

একটি বাক্যে অনেকগুলো adverb একসাথে বসলে যে order অনুযায়ী সাজাতে হয়:
Adverb of manner + adverb of place + adverb of frequency+ adverb of time + adverb of purpose.

সহজ করে-
"MPFTP" এইভাবে। অর্থাৎ, manner + place + frequency + time + purpose
তবে, এটি বেশি দেখা যায়: manner + place + time (MPT)
❖ এই order কোন ভাবে break/disorder করা যাবে না। যে adverb টি থাকবেনা সেটা বাদ দিয়ে পরের adverb টি বসবে।

For example:
Incorrect: My mother reads the holy Quran at the balcony softly in the morning.
Correct: My mother reads the holy Quran softly at the balcony in the morning.
(আমার মা সকালবেলায় বেলকুনিতে মৃদু কণ্ঠে কোরআন পড়ে)

বিশ্লেষণ: **MPT**

Manner = softly, **Place**= at the balcony, **Time**= in the morning

অজানা কথা:

মাঝে মাঝে উল্লেখিত adverb গুলোর বাহিরেও why, where এবং when শব্দগুলো adverb হিসেবে দেখা যায়। why, where এবং when শব্দগুলি Relative adverb নামে পরিচিত।

এই শব্দগুলো relative adverb হলে তার structure:

Subject + intransitive verb + why/where/when + sentence/clause.

For example:
He came from *where* I live.
She danced *when* I ordered.

Preposition যখন Adverb

অনেক সময় বাক্যের শেষে preposition বসলে adverb হয়। এক্ষেত্রে জেনে রাখা দরকার কোন preposition গুলো বাক্যের শেষে বসলে সর্বদায় preposition হয়, আর কোনগুলো বসলে adverb এবং preposition উভয় হতে পারে।

এগুলো সর্বদাই Preposition:

at, among, against, beside, despite, during, except, for, from, into, of ,regarding, towards, than, upon, with

ব্যবহারের উপর ভিত্তি করে এগুলো Adverb এবং Preposition উভয় হতে পারে:

about, around, above, across, after, along, between, beyond, before, behind, below, besides, in, inside, off, beneath, but, down, near, on, outside, past, round, since, to, through, up, under, within, without

For example:

i. Where are you from?=Preposition (তুমি কোথা থেকে এসেছো?)
   উল্লেখ্য "from" সর্বদায় preposition হবে, তা বাক্যের যেখানেই বসানো হোক না কেন।
ii. The bird is flying high above the tree.=Preposition (পাখিটি গাছের অনেক উপরে উড়ছে।)
   উল্লেখ্য above এরপর noun phrase "the tree" থাকায় above এখানে preposition।
iii. Look at the stars above.=adverb (উপরের তারার দিকে তাকাও।)
   এখানে above-এরপর কোন object নেই।
iv. There is something special about the upcoming event.=preposition
   (আসন্ন অনুষ্ঠান সম্পর্কে বিশেষ কিছু আছে)
   উল্লেখ্য, about এর অর্থ " সম্পর্কে " হলে তা preposition হয়।

v. It costs about 500 tk.=adverb (এটার দাম প্রায় ৫০০ টাকা।)
উল্লেখ্য about এর অর্থ "প্রায়" হলে তা adverb হয়।

দ্বন্দ্ব দূর করে নাও:

- enough শব্দটি adjective এবং adverb উভয়ই হতে পারে। Enough এটি একটি ব্যতিক্রমী adverb, যা adjective/adverb-এর পরে বসে।
  Structure:
  -----adjective/adverb+enough (adverb)
  -----enough(adjective)+noun/noun phrase
  For example:
  He is happy enough. He runs well enough.=adverb
  He has enough wealth. I have enough money.=adjective

- "Hard" থেকে adverb "hardly" এর উৎপত্তি নয়, অর্থগত পার্থক্য লক্ষ্য করো:
  Hard-কঠিন (adj/adv.), hardly-কদাচিৎ/হয় না এমনটি/ খুব কমই (adv)
  For example:
  This is really a hard question.=adjective
  They work hard.=adverb
  They hardly work.=adverb (তারা খুব কমই কাজ করে।)

- "Late" এবং "Lately" এর অর্থগত এবং parts of speech-এর পার্থক্য আছে, লক্ষ করো:
  Late- বিলম্বিত (adj), Late- বিলম্বে (adverb), Lately- ইদানীং/ সম্প্রতি (adv)
  For example:
  He is a late comer.=adjective
  He came here late.=adverb
  He has lately completed the work.=adverb (সে সম্প্রতি কাজটি শেষ করেছে।)

Position of Adverb

একটি বাক্যে সাধারণত ৩ জায়গায় adverb বসে:

i. Adverb + subject = Recently I have met you.
ii. Auxiliary verb + adverb + main verb = She is always peeping (উঁকি মারা) us.
iii. Subject+verb+----adverb = Mita reads her lesson attentively.

অজানা কথা:

i. একের অধিক auxiliary verb থাকলে, adverb এর অবস্থান হয় প্রথম auxiliary verb-এরপর।
ii. কোন বাক্যে Be verb "main verb" হলে adverb এর অবস্থান হয় be verb-এরপরে।
iii. Be verb যখন বাক্যে "জোর" প্রকাশার্থে ব্যবহার হয় তখন adverb এর অবস্থান হয় subject এবং main verb-এর পূর্বে।
iv. প্রশ্নবোধক বাক্যে adverb এর অবস্থান হয় subject এবং main verb এর মাঝে।

For example:

i. It has completely been finished by your efforts.(আপনার প্রচেষ্টায় এটি সম্পূর্ণভাবে শেষ হয়েছে।)
ii. She is always worried about me. (সে সর্বদা আমাকে নিয়ে চিন্তিত।)
iii. I never am desperate to hear the real news. (আসল খবর শুনতে আমি কখনোই ব্যাকুল নই।)
iv. Does he always think of you? (সে কি সর্বদায় তোমাকে নিয়ে ভাবে।)

Practice
MCQ মাধ্যম

1. Adverb নিচের কোনটিকে কখনই modify করে না?
   (a) Noun (b) Adjective (c) Verb (d) Adverb
2. "Fast" শব্দটি কোন parts of speech?
   (a) Noun (b) Adverb (c) Adjective (d) Both b & c
3. "Adverb of manner" নিচের কোনটি?
   (a) Friendly (b) Heavenly (c) Nicely (d) Homely
4. "Fatherly" শব্দটি কোন parts of speech?
   (a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
5. নিচের কোন বাক্যটি সঠিক?
   (a) He reads the holy Quran in the room at 6 O'clock nicely.
   (b) He reads the holy Quran at 6 O'clock in the room nicely.
   (c) He reads the holy Quran nicely in the room at 6 O'clock.
   (d) He reads the holy Quran nice in the room at 6 O'clock.
6. বাক্যে "Adverb" বের করতে নিচের কোনটি দ্বারা প্রশ্ন করতে হয়?
   (a) When (b) Where (c) How (d) সবগুলো
7. Rita reads her lesson -----.
   (a) nice (b) friendly (c) well (d) fastly
8. Suddenly one of the wheels came off. Here the word "off" is-
   (a) Adjective (b) Adverb (c) Preposition (d) Pronoun
9. Have you ever been to abroad?-এই বাক্যে "ever" কি?
   (a) Noun (b) Adjective (c) Adverb (d) Conjunction
10. "One"-এর adverb কোনটি?
    (a) One time (b) One and one (c) Only (d) Once

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (a) Noun, adverb-এর তিনটি shortcut দেখে নাও: i. Adverb + verb; ii. Adverb + adjective; iii. Adverb + adverb। অর্থাৎ, Adverb-এর সাথে noun এর কোনো সম্পর্ক নেই।
2. সঠিক উত্তর- (d) Both b & c, বাক্যে ব্যবহারের উপর ভিত্তি করে "Fast" adjective বা adverb উভয়ই হতে পারে। যেমন: He walks fast. (adverb); He needs a fast aid box. (adjective)
3. সঠিক উত্তর- (c) Nicely, adjective এর সাথে "ly" যুক্ত adverb কে adverb of manner (ধরনমূলক) বলা হয়।
4. সঠিক উত্তর- (c) Adjective, মনে রেখো, "noun + ly" যুক্ত শব্দকে দেখতে adverb মনে হলেও তা মুলত adjective।
5. সঠিক উত্তর- (c) He reads the holy Quran nicely in the room at 6 O'clock., একইসাথে তিনটি adverb বসলে প্রথমে বসবে (manner বা ly যুক্ত adverb), তারপর স্থান (place) এবং সবশেষে সময় (time) মূলক adverb। সেইদিক থেকে লক্ষ্য করলে শুধুমাত্র "(c)" নাম্বারে সঠিকভাবে সাজানো আছে।
6. সঠিক উত্তর- (d) সবগুলো, When = সময়মূলক adverb; Where = স্থানমূলক adverb; How = ধরনমূলক adverb।
7. সঠিক উত্তর- (c) well, "Subject + verb + object" এর পর বাক্যে আর যদি কিছু বসতে চায়, তবে তা adverb। আর option গুলোতে "well" ছাড়া বাকি কোনোগুলোই adverb নয়।
8. সঠিক উত্তর- (b) Adverb, preposition দিয়ে বাক্য শেষ হলে উক্ত preposition টি সাধারণত সময় বা স্থানকে ইঙ্গিত করায় তা adverb হয়ে যায়।
9. সঠিক উত্তর- (c) Adverb, ever শব্দটি সর্বদাই বাক্যে adverb হিসেবে Present indefinite/Present perfect tense-এ বসে। উল্লেখ্য, "ever"-এর negative adverb (never)।
10. সঠিক উত্তর- (d) Once, মনে রাখতে হবে "One" এর adverb "Once-একদা/একবার" তেমনিভাবে, Two = Twice, Three = Thrice etc.

Preposition

Preposition একটি sentence বা বাক্যের অলংকার। অলংকার যেমন একজন মানুষের সৌন্দর্য বাড়িয়ে দেয়। তেমনিভাবে বাক্যে preposition ব্যবহারের মাধ্যমে বাক্যেও অর্থগত সৌন্দর্য বেড়ে যায়।

Preposition Dictionary

সকল Preposition এক সাথে:

A	Aboard, About, Above, Absent, Across, After, Against, Along, Alongside, Amid, Among, Amongst, Anti, Around, As, At	**O**	Of, Off, On, Out, Onto, Outside, Opposite, Over
B	Before, Behind, Below Beneath, Beside, Besides, Between, Beyond, But, By	**P**	Past, Per, Plus, Providing
C	Concerning, Considering		
D	Despite, Down, During	**R**	Round, Regarding
E	Except, Excepting, Excluding	**S**	Since, Save
F	For, From, Far, Forward, Failing, Following	**T**	To, Towards, Towards, Through, Than
G	Given	**U**	Up, Upon, Under, Underneath, Unlike, Until
I	In, Into, Inside	**V**	Versus, Via
M	Minus	**W**	With, Within, Without, Worth
N	Near		

যে Preposition-গুলো সবচেয়ে বেশি ব্যবহৃত হয় বা চোখে পড়ে:

above, about, across, against, along, among, around, at, before, behind, below, beneath, beside, between, beyond, by, down, during, except, for, from, in, inside, into, like, near, of, off, on, since, to, toward, through, under, until, up, upon, with, within etc.

এই preposition-গুলো ব্যতীত box-এর অন্য preposition-গুলোর অর্থ একটু ব্যতিক্রম এবং বাক্যে এদের ব্যবহারও ব্যতিক্রম।

Preposition-এর মূল আলোচনা শুরু করার পূর্বে preposition সম্পর্কে নিচের শর্ত (condition) গুলো জেনে নাও:

শর্ত-০১: প্রতিটি Preposition-এর অর্থ আছে। সেই অর্থানুসারে Preposition সাধারণত ২ টি শব্দের মধ্যে সম্পর্ক স্থাপন করে।

শর্ত-০২: Preposition মূলত এক ধরনের connective word হিসেবে কাজ করে। দু'টি শব্দের মধ্যে সম্পর্ক সৃষ্টি করাই preposition এর মূল লক্ষ্য।

শর্ত-০৩: Preposition-এর পরে অবশ্যই noun/pronoun বা noun/pronoun-এর মত কাজ করে এমন কোনো শব্দ (word) বসে। অর্থাৎ, preposition এর object থাকে।

শর্ত-০৪: Preposition-এর পরে verb/ adjective/ adverb/ conjunction/ interjection বসে না।

শর্ত-০৫: Preposition-এর ব্যবহার সঠিকভাবে শিখতে হলে ইংরেজি পড়ার সময় যত্নসহকারে (carefully) পড়তে হবে। পরবর্তীতে বলা বা লেখার সময় ঐ শব্দের পরে ঐ নির্দিষ্ট Preposition এর প্রয়োগ করতে হবে।

শর্ত-০৬: নির্দিষ্ট শব্দের পরে যে নির্দিষ্ট Preposition বসে তাকে appropriate preposition বলে। এই Preposition-গুলো কিছুটা চর্চা (practice) করে মনে রাখতে হবে।

উল্লেখ্য, উপরের শর্তসমূহের মধ্যে যে কথাটা সবচেয়ে গুরুত্বপূর্ণ তা হলো:

Preposition-এর পরে অবশ্যই একটি object থাকবে। অর্থাৎ, Preposition + noun/ pronoun/ noun phrase/gerund বসবে।

For example:

You should not depend <u>on</u> them.

Our country largely depends <u>on</u> agricultural system.

Types of Prepositions

Preposition মূলত ৪ প্রকার:

i. Simple preposition
ii. Double preposition
iii. Compound preposition
iv. Participle preposition

❑ Simple preposition: একটি word-ই একটি preposition।

For example:

at, of, on, for, out, to, via, among, between, by, in, since, under *etc.*

❑ Double preposition: দুই বা দুইয়ের অধিক word মিলে একটি preposition।

Structure: preposition+preposition

For example:

into, within, upto, upon, onto, throughout, inside, without, out of, from behind, outside of, from above, up to, next to *etc.*

❑ **Compound preposition:** Preposition নয় এমন word এর সাথে preposition এর সংমিশ্রণে গঠিত হয় Compound preposition

i. Two-word compound prepositions:

Structure: key word+ preposition as modifier

For example:

according to, along with, apart from, because of, contrary to, due to, except for, instead of, prior to, regardless of *etc.*

ii. Three-word compound prepositions:

Structure: preposition+key word+ preposition as modifier

For example:

on behalf of, in front of, in aid of, in accordance with, in line with, in line with, by means of, in relation to, with reference to, with respect to *etc.*

অজানা কথা:

Compound preposition এর অপর নাম complex preposition বা Phrase preposition।

❑ **Participle preposition:** যে preposition-গুলোর শেষে "ing/en/ed" থাকে।

Structure: key word+ing/end

For example:

considering, during, given, notwithstanding, provided, regarding, respected, owing *etc.*

অজানা কথা:

Preposition এর আরেকটি irregular type "Disguised preposition"। মূলত এই preposition গুলো disguised বা ছদ্মবেশে অবস্থান করে।

যেমন:

He went **a** hunting. = এখানে a এর পরিবর্তে **on** বসানো যেতে পারে।


He went **a** begging. = এখানে a এর পরিবর্তে **on** বসানো যেতে পারে।

He earned 100 tk. **a** day. = এখানে a এর পরিবর্তে **on** বসানো যেতে পারে।

She woke up at 7**o**'clock. = এখানে o'clock অর্থ-7 **of** clock।

Prepositions in Pictures

সবচেয়ে বেশি ব্যবহৃত কিছু preposition, যেগুলো অনেকের মধ্যে দ্বন্দ্ব তৈরি করে। নিচের ছবিগুলো থেকে স্পষ্ট পার্থক্য বুঝে নাও।




On = কোন কিছুর উপরে লেগে আছে এমন ক্ষেত্রে
The cat is standing **on** the box.
বিড়ালটি বাক্সের উপরে দাঁড়িয়ে আছে।




Above = কোন কিছুর উপরে একটু ফাঁকা রয়েছে এমন ক্ষেত্রে
The cat is jumping **above** the box.
বিড়ালটি বাক্সের উপর দিয়ে লাফ দিচ্ছে।




Over = উপর দিয়ে গতিশীল অবস্থা বোঝাতে
The cat jumped **over** the box and sat by the window.
বিড়ালটি বাক্সের উপর দিয়ে লাফিয়ে জানালার পাশে গিয়ে বসেছিল।



Near = দূরত্বের দিক দিয়ে খুব কাছে
The cat is sitting **near** the box waiting for food.
বিড়ালটি খাবারের প্রত্যাশায় বাক্সটির পাশে বসে আছে।




Beside = একেবারে পাশে বুঝাতে
The cat is sitting still **beside** the box.
বিড়ালটি বাক্সের পাশেই স্থির হয়ে বসে আছে।




Behind= পেছনে
The cat is peeking out **behind** the box.
বিড়ালটি বাক্সের পিছন থেকে উঁকি দিচ্ছে।



Under= নিচে/ নিম্ন অর্থে
The cat has been pressed **under** the box.
বিড়ালটি বাক্সের নিচে চাপা পড়েছে।




In front of= সম্মুখে/একেবারে সামনে অর্থে
The cat is sitting **in front of** the box and thinking something.
বিড়ালটি বাক্সের সামনে বসে কিছু ভাবছে।



In= ভেতরে অর্থে
The cat is now **in** the box.
বিড়ালটি এখন বাক্সের ভেতর।




Into = ভেতরের দিকে গতিশীল অর্থে
The cat is trying to get **into** the box.
বিড়ালটি বাক্সের ভেতরে যাওয়ার চেষ্টা করছে।



Through= এক পাশ হতে অন্য পাশ
The cat is slowly reaching **through** the box.
বিড়ালটি ধীরে ধীরে বাক্সের মধ্য দিয়ে পৌছাচ্ছে।



Along= কোন কিছু বরাবর/সোজা
The cat is lying **along** the boxes.
বিড়ালটি বাক্সগুলো বরাবর শুয়ে আছে।




Up= উপরের দিকে
The cat is climbing **up** the box.
বিড়ালটি বাক্সের উপরের দিকে উঠছে।


Down= উঁচু থেকে নিচের দিকে
Is the cat going **down** this time?
বিড়ালটি কি এবার নিচের দিকে নামছে?




Away from= কিছু থেকে দূরে থাকা
The cat in fear is running **away from** the box.
বিড়ালটি ভয়ে বাক্স থেকে দৌড়ে পালাচ্ছে।



Around= চারপাশে ঘোরা
The cat is revolving **around** the box.
বিড়ালটি বাক্সের চারপাশে ঘুরছে।



Past= কোন কিছুর পাশ দিয়ে কোন কিছু অতিক্রম করার ক্ষেত্রে
The cat came towards us past the box.
বিড়ালটি বাক্সের পাশ দিয়ে আমাদের দিকে আসলো।



Between= দুইয়ের মাঝে
The cat is sitting between the two boxes.
বিড়ালটি দুইটি বাক্সের মাঝে বসে আছে।

Preposition-এর সাথে বাংলা বিভক্তির সম্পর্ক

অনেক নিয়ম জানলেও মাঝে মাঝে সঠিক preposition বসানো সম্ভব হয় না। এক্ষেত্রে বাংলা বিভক্তির সাথে preposition-এর সম্পর্ক নিরূপণ করতে পারলে, অনেক ক্ষেত্রে সঠিক preposition বসানো সম্ভব হয়।

বাংলা নমুনা ০১:

এটা শুধু আমাকে দেওয়া হয়েছিল। (এখানে "কে" বিভক্তি লক্ষণীয়)
= It was just given to me.
পরিচালকের পক্ষ থেকে আপনাকে ফুলগুলো দেওয়া হয়েছিল। (এখানেও "কে" বিভক্তি লক্ষণীয়)
= On behalf of the director, the flowers were given to you.
এবার মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "কে" বা "রে " এমন বিভক্তি থাকে সেখানে preposition "to" ব্যবহার করতে হয়।

অজানা কথা:

i. বাংলায় "কে/রে"- কে ২য়া বিভক্তি বলা হয়।
ii. এখন সাধারণত বাংলা বাক্যে "রে" বিভক্তি কম দেখা যায়।

বাংলা নমুনা ০২:

সে লাঠি দ্বারা/ দিয়ে সাপটি মারলো/আঘাত করলো (এখানে "দ্বারা/ দিয়ে" বিভক্তি লক্ষণীয়)

= He hit the snake with a stick.
আমি তোমার **দ্বারা** প্রতারিত হয়েছি (এখানে "দ্বারা" বিভক্তি লক্ষণীয়)
= I have been deceived by you.
মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "দ্বারা" বা "দিয়ে" অর্থ দেবে সেখানে preposition "with/by" ব্যবহার করতে হয়। সাধারণত appropriate preposition ছাড়া "by+ person, with + thing" বসে।

অজানা কথা:
বাংলায় "দ্বারা/ দিয়ে"-কে ৩য়া বিভক্তি বলা হয়।

বাংলা নমুনা ০৩:

আমার **জন্য** অপেক্ষা করো না। (এখানে "জন্য" বিভক্তি লক্ষণীয়)
= Don't wait for me.
সবার **জন্য** অনুমতি প্রয়োজন নেই। (এখানে "জন্য" বিভক্তি লক্ষণীয়)
= Permission is not required for everyone.
মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "জন্য" অর্থ দেবে, সেখানে preposition "for" বসে।

অজানা কথা:
বাংলায় "জন্য"-কে ৪র্থী বিভক্তি বলা হয়।

বাংলা নমুনা ০৪:

আমি তোমার কাছ **থেকে/ হতে** এটা প্রত্যাশা করিনি। (এখানে "থেকে/ হতে" বিভক্তি লক্ষণীয়)
= I did not expect it from you.
আমি তোমার **চেয়ে** দুই বছরের বড়। (এখানে "চেয়ে" বিভক্তি লক্ষণীয়)
= I am two years older than you.
মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "থেকে/ হতে/চেয়ে " এমন অর্থ দেয়, সেখানে preposition "থেকে/ হতে-from" এবং "চেয়ে -than" এই দুটি preposition বসে।

অজানা কথা:
বাংলায় " হতে, থেকে, চেয়ে"-কে ৫মী বিভক্তি বলা হয়।

বাংলা নমুনা ০৫:

বইটির দাম অনেক বেশি। (এখানে বইটির-"র/এর" বিভক্তি লক্ষণীয়)
= The price of the book is much higher.
রাস্তার দুই ধারের মানুষজন আপন কাজে ব্যস্ত। (এখানে ধারের -"র/এর" বিভক্তি লক্ষণীয়)
= People on both sides of the road are busy with their work.
মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "র/এর" অর্থ দেবে সেখানে preposition "of" ব্যবহার করতে হয়।

অজানা কথা:
বাংলায় "র/এর"-কে ৬ষ্ঠী বিভক্তি বলা হয়।

বাংলা নমুনা ০৬:

তারা হতাশায় দিনযাপন করছে। (এখানে হতাশায়-"য়" বিভক্তি লক্ষণীয়)

= They are living in despair.
সে এখন বাংলাদেশে (এ) থাকে। (এখানে বাংলাদেশে-"এ" বিভক্তি লক্ষণীয়)
= Now he lives in Bangladesh.
সে রসুলপুরে (এ) বসবাস করে। (এখানে রসুলপুরে-"এ" বিভক্তি লক্ষণীয়)
= He lives at Rasulpur.
নিছক স্বপ্নতে হারিয়ে যেও না। (এখানে স্বপ্নতে-"তে" বিভক্তি লক্ষণীয়)
= Don't get lost in mere dream.
মনে রাখতে হবে, যেসব বাংলা বাক্যে "এ, য়, তে" বিভক্তি লক্ষণীয় হয়, সেখানে preposition "in, at" বসে।

অজানা কথা:

i. বাংলায় "য়/এ/তে" এগুলোকে ৭মী বিভক্তি বলা হয়।
ii. কিছু ব্যতিক্রম ছাড়া ছোট স্থানের পূর্বে "at" বসে এবং বড় স্থানের পূর্বে সাধারণত"in" বসে।

বাক্যে Preposition-এর ব্যবহার

At-এর ব্যবহার		
i.	ছোট স্থান বোঝাতে	Now he is *at* home. = সে এখন বাড়িতে।
ii.	ঘড়ির সময় বোঝাতে	It is now *at* 7 o'clock. = এখন ৭.০০ টা বাজে।
	273.	Pretend to (ভান করা)	He pretends to be a wise man. = সে জ্ঞানী মানুষ হওয়ার ভান করে।
	274.	Preside over (সভাপতিত্ব করা)	The GM presided over the meeting. = মহাব্যবস্থাপক সভার সভাপতিত্ব করেছিলেন।
	275.	Prevent from (বাধা দেওয়া)	We all prevented the man from doing unwise thing. = আমরা সবাই লোকটিকে অন্যায় কাজ থেকে বাধা দিয়েছিলাম।
	276.	Pride in (গর্ব অনুভব করা)	Do not take pride in wealth. = সম্পদ নিয়ে গর্ব করোনা।
	277.	Prohibit from (বিরত রাখা)	I prohibited my son from playing chess. = আমি আমার সন্তানকে তাস খেলতে নিষেধ করেছিলাম।
	278.	Promote to (পদোন্নতি করা)	Mr. Mridha, a new employee, has been promoted to a new post. = মি. মৃধা, একজন নতুন কর্মচারী, একটি নতুন পদে পদোন্নতি পেয়েছেন।
	279.	Provide with (যোগান দেওয়া)	My brother provides me with money. = আমার ভাই আমাকে টাকার যোগান দিয়ে থাকে।
	280.	Proud of (গর্বিত)	I am proud of your brilliant result. = আমি তোমার দীপ্ত ফলাফলে গর্বিত।
	281.	Proportionate to (আনুপাতিক)	Invest money proportionate to income. = আয় অনুপাতে বিনিয়োগ করো।
Q	282.	Qualified for (যোগ্য প্রতিপন্ন হওয়া)	You are qualified for the post. = তুমি পদটির জন্য যোগ্য।
	283.	Quarrel with (ঝগড়া করা)	She is quarreling with her neighbours. = সে তার প্রতিবেশীদের সাথে ঝগড়া করছে।

Appropriate preposition			Sentence with Bangla meaning
Q	284.	Quarrel over (কোনো বিষয়ে ঝগড়া করা)	Please avoid quarreling over this matter. = দয়াকরে এই বিষয়ে ঝগড়া পরিহার কর।
	285.	Quick at (চটপটে)	A waiter must be quick at moving. = একজন ওয়েটারের চলাফেরায় চটপটে স্বভাবের হওয়া উচিত।
R	286.	Recover from (সুস্থ হওয়া)	The patient has recovered from dangue fever. = রোগীটি ডেঙ্গু জ্বর থেকে সুস্থ হয়েছে।
	287.	Refer to (সিদ্ধান্তের জন্য প্রেরণ করা)	The issue was referred to the secretary. = বিষয়টি সচীব বরাবর প্রেরণ করা হয়েছে।
	288.	Rely on (নির্ভর করা)	Please rely on me. = দয়া করে আমার উপর নির্ভরশীল হও।
	289.	Remind of (স্মরণ করিয়ে দেওয়া)	They reminded me of my given request. = তারা আমাকে আমার দেওয়া অনুরোধ স্মরণ করে দিয়েছিল।
	290.	Replace by/with (বদলে নেওয়া)	The popularity of football is replaced by/with the popularity of cricket. = ফুটবলের জনপ্রিয়তা ক্রিকেটের জনপ্রিয়তায় বদলে গেছে।
	291.	Revenge on/upon (প্রতিশোধ গ্রহণ করা)	He has revenged on/upon the villain for the murder. = খুনের জন্য সে প্রতিশোধ নিয়েছিল।
	292.	Rule over (শাসন করা)	Now the monarch is rulling over the country to the point (যথাযথ). = এখন রাজা/দেশ প্রধান সম্পূর্ণ দেশ যথার্থভাবেই শাসন করছে।
	293.	Relevant to (প্রাসঙ্গিক)	Your words are not relevant to our proposal. = তোমার কথাগুলো আমাদের প্রস্তাবের সাথে প্রাসঙ্গিক নয়।
	294.	Refrain from (বিরত রাখা বা থাকা)	Refrain yourself from taking drugs. = মাদকাসক্তি থেকে নিজেকে দূরে রাখো।
	295.	Respond to (উত্তর দেওয়া)	Respond to my call when I recall. = আমার আহ্বানে সাঁড়া দাও যখন আমি ডাকবো।
	296.	Result in (ফলস্বরূপ)	His misbehaviour results in his lossing popularity. = তার খারাপ আচরণের ফল তার জনপ্রিয়তা হারানো।
	297.	Retire from (অবসর গ্রহণ করা)	My father has retired from the job. = আমার বাবা চাকুরি থেকে অবসর নিয়েছে।
	298.	Respect for (শ্রদ্ধা)	I think you have no respect for me. = আমার ধারণা আমার প্রতি তোমার কোনো শ্রদ্ধা নেই।
	299.	Rob of (চুরি করা/লুট করা)	The thief robbed me of all. = চোরটি আমার সব লুট করেছিল।
	300.	Rid of (মুক্তি দেওয়া)	He has got rid of all problems. = সে সকল সমস্যা থেকে মুক্ত হয়েছে।

	Appropriate preposition		Sentence with Bangla meaning
R	301.	Regret for (দুঃখ করা)	We all regret for your demotion. = আমরা সবাই তোমার পদাবনতির জন্য দুঃখ করি।
	302.	Remedy for (প্রতিকার)	There is no remedy for cancer diseases. = ক্যান্সার রোগের কোনো প্রতিকার নেই।
S	303.	Sad at (দুঃখিত)	I am very sad at your bad performance. = আমি তোমার মন্দ কর্মক্ষমতায় খুব দুঃখিত।
	304.	Satisfied with (সন্তুষ্ট)	The higher authority was greatly satisfied with my presentation. = উর্দ্ধতন কর্মকর্তা আমার উপস্থাপনায় যথেষ্ট খুশি হয়েছিল।
	305.	Sanguine of (আশাবাদী)	I am sanguine of your betterment. = আমি তোমার উন্নয়নের ব্যাপারে আশাবাদী।
	306.	Search for (সন্ধান করা)	The spy searched here and there for arms. = গুপ্তচরটি অস্ত্রের জন্য এখানে-সেখানে সন্ধান করেছিল।
	307.	Shocked at (মানসিক আঘাতপ্রাপ্ত)	Runa has been shocked at hearing the bad news. = রুনা খারাপ খবরটি শুনে মানসিকভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে।
	308.	Short of (অপর্যাপ্ত/ঘাটতি)	You cannot implement this project having short of money. = অর্থ স্বল্পতার কারণে আপনি এই প্রকল্পটি বাস্তবায়ন করতে পারবেন না।
	309.	Similar to (সদৃশ/একই রকম)	My latest phone is similar to his phone. = আমার অত্যাধুনিক ফোনটি তার ফোনের সদৃশ।
	310.	Sick of (ক্লান্ত)	She is sick of doing this unnecessary work. = সে অপ্রয়োজনীয় কাজে ক্লান্ত।
	311.	Smile on/upon (অনুগ্রহ করা)	Remember, fortune smiles on/upon the brave. = মনে রেখো ভাগ্য সাহসীদের ক্ষেত্রে সুপ্রশন্ন হয়/অনুগ্রহ করে।
	312.	Stare at (এক নজরে তাকানো)	She stares at the strangers. = সে এক নজরে আগুন্তুকের দিকে তাকায়।
	313.	Stick to (দৃঢ়ভাবে লেগে থাকা)	You have to stick to this system. = তোমাকে দৃঢ়ভাবে এই পদ্ধতির সাথে লেগে থাকতে হবে।
	314.	Subject to (সাপেক্ষে)	It has been changed to new method subject to another new mechanism. = আরেকটি নতুন পদ্ধতি সাপেক্ষে এটা নতুন পদ্ধতিতে পরিবর্তিত হয়েছে।
	315.	Suit to (যোগ্য হওয়া)	A professional man is suited to this purpose. = একজন দক্ষ মানুষই এই প্রস্তাবটির যোগ্য।

Appropriate preposition			Sentence with Bangla meaning
S	316.	Suitable for (উপযোগী)	You are not suitable for this present post. = বর্তমান এই পদটির জন্য তুমি উপযোগী নও।
	317.	Support of (অবলম্বন)	The old man became proud of getting the support of his only one son. = বৃদ্ধ মানুষটি তার একমাত্র সন্তানকে অবলম্বন হিসেবে পেয়ে গর্বিত হয়েছিল।
	318.	Sure of (নিশ্চিত)	I am sure of your upcoming result. = আমি তোমার আসন্ন ফলাফলের বিষয়ে নিশ্চিত।
	319.	Surprised at (বিস্মিত)	The headmaster was surprised at the little girl's handwriting. = প্রধান শিক্ষক ছোট মেয়েটির হাতের লেখায় বিস্মিত হয়েছিলেন।
	320.	Succeed in (সাফল্য লাভ করা)	You can succeed in your life by hard work. = তুমি তোমার কঠোর পরিশ্রমের মধ্যে দিয়ে জীবনে সফলতা লাভ করতে পারো।
	321.	Suffer from (কষ্ট পাওয়া)	She is suffering from fatal disease. = সে মারাত্মক রোগে ভুগছে।
	322.	Suspicious of (সন্দেহজনক)	I am suspicious of your activities. = আমি তোমার কর্মকাণ্ড নিয়ে সন্দিহান।
	323.	Sympathy for (সহানুভূতি)	He has no sympathy for the lame man. = ল্যাংড়া মানুষটির জন্য তার কোনো সহানুভূতি নেই।
T	324.	Taste for (রুচি)	I have a great teste for modern music. = আধুনিক গানের প্রতি আমার বেশ রুচি।
	325.	Take after (সদৃশ হওয়া)	She takes after her mother. = সে তার মায়ের মত দেখতে।
	326.	Talk about (কোনো বিষয়ে কথা বলা)	I am talking about recent issue. = আমি সাম্প্রতিক বিষয় নিয়ে কথা বলছি।
	327.	Talk with/to (কথা বলা)	Sabrina is talking to/with me. = সাবরিনা আমার সাথে কথা বলছে।
	328.	Think of/about (চিন্তা করা-ব্যক্তির ক্ষেত্রে)	Avoid thinking of/about the past history. = অতীত ইতিহাস নিয়ে চিন্তা বর্জন করো।
	329.	Think over (বিবেচনা করা-বস্তুর ক্ষেত্রে)	Please think over my economic condition. = দয়া করে আমার অর্থনৈতিক অবস্থা বিবেচনা করুন।
	330.	Thankful to (কৃতজ্ঞ)	I am really thankful to your help. = আমি সত্যিই আপনার সাহায্য পেয়ে কৃতজ্ঞ।
	331.	Thirst for (আকাঙ্ক্ষা)	A wise man has the thirst for knowledge. = একজন জ্ঞানী মানুষের জ্ঞানের জন্য আকাঙ্খা থাকে।

	Appropriate preposition		Sentence with Bangla meaning
T	332.	Tie to (বাঁধা)	She tied the horse to a small tree. = সে ঘোড়াটিকে একটি ছোট গাছের সাথে বেঁধেছিল।
	333.	Tired of (ক্লান্ত/বিরক্ত)	I am tired of doing my official work. = আমি আমার অফিসের কাজ নিয়ে ক্লান্ত।
	334.	True to (বিশ্বস্ত)	He is really true to me. = সে আমার কাছে সত্যিই বিশ্বস্ত।
	335.	Tolerant of (সহনশীল)	They are tolerant of the opposition party. = সে বিরোধী দলের ক্ষেত্রে সহনশীল।
U	336.	Unite with (ঐক্যবদ্ধ হওয়া)	To be winner, be united with your team members. = বিজয় পেতে দলের সদস্যদের সাথে ঐক্যবদ্ধ হও।
	337.	Useful to, for (উপকারী)	This system is very useful to me for my next success. = এই পদ্ধতিটি খুবই উপকারী আমার পরবর্তী সফলতার জন্য।
	338.	Use of (প্রয়োজনীয়)	In today's era (যুগ/সময়) there is a little use of chalk-duster. = আজকের যুগে চক-ডাস্টারের ব্যবহার খুবই কম।
V	339.	Vary from (ভিন্নরূপ হওয়া)	Economic condition may vary from country to country. = অর্থনৈতিক অবস্থা দেশে ভেদে ভিন্নরূপ হয়।
	340.	Verge on (নিকটে)	Now you are verge on your prosperity. = এখন তুমি তোমার উন্নয়নের নিকটে।
	341.	Veiled in (আবৃত)	The real incident was totally veiled in fake news. = আসল ঘটনা সম্পূর্ণরূপে মিথ্যা খবরে আবৃত হয়েছিল।
	342.	Vexed with, at (বিরক্ত)	The teacher was vexed at the behavior of the student. = শিক্ষক ছাত্রটির আচরণে বিরক্ত হয়েছিল। **Note:** ব্যক্তির ক্ষেত্রে vexed + with, বস্তুর/বিষয় এর ক্ষেত্রে vexed + at
	343.	Versed in (দক্ষ)	Mr. Harun is well versed in math term. = মিস্টার হারুন গণিতে খুব দক্ষ।
	344.	Victim of (শিকার)	Neela is a victim of new problem. = নীলা নতুন সমস্যার শিকার।
	345.	Void of (বর্জিত বা শূন্য)	The man is void of ABC knowledge of English. = লোকটি ইংরেজির প্রাথমিক জ্ঞান বর্জিত।
W	346.	Warn of/against (সতর্ক করা)	You should warn all flood affected people of the forthcoming disaster. / Everybody has to be warned against all dangers. = আসন্ন দুর্যোগ সম্বন্ধে তোমার/তোমাদের সকল বন্যাক্রান্ত মানুষদের সতর্ক করা উচিত।

Appropriate preposition			Sentence with Bangla meaning
W	347.	Waste of (অপচয়)	Once people believed that to educate woman is the wastage of money. = একসময় মানুষজন বিশ্বাস করত মেয়েদের শিক্ষা দেওয়া টাকা অপচয়ের শামিল।
	348.	Wait for (অপেক্ষা করা)	We waited for our schedule train. = আমরা সবাই আমাদের নির্ধারিত ট্রেনের জন্য অপেক্ষা করেছিলাম।
	349.	Warrant for (পরোয়ানা)	A warrant has been affirmed for his arrest. = তার গ্রেপ্তারের জন্য পরোয়ানা জারি হয়েছে।
	350.	Want of (অভাব)	The beggar is in want of cloth. = ভিক্ষুকটি কাপড়ের অভাবে আছে।
	351.	Watch over (নজর রাখা)	Watch over the situation carefully. = পরিস্থিতিকে সাবধানতার সাথে নজরে রাখো।
	352.	Weak in (কাঁচা)	He is weak in English. = সে ইংরেজিতে কাঁচা।
	353.	Weary of (ক্লান্ত)	He is weary of day long work. = সে সারাদিন কাজ করে ক্লান্ত।
	354.	Wish for (ইচ্ছা করা)	I wish for your better life. = আমি তোমার সুন্দর জীবনের প্রত্যাশা করি।
	355.	Worthy of (যোগ্য)	His success is worthy of appreciation. = তার সফলতা প্রশংসার যোগ্য।
	356.	Wonder at (অবাক হওয়া)	We wondered at the little boy's English pronunciation. = ছোট বালকটির ইংরেজি উচ্চারণে আমরা অবাক হয়েছিলাম।
Y	357.	Yearn to (আকাঙ্ক্ষা করা)	Finally our boss yearned to give promotion to all. = অবশেষে, আমাদের বস্ সবাইকে পদোন্নতি দেওয়ার আকাঙ্ক্ষা করেছিলেন।
	358.	Yield to (বশ্যতা/নতি স্বীকার)	The naughty boy yielded to the guardian's force. = দুষ্টু বালকটি অভিভাবকের চাপে নতি স্বীকার করেছিল।
Z	359.	Zeal for (উৎসাহ)	The little girl has a great zeal for English learning. = ছোট মেয়েটির ইংরেজি শেখার প্রতি খুব উৎসাহ আছে।
	360.	Zest for (অনুরাগ)	You should have a zest for social welfare. = তোমার সামাজিক উন্নয়নের প্রতি অনুরাগ থাকা উচিত।

Practice:Level-01
আলোচনার আলোকে

Fill in the gap with appropriate preposition:

a) She is always absorbed --- poetic thoughts.
b) Internet websites should be adapted --- all viewers.
c) She is adept --- freehand writing.
d) I aimed --- a wild animal.
e) She remains aloof --- her step sister.
f) The candidate applied --- the GM for incentive.
g) Do not argue --- me.
h) Attend --- your lesson.
i) This one is akin --- another one.
j) The dog is barking --- the stranger.
k) We should not blame --- the whole market.
l) Bangladesh is blessed --- natural resources.
m) I called you --- his mobile number.
n) Sabiha competed ---Sarah for being first.
o) Do not compete --- me without preparation.
p) I am convinced --- your arrival.
q) Everybody has desire --- wealth.
r) We all were disgusted --- the man.
s) He is envious --- my promotion.
t) The servant is really faithful --- me.
u) It is not easy to guess --- her inner problem.
v) The man is lame ---two legs.
w) A bonsai method originated --- China.
x) She is quarreling --- her neighbors.
y) Respond --- my call when I recall.
z) She stares --- the strangers.
z1) Watch --- the situation carefully.
z2) This property is --- four brothers.
z3) She talked --- cell phone/phone.
z4) Your position in this office is --- the old man.

Practice:Level-02
জানার প্রয়োগ

1. Complete the following passage with prepositions.
We should not look down (a) --- the poor because fortune may smile (b) --- them any time. Yet at times we sneer (c) --- the poor. We should have sympathy (d) --- the poor. If we help them, they will pray (e) --- Allah for our well-being.

2. Complete the following passage with prepositions.
Now (a) --- we commence our tour I would just like to tell you a little bit (b) --- the history of the museum. It has been designed (c) --- a natural flavour in mind to remind us (d) --- our links with sea. It is a very modern building built (e) --- the post modern style.

3. Complete the following passage with prepositions.
The sun is a star in the galaxy known as the Milky Way. It is made (a) --- extremely hot gases which give (b) --- enormous heat and blazing light. It is very much like a ball of fire. Its rays are harmful (c) --- our eyes. But the sun is very important for life (d) --- our planet Earth. It is the chief source of light and heat. (e) --- this, man and animals would have no food to eat, because there would be no plants. Ancient people understood this and worshipped the sun.

4. Complete the following passage with prepositions.
A postman is very well known (a) --- all. The postman serving (b) --- the town puts (c) --- khaki dress. He goes (d) --- one home to another. He is very sincere to his duties. He is very careful (e) --- delivering letters, parcels etc.

5. Complete the following passage with prepositions.
I saw my friend walking (a) --- a shop and going (b) ---the other side of the road He looked disheveled and was in an off mood (c) --- his poor result. I went (d) --- to him and asked why he stopped. He answered that he would like to take a look (e) --the essential commodities.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

1. Complete the following passage with prepositions.
Sher-e-Bangla was endowed (a) --- many qualities. His honesty was one of them Honesty was inherent (b) ---him. Many were envious (c) --- his honesty. He also sacrificed his whole life (d) ---the welfare of his country men. We remember him (e) ---respect.

2. **Complete the following passage with prepositions.**
We live in an age (a) --- science. We see the influence of science everywhere. Science is a constant companion (b) --- our life. We have achieved the impossible with the help of science. Modern civilization is a contribution of science. We should conquer poverty and disease (c) --- the help of science. Science should be devoted (d) ---the greater welfare (e) ---humanity.

3. **Complete the following passage with prepositions.**
There is no escape (a) --- death. Everybody has (b) --- meet it. So we should have faith (c) --- Allah. We should abstain (d) --- committing crimes. We should be careful in dealing (e) --- the life and property of others.

4. **Complete the following passage with prepositions.**
Nowadays science and technology pervade every aspect (a) --- our life and as a result, society is changing (b) --- a great speed. There is a technological explosion (c) --- us, generated (d) --- science. This explosion is already freeing vast numbers of people (e) --- their traditional bondage to nature.

5. **Complete the following passage with prepositions.**
Nowadays road accidents happening almost everyday (a) --- our country result b) ---several causes. The recklessness (c) --- the drivers often causes accidents that result in the loss of lives. Inadequate traffic rules and inefficient traffic police are also responsible (d) --- road accidents. Violation of traffic rules often account (e) --- a lot of road accidents.

6. **Complete the following passage with prepositions.**
Now a days smoking has become a very serious issue in every society of the world. It is very detrimental (a) --- health. It ruins one's life. It tells (b)--- ours health. It even slows (c) --- our longevity. It results (d) --- many respiratory diseases. So we must abstain (e) --- smoking.

7. **Complete the following passage with prepositions.**
Once there was a noble man. He was blind (a) --- one eye but he was not blind (b) --- his son's fault. Some parents boast (c) --- their son's success. But he was an exception (d) ---this. He would emphasize (e) --- modesty.

8. **Complete the following passage with prepositions.**
Bangladesh is a small land (a) --- an area of only 147570 square kilometres. Her population is a great obstacle (b) --- her development. Her population is increasing (c) ---leaps and bounds. She will face a serious threat (d) --- near future. The present alarming growth rate must be stopped (e) --- adopting concrete steps.

9. Complete the following passage with prepositions.

An honest man is true (a) --- his word. He does not deviate (b) --- the path of honesty. He knows that true peace consists (c) --- honesty. So he does not fall victim (d) --- any greed. He has no ambition (e) --- worldly things.

10. Complete the following passage with prepositions.

Mr. Anawer was born (a) --- poor parents. He grew (b) --- in the midst of poverty. His father was burdened (c) --- a big family. His family consisted (d) --- eight members. However he did not yield (e) ---fate.

11. Complete the following passage with prepositions.

Man lives (a) --- society. So he has to abide (b) --- social rules. He cannot do whatever he likes. He is to show respect (c) --- other's life and property. He cannot go (d) --- social rules. Nobody should be indifferent (e) ---other's interest.

12. Complete the following passage with prepositions.

Everyone desires (a) --- wealth. But a few attain it. Some people hanker (b) --- riches. Some are content (c) ---what they have. True happiness lies (d) --- contentment. It is high time we gave (e) ---the habit of covetousness.

13. Complete the following passage with prepositions.

Honesty is a noble quality. A man bereft (a) --- honesty is hated by all. His memory sinks (b) --- oblivion. People nourish hatred (c) --- him. People don't mourn (d) --- his death. He does not hesitate to do anything (e) ---humanity.

14. Complete the following passage with prepositions.

Stephen Hawking gradually started losing control (a) --- the muscles of his body as he became a victim (b) --- Gehrig's disease. Since the age of thirty he was confined (c) --- wheel chair with no power to control his body. He can speak only (d) --- a computer (e) --- a voice synthesizer that converts his messages into sounds.

15. Complete the following passage with prepositions.

Bangladesh is now much more advanced (a) --- terms of technology. Using online platform, everyone has become proficient in technology. Online has become a well-known way (b) --- earning money. (c) --- the proper use of technology, everyone will be able to become self-sufficient (d) --- home. It is true that the development of technology will happen (e) --- the increase of internet speed.

Practice
MCQ মাধ্যম

1. A preposition must take -----.
   (a) complement (b) adverb (c) object (d) participle
2. Preposition is a -----.
   (a) qualifying word (b) relating word
   (c) joining word (d) modifying word
3. বাক্যে অবস্থান ভেদে Preposition নিচের কোন parts of speech-এর মত আচরণ করে?
   (a) noun, adjective (b) conjunction, adverb
   (c) adverb, noun (d) conjunction, adjective
4. নিচের কোনটি participle preposition?
   (a) regarding (b) charming (c) surprising (d) nothing
5. Sit <u>down</u>. Here the underlined word is-
   (a) noun (b) verb (c) preposition (d) adverb
6. "On account of, owing to, by dint of" –এগুলো কিসের উদাহরণ?
   (a) participle phrase (b) prepositional phrase
   (c) disguised preposition (d) adverbial phrase
7. He did nothing else <u>than</u> laugh. –এখানে "than" কোন preposition এর মত কাজ করে?
   (a) for (b) with (c) against (d) to
8. The tiger was killed ----- a stick.
   (a) by (b) with (c) through (d) from
9. Distribute the money ----- the poor.
   (a) for (b) between (c) among (d) with the purpose of
10. Choose the correct sentence.
    (a) I will inform of you the matter. (b) I will inform you of the matter.
    (c) I will inform you the matter. (d) I will inform of the matter you.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) object, preposition-এর অবশ্যই একটি object থাকে। আরেকটু সহজ করে বললে, preposition-এর পর noun/pronoun/noun phrase "object" হিসেবে বসে।
2. সঠিক উত্তর- (b) relating word, একটি বাক্যে preposition সর্বদাই দুইটি শব্দের মধ্যে relation (সম্পর্ক) তৈরী করে। এইজন্য preposition-কে relating word বলে।
3. সঠিক উত্তর- (b) conjunction, adverb, preposition সর্বদাই preposition হবে এমনটি ভাবা ঠিক নয়। দুই sentence-এর মাঝে বসলে preposition হয় conjunction। আর verb-এর সাথে preposition বসে বাক্য শেষ হলে preposition টি হয় conjunction।
4. সঠিক উত্তর- (a) regarding, এমন আরো একটি participle preposition দেখে নাও: "concerning"।
5. সঠিক উত্তর- (d) adverb, verb-এর সাথে preposition বসে, বাক্য শেষ হলে উক্ত preposition টি adverb-এর মত আচরণ করে।
6. সঠিক উত্তর- (b) prepositional phrase, লক্ষ্য করলে দেখা যায় সবগুলো phrase ই preposition দিয়ে গঠিত। উল্লেখ্য, অবস্থান ভেদে prepositional phraseও adverbial phrase হতে পারে। যা তোমরা phrase chapter-এ বিস্তারিত জানতে পারবে।
7. সঠিক উত্তর- (d) to, কারণ বাক্যটিকে আরেকভাবে লিখা যায়: "He did nothing else to laugh. — সে না হেসে আর কিছুই করেনি।"
8. সঠিক উত্তর- (b) with, কোনো জড়বস্তু দ্বারা আঘাত অর্থে "with" ব্যবহার করা হয়।
9. সঠিক উত্তর- (c) among, দুইয়ের অধিক বোঝালে "among" ব্যবহার করতে হয়। এখানে "the poor" common noun (plural) অর্থে ব্যবহৃত হয়েছে। যার অর্থ- গরীবরা, অনেকগুলো গরীব।
10. সঠিক উত্তর- (b) I will inform you of the matter, কারণ "inform"-এর পর ব্যক্তিবাচক object + of + বিষয়/বস্তুবাচক object। উল্লেখ্য, appropriate preposition এ আমরা সাধারণত "inform + of" একসাথেই পড়েছি।

Conjunction

(সংযোগ/ সংযোগ স্থাপন)

Sentence গঠনে conjunction খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। বিশেষ করে বাক্যটি কি simple, complex নাকি compound তা নির্ণয়ের ক্ষেত্রে। গঠনগত দিক থেকে sentence-কে ভিন্ন মাত্রা এবং ভিন্ন পরিচয় দিতে conjunction-এর ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Conjunction-এর সংজ্ঞা:

Conjunction অর্থ সংযোগ স্থাপন। দুইটি শব্দ (word), দুইটি বাক্যাংশ (phrase) বা দুইটি খণ্ডবাক্য (clause) এর মধ্যে সংযোগ স্থাপনকারী শব্দকে Conjunction বলে।

নিচের উদাহরণ গুলো লক্ষ্য করো:

i. **দুইটি শব্দ (word)** = I don't like to eat fish **and** meat together.
= আমি মাছ এবং মাংস একসাথে খেতে পছন্দ করি না।

ii. **দুইটি বাক্যাংশ (phrase)** = Help me according to your wish **or** my expectation.
= তোমার ইচ্ছা অথবা আমার প্রত্যাশা অনুযায়ী আমাকে সাহায্য করো।

iii. **খণ্ড বাক্য (clause)** = I do not know why you do not eat **and** why you do not go.
= আমি জানিনা তুমি কেন খাও না আর তুমি কেন যাওনা।

Kinds of Conjunctions

Conjunction ২ প্রকার:

i. Co-ordinate conjunction:

যা মূলত দুইটি word / sentence / clause বা phrase কে যুক্ত করে।

Co-ordinate conjunction আবার দুই ভাবে বিভক্ত:

Single co-ordinate: and, but, or, for, nor, yet, so

এই ৭টি co-ordinate conjunction কে মনে রাখতে পারো:

acronym/mnemonic "FANS BOY" এর সাহায্যে-

(**F**=for, **A**=and, **N**=nor, **S**=so, **B**=but, **O**=or, **Y**=yet)

Pair co-ordinate: either ... or, neither ... nor, not only ... but also, not ... but, both ... and, whether....or *etc.*

For example:

She is happy but frustrated. (সে খুশি কিন্তু হতাশাগ্রস্থ।)

They are cheerful and broad minded. (তারা হাশি-খুশি এবং উন্মুক্তমনা।)

Either he or his parents have done this. (হয় সে অথবা তার পিতামাতা এটি করেছে।)

I like not only tea but also coffee. (আমি শুধু চা-ই পছন্দ করিনা, কফিও পছন্দ করি।)

লক্ষণীয়, উপরের বাক্য গুলোতে যথাক্রমে (but, and, either ... or, neither ... nor) শব্দগুলো co-ordinate conjunction।

দ্বন্দ্ব দূর করে নাও:

অনেকেই মনে করে co-ordinate conjunction "And, Bur, Or" বাক্যের শুরুতে বসে না। আসলে বিষয়টি এমন নয় বাক্যের শুরুতে বসতে পারে সে ক্ষেত্রে co-ordinate conjunction "And, Bur, Or" গুলো conjunctive adverb হয় এবং তার অর্থ ভিন্ন হয়। যেমন:

And = In addition (এছাড়াও)

But = However (সে যাই হোক)

Or = in an another way (অন্য কোনভাবে)

অজানা কথা:

i. দুইটি সাধারণ শব্দ বসলে co-ordinate conjunction "and"-এর পূর্বে কমা বসে না। তবে এমন যদি phrase হয়, যার মধ্যে আগে থেকেই "and" আছে এক্ষেত্রে co-ordinate conjunction "and" -এর পূর্বে কমা বসে। যেমন:

I like tea and coffee.

I like tea, and edible nuts and seeds.

ii. Co-ordinate conjunction দিয়ে subject যুক্ত হলে, ২য় subject অনুযায়ী verb বসে। যেমন: Either you or your friends were busy.

iii. Co-ordinate conjunction দিয়ে গঠিত বাক্য compound sentence হয়।

ii. Sub-ordinate conjunction:

Principal clause (প্রধান বাক্য) কে আরেকটি subordinate clause (পরাধীন বাক্য) এর সাথে যুক্ত করে।

বহুল ব্যবহৃত Subordinate conjunction সমূহ:

As, since, when, if, as if, as though, though, although, so ..... that, till, until, lest, unless এবং সকল Wh.words (who, which, what, when, whose, how *etc.*)

আরো কিছু Subordinate conjunction যেগুলোকে নির্দিষ্ট ভাগে ভাগ করা যায়:

Comparison	Than, Rather than, Whether, As much as, Whereas
Time	After, As soon as, As long as, Before, By the time, Now that, Once, Since, Till, Until, When, Whenever, While
Concession	Though, Although, Even though
Place	Where, Wherever
Condition	If, Only if, Unless, Provided that, Assuming that, Even if, In case (that), Lest
Manner	How, As though, As if
Reason	Because, Since, So that, In order (that), That, As
Relative Adjectives	That, Whatever, Which, Whichever

For example:

If you try your level best, you will get your expected result.

(যদি তুমি তোমার সাধ্যমত চেষ্টা করো, তাহলে তুমি তোমার প্রত্যাশিত ফলাফল পাবে।)

You cannot meet me at present as I am with my boss.

(তুমি এখন আমার সাথে সাক্ষাৎ করতে পারবে না, যেহেতু আমি আমার বসের সাথে আছি।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "if" ও "as" ব্যবহারের মাধ্যমে দুইটি clause যুক্ত হয়েছে। সুতরাং "if" ও "as" subordinate conjunction হিসেবে ব্যবহৃত হয়েছে।

অজানা কথা:

i. Subordinate conjunction + প্রথম বাক্য + কমা + দ্বিতীয় বাক্য + fullstop
ii. প্রথম বাক্য + subordinate conjunction + দ্বিতীয় বাক্য + fullstop (কোন কমা বসে না)।
iii. Subordinate conjunction দিয়ে গঠিত বাক্য complex sentence।

Conjunction যখন Preposition
অথবা
Preposition যখন Conjunction

দুইটি structure দেখলেই বুঝতে পারবে conjunction কখন preposition হয়, আর preposition কখন conjunction হয়।

Structure 01: 1st clause + preposition (এটি মূলত conjunction) + 2nd clause

Structure 02: Conjunciton (এটি মূলত preposition) + noun/noun-phrase/gerund (v+ing)

For example:

It is ten years *since* I met you last. = এখানে, since দুইটি sentence কে যুক্ত করেছে যা conjunction।

It has been raining *since* morning. = এখানে, noun এর আগে since বসেছে, তাহলে since এখানে preposition।

অজানা কথা:

Preposition দিয়ে বাক্য শেষ হলে, বেশিরভাগ ক্ষেত্রে তা adverb হয়।

For example:

Where do you live *in?*

Why are you angry *about*?

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "in" ও "about" বাক্যের শেষে বসেছে। তাই এটিকে preposition বা conjunction বলা যাবে না, এটির নাম হয়েছে adverb।

Practice
MCQ মাধ্যম

1. Conjunctions basically divide-
   (a) one main clause (b) two main clauses
   (c) one sentence (d) more than one sentence
2. Conjunction কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
3. Copulative/Cumulative conjunction নিচের কোনগুলো?
   (a) both ----- and, not only ----- but also (b) either ----- or, neither ----- nor
   (c) however, while (d) only, but
4. Fill in the gap: We respect you ----- we can be respected.
   (a) till (b) so (c) so that (d) otherwise
5. She is taller ----------.
   (a) than him (b) than me (c) than he is (d) than your.
6. They are not ----- wise ----- you.
   (a) as, as (b) so, as (c) as, so (d) so, so
7. Scarcely had he come ----- it started raining.
   a) than (b) at once (c) then (d) when
8. Nothing seems so exciting ----- the first airplane ride.
   (a) that (b) for (c) similar (d) as
9. ----- the rain, the cricket match was not cancelled.
   (a) Due to (b) Although (c) In spite of (d) Despite of
10. Choose the correct sentence.
    (a) He is rich and talent. (b) He is rich and he is talented.
    (c) He is rich but talented. (d) He is rich and talented.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) two main clauses, conjunction-এর কাজই হলো দুইটি principal/main clause-কে ভিন্ন করা।
2. সঠিক উত্তর- (a) দুই, যথা: i. Co-ordinate conjunction; ii. Subordinate conjunction
3. সঠিক উত্তর- (a) both ----- and, not only ----- but also, "এবং" "আরো" অর্থে যে conjunction ব্যবহার কার হয়, সেগুলোকে copulative/cumulative conjunction বলে।
4. সঠিক উত্তর- (c) so that, "so that" এমন একটি conjunction যা সর্বদাই বাক্যের মাঝে বসে "যাতে" অর্থ দেয়। উক্ত sentence-এর অর্থ- আমরা আপনাকে শ্রদ্ধা করি যাতে আমরা শ্রদ্ধা পাই।
5. সঠিক উত্তর- (c) than he is, "than"-এর পর formal English-এ subjective form হয় এবং বাক্যটিকে পূর্ণ করতে subject-এর পর "is/was etc." দেওয়া যেতে পারে। সেইদিক থেকে (c) নং উত্তর সকল শর্ত পূরণ করেছে।
6. সঠিক উত্তর- (b) so, as, হ্যাঁ বোধক এবং না-বোধক বাক্যের ক্ষেত্রে দুইটি structure মনে রেখো: as ----- as = হ্যাঁ-বোধক বাক্যের জন্য; so ----- as = না-বোধক বাক্যের জন্য।
7. সঠিক উত্তর- (d) when, এটি মূলত conjunction এর সঠিক প্রয়োগ "Scarcely had ----- when" বসে।
8. সঠিক উত্তর- (d) as, negative বাক্য অনুযায়ী "so ----- as" হয়েছে।
9. সঠিক উত্তর- (c) In spite of, বৃষ্টি সত্ত্বেও ক্রিকেট খেলাটি বাতিল হয়নি। "সত্ত্বেও" অর্থে "In spite of" বসাতে হবে।
10. সঠিক উত্তর- (d) He is rich and talented. কারণ "and, but, or" -এই conjunction গুলোর আগে ও পরে সমজাতীয় parts of speech বসে। "and"-এর আগে "rich" adjective হওয়ায় "and"-এর পর "talented" adjective টি হবে। দুইটি ভালো বা দুইটি খারাপ সমজাতীয় গুণাবলির ক্ষেত্রে "and" বসে।

Interjection

(আবেগসূচক অব্যয়)

আবেগ অনুভূতি ছাড়া মানুষ হতে পারে না। মানুষের আবেগ অনুভূতি প্রকাশে ইংরেজিতে বেশ কিছু শব্দ ব্যবহৃত হয়। যেমন: "Hurrah!, Alas!, Fie!, Bravo!, Hush! Pooh!, Hallo!" শব্দগুলো মূলত মানুষের তাৎক্ষণিক আবেগ অনুভূতি বা উচ্ছ্বাস প্রকাশ করে। যা Interjection বা আবগসূচক অব্যয় নামে পরিচিত।

Surprise (বিস্ময়)	Alas, Hush, Hello,Oh
Disgust (ঘৃণা)	Fie, Pooh
Joy (আনন্দ)	Hurrah,Woo-hoo,Yeah
Excitement/ Enthusiasm (উত্তেজনা/উৎসাহ)	Bravo

For example:

Alas! He is no more. (হায়! সে আর বেঁচে নেই।)
Fie! You are so bad. (ছি! তুমি এতো খারাপ।)
Bravo! You are doing well. (সাবাস! তুমি ভাল করছো।)
Hush! Someone is coming. (চুপ! কেউ একজন আসছে।)
Hello! Are you listening to me? (ওহে! তুমি কি আমাকে শুনছো?)
Hurrah! I have obtained 99 marks out of 100. (কি মজা! আমি ১০০-তে ৯৯ অর্জন করেছি।)

লক্ষণীয়, Interjection শব্দগুলো সর্বদায় sentence-এর শুরুতে বসে। উপরের বাক্যেগুলোতে Interjectional words "Alas, Fie, Bravo, Hush, Hello, Hurrah" বাক্যের শুরুতে বসেছে। এই word গুলো কখনোই বাক্যের মাঝে বা শেষে বসে মনের অনুভূতি প্রকাশ করতে পারেনা।

দ্বন্দ্ব দূর করে নাও:

অনেক ক্ষেত্রে "Yes, No,Well, এবং Indeed"-কে interjection বলা হয়, যদি তা প্রশ্নের উত্তর এর পরিবর্তে এমনি কোন বাক্যের শুরুতে বসে, এক্ষেত্রে exclamatory mark(!) এর পরিবর্তে "Yes, No, Well এবং Indeed " এরপর কমা বসে।

যেমন:

Yes, I will surely do that.
No, I am not your friend at all.

অজানা কথা:

i. কিছু ক্ষেত্রে কমা ব্যবহারের মাধ্যমে বাক্যের শেষে interjection word বসে।
যেমন: It is hot, indeed.

ii. Comma এবং Fullstop ব্যবহার করা হয় mild (মৃদু, হালকা) interjection-এর ক্ষেত্রে এবং exclamation mark ব্যবহার করা হয় stronger expressions of emotion-এর ক্ষেত্রে। এইজন্য বলা হয়ে থাকে- Interjections express a mild and sudden burst/strong expression of emotion.

iii. মাঝে মাঝে অনেকেই Interjection ও Exclamatory নিয়ে দ্বিধান্বিত হয়। সহজ সমাধান, Interjection হলো parts of speech-এর একটি প্রকার। অন্যদিকে, Exclamatory হলো sentence-এর একটি প্রকার।
যেমন: এখানে, Alas! He is no more. "Alas!" একটি Interjection word।
কিন্তু, Alas! He is no more.
এখানে, "Alas! He is no more" সম্পূর্ণ অংশ exclamatory sentence।

Causative Verb

(প্রযোজক ক্রিয়া)

আমরা প্রতিদিন কিছু কাজ নিজে সম্পূর্ণ করে থাকি, আবার এমন কিছু কাজ আছে যা অন্যকে দিয়ে করাই বা করতে সাহায্য করি অথবা করার অনুমতি প্রদান করে থাকি। অন্যকে দিয়ে কোনো কাজ করানোর ক্ষেত্রেই মূলত এই causative verb এর ব্যবহার লক্ষণীয়।

Causative verb কী?

"Cause" শব্দ থেকে মূলত causative verb-এর উৎপত্তি।

যে verb এর মাধ্যমে subject "object" কে দিয়ে কোনো কাজ করিয়ে নেয়, তাকে causative verb বলে।

আরেকটু ভেঙ্গে বললে-

The causatives are those verbs that are used to indicate that one person causes another person to do by forcing, allowing, requesting.

(causative verb হলো সেই verb গুলো যা ব্যবহার হয়ে থাকে একজন ব্যক্তি কর্তৃক আরেকজনকে জোরপূর্বক কোন কিছু করাতে, কোন কিছু করার অনুমতি প্রদান করতে অথবা অনুরোধ করে কোন কিছু করানোর ক্ষেত্রে)

প্রথমে causative verb-এর প্রয়োজনীয়তা অনুভব করো-

i. I washed my car.= আমি আমার গাড়ি ধৌত করেছিলাম। (নিজে)

ii. He washed my car.= সে আমার গাড়ি ধৌত করেছিলাম। (অন্যজন)

iii. I had my car washed.= আমি আমার গাড়ি ধৌত করিয়ে নিয়েছিলাম। (আমার কাজ অন্যকে দিয়ে)

উল্লেখ্য, তৃতীয় বাক্যে "had" causative verb, যেখানে নিজের কাজ অন্যকে দিয়ে করানো হয়েছে। বাক্যে এমন অর্থগত বিষয় পরিলক্ষিত হলে সাধারণ verb-এর পরিবর্তে নির্দিষ্ট কিছু causative verb ব্যবহার করতে হয়।

Causative verb থাকবে, এমন বাক্যের Fragmentary Form দেখে নাও:

1	2	3	4	5
Subject	**Causative verb**	**Object**	**Non-causative**	**Extension**
One person	causes	another person	to do	something

উল্লেখ্য, **2** নং অবস্থানে থাকবে causative verb এবং **4** নং অবস্থানে থাকবে simple verb/non-causative verb।

Causative verb দুই ধরনের:

i. উৎসমূলে causative verb

ii. কিছু verb এর সমন্বয়ে causative verb

উৎসমূলে causative verb:

ইংরেজিতে এমন অনেক verb আছে যা causative verb রূপেই ব্যবহার হয়। যেমন:

উৎসমূলে causative verb	Simple verb/ Non-causative verb
Show - অন্যকে দেখানো	See - নিজে দেখা

Teach - অন্যকে শেখানো	Learn - নিজে শেখা
Inform - অন্যকে জানানো	Know - নিজে জানা
Feed - অন্যকে খাওয়ানো	Eat - নিজে খাওয়া
Remind - অন্যকে স্মরণ করানো	Remember - নিজে স্মরণ করা
Drench - ভিজানো	Drink - নিজে পান করা

কিছু verb-এর সমন্বয়ে causative verb:

ইংরেজিতে এমন অনেক simple verb আছে যাদের causative form নেই, সেই সকল simple verb/non-causative verb এর পূর্বে এই ৫টি verb "make, let, help, get, have"-এর সাহায্যে সেই verb-কে causative করা হয়।

Example:

Understand = নিজে বোঝা (simple verb)

কিন্তু, make ----- understand = অন্যকে বোঝানো (make+ understand=causative)

See = নিজে দেখা (simple verb)

কিন্তু, help/make ----- see = অন্যকে দেখতে সাহায্য করা (help/make+ see=causative)

Learn = নিজে শেখা (simple verb)

কিন্তু, make ----- learn = অন্যকে শেখানো (make+ learn=causative)

অজানা কথা:

জেনে রাখা ভালো, এই ৫ টি verbs (make, let, help, get, have) নিজেরা আবার main verb/action verb হিসেবেও ব্যবহার হয় যদি এই verb গুলোর পর object পরবর্তী আর কোন verb না বসে।

For example:

I make tea.= main verb/action verb (আমি চা বানাই)

I make him make tea.= causative verb (আমি তাকে দিয়ে চা বানিয়ে নিই)

উল্লেখ্য, causative verb ও main verb-এর একটি প্রকার।

"Make" যখন causative

যখন একজন ব্যক্তি কোনোকিছু সরাসরি করে না, অন্য একজন ব্যক্তিকে দিয়ে জোর (force) করে করিয়ে নেয়, এমন ক্ষেত্রে causative verb "make" ব্যবহার করতে হয়।

Make=To take an action creating force (শক্তি প্রয়োগ করে কার্য সাধন করা)

Structure: Subject + make + person/thing (object) + v1---

For example:

The doctor made the patient take the medicine. (ডাক্তারটি রোগীটিকে ঔষধ নিতে জোর করেছিল।)

The teacher makes us work very hard. (শিক্ষকটি আমাদের কঠোর পরিশ্রম করায়।)

I made the machine work. (আমি যন্ত্রটি দিয়ে কাজ করিয়েছিলাম।)

He does not make the tree grow up easily. (সে গাছটিকে সহজে বাড়তে দেয় না।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে subject তার কাজটি ব্যক্তি বা বস্তুবাচক object-কে দিয়ে জোর প্রয়োগ করে করিয়ে নিয়েছে।

"Get" যখন causative

"Get" কিছুটা কম জোর প্রয়োগ করে কাউকে মানিয়ে/বুঝিয়ে কোন কাজ করিয়ে নেয়। তবে, প্রয়োজনবোধে অর্থ বুঝে get ও make-কে একে অপরের জায়গায় বসানো যায়।

Get=Convincing or encouraging someone (কাউকে সান্তনা দেওয়া অথবা উৎসাহিত করা)

Structure:

i. Subject + get + ব্যক্তিবাচক object + infinitive (to + v1)---

ii. Subject + get + বিষয়/বস্তুবাচক object + v3---

For example:

Let's get Rana to perform properly. (চলো রানাকে দ্বারা সঠিক ভাবে কাজটি করাই।)

Let's get our car washed nicely. (চলো আমাদের গাড়িটিকে সুন্দর ভাবে পরিষ্কার করাই।)

I get my cloth washed by someone. (আমি কোনো একজন কর্তৃক আমার কাপড় পরিষ্কার করাই।)

এই বাক্যটিকে এভাবেও লিখা যায়: I get someone to wash my cloth.

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "get" verb ব্যবহারের মাধ্যমে কম জোর প্রয়োগ করে object-কে দিয়ে কাজ করা বুঝানো হয়েছে।

অজানা কথা:

i. Get + বিষয়/বস্তুবাচক object + v3 = Passive অর্থ দিয়ে থাকে।

ii. "Causative" হিসেবে "Get" এর তিনটি form জানা দরকার:

Present	Past	Past participle
get	got	got/gotten

Causative verb-ছাড়া অন্য verb হিসেবে "Get" এর ব্যবহার

i. Get + Noun [এখানে get একটি transitive verb]
Example: I will get my ticket. (আমি আমার টিকিট পাব।)

ii. Get + adjective [এখানে get একটি linking verb, যা "become" এর মত অর্থ দেয়]
Example: He is getting older. (সে বয়স্ক হয়ে যাচ্ছে।)

iii. Get + to (arrive) [এখানে get একটি intransitive verb]
Example: He will not get to Dhaka before 6.00 pm. (সে সন্ধ্যা ছয়টার আগে ঢাকায় পৌছাবে না।)

iv. Get + Infinitive (to+v1)
Example: He has got to meet her. (সে তার সঙ্গে দেখা করার সুযোগ পেয়েছে।)
এখানে get একটি transitive verb, যার object, to meet her।

v. Get + object+ infinitive (to+v1)
Example: Get the boys to call me. (বালক গুলোকে আমার কাছে পাঠাও।)
বাক্যে শুরুতে Get একটি main verb, এটি Imperative sentence।

"Have" যখন causative

একজন ব্যক্তি সরাসরি কাজ না করে তুলনামূলক সাধারণ অর্থে অন্যকে দিয়ে কোনো কাজ করিয়ে নিলে causative verb "have" ব্যবহার করতে হয়।

Have=showing someone general responsibility (কাউকে কোন কাজ করার ব্যাপারে সাধারণ দায়িত্ব বোঝাতে)

Structure:

i. Subject + have/has/had + ব্যক্তিবাচক object + v1----

ii. Subject + have/has/had + বস্তুবাচক object + v3----

For example:

My mother had me drink milk everyday. (আমার মা আমাকে প্রতিদিন দুধ খাওয়াতো।)

Rina had Rita clean the floor. (রিনা রিতাকে দিয়ে মেঝে পরিষ্কার করিয়েছিল।)

He has his hair cut. (সে তার চুল কাটিয়েছে।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে causative verb "have" সাধারণ অর্থ প্রকাশে ব্যবহৃত হয়েছে। যে verb ব্যবহারের মাধ্যমে object তার কর্ম সাধারণ গতিতে সম্পাদন করেছে।

অজানা কথা:

i. Get-এর তুলনায় কম জোর/কর্তৃত্ব প্রকাশে causative verb "have" ব্যবহার করতে হয়।

ii. Causative verb "have" present tense-এ ব্যবহার হলে "have/has" ব্যবহার করতে হয়। কিন্তু, past tense এ ব্যবহার হলে "had" ব্যবহার করতে হয়।

iii. Have-এর পরিবর্তে get ব্যবহার করলে বাক্যটির অর্থ একই রকম হলেও অন্তর্নিহিত অর্থের মধ্যে পার্থক্য রয়েছে যেমন।

For example:

My father had me go there.= (আমার বাবা সেখানে যেতে আমাকে নির্দেশ দিয়েছিল)

My father got me to go there.= (আমার বাবা আমাকে সাধারণভাবে সেখানে যেতে বলেছিল)

iv. "Causative" হিসেবে "have" এর তিনটি form জানা দরকার:

Present	Past	Past participle
have/has	had	had

"Let" যখন causative

একজন ব্যক্তি কর্তৃক আরেকজন ব্যক্তি বা বস্তুকে কোনো কাজ করার অনুমতি (permission) দেওয়া অর্থে causative verb "let" ব্যবহার হয়।

Let=permitting/allowing something to complete any task (কাউকে কোন কাজ করার ক্ষেত্রে অনুমতি প্রদান)

Structure: Subject + let + ব্যক্তি/বস্তুবাচক object + v1----

For example:

He lets her go abroad. (সে তাকে বিদেশে যাওয়ার অনুমতি দেয়।)

I let him come home. (আমি তাকে বাড়ি আসার অনুমতি দিয়েছিলাম।)

He is letting this car drive slow. (সে গাড়িটিকে আসতে চলতে দেয়।)

লক্ষণীয়, উপরের প্রত্যেকটি বাক্য দ্বারা অনুমতিমূলক অর্থ প্রকাশ পেয়েছে। সুতরাং, অনুমতিমূলক বাক্যতে অবশ্যই causative verb "let" ব্যবহার করতে হবে।

অজানা কথা:

"Causative" হিসেবে "let" এর চারটি form জানা দরকার:

Present	Past	Past Participle	Verb + ing
Let - অনুমতি দেওয়া	Let	Let	Letting

"Help" যখন causative

একজন ব্যক্তি আরেকজন ব্যক্তিকে সাহায্য (help) করার মাধ্যমে কোনো কাজ সম্পূর্ণ করার ক্ষেত্রে causative verb "help" ব্যবহার করতে হয়।

Help=assisting someone to do something (কাউকে কোন কিছু করতে সাহায্য করা)

Structure: Subject + help + ব্যক্তিবাচক object + v1/infinitive (to + v1) ----

For example:

My mother helps me run my business well.

অথবা, My mother helps me to run my business well.

(আমার মা আমাকে ব্যবসাটি ভালো করে চালাতে সাহায্য করে।)

The new teacher helped the students overcome the problem.

অথবা, The new teacher helped the students to overcome the problem.

(নতুন শিক্ষকটি ছাত্রদের সমস্যা অতিক্রম করতে সাহায্য করেছিল।)

লক্ষণীয়, causative verb "help" থাকলে অবশ্যই object অবস্থানে ব্যক্তিবাচক object থাকে। উপরের sentence গুলোতে তা লক্ষণীয়।

অজানা কথা:

Causative verb হিসেবে "help" বসলে পরবর্তীতে bare infinitive অথবা infinitive উভয়ই বসতে পারে, তবে bare infinitive বা "to" ছাড়া verb টি অধিক গ্রহণযোগ্য।

এক নজরে

Causative verb-এর চারটি shortcut

Shortcut-01:-----make/have/let/help+ ব্যক্তিবাচক object+v1----

Shortcut-02:----have/get+ বিষয়-বস্তুবাচক object + v3----

Shortcut-03:----make/let + বিষয়-বস্তুবাচক object +v1-----

Shortcut-04:-----get + ব্যক্তিবাচক object + infinitive (to+v1)----

* যদি causative verb এর সম্পূর্ণ আলোচনাকে অল্প সময়ে আয়ত্তে নিয়ে আসতে চাও, তবে উল্লিখিত ৪টি shortcut আয়ত্তে রাখো।

Practice
MCQ মাধ্যম

1. Causative verb-এর প্রকার কয়টি?
   (a) দুইটি (b) চারটি (c) পাঁচটি (d) অগণিত
2. Causative verb-এর কাজটি কাকে দিয়ে সম্পাদিত হয়?
   (a) Subject কর্তৃক (b) Object কর্তৃক
   (c) Complement কর্তৃক (d) Adverb কর্তৃক
3. Causative verb " Let" is used for-----.
   (a) to assist (b) to allow (c) to force (d) to accomplish
4. I got my car ----.
   (a) repairing (b) repaired (c) have repaired (d) to be repaired
5. I want to have it ----- within a week.
   (a) to do (b) do (c) done (d) to be done
6. Anis had Shahed ----- the floor.
   (a) to clean (b) clean (c) to be cleaned (d) cleaned
7. I'll get an electrician ----- the heating.
   (a) repair (b) to mend (c) for mending (d) for repairing
8. Don't let that (bother) you.
   (a) to bother (b) bothers (c) bother (d) bothered
9. The mother made her baby ----- the medicine.
   (a) to take (b) take (c) taking (d) for taking
10. The teacher made the childern ----- the book.
    (a) read (b) to read (c) reading (d) reads

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) অগণিত, অনেকেই মনে করে let, get, have, make, help-এই পাঁচটিই causative verb। যদি তাই হয় তাহলে feed, remind, show *etc.*-এইগুলো কি verb? সুতরাং, causative verb আসলেই অগণিত।
2. সঠিক উত্তর- (b) Object কর্তৃক, causative verb-এর কাজই হচ্ছে subject সাধারণ বা বিশেষ অর্থ দিয়ে object কর্তৃক কোনো কাজ সম্পূর্ণ করে নিবে।
3. সঠিক উত্তর- (b) to allow, কেননা, পুর্বের আলোচনা থেকে জেনেছো Let= permitting/allowing something to complete any task।
4. সঠিক উত্তর- (b) repaired, structure টি অনুসরণ করো: ----- get + বস্তুবাচক object + v3 -----
5. সঠিক উত্তর- (c) done, structure টি অনুসরণ করো: ----- have + বস্তুবাচক object + v3 -----
6. সঠিক উত্তর- (b) Clean, structure টি অনুসরণ করো: ----- have + ব্যক্তিবাচক object + v1 -----

7. সঠিক উত্তর- (b) to mend (মেরামত করা), structure টি অনুসরণ করো: ----- get + ব্যক্তিবাচক object + infinitive (to+v1) -----
8. সঠিক উত্তর- (c) bother (বিরক্ত করা), structure টি অনুসরণ করো: --- let + ব্যক্তিবাচক object + v1 --
9. সঠিক উত্তর- (b) take, structure টি অনুসরণ করো: ----- make + ব্যক্তিবাচক object + v1 -----
10. সঠিক উত্তর- (a) read, structure টি অনুসরণ করো: ----- make + ব্যক্তিবাচক object + v1 -----

Group Verbs

কিছু verb-এর সাথে নির্দিষ্ট preposition এবং adverb বসে সম্পূর্ণ ভিন্ন অর্থ দিয়ে থাকে যাকে group verb বলে। Group verb এর আলোচনাটি appropriate preposition-এর সাথে সামঞ্জস্যপূর্ণ। নিম্নে গুরুত্বপূর্ণ কিছু group verb-এর বাংলা অর্থ এবং ইংরেজি বাক্যে তার ব্যবহার দেওয়া হলো:

Act		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
01.	Act upon- ক্ষতি করা, affect	Overeating acts upon one's health. = অতিরিক্ত খাওয়া একজনের স্বাস্থ্যের ক্ষতি করে।
02.	Act for- কারো পক্ষে কাজ করা, on behalf of someone	She has acted for her daughter as her daughter is absent. = সে তার মেয়ের পক্ষে কাজ করছে যেহেতু তার মেয়ে অনুপস্থিত।
03.	Act on- কারো নির্দেশনা অনুযায়ী কাজ করা, work for someone's advice	I acted on my father's advice. = আমি আমার বাবার উপদেশ মোতাবেক কাজ করেছিলাম।

লক্ষণীয়, "Act" নির্দিষ্ট একটি verb, যার সাথে ভিন্ন preposition বসে অর্থও ভিন্ন হয়েছে। এটাই group verb, যা অনেকটা appropriate preposition-এর মতো।

Bear		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
04.	Bear away/ off- জয় করে নেওয়া, win	The boy bore away/off the first prize. = বালকটি প্রথম পুরষ্কার জিতেছিল।
05.	Bear on- সম্পর্কিত হওয়া, relate to	Your need does not bear on this demand. = তোমার প্রয়োজনীয়তা এই চাওয়া-পাওয়ার সাথে সম্পৃক্ত নয়।
06.	Bear out- সমর্থন করা, support	Your speech does not bear out the real evidence. = তোমার কথা আসল প্রমাণের সমর্থন দেয় না।
07.	Bear up- মনের জোর বজায় রাখা, sustain	You have to bear up to succeed in next step. = পরবর্তী পদক্ষেপে সফল হতে তোমাকে মনের জোর রাখতে হবে।
08.	Bear with- সহ্য করা, tolerate	I don't know why he does not bear with me. = আমি জানিনা কেন সে আমাকে সহ্য করে না।

Blow		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
09.	Blow off- নির্গত, emit	This machine blows off a lot of dry material. = এই যন্ত্রটি প্রচুর পরিমাণে শুকনো বস্তুবিশেষ নির্গত করে।
10.	Blow out- নেভানো, extinguish	Don't blow out the candle. = মোমবাতিটি নিভিয়ে দিওনা।
11.	Blow up- বিস্ফোরণের সাহায্যে উড়িয়ে দেওয়া, destroy by explosion	The bridge has been blown up tremendously. = সেতুটি মারাত্মক ভাবে বিস্ফোরণে উড়ে গেছে।

Break		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
12.	Break away- ভেঙ্গে বের হয়ে আসা, get away	The thief broke away from the locked room. = চোরটি তালাবদ্ধ কক্ষ থেকে ভেঙ্গে বের হয়েছিল।
13.	Break down- ভেঙ্গে পড়া, decline	Your health may break down for overtime work. = অতিরিক্ত কাজের কারণে তোমার স্বাস্থ্য ভেঙ্গে যেতে পারে।
14.	Break in/on- বাঁধা দেওয়া, interrupt	None should break in/on an ideal ideology. = কারোই একটি আদর্শ তত্ত্বে বাধা দেওয়া উচিৎ নয়।
15.	Break into - ভেঙ্গে প্রবেশ করা, enter by force	The crowd broke into the main gate of the cinema hall. = জনতা সিনেমা হলের প্রধান দরজা ভেঙ্গে ভেতরে প্রবেশ করেছিল।
16.	Break off- হঠাৎ থেমে যাওয়া, stop suddenly	Our chief guest broke off in the middle of his speech. = আমাদের প্রধান অতিথি তার কথার মাঝখানে থেমে গিয়েছিল।
17.	Break out- হঠাৎ ছড়িয়ে পড়া, spread suddenly	Now cancer has broken out all over the country. = এখন ক্যান্সার রোগটি দেশব্যাপী ছড়িয়েছে।
18.	Break through- জোর করে ঢোকা, get through by force	Don't try to break through the restricted area. = সংরক্ষিত এলাকাতে জোর করে ঢোকার চেষ্টা করো না।
19.	Break up- বন্ধ হওয়া, close	The MLM company has suddenly broken up. = এমএলএম (মাল্টি লেভেল মার্কেটিং) কোম্পানিটি হঠাৎ বন্ধ হয়ে গিয়েছে।
20.	Break with- ঝগড়া করা, quarrel	They break with their neighbours. = তারা তাদের প্রতিবেশিদের সাথে ঝগড়া করে।

Bring		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
21.	Bring about- ঘটানো, cause to happen	She brought about a new problem among them. = সে তাদের ভেতরে একটি নতুন সমস্যা তৈরী করেছিল।
22.	Bring down- নিম্নমুখী করা, reduce	The government should try to bring down the price of essential commodities by supervision. = তদারকির মাধ্যমে সরকারের উচিৎ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিম্নমুখী করা।
23.	Bring out- ছাপিয়ে প্রকাশ করা, publish	My new book "NEED" has been brought out in a new updated press. = আমার নতুন বই "NEED" একটি আধুনিক ছাপাখানায় ছাপানো হয়েছে।
24.	Bring through- আরোগ্য লাভ করা, cure	I hope the patient will bring through soon. = আমার ধারণা রোগীটি খুব দ্রুত আরোগ্য লাভ করবে।
25.	Bring up -প্রতিপালন করা, rear	The orphan boy was brought up by a reputed person. = এতিম বালকটি একজন খ্যাতনামা মানুষের কাছে প্রতিপালিত হয়েছিল।

Burst		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
26.	Burst into- কান্নায় ভেঙ্গে পড়া suddendly start crying	My mother burst into tears to see my presence. = আমাকে দেখে আমার মা কান্নায় ভেঙ্গে পড়েছিল।
27.	Burst out- হাসিতে ফেটে পড়া, begin suddenly	The teenagers usually burst out laughing considering extraneous fact. = তের থেকে আঠারো বয়সী ছেলেমেয়েরা সচরাচর অযৌক্তিক কারণেই হাসিতে ফেটে পড়ে।

Call		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
28.	Call at- কোন জায়গায় যাওয়া, visit	You should call at my workplace. = তোমার উচিৎ আমার কাজের স্থানে আসা।
29.	Call for- চাওয়া, demand	The judge called for the detail explanation on the incident. = বিচারক ঘটনাটির বিস্তারিত জানতে চেয়েছিল।

Call		
30.	Call in- ডেকে পাঠানো, send for	He has called in a waiter for a menu. = সে একজন পরিচারককে খাদ্যতালিকার জন্য ডেকেছে।
31.	Call off- প্রত্যাহার করা, withdraw	Finally the strike was called off after 15 days. = অবশেষে ১৫ দিন পর অবরোধটি প্রত্যাহার করা হয়েছিল।
32.	Call on upon- কারো সাথে দেখা করা, meet	I will call on/upon you after completing my office hour. = আমার অফিস শেষে আমি তোমার সাথে দেখা করবো।
33.	Call out- চিৎকার করা, shout	The victim called out for his safety. = সমস্যাক্রান্তকারী ব্যক্তি তার নিরাপত্তার জন্য চিৎকার করেছিল।
34.	Call over- বিশেষ নামে ডাকা, read out	Our teachers call over our names for 15 mintutes. = আমাদের শিক্ষক ১৫ মিনিট ধরে আমাদের নাম ডাকে।
35.	Call up- স্মরণ করা, remember	The old man can call up his name easily. = বৃদ্ধ মানুষটি তার নাম অনায়াসে স্মরণ করতে পারে।

Carry		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
36.	Carry away- স্থানান্তরিত করা, remove	The dead body was carried away to the mortuaries. = লাশটিকে মর্গে পাঠানো হয়েছিল।
37.	Carry off- জিতে নেয়া, win	The little girl carried off all the prizes. = ছোট মেয়েটি সকল পুরস্কার জিতেছিল।
38.	Carry on- চালিয়ে যাওয়া, continue	Everybody should carry on his/her duty properly. = প্রত্যেকের তার দায়িত্ব যথাযথ চালিয়ে যাওয়া উচিৎ।
39.	Carry out- মান্য করা, obey	You should carry out your parents. = তোমার পিতামাতাকে মেনে চলা উচিৎ।
40.	Carry through- ফলপ্রসূ হওয়া, bring success	Your efforts will carry you through very soon. = খুব শীঘ্রই তোমার প্রচেষ্টা তোমাকে ফলপ্রসূ করবে।
41.	Carry with- সহমত করা, cause to agree	He does not carry the proposal with you. = সে প্রস্তাবনাটিতে তোমার সাথে সহমত না।

Cast		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
42.	Cast about- কোন কিছুর সন্ধানে ঘোরা, move about	Most of the candidates are casting about for a job. = অধিকাংশ প্রার্থীরাই চাকুরির জন্য ঘুরছে।

Cast		
43.	Cast aside- ছুড়ে ফেলা, throw off	Don't cast aside the old grammar book. = পুরনো ব্যাকরণ বইগুলোকে ছুঁড়ে ফেলনা।
44.	Cast out- পরিত্যাগ করা, reject	I will never cast you out as you trust me. = আমি তোমাকে কখনোই ছেড়ে যাবো না যেহেতু তুমি আমাকে বিশ্বাস করো।

Catch		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
45.	Catch at- সুযোগ গ্রহণ করা, take the opportunity	A drowning man catches at a straw. = যতক্ষণ শ্বাস, ততক্ষণ আঁশ।
46.	Catch up- নাগাল ধরা, come up with	Now he is trying to catch up new system. = এখন সে নতুন একটি পদ্ধতির নাগাল পাওয়ার চেষ্টা করছে।

Come		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
47.	Come about- ঘটা, happen	The accident has come about suddenly. = দুর্ঘটনাটি আকস্মিকভাবেই ঘটল।
48.	Come at- নাগাল পাওয়া, come up within the reach	I tried a lot but did not come at the main incident. = আমি অনেক চেষ্টা করেছিলাম কিন্তু আসল ঘটনার নাগাল পাইনি।
49.	Come by- পাওয়া, get	He will come by 5000 dollars after completing this project. = এই প্রকল্পটি শেষ হলে সে ৫০০০ ডলার পাবে।
50.	Come down- কমে যাওয়া, decrease	Your life span is coming down day by day due to taking drugs. = মাদকাসক্তের কারণে তোমার আয়ুষ্কাল ক্রমেই কমে যাচ্ছে।
51.	Come of- জন্মগ্রহণ করা, to be born	Nazrul came of a poor family. = নজরুল দরিদ্র পরিবারে জন্মেছিল।
52.	Come off- সম্পন্ন হওয়া, take place	The festival has been come off successfully. = অনুষ্ঠানটি সফলভাবেই সম্পন্ন হয়েছে।
53.	Come out- প্রকাশিত হওয়া, be known	My new book "NEED" will come out very soon. = আমার নতুন বই "NEED" খুব শীঘ্রই প্রকাশিত হবে।

Come		
54.	Come round- আরোগ্য লাভ করা, recover	To the doctor, the patient may come round within 1 week. = ডাক্তারের মতে রোগীটি ১ সপ্তাহের মধ্যে সুস্থ হতে পারে।
55.	Come up to- সমান হওয়া, be equal to	Your speech did not come up to our demand. = তোমার বক্তব্য আমাদের প্রত্যাশার সমান ছিলনা।

Cry		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
56.	Cry down- নিন্দা করা, decry	To be happy in life, avoid crying down. = জীবনে সুখী হতে পরনিন্দা করা বাদ দাও।
57.	Cry for- দাবী করা, demand	All the students always cry for a new class from my YouTube channel. = সকল ছাত্র-ছাত্রী আমার ইউটিউব চ্যানেল থেকে সর্বদাই নতুন ক্লাসের দাবি করে।
58.	Cry out- চিৎকার করা, shout	We know the cow boy cried out for help. = আমরা জানি রাখাল বালকটি সাহায্যের জন্য চিৎকার করেছিল।

Cut		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
59.	Cut down - কমানো, reduce	A moderate man always tries to cut down his unnecessary expenditure. = একজন পরিমিত মানুষ সর্বদাই তার অপ্রয়োজনীয় খরচ কমানোর চেষ্টা করে।
60.	Cut off- বিচ্ছিন্ন করা, dislocate	The authority will cut off your internet connection for delaying the bill. = বিলম্বিত বিল পরিশোধ করায় কর্তৃপক্ষ তোমার সংযোগ কেটে দেবে।

Do		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
61.	Do away with- বন্ধ হওয়া/বর্জন করা, abolish	Do away with bad accompany. = খারাপ সঙ্গ বর্জন করো।
62.	Do up- গুছানো, keep into order	She has done up all her papers. = সে তার সমস্ত কাগজপত্র গুছিয়েছে।
63.	Do with- ব্যবহার করা, deal with	You should do well with your neighbours. = তোমার প্রতিবেশিদের সাথে ভালো ব্যবহার করা উচিৎ।

Deal		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
64.	Deal in- ব্যবসা করা, carry on business	I deal in mobile accessories. = আমি মোবাইলের যন্ত্রপাতির ব্যবসা করি।
65.	Deal with- ব্যবহার করা, behave	You should deal with your senior properly. = তোমার বড়দের সাথে যথাযথ ব্যবহার করা উচিৎ।

Draw		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
66.	Draw away- অন্যদিকে সরিয়ে নেয়া, divert	Don't try to draw the attention from the real incident. = আসল ঘটনা থেকে মনোযোগ সরিয়ে নেয়ার চেষ্টা করো না।
67.	Draw back- পিছিয়ে পড়া, retreat	They are drawing back as they are tired. = তারা পিছিয়ে পড়ছে যেহেতু তারা ক্লান্ত।
68.	Draw in- সংকুচিত করা/কমানো, reduce	He has drawn in his living cost. = সে তার থাকার খরচ কমিয়েছে।
69.	Draw off- টেনে ফেলা, pull of	The little boy drew off his cap. = ছোট বালকটি তার টুপিটি টেনে খুলে ফেলেছিল।
70.	Draw on- কাছাকাছি হওয়া, approach	Your final exam is drawing on. = তোমাদের বার্ষিক পরীক্ষা খুবই কাছাকাছি।
71.	Draw out- আঁকা, sketch	The engineer will draw out a beautiful building structure. = প্রকৌশলীটি সুন্দর একটি দালান কাঠামো আঁকবে।

Fall		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
72.	Fall at- নিরাশার ভাব দেখানো, show disappointment	Avoid falling at the sight. = দৃশ্যটি দেখে নিরাশার ভাব বর্জন করো।
73.	Fall back upon - শেষ অবলম্বন রূপে গ্রহণ করা, take last adaptation	The old man fell back upon his little son. = বৃদ্ধ মানুষটি তার ছোট সন্তানটিকে শেষ অবলম্বন হিসেবে গ্রহণ করেছিল।
74.	Fall in with- একমত হওয়া, agree with	None will fall in with a dishonest person like you. = কোনো ব্যক্তিই তোমার মত অসৎ ব্যক্তির সাথে একমত হবে না।

Fall		
75.	Fall from- বাহির হওয়া, come out	Now the real words are falling from the murderer. = এখন আসল কথা খুনির মুখ থেকে বের হচ্ছে।
76.	Fall off- কমে যাওয়া, decline	The good and expert politicians have fallen off from politics. = ভালো ও দক্ষ রাজনীতিবিদগন রাজনীতি থেকে কমে গেছে।
77.	Fall on- আক্রমণ করা, attack	All the enemy fall on him all on a sudden. = আকস্মিকভাবে সকল শত্রুরা তাকে আক্রমণ করেছিল।
78.	Fall out- কলহ করা, quarrel	A good neighbour never falls out with his/her neighbour. = একজন ভালো প্রতিবেশী তার প্রতিবেশীর সাথে কখনো কলহ করে না।
79.	Fall through- ব্যর্থ হওয়া, fail	Finally, all his plans has been fallen through. = অবশেষে তার সকল পরিকল্পনা ব্যর্থ হয়েছে।

Get		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
80.	Get at- হাতের নাগালে পাওয়া, reach	I don't get him at my hand. = আমি তাকে হাতের নাগালে পাইনা।
81.	Get away- পালিয়ে যাওয়া, escape	The murderer will not be able to get away from this area. = খুনি এই এলাকা থেকে পালিয়ে যেতে পারবে না।
82.	Get by- পাশ দিয়ে যাওয়া, pass	I saw (that) he got by to the restaurant. = আমি দেখেছিলাম সে আমার পাশ দিয়ে রেস্তোরা গিয়েছিল।
83.	Get down- নামা, descend	The leader has got down of the car in his own way. = নেতা তার নিজস্ব ভঙ্গিতে গাড়ি থেকে নেমেছেন।
84.	Get into- উঠা, ascend	She got into the horse and carriage for the first time. = সে প্রথমবারের মত ঘোড়ার গাড়িতে উঠেছিল।
85.	Get off- পালানো, escape	The thief got off wisely. = বিজ্ঞতার সাথে চোরটি পালিয়েছিল।
86.	Get out- বাহিরে যাওয়া, go out	Get out of my room. = আমার কক্ষ থেকে বের হয়ে যাও।
87.	Get out- প্রকাশিত হওয়া, come out	Finally the hidden fact was got out to all. = অবশেষে লুকায়িত বিষয়টি সবার সম্মুখে প্রকাশিত হয়েছিল।

Get		
88.	Get over- অতিক্রম করা, overcome	I will try to get over my the new problem. = আমি আমার নতুন সমস্যাকে অতিক্রম করার চেষ্টা করব।
89.	Get through- সাফল্য লাভ করা, succeed	My little daughter will get through her all contests, I hope. = আমার বিশ্বাস/ধারণা আমার ছোট মেয়েটি সকল প্রতিযোগিতায় সফল হবে।
90.	Get up- ঘুম থেকে উঠা, rise	Mira gets up 7 o'clock every morning. = মিরা প্রতিদিন সকাল ৭ টায় ঘুম থেকে উঠে।

Give

Sl. No.	Group Verb	Sentence with Bangla meaning
91.	Give away- বিতরণ করা, make over	The NGO is giving away some winter clothes. = এনজিও টি কিছু শীত বস্ত্র বিতরণ করছে।
92.	Give in- বশ্যতা স্বীকার করা/নতি স্বীকার করা, yield	All the robbers gave in at last. = অবশেষে সকল দস্যুরা বস্যতা স্বীকার করেছিল।
93.	Give off- নিঃসৃত করা, send out	This coil gives off poisonous smoke. = এই কয়েলটি বিষাক্ত ধোঁয়া নিঃসৃত করে।
94.	Give out- প্রকাশ করা, disclose	I must give out the real mystery. = আমাকে আসল রহস্যটি প্রকাশ করতেই হবে।
95.	Give over- হস্তান্তরিত করা, make over	Our captain has given over his responsibility to the next one. = আমাদের অধিনায়ক তার সকল দায়িত্ব পরের একজনকে হস্তান্তর করেছেন।
96.	Give over- বন্ধ হওয়া, stop	The factory will give over very soon due to the shortage of raw materials. = কাঁচামাল ঘাটতির কারণে কারখানাটি খুব শীঘ্রই বন্ধ হবে।
97.	Give up- পরিত্যাগ করা, abandon	Give up smoking. = ধূমপান ত্যাগ করুন।

Go		
Sl. No.	Group Verb	Sentence with Bangla meaning
98.	Go about- ঘুরে বেড়ানো/ প্রচারণা চালানো, move about	Now the political candidats are going about canvasing on political issue. = এখন রাজনৈতিক ইস্যুতে রাজনৈতিক প্রার্থীরা প্রচারণা চালাচ্ছেন।

Go		
99.	Go away- প্রস্থান করা, leave the place	I went away his house forever. = আমি তার বাড়ি থেকে চিরতরে চলে গেলাম।
100.	Go after- পিছু অনুসরণ করা, follow	All of my fans went after me. = আমার সকল ভক্তরা আমার পিছু অনুসরণ করেছিল।
101.	Go against- বিরুদ্ধে যাওয়া, oppose	This decree goes against the victim. = এই রায়টি দোষীর বিরুদ্ধে।
102.	Go beyond- অতিক্রম করা, exceed	Don't go beyond your limitation. = তুমি তোমার সীমানা অতিক্রম করোনা।
103.	Go by- অনুসারে চলা, act according to	You have to go by the rules of citizenship. = তোমাকে নাগরিকত্বের নিয়ম মেনে চলতে হবে।
104.	Go off- ছুটে যাওয়া, be fired or be thrown	He will go off to flood affected area. = সে বন্যাকবলিত এলাকায় যাবে।
105.	Go on- চালিয়ে যাওয়া, continue	Go on your new business. = তোমার নতুন ব্যবসায়টি চালিয়ে যাও।
106.	Go out- নিভে যাওয়া, extinguish	The candle is going out gradually. = মোমবাতিটি আস্তে আস্তে নিভে যাচ্ছে।
107.	Go over- পরিবর্তন করা, change	An ideal politician should go over the political crisis to political instability. = একজন আদর্শ রাজনীতিবিদের উচিৎ রাজনৈতিক জটিলতাকে রাজনৈতিক স্থিরতা পরিণত করা।
108.	Go through- ভালোকরে পড়া, read	To read the inner theme of the poem, go through the lines carefully. = কবিতার অন্তর্নিহিত বিষয় বুঝতে লাইনগুলো যত্নসহকারে/ভালোকরে পড়।
109.	Go through- সহ্য করা, bear	I cannot go through your insult. = আমি তোমার অপমান সহ্য করতে পারি না।
110.	Go up- বৃদ্ধি পাওয়া, increase	The living cost of Dhaka city has been going up remarkably. = ঢাকা শহরের জীবনযাত্রার ব্যয় উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পাচ্ছে।

Hang		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
111.	Hang about- কাছাকাছি থাকা, remain near	The orphan boy hangs about the woman thinking his mother. = এতিম বালকটি মহিলাটিকে তার মা ভেবে তার চারপাশ ঘুরে বেড়ায়।

Hang		
112.	Hang by- ঝুলিয়ে মারা, put to death by hanging	I knew the killer was hanged by the neck. = আমি জানতাম খুনিকে গলায় ফাঁসি দেওয়া হয়েছিল।
113.	Hang down- নিচু করা, lower	A bad son generally hangs down his father's head. = একটি খারাপ ছেলে সাধারণত তার পিতার মাথাকে নিচু করে থাকে।
114.	Hang for- ফাঁসি দেওয়া, put to death by hanging	He was hanged for food adulteration. = খাদ্যে ভেজালের দায়ে তাকে ফাঁসি দেওয়া হয়েছিল।
115.	Hang up- ঝুলানো, put up	Hang up your phone as you have no tripod. = ফোনটি ঝুলিয়ে রাখো যেহেতু তোমার ট্রাইপড নেই।
116.	Hang up- দেরি করানো, delay	The train has been hanging up for two hours. = ট্রেনটি দুই ঘন্টার জন্য দেরি করেছে।

Hold		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
117.	Hold back- গোপন রাখা, hide	A patient should not hold back his/her problem from a doctor. = একজন রোগীর উচিৎ নয় ডাক্তার থেকে তার সমস্যা লুকানো।
118.	Hold in- সংযত রাখা, check	Hold in your emotion in public place. = জনসম্মুখে আবেগকে সংযত রাখো।
119.	Hold off- দূরে সরিয়ে রাখা, keep away	Hold off your cellphone at the time of sleeping. = ঘুমানোর সময় মোবাইল ফোনটি দূরে রাখুন।
120.	Hold on- অনুষ্ঠিত হওয়া, passive	Our cultural program will be held at 7:30 pm after Salat. = আমাদের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হবে নামাযের পর সন্ধ্যা ৭:৩০ মিনিট।
121.	Hold over- স্থগিত রাখা, postpone	Today's cricket match has been held over due to rain. = বৃষ্টির কারণে আজকের ক্রিকেট খেলাটি স্থগিত রাখা হয়েছে।
122.	Hold up- দেরি করা, delay	You always hold up minimum 10 minutes to join the program. = তুমি অনুষ্ঠানে যোগ দিতে সর্বদা কমপক্ষে ১০ মিনিট দেরি করো।

Keep		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
123.	Keep at- লেগে থাকা, stick to	He always keeps at his uncle. = সে তার চাচার সাথে সবসময় লেগে থাকে।
124.	Keep away- দূরে থাকা/রাখা, remain at a distance from	Keep yourself away from evil activities. = মন্দ কাজ থেকে নিজেকে দূরে রাখো।
125.	Keep down- সংযত রাখা, control	A muslim tries to keep down himself during ramadan. = রমজান মাসে/সময়ে একজন মুসলমান নিজেকে সংযত রাখে।
126.	Keep in with- বন্ধুত্ব বজায় রেখে চলা, keep good terms	You should keep in with all. = তোমার উচিৎ সবার সাথে বন্ধুত্ব বজায় রাখা।
127.	Keep off- দূরে থাকা, remain at a distance	Keep off yourself from evil accompany. = দুষ্ট সঙ্গ থেকে দূরে থাকো।
128.	Keep up- বজায় রাখা, maintain	Mr. Bashir tries to keep up his personality. = মি. বশির তার ব্যক্তিত্ব বজায় রাখার চেষ্টা করে।
129.	Keep up with- তাল মিলিয়ে চলা, keep pece with	A modern man tries to keep up with modern world. = একজন আধুনিক মানুষ আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে চলার চেষ্টা করে।

Lay		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
130.	Lay aside- সরিয়ে রাখা, keep apart	Lay aside the new book from the old books. = পুরনো বইগুলো থেকে নতুন বইটিকে সরিয়ে রাখো।
131.	Lay before- পেশ করা, place	The accused laid his all documents regarding case before the judge. = অভিযুক্তকারী মামলা সংক্রান্ত সকল প্রমাণাদী বিচারকের সামনে পেশ করেছিল।
132.	Lay by- সঞ্চয় করা, save	Lay by something for future. = ভবিষ্যতের জন্য কিছু সঞ্চয় করে রাখো।
133.	Lay down- বিসর্জন দেওয়া, sacrifice	Many people laid down their lives for their country in 1971. = অনেক মানুষ তাদের দেশের জন্য ১৯৭১ সালে তাদের জীবন বিসর্জন দিয়েছিল।

Lay		
134.	Lay in- জমিয়ে রাখা, store	Some evil-minded businessmen laid some fruits with a view to creating artificial crisis. = কিছু মন্দ-মনমানসিকতার ব্যবসায়ীরা কৃত্রিম সংকট তৈরীর উদ্দেশ্যে কিছু ফলমূল মুজুদ রেখেছিল।
135.	Lay off- সাময়িক ভাবে কর্মচ্যুত করা, dismiss temporarily	The authority decided to lay off him for his misdeed. = কর্তৃপক্ষ তার অপকর্মের জন্য তাকে সাময়িক কর্মচ্যুত করার সিদ্ধান্ত নিয়েছিল।
136.	Lay on- রাখা, put	The mother laid her hands on his dead son. = মা তার মৃত সন্তানটির উপরে হাত রেখেছিল।
137.	Lay out- বিনিয়োগ করা, invest	You should lay out money knowing the market strategy. = বাজার বুঝে তোমার টাকা বিনিয়োগ করা উচিৎ।
138.	Lay with- ঢেকে দেওয়া, cover	Lay the face of the dead man with cloth. = মৃত ব্যক্তির মুখ কাপড় দিয়ে ঢেকে দিন।

Look		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
139.	Look at- তাকানো, gaze	Look at the picture carefully. = মনযোগ সহকারে ছবিটির দিকে তাকাও।
140.	Look after- দেখাশুনা করা, take care of	She looks after her mother. = সে তার মায়ের দেখাশোনা করে।
141.	Look down upon- ঘৃণা করা, hate	Do not look down upon the poor. = গরীবদের ঘৃণা করো না।
142.	Look for- খোঁজ করা, search	I am looking for a new job. = আমি একটি নতুন চাকুরি খুঁজছি।
143.	Look into- তদন্ত করা, examine	The police is looking into the case from the beginning. = পুলিশ মামলাটির শুরু থেকে তদন্ত করছে।
144.	Look on/upon- বিবেচনা করা, consider	None looks on/upon him as a famous person. = কেউই তাকে বিখ্যাত ব্যক্তি হিসেবে বিবেচনা করে না
145.	Look over- পরীক্ষা করা, examine	Finally, the authority has looked over his academic certificates. = অবশেষে কর্তৃপক্ষ তার প্রাতিষ্ঠানিক সনদের পরীক্ষা করছে।
146.	Look through- ভালোভাবে নজরদারী করা, inspect carefuly	The authority looked through her papers. = কর্তৃপক্ষ তার কাগজপত্র ভালোভাবে নজরদারি করেছিল।

Look		
147.	Look up- ডিকশনারী হতে শব্দ খোঁজা, find out	Look up some new words in the dictionary. = অভিধানে কিছু নতুন শব্দ খুঁজে বের করো।
148.	Look up- দ্রব্যমূল্য বৃদ্ধি হওয়া, rise in price	The price of essential commodities is looking up beyond thinking. = দ্রব্যমূল্যের দাম চিন্তার বাহিরে বেড়েই চলেছে।

Make		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
149.	Make after- পিছু অনুসরণ করা, follow something from behind	All the people made after their leader. = সকল মানুষজন তার নেতাকে অনুসরণ করেছিল।
150.	Make away- হত্যা করা, kill	She made away herself. = সে আত্মহত্যা করেছে) **Note:** Make away = হত্যা করা, হলেও reflexive pronoun "herself" ব্যবহার করায় বাংলা অর্থে "আত্মহত্যা" হয়েছে।
151.	Make of- তৈরি করা, compose of	This ring is made of diamond. = এই আংটি'টি হীরার তৈরী।
152.	Make off- পালিয়ে যাওয়া, escape	The murderer made off after killing him. = খুনিটি তাকে হত্যা করে পালিয়েছিল।
153.	Make out- বুঝিতে পারা, understand	Readers sometimes cannot make out the Sanskrit language. = পাঠকরা মাঝে মাঝে সংস্কৃত ভাষা বুঝতে পারে না।
154.	Make over- হস্তান্তর করা, handover	Our present secretary has made over his power to the general secretary. = আমাদের বর্তমান সচীব তার ক্ষমতাটি প্রধান সচীবকে হস্তান্তর করেছে।
155.	Make up- পরিপূর্ণ করা, complete	The company has determined to make up his loss. = প্রতিষ্ঠানটি তার ক্ষতিপূরণ দিতে সিদ্ধান্ত নিয়েছে।

Pass		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
156.	Pass away- মারা যাওয়া, die	Our national poet, Kazi Nazrul Islam passed away in 1976. = আমাদের জাতীয় কবি ১৯৭৬ সালে মারা যান।

Pass		
157.	Pass by- উপেক্ষা করা, pay no attention to	He passed by the importance of internet facilities. = সে ইন্টারনেট সুবিধার গুরুত্বকে উপেক্ষা করেছিল।
158.	Pass by- পাশকাটিয়ে যাওয়া, go along side	She passes by my room. = সে আমার কক্ষের পাশ কাটিয়ে যায়।
159.	Pass for- পরিগণিত হওয়া, be regarded as	The old man is passed for a senior person in our village. = বৃদ্ধি মানুষটি আমাদের গ্রামে সবচেয়ে প্রবীণ ব্যক্তি হিসেবে পরিগণিত।
160.	Pass of- শেষ হওয়া, to be over	The cultural function will pass of after the president's speech. = সাংস্কৃতিক অনুষ্ঠানটি সভাপতির বক্তব্যের পরই শেষ হবে।
161.	Pass on- এগিয়ে যাওয়া, proceed	May Bangladesh pass on with her victory. = বাংলাদেশ তার বিজয় নিয়ে এগিয়ে যাক।
162.	Pass through- অভিজ্ঞতা সঞ্চয় করা, to gather experience	I have passed through joining this company. = এই প্রতিষ্ঠানটিতে যোগ দিয়ে অনেক অভিজ্ঞতা অর্জন করেছি।

Put		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
163.	Put away- ছেড়ে দেওয়া, leave	Do not put away your possibilities. = তোমার সম্ভাবনাকে এড়িয়ে যেওনা।
164.	Put by- সঞ্চয় করা, lay by	A wise man never forget to put by something for future. = একজন জ্ঞানী মানুষ কখনোই ভবিষ্যতের সঞ্চয়ের কথা ভুলে যায় না।
165.	Put down- লেখা, write	Put down the names of all new members. = সকল নতুন সদস্যের নাম লেখ।
166.	Put down- দমিয়ে রাখা, suppress	None can put down the brave. = সাহসীদের কেউ দমিয়ে রাখতে পারে না।
167.	Put off- খুলিয়া ফেলা, take off	Put off your shoes before entering the room. = কক্ষে প্রবেশের পূর্বে জুতা খুলে ফেলো।
168.	Put off- স্থগিত রাখা, postpone	The cricket match may put off due to rain. = ক্রিকেট ম্যাচটি বৃষ্টির কারণে স্থগিত হতে পারে।

Put		
169.	Put off- মুক্ত হওয়া, get rid of	Now he puts off all obstacles. = এখন সে সকল বাধা থেকে মুক্ত।
170.	Put on- পরিধান করা, wear	He cannot put on his dress without his mother's help. = সে তার মায়ের সাহায্য ছাড়া পোশাক পরিধান করতে পারে না।
171.	Put on- ভান করা, pretend	Don't put on being an ill man. = অসুস্থ মানুষ হওয়ার ভান করো না।
172.	Put out- নিভিয়ে দেওয়া, extinguish	Please don't put out the candles. = দয়াকরে মোমবাতি গুলো নিভিয়ে দিওনা।
173.	Put up with- সহ্য করা, tolerate	I cannot put up with your rebuke. = আমি তোমার তিরষ্কারকে সহ্য করতে পারি না।

Run		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
174.	Run after- পেছনে ছোটা, follow	Do not run after mundane life. = ইহকালীন জীবনের পেছনে ছুটিওনা।
175.	Run away- পালিয়ে যাওয়া, flee	The thief ran away after hearing sound. = শব্দ শুনে চোরটি পালিয়েছিল।
176.	Run into- পড়ে যাওয়া, fall into	He always runs into new trap. = সে সর্বদাই নতুন ফাঁদে পড়ে।
177.	Run into- জড়িত হওয়া, to be involved in	He has been run into criminal activities. = সে অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়েছে।
178.	Run on- চলতে থাকা, continue	Run on your business with good behavior. = ভালো ব্যবহারের সাথে ব্যবসায় চালিয়ে যাও।
179.	Run out- শেষ হওয়া, become exhausted	The ink of this pen has been run out. = এই কলমটির কালি শেষ হয়েছে।
180.	Run over- গাড়ি চাপা পড়া, knocked down	The child was run over by a speedy bus. = শিশুটিকে একটি দ্রুতগামী বাস চাপা দিয়েছিল।

See		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
181.	See off- বিদায় জানাতে যাওয়া, to bid good-bye	We all went to the airport to see my father off. = আমরা সবাই বাবাকে বিদায় জানাতে বিমান বন্দরে গিয়েছিলাম।
182.	See through- বুঝে ফেলা, understand	Finally you have been able to see through the plan. = অবশেষে তুমি পরিকল্পনাটি বুঝে ফেলেছ।

Set		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
183.	Set about- আরম্ভ করা, begin	I will set about my journey in next january of 2023. = আমি আমার সফরটি ২০২৩ সালের জানুয়ারিতে শুরু করবো।
184.	Set apart/aside- পৃথক করে রাখা, reserve	Please set apart this asset from the useless thing. = দয়াকরে এই সম্পদকে অপ্রয়োজনীয় জিনিস থেকে আলাদা করে রাখো।
185.	Set aside- অগ্রাহ্য করা, ignore	Do not set aside any necessary thing. = যেকোনো প্রয়োজনীয় জিনিসকে অগ্রাহ্য করো না।
186.	Set forth- যাত্রা করা, start	I hope our captain will set forth early in the morning. = আমার ধারণা, আমাদের অধিনায়ক খুব সকালেই যাত্রা শুরু করবেন।
187.	Set out- শুরু করা, start	We all have set out for Cox's bazar. = আমার সবাই কক্সবাজারের উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম।
188.	Set up- প্রতিষ্ঠা করা, establish	I will set up a charity fund from my income. = আমি আমার উপার্জন থেকে একটি দাতব্য তহবিল প্রতিষ্ঠা করবো।

Sit		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
189.	Sit for- পরীক্ষার জন্য উপস্থিত হওয়া, appear in	All the candidates sat for the final exam before 9:00 am. = সকল প্রার্থী সকাল ৯:০০ টার পূর্বেই পরীক্ষার জন্য উপস্থিত হয়েছিল।
190.	Sit up- বসে থাকা, continue to sit	I sat up the day long for visa. = আমি ভিসার জন্য সারাদিন বসে ছিলাম।

Stand		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
191.	Stand against- কারো বিরুদ্ধে দাঁড়ানো, oppose	Don't stand against a right approach. = একটি সঠিক পদক্ষেপের বিপরীতে দাঁড়িওনা।
192.	Stand by- সাহায্য করা, support	A true friend always stands by his another friend. = একজন সত্যিকারের বন্ধু সবসময় তার অন্য বন্ধুকে সাহায্য করে।

Stand		
193.	Stand for- প্রার্থীরূপে দাঁড়ানো, contest for	The boy stood for captainship. = বালকটি অধিনায়কত্ব পেতে প্রার্থীরূপে দাঁড়িয়েছিল।
194.	Stand for- প্রতীক রূপে গণ্য হওয়া, symbolise	Nelson Mandela is stood for peace. = নেলসন ম্যান্ডেলাকে শান্তির প্রতীক রূপে ভাবা হয়।
195.	Stand up- দাঁড়ানো, support the cause of	A strong man should stand up for the innocent. = একজন বিত্তবান মানুষকে অসহায়দের পাশে দাঁড়ানো উচিৎ।
196.	Stand over- স্থগিত থাকা, be postponed	Our program has been stood over for relevant reason. = প্রাসঙ্গিক কারণে আমাদের অনুষ্ঠানটি স্থগিত আছে।
197.	Stand to- লেগে থাকা, stick to	To succeed in life, stand to your work. = জীবনে সফল হতে তোমার কাজের সাথে লেগে থাকো।

Take		
Sl. No.	**Group Verb**	**Sentence with Bangla meaning**
198.	Take after- সদৃশ হওয়া / দেখতে একই রকম, resemble	The boy takes after his father. = বালকটি দেখতে তার বাবার মতো।
199.	Take back- ফিরিয়ে নেয়া, withdraw	I am not habituated to take back any relevant proposal. = আমি কোনো প্রাসঙ্গিক প্রস্তাবনাকে ফিরিয়ে নিতে অভ্যস্ত নই।
200.	Take by- ধরা, catch	The headmaster took the student by his ear. = প্রধানশিক্ষক ছাত্রটির কান ধরেছিল।
201.	Take down- লিখে নেওয়া, write down	A meritorious student always takes down what he listens to. = একজন মেধাবী ছাত্র যা শুনে তা-ই লিখে নেয়।
202.	Take off- খুলে ফেলা, put off	Take off your hat. = টুপিটি খুলে ফেল।
203.	Take over- গ্রহণ করা, accept	We all will cordially take over our new president. = আমরা সবাই আন্তরিক ভাবে আমাদের সভাপতিকে গ্রহণ করবো।
204.	Take up- গ্রহণ করা, undertake	He will surely take up your request. = সে অবশ্যই তোমার অনুরোধটি গ্রহণ করবে।

Stand		
193.	Stand for- প্রার্থীরূপে দাঁড়ানো, contest for	The boy stood for captainship. = বালকটি অধিনায়কত্ব পেতে প্রার্থীরূপে দাঁড়িয়েছিল।
194.	Stand for- প্রতীক রূপে গণ্য হওয়া, symbolise	Nelson Mandela is stood for peace. = নেলসন ম্যান্ডেলাকে শান্তির প্রতীক রূপে ভাবা হয়।
195.	Stand up- দাঁড়ানো, support the cause of	A strong man should stand up for the innocent. = একজন বিত্তবান মানুষকে অসহায়দের পাশে দাঁড়ানো উচিৎ।
196.	Stand over- স্থগিত থাকা, be postponed	Our program has been stood over for relevant reason. = প্রাসঙ্গিক কারণে আমাদের অনুষ্ঠানটি স্থগিত আছে।
197.	Stand to- লেগে থাকা, stick to	To succeed in life, stand to your work. = জীবনে সফল হতে তোমার কাজের সাথে লেগে থাকো।

Take		
Sl. No.	Group Verb	Sentence with Bangla meaning
198.	Take after- সদৃশ হওয়া / দেখতে একই রকম, resemble	The boy takes after his father. = বালকটি দেখতে তার বাবার মতো।
199.	Take back- ফিরিয়ে নেয়া, withdraw	I am not habituated to take back any relevant proposal. = আমি কোনো প্রাসঙ্গিক প্রস্তাবনাকে ফিরিয়ে নিতে অভ্যস্ত নই।
200.	Take by- ধরা, catch	The headmaster took the student by his ear. = প্রধানশিক্ষক ছাত্রটির কান ধরেছিল।
201.	Take down- লিখে নেওয়া, write down	A meritorious student always takes down what he listens to. = একজন মেধাবী ছাত্র যা শুনে তা-ই লিখে নেয়।
202.	Take off- খুলে ফেলা, put off	Take off your hat. = টুপিটি খুলে ফেল।
203.	Take over- গ্রহণ করা, accept	We all will cordially take over our new president. = আমরা সবাই আন্তরিক ভাবে আমাদের সভাপতিকে গ্রহণ করবো।
204.	Take up- গ্রহণ করা, undertake	He will surely take up your request. = সে অবশ্যই তোমার অনুরোধটি গ্রহণ করবে।

Turn		
Sl. No.	Group Verb	Sentence with Bangla meaning
205.	Turn aside- বিচ্যুত হওয়া, deviate from	None should turn aside from the way of Allah. = আল্লাহর পথ থেকে কারো বিচ্যুত হওয়া উচিৎ নয়।
206.	Turn against- শত্রু হইয়া উঠা, become hostile	Some members of our organization turned against me. = আমাদের সংস্থার কিছু সদস্য আমার শত্রু হয়েছিল।
207.	Turn away- অন্যদিকে চলে যাওয়া, keep away	The old man turned away in an unknown place. = বৃদ্ধ লোকটি কোনো এক অজানা স্থানে চলে গিয়েছিল।
208.	Turn down- অগ্রাহ্য করা, reject	The authority did not turn down our proposal. = কর্তৃপক্ষ আমাদের প্রস্তাবটি অগ্রাহ্য করেনি।
209.	Turn into- পরিবর্তন করা, change into	Turn this passage into Bangla. = অনুচ্ছেদটিকে বাংলাতে রূপান্তর করো।
210.	Turn off- বন্ধ করা, stop	Turn off the computer. = কম্পিউটারটি বন্ধ করো।
211.	Turn on- চালু করা, let it work	Turn on the machine. = মেশিনটি চালু করো।
212.	Turn out- বিতাড়িত করা, drive out	Three persons have been turned out from our team for their misbehavior. = তিনজন ব্যক্তিকে তাদের খারাপ আচরণের জন্য দল থেকে বিতাড়িত করা হয়েছে।
213.	Turn to- নিযুক্ত হওয়া, engage oneself	Please turn to your father's company. = দয়া করে তোমার বাবার প্রতিষ্ঠানে যোগ দাও।
214.	Turn up- উপস্থিত হওয়া, appear	Perhaps, he will not turn up the program for his illness. = সম্ভবত, তার অসুস্থতার জন্য সে অনুষ্ঠানে উপস্থিত হবে না।

Work		
Sl. No.	Group Verb	Sentence with Bangla meaning
215.	Work on- কাজ চালিয়ে যাওয়া, continue working	A labour should work on his own liability. = একজন শ্রমিকের উচিৎ তার নিজের দায়বদ্ধতা থেকেই কাজ চালিয়ে যাওয়া।
216.	Work out- সমাধান করা, solve	Work out the problem with intensive care. = বিশেষ যত্নের সাথে সমস্যাটি সমাধান করো।
217.	Work up- উত্তেজিত করা, excite	Some evil persons work up the people by creating rumor. = কিছু অসৎ লোক গুজব সৃষ্টি করে জনগণকে উত্তেজিত করে।

Determiners

(নির্দেশক শব্দ)

Determiner এর সংজ্ঞা:

যে সকল শব্দ কোনো noun এর পূর্বে বসে noun এর সংখ্যা, পরিমাণ, নির্দিষ্টতা, অনির্দিষ্টতা ইত্যাদি প্রকাশ করে, তাকে determiner বা নির্দেশক শব্দ বলে।

অজানা কথা:

i. Determiner এর অপর নাম Determinative।
ii. Traditional grammar- এ determiner-কে adjective হিসেবে ভাবা হয়।
iii. Modern/Contemporary English-এ determiner কে parts of speech একটি প্রকার হিসেবে ভাবা হয়।
iv. According to Cambridge View: determiner এর কাজ ২টি :
   1. Noun-কে উল্লেখ করা 2. Noun-কে পরিমাপ করা
v. **Determiner-এর কোনো নির্দিষ্ট প্রকার না থাকলেও, নিচের প্রকার গুলোকেই সাধারণত দেখা যায়:**

i. Article	: a, an, the
ii. Possessive	: my, your, his, her, their, its *etc.*
iii. Demonstrative	: this, these, that, those *etc.*
iv. Numbers:	
Cardinal	: one, two, three, four *etc.*
Ordinal	: first, second, third *etc.*
v. Quantifier	: many, much, more, most, all, no *etc.*
vi. Distributive	: each, any *etc.*
vii. Interrogative	: which, what *etc.*
viii.Noun phrase	: anybody's problem, children's toys *etc.*

Order of Determiners:

একটি Noun এরপূর্বে অনেকগুলো determiner বসলে, নির্দিষ্ট একটি Order মেনে বসে।

According to Cambridge Grammar View:

1	2	3	4	5	
Quantifier	**Article**	**Demonstrative**	**Possessive**	**Number**	**+ Noun**
All	the				boys
Both (of)			my		students
			his	three	pens
Many (of)		these			problems

Determiner-কে প্রধান ৩ টি ভাগে ভাগ করা যেতে পারে:

i. Countable determiners
ii. Uncountable determiners
iii. Mixed Determiners

❑ Countable Determiners: যে determiners গুলো countable noun-এর পূর্বে বসে।

For example:

They saw a tiger. (তারা একটি বাঘ দেখেছিল।)
Teacher ordered me to bring a pen. (শিক্ষক আমাকে কলম আনতে বললেন।)
I have one problem. (আমার একটি সমস্যা আছে।)
Each person should devote to his/her work. (প্রত্যেক ব্যক্তিরই তার নিজের কাজে নিবেদিত হওয়া উচিৎ)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "a, one, each" এই determiner গুলো singular countable noun "tiger, pen, problem, person" এর পূর্বে বসে "নির্দিষ্টতা" অর্থ দিয়েছে।

Some Important Countable Determiners:

A, An, One, Every, Both, Many, Those, These, Few, A few, The few, Very few, Fewer, Fewest, Many, Many of, A number of *etc.*

❑ Uncountable Determiners: যে determiner গুলো uncountable noun এর পূর্বে বসে।

For example:

He has much time to complete the task. (কাজটি শেষ করার জন্য তার পর্যাপ্ত সময় আছে।)
I have little hope. (আমার কোন আশা নেই বললেই চলে।)
There is a little furniture in your showroom. (তোমার শোরুমে অল্প কিছু আসবাবপত্র আছে।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে "much, little" এই determiner গুলো uncountable noun "time, hope, furniture" এর পূর্বে বসেছে।

Some Important Uncountable Determiners:

Little, A little, The little, Very little, Less, Least, Much, Much of, A bit, Amount of *etc.*

অজানা কথা:

uncountable determiner-এর ক্ষেত্রে uncountable noun গুলো মনে রাখা জরুরী। যদিও এই noun গুলো noun অধ্যায় আলোচনা করা হয়েছে, তবুও আরেকবার দেখে নাও।

Some uncountable nouns:

Furniture, Advice, Rice, Hope, Grammar, Equipment, Time, Flour, Economics, Soap, Mea, Physics, Clothing, Ethics, Machinery, Bread, Architecture, Music, Mathematics, Perfume, Luggage, Butter, Hair, Money, Poetry *etc.*

❑ Mixed Determiners: যে determiner গুলো countable এবং uncountable উভয় noun এর পূর্বে বসতে পারে।

For example:

There is some furniture in the showroom. = (some বসেছে uncountable noun "furniture" এর পূর্বে)
(শোরুমে কিছু আসবাবপত্র আছে।)
There are some boys playing in the playground. = (some বসেছে countable noun "boys" এর পূর্বে)

(মাঠে কিছু বালক খেলা করছে।)

Most of the scenery is like ancient picture. = (most বসেছে uncountable noun "scenery" এর পূর্বে)
(অধিকাংশ দৃশ্যই প্রাচীন ছবির মত।)

Most of the people are ready to show their activities. = (most বসেছে countable noun "people" এর পূর্বে)
(অধিকাংশ মানুষজনই তাদের কার্যক্রম দেখাতে প্রস্তুত।)

Some Important Mixed Determiners:
All, Any, Some, Some of, More, Most, Most of, Rest of, A lot of, Lots of, None of, No, Possessive (your, his, her, their, its), A great deal of *etc.*

অজানা কথা:

i. Countable determiners + countable noun=verb (singular/plural)
ii. Uncountable determiners + uncountable noun= verb (singular)
iii. Mixed determiners + countable/uncountable noun= verb (singular/plural)

For example:
i. A pen **is**----/Some pens **are**---
ii. Some information **is**----
iii. A lot of furniture **is** ----/A lot of pens **are**----

Use of Countable Determiners

☑ A, An, One:

একটি অর্থে a, an, one বসে। জেনে রাখো: a, an (indefinite article) যা "one" এর মত সমর্থক অর্থ দিয়ে থাকে।

For example:
She has a target to reach the goal.
We noticed an ugly lass. (বালিকা).
One issue sometimes compares to another issue.

Shortcut:
a/an/one + countable noun=verb singular

অজানা কথা:

i. Consonant-এর পূর্বে "a" বসে এবং Vowel-এর পূর্বে "an" বসে, তবে "একটি অর্থে" Consonant এবং Vowel উভয়ের পূর্বে "one" বসতে পারে।
ii. "One" কোন বাক্যের subject হলে, তা indefinite pronoun হয়।

For example:
One has to do one's duty.
One is black and another is red.

☑ Every, Both, These, Those:

Every এর পরের noun টি সর্বদাই singular countable noun হয়।
Both, many, these, those এই determiner গুলোর পরের noun টি countable plural হয়।

For example:
Every person wants to get his/her (their) basic rights.(প্রত্যেক মানুষই তার মৌলিক অধিকার পেতে চায়)
Both (of) the boys were jolly minded. (সকল বালকই ছিল আনন্দ মনে।)
These shirts are better than that one. (এই শার্টগুলো ঐটার থেকে ভালো।)
Those things impressed us very much. (ঐ বিষয়গুলো আমাদের খুব মুগ্ধ করেছিল।)

Shortcut:
i. Every+ countable noun=verb singular + possessive(his/her/their)
ii. Both, many, these, those + countable noun (plural)= verb plural

অজানা কথা:
"both" এরপর আর কোন determiner থাকলে "both" কে বলা হয় predeterminer।

For example:
I like both pictures.= determiner (আমি দুটো ছবি পছন্দ করি।)
I like both these pictures.= predeterminer (আমি এই দুটো ছবি পছন্দ করি।)

☑ Few, A few, The few, Very few, Fewer, Fewest:

Few = Not expected or wished for
Negative অর্থে ব্যবহার হয়। যার অর্থ অল্পসংখ্যক বা নেই বললেই চলে।
A few = Affirmative অর্থে ব্যবহৃত হয়, যার অর্থ কিছু সংখ্যক। a few এর সমর্থক শব্দ "some"।
The few = Affirmative অর্থে ব্যবহৃত হয়, যার অর্থ কয়েকটি তার সবগুলো বা যথেষ্ট।
Very few = "একেবারেই নেই" এমন negative অর্থে ব্যবহৃত হয়।
Fewer = Few এর comparative degree "fewer"। তুলনামূলক কম অর্থে ব্যবহৃত হয়।
Fewest = Few এর superlative degree "fewest"।

For example:
I have few friends in my new school. (আমার নতুন স্কুলে বন্ধু নেই বললেই চলে)
I have a few enemies. (আমার কিছু শত্রু আছে।)
The few friends who were present in the meeting came from USA.
(মিটিংয়ে বন্ধুরা যথেষ্ট উপস্থিত ছিল যারা আমেরিকা থেকে এসেছিল।)
The show room has very few products left for selling.
(শোরুমে বিক্রির জন্য একেবারেই কোনো পণ্যই নেই।)
Fewer students get the chance to meet the president.
(কম সংখ্যক শিক্ষার্থীরাই সভাপতির সাথে সাক্ষাতের সুযোগ পায়।)
The fewest teenagers were seen in the meeting.
(মিটিংয়ে অল্পসংখ্যক কিশোর-কিশোরীদের দেখা মিলেছিল।)

অজানা কথা:
"Few"এরপর noun বসলে "few" হয় determiner, তবে "few"এরপর verb বসলে "few" হয় pronoun।

For example:
I have few friends in my new school.= determiner (আমার নতুন স্কুলে বন্ধু নেই বললেই চলে)
You have many problems but few are solved.= pronoun
(তোমার অনেক সমস্যা আছে কিন্তু তার কোনো সমাধান হয়নি বললেই চলে।)

☑ Many, Many of, A number of:

Many = Countable noun এর জন্য "many" বসে। Many এর পর countable noun টি সর্বদাই plural হয়।
Many of = "অনেক" অর্থে ব্যবহৃত হয়। Many of এর পর অবশ্যই একটি noun বা pronoun থাকবে।
A number of = "A number of " এর সমর্থক শব্দ Many। "অনেক" অর্থে a number of ব্যবহার করতে হয়।

For example:
Many students are now getting American visa. (অনেক শিক্ষার্থী এখন আমেরিকার ভিসা পাচ্ছে।)
Many of the problems have been solved automatically. (সমস্যার অনেকগুলোই স্বয়ংক্রিয়ভাবে সমাধান হয়েছে।)
A number of offers are pending for announcement. (অনেক সংখ্যক সুযোগই ঘোষণার জন্য অপেক্ষমান।)

অজানা কথা:
i. "Many" এরপর "of" থাকলে, মূলত "many"হয় pronoun যদিও কিছু ক্ষেত্রে তাকে determiner বল হয়।
For example:
Many architects were involved in designing.=determiner
(অনেক স্থপতি/ভাস্কর নকশার সাথে জড়িত ছিল।)
Many of the architects were involved in designing.=pronun

ii. "Many" এরপর আর কোন determiner থাকলে "many" কে বলা হয় predeterminer।
For example:
Many boys presented there.= determiner (অনেক বালক সেখানে উপস্থিত ছিল।)
Many a boy presented there.=predeterminer (কতইনা বালক সেখানে উপস্থিত ছিল।)

Use of Uncountable Determiners

☑ Little, A little, The little, Very little:

Little = not as much as may be expected or wished for
(নেই বললেই চলে/প্রত্যাশিত পরিমাণ নেই , *negative* অর্থে)। যার পরের শব্দটি সর্বদাই uncountable noun হবে। অর্থাৎ, যে noun গুলো গণনা করা যায় না। এমন noun এর পূর্বে little বসবে।
A little = Some (কিছু আছে/অল্প পরিমাণ, *affirmative* অর্থে)। যার সমর্থক শব্দ "some"।
The little = affirmative অর্থে ব্যবহৃত হয়। যার অর্থ "অল্প পরিমাণ কিন্তু সবটুকু" (not much but all)।
Very little = একেবারেই নাই, এমন negative অর্থ দেয়।

For example:
He has little money. (তার অর্থ নেই বললেই চলে।) [যা আছে তা প্রত্যাশিত নয়]

He has a little money. (তার কিছু অর্থ আছে।)
He desired to have the little milk. (অল্প হলেও সে দুধের সবটুকু নেওয়ার ইচ্ছা করেছিল।)
The GM invested very little money to the new project.
(ব্যবস্থাপনা পরিচালক নতুন প্রকল্পে একেবারেই অর্থ বিনিয়োগ করেনি বললেই চলে।)

অজানা কথা:
Adverb এরপরে এবং main verb এর পূর্বে "little"বসলে, উক্ত "little" হয় adverb।

For example:
I went to your house very little.=adverb + adverb (আমি তোমার বাড়িতে খুব কম গিয়েছিলাম)
She was little surprised at his arrival.=adverb + main verb (সে তার আগমনে কিছুটা বিস্মিত)

☑ Less, Least:

Less = Little এর comparative form "less"।
Least = Little এর superlative form "Least"।

For example:
He has maintained less privacy to avoid risk.
(ঝুঁকি এড়াতে সে তুলনামূলক কম গোপনীয়তা রক্ষা করেছিল।)
Mira completed the least work for us. (আমাদের জন্য মিরা সবচেয়ে কম পরিমাণের কাজ করেছিল।)

অজানা কথা:
"Noun"এর পূর্বে less/least বসলে, তা determiner হবে তবে adjective এরপূর্বে less/least বসলে তা adverb হবে।

For example:
It is less important.=adverb + adjective (এটি কম গুরুত্বপূর্ণ)
He is used to earning less money.=determiner + noun (সে কম অর্থ উপার্জনে অভ্যস্ত)

☑ Much, Much of:

Much = যার অর্থ খুব/বেশি যাকে আমরা "a lot of" বলে প্রকাশ করতে পারি। তার মানে, যেখানে "a lot of" বসানো যায় সেখানে much বসানো যাবে।
লক্ষ্য রাখতে হবে, much এর পরের শব্দটি সর্বদাই "uncountable" হবে।
কিন্তু, "a lot of" এর পরে countable ও uncountable উভয় noun বসতে পারে।
Much of = অনেক বেশি অর্থে much of বসে। much of এর পর uncountable noun বসে এবং এর পরের verb টি singular হয়।

For example:
I have much hope for my offsprings. (আমার সন্তানেদের জন্য অনেক আশা আছে।)
Much of information has been deleted from computer.
(কম্পিউটার থেকে অনেক তথ্যই মুছে ফেলা হয়েছে।)

অজানা কথা:

বাক্যের শেষে verb পরবর্তী much "adverb" হিসেবে বসে এবং Adjective/comparative of adjective এর পূর্বে much "adverb" হিসেবে বসে।

For example:

It has been changed much.=adverb (এটা বেশ পরিবর্তন হয়েছে)

A much dedicated soldier is never a traitor.=adverb + adjective
(একজন বেশি নিবেদিত সৈনিক কখনো বিশ্বাসঘাতক হয় না।)

The math was much easier than I expected.=adverb + comparative
(আমি যা প্রত্যাশা করেছিলাম তার চেয়েও অংকটি সহজ ছিল।)

☑ A bit, Amount of:

A bit = Affirmative অর্থে ব্যবহৃত হয়। যার অর্থ কিছুটা বা কিছু পরিমাণ।

Amount of = "পর্যাপ্ত/যথেষ্ট" অর্থে amount of ব্যবহার করতে হয়।

উল্লেখ্য, amount of এর আগে "article + adjective" বসে, phrase এ রূপান্তরিত হয়। যেমন: a huge amount of, a large amount of *etc.*

For example:

Please add a bit of sugar to this coffee. (দয়া করে এই কফিতে কিছুটা চিনি দিন।)

A huge amount of information can be saved in computer hard disk.
(হার্ডডিস্কে বিপুল পরিমাণ তথ্য সংরক্ষণ করা যায়।)

অজানা কথা:

i. "A bit of"এর পরিবর্তে "some" ব্যবহার করলেও বাক্যটির অর্থ একই থাকে।

For example:

Please add a bit of sugar to this coffee.

Please add some sugar to this coffee. (দয়া করে এই কফিতে একটু চিনি দিন।)

ii. adjective-এর পূর্বে "a bit"বসলে অথবা verb কে বিশেষায়িত করলে a bit "adverb" হয়।

For example:

He got a bit tired working in the garden. (সে বাগানে কাজ করে কিছুটা ক্লান্ত হয়েছিল।)

Will you wait a bit for me? =Adverb (আপনি কি আমার জন্য কিছুটা (সময়) অপেক্ষা করবেন।)

Use of Mixed Determiners

☑ All, Some, Some of:

All = every one (সব/সকল)

Some = কিছু,

Some of = অনেকগুলোর মধ্যে কিছুটা / কয়েকটা

For example:

I requested all guests to sit on the stage. (আমি সকল অতিথিকে মঞ্চে বসতে অনুরোধ করেছিলাম।)

All the guests were dressed in blue and red colour shirt.
(সকল অতিথিকেই লাল ও নীল রঙের জামা পরেছিল।)

Some customers are haggling to get some special furniture.
(গ্রাহকরা কিছু বিশেষ আসবাবপত্র পাওয়ার জন্য দরকষাকষি করছে।)

Some of my friends were injured in road accident.
(সড়ক দুর্ঘটনায় আমার কিছু বন্ধু আহত হয়েছিল।)

My relatives were surprised to see some of the scenery.
(আমার আত্মীয়রা কিছু দৃশ্য দেখে অবাক হয়েছিল।)

অজানা কথা:

i. "All"এরপর যদি আরেকটি determiner থাকে, তাহলে উক্ত "all" টি predeterminer হয়।

For example:

All the boys were very decent. =predeterminer

All the guests were dressed in blue colour shirt. =predeterminer

ii. "All" বাক্যের subject হলে/ All "relative pronoun" এর পূর্বে বসলে / All এরপর preposition "of" থাকলে- All "Pronoun" হয়।

For example:

All are correct what you have said.= pronoun (তুমি যা বলেছ সব ঠিক।)

He selected all that were unselected.= pronoun + relative pronoun
(সে অনির্বাচিত সবকিছু নির্বাচন করেছিল।)

They called all of us.=pronoun + preposition (তারা আমাদের সবাইকে ডেকে ছিল।)

iii. "All" এরপর about এবং alone থাকলে উক্ত all "adverb" হয়।

For example:

He was all alone in such a big city. (এত বড় শহরে সে একাই ছিল।)

He had forgotten all about the real thing. (সে আসল ঘটনার সবকিছু ভুলে গিয়েছিল।)

iv. "All"এরপর আরো কিছু determiner বসতে পারে, সে ক্ষেত্রে নির্দিষ্ট একটি order মেনে বসে।

	1	2	3	4	
All	**article**	**possessive**	**demonstrative**	**number**	**= noun**
All	the				problems
All		my			students
All			this		items
All				100	students

v. "some" বাক্যের subject অথবা object হলে তা pronoun হয়।

For example:

I have many friends. Some are absent today.= pronoun as subject

I will give you some.= pronoun as direct object

☑ More, Most, Most of, Rest of, A lot of, Lots of:

More = অধিক,
Most = খুব (যা very এর মত অর্থ দেয়),
Most of = অধিকাংশ,
Rest of = বাকী অংশ বা বাকীগুলো,
A lot of / Lots of = প্রচুর/পর্যাপ্ত (a lot of countable and uncountable উভয় noun এর পূর্বে বসতে পারে তবে " lots of " countable এর পূর্বে বসবে)

For example:
I have more books than you. (তোমার থেকে আমার বেশি বই আছে।)
This is a most amazing picture. (এটি খুব চিত্তাকর্ষক/মনোমুগ্ধকর ছবি।)
Most of the candidates were selected by their merits.
(অধিকাংশ প্রার্থী তাদের মেধার কারণে নির্বাচিত হয়েছিল।)
I am ready to give the rest of five thousand taka.
(আমি তোমাকে বাকী পাঁচ হাজার টাকা দিতে প্রস্তুত।)
I have drunk a lot of cold drinks. (আমি প্রচুর/পর্যাপ্ত পরিমাণে কোমল পানীয় পান করেছি।)

দ্বন্দ্ব দূর করে নাও:

অনেকের ধারণা "most" শব্দটি ব্যবহার হলেই সেটি superlative degree। আর, এই ভুল ধারণার কারণে "most" এর আগে "the" বসায়।

মনে রাখা জরুরী "most" এর অর্থ "very-খুব" এর মত হলে উক্ত most "adverb" হয়। এইজন্য "the + most" না বসে "a + most" বসে।

For example:
It is a most beautiful scene that might impress all.
(এটি একটি খুব সুন্দর দৃশ্য যা সবাইকে মুগ্ধ করতে পারে।)

অজানা কথা:

i. More, Most, Most of, Rest of, A lot of, Lots of- এগুলোর পূর্বে noun না বসলে, উল্লেখিত শব্দগুলো determiner হবে না।
ii. Many এবং much এর comparative form "more"।
iii. Adjective-এর পূর্বে এবং verb এর পরে "more" বসলে তা adverb হয়।
   For example:
   It will be more beautiful for you. (এটি বেশি সুন্দর হবে তোমার জন্য।)
   I will eat more. (আমি আরো খাবো)
iv. "Most"এরপর সরাসরি noun বসে। তবে "Most of" এরপর "determiner (article/ demonstrative/possessive) + noun" বসে। উভয় ক্ষেত্রেই "most"এর অর্থ হয়- "কোন কিছুর সিংহভাগ/ বেশিরভাগ"।
   For example:
   Most information seems to be wrong. (অধিকাংশ তথ্য ভুল মনে হচ্ছে।)
   Most of the information seems to be wrong. (অধিকাংশ তথ্য ভুল মনে হচ্ছে।)

☑ None of, No:

None of = not one/not any (কেউনা/ কিছুই না)
No = কোনো ----- নয়

For example:
None of the shops was opened. (কোনো দোকান'ই খোলা ছিলনা।)
I have no problem at all. (আমার কোন সমস্যা নেই।)

অজানা কথা:

i. "No" এরপর singular/plural উভয় noun বসতে পারে।
   For example:
   I have no problem. (আমার কোন সমস্যা নেই।)
   No problems will be noticed again. (কোন সমস্যা আর লক্ষ করা হবে না।)
ii. No এর pronoun form হল "none"
iii. "None of" এরপর determiner (article-the/ demonstrative/ possessive) + noun বসে।
iv. None বাক্যে subject এবং obejct হিসেবে বসে।
   For example:
   I have none.= object (আমার কেউ নেই।)
   None will be allowed.=subject (কেউ অনুমতিপ্রাপ্ত হবে না।)
iv. Negative বাক্যে "none of" পরিণত হয় "any of" এ।
   Affirmative: They will remember none of us.
   Negative: They will not remember any of us.
v. None of + noun (plural) =verb singular -formal
   None of + noun (plural) =verb plural –informal
   For example:
   None of the problems has been solved yet.
   None of the problems have been solved yet. (এখনো কোনো সমস্যার সমাধান হয়নি।)

☑ Possessive (my, our, your, his, her, their, its, one's):

For example:
My laptop is working slowly due to RAM problem.
(আমার ল্যাপটপটি র‍্যামের সমস্যার কারণে ধীরে গতিতে কাজ করছে।)
They like our activities. (তারা আমাদের কার্যক্রম পছন্দ করে।)
You should do your work properly. (তোমাকে তোমার কাজ সঠিক ভাবে করা উচিৎ।)

অজানা কথা:

"one's" possessive টি একা বসে না, এরপর "own" বসে। তবে subject হিসেবে "one" বসলে "one+noun" বসে।

We cannot leave the task for one's own. (আমরা একজনের জন্য কাজটি ফেলে রাখতে পারিনা।)
One should do one's duty. (একজনের দায়িত্ব পালন করা উচিত।)

☑ A great deal of, A lot of:

A great deal of, a lot of = to talk about quantities, amounts and degree (পরিমাণ বোঝাতে)

For example:

He has eaten a great deal of food.

He has eaten a lot of food. (সে প্রচুর পরিমাণে খাবার খেয়েছে।)

অজানা কথা:

i. A lot of / lots of + noun (countable plural)

For example:

There are a lot of grammatical mistakes in your speaking.

(তোমার কথা বলার মধ্যে অনেক ব্যাকরণগত ভুল আছে।)

At a glance

গুরুত্বপূর্ণ determiner গুলোর সাথে noun-এর সম্পর্ক দেখে নাও

Determiners	Noun
A, an, all, another, every, both, each, either, few, many, several, most, neither, no, any	Countable
Little, more, some, much	Uncountable
All, some, most, more, enough, no, any	Countable/ Uncountable

মনে রাখা জরুরী: Determiner + Noun= Noun phrase

Practice
MCQ মাধ্যম

1. Determiner কাকে modify করে?
   (a) noun (b) adjective (c) adjective phrase (d) adverbial phrase
2. Determiner কে নিচের কোন parts of speech এর সাথে তুলনা করা যায়?
   (a) Noun (b) Preposition (c) Adjective (d) Adverb
3. A young energetic man can do it easily. বাক্যটি থেকে determiner খুঁজে বের করো।
   (a) A (b) young
   (c) young energetic (d) A young energetic
4. Fill in the gap: There is ----- milk in the bottle.
   (a) very few (b) any (c) very little (d) many
5. I still have ----- money in my pocket.
   (a) a little (b) many (c) few (d) a few
6. "A few" অর্থ কি?
   (a) Not many, hardly any (b) Not many, but all there are
   (c) Some (d) Not much

7. I did not have ----- luggage just two small bags.
   (a) little (b) a little (c) many (d) much
8. She speaks very ----- Chinese but she knows ----- words.
   (a) little, a little (b) little, a few (c) little, few (d) a few, few
9. ----- people get foreign visa.
   (a) Few (b) Fewer (c) Less (d) Least
10. Choose the correct sentence:
    (a) I need a few furniture. (b) I need few furniture.
    (c) I need many furnitures. (d) I need some furniture.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (a) noun, determiner সর্বদাই noun এর পূর্বে বসে pre-modifier হিসেবে noun কে modify করে।
2. সঠিক উত্তর- (c) Adjective, determiner যেহেতু noun এর পূর্বে বসে। সেইজন্য, determiner কে adjective এর সাথে তুলনা করা যায়।
3. সঠিক উত্তর- (a) A, একটি structure মনে রাখলেই সমস্যাটির সমাধান হবে সহজে। *Structure: Determiner + modifier + head word = Noun phrase,* অর্থাৎ Article "A " একটি determiner।
4. সঠিক উত্তর- (c) very little, uncountable noun "milk" এর পূর্বে "little" বসবে।
5. সঠিক উত্তর- (a) a little, যেহেতু "money" uncountable তাই তার পূর্বে "a little" বসবে।
6. সঠিক উত্তর- (c) Some, "A few" অর্থ "কিছুটা" যা বাক্যে positive অর্থে ব্যবহৃত হয়।
7. সঠিক উত্তর- (d) much, "luggage-মালামাল" একটি uncountable noun হওয়ায় তার পূর্বে "much" বসবে।
8. সঠিক উত্তর- (b) little, a few, বাক্যটির বাংলা অর্থ সঠিক উত্তর নির্বাচনে অনেকটাই সাহায্য করবে। "সে চাইনিজ ভাষা খুবই কম বলতে পারে কিন্তু সে চাইনিজ অনেক শব্দ জানে " "জানেনা অর্থে" uncountable noun "Chinese" এর পূর্বে "little" এবং কিছু শব্দ (words) জানা অর্থে "a few" বসবে।
9. সঠিক উত্তর- (b) Fewer, "খুবই কম" অর্থে "few" এর comparative degree "fewer" countable plural noun "people" এর পূর্বে বসবে। বাক্যটির বাংলা অর্থ খুব কম মানুষই বিদেশী ভিসা পায়।
10. সঠিক উত্তর- (d) I need some furniture. কারণ "furniture" শব্দটি সর্বদাই uncountable আর "some" এই determiner টির পর countable/ uncountable যেকোনো noun -ই বসে।

Article

(পদাশ্রিত নির্দেশক)

Article যার বাংলা অর্থ "পদাশ্রিত নির্দেশক"।
আরেকটু ভেঙ্গে বললে, পদে পদে বা parts of speech এর মাঝে আশ্রয় নেওয়া শব্দ। "A, An ও The" কে article বলে।

অজানা কথা:
Article এর অপর নাম determiner। কেননা "determiner" noun এর আগে বসে বা noun এর জন্য বসে।

Article দুই প্রকার:

i. Indefinite article (অনির্দিষ্ট অর্থে): **A ও An** =for unspecific noun
ii. Definite article (নির্দিষ্ট অর্থে): **The** =for specific noun

Origin of Article (Article এর উৎপত্তি)

One এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে "A / An"
আর, Demonstrative pronoun (this, that, these ও those) এর সংক্ষিপ্ত/আলাদা রূপ হচ্ছে "The"।

Indefinite article (A/An) এর মূল কথা:

i. শুধুমাত্র গণনা করা যায় বা অন্য কথায় Singular countable noun এর পূর্বে A বা An বসে।
ii. A বা An দ্বারা অনির্দিষ্ট (unspecific) করে যে কোনো একটিকে (all of...) বোঝায়।

For example:
A boy. = অনির্দিষ্ট করে যে কোনো "একটি বালক"।
An apple. = অনির্দিষ্ট করে যে কোনো "একটি আপেল"।
A singer. = অনির্দিষ্ট করে যে কোনো "একজন গায়ক"।
An honest man. = অনির্দিষ্ট করে যে কোনো "একজন সৎ মানুষ"।
লক্ষণীয়, boy, apple, singer, man এই noun গুলো countable (singular) হওয়ায়, তার পূর্বে A বা An বসানো সম্ভব হয়েছে।
কিন্তু, boys, apples, singers, men হলে শব্দগুলোর পূর্বে কোনো ভাবেই A বা An বসানো যেত না।
অর্থাৎ,
---x---boys, ---x---apples, ---x---singers, ---x---men
অথবা, নির্দিষ্ট (specific) করতে:
---The---boys, ---the---apples, ---the---singers, ---the---men

Definite article (The) এর মূল কথা:

i. নির্দিষ্ট অর্থে "The" ব্যবহৃত হয়। যার বাংলা অর্থ হয় "টি, টা, খানা"ইত্যাদি।
ii. Countable/Uncountable বা singular/plural যে কোনো noun এর পূর্বেই নির্দিষ্ট (specific) অর্থে "The" বসতে পারে।

For example:
The boy / The boys = বালকটি / বালক গুলো
The apple / The apples = আপেলটি / আপেলগুলো
The singer / The singers = গায়কটি / গায়কগুলো
The honest man / The honest men = সৎ মানুষটি / সৎ মানুষগুলো
The information = তথ্যটি ("information" শব্দটি uncountable)
The scenery = দৃশ্যটি ("scenery" শব্দটি uncountable)
The advice = উপদেশটি ("advice" শব্দটি uncountable)

Article এর মূল আলোচনা শুরুর পূর্বে , Article সংক্রান্ত তিনটি Shortcut:
i. Article + noun = A pen
ii. Article + adjective + noun = A colourful pen
iii. Article + adverb + adjective + noun = A very colourful pen

অজানা কথা:
Possessive pronoun/determiner (my, your, our, his, her, their, its, one's *etc.*) -এর পূর্বে বা পরে indefinite article (a/an) অথবা definite article (the) বসে না।

Use of Indefinite Article "A" & "An"

A ও An এর Basic rules:
যদিও আমরা জানি যে vowel হলে an বসে আর consonant হলে a বসে। তবে এই নিয়মটি শেষ কথা নয়। পরিপূর্ণ নিয়ম জানতে গেলে শুধু vowel চিনলেই হবেনা, vowel sound (vowel উচ্চারণ) জানতে হবে।

- **Vowel letter পাঁচটি = a, e, i, o, u** ("Y" special vowel)
- **Vowel sound-ও পাঁচটি = এ, এ্যা, ই, অ, আ**

এই পাঁচটি sound যেখানে হবে তার পূর্বে "an" বসাতে হবে। এমনকি consonant হলেও এই পাঁচটির মত কোনা word এর শুরুতে উচ্চারণ হলে তার পূর্বে "an" হবে।
আরেকটি কথা মনে রাখতে হবে-
Vowel letter হলেও তার উচ্চারণ যদি vowel sound এর মত না হয়, তবে "an" বসানো যাবে না।

For example:

An apple (এ্যাপল) =	"এ্যা" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An engineer (ইঞ্জিনিয়ার) =	"ই" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An orange (অরেঞ্জ) =	"অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An honest (অনেস্ট) man =	"অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An hour (আওয়ার) =	"আ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An heir (এয়ার) =	"এ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An honors (অনার্স) certificate =	"অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
A ewe (ইউ) =	"e" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে।

লক্ষ্য করে দেখো, "ইউ" কিন্তু vowel sound-এ নাই।

A one (ওয়ান) eyed man = "o" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে।
লক্ষ্য করে দেখো, "ওয়া" কিন্তু vowel sound নয়।
A university (ইউনিভার্সিটি) = "u" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে।
লক্ষ্য করে দেখো, "ইউ" কিন্তু vowel sound নয়।

দেখে রাখা জরুরী:

- ❑ **কিছু word এর শুরুতে vowel থাকলেও, তার পূর্বে "a" বসে।**
  যেমন: a+university, a+European, a+ewe, a+useful, a+unique, a+union a+one, a+unit, a+unicycle *etc.*
- ❑ **কিছু word এর শুরুতে consonant থাকলেও, তার পূর্বে "an" বসে।**
  যেমন: an+honest, an+hour, an+heir, an+honorable, an+honorary *etc.*

"A ও An"-এর সাধারণ Rule-সমূহ

Rule-01:

অনির্দিষ্ট (specific) করে কোনো বিষয়, বস্তু বা ব্যক্তি প্রথমবার উল্লেখ করা অর্থে A/An বসে।

For example:
I saw a lad under a big tree. (একটি বড় গাছের নিচে একটি ছেলেকে দেখেছিলাম।)
They helped an adult man. (তারা একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে সাহায্য করেছিল।)

Rule-02:

সংখ্যাবাচক কিছু শব্দ dozen, hundred, thousand, million, couple ইত্যাদি শব্দের পূর্বে a বসে।

For example:
A dozen of pencils has been lost. (এক ডজন পেন্সিল হারিয়ে গিয়েছে।)
They invited a hundred people. (তারা ১০০ জনকে আমন্ত্রণ জানিয়েছিল।)

Rule-03:

"বেশ কিছু/কতই না এমন অর্থে" Many + a/an + noun (singular) বসে।

For example:
Many a flower is spreading beautiful fragnance. (কতই না ফুল সুগন্ধ ছড়াচ্ছে।)
Many an important person is present here. (বেশ কিছু সংখ্যক গুরুত্বপূর্ণ ব্যক্তি এখানে উপস্থিত আছে।)

অজানা কথা:
Many এরপর plural noun হলে, উক্ত many এরপর কোন article বসে না।

For example:
Many flowers are spreading beautiful fragnance. (অনেক ফুল সুন্দর সুগন্ধ ছড়াচ্ছে।)
Many important persons are present here. (এখানে অনেক গুরুত্বপূর্ণ ব্যক্তি উপস্থিত রয়েছেন।)

Rule-04:

The same / The similar (একই), a certain (কোনো এক) অর্থ প্রকাশ করতে singular common noun এর পূর্বে A/An বসে।

For example:
A flower is the symbol of beauty. = A flower বা A certain flower. (যে কোনো ফুল-ই সৌন্দর্যের প্রতীক।)
Birds of a feather flock together. = a feather বা the same feather.
(চোরে চোরে মাস্তুত ভাই / সকল চোর একই ধরনের)
Thieves are of a manner. = a manner বা the same manner. (যেকোনো চোরের ধরন একই রকমের।)

Rule-05:

অপরিচিত ব্যক্তি বোঝাতে A/An বসে।

For example:
A Rana will meet you soon. = অপরিচিত ব্যক্তি বুঝাতে
(রানা নামের কোনো একজন ব্যক্তি তোমার সাথে শীঘ্রই দেখা করবে।)
A Mr. Chowdhury came to meet you. = অপরিচিত ব্যক্তি বুঝাতে
(মি. চৌধুরী নামের কোনো একজন ব্যক্তি তোমার সাথে দেখা করেছিল।)

অজানা কথা:

i. বাক্য দুটিতে article ব্যবহার না করলে পরিচিত ব্যক্তি বোঝাবে।
   For example:
   Rana will meet you. (রানা তোমার সাথে দেখা করবে।) = পরিচিত ব্যক্তি "Rana"
   Mr. Chowdhury came to meet you. (মি:চৌধুরী তোমার সাথে দেখা করতে এসেছিল।) = পরিচিত ব্যক্তি "Mr. Chowdhury"
ii. proper noun এরপূর্বে article/determiner বসলে, তা common noun হয়ে যায়।
   For example:
   Rana will meet you soon.=proper noun
   A Rana will meet you soon.=common noun

Rule-06:

কোনো বাক্যে most তুলে very বসালে যদি বাক্যের অর্থ নষ্ট না হয়, তাহলে adverb "most" এর পূর্বে The না বসিয়ে, A বসবে।

For example:
I saw a most beautiful sight. (a most = very) (আমি খুব সুন্দর একটি দৃশ্য দেখেছিলাম।)
Really it is a most vital issue. (a most = very) (এটা সত্যিই খুব গুরুত্বপূর্ণ বিষয়।)

অজানা কথা:
"Most" থাকলেই বাক্যটি সর্বদায় superlative হয় না, এক্ষেত্রে লক্ষ করলে দেখা যায় অনেক কিছুর সাথে কোনো কিছু তুলনা হয়নি।

Rule-07:

Little, few, lot of, good/great deal of, huge amount of, ইত্যাদি শব্দের পূর্বে A বসে।

For example:
I sold a lot of old books. (আমি অনেক পুরোনো বই বিক্রি করেছিলাম।)

I have a few friends in Bangladesh. (বাংলাদেশে আমার কিছু বন্ধু আছে।)
There is a little water in the Jug. (এই জগে অল্প কিছু পানি আছে।)

অজানা কথা:

i. নেই বললেই চলে (negative অর্থে) শুধু "Little/few" বসে।
ii. কিছুটা আছে (affirmative অর্থে) "a + little / a few" বসে।

For example:

I have few friends in Bangladesh. (বাংলাদেশে আমার বন্ধু নেই বললেই চলে।)
There is little water in the Jug. (এই জগে পানি নেই বললেই চলে।)

Rule-08:

What + a/an ----- বসে exclamatory sentence এ।
কিন্তু, How + "no article" হয় exclamatory sentence এ।

For example:

What a good idea it is! (কতইনা ভাল ধারণা এটি!)
What an idiot you are! (তুমি কি বোকা!)

কিন্তু,

How funny it was! (এটা কত মজার ছিল!)
How disgusting this is! (এটা কত জঘন্য!)

অজানা কথা:

উক্ত বাক্যেগুলোতে "what/how" predeterminer/adverb হিসেবে ব্যবহৃত হয়েছে।

Rule-09:

বাক্যের অর্থে জোর প্রদানার্থে "Not + a/an -----" বসে।

For example:

Not a lady was present in the meeting. (মিটিংয়ে একটা মহিলাও উপস্থিত ছিলনা)
Not a single problem, you did not show me. (একটা সমস্যাও তুমি আমাকে দেখাওনি)

Rule-10:

Proper noun দ্বারা গুণ বোঝালে উক্ত proper noun এর পূর্বে A/An বসে।

For example:

I think you are a Nazrul. (আমি মনে করি আপনি একজন নজরুল।)
Only an Omar can save our nation. (একমাত্র খলিফা ওমরের গুণসম্পন্ন মানুষই আমাদের জাতিকে রক্ষা করতে পারে।)
Nazrul is the/a Byron of Bangladesh. (কবি নজরুল Lord Byron নামক কবির গুণে গুণান্বিত।)

অজানা কথা:

i. A/an/the + proper noun হলে, উক্ত proper noun-টি common noun হয়ে যায়।
ii. Proper noun যখন determiner যুক্ত হয়ে common noun হয়, তবুও তা সর্বদায় capital letter দিয়ে শুরু হয়।

Rule-11:

Uncountable noun-কে countable করতে "A/An" এর সমন্বয়ে partitive phrase/expression গঠিত হয়। যেমন:

Uncountable	Countable
Advice/information/furniture পরামর্শ/তথ্য/আসবাবপত্র	A piece of advice/information/furniture
Business-ব্যবসা	A piece of business
Soap- সাবান	A bar of soap
Bread- রুটি	A loaf of / A slice of bread
Hair- চুল	A lock of hair
Rain- বৃষ্টি	A shower of rain
Work- কাজ	A day of work
Corn/ Wheat- ভুট্টা/গম	An ear of corn/wheat
Clothing-পোশাক	An item of clothing
Faith-বিশ্বাস	An article of faith
Violence- সহিংসতা	An outbreak of violence
Vengeance-প্রতিশোধ	An act of vengeance
Power- ক্ষমতা	An abuse of power

For example:

He gave me a slice of /a loaf of bread.
Our headmaster gave me a piece of advice.
It basically refers to an abuse of power.
Please refrain from such an act of vengeance.

Rule-12:

কিছু নির্দিষ্ট idiom (বাগধারা) / phrase (শব্দগুচ্ছ) তে পূর্ব থেকেই বা আগ থেকেই article "A/An" থাকে। এইগুলো মুখস্ত রাখতে হবে।

যেমন:

A black sheep = কুলাঙ্গার / অপদার্থ	A red letter day = স্মরণীয় দিন
Give a hand = সাহায্য করা	At a loss = হতবুদ্ধি
A brief period = অল্প সময়	At a low ebb = হ্রাস পাওয়া
A man of letters = বিদ্বান ব্যক্তি	At a stretch = একটানা
A bed of roses = পুষ্পশয্যা	In an open relation = সর্বজনীন সম্পর্ক

For example:

16th December is a red letter day. (১৬ ডিসেম্বর একটি স্মরণীয় দিন।)
In fact, you are a black sheep. (আসলেই তুমি একটা কুলাঙ্গার।)
I think he is a man of letters. (আমার ধারণা সে একজন বিদ্বান ব্যক্তি।)

Rule-13:

অনির্দিষ্ট অর্থে common noun এর পূর্বে "A/An" বসে।

For example:

A cow is a very innocent animal. (একটি গরু অত্যন্ত নিরীহ প্রাণী।)
A horse is a very powerful animal. (একটি ঘোড়া খুবই শক্তিশালী প্রাণী।)
A ewe has been lost (একটি ভেড়ী হারিয়ে গিয়েছে।)

অজানা কথা:

i. common noun কোনো sentence-এ একা একা বসবে না। হয় সে article গ্রহণ করবে, নতুবা common noun টি plural হবে।

For example:

Cows are very innocent animals. (গরু অত্যন্ত নিরীহ প্রাণী।)
Horses are very powerful animals. (ঘোড়া খুবই শক্তিশালী প্রাণী।)
তবে, নির্দিষ্ট অর্থে singular-plural উভয় ক্ষেত্রেই "The" ব্যবহার করা যেতে পারে।
The cows are very innocent animals.
The horses are very powerful animals.

ii. Common noun-এর পূর্বে "a/an" বসলে, উক্ত article মূলত সর্বজনীন বা সকল অর্থে "All"-কে নির্দেশ করে।

For example:

An orange is round. (একটা কমলা গোলাকার।)
অর্থাৎ এই বাক্যটিকে এভাবে লেখা যায়:
All oranges of the world are round. (পৃথিবীর সকল কমলাই গোলাকার।)

Rule-14:

too/so + adjective + a/an বসে।

For example:

This is too troublesome a matter for me to avoid easily.
(এই ব্যাপারটা এতটাই কষ্টকর যা আমি সহজে বর্জন করতে পারিনা।)
Limon is so dangerous a man. (লিমন একজন খুবই ভয়ংকর মানুষ।)

Rule-15:

Abbreviation/Acronym/Short form-এর প্রথম letter "consonant" হলে article "a" বসে এবং কোন Abbreviation/Acronym/Short form -এর প্রথম letter "vowel" অথবা "semi-vowel"-এর মত উচ্চারণ হলে article "an" বসে।

For example:

I need a B.Ed degree to get the job.
You are a BBA student.
He has a PhD degree.
An OC is important for a police station.
He wants to set up an FM station.
To me, he is an LLB.

অজানা কথা:

i. List of vowels:
F,H,L,M,N,R,S এগুলো semi-vowel
A,E,I,O,U & Y এগুলো vowel

ii. Abbreviation/Acronym/Short form যদি preposition "of/for" এর পরে বসে, তবে কোনো article বসে না।

For example:

They are the members of NATO.
Children often collect for UNICEF.

iii. Abbreviation/Acronym/Short form যদি কোন noun এর পূর্বে modifier/adjective হিসেবে বসে, তবে নিয়ম মেনে article (a/an/the) বসতে পারে।

For example:

We created a UNICEF donation box.
The organization wanted the NATO recommendation.

Note:

B.Ed = Bachelors in/of Education.
BBA = Bachelor of Business Administration
FM = Frequency Modulation.
LLB = Bachelor of Laws
PhD = Doctor of Philosophy.
OC = Office in Charge
UNICEF = United Nations International Children's Emergency Fund.
NATO = North Atlantic Treaty Organization

"দি" Vs "দ্যা"

i. কোন ইংরেজি শব্দের শুরু vowel অথবা vowel sound দিয়ে হলে "The"কে "দি" বলতে হয়।
ii. কিন্তু, কোন ইংরেজি শব্দের শুরু consonant অথবা consonant sound দিয়ে হলে "The" -কে "দ্যা" বলতে হয়।

For example:

The apple= "দি" অ্যাপেল	The ball= "দ্যা" বল
The orange= "দি" অরেঞ্জ	The pen= "দ্যা" পেন
The iron= "দি" আইরন	The boy= "দ্যা" বয়

Use of Definite Article "The"

Rule-01:

নির্দিষ্ট (specific) অর্থে যে কোনো noun এর পূর্বে the বসতে পারে।

For example:

Nazrul is the Byron of Bangladesh. = the + proper noun (Byron)
(নজরুল বাংলাদেশের বায়রন।)

I know the man/the men. = the + common noun (man/men) (আমি মানুষটিকে/ মানুষগুলোকে চিনি।)
The gold of this mine is of very advanced quality.= =the + material noun (iron)
(এই খনির স্বর্ণ অনেক উন্নত মানের।)
The love you have shown is not to be forgotten.= =the + abstract noun (love)
(যে ভালোবাসা তুমি দেখিয়েছো তা ভোলার নয়।)
The honesty of you will impress everyone.= =the + abstract noun (honesty)
(তোমার সততা সবাইকে মুগ্ধ করবে।)

অজানা কথা:

Proper, material, এবং abstract noun-এর পূর্বে article বসলে, তা common noun হয়ে যায়।

Rule-02:

প্রসিদ্ধ ও খ্যাতনামা স্থানের নামের পূর্বে "The" বসে।

For example:

The Panipath is a very famous place. = "পানিপথ" একটি জায়গার নাম।
Everybody knows about the Battle of Palashi. = ঐতিহাসিক পলাশির যুদ্ধ।

অজানা কথা:

পানিপথ ভারতের "হরিয়ানা" তে অবস্থিত। এখানে ১৫২৬, ১৫৫৬ এবং ১৭৬১ সালে তিনটি গুরুত্বপূর্ণ যুদ্ধ সংঘটিত হয়। এই শহরটি এখন ভারতে "City of Weavers" নামে পরিচিত।

Rule-03:

জাতির নামের পূর্বে "The" বসে।

For example:

The Muslim is a brave nation. (মুসলমানরা একটি সাহসী জাতি।)
The English speaks English well. (ইংরেজ জাতি ইংরেজি ভালো বলে।)

অজানা কথা:

The + English = ইংরেজ জাতি, কিন্তু "English"-এর আগে "The" না বসলে English মূলত ভাষাকে বোঝায়, আর কোন ভাষার নামের পূর্বে article বসে না।

Incorrect: English speaks the English well.
Correct: The English speaks English well.

Rule-04:

"যত ----- তত" এরূপ বাংলা অর্থ বোঝালে:
"The + comparative----, the + comparative----" হয়।

For example:

The wiser he is, the better he is. (সে যতই জ্ঞানী হয়, ততই ভালো।)
The more you read, the more you learn. (যতই পড়বে, ততই শিখবে।)
The sooner, the better. (যতই শীঘ্রই হয়, ততই ভালো।)
The more, the merrier. (যতই বেশি, ততই হাসি-খুশি।)

অজানা কথা:

Comparative এর আগে যে "The" article-টি ব্যবহার করা হয়েছে, তার নাম Instrumental "The" বা Adverbial "The"।

Rule-05:

কোনো Adjective বাক্যের subject ও object হলে তার পূর্বে "The" বসে।

For example:

The educated can help the illiterate. (শিক্ষিতরা মূর্খদের সাহায্য করতে পারে।)
The rich look after the poor. (ধনীরা গরীবদের দেখভাল করতে পারে।)
The wise are truely polite. (জ্ঞানীরা সত্যিকারের ভদ্র হয়।)
We respect the virtuous. (আমরা ধার্মিকদের শ্রদ্ধা করি।)
The brave are honoured by all. (সাহসীরা সকলের দ্বারা সম্মানিত হয়।)

অজানা কথা:

The + adjective বাক্যের subject ও object হলে উক্ত adjective টি common noun হয় এবং এর পর verb হয় plural।

Rule-06:

অদ্বিতীয় (unique) কোনো বিষয়বস্তু/মাত্র একটি এমন অর্থে "The" বসে।

For example:

The sun is spreading its maximum light. (সূর্য তার সর্বোচ্চ আলো ছড়াচ্ছে।)
Look at the sky and find the secret of creation. (আকাশের দিকে তাকাও, সৃষ্টির রহস্য খুঁজে পাবে।)
The earth is the third planet from the Sun. (পৃথিবী হল সূর্য থেকে তৃতীয় গ্রহ।)

অজানা কথা:

অদ্বিতীয় (unique) কোনো noun এর পূর্বে যে "The" ব্যবহার করা হয় সেই "The"-এর নাম Familiar "The"।

Rule-07:

দিকের নাম, ঋতুর নাম, বিখ্যাত জাহাজ, জাদুঘর, হোটেল, পবিত্র ধর্মগ্রন্থ, সংবাদপত্র, মহাকাব্যের নাম, ট্রেনের নাম, বিমানের নাম, বিখ্যাত অট্টালিকার নাম ইত্যাদির পূর্বে Article "The" বসে।

For example:

i. দিকের নাম = The East, the West, the North, the South
ii. ঋতুর নাম= The rainy season, the winter *etc.*
iii. বিখ্যাত জাহাজ = The Titanic, the Balaka *etc.*
iv. জাদুঘর= The Varendra Museum, the British Museum *etc.*
v. হোটেল= The hotel Radisson, the hotel Sonargaon *etc.*
vi. পবিত্র ধর্মগ্রন্থ = The Al-Quran, The Bible *etc.*
vii. সংবাদপত্র = The Daily Star, The Prothom Alo *etc.*

viii. মহাকাব্যের নাম =The Meghnad Bodh, The Mahabharata
ix. ট্রেনের নাম = The Bonolota Express, the Silkcity Express *etc.*
x. বিমানের নাম =The Novo Air,The Regent Airways *etc.*
xi. বিখ্যাত অট্টালিকার নাম = The Tajmahal,The Eiffel Tower *etc.*

Rule-08:

নদী, সাগর, মহাসাগর, উপসাগর এর নামের পূর্বে "The" বসে।

For example:

নদী = The Padma, the Surma *etc.*
সাগর = The Caspian Sea, the Baltic Sea *etc.*
মহাসাগর = The Atlantic Ocean, the Pacific Ocean *etc.*
উপসাগর = The Bay of Bengal, the Georgian Bay *etc.*
Note: Sea-সাগর, Ocean-মহাসাগর, Bay-উপসাগর

অজানা কথা:

Lake (হ্রদ) এর নামের পূর্বে "The" বসেনা।

❑ **Bangladesh:**
Boga Lake (Bandarban), Foy's Lake (Chattogram), Kaptai Lake (Rangamati), Mohamaya Lake (Mirsarai), Niladri Lake (Sunamganj) *etc.*

❑ **India:**
Pangong Tso (Jammu & Kashmir), Tarsar Lake (Jammu & Kashmir), Manasbal Lake (Jammu & Kashmir), Dal Lake (Kashmir), Damdama Lake (Haryana), Suraj Tal Lake (Himachal Pradesh), Sattal Lake (Uttarakhand) *etc.*

❑ **International:**
Lake Baikal (Russia), Lough Neagh (Ireland), Caspian Sea (Russia and Iran), Lake Superior (North America), Loch Lomond (Scotland), Lake Victoria (Africa), Loch Ness (Scotland), Great Slave Lake (Canada), Lake Malawi (Africa) *etc.*

Rule-09:

পর্বতশ্রেণী, মরুভূমি, মালভূমি, দ্বীপপুঞ্জ-এর নামের পূর্বে "The" বসে।

For example:

পর্বতশ্রেণী= The Himalayas
মরুভূমি= the Sahara
মালভূমি= the Antarctic Plateau
দ্বীপপুঞ্জ= the Maldives, the Andamans

অজানা কথা:

Mountain ranges- পর্বতশ্রেণী, Desert- মরুভূমি, Plateau- মালভূমি, Islands-দ্বীপপুঞ্জ।

Rule-10:

দেশের নাম short format বা abbreviation দিয়ে প্রকাশ হলে তার পূর্বে "The" বসে।

For example:

I love the UK.
He lives in the USA.
I will go to the US.

অজানা কথা:

UK = United Kingdom (Britain),
USA = United States of America, US = United States (America)

Rule-11:

অর্থপূর্ণ দেশের নাম (একটি দেশকে অনেকগুলো word বা phrase দিয়ে প্রকাশ করলে সেগুলোকে অর্থপূর্ণ country name বলে)। উক্ত দেশের নামের পূর্বে "The" বসে।

For example:

You may love the United States of America. = Phrase দিয়ে গঠিত অর্থ যুক্ত হওয়ায় United States of America এর পূর্বে article "The" হয়েছে।

কিন্তু,

You may love America. = "America" এর পূর্বে article হবে না।
The People's Republic of Bangladesh is my homeland. = Phrase দিয়ে গঠিত হওয়ায় The People's Republic of Bangladesh এর পূর্বে article "The" হয়েছে।

কিন্তু,

Bangladesh is my homeland. = "Bangladesh" এর পূর্বে article হবে না।

Rule-12:

Musical instrument এর পূর্বে article "The" বসে।

For example:

He can play the mouth-organ well. (সে ভালোভাবে মাউথ অর্গান বাজাতে পারে।)
He uses the multi-drums for folk song. (সে লোকগানের জন্য মাল্টি-ড্রাম ব্যবহার করে।)
I can play the guitar following western music.
(আমি পাশ্চাত্যের সংগীত অনুসরণে গিটার বাজাতে পারি।)

Rule-13:

জীবিকা নির্বাহের ক্ষেত্র বোঝালে তার পূর্বে "The" বসে।

For example:

He leads his life by working in the Bar. (সে আইনজীবীর কাজ করে জীবিকা নির্বাহ করে।)
He joined the Army. (সে সেনাবাহিনীতে যোগ দিয়েছিল।)

Rule-14:

"of" দিয়ে গঠিত noun phrase হলে প্রথম noun টির পূর্বে "The" বসে। Structure: The + noun + of + noun -----=Noun phrase

For example:
This is the go of the world. (এটাই জগতের রীতি।)
The fragrance of these flowers attracted everyone.
(এই ফুলগুলোর সৌরভ সবাইকে আকৃষ্ট করেছিল।)
The people of Bangladesh are peace loving. (বাংলাদেশের মানুষজন শান্তিকামী।)

Rule-15:

Superlative degree এর পূর্বে "The" বসে।
For example:
The girl is the prettiest of all girls.=the+superlative
He is the wisest man in the village. =the+superlative
অজানা কথা:
i. Comparative degree এর পূর্বেও "The" বসতে পারে যদি comparative sentence-এ "Two/ Pair" শব্দ দুটি থাকে।
For example:
He is the better of the two persons. =the+comparative----of the two
She is the wiser of the pair. =the+comparative----of the pair
Of the two boys, he is the more brilliant.
ii. Of the two না থেকে of the three/four/five *etc.* থাকলে বাক্যটি superlative sentence হয়ে যায়।
For example:
He is the best of the three persons.
কিন্তু, He is the better of the two persons.

Rule-16:

Ordinal number (first, second, third এবং যার শেষে th থাকে) তার পূর্বে "The" বসে।
For example:
George the four**th**, Elizabe**th** the second.
অজানা কথা:
Ordinal number কে roman number দিয়ে লিখলে উক্ত roman number এর পূর্বে article বসে না। তবে, পড়ার সময় "The" উল্লেখ করতে হয়।
যেমন: Elizabeth II (পড়ার সময় Elizabeth the second বলতে হবে।)

Rule-17:

চারটি রোগের নামের পূর্বে article "The" বসে।
For example:
The measles (হাম), the gout (বাত ব্যথা), the mumps (কর্ণমূল হতে উৎপন্ন রোগ), the plague (প্লেগ রোগ)
অজানা কথা:
উপরে উল্লেখিত চারটি রোগ ছাড়া, অন্যান্য রোগের পূর্বে কোনো article বসে না।
তবে, ক্ষুদ্র রোগ বা রোগের উপসর্গ, যেমন: Fever, cough, headache, cold *etc.* রোগের পূর্বে "A/An" বসে।

Rule-18:

রাস্তার (street) নামের পূর্বে "The" না বসলেও, রাস্তার নাম বোঝাতে "Road" ব্যবহৃত হলে "The" বসে।
For example:
He walks on road. = No article + road
He walks on the Green Road. = The + রাস্তার নাম (Green) + Road.

Rule-19:

Proper noun এর পর কোনো গুণবাচক শব্দ বা উপাধি থাকলে Proper noun এর পরে "The" বসে।
For example:
Akbar the Great was a strong ruler.=Akbar+গুণ বাচক শব্দ (the Great)
Mirza the Reputed is the founder of this institution. =Mirza+গুন বাচক শব্দ (the Reputed)
অজানা কথা:
i. Proper noun এর পরে গুণবাচক ও পদবিমূলক শব্দকে epithet (উপাধি) বলে।
ii. সাহিত্যে "use of epithet" কে poetic diction বলা হয়।

Rule-20:

নির্দিষ্ট অর্থে Abstract noun / Material noun-এর পূর্বে "The" বসে। Structure: The + abstract noun / material noun + of -----
For example:
The kindness of Hazrat Omar is known to all.=the+abstract noun---
The honesty of Sheikh Saadi is praiseworthy (প্রশংসনীয়).=the+abstract noun---
The water of this pond is very crystal (স্বচ্ছ).=the+material noun---
The gold of this ring is similar to Saudi-Gold. =the+ material noun ---

Rule-21:

The + common noun + relative pronoun (who, which, that) -----
For example:
The boy who talks much is none of us.= common noun "the+boy"+relative pronoun " who"—
(যে বালকটি বেশি কথা বলে সে আমাদের কেউ না।)
The water that you are drinking is an important blessing from Allah.= material noun "the+water"+relative pronoun " that"--
(যে পানি তুমি পান করছো তা আল্লাহর গুরুত্বপূর্ণ নিয়ামত।)

Omission of Articles

(যেখানে article-এর ব্যবহার নিষিদ্ধ)

Rule-01:

মানুষ জাতি, বাবা-মা, ভাই-বোন ইত্যাদির পূর্বে article বসে না।

For example:

Man is mortal. (মানুষ মরণশীল।)

Man is subject to death. (মানুষ মৃত্যুর অধীনস্থ।)

Mother plays a vital role for moulding a child's character. (শিশুর চরিত্র গঠনে মা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।)

Father is my only love. (বাবা আমার একমাত্র ভালবাসা।)

Brother means similar soul. (ভাই বলতে সমআত্মাকে বোঝায়।)

Sister is the shadow of mother. (বোন হলো মা-এর প্রতিচ্ছবি।)

অজানা কথা:

i. মানুষটি/লোকটি এমন অর্থ দিলে "The + man + relative pronoun (who)" হবে। যেমন: I know the man who is singing a song.

ii. পূর্বে জেনেছো article/determiner ছাড়া common noun বসে না। শুধু ব্যতিক্রম (man, mother, father, sister, brother) এই শব্দগুলো, এগুলোর পূর্বে সাধারণত article/determiner বসে না।

Rule-02:

সাধারণত material noun / abstract noun এর পূর্বে article বসে না।

For example:

Honesty has made you great. (সততা তোমাকে মহান করেছে।)

Kindness is a great virtue. (দয়া একটি মহৎ গুণ।)

Gold is a desirable thing to a woman. (স্বর্ণ একজন নারীর কাছে প্রত্যাশিত জিনিস।)

Iron is used in many purposes. (লোহা অনেক কাজে ব্যবহৃত হয়।)

অজানা কথা:

i. Abstract/material noun এর পূর্বে "The" বসতে পারে, যা common noun হয়ে যায় যদি structure -টি হয়: The + abstract noun /material noun + of -----

ii. Abstract noun /material noun + verb (singular)

[The-এর ব্যবহার থেকে বিস্তারিত দেখে নাও]

Rule-03:

সাধারণত Proper noun এর পূর্বে The বসে না।

For example:

He lives in Dhaka.

Mahmud is a student of class XI.

অজানা কথা:

Proper noun একটিকে আরেকটির সাথে তুলনা করলে দ্বিতীয় proper noun টির পূর্বে "The" বসে তা common noun এ পরিণত হয়।

যেমন: Mahmud is called the Nazrul of modern era.

Rule-04:

Nature বা প্রকৃতি অর্থে Nature এর পূর্বে The বসে না।

For example:

Nature is spreading its natural aura. (প্রকৃতি তার প্রাকৃতিক আভা ছড়াচ্ছে।)

অজানা কথা:

Nature দ্বারা মানব বৈশিষ্ট্য/ কোন কিছুর বৈশিষ্ট্য বোঝালে "the + nature + of + ব্যক্তি/ব্যক্তিবাচক pronoun/ thing হয়"।

যেমন: I know the nature of you well (আমি তোমার আচরণ ভাল করেই জানি।)

Structure: The nature of -----

His theory provides a remarkable insight into the nature of the British constitution. [Oxford]

(তার তত্ত্ব ব্রিটিশ সংবিধানের প্রকৃতি সম্পর্কে একটি অসাধারণ অন্তর্দৃষ্টি প্রদান করে।)

His new information does not change the nature of our findings.[Oxford]

(তার নতুন তথ্য আমাদের অনুসন্ধানের প্রকৃতি পরিবর্তন করে না।)

Rule-05:

মাস ও দিনের নামের আগে The বসে না।

For example:

January is the first month of English year.

Sunday is the day of business.

Rule-06:

খেলার নামের পূর্বে article বসে না।

For example:

The boys are playing cricket. (ছেলেরা ক্রিকেট খেলছে।)

He is expert in table tennis. (তিনি টেবিল টেনিসে দক্ষ।)

Once Ha-dudu was a very popular game. (একসময় হা-ডুডু খুবই জনপ্রিয় খেলা ছিল।)

Football has lost its appeal. (ফুটবল তার আবেদন হারিয়েছে।)

অজানা কথা:

The বসতে পারে খেলার নামের পূর্বে যদি তার structure হয়:

The + খেলার নাম + which -----

যেমন: The football which was popular has lost its appeal.

Rule-07:

সাধারণত Breakfast (সকালের নাস্তা), Lunch (দুপুরের খাবার), Dinner/Supper (রাতের খাবার) এই শব্দগুলোর পূর্বে article বসে না।

For example:

Protein should be eaten for breakfast. (সকালের নাস্তায় প্রোটিন খাওয়া উচিত।)
Lunch should be eaten on time. (দুপুরের খাবার সঠিক সময়ে খাওয়া উচিত।)
Dinner/Supper should be light for everyone. (রাতের খাবার সকলের হালকা হওয়া উচিত।)

অজানা কথা:

বিশেষ আয়োজন বোঝাতে উক্ত শব্দ গুলোর পূর্বে article "The" বসতে পারে।
যেমন:

The weekend lunch was very fine. (সপ্তাহশেষের দুপুরে খাবারটি চমৎকার ছিল।)
It was the protein-rich breakfast. (এটি ছিল প্রোটিনসমৃদ্ধ সকালের নাস্তা।)
The protein-rich dinner is not good for health. (প্রোটিন সমৃদ্ধ রাতের খাবার স্বাস্থ্যের জন্য ভালো নয়।)

Rule-08:

Zoo, School, College, University, Hospital, Bazar, Market, Mosque, Church, Prison, Court, Home *etc.* এর পূর্বে কোনো article বসে না।

For example:

We all went to Zoo last week.
She is going to school/college/university.
He is admitted in hospital.
Now he is in church for evening song. (সন্ধ্যাকালীন প্রার্থনা).

অজানা কথা:

উক্ত শব্দগুলোর পূর্বে A/An এবং The বসতে পারে noun phrase হলে। তার structure:

i. A/an + উক্ত শব্দ + noun = A school bus, a university student *etc.*
ii. The + উক্ত শব্দ + of = The home of peace, the university of general people *etc.*

Rule-09:

Vocative case বা সম্বোধন সূচক common noun এর পূর্বে article বসে না।

For example:

Hello! Boy, come here.
Come here, girl, stop doing it.

লক্ষণীয়: উপরের দুইটি বাক্যে boy এবং girl শব্দ দুটি vocative case যা দ্বারা সম্বোধন করা বোঝানো হয়েছে।

Rule-10:

একটি মাত্র দ্বীপ বা একটি মাত্র পর্বতের নাম বোঝালে তার পূর্বে article "The" বসে না।

সহজ করে বললে, Java, Sandwip, Ceylon, Everest এই চারটি নাম ছাড়া অন্য সকল পাহাড়, পর্বতের পূর্বে "The" বসবে।

For example:

Java is an island of Indonesia. (জাভা ইন্দোনেশিয়ার একটি দ্বীপ।)
Sandwip is an island along the south eastern coast of Bangladesh.
(সন্দ্বীপ বাংলাদেশের দক্ষিণ-পূর্ব উপকূল বরাবর একটি দ্বীপ।)
Ceylon is an island that has been transformed into Sri Lanka.
(সিলন একটি দ্বীপ যা শ্রীলঙ্কায় রূপান্তরিত হয়েছে।)
Everest is the highest peak of the Himalayas. (এভারেস্ট হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গ।)

Shortcut: no article + **JSCE**xam----(J= Java, S= Sandwip, C= Ceylon, E= Everest)

Rule-11:

Uncountable noun এর পূর্বে "The" বসে না।

For example:

I like to listen music. = "Music" শব্দটি uncountable.
Bread is divided into four pieces. = "Bread" শব্দটি uncountable.
He is drinking milk. = "milk" শব্দটি uncountable.
[List of Uncountable nouns, গুলো noun chapter থেকে দেখে নিতে পারো]

Rule-12:

প্রশ্নবোধক বাক্য গঠনে kind of, type of, class of, short of, species of থাকলে উক্ত phrase গুলোর পূর্বে/পরে কোনো article বসে না।

For example:

What kind of mango is it? (এটা কোন ধরনের আম?)
What sort of boy is he? (সে কোন ধরনের ছেলে?)
What species of ant have you been bitten by? (কোন ধরনের পিঁপড়া তোমায় কামড় দিয়েছে?)

অজানা কথা:

Interrogative Sentence না হয়ে Assertive sentence হলে "kind of"-এর পূর্বে article "a" বসবে।
যেমন: It was a kind of great demand.

Rule-13:

লেখকের নাম যদি লেখকের নিজস্ব কোন সাহিত্যকর্মকে বোঝায়, এক্ষেত্রে উক্ত লেখকের নামের পূর্বে article বসে না।

For example:

I am trying to finish reading --X-- Shakespeare.(=the works of Shakespeare)
I am used to reading--X-- Nazrul.(=the writings of Nazrul)

Repetition of Articles

(Article-এর পুনরাবৃত্তি)

মাঝে মাঝে কিছু sentence-এ একই article-এর দুইবার ব্যবহার লক্ষ্য করা যায়। এই অংশে তোমরা জানতে পারবে, কখন এবং কোথায় একই article-এর পুনরাবৃত্তি হয়।

Rule-01:

একজন বোঝালে article "The" একটি বসে। কিন্তু, দুইজন আলাদা ব্যক্তিকে বোঝালে article "The" দুইটি noun এর পূর্বে বসে।

For example:

The secretary and treasurer is present in the meeting. (সচিব-কোষাধ্যক্ষ সভায় উপস্থিত।)

The secretary and the treasurer are present in the meeting. (সচিব এবং কোষাধ্যক্ষ সভায় উপস্থিত।)

লক্ষণীয়, প্রথম বাক্যে article "The" একটি, তার মানে যিনিই secretary, তিনিই treasurer, ব্যক্তি একজন।

দ্বিতীয় বাক্যে, article "The" দুইটি, তার মানে secretary ও treasurer দুইজন ভিন্ন ব্যক্তি।

অজানা কথা:

The একটি = verb singular (ব্যক্তি একজন বোঝাবে)।

The দুইটি = verb plural (ব্যক্তি দুইজন বোঝাবে)।

Rule-02:

একই ব্যক্তির দুইটি গুণাবলি হলে article "a" একটি, কিন্তু দুইজন ব্যক্তি এবং তাদের গুণাবলি আলাদাভাবে বোঝালে article "a" দুইবার ব্যবহার করতে হয়।

For example:

He is a smart speaker than motivator. = একজন ব্যক্তি গুণাবলি দুইটি এজন্য article "a" একটি।

He is a smart speaker than a motivator. = দুইজন ভিন্ন ব্যক্তি, দুইটি ভিন্ন গুণাবলি। এজন্য article "a" দুইটি।

Rule-03:

একটি noun এর দুইটি গুণাবলি বোঝালে article ব্যবহার হবে একটি। কিন্তু, দুইটি ভিন্ন noun এর ভিন্ন গুণাবলি বোঝালে article ব্যবহার হবে দুইটি।

For example:

I have a smart and slim phone. = ফোন এর দুইটি গুণাবলি, এজন্য article "a" একটি

I have a smart and a slim phone. = দুইটি আলাদা ধরনের ফোন, এজন্য article "a" দুইবার ব্যবহার হয়েছে।

Rule-04:

অনেক সময় article ব্যবহারে শব্দের অর্থ affirmative/negative হয়। এমনই দুইটি শব্দ few ও little।

Article ব্যবহারে few ও little এর বাংলা অর্থে-

Few/little = কিছুই নেই বললে চলে (Negative অর্থে)

A few / A little = অল্প সংখ্যক / সামান্য পরিমাণ (Affirmative অর্থে)

For example:

I have few friends in Bangladesh. (বাংলাদেশে আমার কোনো বন্ধু নেই বললেই চলে।)

He has little water to drink. (তার পান করার পানি নেই বললেই চলে।)

I have a few friends in Bangladesh. (বাংলাদেশে আমার অল্প কিছু বন্ধু আছে।)

He has a little water to drink. (তার পান করার সামান্য পরিমাণ পানি আছে।)

অজানা কথা:

Few বসে countable plural noun-এর পূর্বে। আর little বসে uncountable noun এর পূর্বে। দুইটি গুরুত্বপূর্ণ structure:

i. Few/a few + countable (plural noun) = verb plural -----

ii. Little/a little + uncountable noun = verb singular -----

Practice:Level-01

আলোচনার আলোকে

Use articles where necessary. Put a cross (×) where an article is not needed.

a) He claims to be --- heir.
b) Recently a population of half --- million has exceeded.
c) Nazrul is --- Byron of Bangladesh.
d) Many --- newcomer will be found there.
e) --- Father is a model of many ideals in a family.
f) His behavior proves that --- Mr. Abir is not familiar to all.
g) --- Panipath is famous for its historical reason.
h) We all know he is --- engineer.
i) If you are upset, go to --- nature.
j) Don't be afraid to see --- one eyed man.
k) --- more one gets, the more one wants.
l) --- illiterate are always obstructed in every sphere of life.
m) That is --- huge amount of money.
n) --- December is a memorable month in the history of Bangladesh.
o) This is --- important piece of advice.
p) Light from --- sun contains vitamins.
q) --- cat can be very expensive if it is from abroad.
r) I was astonished to see the collection in --- British Museum.
s) She was scared to see --- ugly picture.
t) The spectators are losing their addiction to --- football day by day.
u) They are frustrated because there is --- little hope in it.
v) They came from --- U.S.A.
w) I am very happy as I have --- few relatives here.
x) Everyone responded to my --- call.
y) Your power proves that you are --- Akbar.

z) This is --- biggest problem of all.
z1) According to his certificate, he is --- MA.
z2) --- BBA student keeps a good record of transactions.
z3) --- sympathy of the Prime Minister has surprised everyone.
z4) What --- kind of mango is it?

Practice:Level-02
জানার প্রয়োগ

1. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Bonsai is the (a) --- art of growing trees and (b) --- other plants in small containers in such (c) --- way that they become (d) --- miniature of a real tree. (e) --- art of Bonsai originated perhaps more than (f) --- 1000 years ago in China. (g) --- Bonsai is different from normal pot-planting as it is considered (h) --- art form. (i) --- Bonsai tree is carefully shaped to remain small but still has (j) --- appearance of a large tree.

2. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
English is (a) --- international language. We feel (b) --- necessity of learning English at every step. This is (c) --- language of international overseas business, communication, cooperation and (d) --- co-existence. It is essential to receive (e) --- foreign degree or higher education. All (f) --- good jobs need English knowing persons. So, every educated person should know how to (g) --- communicate in English. To learn and develop (h) --- skill of English specially for (i) --- students is very important. No (j) --- students should be ignorant of it.

3. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Everybody knows that sincerity is (a) --- key to success. (b) --- person can prosper in life by doing hard work. The man who does not follow (c) --- rules of sincerity can never go (d) --- long way in (e) --- world. Many (f) --- man is not conscious of (g) --- importance of (h) --- sincerity for which they don't have (i) --- benefit of (j) --- success. However, we should be sincere to work.

4. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Punctuality is of great value to (a) --- student. (b) --- unpunctual student who is late in (c) --- class will miss (d) --- important lesson. But (e) --- punctual student learns his lessons in (f) --- time and do well in (g) --- examination. Punctuality is (h) --- key to success in life. We should be (i) --- punctual in all our activities so that we may develop punctuality as (j) ---habit.

5. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
A true friend is (a) --- asset. He always stands by his (b) --- friends in danger. He is (c) --- honest and (d) --- ideal. He always wishes (e) --- welfare of his dear friend. (f) --- ideal friend never does any harm to anybody. Today such friend (g) --- is very rare in the society. (h) --- selfish man cannot be (i) --- true friend. A truthful friend always does (j) --- good to us.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

1. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) --- idle man and (b) --- active man cannot be equal. We know (c) --- story of (d) --- ant and (e) --- grasshopper. (f) --- ant was industrious. On the other hand the grasshopper was a lazy (g) --- person. The ant knows that (h) --- industrious shine. On (i) --- contrary (j) --- lazy suffer in life.

2. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Patriotism is a noble (a) --- virtue. It inspires (b) --- man to shed his blood for his (c) --- country. (d) --- man without patriotism is no better than (e) --- beast. A true patriot is honoured by (f) --- all. He thinks for (g) --- welfare of his country. On (h) --- other hand, (i) --- unpatriotic man thinks only of his own interest. Those who die for (j) --- country are true patriots.

3. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) --- teacher is compared with (b) --- architect. He is called the architect of a nation. He teaches (c) --- illiterate. He is (d) --- light in deep (e) --- darkness. Now (f) --- teacher is an ill-paid employee. He cannot lead (g) --- better life. He lives in (h) --- midst of wants. Yet he keeps the light of (i) --- education burning at (j) --- cost of his own life.

4. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Bangladesh is (a) --- developing country of (b) --- third world. As (c) --- result, it is in (d) --- grip of economic crisis. Here (e) --- prices of essential commodities are increasing day by day. It makes (f) --- life of (g) --- common people miserable. (h) --- immediate step should be taken to stop the price hike. (i) ---Government should take (j) --- effective measure to control it.

5. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Once there lived (a) --- poor cobbler. He had (b) ---rich neighbour. (c) --- neighbour was blessed with (d) ---ill health. So he was (e) --- angry man. He was always (f) --- unhappy man. Once he used to think (g) --- richest men to be (h) --- happiest men in (i) ---world. But his (j) --- idea was not correct.

6. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) ---camel is not the animal of our country. It is (b) --- ugly animal. But it is (c) --- very useful animal. There is (d) ---hump on its back. It is very useful to (e) --- Arabs. (f) --- Arab takes care of the camel. (g) --- Arabs move from one place to another on its back. It is called (h) ---ship of desert. (i) --- camel is very docile. It is not a ferocious (j) ---animal.

7. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
Bejoy was (a) --- street boy. Basically he was (b) ---orphan. He lived in (c) --- streets of Dhaka city. He used to move like other street boys. One day he went to (d) ---market. There he saw (e) --- fruit seller selling fruits. (f) --- old man was buying some apples. He looked at him with (g) --- sad look. His mouth watered at (h) --- sight of them. He wished if he could have (i) --- apple. Feeling pity for him the old man gave him (j) --- apple.

8. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) --- sun is a planet. It rises in (b) --- East and sets in (c) --- West. It is (d) --- source of all heat. The setting (e) --- presents (f) --- enjoyable scene. (g) --- moon has no light of its own. It gets light from the sun. (h) --- stars shine in (i) --- sky. We cannot see all the stars. Many stars are bigger than the sun. They are far away from (j) --- earth.

9. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) --- infant sometimes asks such (b) --- uncommon question that even (c) --- aged man fail to answer (d) --- uncommon question. (e) --- intelligent man has to think over (f) --- questions. It is not an easy matter to satisfy (g) --- inquisitive infant. Sometimes (h) --- aged man also grows angry with (i) --- inquisitive boy or girl who always wants to know more. We must not be (j) --- impatient with the infant.

10. **Use articles where necessary and put a cross (×) where an article is not needed.**
(a) --- 16th December is (b) --- red letter day in the history of Bangladesh. On this day we achieved victory at (c) --- cost of (d) --- bloody battle. Bangladesh came into being as (e) --- independent country. It occupied a place in the world (f) --- map. Every year we observe (g) --- day with due solemnity. We remember (h) --- supreme sacrifice of our heroic sons. The day is (i) --- public holiday. The day begins with gun shot. The national flag is hoisted on (j) --- top of the each house.

Practice
MCQ মাধ্যম

1. Article কে নিচের কোন parts of speech এর সাথে তুলনা করা চলে?
(a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
2. Article একটি বাক্যে কার উপর ভিত্তি করে বসে?
(a) শব্দের বানান (b) শব্দের উচ্চারণ (c) শব্দের অক্ষর সংখ্যা (d) কোনোটিই নয়
3. A এবং An কার সংক্ষিপ্ত রূপ?
(a) One (b) Once (c) This (d) Those
4. He went a hunting. এই বাক্যে "a" উঠে কি বসতে পারে?
(a) the (b) on (c) a lot of (d) for
5. I think, he is a Nazrul. এই বাক্যে "a" এর অর্থ কি?
(a) for (জন্য) (b) with (সাথে) (c) like (মত) (d) as (যেমন)
6. Article "the" is used to make something -----.
(a) specific (b) general (c) meaningful (d) real thing
7. Fill in the gap: It is ----- quarter to six.
(a) the (b) a (c) an (d) that
8. I saw ----- most wonderful scenery.
(a) a (b) an (c) the (d) none
9. This book is----- one I was looking for.
(a) a (b) an (c) the (d) কোনটিই নয়
10. The king left ----- heir.
(a) the (b) a (c) an (d) none

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) Adjective, কেননা article বসে noun-এর জন্য বা noun এর পূর্বে। আর আমরা জানি noun-এর পূর্বে বসে যারা noun কে modify করে তাদেরকে adjective বলা যায়।
2. সঠিক উত্তর- (b) শব্দের উচ্চারণ, মনে রাখতে হবে, consonant হলেই যে "a" হবে আর vowel হলেই যে "an" হবে এমনটি নয়, বরং উচ্চারণ কার মত হচ্ছে সেটি কি vowel নাকি consonant এটার উপর ভিত্তি করেই মূলত article বসে।
3. সঠিক উত্তর- (a) One, Grammar আবিষ্কারের পূর্বে "একটি" বলতে "one" ব্যবহার করা হত। তবে Grammar আবিষ্কারের পর "one" সংক্ষিপ্ত হয়ে "a/an" এ রূপান্তরিত হয়েছে।
4. সঠিক উত্তর- (b) on, hunting-শিকার করা; begging-ভিক্ষা করা, এই দুইটি শব্দের পূর্বে "a" মূলত disguised preposition "on" হিসেবে বসে।
5. সঠিক উত্তর- (c) like (মত), বাক্যটির বাংলা অর্থ- আমার ধারণা সে নজরুলের মত। সুতরাং, উক্ত বাক্যতে a = like।

6. সঠিক উত্তর- (a) specific, নির্দিষ্ট বা specific করতে article "the" ব্যবহার করতে হয়।
7. সঠিক উত্তর- (b) a, সর্বদাই phrase হিসেবে a + quarter (এক তৃতীয়াংশ) বসে।
8. সঠিক উত্তর- (a) a, অনেকের ধারণা "most" মানেই তা superlative sentence। কিন্তু, লক্ষ্য করলে দেখা যায় উল্লেখিত বাক্যে "most" তুলে তদস্থলে "very" বসালেও বাক্যটির অর্থ নষ্ট হয় না। তাই যে বাক্যে "most = very (খুব)" এমন অর্থ দেয়, সেই বাক্যে "the + most" বসে।
9. সঠিক উত্তর- (c) the, এই বইটিই সেই একটি বই যেটা আমি খুঁজছিলাম। এমন নির্দিষ্ট অর্থ প্রকাশ করায় "the + one" হবে।
10. সঠিক উত্তর- (c) an, লক্ষ্য করলে দেখা যায় "heir-উত্তরাধিকারী" এর উচ্চারণ vowel sound "এয়ার"। সেইজন্য "h" থাকা সত্ত্বেও article "an" হবে।

Tense

(সময় / কাল)

English Grammar-এর যে topic/lesson-গুলোর নাম student-রা প্রতিনিয়ত শুনে শুনে অভ্যস্ত হয়েছে, তার মধ্যে প্রথমেই চলে আসে Tense-এর কথা। অবশ্য, Tense এর কথা আসাটা স্বাভাবিক। কেননা, tense-এর জ্ঞান ছাড়া ইংরেজি ভাষায় কথা বলা বা লিখা কোনোটিই সম্ভব নয়। আমি চেষ্টা করবো tense-এর আলোচনাকে সহজভাবে উপস্থাপন করার। আশা করি এই lesson শেষে, tense নামক ভয়ংকর বিষয়টি ভালোলাগার বিষয়ে পরিণত হবে।

Origin of Tense (tense-এর উৎপত্তি):

ল্যাটিন শব্দ *Tempus* (টেম্পাস) থেকে Tense শব্দের উৎপত্তি

Tense এর বাংলা-

Tense = সময় / কাল / মুহূর্ত / ঘটে যাওয়া ঘটনার সময়।

Tense-এর সংজ্ঞা:

একটি কাজ সংঘটিত হওয়ার সময়কেই tense বলে। (Tense is the time when a task takes place.)

আরো সহজ করে বললে-

একটি কাজ কখন সংঘটিত হয়, সেটা কি সংঘটিত হয়েছিল, সংঘটিত হয়, নাকি সংঘটিত হবে-এমন অর্থ প্রকাশে verb এর যে পরিবর্তন তাই tense-এর মূল আলোচ্য বিষয়।

For example:

He sends me a gift. (সে আমাকে একটি উপহার পাঠায়।)
He sent me a gift. (সে আমাকে একটি উপহার পাঠিয়েছিল।)
He will send me a gift. (সে আমাকে একটি উপহার পাঠাবে।)

একটু স্থির হয়ে উপরের ৩টি sentence-এর দিকে লক্ষ্য করো, দেখো তিনটি sentence এর কোথায় পরিবর্তন হয়েছে।
নিশ্চয়ই লক্ষ্য করলে, শুধু underline করা verb এর জায়গায় পরিবর্তন হয়েছে। এটাই হলো tense চেনার প্রথম এবং প্রধান লক্ষণ।

উপরের ৩টি বাক্য তিন ধরনের সময়কে বোঝাচ্ছে।

প্রথম বাক্যটি বর্তমান (Present), দ্বিতীয় বাক্যটি অতীত (Past), এবং সর্বশেষ বাক্যটি ভবিষ্যৎ (Future) সময়কে বোঝাচ্ছে।

অজানা কথা:

i. Tense মূলত কথা বলে verb এর পরিবর্তন নিয়ে। এইজন্য বলা হয়ে থাকে- "Tense is related to time/verb"
ii. Verb এর তিনটি form অর্থাৎ, Present, Past এবং Past Participle (conjugation of verbs) না জানলে tense শেখা অনেকাংশে ব্যর্থ হবে।

* সেইজন্য এই lesson এর পরেই Conjugation of Verbs নামক lesson যুক্ত করা হয়েছে।

English Grammar-এ Tense-এর উৎপত্তির ইতিহাস:

i. গতকাল (yesterday), গ্রামারের ভাষায় এটিই Past Tense
ii. আজ (today), গ্রামারের ভাষায় এটিই Present Tense
iii. আগামীকাল (tomorrow), গ্রামারের ভাষায় এটিই Future Tense



এভাবেই tense তিন প্রকার হয়েছে:

i. Present ii. Past iii. Future

আবার প্রতিটি Tense চার ভাগে বিভক্ত:

Present Tense:

i. Present Indefinite, যাকে অন্য কথায় Present Simple বলে।
ii. Present Continuous, যাকে অন্য কথায় Present Progress বলে।
iii. Present Perfect
iv. Present Perfect Continuous


Past Tense:

i. Past Indefinite, যাকে অন্য কথায় Past Simple বলে।
ii. Past Continuous, যাকে অন্য কথায় Past Progress বলে।
iii. Past Perfect
iv. Past Perfect Continuous

Future Tense:

i. Future Indefinite, যাকে অন্য কথায় Future Simple বলে।
ii. Future Continuous, যাকে অন্য কথায় Future Progress বলে।
iii. Future Perfect
iv. Future Perfect Continuous

১২টি Tense একনজরে



☑ Present Indefinite Tense

যে tense দ্বারা বর্তমান কালের সাধারণ কোনো কাজ করা হয় এমন অর্থ দিয়ে থাকে, এছাড়াও-

i. অভ্যাসগত কর্ম (habitual fact)	ii. চিরন্তন সত্য (universal truth)
iii. ঐতিহাসিক সত্য (historical truth)	iv. নিকট ভবিষ্যৎ (near future)

এই ৪ ধরনের কাজও Present Indefinite-এর অন্তর্ভুক্ত।

Structure:

i. Subject + verb + extension
ii. Subject (He, She, It, কোনো কিছুর নাম) + verb + s/es + extension

For example:

I miss you. (Subject "I" + verb + extension) (আমি তোমাকে অনুভব/মনে করি।)
We work hard for our future. (Subject "We" + verb + extension)
(আমরা কঠোর পরিশ্রম করি আমাদের ভবিষ্যতের জন্য।)
He reads a book. (Subject "He" + verb + s + extension) (সে একটি বই পড়ে।)
She sings a folk song. (Subject "She" + verb + s + extension) (সে একটি লোকসঙ্গীত গায়।)
Niloy goes to market. (Subject "Niloy" + verb + es + extension) (নিলয় বাজারে যায়।)
It depends on your activity. (Subject "It" + verb + s + extension)
(এটা তোমার কর্মকান্ডের উপর নির্ভর করে।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলো present indefinite tense হওয়ায় structure (i ও ii) অনুযায়ী verb-এর পরিবর্তন হয়েছে।

অজানা কথা:

i. একমাত্র present indefinite tense ছাড়া কখনোই কোনো verb এর সাথে s/es যোগ হয় না।
ii. Subject 3rd person singular number (He, She, It, abstract noun, material noun, uncountable noun, gerund, Infinitive হলে present indefinite tense-এ verb এর সাথে "s/es" যুক্ত হয়।

"s" বা "es" বসার নিয়ম:

i. verb-এর শেষে ss, sh, ch, gh, o, x, zz থাকলে "es" যোগ করতে হয়।
ii. verb-এর শেষে y থাকলে এবং y-এর পূর্বে consonant থাকলে y তুলে "ies" যোগ করতে হয়।

উপরের দুইটি নিয়ম ছাড়া অন্যান্য সকল ক্ষেত্রে verb এর সাথে "s" যুক্ত হয়।

☑ দ্বন্দ্ব দূর করে নাও:

i. Verb+s/es = Singular verb যেমন: goes, reads, comes *etc.*
ii. Noun+s/es = Plural noun যেমন: books, pens, mobiles *etc.*

❑ অভ্যাসগত কর্ম (Habitual fact):

আমি নিয়মিত ব্যায়াম করি। = I take exercise regularly.
সে প্রতিদিন দুইবার ঔষধ সেবন করে। = He takes medicine twice everyday.
সে নিয়মিত নামাজ আদায় করে। = He takes salat regularly.
লক্ষণীয়, উপরের প্রতিটি বাংলা বাক্যের অর্থ "নিয়মিত বা প্রতিদিন", এমন অর্থ দেওয়ায় উক্ত বাক্যগুলো অভ্যাসগত কর্মকে বুঝিয়েছে।
এই জন্য বাক্যগুলোকে present indefinite tense-এ translate করা হয়েছে।

অজানা কথা:

i. ইংরেজিতে "regularly, everyday, daily every, habitually" এমন শব্দের উল্লেখ থাকলে তা present indefinite tense এ habitual fact বোঝায়।
ii. অনেক বাক্যে "নিয়মিত বা প্রতিদিন" এমন বাংলা শব্দের উল্লেখ না থাকলেও অর্থ করার সময় "নিয়মিত, সর্বদাই বা প্রতিদিন" শব্দগুলো ব্যবহার করলেও বাংলা বাক্যের অর্থ ঠিক থাকে তাই তাকে Present indefinite tense-এ translation করতে হয়। যেমন:
বাংলাদেশের মানুষ অতিথি সেবায় বিশ্বাসী।
= The people of Bangladesh believe in hospitality.
এই কথাটি বলা যেতে পারে:
বাংলাদেশের মানুষ (সর্বদাই) অতিথি সেবায় বিশ্বাসী।
= The people of Bangladesh believe in hospitality.

❑ চিরন্তন সত্য (Universal truth):

সূর্য পূর্ব দিকে উঠে। = The sun rises in the east.
সূর্য পশ্চিম দিকে অস্ত/ডুবে যায় ।= The sun sets in the west.
গাছ আমাদের ছায়া দেয় ।= Tree gives us shade.
আমরা গাছ থেকে অক্সিজেন নিই। = We get oxygen from trees.
রাতের পরে দিন আসে ।= Day comes after night.
লক্ষণীয়, উপরের বাক্যগুলো সর্বজনীন "চিরন্তন সত্য"। যুগের পর যুগ আসলেও বাক্যগুলোর অর্থগত কোনো পরিবর্তন হবে না। এই জন্য বাক্যগুলোকে present indefinite tense এ translate করা হয়েছে।

❑ ঐতিহাসিক সত্য (Historical truth):

শাহজাহান তাজমহল তৈরী করেন = Shahjahan builds the Taj Mahal.
সক্রেটিস তার শিষ্যদের নৈতিকতা শিক্ষা দিতেন = Socrates teaches his disciples moral lesson.
ইবনে সিনা রোগীদের সমস্যা অনুভব করতেন = Ibn Sina feels the problems of the patients.
লক্ষণীয়, উপরের বাক্যগুলো দ্বারা "ঐতিহাসিক সত্য" ঘটনাকে বোঝানো হয়েছে। এইজন্য, বাক্যগুলোকে present indefinite tense এ translate করা হয়েছে।

অজানা কথা:

i. ঐতিহাসিক সত্য বা historical truth বোঝার ক্ষেত্রে সাধারণত খ্যাতনামা ব্যক্তি বা ঐতিহাসিক স্থানের নামের উল্লেখ থাকে।
ii. এই জাতীয় sentence এ অনেকেই ভুল করে verb-এর past tense দিয়ে থাকে। কেননা, তারা ধারণা করে, যে ব্যক্তি নিয়ে ঘটনা সেই ব্যক্তিতো আর বেঁচে নেই।

মনে রেখো, কখনোই এই জাতীয় বাক্যের verb past tense করা যাবে না।

❑ নিকট ভবিষ্যৎ (Near future):

সে আগামী কাল আসবে। = He comes tomorrow.
আমি তোমাকে খবরটি আগামী কাল জানাবো। = I inform you of the news tomorrow.
আমাদের কলেজ ১ তারিখে খুলবে। = Our college opens on the 1st.
এই বছরের জানুয়ারিতে বাবা বাড়ী আসবেন।= Father comes on January of this year.
উল্লেখ্য, উপরের বাক্যগুলো দ্বারা "নিকট ভবিষ্যৎ বা খুবই আসন্ন" কোনো ঘটনাকে বোঝানো হয়েছে। এজন্য বাক্যগুলোকে present indefinite tense-এ translate করা হয়েছে।

অজানা কথা:

i. অনেক ক্ষেত্রেই তিন প্রকার tense এর ব্যাপারে Grammarian-রা দ্বিমত পোষণ করেছেন তাদের মতে tense দুই প্রকার:
   i. Past
   ii Present
   তাদের মতে present tense দিয়ে future action/activity কে প্রকাশ করা সম্ভব যা নিকট ভবিষ্যতমূলক বাক্যগুলো দেখলেই বোঝা যায়।
ii. উপরে উল্লিখিত বাক্যগুলোকে চাইলে Simple future tense -এও translate করা যায়।
iii. সকল imperative sentence-ই present indefinite tense.

For example:
Go there at once. (এক্ষুণি সেখানে যান।)
Please help them.(তাদের সাহায্য করুন।)
Let it be done. (এটা করা যাক।)

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + verb (s/es) + extension

For example:
I like to sing a folk song. (আমি লোক সঙ্গীত গাইতে পছন্দ করি।)
He reads a novel. (সে একটি উপন্যাস পড়ে।)
The boys swim. (বালক গুলো সাঁতার কাটে।)

Negative (না বোধক): Subject + do/does + not + v1 + extension
For example:
I do not like to sing a folk song. (আমি একটি লোকসঙ্গীত গাইতে পছন্দ করি না।)
He does not read a novel. (সে উপন্যাস পড়ে না।)
The boys do not swim. (বালকগুলো সাঁতার কাটে না।)

Interrogative (প্রশ্নবোধক): Do/does + subject + v1 + extension?
For example:
Do I like to sing a folk song? (আমি কি লোকসঙ্গীত গাইতে পছন্দ করি?)
Does he read a novel? (সে কি উপন্যাস পড়ে?)
Do the boys swim? (বালকগুলো কি সাঁতার কাটে না?)

অজানা কথা:

i. I, we, you-এই person গুলোর জন্য auxiliary verb "do" বসে।
ii. I, we, you, they-এই ৪টি person ছাড়া অন্যান্য সকল person-গুলোর জন্য auxiliary verb "does" বসে।
iii. "Do, does" থাকা মানেই বাক্যটি present indefinite tense।
iv. "Do, does"-এর পরবর্তী main verb এর সর্বদাই base form (v1) হয়।
v. Do/does "auxiliary verb" হলেও যদি কোন বাক্যে Do/does একটি verb হয়, তবে তা main verb/principal verb হবে।
   For example:
   He does not agree with me.=auxiliary verb
   He does his homework.=main verb/principal verb
vi. বাক্যের main verb কে অতিমাত্রায় গুরুত্ব/ জোর (emphasis) দিতে "do/does+v1" বসে।

For example:
i. He solves the sum properly. (সে সঠিকভাবে অঙ্কটি সমাধান করে।)
   He does solve the sum properly. (সে অঙ্কটি অবশ্যই সঠিকভাবে সমাধান করে।) = emphasis
ii. We call you in time of danger. (আমরা তোমাকে বিপদের সময় ডাকি।)
   We do call you in time of danger. (আমরা তোমাকে অবশ্যই বিপদে ডাকি।)= emphasis

☑ Present Continuous Tense

বর্তমানে কোনো কাজ চলছে (non-stop বা অবিরাম গতিতে) এমন বোঝালে verb-এর present continuous tense হয়।
বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করছি, করিতেছি, করিতেছ, করছ, করছিস, করছে, করছেন

অর্থাৎ, কোনো বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "ছি, তেছি, তেছ, ছ, ছিস, ছে, ছেন"-এমন উচ্চারণ পেলে তা present continuous tense হয়।

Structure:

Subject + am/is/are + verb + ing + extension.

Note: now, right now, at this moment, at present, gradually, step by step, one after another, all+day/morning/night, these days *etc.* adverb/adverbial phrase থাকলে উক্ত বাক্যটি present continuous tense হয়।

For example:

She is making tea. (সে চা তৈরী করছে।)

They are playing football in the playground now. (তারা এখন মাঠে ফুটবল খেলছে।)

Our teacher is teaching us well. (আমাদের শিক্ষক আমাদের ভালোভাবে পড়াচ্ছেন।)

Now the students are singing national anthem. (এখন ছাত্র-ছাত্রীরা জাতীয় সঙ্গীত গাইছে।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলো দ্বারা চলমান (non-stop) কাজ করা বোঝাচ্ছে। এইজন্য বাক্যগুলোকে present continuous tense এর structure অনুযায়ী translate করা হয়েছে।

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + am/is/are + verb + ing + -----.

For example:

I am working in my studio. (আমি আমার কর্মশালাতে /স্টুডিওতে কাজ করছি)

He is solving the sum. (সে অঙ্কটির সমাধান করছে)

You are doing wrong. (তুমি ভুল কাজ করছ)

Negative (না বোধক): Subject + am/is/are + not + verb + ing + -----.

For example:

I am not working in my studio. (আমি আমার কর্মশালায় কাজ করছি না।)

He is not solving the sum. (সে অঙ্কটির সমাধান করছে না।)

You are not doing wrong. (তুমি ভুল কাজ করছ না।)

Interrogative (প্রশ্নবোধক): Am/Is/Are + subject + verb + ing + -----?

For example:

Am I working in my studio? (আমি কি আমার কর্মশালায় কাজ করছি?)

Is he solving the sum? (সে কি অঙ্কটির সমাধান করছে?)

Are you doing wrong? (তুমি কি ভুল কাজ করছ?)

অজানা কথা:

i. "I"-এর পর am বসে, "We,You, এবং They" এর পর are বসে।

ii. Third person singular (He, She, It, কোনো কিছুর নাম) এর পর is বসে।

সাধারণ আলোচনা, যখন হয় অসাধারণ

❑Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -01:

It is amazing. (এটা খুবই আশ্চর্যজনক/বিস্ময়কর।)

His attitude is charming. (তার আচরণ মনোহর।)

It is interesting. (এটা আকর্ষণীয়।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলো দেখতে present continuous tense মনে হলেও, মূলত তারা present indefinite tense।

কেননা, "amazing, charming, interesting" শব্দগুলো জন্মথেকেই "ing" যুক্ত adjective।

নিচের shortcut-টি মনে রেখো:

Be verb (am/is/are) + ing যুক্ত adjective = present indefinite

একনজরে "ing" যুক্ত adjective:

Amusing- মজাদার	Alarming- বিপদজনক	Annoying- বিরক্তিকর
Astonishing- আশ্চর্যজনক	Boring- বিরক্তিকর	Captivating- চিত্তাকর্ষক
Challenging- ঝুঁকিপূর্ণ	Charming- কমনীয়	Comforting- আরামদায়ক
Confusing- বিভ্রান্তিকর	Convincing- বিশ্বাসযোগ্য	Depressing- হতাশাজনক
Discouraging- নিরুৎসাহিত	Disgusting- জঘন্য	Distressing- কষ্টদায়ক
Entertaining- বিনোদনমূলক	Exciting- উত্তেজণাপূর্ণ	Exhausting- উৎসাহজনক
Fascinating- চিত্তাকর্ষক	Frightening- ভীতিকর	Frustrating- ক্লান্তিকর
Fulfilling- পূরক	Gratifying- তৃপ্তিদায়ক	Inspiring- অনুপ্রেরণাদায়ক
Insulting- অপমানজনক	Interesting- মজাদার	Overwhelming- অপ্রতিরোধ্য
Perplexing- বিভ্রান্তিকর	Pleasing- আনন্দদায়ক	Relaxing- আরামদায়ক
Relieving- উপশমকারক	Satisfying- সন্তোষজনক	Shocking- অতিশয় বেদনাদায়ক
Sickening- অসুস্থ	Soothing- প্রশান্তিদায়ক	Surprising- বিস্ময়কর
Tempting- প্রলুব্ধকর	Terrifying- ভয়ঙ্কর	Threatening- হুমকিজনক
Thrilling- রোমাঞ্চকর	Tiring- ক্লান্তিকর	Touching- হৃদয়গ্রাহী
Troubling- কষ্টকর	Unsettling- অস্থির	Worrying- উদ্বেগজনক

❑ Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -02:

I am going to start a new business. (আমি একটি নতুন ব্যবসা শুরু করতে যাচ্ছি।)

He is going to open a school. (সে একটি বিদ্যালয় খুলতে যাচ্ছে।)

They are going to make a charitable fund. (তারা একটি দাতব্য তহবিল গঠন করতে যাচ্ছে)

লক্ষণীয়, উপরের বাক্যগুলো দেখতে present continuous tense মনে হলেও, মূলত তারা present indefinite।

কেননা, "am going to, is going to, are going to" verb-গুলো মূলত modal verb। আর modal verb দিয়ে গঠিত sentence টি simple present tense হয়, যদিনা modal verb-এর past form হয়।

নিচের shortcut-টি মনে রেখো:

i. am/is/are + going to + v1 = present indefinite tense

ii. was/were + going to + v1 = past indefinite tense

অজানা কথা:

কিছু ক্ষেত্রে "be going to"-যুক্ত বাক্যগুলোকে future indicating present tense বলা হয় যেহেতু এই বাক্যগুলোর অর্থ ভবিষ্যতকে ইঙ্গিত করে।

❑Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -03:

She is jolly enough. (সে যথেষ্টই হাসিখুশি।)

I am a banker. (আমি একজন ব্যাংক কর্মকর্তা।)

They are courageous. (তারা সাহসী।)

কি মনে হয় তোমার? উপরের বাক্যগুলো কি present continuous?

মোটেই না। কেননা, "am/is/are" যদি কোনো বাক্যে একটি verb হয় বা main verb হিসেবে বসে। তবে, "am/is/are" থাকা সত্ত্বেও তা present continuous tense না হয়ে present indefinite tense হয়।

তাহলে দেখে নেওয়া যাক,

উপরের বাক্যগুলোকে present continuous tense করলে কেমন হয়:

Present Indefinite	Present Continuous
She is jolly enough.	She is being jolly enough.
I am a banker.	I am being a banker.
They are courageous.	They are being courageous.

অজানা কথা:

প্রথম বক্সের "is, am, are"-গুলো main verb এবং দ্বিতীয় বক্সের "being" main verb আর "am, is, are" গুলো হয়ে গেল auxiliary verb।

❑ Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -04:

I am seeing a bird.

He is believing me.

I am feeling you.

লক্ষণীয়, উপরের বাক্যগুলো দেখলে মনে হয় বাক্যগুলোতে কোন ভুল নেই, বাক্যগুলো presnt continuous tense। কিন্তু,আসলে বাক্যগুলো incorrect বা ভুল।

সঠিক হবে:

I see a bird. (আমি একটি পাখি দেখি/আমি একটি পাখি দেখছি।)

He believes me. (সে আমাকে বিশ্বাস করে/সে আমাকে বিশ্বাস করছে।)

I feel you. (আমি তোমাকে অনুভব করি/আমি তোমাকে অনুভব করছি।)

লক্ষণীয়, বেশ কিছু verb আছে, যে verb গুলোকে perception verb বা non continuous verb বলা হয়। যেগুলোকে কোনো continuous tense এ ব্যবহার করা যায় না। উক্ত verb গুলোকে continuous এর আগের tense এ ব্যবহার করতে হয়। তবে, বাংলা অর্থ করার ক্ষেত্রে continuous sense এ অর্থ করা যেতে পারে।

Wrong use continuous	Right use other tenses
I am seeing a bird.	I see a bird.= Pre Ind.
He is being absent here.	He is absent here.= Pre Ind.
He has been being ill.	He has been ill.= Pre perfect.

List of perception/non-continuous verbs:

be, see-দেখা, believe-বিশ্বাস করা, miss-অনুভব করা, smell-ঘ্রাণ নেওয়া, touch-স্পর্শ করা, hear-শোনা, feel-অনুভব করা, look-দেখা, listen-শোনা, sniff- গন্ধ শোঁকা, sound- শব্দ করা *etc.*

অজানা কথা :

Grammatical নিয়ম না মেনে শুধু অর্থের কথা বিবেচনায় অথবা Spoken-এর ক্ষেত্রে উক্ত perception verb গুলো continuous tense হতে পারে। তবে এই ধরনের ব্যবহারকে unusual use/ informal বলা হয়।

For example:

Are you hearing this very news?

The pet is smelling the food.

I am just seeing this but I am not believing this.

They are feeling uneasy.

☑ Present Perfect Tense

এইমাত্র একটি কাজ শেষ হয়েছে কিন্তু তার ফলাফল (result/effect) এখনও লক্ষণীয় বা বিদ্যমান-এরূপ বোঝালে verb এর present perfect tense হয়।

দুইটি বাক্য লক্ষ্য করো:

i. আমি নাটকটি দেখেছি।

ii. আমি ভাত খেয়েছি।

প্রথম বাক্যে, নাটক দেখা শেষ, কিন্তু নাটক দেখার অনুভূতি আমার ভেতরে বিদ্যমান বা থেকে গেছে।

দ্বিতীয় বাক্যে, ভাত খাওয়া শেষ, কিন্তু ভাত খাওয়ার পর আর কোনো ক্ষুধা নেই এমন অনুভূতি বিদ্যমান

এইভাবে, কাজ শেষ হওয়া এবং ফল (result/effect) থেকে যাওয়া বোঝালে বাক্যটিকে present perfect tense ভাবতে হয়।

বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করেছি, করেছো, করেছে, করছিস, করছেন

অর্থাৎ, কোনো বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "ছি, ছো, ছে, ছিস, ছেন" এমন উচ্চারণ পেলে তাকে present perfect tense ভাবতে হবে।

Structure:

Subject + have/has + verb এর past participle (v3) + extension.

Note: already, just, just now, yet, recently, lately, never, ever, so far, till today/now, up to now/target *etc.* থাকলে বাক্যটি present perfect tense হয়।

For example:

I have read the book. (আমি বইটি পড়েছি।)

We have solved the problem. (আমরা সমস্যাটির সমাধান করেছি।)

You have completed the work. (তুমি কাজটি শেষ করেছো।)
S/he has got a good score. (সে ভালো সাফল্যাঙ্ক পেয়েছে।)
They have joined our party. (তারা আমাদের অনুষ্ঠানে যোগ দিয়েছে।)
Mira has taken a stride. (মিরা একটি পদক্ষেপ নিয়েছে।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "have/has + v3" হওয়ায় বাক্যগুলো present perfect tense হয়েছে। বাংলা অর্থ লক্ষ্য করলে দেখা যাচ্ছে একটি কাজ শেষ হয়েছে এবং তার একটি "ফল" বিদ্যমান রয়ে গেছে।

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + have/has + v3 + -----.
For example:
I have met my boss. (আমি আমার বসের সাথে সাক্ষাৎ করেছি।)
He has completed the work. (সে কাজটি শেষ করেছে।)
They have arrived on time. (তারা সঠিক সময় পৌছেছে।)

Negative (না বোধক): Subject + have/has + not + v3 + -----.
For example:
I have not met my boss. (আমি আমার বসের সাথে সাক্ষাৎ করিনি।)
He has not completed the work. (সে কাজটি শেষ করেনি।)
They have not arrived on time. (তারা সঠিক সময়ে পৌছায়নি।)

Interrogative (প্রশ্নবোধক): Have/Has + subject + v3 + -----?
For example:
Have I met my boss? (আমি কি আমার বসের সাথে সাক্ষাৎ করেছি?)
Has he completed the work? (সে কি কাজটি শেষ করেছে?)
Have they arrived on time. (তারা কি সঠিক সময়ে পৌছেছে?)

অজানা কথা:
i. Third person singular (He, She, It, কোনো কিছুর নাম) এর পর has বসে। অন্যান্য person এর পর have বসে।
ii. Have/Has থাকলেই present perfect tense বলা যাবে না।

Shortcut দুইটি দেখে নাও:
Have/has + v3 = Present perfect tense
Have/has + extension = Present indefinite tense
উল্লেখ্য, "have/has" একটি বাক্যে main verb হিসেবে বসলেই তা present indefinite tense হয়ে যায়।
For example:
He has got an award.= Present perfect tense
He has an award.= Present indefinite tense
iii. Have এর contraction বা সংক্ষিপ্ত রূপ ('ve) এবং Has এর contraction বা সংক্ষিপ্ত রূপ ('s)।

For example:
I've (আইভ)=I have, he've (হিভ)=have
He's+v3=He has, She's +v3=she has
ব্যতিক্রম:
He's+adj/noun=He is, She's +adj/noun=she is

☑ Present Perfect Continuous Tense

অতীতে কোনো কাজ শুরু হয়ে এখনও চলমান এমন বোঝালে তা present perfect continuous tense হয়।
উল্লেখ্য, বাংলায় এই tense-এর ব্যবহার অতটা দেখা যায় না।
এই tense-এ সর্বদাই দুটি কাজ লক্ষণীয়:
i. কোনো কাজ অতীতে শুরু হবে।
ii. সেই কাজটাই বর্তমান সময় পর্যন্ত চলবে।
দুইটি বাক্য লক্ষ্য করো:
i. সকাল থেকে বৃষ্টি হচ্ছে।
ii. পাঁচ ঘন্টা যাবৎ তারা কাজ করছে।
প্রথম বাক্যে, কাজটি শুরু হয় অতীত/পূর্ব সময় সকালে এবং বৃষ্টি এখনও চলমান।
দ্বিতীয় বাক্যে, পাঁচ ঘন্টা পূর্বে কাজটি শুরু করে পাঁচ ঘন্টা ধরে এখনও কাজটি চলমান।
এইভাবে, কোনো কাজ অতীত সময়ে শুরু হয়ে বর্তমানে চলমান বোঝালে, তাকে present perfect continuous tense-এ translation করতে হয়।

"Since & For" in Present Perfect Continuous Tense

"Since" = এটি অতীত সময়ের একটি নির্দিষ্ট সময় সম্পর্কে কথা বলতে ব্যবহৃত হয় (It is used to talk about a point of past time.)
"For" = এটি একটি সময়কাল সম্পর্কে কথা বলতে ব্যবহৃত হয় (It is used to talk about a period of time.)

আরেকটি সহজ উপায়:

Present perfect continuous tense এ বাংলায় "থেকে বা হতে" বোঝালে/থাকলে, preposition "since" বসে এবং বাংলায়" যাবৎ বা ধরে" বোঝালে/থাকলে, preposition "for" বসে।
Structure:
i. Subject + have been/has been + verb + ing + -----.
ii. Subject + have been/has been + verb + ing + since/for + -----.
For example:
I have been reading this book since morning. (আমি সকাল থেকে এই বইটি পড়ছি।)
He has been working for two hours. (সে দুই ঘন্টা ধরে কাজ করছে।)
We have been discussing the matter for one hour.
(একঘন্টা যাবৎ আমরা বিষয়টি নিয়ে আলোচনা করছি।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলো দ্বারা অতীত সময়ে কাজ শুরু হয়ে বেশ কিছু সময় চলছে, এমন বোঝানোয়, বাক্যগুলো present perfect continuous tense-এ গঠন করা হয়েছে।

অজানা কথা:

i. Have been/Has been থাকা মানেই সেটি present perfect continuous tense নয়।

দুইটি shortcut দেখে নাও:

have been/has been + verb + ing = Present prefect continuous

have been/has been + adj/noun/noun phrase = Present perfect

যেমন: He has been working since morning.= Present prefect continuous

He has been an icon cricketer.= Present perfect

ii. Since-এর পর কোনো clause/sentence থাকলে since হবে "conjunctuion"। তবে since এর পর noun/noun phrase হলে উক্ত since হবে "preposition"।

For example:

It is ten years since I met you.=conjunction

It has been raining since morning.=preposition

☑ Past Indefinite Tense

যে tense দ্বারা অতীত কালে কোনো কাজ ঘটে যাওয়া বোঝায় এবং যে কাজের ফল এখন আর বর্তমান নেই, এরূপ বোঝালেই verb এর past indefinite tense হয়।

Structure:

Subject + verb এর past form (v2) + extension.

Note:

once (একদা), once upon a time, ago (পূর্বে), long ago, last (গত), previous (পূর্বে), yesterday (গতকাল), the day before yesterday (গত পরশু), before *etc.* adverb উল্লেখ থাকলে উক্ত sentence টি past indefinite tense হয়।

বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করেছিলাম, করেছিল, করেছিলে, করেছিলেন, করতাম, করতে, করতো, করতেন

অর্থাৎ, বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "ছিলাম, ছিল, ছিলে, ছিলেন, তাম, তে, তো, তেন এবং নি" এমন উচ্চারণ থাকলে তাকে past indefinite tense ভাবতে হবে।

For example:

Rita went home. (রিতা বাড়ি গিয়েছিল।)

He sang a song. (সে একটি গান গেয়েছিল।)

We all watched the movie. (আমরা সবাই সিনেমা দেখেছিলাম।)

I bought a shirt. (আমি একটি জামা কিনেছিলাম।)

I met you yesterday. ("yesterday" এই adverb টি থাকায় "met" হয়েছে)
(আমি তোমার সাথে গতকাল সাক্ষাৎ করেছিলাম)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে প্রতিটি কাজ অতীতে শেষ হয়েছে, এমন বোঝানোয় প্রতিটি verb অর্থাৎ (went, sang, watched, bought, met) এই verb-গুলো past form (v2) হয়েছে।

অজানা কথা:

i. "v2" বা verb-এর past tense মানেই তা past indefinite tense।

ii. was/were/had কোনো বাক্যে একা বসলে, তা past indefinite tense হয়।

For example:

I was sleeping there.=Past continuous

I was there.= Past Indefinite

I had dreamt a dream.=Past perfect

I had a dream.=Past Indefinite

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + v2 + extension.

For example:

I went to market. (আমি বাজারে গিয়েছিলাম।)

He bought a new dress. (সে একটি নতুন পোষাক কিনেছিল।)

Negative (না বোধক): Subject + did not/didn't + v1 + extension.

For example:

I did not go to market. (আমি বাজারে যাইনি।)

He did not buy a new dress. (সে একটি নতুন ড্রেস কিনেনি।)

Interrogative (প্রশ্নবোধক): Did + subject + v1 + extension + ?

For example:

Did I go to market? (আমি কি বাজারে গিয়েছিলাম?)

Did he buy a dress? (সে কি একটি ড্রেস কিনেছিল?)

Past Indefinite Tense-এ "Used to / Would" এর ব্যবহার

"used to / would" এই দুইটি modal verb দ্বারা অতীত কালের অনিয়মিত বা মাঝে মাঝে করা হতো এমন অভ্যাসকে বোঝায়।

For example:

He used to climb on the tree. (সে গাছে চড়তো =মাঝে মাঝে)

I would take coffee at late night. (আমি গভীর রাতে কফি খেতাম = মাঝে মাঝে)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্য দ্বারা অনিয়মিতভাবে করা কাজকে বোঝাচ্ছে।

তবে বাক্য দুটিতে "used to" বা "would" ব্যবহার না করে, শুধু যদি "climbed" এবং "took" ব্যবহার করা হলে, তা দ্বারা অতীত কালের নিয়মিত করা কাজকে বোঝাতো।

For example:

He climbed on the tree. (সে গাছে চড়তো/ চড়েছিল = নিয়মিত)

I took coffee at late night. (আমি গভীর রাতে কফি খেতাম/ খেয়েছিলাম = নিয়মিত)

অজানা কথা:

i. "Did" ব্যবহার করলে পরবর্তীতে আর verb এর past form হয় না। কেননা, একই বাক্যে দুইটি verb এর past form কখনোই হয় না। অর্থাৎ, "Did + ----- + v1"

ii. বাক্যে verb কে জোর (emphasis) প্রয়োগের ক্ষেত্রে main verb এর পূর্বে "did" ব্যবহার করা যায়।

For example:
He climbed on the tree.= (সে গাছে চড়েছিল।)
He did climb on the tree.= (সে অবশ্যই গাছে চড়েছিল।)

☑ Past Continuous Tense

অতীতকালে বা অতীত সময়ে কোনো কাজ অবিরাম (non-stop/ongoing) ভাবে চলছিল, এরূপ বোঝালে verb এর past continuous tense হয়।

Structure:
Subject + was/were + verb + ing + extension.
Note:
বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করছিলাম, করিতেছিলাম, করছিল, করিতেছিলে, করছিলেন
অর্থাৎ, বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "ছিলাম, তেছিলাম, ছিলে, তেছিলে, ছিলেন" এমন উচ্চারণ থাকলে, তাকে past continuous tense এ ভাবতে হয়।
For example:
She was reading a book. (সে একটি বই পড়ছিল।)
I was walking alone. (আমি একাকী হাঁটছিলাম।)
They were discussing the matter. (তারা বিষয়টি নিয়ে আলোচনা করছিল।)
He was announcing the names. (সে নামগুলো ঘোষণা করছিল।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলো দ্বারা অতীতে চলমান কাজকে বোঝানোয় past continuous tense এর structure অনুযায়ী "was/were + verb + ing" হয়েছে।

অজানা কথা:
i. 3rd person & 1st person-singular (He, she, it, কোনো কিছুর নাম ও I) ব্যতীত অন্য সকল person এর ক্ষেত্রে auxiliary verb "were" বসে।
ii. পূর্বে বর্ণিত non-continuous/perception verb কে past continuous করা যায় না।
iii. "was/were" থাকলেই তা past continuous tense হয় না।

দুইটি shortcut লক্ষ্য করো:
was/were + verb + ing = Past continuous
was/were + adjective/noun/noun phrase = Past indefinite
For example:
I was singing a song.=past continuous
I was busy/an active member.= past indefinite

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + was/were + verb + ing + -----.
For example:
She was cooking rice. (সে ভাত রান্না করছিল।)

They were serving us. (তারা আমাদের সেবা দিচ্ছিল।)

Negative (না বোধক): Subject + was/were + not + verb + ing + -----.
For example:
She was not cooking rice. (সে ভাত রান্না করছিল না।)
They were not serving us. (তারা আমাদেরকে সেবা দিচ্ছিল না।)


Interrogative (প্রশ্নবোধক): Was/Were + subject + verb + ing + -----?
For example:
Was she cooking rice? (সে কি ভাত রান্না করছিল?)
Were they serving us? (তারা কি আমাদেরকে সেবা দিচ্ছিল?)

☑ Past Perfect Tense

অতীতকালে দুইটি কাজ সংঘটিত হয়, এর মধ্যে একটি কাজ আগে শেষ হয় এবং অপর কাজটি পরে শেষ হয়। এমন ঘটলে, যে কাজটি আগে শেষ হয় তাকে past perfect tense করতে হয় এবং যেই কাজটি পরে শেষ হয় সেটিকে past indefinite tense করতে হয়।
দুইটি বাক্য লক্ষ্য করো:
i. আমি ভাত খেয়েছিলাম।
ii. আমি খেলতে গিয়েছিলাম।
লক্ষণীয়, দুইটি কাজই অতীত সময়ের। এখন এই দুইটি বাক্যকে একত্র করলে:
i. আমি ভাত খাওয়ার পর খেলতে গিয়েছিলাম।
ii. আমি ভাত খাওয়ার আগে খেলতে গিয়েছিলাম।
Note: দুই ভাবেই বলা যায় এবার প্রথম (i) বাক্যটিকে বোঝার চেষ্টা করি।
"ভাত খাওয়া"র কাজটি আগে শেষ হলো এবং "খেলতে যাওয়া" কাজটি পরে হলো।
সুতরাং, পূর্বে সংঘটিত হওয়া কাজ "ভাত খাওয়া" এটিকে করতে হবে past perfect tense এবং পরে সংঘটিত হওয়া কাজ "খেলতে যাওয়া" এটিকে করতে হবে past indefinite tense।
তাহলে, সঠিক translation হবে:
আমি ভাত খাওয়ার পর খেলতে গিয়েছিলাম। = I played after I had eaten rice.

অজানা কথা:
i. Past perfect tense-এ বসা "before/after" conjunction, কেননা এগুলোর পর clause বসে।
ii. বাংলায় "পূর্বে" অথবা ইংরেজিতে "before" উল্লেখ থাকলে, past perfect tense বসে প্রথম অংশে।
iii. বাংলায় "পরে" অথবা ইংরেজিতে "after" উল্লেখ থাকলে, past perfect tense বসে শেষ অংশে।

নিচের drawing থেকে পূর্ণ ধারণা নাও:



Structure:
i. Subject + had + v3 + **before** + past indefinite
ii. Past indefinite + **after** + subject + had + v3
অর্থাৎ
বাংলায় "পূর্বে" কথা উল্লেখ থাকলে structure **(i)** অনুযায়ী translation হবে।
বাংলায় "পরে" কথা উল্লেখ থাকলে structure **(ii)** অনুযায়ী translation হবে।

For example:
আমি বইটি পড়ার পরে ঘুমিয়েছিলাম।
= I slept after I had read the book. ("পরে" কথা উল্লেখ থাকায় structure **(ii.)** অনুযায়ী)
আমি গান গাওয়ার পূর্বে সে গান গেয়েছিল।
= She had sung a song before I sang. ("পূর্বে" কথা উল্লেখ থাকায় structure **(i.)** অনুযায়ী)

আরো কিছু উদাহরণ:
ডাক্তার আসার পূর্বে রোগীটি মারা গেল।
= The patient had died before the doctor came.
আমি পৌঁছানোর পর সকলে স্বাগত জানিয়েছিল।
= All welcomed me after I had reached.
স্বপ্ন দেখার পর সে জেগে উঠেছিল।
= She woke up after she had dreamt a dream.
কবিতা কবিতা লেখার পূর্বে ছবি ছবি এঁকেছিল।
= Chobi had drawn a picture before Kobita wrote a poem.

আরো কিছু structure, যা past perfect tense-এর সাথে সম্পৃক্ত:
একটি কাজ শেষ হতে না হতেই, যখন আরেকটি কাজ হয়:

Structure:
i. No sooner had + subject + v3 + than + past indefinite.
ii. Scarcely/ Hardly/ Barely+had+subject+v3+when+past indefinite.

For example:
No sooner had the teacher entered the classroom than all the students stood up. (শিক্ষক ক্লাসে প্রবেশ করতেই (করতে না করতেই) সকল ছাত্র-ছাত্রী দাঁড়িয়েছিল।)

এই বাক্যটিকে এইভাবেও লিখা যায়:
Scarcely had the teacher entered the classroom when all the students stood up.
অথবা,
Hardly had the teacher entered the classroom when all the students stood up.
অথবা,
Barely had the teacher entered the classroom when all the students stood up.
Note: উপরের বাক্যগুলোর structure ভিন্ন হলেও, বাক্যের অর্থগত কোন পরিবর্তন নেই।

☑ Past Perfect Continuous Tense

অতীতকালে কোনো একটি কাজের পূর্বে বা পরে অন্য আরেকটি কাজ কিছু সময় ধরে চলছিল এমন বোঝালে, যে কাজটি সময় ধরে চলছিল তা past perfect continuous tense এবং অন্যটি past indefinite tense হয়।
Note: past perfect continuous tense-এর ব্যবহার বাংলা ভাষায় খুবই কম।
দুইটি বাক্য লক্ষ্য করো:
i. রানা এই ক্লাবে পাঁচ বছর ধরে খেলেছিল।
ii. রানা ক্লাব থেকে বিদায় নিল।
লক্ষণীয়, প্রথম বাক্য দ্বারা সময়ের ব্যাপ্তি "পাঁচ বছর ধরে" (duration of time)-কে প্রাধান্য দেওয়া হচ্ছে এবং অন্য বাক্যটি "রানা ক্লাব থেকে বিদায় নিল" simple past tense।
এইবার দুইটি বাক্যকে এইভাবে লিখা যায়:
রানা ক্লাব থেকে বিদায় নেওয়ার পূর্বে এই ক্লাবে পাঁচ বছর ধরে খেলেছিল।
= Rana had been playing in this club for five years before he left the club.

Structure:
Subject + had been + verb + ing + *since/for* ----- + before + past indefinite.

For example:
I had been working in an IT firm for two years before I went abroad. (আমি বিদেশ যাওয়ার পূর্বে একটি আইটি কোম্পানিতে আমি দুই বছর ধরে কাজ করছিলাম।)
My father had been teaching me for long time before my home tutor came to my house. (আমার গৃহশিক্ষক আসার পূর্বে আমার বাবা দীর্ঘ সময় ধরে আমাকে পড়াচ্ছিলেন।)

অজানা কথা:
i. Past perfect tense এর মত past perfect continuous tense-এ "before" এবং "after" ব্যবহার হয়, তবে before এর ব্যবহারই বেশি পরিলক্ষিত।
ii. Past perfect continuous tense এ সর্বদাই before/after দিয়ে দুইটি বাক্য যুক্ত না হয়ে, শুধু একটি sentence-ও থাকতে পারে।
যেমন: He had been solving the problem.

☑ Future Indefinite Tense

ভবিষ্যতে/আগামীতে কোনো কাজ সংঘটিত হবে এরূপ বোঝালে verb এর future indefinite tense হয়।

Structure:
Subject + shall/will + verb এর present form (v1) + extension.
Note: Tomorrow, coming, upcoming (আসন্ন), ensuing (আসন্ন) *etc.* শব্দ উল্লেখ থাকলে future indefinite tense হয়।
বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করব, করবি, করবেন, করিব
অর্থাৎ, বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "বো, বি, বেন" ইত্যাদি উচ্চারণ পরিলক্ষিত হলে, তা future indefinite tense হবে।

For example:
I will meet you. (আমি তোমার সাথে দেখা করব।)

We will carry on our discussion. (আমরা আমাদের আলোচনা চালিয়ে যাবো।)
He will finish the work on time. (সে যথা সময়ে কাজটি শেষ করবে।)
They will attend my ceremony tomorrow. (তারা আগামীকাল আমার অনুষ্ঠানে উপস্থিত হবে।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলো দ্বারা ভবিষ্যতে ঘটবে এমন কাজ বোঝানোয় বাক্যগুলোকে future indefinite tense-এ translate করা হয়েছে।

অজানা কথা:

i. বর্তমানে Modern Grammar-এ "will" এর ব্যবহারকে সর্বাধিক গুরুত্ব দেয়া হয়। 1st person (I/We)-এর পর shall ব্যবহার করা যায়। তবে, "will" যে কোনো person এর পরে বসানো যায়।
ii. Subject এর পরে will ব্যবহারে বাক্যের অর্থ বেশি জোরালো বোঝায়। তাই, যেকোনো subject-এর পর "will" ব্যবহার করাই শ্রেয়।
iii. "will" এর negative "will not বা won't" এবং "shall" এর negative "shall not বা shan't"
iv. "will/shall" এর contraction /short form রূপ ('ll) ।

For example:
He'll (হিল) =he will, **I'll** (আইল) =I will/shall

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + shall/will + v1 + extension.

For example:
He will attend the meeting. (সে সভায় উপস্থিত হবে।)
I will help you. (আমি তোমাকে সাহায্য করবো।)

Negative (না বোধক): Subject + shall/will + not + v1 + -----.

For example:
He will not attend the meeting. অথবা, He won't attend the meeting.
(সে সভায় উপস্থিত হবে না)
I will not help you. অথবা, I won't help you. (আমি তোমাকে সাহায্য করবো না।)
Note: "won't" এই contraction টি Written English-এর তুলনায় Spoken English-এ বেশি ব্যবহার হয়।

Interrogative (প্রশ্নবোধক): Shall/Will + subject + v1 + ----- + ?

For example:
Will he attend the meeting? (সে কি সভায় উপস্থিত হবে?)
Will I help you? (আমি কি তোমাকে সাহায্য করবো?)

দ্বন্দ্ব দূর করে নাও:

i. "Be going to" ব্যবহার করলে মূলত তা ভবিষ্যৎ (future) নির্দেশক অর্থ দিয়ে থাকে।
ii. "Be going to" modal verb তুলে দিয়ে তদস্থলে "will" বসানো যায়, এক্ষেত্রে অর্থের খুব বেশি পার্থক্য পরিলক্ষিত হয় না।

For example:
We are going to start a good job.= আমরা একটি ভালো কাজ শুরু করতে যাচ্ছি।
We will start a good job.= আমরা একটি ভালো কাজ শুরু করব।

একটু বাড়তি ধারণা:

i. "Be going to" is used when we want to emphasise our decision. (এটা ব্যবহার করা হয় যখন আমরা আমাদের সিদ্ধান্তের উপর জোর দিতে চাই।)
ii. "Will" is used absolute certainty (পরম/পরিপূর্ণ নিশ্চয়তা)

অজানা কথা:
Spoken/informal context-এ "going to" কে "gonna" বলা হয়।

For example:
We are going to start a good job.
We are gonna start a good job.

☑ Future Continuous Tense

ভবিষ্যতে কোনো কাজ চলতে থাকবে (non-stop/ongoing) এমন বোঝাতে verb এর future continuous tense হয়।

Structure:
Subject + shall/will + be + verb + ing + extension.

বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করতে থাকবো, করতে থাকবে, করতে থাকবেন
অর্থাৎ, বাংলা বাক্যে ক্রিয়ার শেষে "থাকবো, থাকবে, থাকবেন " ইত্যাদি উচ্চারণ পরিলক্ষিত হলে, তা future continuous tense হয়।

For example:
I will be singing a song. (আমি একটি গান গাইতে থাকবো।)
We will be discussing the matter. (আমরা বিষয়টি নিয়ে আলোচনা করতে থাকবো।)
She will be cooking rice. (সে ভাত রান্না করতে থাকবে।)
They will be helping the innocent. (তারা অসহায়দের সাহায্য করতে থাকবে।)
লক্ষণীয়, উপরের প্রত্যেকটি বাক্যের বাংলা অর্থ দ্বারা ভবিষ্যতে চলমান বা চলতেই থাকবে এমন কাজকে ইঙ্গিত করা হচ্ছে। এই জন্য নিয়ম অনুযায়ী অনুযায়ী "will be + verb + ing" করে future continuous tense করা হয়েছে।

অজানা কথা:

i. "Shall be/Will be" কে compound auxiliary verb বলা হয়।
ii. Compound auxiliary verb কে negative করতে adverb "not" কে মাঝে বসাতে হয়।
যেমন: shall not be, will not be
iii. কোনো বাক্যে শুধু যদি "shall be বা will be" থাকে, তবে তা future indefinite tense হয়। কেননা, এই বাক্যে main verb/linking verb হয় "be"।

For example:
I will be drawing a picture.= auxiliary verb
I will be a doctor.=main verb/linking verb

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + shall be/will be + verb + ing ---.

For example:

I shall be going to market. (আমি বাজারে যেতে থাকব।)

He will be reading the book. (সে বইটি পড়তে থাকবে।)

Negative (না বোধক): Subject + shall not be/will not be + verb + ing ---.

For example:

I shall not be going to market. (আমি বাজারে যেতে থাকব না।)

He will not be reading the book. (সে বইটি পড়তে থাকবে না।)

Interrogative (প্রশ্নবোধক): Shall/Will + subject + be + verb + ing --?

For example:

Shall I be going to market? (আমি কি বাজারে যেতে থাকব?)

Will he be reading the book? (সে কি বইটি পড়তে থাকবে?)

☑ Future Perfect Tense

ভবিষ্যতে কোনো একটি কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে এরূপ বোঝালে verb-এর future perfect tense হয়।

Note: অনেক সময় future perfect tense-এ দুইটি কাজ সংঘটিত হয়। একটি কাজ আগে শেষ হয় এবং আরেকটি কাজ পরে শেষ হয়।

যে কাজটি আগে শেষ হয় তা future perfect tense এবং যে কাজটি পরে শেষ হয় তা future indefinite/present indefinite tense হয়।

Structure:

i. Subject + shall have/will have + v3 + --- + **before** + future/present indefinite.

ii. Future/present indefinite + **after** + subject + shall have/will have + v3 + -----.

For example:

রিতা বাড়ি পৌঁছানোর পূর্বে আমি তার বাবাকে বিষয়টি অবগত করবো।

= I will have informed her father of the matter **before** Rita will reach home.

অথবা, I will have informed her father of the matter **before** Rita reaches home.

এই কথা এভাবেও বলা যায়:

রিতা বাড়ি পৌঁছানোর পর আমি তার বাবাকে বিষয়টি অবগত করবো।

I will inform her father of the matter **after** Rita will have reached home.

অথবা,

I inform her father of the matter **after** Rita will have reached home.

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে দুইটি করে কাজ লক্ষ্য করা যাচ্ছে, একটি "রিতার বাড়ি পৌঁছানো" এবং আরেকটি "তার বাবাকে বিষয়টি অবগত করা"।

তাই নিয়ম অনুযায়ী যে কাজটি প্রথমে সম্পন্ন হলো সেটা future perfect tense করা হয়েছে এবং অন্য tense টি present indefinite/future indefinite এর যেকোনো একটি করা হয়েছে।

অজানা কথা:

i. এই tense-এ "before এবং after" conjunction হিসেবে দুইটি clause- এর মাঝে বসে।

ii. অনেক সময় future perfect tense-এর চিহ্ন হিসেবে "by/within + time" দেখা যায়।

দ্বন্দ্ব দূর করে নাও:

i. দুইটি ঘটনা ছাড়াও শুধুমাত্র একটি কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হলে, তা future perfect tense হয়।

ii. নির্দিষ্ট সময় বেঁধে না দিলে তা simple future indefinite tense হয়।

For example:

মনির একদিনের মধ্যে কাজটি শেষ করে থাকবে। = (নির্দিষ্ট সময় "একদিনের মধ্যে")

= Monir will have finished the work within one day.

মনির কাজটি শেষ করে থাকবে।

= Monir will finish the work.

আমি ২০২৫ সালের মধ্যে অসমাপ্ত কাজ শেষ করব। = (নির্দিষ্ট সময় "২০২৫ সালের মধ্যে")

= I will have finished the unfinished work by 2025.

আমি অসমাপ্ত কাজ শেষ করব।

= I will finish the unfinished work.

☑ Future Perfect Continuous

ভবিষ্যতে কোনো একটি কাজ শুরু হবে কিন্তু তার পূর্ব মুহূর্ত পর্যন্ত অন্য আরেকটি কাজ চলতে থাকবে, বা এরূপ বোঝালে যে কাজটি চলমান থাকবে সেটি future perfect continuous tense। আর অন্যটি future indefinite/present indefinite tense হবে।

উল্লেখ্য, এই tense এর ব্যবহার একেবারেই হয়না বললে চলে।

একটি বাক্য লক্ষ্য করো:

আমার বস কিছু বলার আগ পর্যন্ত আমি আমার কাজ চালিয়ে যাবো।

বলো তো, কোন কাজটি আগে থেকেই চলবে?

নিশ্চই, "আমি আমার কাজ চালিয়ে যাবো" এই কাজটি আগে থেকেই চলবে।

আর পরের কাজটি "আমার বস কিছু বলবে"।

তাহলে, যেই কাজটি আগে থেকে চলবে সেটিকে আমাদের আলোচ্য tense "future perfect continuous" করতে হবে।

আমার বস কিছু বলার আগ পর্যন্ত আমি আমার কাজ চালিয়ে যাবো।

= I will have been doing my task/job **before** my boss will say/says something.

Structure:

Subject + shall have been / will have been + verb + ing + extension

For example:

He will have been reading this book before I give/will give him another book.

(আমি তাকে অন্য একটি বই দেওয়ার পূর্বে সে বইটি পড়তে থাকবে।)

I will have been playing till 4 pm. (আমি বিকেল ৪টা পর্যন্ত খেলতে থাকব।)

At a glance, 12 Tenses

[এক নজরে ১২টি Tense]

Tense	Indefinite	Continuous	Perfect	Perfect Continuous
Present	S.+v.+ext.	S.+am/is/are+v1+ing+ext.	S.+have/has+v3+ext.	S.+have/has been+v1+ing+ext.
Past	S.+v2+ext.	S.+was/were+v1+ing+ext.	S.+had+v3+ext. (before/after)	S.+had been+v.+ing+ext. (since/for)+ext.
Future	S.+shall/will+v1+ext.	S.+shall/will+be+v1+ing+ext.	S.+shall/will+have +v3 +ext. (before/after)	S.+shall/will+have been+verb+ing+ext. (since/for/till/until)

তুমি যদি tense কে খুব দ্রুত সময়ে দখলে নিয়ে আসতে চাও,
তবে অবশ্যই উপরের এই টেবিলটি প্রতিদিন কয়েকবার দেখবে।
প্রথমে অনেক কঠিন লাগবে। তবে একটা সময় sentence-ই তোমাকে structure এর কথা মনে করিয়ে দিবে। আলাদা করে table মনে রেখে tense ভেবে sentence লিখতে হবে না।

Tense-এর আলোচনা আরো সহজ হয়ে যাবে
যদি নিচের বাক্যগুলো মনোযোগ দিয়ে লক্ষ্য করো

I **do** it. (Present Indefinite)
I **am doing** it. (Present Continuous)
I **have done** it. (Present Perfect)
I **have been doing** it. (Present Prefect Continuous)
নিশ্চয় লক্ষ্য করেছো, উপরের sentence গুলোতে শুধু verb-এর পরিবর্তন হয়েছে।

I **did** it. (Past Indefinite)
I **was doing** it. (Past Continuous)
I **had done** it. (Past Perfect)
I **had been doing** it. (Past Perfect Continuous)
লক্ষ্য করো, উপরের sentence গুলোতেও শুধুমাত্র verb এর জায়গাতেই পরিবর্তন হয়েছে।

I **will do** it. (Future Indefinite)
I **will be doing** it. (Future Continuous)
I **will have done** it. (Future Perfect)
I **will have been doing** it. (Future Perfect Continuous)
নিশ্চয় এখানেও লক্ষ্য করলে, উপরের sentence গুলোতে শুধুমাত্র verb এর জায়গাতেই পরিবর্তন হয়েছে।
সহজ করে বললে, এটিই হচ্ছে tense এর মূল কথা। অর্থাৎ, tense কাজ করে verb এর পরিবর্তন নিয়ে।
সুতরাং, তুমি যদি কোনো sentence দেখে tense চিনতে চাও, তবে সর্বপ্রথমে verb এর দিকে নজর দাও।

Person *Vs* Auxiliary Verb

বিভিন্ন Tense-এ অনেক রকমের auxiliary verb রয়েছে। এই verb গুলো সুনির্দিষ্ট person-এর পরে বসে। অনেক সময় এই সহজ বিষয়টি অনেকের কাছে কঠিন মনে হয়, তাই ভুল করে নির্দিষ্ট person-এরপর অন্য কোন auxiliary verb বসায়। নিচের আলোচনাটি মনোযোগ দিয়ে দেখলে, এই ধরনের সমস্যা আর ঘটবে না।

❑ Present Tense-এ Person + Auxiliary Verb

1. **Present Indefinite:** (I, we, you, they)-এর পরে do বসে এবং 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে does বসে।
2. **Present continuous:** I-এর পরে am, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে is এবং সকল plural (we, you, they)-এর পরে are বসে।
3. **Present perfect:** I-এর পরে have, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে has এবং সকল plural (we, you, they)-এর পর have বসে।
4. **Present perfect continuous:** I-এর পরে have been, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে has been এবং সকল plural (we, you, they)-এর পরে have been বসে।

❑ Past Tense-এ Person + Auxiliary Verb

1. **Past Indefinite:** সকল person (I, we, you, they, He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে did বসে।
2. **Past continuous:** I এর পরে was, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে was এবং সকল plural (we, you, they) এর পরে were বসে।
3. **Past perfect:** সকল person (I, we, you, they, He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে were বসে।

❑ Future Tense-এ Person + Auxiliary Verb

1. **Future indefinite:** I-এর পরে shall, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম)-এর পরে will এবং সকল plural (we, you, they)-এর পরে will বসে।
   Note: এখন সকল person-এরপর will বসানোকে প্রাধান্য দেয়া হয়।
2. **Future continuous:** I-এর পরে shall be, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম) এর পরে will be এবং সকল plural (we, you, they) এর পরে will be বসে।
3. **Future perfect:** I-এর পরে shall have, 3rd person singular (He, She, It, কোনো কিছুর নাম) এর পরে will have এবং সকল plural (we, you, they) এর পরে will have বসে।

Practice
MCQ মাধ্যম

1. Tense is related to -----.
   (a) action (b) time (c) event (d) day
2. It is interesting. এটি কোন tense?
   (a) Present indefinite (b) Present continuous
   (c) Present progress (d) Past simple
3. The prices of rice are -----.
   (a) raising (b) risen (c) rising (d) raised
4. I have a plan. এটি কোন tense?
   (a) Present perfect (b) Past perfect
   (c) Present indefinite (d) Past indefinite
5. It has been raining -----.
   (a) for morning (b) for night (c) since morning (d) since one hour
6. I shall go home after I ----- the work.
   (a) have finished (b) will have finished
   (c) shall finish (d) had finished
7. Why ----- angry with me yesterday?
   (a) were you (b) was you (c) you were (d) have you been
8. Fill in the gap: I ----- many singing birds.
   (a) am seeing (b) was seeing (c) see (d) saw
9. The baby ----- because it is hungry now.
   (a) is crying (b) cries (c) is (d) are
10. A public library was ----- on his land.
    (a) found (b) founded (c) has found (d) has founded

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) time, tense-এর কাজই হচ্ছে তিনটি সময় (time) নিয়ে কথা বলা। আর সেই তিনটি সময় হলো: গতকাল, আজ এবং আগামীকাল।
2. সঠিক উত্তর- (a) Present indefinite, কেননা be verb এর পর adjective (interesting, surprising, charming, amazing etc.) থাকলে দেখতে continuous মনে হলেও আসলে তা indefinite হবে।
3. সঠিক উত্তর- (c) rising, continuous tense অনুসারে be verb (are) + rising (বেড়ে যাওয়া) এটি ব্যবহার করতে হবে।
4. সঠিক উত্তর- (c) Present indefinite, অনেকের ধারণা "have/has" থাকলেই তা present perfect কিন্তু না, যে বাক্যে "have/has" হবে একটি verb বা main verb তবে তা present indefinite tense।

5. সঠিক উত্তর- (c) since morning, সকাল থেকে বৃষ্টি হচ্ছে, অর্থাৎ "হতে/থেকে" এমন অর্থ প্রকাশে present perfect continuous tense এ "since" বসে।
6. সঠিক উত্তর- (b) will have finished, এটি future perfect tense-এর নিয়ম অনুযায়ী হয়েছে।
7. সঠিক উত্তর- (a) were you, past indefinite tense এর interrogative pattern অনুযায়ী (a) নং উত্তর নেওয়া হয়েছে।
8. সঠিক উত্তর- (c) see, non-continuous verb (see, believe, touch, feel etc.) এর সাথে ing না হওয়ায় তা present indefinite tense-এ হয়েছে।
9. সঠিক উত্তর- (a) is crying, "চলমান" বা "now" এমন অর্থ প্রকাশে বাক্যটি present continuous tense হয়।
10. সঠিক উত্তর- (b) founded, কারণ "found-ভিত্তিপ্রস্তর স্থাপন করা" এর past participle হিসেবে "founded" হবে।

Conjugation of Verbs

(ক্রিয়ার রূপ)

Present – Past – Past Participle

Past tense এবং Past participle-এর ভিত্তিতে verb-কে ২ ভাগে ভাগ করা হয়।
i. Strong verbs
ii. Weak verbs

1. Strong verbs:

Strong verb বলতে সেই সকল verb কে বোঝানো হয় যেসকল verb এর অভ্যন্তরের vowel (a, e, i, o, u) পরিবর্তন করে past এবং past participle করা হয়। যেমন:
Abide – abode – abode
Sing – sang – sung
লক্ষ্য করলে দেখা যায়, উপরের দুইটি verb "Abide এবং Sing" এর ভেতরের vowel "i" পরিবর্তন করে past এবং past participle করা হয়েছে।

অজানা কথা:
Strong verb এর অপর নাম irregular verb

2. Weak verbs:

যে সকল verb এর শেষে "d, ed, t" যোগ করে past এবং past participle করা হয়। যেমন:
Help – helped – helped
Dream – dreamt – dreamt
লক্ষ্য করলে দেখা যায়, উপরের দুইটি verb "Help এবং Dream" এর শেষে যথাক্রমে"ed এবং t" যোগ করে past এবং past participle করা হয়েছে।

অজানা কথা:
Weak verb এর অপর নাম regular verb।

Conjugation of Verbs [Basic Level]

[দৈনন্দিন জীবনে ব্যবহৃত এমন 200 টি গুরুত্বপূর্ণ verb এর ৩টি রূপ দেওয়া হলো]

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
1. Abide (অ্যাবাইড্)	মেনে চলা	abode	abode
2. Add (অ্যাড্)	যুক্ত করা	added	added
3. Admit (আড্'মিট্)	স্বীকার করা	admitted	admitted
4. Allow (আলাউ)	অনুমতি দেওয়া	allowed	allowed
5. Answer (আনসা(র্))	উত্তর দেওয়া	answered	answered
6. Arise (আরাইজ্)	উঠা	arose	arisen
7. Ask (আ:স্ক্)	জিজ্ঞেস করা	asked	asked
8. Avoid (আভয়ড্)	এড়িয়ে চলা	avoided	avoided
9. Awake (আ'ওয়েইক্)	জাগা/জাগানো	awoke	awoken, awaked
10. Be- am/ is/are (অ্যাম্ /ইজ্ /আর্)	হওয়া	was/were	been
11. Bear (বেআ(র্))	বহন করা	bore	borne
12. Bear (বেআ(র্))	জন্ম দেওয়া	bore	born
13. Beat (বীট্)	মারা/ প্রহার করা	beat	Beaten
14. Become (বি'কাম্)	হওয়া	became	become
15. Befall (বি'ফোল্)	সংঘটিত হওয়া	befell	befallen
16. Beget (বি'গেট্)	আরম্ভ হওয়া	begot	begot, begotten
17. Begin (বিগিন্)	শুরু হওয়া	began	begun
18. Bid (বিড্)	বিদায় দেওয়া	bade	bidden
19. Bind (বাইন্ড্)	বাঁধাই করা	bound	bound, bounden
20. Bend (বেন্ড্)	বাঁকানো	bent	bent/bended
21. Bite (বাইট্)	কামড় দেওয়া	bit	bit, bitten
22. Bleed (ব্লীড্)	রক্তপাত করা	bled	bled
23. Blow (ব্লৌ)	প্রবাহিত হওয়া	blew	blown
24. Break (ব্রেইক্)	ভাঙ্গা	broke	broken
25. Breed (ব্রীড্)	প্রসব করা	bred	bred
26. Bring (ব্রিঙ্)	আনা	brought	brought
27. Build (বিল্ড্)	নির্মাণ করা	built	built
28. Burn (বান্)	পোড়ানো	burnt	burnt

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
29. Buy (বাই)	কেনা	bought	bought
30. Call (কোল্)	ডাকা	called	called
31. Catch (ক্যাচ্)	ধরা	caught	caught
32. Chide (চাইড্)	তিরস্কার করা	chid	chid, chidden
33. Choose (চুজ্)	পছন্দ করা	chose	chosen
34. Cling (ক্লিং)	লেগে থাকা	clung	clung, clinged
35. Clothe (ক্লোদ্)	পোষাক পরানো	clothed	clothed
36. Come (কাম্)	আসা	came	come
37. Creep (ক্রীপ্)	হামাগুড়ি দেওয়া	crept	crept
38. Cry (ক্রাই)	কাঁদা	cried	cried
39. Carry (ক্যারি)	বহন করা	carried	carried
40. Check (চেক্)	নিয়ন্ত্রণ করা	checked	checked
41. Confirm (কন্'ফাম্)	নিশ্চিত করা	confirmed	confirmed
42. Close (ক্লোউস্)	বন্ধ করা	closed	closed
43. Capture ('ক্যাপ্চা(র্))	বন্দী করা	captured	captured
44. Dare (ডেআ(র্))	ঝুঁকি নেওয়া	dared	dared
45. Dare (ডেআ(র্))	সাহস করা	dared	dared
46. Deal (ডীল্)	চুক্তি করা	dealt	dealt
47. Die (ডাই)	মরা	died	died
48. Dig (ডিগ্)	খনন করা	dug	dug
49. Do (ডুউ)	করা	did	done
50. Draw (ড্র)	আঁকা	drew	drawn
51. Dream (ড্রীম্)	স্বপ্ন দেখা	dreamed, dreamt	dreamed, dreamt
52. Drink (ড্রিঙ্ক্)	পান করা	drank	drunk
53. Drive (ড্রাইভ্)	চালনা করা	drove	driven
54. Dwell (ডুয়েল্)	বসবাস করা	dwelt	dwelt
55. Eat (ঈট্)	খাওয়া	ate	eaten
56. Fall (ফোল্)	পতিত হওয়া	fell	fallen
57. Feed (ফীড্)	খাওয়ানো	fed	fed
58. Feel (ফীল্)	অনুভব করা	felt	felt

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
59. Fell (ফেল্)	ভেঙ্গে ফেলা	felled	felled
60. Fight (ফাইট্)	যুদ্ধ করা	fought	fought
61. Find (ফাইন্ড্)	সন্ধান করা	found	found
62. Flee (ফ্লী)	পলায়ন করা	fled	fled
63. Fling (ফ্লিঙ্)	নিক্ষেপ করা	flung	flung
64. Flow (ফ্লৌ)	প্রবাহিত হওয়া	flowed	flowed
65. Fly (ফ্লাই)	উড়া	flew	flown
66. Forbid (ফা'বিড্)	নিষেধ করা	forbade	forbidden
67. Forget (ফা'গেট্)	ভুলে যাওয়া	forgot	forgot, forgotten
68. Forgive (ফা'গিভ্)	ক্ষমা করা	forgave	forgiven
69. Forsake (ফা'সেইক্)	ত্যাগ করা	forsook	forsaken
70. Found (ফাউন্ড্)	স্থাপন করা	founded	founded
71. Freeze (ফ্রীজ্)	জমে যাওয়া	froze	frozen
72. Get (গেট্)	পাওয়া	got	got, gotten
73. Gild (গিল্ড্)	চকচক করা	gilded, gilt	gilded, gilt
74. Give (গিভ্)	দেওয়া	gave	given
75. Go (গৌ)	যাওয়া	went	gone
76. Grave (গ্রেইভ্)	খোদাই করা	graved	graved, graven
77. Grind (গ্রাইন্ড্)	চূর্ণ বিচূর্ণ করা	ground	ground
78. Grow (গ্রৌ)	জন্মানো/চাষ করা	grew	grown
79. Guide (গাইড্)	পরিচালনা করা	guided	guided
80. Guess (গেস্)	অনুমান করা	guessed	guessed
81. Hang (হ্যাঙ্)	কোনো কিছু ঝুলানো	hung	hung
82. Hang (হ্যাঙ্)	ফাঁসিতে ঝুলানো	hanged	hanged
83. Have / has (হ্যাভ্)		had	had
84. Hear (হিআ(র্))	শোনা	heard	heard
85. Help (হেল্প্)	সাহায্য করা	helped	helped
86. Hide (হাইড্)	লুকানো	hid	hid, hidden
87. Hold (হৌল্ড্)	ধরা	held	held
88. Keep (কীপ্)	রাখা	kept	kept

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
89. Kneel (নীল্)	হাঁটু গাড়িয়া বসা	knelt	knelt
90. Know (নৌ)	জানা	knew	known
91. Lay (লেই)	কোনো কিছু রাখা	laid	laid
92. Lie (লাই)	নিহিত থাকা	lay	lain
93. Lie (লাই)	মিথ্যা বলা	lied	lied
94. Lead (লেড্)	পরিচালনা করা	led	led
95. Lean (লীন্)	হেলান দেওয়া	leant, leaned	leant, leaned
96. Leap (লীপ্)	লাফিয়ে চলা	leapt, leaped	leapt, leaped
97. Learn (লান্)	শিক্ষা দেওয়া	learnt	learnt
98. Leave (লীভ্)	ছেড়ে যাওয়া	left	left
99. Lend (লেন্ড্)	ধার দেওয়া	lent	lent
100. Light (লাইট্)	জ্বালানো	lighted, lit	lighted, lit
101. Loose (লূস্)	ঢিলা করা / আলগা করা	loosed	loosed
102. Lose (লূজ্)	হারান	lost	lost
103. Look (লুক্)	তাকানো	looked	looked
104. Make (মেইক্)	তৈরি করা	made	made
105. Mean (মীন্)	অর্থ প্রকাশ করা	meant	meant
106. Meet (মীট্)	সাক্ষাৎ করা	met	met
107. Melt (মেল্ট্)	গলানো	melted	melted, molten
108. Mow (মৌ)	কাস্তে দ্বারা কাটা	mowed	mowed, mown
109. Marry ('ম্যারি)	বিবাহ করা	married	married
110. Misunderstand (মিস্আন্ডা'স্ট্যান্ড্)	ভুল বোঝা	misunderstood	misunderstood
111. Pass (পাঃস্)	অতিক্রম করা	passed	passed
112. Pay (পেই)	পরিশোধ করা	paid	paid
113. Play (প্লেই)	খেলা করা	played	played
114. Prove (প্রূভ্)	প্রমাণ করা	proved	proved
115. Push (পুশ্)	ধাক্কা দেওয়া	pushed	pushed
116. Protest (প্রৌটেস্ট্)	প্রতিবাদ করা	protested	protested
117. Ride (রাইড্)	ঘোড়া/যানবাহনে চড়া	rode	ridden
118. Ring (রিং)	ঘন্টা বাজানো	rang	rung

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
119. Rise (রাইজ্)	ওঠা	rose	risen
120. Run (রান্)	দৌড়ানো	ran	run
121. Saw (সো°)	করাত দিয়ে ফাড়া/চেরা	sawed	sawed, sawn
122. Say (সেই)	বলা	said	said
123. See (সী)	দেখা	saw	seen
124. Seek (সীক্)	খোঁজ করা	sought/seeked	sought/seeked
125. Sell (সেল্)	বিক্রি করা	sold	sold
126. Send (সেন্ড্)	পাঠানো	sent	sent
127. Sew (সৌ)	সেলাই করা	sewed	sewed, sewn
128. Shake (শেইক্)	কাঁপা / নাড়া দেওয়া	shook	shaken
129. Shine (শাইন্)	চকচক করা	shone	shone
130. Shoot (শূট্)	গুলি করা	shot	shot
131. Show (শৌ)	দেখানো	showed	showed, shown
132. Shrink (শ্রিঙ্ক্)	সঙ্কুচিত হওয়া	shrank	shrunk, shrunken
133. Sink (সিঙ্ক)	ডুবা	sank	sunk
134. Sit (সিট্)	বসা	sat	sat
135. Slay (স্লেই)	হত্যা করা	slew	slain
136. Sleep (স্লীপ্)	ঘুমানো	slept	slept
137. Slide (স্লাইড্)	গড়িয়ে পড়া	slid	slid
138. Smell (স্মেল্ংধ)	ঘ্রাণ নেওয়া / শুঁকা	smelt	smelt
139. Sow (সাউ)	বপন করা	sowed	sown, sowed
140. Speak (স্পীক্)	বলা	spoke	spoken
141. Spell (স্পেল্)	বানান করা	spelt	spelt
142. Spend (স্পেন্ড্)	খরচ করা	spent	spent
143. Spill (স্পিল্)	ঝরে পড়া	spilt, spilled	spilt
144. Spin (স্পিন্)	সুতা কাটা	spun	spun
145. Spit (স্পিট্)	থুতু দেওয়া	spat	spat, spitted
146. Spring (স্প্রিঙ্)	লাফানো	sprang	sprung
147. Stand (স্ট্যান্ড্)	দাঁড়ানো	stood	stood
148. Steal (স্টীল্)	চুরি করা	stole	stolen

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
149. Stick (স্টিক্)	লেগে থাকা	stuck	stuck
150. Sting (স্টিঙ্)	হুল ফুটানো/কষ্ট দেওয়া	stung	stung
151. Stride (স্ট্রাইড্)	দীর্ঘ ধাপ দিয়ে চলা	strode	stridden
152. Strike (স্ট্রাইক্)	ধর্মঘট ডাকা / আঘাত করা	struck	struck, stricken
153. Strive (স্ট্রাইভ্)	চেষ্টা করা	strove	striven
154. Swear (সোয়েআ(র্))	শপথ করা	swore	sworn
155. Sweep (সুয়ীপ)	ঝাড়ু দেওয়া	swept	swept
156. Swell (সোয়েল্)	ফুলানো	swelled	swelled
157. Swim (সুয়িম্)	সাঁতার কাটা	swam	swum
158. Swing (সুয়িঙ্)	দোল দেওয়া	swung	swung
159. Take (টেইক্)	নেওয়া	took	taken
160. Teach (টীচ্)	শিক্ষা দেওয়া	taught	taught
161. Tear (টিআ(র্))	ছিঁড়ে ফেলা	tore	torn
162. Tell (টেল্)	বলা	told	told
163. Think (থিঙ্ক্)	চিন্তা করা	thought	thought
164. Throw (থ্রৌ)	নিক্ষেপ করা	threw	thrown
165. Tread (ট্রেড্)	পদদলিত করা	trod	trod, trodden
166. Wake (ওয়েইক্)	ঘুম থেকে ওঠা	woke	woken
167. Wear (ওএআ(র্))	বস্ত্র পরিধান করা	wore	worn
168. Weave (উঈভ্)	কাপড় বুনা	wove	woven
169. Weep (উঈপ্)	ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা	wept	wept
170. Wet (ওএট্)	ভিজে যাওয়া	wetted, wet	wetted, wet
171. Win (উইন্)	জয়লাভ করা	won	won
172. Wind (উইন্ড্)	পরিবেষ্টন করা	wound	wound
173. Work (ওয়াক্)	কাজ করা	worked	worked
174. Wring (রিঙ্)	পাকানো	wrang	wrung
175. Write (রাইট্)	লিখা	wrote	written
176. Wait (ওয়েইট্)	অপেক্ষা করা	waited	waited
177. Wake up (ওয়েইক্ আপ্)	জাগ্রত হওয়া	woke up	woken, waked up
178. Watch (ওঅচ্)	কোনো কাজ চলতে দেখা	watched	watched
179. Welcome ('ওএল্কাম্)	স্বাগত জানানো	welcomed	welcomed
180. Worry ('ওয়ারি)	দুশ্চিন্তা করা	worried	worried

বেশ কিছু verb আছে, যার ৩টি form একই

Present (v1)	অর্থ	Past (v2)	Past Participle (v3)
181. Bid (বিড্)	নিলাম ডাকা	bid	bid
182. Broadcast (ব্রোড্ কাস্ট)	সম্প্রচার করা	broadcast	broadcast
183. Burst (বারস্ট্)	বিস্ফোরণ ঘটে	burst	burst
184. Cast (কাঃস্ট্)	ভোট দেওয়া, নিক্ষেপ করা	cast	cast
185. Cost (কস্ট্)	খরচ	cost	cost
186. Cut (কাট্)	কর্তন করা	cut	cut
187. Hit (হিট্)	লক্ষ্যভেদ করা	hit	hit
188. Hurt (হার্ট্)	আঘাত দেওয়া	hurt	hurt
189. Let (লেট্)	অনুমতি দেওয়া	let	let
190. Put (পুট্)	রাখা	put	put
191. Read (রীড্)	পড়া	read	read
192. Rid (রিড্)	মুক্ত করা	rid	rid
193. Set (সেট্)	স্থাপন করা	set	set
194. Shed (শেড্)	ঝড়ানো	shed	shed
195. Shut (শাট্)	বন্ধ করা	shut	shut
196. Split (স্প্লিট্)	ভাগ করা	split	split
197. Spread (স্প্রেড্)	ছড়ানো	spread	spread
198. Telecast (টেলিকাঃস্ট্)	সম্প্রচার করা	telecast	telecast
199. Thrust (থ্রাস্ট্)	হস্তক্ষেপ করা	thrust	thrust
200. Wet (ওএট্)	ভিজে যাওয়া	wet	wet

Conjugation of Verbs [Advanced Level]

Present	Meaning	Past	Past Participle
201. Awake- আ'ওয়েইক্	জাগা/ জাগানো	Awoke	Awoken, Awaked
202. Accept- আক্সেপ্ট্	গ্রহণ করা	Accepted	Accepted
203. Act- অ্যাক্ট্	অভিনয় করা	Acted	Acted
204. Adjust- আজাস্ট্	খাপ খাওয়ানো	Adjusted	Adjusted
205. Advise- আড্ভাইজ্	উপদেশ দেওয়া	Advised	Advised

Present	Meaning	Past	Past Participle
206. Agree- আগ্রী	রাজী হওয়া	Agreed	Agreed
207. Annoy- আনয়	জ্বালাতন করা	Annoyed	Annoyed
208. Apply- আপ্লাই	আবেদন করা	Applied	Applied
209. Argue- আ:গিউ	তর্ক করা	Argued	Argued
210. Arrange- আরেইনজ্	ব্যবস্থা করা	Arranged	Arranged
211. Arrest- আরেস্ট্	গ্রেফতার করা	Arrested	Arrested
212. Arrive- আরাইভ্	পৌছানো	Arrived	Arrived
213. Assist- আসিস্ট্	সহায়তা করা	Assisted	Assisted
214. Attack- আট্যাক্	আক্রমণ করা	Attacked	Attacked
215. Attend- আটেন্ড্	মনোযোগ দেওয়া	Attended	Attended
216. Authorize- ওথরাইজ্	ক্ষমতা দেওয়া	Authorized	Authorized
217. Abandon- আব্যান্ভান্	পরিত্যাগ করা	Abandoned	Abandoned
218. Abstain- অ্যাব্স্টেন	বিরত থাকা	Abstained	Abstained
219. Abuse- আবিউস্	গালি দেওয়া	Abused	Abuse
220. Accede- আক্সীড্	রাজি হওয়া	Acceded	Acceded
221. Accommodate- আকম্যাডেইট্	খাপ খাওয়ানো	Accommodated	Accommodated
222. Accompany- অ্যাকাম্পানি	সঙ্গী হওয়া	Accompanied	Accompanied
223. Achieve- আচীভ্	অর্জন করা	Achieved	Achieved
224. Acquaint- আকোয়েইন্ট্	পরিচিতি হওয়া	Acquainted	Acquainted
225. Addict- আ'ডিক্ট্	নেশাগ্রস্থ হওয়া	Addicted	Addicted
226. Administer- আড্'মিনিস্টা(র্)	শাসন করা	Administered	Administered
227. Admire- আড্'মাইআ(র্)	প্রশংসা করা	Admired	Admired
228. Adulterate- আ'ডাল্টারেইট্	ভেজাল দেওয়া	Adulterated	Adulterated
229. Advance- আড্ভা:ন্স্	অগ্রসর হওয়া	Advanced	Advanced
230. Adventure- আড্'ভেনচা(র্)	দুঃসাহস করা	Adventured	Adventured
231. Aid- এইড্	সাহায্য করা	Aided	Aided
232. Aim- এইম্	লক্ষ্য করা	Aimed	Aimed
234. Allege- আ'লেজ্	অভিযোগ করা	Alleged	Alleged

Present	Meaning	Past	Past Participle
235. Amend- আমেন্‌ড্‌	সংশোধন করা	Amended	Amended
236. Analyse- অ্যানালাইজ্‌	বিশ্লেষণ করা	Analysed	Analysed
237. Announce- আনাউন্‌স্‌	ঘোষণা করা	Announced	Announced
238. Apologize- আপল:জাইজ্‌	দুঃখ প্রকাশ করা	Apologized	Apologized
239. Appeal- আপীল্‌	আবেদন করা	Appealed	Appealed
240. Appear- আপিআ(র্‌)	উপস্থিত হওয়া	Appeared	Appeared
241. Applaud- আপ্লোণ্ড্‌	করতালি দিয়ে সমর্থন জানানো	Applauded	Applauded
242. Appoint- আপয়ন্‌ট্‌	নিয়োগ দেওয়া	Appointed	Appointed
243. Apprehend- অ্যাপ্রিহেন্‌ড্‌	বুঝতে পারা	Apprehended	Apprehended
244. Assume- আসিউম্‌	ধরে নেওয়া অনুমান করা	Assumed	Assumed
245. Astonish- আস্‌টনিশ্‌	বিস্মিত হওয়া	Astonished	Astonished
246. Atone- আটোন্‌	প্রায়শ্চিত্ত করা	Atoned	Atoned
247. Attain- আটেইন্‌	অর্জন করা	Attained	Attained
248. Attempt- আটেম্‌প্‌ট্‌	চেষ্টা করা	Attempted	Attempted
249. Attract- আকর্ষণ করা	আকর্ষণ করা	Attracted	Attracted
250. Avenge- আভেন্‌জ্‌	প্রতিশোধ নেওয়া	Avenged	Avenged
251. Award- আওয়োড্‌	পুরস্কারে ভূষিত করা	Awarded	Awarded
252. Back- ব্যাক	পিছনে যাওয়া	Backed	Backed
253. Backbite- ব্যাকবাইট্‌	গীবত করা	Backbit	Backbitten
254. Beg- বেগ্‌	ভিক্ষা করা	Begged	Begged
255. Behave- বিহেইভ্‌	আচরণ করা	Behaved	Behaved
256. Bet- বেট্‌	বাজি করা	Bet	Bet
257. Betray- বিট্রেহ্‌	বিশ্বাসঘাতকতা করা	Betrayed	Betrayed
258. Blame- ব্লেইম্‌	দোষারোপ করা	Blamed	Blamed
259. Bless- ব্লেস্‌	আশীর্বাদ করা	Blessed	Blessed
260. Boil- বয়ল্‌	সিদ্ধ করা	Boiled	Boiled
261. Borrow- 'বরৌ	ধার করা	Borrowed	Borrowed
262. Bother- বদা(র্‌)	বিরক্ত করা	Bothered	Bothered

Present	Meaning	Past	Past Participle
263. Bribe- ব্রাই'ব্‌	ঘুষ দেওয়া বা নেওয়া	Bribed	Bribed
264. Build- বিল্‌ড্‌	নির্মাণ করা	Built	Built
265. Bury- বেরি	ক্রয় করা	Bought	Bought
266. Babble- 'ব্যাব্‌ল্‌	বকবক করা	Babbled	Babbled
267. Badger- ব্যাজার	প্যান প্যান করা	Badgered	Badgered
268. Bail- বেইল্‌	জামিনে খালাশ করা	Bailed	Bailed
269. Ballot- ব্যাল'ট্‌	ভোট দেওয়া	Balloted	Balloted
270. Ban- ব্যান্‌	নিষিদ্ধ ঘোষণা করা	Banned	Banned
271. Block-ব্লক্‌	বাধা দেওয়া	Blocked	Blocked
272. Boast-বৌস্‌ট্‌	অহংকার করা	Boasted	Boasted
273. Bomb-বম্‌	বোমা ফেলা	Bombed	Bombed
274. Bore- বো(র্‌)	একঘেয়েমি করা	Bored	Bored
275. Bow- বৌ	মাথা নত করা	Bowed	Bowed
276. Box- বক্‌স্‌	ঘুষি মারা	Boxed	Boxed
277. Boycott- বয়্‌কট্‌	বর্জন করা	Boycotted	Boycotted
278. Brighten- ব্রাইটেন্‌	উজ্জ্বল করা	Brightened	Brightened
279. Browse- ব্রাউজ্‌	চোখ বুলানো	Browsed	Browsed
280. Brush- ব্রাশ্‌	ঝাড়ু দেওয়া	Brushed	Brushed
281. Bump- বাম্‌প্‌	ধাক্কা দেওয়া	Bumped	Bumped
282. Burden- বাড্‌ন্‌	বোঝা চাপানো	Burdened	Burdened
283. Burnish- বানিশ্‌	ঘষামাজা করা	Burnished	Burnished
284. Cap- ক্যাপ্‌	টুপি	Caped	Caped
285. Care- কেআ(র্‌)	দেখাশোনা করা	Cared	Cared
286. Cash- ক্যাশ্‌	নগদ প্রদান করা	Cashed	Cashed
287. Celebrate- সেলিব্রেইট্‌	উদযাপন করা	Celebrated	Celebrated
288. Chat- চ্যাট্‌	খোশ গল্প করা	Chatted	Chatted
289. Choose- চূজ্‌	পছন্দ করা	Chose	Chose
290. Clap- ক্ল্যাপ্‌	করতালি দেওয়া	Clapped	Clapped
291. Classify- ক্ল্যাসিফাই	শ্রেণিভুক্ত করা	Classified	Classified
292. Clean- ক্লীন্‌	পরিষ্কার করা	Cleaned	Cleaned
293. Coach- কৌচ্‌	প্রশিক্ষণ দেওয়া	Coached	Coached

Present	Meaning	Past	Past Participle
294. Collect- কা'লেক্ট্	সংগ্রহ করা	Collected	Collected
295. Complain- কাম্'প্লেইন্	অভিযোগ করা	Complained	Complained
296. Compose- কম'পৌজ্	রচনা করা	Composed	Composed
297. Concentrate- কন্'সন্'ট্রেট্	পূর্ন মনোযোগ দেওয়া	Concentrated	Concentrated
298. Confess- কন্'ফেস্	স্বীকার করা	Confessed	Confessed
299. Connect- কা'নেক্ট্	সংযোগ দেওয়া	Connected	Connected
300. Console- কান্'সৌল্	সান্তনা দেওয়া	Consoled	Consoled
301. Conspire- কান্'স্পাইআ(র্)	ষড়যন্ত্র করা	Conspired	Conspired
302. Construct- কান্'স্ট্রাক্ট্	নির্মাণ করা	Constructed	Constructed
303. Consult- কান্'সাল্ট্	পরামর্শ করা	Consulted	Consulted
304. Contact- কন্ট্যাক্ট্	টেলিফোনে যোগাযোগ করা	Contacted	Contacted
305. Contain- কান্'টেইন্	ধারণ করা	Contained	Contained
306. Continue- কান্'টিনিউ	চলতে থাকা	Continue	Continue
307. Contract- কন্ট্র্যাক্ট্	চুক্তি করা	Contracted	Contracted
308. Contribute- কান্'ট্রিব্যিউট্	দান করা	Contributed	Contributed
309. Control- কান্'ট্রোল্	নিয়ন্ত্রণ করা	Controlled	Controlled
310. Cook- কুক্	রান্না করা	Cooked	Cooked
311. Cool- কূল্	ঠান্ডা করা	Cooled	Cooled
312. Copy- কপি	প্রতিলিপি করা	Copied	Copied
313. Correct- কা'রেক্ট্	ঠিক করা	Corrected	Corrected
314. Corrupt- কা'রাপ্ট্	দূষিত করা	Corrupted	Corrupted
315. Criticize- ক্রিটিসাইজ্	সমালোচনা করা	Criticized	Criticized
316. Crook- ক্রুক্	বেঁচে যাওয়া	Crooked	Crooked
317. Curse- কার্স্	অভিশাপ দেওয়া	Cursed	Cursed
318. Curtain- কার্টন্	পর্দা দিয়ে ঢাকা	Curtained	Curtained
319. Cajole- কা'জৌল্	মিষ্টি কথায় ভুলানো	Cajoled	Cajoled
320. Calculate- ক্যাল্'কিউলেইট্	গণনা করা	Calculated	Calculated
321. Cancel- ক্যান্'ছুল্	বাতিল করা	Cancelled	Cancelled
322. Canvass- ক্যান্'ভাস্	ভোট দেওয়া	Canvassed	Canvassed

Present	Meaning	Past	Past Participle
323. Captivate- ক্যাপ্'টিভেইট্	মুগ্ধ করা	Captivated	Captivated
324. Caress- কারেস্	আদর বা স্নেহস্পর্শ করা	Caressed	Caressed
325. Caution- কোশ্ন্	সতর্ক করা	Cautioned	Cautioned
326. Censure- সেন্'শা(র্)	সমালোচনা করা	Censured	Censured
327. Chaff- চা:ফ্	ইয়ারকি করা	Chaffed	Chaffed
328. Chair- চেআ(র্)	সভাপতিত্ব করা	Chaired	Chaired
329. Charm- চা:ম্	মুগ্ধ বা আকৃষ্ট করা	Charmed	Charmed
330. Cheat- চীট্	প্রতারণা করা	Cheated	Cheated
331. Circulate- সার্কিউলেইট্	প্রচার করা	Circulated	Circulated
332. Cleave- ক্লীভ্	সভ্য করা	Civilized	Civilized
333. Clench- ক্লেন্চ্	চেপে ধরা	Clenched	Clenched
334. Climb- ক্লাইম্	আরোহণ করা	Climbed	Climbed
335. Club- ক্লাব্	সংঘবদ্ধ হওয়া	Clubbed	Clubbed
336. Collapse- কল্যাপ্স্	ভেঙ্গে পড়া	Collapsed	Collapsed
337. Combine- কম্'বাইন্	সংযুক্ত করা	Combined	Combined
338. Commence- কমেন্স্	আরম্ভ করা	Commenced	Commenced
339. Comment- কমেন্ট্	মন্তব্য করা	Commended	Commended
340. Communicate- কমিউনিকেইট্	যোগাযোগ করা	Communicated	Communicated
341. Compel- কামপেল্	বাধ্য করা	Compelled	Compelled
342. Complicate- কম্প্লিকেইট্	জটিল করা	Communicated	Communicated
343. Comprehend- কমপ্রিহেন্ড্	উপলব্ধি করা	Comprehended	Comprehended
344. Compromise- কম্প্রমাইজ্	মীমাংসা করা	Compromised	Compromised
345. Concede- কন্সীড্	মেনে নেওয়া	Conceded	Conceded
346. Conclude- কনক্লুড্	সমাপ্ত হওয়া	Concluded	Concluded
347. Condole- কন্'ডৌল্	শোক প্রকাশ করা	Condoled	Condoled
348. Conduct- কন্'ডাক্ট্	পরিচালনা করা	Conducted	Conducted
349. Confide- কন্'ফাইড্	বিশ্বাস করে গোপন করা	Confided	Confided
350. Confront- কান্'ফ্রান্ট্	মুখোমুখি হওয়া	Confronted	Confronted

Present	Meaning	Past	Past Participle
351. Connive- কানাইভ্	চোখ বুজে থাকা	Connived	Connived
352. Conquer- কঙ্কা(র্)	জয় করা	Conquered	Conquered
353. Consent- কান্'সেন্ট্	রাজি হওয়া	Consented	Consented
354. Consider- কান্'সিডা(র্)	বিবেচনা করা	Considered	Considered
355. Consort- কন্সোর্ট্	সঙ্গী হওয়া	Consorted	Consorted
356. Cooperate- কোপারেট্	সহযোগিতা করা	Cooperated	Cooperated
357. Cosset- কসিট্	আদর/প্রশ্রয় দেওয়া	Cosseted	Cosseted
358. Counsel- কাউন্স্ল্	উপদেশ দান করা	Counseled	Counseled
359. Course- কোস্	ধাওয়া করা	Couresed	Couresed
360. Covet- কাভিট্	লোভ বা লালসা করা	Coveted	Coveted
361. Cox- কক্স্	হাল ধরা	Coxed	Coxed
362. Creak- ক্রীক্	ক্যাচ ক্যাচ শব্দ করা	Creaked	Creaked
363. Crowd- ক্রাউড্	ভীড় করা	Crowded	Crowded
364. Cultivate- চাষ করা	চাষ করা	Cultivated	Cultivated
365. Cycle- সাইক্ল্	সাইকেল চালানো	Cycled	Cycled
366. Dally- ড্যা'লি	সময় নষ্ট করা	Dallied	Dallied
367. Damage- ড্যামিজ্	ক্ষতি করা	Damaged	Damaged
368. Darken- 'ডাঃকান্	অন্ধকার করা	Darkened	Darkened
369. Date- ডেইট্	তারিখ	Dated	Dated
370. Debate- ডি'বেইট্	বিতর্ক করা	Debated	Debated
371. Decide- ডি'সাইড্	সিদ্ধান্ত নেওয়া	Decided	Decided
372. Declare- ডি'ক্লেআ(র্)	ঘোষণা করা	Declared	Declared
373. Decorate- ডেক্রেইট্	সজ্জিত করা	Decorated	Decorated
374. Decrease- ডি'ক্রীস্	কমানো বা হ্রাস করা	Decreased	Decreased
375. Dedicate- ডেডিকেইট্	উৎসর্গ করা	Dedicated	Dedicated
376. Deposit- ডি'পজিট্	জমা রাখা	Deposited	Deposited
377. Deprive- ডি'প্রাইভ্	বঞ্চিত করা	Deprived	Deprived
378. Describe- ডি'স্ক্রাইব্	বর্ণনা করা	Described	Described
379. Design- ডিজাইন্	নকশা করা	Designed	Designed
380. Desire- ডিজায়া(র্)	ইচ্ছা করা	Desired	Desired
381. Destroy- ডে'স্ট্রয়	ধ্বংস করা	Destroyed	Destroyed

Present	Meaning	Past	Past Participle
382. Determine- ডি'টামিন্	সংকল্প করা	Determined	Determined
383. Develop- ডি'ভেলাপ্	উন্নত করা	Developed	Developed
384. Dial- ডাআল্	টেলিফোন করা	Dialed	Dialed
385. Differentiate- ডিফা'রেনশিএইট্	পার্থক্য করা	Differentiated	Differentiated
386. Digest- ডাইজেস্ট্	হজম করা	Digested	Digested
387. Dip- ডিপ্	ডুবানো	Dipped	Dipped
388. Direct- ডি'রেক্ট্	দিক নির্দেশ দেওয়া	Directed	Directed
389. Disbelieve- ডিসইবি'লীভ্	অবিশ্বাস করা	Disbelieved	Disbelieved
390. Discipline- 'ডিসিপ্লিন্	নিয়মানুবর্তী করা	Disciplined	Disciplined
391. Disclose- ডিস্'ক্লৌজ্	প্রকাশ করা	Disclosed	Disclosed
392. Disconnect- ডিস্কানেক্ট্	সংযোগ বিচ্ছিন্ন করা	Disconnected	Disconnected
393. Discover- ডিস্'কাভা(র্)	আবিষ্কার করা	Discovered	Discovered
394. Discuss- ডিস্'কাস্	আলোচনা করা	Discussed	Discussed
395. Donate- ডৌ'নেইট্	চাঁদা দেওয়া	Donated	Donated
396. Doubt- ডা'উব্ট্	সন্দেহ করা	Doubted	Doubted
397. Drill- ড্রিল্	ছিদ্র করা	Drilled	Drilled
398. Drizzle- ড্রিজ্ল্	গুড়ি গুড়ি বৃষ্টি পড়া	Drizzled	Drizzled
399. Dry- ড্রাই	শুষ্ক	Dried	Dried
400. Daze- ডেইজ্	মাথা ঘুরিয়ে দেওয়া	Dazed	Dazed
401. Dazzle- 'ড্যাজ্ল্	চোখ ধাঁধানো	Dazzled	Dazzled
402. Deem- ডীম্	বিবেচনা করা	Deemed	Deemed
403. Defer- ডি'ফা(র্)	স্থগিত বা নতি স্বীকার করা	Deferred	Deferred
404. Defraud- ডি'ফ্রো°ড্	ঠকিয়ে নেওয়া	Defrauded	Defrauded
405. Delight- ডি'লাইট্	আনন্দ দেওয়া	Delighted	Delighted
406. Deny- ডি'নাই	অস্বীকার করা	Denied	Denied
407. Despair- ডি'স্পেআ(র্)	হতাশ করা	Despaired	Despaired
408. Detain- ডি'টেইন্	আটকে রাখা	Detained	Detained
409. Devalue- ডী'ভ্যাল্যিউ	মূল্য হ্রাস করা	Devalued	Devalued
410. Differ- 'ডিফা(র্)	ভিন্ন মত পোষণ করা	Differed	Differed
411. Dignify- 'ডিগ্নিফাই	মর্যাদা দেওয়া	Dignified	Dignified

Present	Meaning	Past	Past Participle
412. Disappear- ডিসা'পিআ(র্)	অদৃশ্য হওয়া	Disappeared	Disappeared
413. Disappoint- ডিসা'পয়ন্ট্	হতাশা/ আশাভঙ্গ	Disappeared	Disappeared
414. Discontinue- ডিস্কান্'টিনিউ	থেমে যাওয়া	Discontinued	Discontinued
415. Disguise- ডিস্'গাইজ্	ছদ্মবেশ ধারণ করা	Disguised	Disguised
416. Dishonor- ডিস্'অনার্	অসম্মান করা	Dishonored	Dishonored
417. Dispirit- ডি'স্পিরিট্	মনোবল ভেঙ্গে দেওয়া	Dispirited	Dispirited
418. Displease- ডিস্'প্লীজ্	অসন্তুষ্ট করা	Displeased	Displeased
419. Disprove- ডিস্'প্রুভ্	ভুল প্রমাণ করা	Disproved	Disproved
420. Dispute- ডি'স্পিউট্	তর্ক করা	Disputed	Disputed
421. Disqualify- ডিস্'কুঅলিফাই	অযোগ্য করা	Disqualified	Disqualified
422. Disrobe- ডিস্'রৌব্	পোশাক খুলে ফেলা	Disrobed	Disrobed
423. Dissolve- ডি'জল্ভ্	গলে যাওয়া	Dissolved	Dissolved
424. Drown- ড্রাউন্	ডুবে মারা যাওয়া	Drowned	Drowned
425. Drowse- ড্রাউজ্	ঝিমানো	Drowsed	Drowsed
426. Drug- ড্রাগ্	মাদকদ্রব্য খাওয়ানো	Druged	Druged
427. Duplicate- 'ডিউপ্লিকাট্	হুবহু নকল করা	Duplicated	Duplicated
428. Dye- ডাই	রং করা	Dyed	Dyed
429. Earn- আন্	উপার্জন করা	Earned	Earned
428. Eat- ঈট্	খাওয়া	Ate	Eaten
429. Educate- 'এজুকেইট্	শিক্ষা দান করা	Educated	Educated
430. Employ- ইম্'প্লই	নিয়োগ করা	Employed	Employed
431. Empty- 'এম্পটি	খালি করা	Emptied	Emptied
432. Encourage- ইন্'কারিজ্	উৎসাহিত করা	Encouraged	Encouraged
434. End- এন্ড্	সমাপ্ত করা	Ended	Ended
435. Enjoy- ইন্'জই	উপভোগ করা	Enjoyed	Enjoyed
436. Enlarge- ইন্'লা:জ্	বড় করা	Enlarged	Enlarged
437. Entertain- এন্টা'টেইন্	আপ্যায়ন করা	Entertained	Entertained
438. Exercise- এক্সাসাইজ্	অনুশীলন করা	Exercised	Exercised
439. Explain- ইক্'স্প্লেইন্	ব্যাখ্যা করা	Explained	Explained
440. Elect- ই'লেক্ট	নির্বাচিত করা	Elected	Elected

Present	Meaning	Past	Past Participle
441. Emphasize- এমফাসাইজ্	জোর দেওয়া	Emphasized	Emphasized
442. Empower- ইম্'পাউআ(র্)	ক্ষমতা প্রদান করা	Empowered	Empowered
443. Enchant- ইনচা:ন্ট্	মুগ্ধ করা	Enchanted	Enchanted
444. Enclose- ইন্'ক্লৌজ্	আবদ্ধ করা	Enclosed	Enclosed
445. Endanger- ইন্'ডেইনজা(র্)	বিপদে ফেলা	Endangered	Endangered
446. Endow- ইন্'ডাউ	যৌতুক দেওয়া	Endowed	Endowed
447. Endure- ইন্'ডিয়্যুআ(র্)	সহ্য করা	Endured	Endured
448. Enfold- ইন্'ফৌল্ড্	জড়িয়ে ফেলা	Enfolded	Enfolded
449. Enforce- ইন্'ফো°স্	জোরদার করা	Enforced	Enforced
450. Engage- ইন্'গেইজ্	নিযুক্ত করা	Engaged	Engaged
451. Engross- ইন্'গ্রৌস্	সবসময় কাজে লেগে থাকা	Engrossed	Engrossed
452. Enlist- ইন্'লিস্ট	তালিকাভুক্ত করা/যোগদান করা	Enlisted	Enlisted
453. Enquire- ইন্'কোয়াইআর	অনুসন্ধান করা	Enquired	Enquired
454. Enrage- ইন্'রেইজ্	রাগানো	Enraged	Enraged
455. Enrich- ইন্'রিচ্	সমৃদ্ধ বা ধনী করা	Enriched	Enriched
456. Enroll- ইন্'রৌল্	তালিকাভুক্ত করে নেওয়া	Enrolled	Enrolled
457. Ensure- ইন্'শুআ(র্)	নিশ্চিত করা	Ensured	Ensured
458. Entail- ইন্'টেইল্	চাপিয়ে দেওয়া	Entailed	Entailed
459. Enter- এন্টা(র্)	প্রবেশ করা	Entered	Entered
460. Entitle- ইন্'টাইট্ল্	শিরোনাম দেওয়া	Entitled	Entitled
461. Establish- ই'স্ট্যাব্লিশ্	প্রতিষ্ঠা করা	Established	Established
462. Evidence- এভিডান্স্	প্রমাণ করা	Evidenced	Evidenced
463. Except- ইক্'সেপ্ট্	বাতিল করা	Excepted	Excepted
464. Excite- ইক্'সাইট্	উত্তেজিত করা	Excited	Excited
465. Exclude- ইক্'স্ক্লুড্	বাঁধা দেওয়া	Excluded	Excluded
466. Execute- এক্সিকিউট্	সম্পাদন করা	Executed	Executed
467. Exert- ইগ্'জাট্	প্রয়োগ করা	Exerted	Exerted
468. Exhibit- ইগ্'জিবিট্	প্রদর্শন করা	Exhibited	Exhibited
469. Expect- ইক্'স্পেক্ট্	প্রত্যাশা করা	Expected	Expected

Present	Meaning	Past	Past Participle
470. Expel- ইক্'স্পেল্	বহিষ্কার করা	Expelled	Expelled
471. Expend- ইক্'সপেন্ড্	ব্যয় করা	Expended	Expended
472. Experience- ইক্'স্পিআরিআন্স্	অভিজ্ঞতা লাভ করা	Experienced	Experienced
473. Experiment- ইক্'সপেরিমান্ট্	পরীক্ষা করা	Experimented	Experimented
474. Expire- ইক্'স্পাইআ(র্)	শেষ হওয়া	Expired	Expired
475. Exploit- এক্স্প্লইট্	শোষণ করা	Exploited	Exploited
476. Export- এক্সপোর্ট্	রপ্তানী করা	Exported	Exported
477. Expose- ইক্'স্পৌজ্	উদঘাটন করা	Exposed	Exposed
478. Express- ইক্'স্প্রেস্	প্রকাশ করা	Expressed	Expressed
479. Extend- ইক্'স্টেন্ড্	প্রসারিত করা	Extended	Extended
480. Extinguish- ইক্'স্টিঙ্গ্ইশ্	আগুন নিভানো	Extinguished	Extinguished
481. Extol- ইক্'স্টৌল্	উচ্চ প্রশংসা করা	Extolled	Extolled
482. Extract- ইক্স্ট্র্যাক্ট্	টেনে বের করা	Extracted	Extracted
483. Extricate- 'এক্স্ট্রিকেইট	মুক্ত করা	Extricated	Extricated
484. Fail- ফেইল্	ব্যর্থ হওয়া	Failed	Failed
485. Fan- ফ্যান্	বাতাস্ করা	Fanned	Fanned
486. Fear- ফিআ(র্)	ভয় করা	Feared	Feared
487. Fill- 'ফিল্	পূর্ণ করা	Filled	Filled
488. Fine- ফাইন্	জরিমানা করা	Fined	Fined
489. Fish- ফিশ্	মাছ ধরা	Fished	Fished
490. Fit- ফিট্	মানানসই হওয়া	Fitted	Fitted
491. Fix- ফিক্স্	স্থির করা	Fixed	Fixed
492. Flee- ফ্লী	পলায়ন করা	Fled	Fled
493. Fold- ফৌল্ড্	ভাজ করা	Folded	Folded
494. Follow- ফলৌ	অনুসরণ করা	Followed	Followed
495. Force- ফোস্	বল প্রয়োগ করা	Forced	Forced
496. Frighten- ফ্রাইট্ন্	ভয় দেখানো	Frightened	Frightened
497. Falsify- ফোল্সিফাই	মিথ্যা বর্ণনা করা	Falsified	Falsified
498. Familiarize- ফামিলিআরাইজ্	পরিচিতি করানো	Familiarized	Familiarized
499. Fantasize- ফ্যান্টাসাইজ্	অদ্ভুত কল্পনা করা	Fantasized	Fantasized

Present	Meaning	Past	Past Participle
500. Fancy- ফ্যান্সি	কল্পনা করা/মনে ছবি আঁকা	Fancied	Fancied
501. Fascinate- ফ্যাসিনেইট্	মুগ্ধ বা যাদু করা	Fascinated	Fascinated
502. Fast- ফাঃস্ট	উপবাস বা রোজা রাখা	Fasted	Fasted
503. Flatter- ফ্ল্যাটা(র্)	তোষামোদ করা	Flattered	Flattered
504. Flirt- ফ্লার্ট	প্রেমের ভান করা	Flirted	Flirted
505. Fondle- ফন্ড্ল্	আদর বা সোহাগ করা	Fondled	Fondled
506. Forward- ফো'ওয়াড	এগিয়ে নেওয়া	Forwarded	Forwarded
507. Frame- ফ্রেইম্	গঠন বা প্রণয়ন করা	Framed	Framed
508. Free- ফ্রী	মুক্ত করা	Freed	Freed
509. Frustrate- ফ্রা'স্ট্রেইট্	হতাশ হওয়া	Frustrated	Frustrated
510. Furnish- ফানিশ্	সজ্জিত করা	Furnished	Furnished
511. Gossip- গসিপ্	গল্প করা/ পরচর্চা করা	Gossiped	Gossiped
512. Gag- গ্যাগ্	মুখ বন্ধ করা	Gagged	Gagged
513. Gain- গেইন্	অর্জন বা লাভ করা	Gained	Gained
514. Gamble- গ্যাম্ব্ল্	জুয়া খেলা	Gambled	Gambled
515. Gape- গেইপ্	হাই তোলা	Gaped	Gaped
516. Garden- গাঃড্ন্	বাগান করা	Gardened	Gardened
517. Gather- গ্যাদা(র্)	সংগ্রহ বা জড় করা	Gathered	Gathered
518. Glitter- গ্লিটা(র্)	ঝলমল করা	Glittered	Glittered
519. Glorify- গ্লোরিফাই	মহিমান্বিত করা	Glorified	Glorified
520. Glue- গ্লু	আঠা বা জোড়া দেওয়া	Glued	Glued
521. Govern- গভার্ন	শাসন করা / দেখাশুনা করা	Governed	Governed
522. Grant- গ্রান্ট্	মঞ্জুর করা	Granted	Granted
523. Greet- গ্রীট্	অভিবাদন করা	Greeted	Greeted
524. Grieve- গ্রীভ্	দুঃখ করা	Grieved	Grieved
525. Guard- গাঃড্	পাহারা দেওয়া	Guarded	Guarded
526. Guess- গেস্	অনুমান করা	Guessed	Guessed
527. Guide- গাইড্	পথ দেখানো	Guided	Guided
528. Gull- গাল্	ধোঁকা দেওয়া	Gulled	Gulled
529. Happen- হ্যাপান্	ঘটা	Happened	Happened
530. Harm- হাঃম্	ক্ষতি করা	Harmed	Harmed
531. Hate- হেইট্	ঘৃণা করা	Hated	Hated

Present	Meaning	Past	Past Participle
532. Hear- হিআ(র্)	শোনা	Heard	Heard
533. Hope- হৌপ্	আশা করা	Hoped	Hoped
534. Hurry- হারি	তাড়াহুড়া করা	Hurried	Hurried
535. Habituate- হা'বিচুএইট্	অভ্যস্ত করানো	Habituated	Habituated
536. Haggle- হ্যাগ্‌ল্	দর কষাকষি করা	Haggled	Haggled
537. Hand- হ্যান্‌ড্	হাত বাড়িয়ে সাহায্য করা	Handed	Handed
538. Harmonize- 'হা:মানাইজ্	সমন্বয় সাধন করা	Harmonized	Harmonized
539. Harvest- হা:ভিস্‌ট্	ফসল কাটা	Harvested	Harvested
540. Hawk- হো°ক্	ফেরী করা	Hawked	Hawked
541. Hazard- 'হ্যাজাড্	ঝুঁকি নেওয়া	Hazarded	Hazarded
542. Hearten- 'হা:ট্‌ন্	উৎসাহ দেওয়া	Heartened	Heartened
543. Hijack- 'হাইজা:ক্	ছিনতাই করা	Hijacked	Hijacked
544. Hint- হিন্‌ট্	ইঙ্গিত বা আভাস দেওয়া	Hinted	Hinted
545. Hook- হুক্	আঁকড়ি দিয়ে ধরা	Hooked	Hooked
546. Horrify- হরিফাই	আতঙ্কিত করা	Horrified	Horrified
547. Humbug- হাম্‌বাগ্	ধোকা দেওয়া	Humbugged	Humbugged
548. Hunt- হান্‌ট্	শিকার করা	Hunted	Hunted
549. Hush- হাশ্	চুপ করা	Hushed	Hushed
550. Hustle- হাস্‌ল্	ঠেলা বা ধাক্কা দেওয়া	Hustled	Hustled
551. Imagine- ই'ম্যাজিন্	কল্পনা করা	Imagined	Imagined
552. Implement- ইম্‌প্লিমান্‌ট্	বাস্তবায়িত করা	Implemented	Implemented
553. Improve- ইম্'প্রুভ্	উন্নতি করা	Improved	Improved
554. Insult- ইন্'সাল্‌ট্	অপমাণ করা	Insulted	Insulted
555. Interview- 'ইন্‌টাভিউ	সাক্ষাৎকার করা	Interviewed	Interviewed
556. Invest- ইন্‌ভেস্‌ট্	বিনিয়োগ করা	Invested	Invested
557. Invite- ইন্'ভাইট্	আমন্ত্রণ করা	Invited	Invited
558. Iron- আইআন্	ইস্ত্রি করা	Ironed	Ironed
559. Identify- আই'ডেনটিফাই	সনাক্ত বা চিহ্নিত করা	Identified	Identified
560. Immerse- ই'মাস্	ডুবানো বা নিমজ্জিত করা	Immersed	Immersed
561. Implicate- 'ইম্‌প্লিকেইট্	জড়িত করা	Implicated	Implicated

Present	Meaning	Past	Past Participle
562. Import- ইম্'পোর্ট্	আমদানী করা	Imported	Imported
563. Impose- ইম্'পৌজ্	আরোপ বা জারি করা	Imposed	Imposed
564. Impress- ইম্'প্রেস্	ছাপ দেওয়া	Impressed	Impressed
565. Impute- ইম্'পিউট্	দোষারোপ করা	Imputed	Imputed
567. Inaugurate- ই'নোগিউরেইট্	উদ্ভাবন করা	Inaugurated	Inaugurated
568. Interrupt- ইন্‌টা'রাপ্‌ট্	মধ্যে পথে বাঁধা দেওয়া	Interrupted	Interrupted
569. Intoxicate- ইন্‌টক্‌সিকেইট্	মাতাল করা	Intoxicated	Intoxicated
570. Involve- ইন্'ভল্‌ভ্	জড়িত করা	Involved	Involved
571. Irk- আর্ক্	পরিত্যাক্ত করা	Irked	Irked
572. Irritate- ইরিটেইট্	বিরক্ত বা উত্যক্ত করা	Irritated	Irritated
573. Isolate- আইসালেইট্	পৃথক করা	Isolated	Isolated
574. Jab- জ্যাব্	খোচা মারা	Jabbed	Jabbed
575. Jerk- জার্ক্	ঝাঁকুনি দেওয়া	Jerked	Jerked
576. Join- জয়্‌ন্	যোগদান করা	Joined	Joined
577. Jump- জাম্‌প্	লাফ দেওয়া	Jumped	Jumped
578. Jabber- জ্যাবা(র্)	উত্তেজিতভাবে কথা বলা	Jabbered	Jabbered
579. Job- জব্	চাকুরী	Jobbed	Jobbed
580. Judge- জাজ্	বিচার করা	Judged	Judged
581. Justify- 'জাস্‌টিফাই	সত্যতা বিচার করা	Justified	Justified
582. Kick- কিক্	লাথি মারা	Kicked	Kicked
583. Kill- কিল্	হত্যা করা	Killed	Killed
584. Knock- নক্	টোকা মারা	Knocked	Knocked
585. Ken- কেন্	অবগত হওয়া	Kenned	Kenned
586. Kidnap- কিড্‌ন্যাপ্	অপহরণ করা	Kidnapped	Kidnapped
587. Knife- নাইফ্	ছুরি দিয়ে কাটা	Knifed	Knifed
588. Knit- নীট্	বোনা বা বপন করা	Knitted	Knitted
589. Knot- নট্	গিট দেওয়া	Knotted	Knotted
590. Laugh- লা:ফ্	হাসা	Laughed	Laughed
591. Leave- লীভ্	ত্যাগ করা	Left	Left
592. Lie- লাই	মিথ্যা বলা	Lied	Lied
593. Lift- লিফ্‌ট্	উত্তোলন করা	Lifted	Lifted
594. Like- লাইক্	পছন্দ করা	Liked	Liked

Present	Meaning	Past	Past Participle
595. Listen- লিস্‌ন্	মনোযোগ সহকারে শোনা	Listened	Listened
596. Live- লিভ্	বাস করা	Lived	Lived
597. Load- লৌড্	বোঝাই করা	Loaded	Loaded
598. Love- লাভ্	ভালোবাসা	Loved	Loved
599. Labour- লেইবা(র্)	পরিশ্রম করা	Laboured	Laboured
600. Lack- ল্যাক্	অভাব হওয়া	Lacked	Lacked
601. Lag- ল্যাগ্	পিছিয়ে পড়া	Lagged	Lagged
602. Lame- লেইম্	পঙ্গু করে দেওয়া	Lamed	Lamed
603. Lark- লা:ক্	মজা করা	Larked	Larked
604. Lecture- লেক্‌চা(র্)	বক্তৃতা করা	Lectured	Lectured
605. Lengthen- লেন্‌থেন্	দীর্ঘায়িত করা	Lengthened	Lengthened
606. Lessen- লেস্‌ন্	কমানো	Lessened	Lessened
607. Level- লেভ্‌ল্	সমতল করা	Levelled	Levelled
608. Liberate- লিবারেইট্	মুক্ত/ উদ্ধার করা	Liberated	Liberated
609. Liken- লাইকান্	তুলনা করা	Likened	Likened
610. Limit- লিমিট্	সীমাবদ্ধ করা	Limited	Limited
612. Linger- লিঙ্‌গা(র্)	গড়িমসি করা/ দেরি করা	Lingered	Lingered
613. Litigate- লিটিগেইট্	আইনের আশ্রয় গ্রহণ করা	Litigated	Litigated
614. Locate- লৌ'কেইট্	স্থান নির্দেশ করা	Located	Located
615. Loiter- লইটা(র্)	অযথা ঘুরে বেড়ানো	Loitered	Loitered
616. Melt- মেল্‌ট্	গলানো	Melted	Melted
617. Milk- মিল্‌ক্	দুধ দোহন করা	Milked	Milked
618. Miscall- মিসক্‌ল	ভুল নামে ডাকা	Miscalled	Miscalled
619. Misplace- মিস্'প্লেইস্	ভুল জায়গায় রাখা	Misplaced	Misplaced
620. Mispronounce- মিস্‌প্রা'নাউন্‌স্	ভুল উচ্চারণ করা	Mispronounced	Mispronounced
621. Mistake- মি'স্‌টেইক্	ভুল করা/ বুঝা	Mistook	Mistook
622. Mix- মিক্‌স্	মেশানো	Mixed	Mixed
623. Mop- মপ্	মুছে ফেলা	Mopped	Mopped
624. Move- মূভ্	নাড়াচাড়া করা	Moved	Moved
625. Magnify- ম্যাগনিফাই	বড় করে দেখানো	Magnified	Magnified

Present	Meaning	Past	Past Participle
626. Maintain- মেইন্'টেইন্	বজায় রাখা	Maintained	Maintained
626. Mean- মীন্	অর্থ প্রকাশ করা	Ment	Ment
627. Memorize- মেমারাইজ্	মুখস্ত করা	Memorized	Memorized
628. Mention- মেন্‌শ্‌ন্	উল্লেখ করা	Mentioned	Mentioned
629. Mess- মেস্	বিশৃঙ্খলা করা	Messed	Messed
630. Mind- মাইন্‌ড্	মনে করা	Minded	Minded
631. Miscalculate- মিস্'ক্যাল্‌কিউলেইট্	ভুল হিসাব করা	Miscalculated	Miscalculated
632. Misdirect- মিস্‌ডি'রেক্‌ট্	ভুল নির্দেশ করা	Misdirected	Misdirected
633. Misinform- মিস্‌ইন্'ফোম্	ভুল তথ্য দেওয়া	Misinformed	Misinformed
634. Misjudge- মিস্'জাজ্	ভুল বিচার করা	Misjudged	Misjudged
635. Misspell- মিস্'স্পেল্	ভুল বানান করা	Misspelled	Misspelled
636. Mistime- মিস্'টাইম্	অসময়ে কিছু করা	Mistimed	Mistimed
637. Mistranslate- মিস্‌ট্র্যান্‌জ্'লেইট্	ভুল অনুবাদ করা	Mistranslated	Mistranslated
638. Multiply- মাল্‌টিপ্লাই	গুণ/ সংখ্যা বৃদ্ধি করা	Multiplied	Multiplied
639. Mutter- মাটা(র্)	বিড়বিড় করে বলা	Muttered	Muttered
640. Nod- নড্	মাথা নাড়ানো	Nodded	Nodded
641. Notice- নৌটিস্	লক্ষ্য করা	Noticed	Noticed
642. Name- নেইম্	নাম দেওয়া	Named	Named
643. Narrate- না'রেইট্	বর্ণনা করা	Narrated	Narrated
644. Need- নীড্	প্রয়োজন হওয়া	Needed	Needed
645. Neglect- নি'গ্‌লেক্‌ট্	অবহেলা করা	Neglected	Neglected
646. Net- নেট্	জালে ফেলা	Netted	Netted
647. Observe- আব্'জাভ্	পর্যবেক্ষণ করা	Observed	Observed
648. Offer- অফা(র্)	প্রস্তাব করা	Offered	Offered
649. Omit- আ'মিট্	বাদ দেওয়া	Omitted	Omitted
650. Open- ওউপান্	খোলা	Opened	Opened
651. Obey- আ'বেই	মান্য করা	Obeyed	Obeyed
652. Object- অবজিক্‌ট্	আপত্তি/ বিরোধিতা করা	Objected	Objected
653. Obstruct- আব্'স্ট্রাক্‌ট্	বাধা দেওয়া	Obstructed	Obstructed
654. Obtain- আব্'টেইন্	অর্জন করা	Obtained	Obtained
655. Offend- আ'ফেন্‌ড্	মনে আঘাত দেওয়া	Offended	Offended

Present	Meaning	Past	Past Participle
656. Overcome- ওউভা'কাম্	জয় করা	Overcame	Overcame
657. Overdo- ওউভা'ডু	বাড়াবাড়ি করা	Overdid	Overdid
658. Overdose- ওউভাডোউস্	অতিমাত্রায় প্রয়োগ করা	Overdosed	Overdosed
659. Oversee- ওউভা'সী	দেখাশুনা করা	Oversaw	Oversaw
660. Overstep- ওউভা'স্টেপ্	সীমা ছাড়িয়ে যাওয়া	Overstepped	Overstepped
661. Overtake- ওউভা'টেক	পিছনে ফেলে যাওয়া	Overtook	Overtook
662. Owe- ওউ	ঋণী হওয়া	Owed	Owed
663. Pay- পেই	পরিশোধ করা	payed	payed
664. Permit- পা'মিট্	অনুমতি দান করা	Permitted	Permitted
665. Pick- পিক্	তুলে ফেলা	Picked	Picked
666. Plan- প্ল্যান	পরিকল্পনা করা	Planned	Planned
667. Plot- প্লট্	ষড়যন্ত্র করা	Plotted	Plotted
668. Praise- প্রেইজ্	প্রশংসা করা	Praised	Praised
669. Pray- প্রেই	প্রার্থনা করা	Prayed	Prayed
670. Prevent- প্রি'ভেন্ট্	প্রতিরোধ করা	Prevented	Prevented
671. Pride- প্রাইড্	গর্ব করা	Prided	Prided
672. Profit- প্রফিট্	লাভবান হওয়া	Profited	Profited
673. Progress- প্রৌগ্রেস্	উন্নতি করা	Progressed	Progressed
674. Promise- প্রমিস্	প্রতিজ্ঞা করা	Promised	Promised
675. Propose- প্রা'পৌজ্	প্রস্তাব দেওয়া	Proposed	Proposed
676. Pull- পুল্	টানা	Pulled	Pulled
677. Push- পুশ্	ধাক্কা দেওয়া	Pushed	Pushed
678. Pacify- প্যাসিফাই	শান্ত করা	Pacified	Pasified
679. Paint- পেইন্ট্	রং করা	Painted	Painted
680. Pardon- পা:ড্ন্	ক্ষমা করা	Pardoned	Pardoned
681. Participate- পা:'টিসিপেইট্	অংশগ্রহণ করা	Participated	Participated
682. Perform- পা'ফো°ম্	সম্পন্ন করা	Performed	Performed
683. Please- প্লীজ্	সন্তুষ্টি/ অনুগ্রহ করা	Pleased	Pleased
684. Point- পয়ন্ট্	আঙ্গুল নির্দেশ করা	Pointed	Pointed
685. Poke- পৌক্	খোঁচা মারা	Poked	Poked
686. Polish- পলিশ্	ঘষামাজা করা	Polished	Polished

Present	Meaning	Past	Past Participle
687. Pollute- পলিউট	দূষিত করা	Polluted	Polluted
688. Popularize- পপিউলারাইজ্	জনপ্রিয় করা	Popularized	Popularized
689. Prepare- প্রি'পেআ(র্)	প্রস্তুত করা	Prepared	Prepared
690. Present- প্রেজন্ট্	উপহার দেওয়া	Presented	Presented
691. Preserve- প্রি'জাভ্	সংরক্ষণ করা	Preserved	Preserved
692. Preside- প্রি'জাইড্	সভাপতিত্ব করা	Presided	Presided
693. Press- প্রেস্	ছাপানো	Pressed	Pressed
694. Presume- প্রি'জিউম্	অনুমান করা	Presumed	Presumed
695. Pretend- প্রি'টেন্ড্	ভান করা	Pretended	Pretended
696. Proceed- প্রা'সীড্	অবসর	Proceeded	Proceeded
697. Progress- প্রৌগ্রেস্	উন্নতি করা	Progressed	Progressed
698. Prohibit- প্রা'হিবিট্	নিষেধ করা	Prohibited	Prohibited
699. Project- প্রজেক্ট্	প্রকল্প তৈরী করা	Projected	Projected
700. Prosecute- প্রসিকিউট্	অভিযোগ করা	Prosecuted	Prosecuted
701. Prosper- প্রস্পা(র্)	উন্নতি করা	Prospered	Prospered
702. Protect- প্রা'টেক্ট্	সুরক্ষা করা	Protected	Protected
703. Provide- প্রা'ভাইড্	সংস্থান/ সরবরাহ করা	Provided	Provided
704. Publish- পবিলিশ	প্রকাশ করা	Published	Published
705. Punish- পানিশ্	শাস্তি দেওয়া	Punished	Punished
706. Purchase- পাচাস্	ক্রয় করা	Purchased	Purchased
707. Purify- প্যিউআরিফাই	পবিত্র/ পরিষ্কার করা	Purified	Purified
708. Puzzle- পাজ্ল্	বিভ্রান্ত করা	Puzzled	Puzzled
709. Quarrel- কুঅরাল্	ঝগড়া করা	Quarreled	Quarreled
710. Queue- ক্যিউ	লাইনে দাড়ানো	Queued	Queued
711. Quieten-	শান্ত করা	Quietened	Quietened
712. Qualify- কুঅলিফাই	যোগ্য করা	Qualified	Qualified
713. Queen- কুঈন্	রাণী সুলভ আচরণ করা	Queened	Queened
714. Question- 'কুএস্চান্	প্রশ্ন/ জেরা করা	Questioned	Questioned
715. Rain- রেইন্	বৃষ্টি হওয়া	Rained	Rained
716. Raise- রেইজ্	উঠানো	Raised	Raised
717. Ramp- র‍্যাম্প্	ক্ষিপ্ত হওয়া	Ramped	Ramped
718. Rate- রেইট্	মূল্য ধার্য্য করা	Rated	Rated
719. Roast- রৌস্ট্	ঝলসানো	Roasted	Roasted

Present	Meaning	Past	Past Participle
720. Ruin- রুইন্	সর্বনাশ করা	Ruined	Ruined
721. Raid- রেইড্	আক্রমণ করা	Raided	Raided
722. Realize- রিআলাইজ্	উপলব্ধি	Realized	Realized
723. Reason- রীজন্	যুক্তি দেখানো	Reasoned	Reasoned
724. Rebel- রেব্‌ল্	বিদ্রোহ করা	Rebelled	Rebelled
725. Rebuke- রি'ব্যিউক্	তিরস্কার করা	Rebuked	Rebuked
726. Recite- রি'সাইট্	আবৃত্তি করা	Recited	Recited
727. Recognize- রেকাগ্‌নাইজ্	চিনতে পারা	Recognized	Recognized
728. Recollect- রেকালেক্ট্	স্মরণ/মনে করা	Recollected	Recollected
729. Recommend- রেকা'মেন্‌ড্	সুপারিশ করা	Recommended	Recommended
730. Recoup- রি'কূপ্	পুষিয়ে নেওয়া	Recouped	Recouped
731. Recover- রি'কাভা(র্)	পুনরুদ্ধার করা	Recovered	Recovered
732. Rectify- 'রেক্‌টিফাই	সংশোধন করা	Rectified	Rectified
734. Refer- রি'ফা(র্)	উল্লেখ করা	Referred	Referred
735. Refresh- রি'ফ্‌রেশ্	সতেজ/ তরতাজা করা	Refreshed	Refreshed
734. Refund- রি'ফান্‌ড্	অর্থ ফেরত দেওয়া	Refunded	Refunded
735. Release- রি'লীস্	মুক্তি দেওয়া	Released	Released
736. Reserve- রি'জাভ্	জমা/ সংরক্ষণ করা	Reserved	Reserved
737. Respect- রি'স্পেক্ট্	শ্রদ্ধা/ সম্মান করা	Respected	Respected
738. Respond- রি'স্পন্‌ড্	সাড়া দেওয়া	Responded	Responded
739. Rest- রেস্ট্	বিশ্রাম নেওয়া	Rested	Rested
740. Retail- রীটেইল্	খুচরা বিক্রি করা	Retailed	Retailed
741. Return- রি'টান্	ফিরে আসা	Returned	Returned
742. Revenge- রি'ভেন্‌জ্	প্রতিশোধ গ্রহণ করা	Revenged	Revenged
743. Review- রিভিও	পর্যালোচনা করা	Reviewed	Reviewed
744. Revise- রিভাইজ্	পুনরায় পাঠ করা	Revised	Revised
745. Revolt- রিভৌল্ট্	বিদ্রোহ করা	Revolted	Revolted
746. Ride- রাইড্	চড়া/ আরোহণ করা	Rode	Ridden
747. Ring- রিং	বাজানো/ ফোন করা	Rang	Rung
748. Rival- 'রাইভ্‌ল্	প্রতিদ্বন্দ্বী হওয়া	Rivaled	Rivaled
749. Roll- রৌল্	গড়িয়ে চলা	Rolled	Rolled
750. Romp- রম্‌প্	চেঁচামেচি করে ফেলা	Romped	Romped
751. Rule- রুল্	শাসন করা	Ruled	Ruled

Present	Meaning	Past	Past Participle
752. Sound- সাউন্‌ড্	ধ্বনিত করা	Sounded	Sounded
753. Start- স্টা:ট্	যাত্রা করা	Started	Started
754. Stay- স্টেই	অবস্থান করা	Stayed	Stayed
755. Shoot- শূট্	গুলি করা	Shot	Shot
756. Shout- শাউট্	চিৎকার করা	Shouted	Shouted
757. Slap- স্ল্যাপ্	থাপ্পড় মারা	Slapped	Slapped
758. Smile- স্মাইল্	মুচকি হাসা	Smiled	Smiled
759. Smoke- স্মৌক্	ধুমপান করা	Smoked	Smoked
760. Seem- সীম্	মনে হওয়া	Seemed	Seemed
761. Select- সি'লেক্ট্	নির্বাচিত করা	Selected	Selected
762. Stock- স্টক্	মজুদ রাখা	Stocked	Stocked
763. Stop- স্টপ্	থামানো	Stopped	Stopped
764. Submit- সাব্‌'মিট্	পেশ করা	Submitted	Submitted
765. Sue- স্যিউ	মামলা/ নালিশ করা	Sued	Sued
766. Sup- সাপ্	চুমুক দিয়ে খাওয়া	Supped	Supped
767. Supply- সাপ্‌লাই	সরবরাহ করা	Supplied	Supplied
768. Support- সা'পোর্ট্	সমর্থন করা	Supported	Supported
769. Suppose- সা'পৌজ্	মনে করা	Supposed	Supposed
770. Surprise- সা'প্রাইজ্	অবাক করা	Surprised	Surprised
771. Sacrifice- স্যাক্রিফাইস্	বিসর্জন করা	Sacrificed	Sacrificed
772. Satisfy- স্যাটিস্‌ফাই	সন্তুষ্ট করা	Satisfied	Satisfied
773. Sort- সোর্ট্	গুছানো	Sorted	Sorted
774. Spy- স্পাই	গুপ্তচর হিসেবে কাজ করা	Spied	Spied
775. Stammer- স্ট্যামা(র্)	তোতলানো	Stammered	Stammered
776. Startle- স্টা:ট্‌ল্	চমকে যাওয়া	Startled	Startled
777. Starve- স্টা:ভ্	অনাহারে থাকা	Starved	Starved
778. Step- স্টেপ্	পদক্ষেপ নেওয়া	Stepped	Stepped
779. Shorten- শোর্ট্‌ন্	সংক্ষিপ্ত করা	Shortened	Shortened
780. Sight- সাইট্	দেখতে পাওয়া	Sighted	Sighted
781. Signify- সিগ্‌নিফাই	জানানো/ অর্থ বোঝানো	Signified	Signified
782. Silence- সাইলান্‌স্	চুপ করানো	Silenced	Silenced
783. Simplify- সিম্‌প্লিফাই	সহজ সাধ্য/ সহজবোধ্য করা	Simplified	Simplified

Present	Meaning	Past	Past Participle
784. Sin- সিন্	পাপ/ অন্যায় করা	Sinned	Sinned
785. Soil- সয়ল্	ময়লা করা	Soiled	Soiled
786. Solder- সল্ডা(র্)	ঝালাই করা	Soldered	Soldered
787. Solve- সল্ভ্	সমাধান করা	Solved	Solved
788. Sorrow- সরো	দুঃখ বোধ করা	Sorrowed	Sorrowed
789. Scar- স্কা:(র্)	দাগ দেওয়া	Scared	Scared
790. Scatter- স্ক্যাটা(র্)	ছিটিয়ে দেওয়া	Scattered	Scattered
791. Separate- সেপ্‌রাট্	পৃথক করা/ আলাদা করা	Separated	Separated
792. Stitch- স্টিচ্	সেলাই করা	Stitched	Stitched
793. Store- স্টো°(র্)	মজুদ রাখা	Stored	Stored
794. Struggle- স্ট্রাগ্‌ল্	সংগ্রাম করা	Struggled	Struggled
795. Study- স্টাডি	অধ্যায়ণ করা	Studied	Studied
796. Stumble- স্টাম্‌ব্‌ল্	হোঁচট খাওয়া	Stumbled	Stumbled
797. Subscribe- সাব্‌স্ক্রাইব্	চাঁদা দেওয়া	Subscribed	Subscribed
798. Subsist- সাব্‌সিস্ট্	বাঁচিয়ে/ টিকিয়ে রাখা	Subsisted	Subsisted
799. Suffer- সাফা(র্)	ভোগা/ কষ্ট পাওয়া	Suffered	Suffered
800. Suffice- সা'ফাইস্	পর্যাপ্ত হওয়া	Sufficed	Sufficed
801. Sugar- শুগা(র্)	চিনি মেশানো	Sugared	Sugared
802. Suspect- সা'সপেক্ট্	আশঙ্কা/ সন্দেহ করা	Suspected	Suspected
803. Sustain- সা'স্টেইন্	তুলে ধরা	Sustained	Sustained
804. Taste- টেইস্ট্	সাধ গ্রহণ করা	Tasted	Tasted
805. Test- টেস্ট্	পরীক্ষা করা	Tested	Tested
806. Thank- থ্যাঙ্ক্	ধন্যবাদ দেওয়া	Thanked	Thanked
807. Tie- টাই	বাঁধা	Tied	Tied
808. Turn- টান্	ঘুরানো	Turned	Turned
809. Tackle- ট্যাক্‌ল্	মোকাবেলা/ আক্রমণ করা	Tackled	Tackled
810. Tag- ট্যাগ্	পিছু নেওয়া/ জোড়া দেওয়া	Tagged	Tagged
811. Tap- ট্যাপ্	টোকা দেওয়া	Tapped	Tapped
812. Task- টা:স্ক্	কাজের ভার দেওয়া	Tasked	Tasked
813. Tease- টীজ্	জ্বালাতন বা ঠাট্টা করা	Teased	Teased
814. Telephone- 'টেলিফৌন্	টেলিফোন করা	Telephoned	Telephoned

Present	Meaning	Past	Past Participle
815. Televise- টেলিভাইস্	টিভির মাধ্যমে প্রচার	Televised	Televised
816. Testify- টেস্‌টিফাই	স্বাক্ষর দেওয়া	Testified	Testified
817. Thicken- থিক্‌ন্	ঘন করা	Thickened	Thickened
818. Thin- থিন্	পাতলা করা	Thinned	Thinned
819. Threaten- থ্রেট্‌ন্	ভয় দেখানো/ হুমকি দেওয়া	Threatened	Threatened
820. Tour- টুআ(র্)	ভ্রমণ করা	Toured	Toured
821. Trade- ট্রেইড্	লেনদেন করা	Traded	Traded
822. Train- ট্রেইন্	প্রশিক্ষণ দেওয়া	Trained	Trained
823. Trouble- ট্রিব্‌ল্	অসুবিধায় ফেলা	Troubled	Troubled
824. Trust- ট্রাস্ট্	বিশ্বাস করা	Trusted	Trusted
825. Tune- ট্যিউন্	সুর বাধা	Tuned	Tuned
826. Twist- টোয়িস্ট্	প্যাঁচ লাগানো	Twisted	Twisted
827. Twitter- টুয়িটা(র্)	কিচির মিচির করা	Twittered	Twittered
828. Use- ইউস্	ব্যবহার করা	Used	Used
829. Understand- আন্‌ডা'স্ট্যান্‌ড্	বুঝতে পারা	Understood	Understood
830. Undress- আন্'ড্রেস্	কাপড় খোলা	Undressed	Undressed
831. Unite- ইউ'নাইট্	একত্র হওয়া	United	United
832. Unmask- আন্'মা:স্ক্	মুখোশ খুলে ফেলা	Unmasked	Unmasked
833. Update- আপ্'ডেইট্	আধুনিক করা	Updated	Updated
834. Urinate- ইউআরিনেইট্	প্রস্রাব/ মূত্র ত্যাগ করা	Urinated	Urinated
835. Utilize- 'ইউটিলাইজ্	কাজে লাগানো	Utilized	Utilized
836. Utter- 'আটা(র্)	উচ্চারণ করা	Uttered	Uttered
837. Visit- 'ভিজিট্	পরিদর্শন করা	Visited	Visited
838. Voice- ভয়স্	ভাষায় প্রকাশ করা	Voiced	Voiced
839. Validate- ভ্যালিডেইট্	অদৃশ্য হওয়া	Validated	Validated
840. Value- ভ্যালিউ	মূল্য নিরূপণ করা	Valued	Valued
841. Vanish- ভ্যানিশ্	অদৃশ্য করা/হওয়া	Vanished	Vanished
842. Verify- ভেরিফাই	সত্যতা যাচাই করা	Verified	Verified
843. Violate- ভাইআলেইট্	ভঙ্গ/ লঙ্ঘন করা	Violated	Violated
844. Vomit- ভমিট্	বমি করা	Vomited	Vomited
845. Vote- ভৌট্	ভোট দেওয়া	Voted	Voted
846. Waste- ওএইস্ট্	নষ্ট/ অপচয় করা	Wasted	Wasted

Present	Meaning	Past	Past Participle
847. Want- ওঅন্ট্	চাওয়া	Wanted	Wanted
848. Warm- য়োম্	গরম করা	Warmed	Warmed
849. Warn- য়োন্	সতর্ক করা	Warned	Warned
850. Wash- ওঅশ্	ধৌত করা	Washed	Washed
851. Water- 'ওয়োটা(র্)	ভিজানো/ পানি দেওয়া	Watered	Watered
852. Weaken- উঈকেন্	দুর্বল করা	Weakened	Weakened
853. Wed- ওএড্	বিবাহ করা	Wedded	Wedded
854. Weight- ওএইট্	ওজন করা	Weighted	Weighted
856. Whiten- ওআইটন্	সাদা করা	Whitened	Whitened
857. Will- উইল্	ইচ্ছা করা	Willed	Willed
858. Wipe- ওআইপ্	মোছা	Wiped	Wiped
859. Wish- উইশ্	ইচ্ছা করা	Wished	Wished
860. Withdraw- উইদ'ড্রো	প্রত্যাহার করা	Withdrew	Withdrawn
861. Wither- উইদা(র্)	শুকিয়ে যাওয়া	Withered	Withered
862. Witness- উইট্নিস্	সাক্ষ্য দেওয়া/ স্বচক্ষে দেখা	Witnessed	Witnessed
863. Wrap- র‍্যাপ্	ঢেকে ফেলা	Wrapped	Wrapped
864. Zigzag- জিগ্জ্যাগ্	আঁকা-বাঁকা ভাবে হাঁটা	Zigzagged	Zigzagged
865. Zone- জৌন্	অঞ্চলে বিভক্ত করা	Zoned	Zoned

বিভ্রান্ত সৃষ্টিকারী Verbs

হাজার হাজার verb-এর ভেতর থেকে সবগুলো Verb-ই দ্বন্দ্ব সৃষ্টি করে না। যে সকল Verb-এর তিনটি Form বেশি বিভ্রান্ত সৃষ্টি করে সেগুলো নিচে দেওয়া হল:

Problem: 01

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Lie (শয়ন করা/শুয়ে থাকা)	lay	lain
Lie (মিথ্যা বলা)	lied	lied
Lay (ডিম পাড়া, কিছু রাখা)	laid	laid

Problem: 02

Hang (ঝুলানো)	hung	hung
Hang (ফাঁসি দেওয়া)	hanged	hanged

Problem: 03

Die (পরলোক গমন করা)	died	died
Dye (রং করা)	dyed	dyed

Problem: 04

Feel (অনুভব করা)	felt	felt
Fall (পতিত হওয়া)	fell	fallen
Fell (কেটে ফেলা, ভূপাতিত করা)	felled	felled
Fill (পূর্ণ করা)	filled	filled

Problem: 05

Live (বাস করা)	lived	lived
Leave (ত্যাগ করা)	left	left

Problem: 06

Sow (বীজ বোনা	sowed	sowed/ sown
Show (দেখানো)	showed	shown
Sew (সেলাই করা)	sewed	sewed

Problem: 07

Bear (বহন করা)	bore	borne
Bear (প্রসব করা)	bore	born

Problem: 08

Fly (উড়া)	flew	flown
Flow (প্রবাহিত করা)	flowed	flowed
Follow (অনুসরণ করা)	followed	followed

Problem: 09

Stick (লেগে থাকা)	stuck	stuck
Strike (আঘাত করা)	struck	struck
Stroke (ধীরে ধীরে হাত বুলানো)	stroked	stroked

Verb-গুলো আয়ত্তে না থাকলে, কি ধরনের সমস্যা হতে পারে:

1. মুরগিটি একটি ডিম পেড়েছে।
   The hen has ---- an egg. (lain/laid/lied)
   সঠিক উত্তর: laid (ডিম পাড়া, যা "lay"-এর past participle)
2. He was ---- down for a sleep. (lying/lay/laying)
   সঠিক উত্তর: laying (সে ঘুমানোর জন্য শুয়েছিল)
   Note: "lie"-এর শেষে "ing" হলে তা "lying" হয়।
3. I ---- a sofa for the guests. (lied/lay/laid)
   সঠিক উত্তর: laid
   Note: আমি অতিথিদের জন্য একটি সোফা রেখেছিলাম, এখানে "laid" হলো "lay- কিছু রাখা" এর past form।

Sequence of Tense

(কালের ক্রম)

Tense শেখার পর একটি বাক্যে tense এর পরিপূর্ণ প্রয়োগের ক্ষেত্রে আরেকটি বিষয় জানা আবশ্যক। তা হলো Sequence of Tense।

Sequence of Tense:

Principal clause-এর verb দেখে sub-ordinate clause-এর verb পরিবর্তনের নিয়মকে Sequence of Tense বলে।

Sequence of Tense-এর ক্ষেত্রে ২টি কথা মনে রাখা জরুরী:

i. Sequence of tense মানেই দুইটি clause-এর মধ্যে verb -এর সামঞ্জস্যতা (agreement)।
ii. Principal clause অনুযায়ী পরবর্তী sub-ordinate clause এর tense হবে।

অজানা:

Sequence of Tense-এর অপর নাম- Agreement of Tenses।

** Sequence of tense-এর আলোচনাটি ভালোভাবে বুঝতে চাইলে প্রথমেই clause সম্পর্কে ভালো ধারণা নিতে হবে। তাই এই বইয়ের Clause Chapter-থেকে "Clause" দেখে নিতে পারো।

Sequence of Tense-এর প্রধান ২টি Rules

Rule- 01:

Principal clause যদি past tense (v2) হয় তবে, sub-ordinate clause টিও past tense হবে।

For example:

We noticed that she was out of area. (আমরা লক্ষ্য করেছিলাম সে এলাকার বাহিরে ছিল।)

লক্ষণীয়, প্রথম অংশ principal clause-টি past tense "noticed" হওয়ায়, দ্বিতীয় অংশ বা subordinate clause টি past tense -এ "was" হয়েছে।

আরো কিছু উদাহরণ:

He said that they would come. (তিনি বলেছিলেন যে তারা আসবে।)
We all realized that we had made a mistake.
(আমরা সকলেই বুঝতে পেরেছিলাম যে আমরা একটি ভুল করেছি।)
They worked hard that they might succeed. (তারা কঠোর পরিশ্রম করেছিল যাতে তারা সফল হয়।)
I thought that the man was guilty. (আমি ভেবেছিলাম লোকটি দোষী।)

লক্ষণীয়, উপরে বাক্য গুলো দেখে অবশ্যই এটা বুঝতে পেরেছ, main clause "past tense" হলে subordinate clause "past tense"-এর যেকোনো tense -এ হতে পারে।
অর্থাৎ, past tense-এর past indefinite, past perfect, এমনকি প্রয়োজনবোধে যেকোনো modal verb কে past form-এ ব্যবহার করা যেতে পারে।

অজানা কথা:

i. Principal clause "past tense" হলেও subordinate clause টি present simple বা present indefinite হবে, যদি বাক্যটি চিরন্তন সত্য হয়।
   যেমন:
   Teacher said that honesty is the best policy. (শিক্ষক বলেছেন যে সততা সর্বোত্তম নীতি।)
   He proved that ice floats on water. (তিনি প্রমাণ করলেন যে বরফ পানিতে ভাসে।)
   Galileo proved that the earth moves around the sun.
   (গ্যালিলিও প্রমাণ করেছিলেন যে পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।)
ii. যখন subordinate clause "than" দ্বারা শুরু হয়, তখন principal clause "past tense" হলেও subordinate clause যে কোনো tense হতে পারে।
   যেমন:
   She cared me more than she loves her own children.
   = (সে তার নিজের সন্তানদের যতটা ভালোবাসে তার চেয়েও বেশি আমার যত্ন করেছিল।)
   She cared me more than she loved her own children.
   = (সে তার নিজের সন্তানদের যতটা ভালোবাসতো তার চেয়েও বেশি আমার যত্ন করতো।)
   She cared me more than she will love her own children.
   = (সে তার নিজের সন্তানদের যতটা ভালোবাসবে তার চেয়েও আমার যত্ন করছিল।)

Rule- 02:

Principal clause "present tense" অথবা "future tense" হলে, subordinate clause অর্থ অনুযায়ী যে কোনো tense -এ হতে পারে।

For example:

John says that he was at the meeting. (জন বলেন যে তিনি সভায় ছিলেন।)
John says that he is at the meeting. (জন বলেন যে তিনি সভায়।)
John says that he will be at the meeting. (জন বলেন যে তিনি সভায় থাকবেন।)
John will say that he was at the meeting. (জন বলবেন যে তিনি সভায় ছিলেন।)
John will say that he is at the meeting. (জন বলবেন যে তিনি সভায়।)

লক্ষণীয়, উপরের sentence গুলোতে principal clause "present tense" এবং "future tense" থাকায়, অর্থ অনুযায়ী sub-ordinate clause টি যেকোনো tense-এ পরিবর্তিত হয়েছে।

Sequence of Tense-এর আরো কিছু ব্যতিক্রমধর্মী ব্যবহার

Note- 01:

If only, Wish that, It is time যুক্ত principal clause হলে, subordinate clause টি past tense হয়।

For example:

If only I could do it.
= (আমার ইচ্ছা) আমি যদি এটা করতে পারতাম।
I wish I could manage it properly.
= (আমার ইচ্ছা) আমি যদি এটি সঠিকভাবে পরিচালনা করতে পারতাম।
Wish that I could overcome the problem.
= (আশাবাদী) আমি যদি সমস্যাটি সমাধান করতে পারতাম।
It is time you slept.
=এটাই তোমার ঘুমানোর সময়।

অজানা কথা:

"I wish"-এর সমর্থক শব্দ "If only" তবে, "If only" দ্বারা strong wish/desire বোঝায়। "If only" ব্যবহার হয় present, past এবং future tense-এর unreal condition বোঝাতে।

Note- 02:

Principal clause টি future tense হলে এবং subordinate clause "when" দ্বারা যুক্ত হয়ে "সময় নির্দেশ" করলে, "when" যুক্ত clause টি present indefinite tense হয়।

They will call me when she comes. (সে আসলে তারা আমাকে ডাকবে।)
I will buy a dictionary when I get money. (আমি টাকা পেলে একটি অভিধান কিনব।)

Sequence of Tense এর শর্তগুলো একনজরে

Principal clause		Sub-ordinate clause	
1	Past Indefinite	= Past Indefinite Past Perfect Model verbs (could/might/should)	
2	Present Indefinite Future Indefinite	= যে কোন Tense (অর্থ বুঝে)	
3	Past Indefinite	= Present Indefinite [চিরন্তন সত্য]	
4	Past Indefinite	= Present Indefinite Past Indefinite Future Indefinite	[Than যুক্ত]

Practice
MCQ মাধ্যম

1. Sequence of Tense-এর আলোচনাটি নিচের কোন topic-এর সাথে সম্পৃক্ত?
   (a) Voice (b) Narration
   (c) Transformation of sentence (d) Tense
2. Sequence of Tense-এর আলোচনায় কোন clause-এর ব্যবহার লক্ষণীয়?
   (a) principal clause (b) subordinate clause
   (c) co-ordinate (d) principal & subordinate clause
3. When I saw her leaving in a hurry, I ----- her where she was going.
   (a) have asked (b) was asking (c) asked (d) has asked
5. He said that he -----.
   (a) is going (b) has gone
   (c) was going (d) has been going
6. Galileo taught that the earth ----- around the sun.
   (a) revolves (b) revolved
   (c) will be revolving (d) have been revolving
7. It's 10 am now. The sun ----- in the eastern sky.
   (a) shines (b) is shining
   (c) has been shining (d) had been shining
8. As the sun -----, I decided to go out.
   (a) has shine (b) shine (c) shines (d) was shining
9. He said that he ----- the previous day.
   (a) has come (b) had come (c) came (d) arrived
10. He thinks that -----.
    (a) she will survive (b) she could survive
    (c) she survives (d) all are correct

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তরঃ (d) Tense, Sequence of tense মানেই হলো principal clause এর verb অনুযায়ী sub-ordinate clause -এর verb বা tense পরিবর্তন।
2. সঠিক উত্তরঃ (d) principal & subordinate clause, কেননা principal clause-এর tense অনুযায়ী, subordinate clause-এর পরিবর্তন হয়, সেই দিক থেকে বলা যায় principal clause এবং subordinate clause "sequence of tense" -এর সাথে সম্পৃক্ত।
3. সঠিক উত্তরঃ (c) asked, "When" দ্বারা যুক্ত subordinate clause টি past tense থাকায়, পরবর্তী clause অর্থাৎ principal clause টি simple past tense -এ "asked" করা হয়েছে।
5. সঠিক উত্তরঃ (c) was going, যেহেতু principal clause টি past tense -এ আছে, তাই sub-ordinate clause -টি past tense -এ করতে হবে।
6. সঠিক উত্তরঃ (a) revolves, Principal clause টি past tense এ হওয়া সত্ত্বেও, "বৈজ্ঞানিক সত্য" বাক্য হওয়ায় subordinate clause-এ কোনো পরিবর্তন হবে না, present indefinite tense-এই থাকবে।
7. সঠিক উত্তরঃ (b) is shining, প্রথম বাক্যটি present indefinite tense হওয়ায়, প্রথম বাক্যটির সাথে সঙ্গতি রেখে দ্বিতীয় কাজটি ঘটায়, তা present continuous tense হয়েছে। উল্লেখ্য, শুধু দ্বিতীয় বাক্যটির উল্লেখ থাকলে "চিরন্তন সত্য" হিসেবে তা present indefinite tense-এ হতো।
8. সঠিক উত্তরঃ (d) was shining, যেহেতু principal clause টি past tense (decided) আছে, তাই নিয়ম অনুযায়ী subordinate clause টি past tense -এ করতে হবে।
9. সঠিক উত্তরঃ (d) had come, principal clause "past tense" হওয়ায় subordinate clause-কে narration এর নিয়ম অনুযায়ী past perfect tense -এ করা হয়েছে। তবে, past indefinite tense -এ করা যেতে পারে।
10. সঠিক উত্তরঃ (d) all are correct, principal clause "past tense" এ হওয়ায় subordinate clause যে কোনো tense -এ পরিবর্তন করা যাবে। তাই, উত্তর হিসেবে সবগুলো বেছে নেওয়া হয়েছে।

Right Forms of Verbs

(ক্রিয়ার সঠিক রূপ)

Verb-কে বলা হয় sentence-এর heartbeat বা হৃদস্পন্দন। আর তাই Grammar-এর অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি আলোচ্য বিষয় (Topic) Right Forms of Verbs।

Right Forms of Verbs কী?

Right Forms of Verbs বলতে verb-এর সঠিক রূপ/গঠন (form) কে বোঝায়।

Verb এর সঠিক form কয়টি? তা কি তোমার জানা আছে?

একটি verb "Go" দিয়ে ব্যাপারটা কে সহজ করা যেতে পারে।

দেখে নেওয়া যাক "Go" verb-এর কতগুলো "form" হতে পারে-

go	goes	going	to go	went	gone

তাহলে, বোঝা গেলো verb এর সঠিক রূপ বা গঠন ৬টি, যথাঃ

i. Verb-এর base form/present form (যাকে আমরা v1 নামে চিনি)
ii. Verb-এর সাথে s/es যুক্ত
iii. Verb-এর সাথে ing (যাকে participle/gerund বলা যায়)
iv. Verb-এর আগে to (যাকে infinitive বলা হয়)
v. Verb-এর past form (যাকে v2 নামে চিনি)
vi. Verb-এর past participle (যাকে v3 নামে চিনি)

এবার ভেবে দেখো-

Right forms of verbs-এর ক্ষেত্রে এই ৬টি form ছাড়া আর কি কোনো form হয়?

Right Forms of Verbs-এর এই আলোচনাটি ৬টি form অনুযায়ী আলোচনা করা হলো। আশা করি এতে করে সম্পূর্ণ আলোচনাটি তোমার বুঝতে সুবিধা হবে।

যখন Verb-এর Base Form/v1 হয়

Rule-01:

সকল modal verb-এর পর active voice-এ verb-এর base form (v1) হয়।

Modal verb গুলোঃ

can, could, may, might, shall, should, will, would, must, ought to, have to, has to, would rather, had better, am to, is to, are to, was to, were to *etc.*

For example:

i. You have to (came) here on time.
   Ans: come
ii. They ought to (solved) the problem properly.
   Ans: solve
iii. Possibly, it will (hurt) you.
   Ans: hurt

অজানা কথাঃ

ব্যক্তিবাচক/ অন্যকোন subject বাক্যে active mood-এ কাজ করলে, তা active voice হয়।

Rule-02:

কিছু Bare infinitive /Zero infinitive verb-এর পরে verb-এর base form হয়।

Bare/Zero infinitive verb গুলোঃ

make, let, dare, need, cannot but, could not but, used to, bid, hear, watch, behold *etc.*

For example:

i. She made me (to solve) the sum.
   Ans: solve
ii. I watched the man (running) away quickly.
   Ans: run

iii. Let me (tell) you the story.
Ans: tell

অজানা কথা:

Infinitive মানে to + v1। আর, Bare/Zero infitive মানে "to" ছাড়া v1। তাহলে, এখানে "Bare/Zero" এর অর্থ - "ছাড়া/শূন্য/ব্যতীত"।

Rule-03:

কোনো sentence-এ "Would that" (ইচ্ছা/আকাঙ্খা/কামনা) এর পর subject পরবর্তী could + verb-এর present form হয়।

For example:

i. Would that I (buy) the latest car. (আমি যদি অত্যাধুনিক গাড়িটি কিনতে পারতাম।)
Ans: could buy

ii. Would that I (fly) in the blue sky. (আমি যদি নীল আকাশে উড়ে বেড়াতে পারতাম।)
Ans: could fly

iii. Would that he (listen) to his father. (যদি সে তার বাবার কথা শুনতে পেত।)
Ans: could have listened

উল্লেখ্য, কোন মাধ্যমে/ কারো দ্বারা "যদি সে তার বাবার কথা শুনতে পেত" এমন passive অর্থ দেওয়ায় "could have+v3" হয়েছে।

Rule-04:

কোনো sentence-এ conjunction হিসেবে so that, in order that, so ..... that থাকলে, পরবর্তী sentence-এ subject-এর পর can/ could/ may/ might + verb-এর present form হয়।

For example:

i. They work hard so that they (get) more benefit.
Ans: can get

ii. She was so anxious that she (not speak) easily.
Ans: could not speak

iii. I will work hard so that I (be) successful.
Ans: can be

অজানা কথা:

প্রথম বাক্যটি present/future tense হলে পরবর্তী বাক্যে can/may বসে। কিন্তু, প্রথম বাক্যটি past tense হলে পরবর্তী বাক্যতে could/might বসে।

may= সম্ভাবনা অর্থে , might= অবশ্যই ঘটবে এমন নিশ্চয়তা অর্থে

Rule-05:

Tense অনুযায়ী auxiliary verb "do, does, did" ব্যবহৃত হলে, interrogative/negative করার ক্ষেত্রে do/does/did-এর পর verb-এর present form হয়।

For example:

i. Does he (helps) the lame man?
Ans: help

ii. They did not (came) to the real point.
Ans: come

iii. Do you (think) properly?
Ans: think

iv. Does he (has to) do it?
Ans: have to

Rule-06:

Main clause-এর verb যদি past tense হয় এবং অপর clause টি তে next কথাটি উল্লেখ থাকে, তবে দ্বিতীয় clause টি তে subject-এর পর would/should, এর পর verb-এর present form হবে।

For example:

i. She said that she (go) to his country next year. =She said এখানে main clause
Ans: would go / should go

ii. I said that I (buy) the latest car the next week.
Ans: would buy / should buy

অজানা কথা:

প্রথম clause-টি past tense-এ হলে এবং পরবর্তী clause-এ "next" শব্দটি উল্লেখ না থেকে, last বা previous উল্লেখ থাকলে, "would/could"-এর পরিবর্তে, উক্ত clause টি narration এর নিয়ম মেনে past perfect tense (had+v3) হয়।

For example:

i. He said that he (come) the previous day.
Ans: had come

ii. She told me that she (attend) the program the previous week.
Ans: had attended

Rule-07:

'Lest' conjunction দুইটি sentence বা clause যুক্ত করে।

Structure: "---lest + subject + should/might + verb-এর base form---"

For example:

i. Read attentively lest you (fail) in the test exam. (মনোযোগ দিয়ে পড়াশোনা কর, যাতে টেস্ট পরীক্ষায় অকৃতকার্য না হও।)
Ans: should fail / might fail

ii. Call me twice in a day lest I (forget) your presence. (দিনে আমাকে দুইবার ফোন দাও, যাতে আমি তোমার উপস্থিতির কথা ভুলে না যাই।)
Ans: should forget / might forget

অজানা কথা:

i. Lest-এর পরের বাক্যটি কখনো no, not বা never যোগ করে negative করা যাবে না। কেননা, lest মানেই "যাতে না"।

ii. অনেকেই ভুল করে "Lest"-এর পরিবর্তে "Least" ব্যবহার করে থাকে। এক্ষেত্রে স্বচ্ছ ধারণা রাখা দরকার "Lest"-একটি conjunction, অন্যদিকে Least হল "Little"-এর superlative form।

যখন Verb-এর সাথে s/es হয়

Rule-01:

Sentence-এ generally, regularly, normally, everyday, usually, always, often, sometimes, hardly, seldom, occasionally, daily, every + noun (day, week, night, month, morning) *etc.* adverb থাকলে, বাক্যটি Present Indefinite Tense হয়।

subject 3rd person singular অর্থাৎ, he, she, it, কোনো ব্যক্তির নাম, কোনো বস্তুর নাম হলে, verb এর সাথে s / es যোগ করতে হয়।

For example:

i. He (get) up 6 O'clock every morning.
   Ans: gets
ii. He always (try) his level best.
   Ans: tries
iii. Rabindranath's story often (have) surprise ending.
   Ans: has

অজানা কথা:

উল্লেখিত adverb-গুলো শুধুমাত্র present indefinite tense-এ ব্যবহৃত হয়:

generally-সাধারণত, regularly- নিয়মিত, normally-স্বাভাবিকভাবে, everyday- প্রতিদিন, usually-সাধারণত, always- সর্বদা, often- প্রায়ই, sometimes- কখনও কখনও, hardly- খুব কমই, seldom-কদাচিৎ, occasionally- মাঝে মাঝে, daily-দৈনিক।

Rule-02:

কোনো sentence দ্বারা যদি চিরন্তন সত্য (universal truth) বা অভ্যাসগত কর্ম (habitual fact) বোঝায়, তাহলে সেই sentence টি present indefinite tense হয়। সেই জন্য subject (3rd person) হলে, verb এর সাথে s/es যুক্ত করতে হয়।

For example:

i. The earth (move) round the sun.
   Ans: moves
ii. We know that ice (float) on water.
   Ans: floats
iii. He (drink) coffee every afternoon.
   Ans: drinks

Rule-03:

বৈজ্ঞানিকভাবে প্রমাণিত /যৌক্তিক বাক্যে "When" থাকলে উভয় clause "present Indefinite tense" হয়।

i. When water (freeze), it (turn) into ice.
   Ans: freezes, turns
ii. Iron (become) red when we heat it.
   Ans: becomes
iii. When he (see) me, he feels shy.
   Ans:sees

যখন Verb-এর সাথে ing হয়

Rule-01:

সকল preposition-এর পর verb এর সাথে ing হয়। শুধুমাত্র preposition "To"-এর পর verb এর base form (v1) হয়।

For example:

i. After (solve) the problem, I felt relaxed.
   Ans: solving
ii. You are not allowed without (permit).
   Ans: permitting

অজানা কথা:

i. Preposition-এর পর noun করাই মূল কথা সেজন্য নিচের দুটি বাক্যই সঠিক:
   You are not allowed without permission.
   You are not allowed without permitting.
   উল্লেখ্য Right forms of verbs-এ সঠিক উত্তর হবে preposition-এরপর verb-এর সাথে "ing" যুক্ত noun।

ii. Preposition-এর পরে verb সাথে ing হলে তা "gerund/noun" হয়ে যায়।

Rule-02:

কিছু phrase বা word এর পর verb এর সাথে ing হয়। সেই word বা phrase গুলো হলো:

Would you mind, cannot help, be used to, get used to, with a view to, look forward to, prefer to, devoted to, addicted to, subject to, cannot bear, feel like, no use, worth, stop, avoid *etc.*

For example:

i. He cannot help peep us. (সে আমাদের দিকে উঁকি না দিয়ে পারেনা।)
   Ans: peeping
ii. We all went to oasis (মরুদ্যান) with a view to (see) the unseen.
   Ans: seeing
iii. The film was absolutely worth (see). (চলচ্চিত্রটি একেবারে দেখার মতো ছিল।)
   Ans: seeing
iv. I feel like (sing). (আমার গান গাইতে ইচ্ছা করছে।)
   Ans: singing

v. There is no use (ask) me about it. (আমাকে জিজ্ঞেস করে লাভ নেই।)
Ans: asking

অজানা কথা:

Feel like=want/would like

Rule-03:

Since বা for-এর পর সময়ের উল্লেখ থাকলে, sentence-টি present perfect continuous tense হয়। উল্লেখ্য, "How long" থাকলেও বাক্যটি present perfect continuous tense হয়।

For example:

i. Mira (read) the new book since morning.
Ans: has been reading
ii. I (wait) for you for one and a half hours.
Ans: have been waiting
iii. He (work) here since last week.
Ans: has been working
iv. How long you (stay) here?
Ans: have you been staying

ব্যতিক্রম :

কিছু non-continuous verb (be, see, think, know *etc.*) কোন continuous tense-এ ব্যবহার হয় না। এইজন্য তা present perfect continuous tense না হয়ে present perfect tense হয়।

i. I (know) you since last week.
Ans: have known
ii. He (be) absent here since Firday.
Ans: has been

অজানা কথা:

i. উপরের বাক্যে "since" একটি preposition কেননা তার পরে object (noun phrase) বসেছে।
ii. দুইটি sentence-এর মাঝে "since" বসলে, তার নাম হবে conjunction।
iii. List of non-continuous/stative verbs:
Feeling: like, hate, love, prefer, want, wish.
Senses: feel, appear, hear, see, seem, smell, sound, taste.
Communication: deny, agree, disagree, mean, promise, satisfy, surprise.
Thinking: believe,imagine, know, mean, realize, recognize, remember, understand.
Other states: be, belong, concern, depend, involve, matter, need, owe, own, possess, have.

Rule-04:

Simple sentence-এ দুইটি verb থাকলে শেষের verb-এর সাথে ing হবে। যদি simple sentence-এর subject-এর কার্য সাধনে কোনো উদ্দেশ্য না থাকে। তবে, simple sentence-এ দুইটি verb থাকলে শেষের verb টি infinitive (to + v1) হবে, যদি simple sentence-এর subject-এর কার্য সাধনে উদ্দেশ্য থাকে।

For example:

i. I saw someone (draw) a picture. (আমি কোনো একজনকে একটি ছবি আঁকতে দেখলাম।)
= বাক্যটিতে ছবি আঁকার ক্ষেত্রে subject "I"-এর কোন লক্ষ্য/উদ্দেশ্য নেই। সেজন্য উত্তর হবে:
Ans: drawing
ii. Last month, I went to DMC (visit) my collegue. (গত মাসে, আমি ঢাকা মেডিকেল কলেজে গিয়েছিলাম আমার সহকর্মীকে দেখতে।)
= বাক্যটিতে subject "I" এর উদ্দেশ্য লক্ষণীয়, কেননা আমি (I) দেখা করার উদ্দেশ্য নিয়ে DMC তে গিয়েছিলাম।
Ans: to visit
Note: DMC=Dhaka Medical College

অজানা কথা:

i. Simple sentence = একটি subject এবং একটি finite verb।
ii. Simple sentence-এ object পরবর্তী " verb+ing" হলে, তা participle (adjective) হয়।

Rule-05:

While-এর পরে verb + ing হয়। তবে, while-এর পরে subject থাকলে পরের sentence টি past continuous tense হয়।

For example:

i. While (walk) in the forest, he was bitten by a snake.
Ans: walking
ii. While he (walk) in the forest, he was bitten by a snake.
Ans: was walking
iii. I did the work carefully while you (come).
Ans: were coming

অজানা কথা:

i. While মূলত একটি "conjunction" যা দুইটি sentence বা বাক্যকে যুক্ত করে।
ii.While এর পর verb+ing হলে, এটি hidden clause হিসেবে কাজ করে।এক্ষেত্রে পূর্ণাঙ্গ বাক্যটি যেমন হয়।
যেমন:
While walking in the forest, he was bitten by a snake.
While he was walking in the forest, he was bitten by a snake.
-এক্ষেত্রে "while" একটি conjuntion।

Rule-06:

at present, at this moment, at this time, now, gradually, one after another, step by step, still, day by day *etc.* adverb বা adverbial phrase উল্লেখ থাকলে বাক্যটি present contionuous tense হয়।

For example:

i. Now I (write) a letter to you.
Ans: am writing

ii. All the passengers (enter) the coach one after another.
Ans: are entering
iii. The price of essential commodities (increase) day by day.
Ans: is increasing

ব্যতিক্রম:

প্রথম বাক্যের অর্থ গত কারণে দ্বিতীয় বাক্যটি present continuous tense হয়।

i. My mom is in the kitchen. She (cook) lunch.
Ans: is cooking
ii. It is 10 a.m now. The sun (shine).
Ans: is shining

Rule-07:

অনেক সময় next যুক্ত adverb (next day, next week, next month, next year) থাকলে, বাক্যটি অর্থগতভাবে future indefinite হলেও তা present continuous tense হয়।

For example:

i. I (help) you the next days.
Ans: am helping
ii. He (get) married next week.
Ans: is getting
iii. We (create) opportunities for you next month.
Ans: are creating

Rule-08:

কোন বাক্যে main verb হিসেবে "prefer" বসলে নিম্নে উল্লেখিত structure অনুযায়ী verb এর পরিবর্তন হয়।

Structure:

Ans: were
The number of people (was/were) not small enough. (লোকজনের সংখ্যা যথেষ্ট কম ছিলনা।)
Ans: was

Rule-03:
"half of/the majority of/ a percentage" এরপর verb "singular/plural" উভয় হতে পারে।
Structure:
i. half of/a part of/the majority of/ a proportion of + noun (singularl)= verb (singular)
ii. half of/a part of/the majority of/ / a proportion of + noun (plural)= verb (plural)
For example:
Half of the students (have/has) failed the main exam. (অর্ধেক শিক্ষার্থী মূল পরীক্ষায় অকৃতকার্য হয়েছে।)
Ans: have
Today half of the world (is/are) terrified. (অর্ধ পৃথিবী আজ ভয়ে আতঙ্কিত।)
Ans: is

Rule-04:
"None of"এমন একটি indefinite pronoun-এরপর verb "singular ও plural" উভয় হতে পারে, তবে singular verb টি অধিক ব্যবহৃত।
For example:
None of the family (like/likes) him.
Ans: likes
None of the family (like/likes) him.
Ans: like

Rule-05:
"one of"-এরপর verb "singular ও plural" উভয় হতে পারে।
Structure:
One of + noun (plural)=verb (singular)
One of + noun (plural) + relative pronoun= verb (plural)

For example:
One of my friends (was/were) present in the meeting.
Ans: was
I called one of my friends who (was/were) present in the meeting.
Ans: were

Rule-06:

"No"এরপর verb "singular ও plural" উভয় বসতে পারে।

Structure:
i. No + singular/uncountable (noun)=verb (singular)
ii. No + plural noun= verb (plural)

For example:
No news (is/are) less important.
Ans: is
No option (have/has) been given to you.
Ans: has
No candidates (have/has) been permitted.
Ans: have

Rule-07:

"There" এরপর verb "singular ও plural" উভয় বসতে পারে।

Structure:
i. There + verb (singular)+subject (singular)-----
ii. There + verb (plural)+subject (plural)-----

For example:
i. There (is/are) no end to knowing.
Ans: is
ii. There (is/are) a famous poet name in the list.
Ans: is
iii. There (are/is) many special dishes for lunch.
Ans: are

Practice
MCQ মাধ্যম

1. These grapes ----- sour.
(a) testing (b) are testing (c) tastes (d) taste
2. I ----- the 9th letter of English.
(a) am (b) is (c) are (d) will be
3. Cultural studies ----- a new meaning of culture.
(a) gives (b) give (c) offer (d) indicate
4. Coffee and tea ----- in open place.
(a) is sold (b) are sold (c) were sold (d) will be sold
5. Each boy and girl ----- meritorious.
(a) was (b) were (c) is (d) are
6. Each of the members ----- to bed late.
(a) go (b) goes (c) is going (d) are going
7. Now a days one of the major ----- road accident.
(a) problems is (b) problem is (c) problem was (d) problems were
8. Rita as well as her sisters ----- the party.
(a) have been (b) are (c) presents (d) has presented in
9. ----- pair of socks ----- too small for me.
(a) The, is (b) These, are (c) This, is (d) This, are
10. The attendance of all students ----- very poor.
(a) is (b) are (c) was (d) had been

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) taste, subject "grapes-আঙ্গুরগুলো" plural হওয়ায় verb ও plural হবে।
2. সঠিক উত্তর- (b) is, উক্ত sentence এ "I" অর্থ "আমি" নয়। এখানে "I" বলতে English এর ৯ তম বর্ণমালা বোঝানোয় verb singular হবে।
3. সঠিক উত্তর- (a) gives, এটি "cultural studies" দ্বারা মূলত একটি lesson-পাঠ্য বিষয়কে ইঙ্গিত করা হয়েছে। সেইজন্য, verb singular হয়েছে।
4. সঠিক উত্তর- (b) are sold, সাধারণত "and" দ্বারা দুইটি subject যুক্ত হলে verb হয় plural।
5. সঠিক উত্তর- (c) is, "and" দিয়ে যুক্ত subject এ যদি "each/every" এই দুইটি determiner থাকে, তবে verb singular হয়।
6. সঠিক উত্তর- (b) goes, "Each of, Either of, Neither of, One of" এদের পরে noun টি plural হয় কিন্তু verb টি singular হয়।
7. সঠিক উত্তর- (a) problems is, "One of" এদের পরে noun টি plural হয় কিন্তু verb টি singular হয়।

8. সঠিক উত্তর- (d) has presented in, "as well as, accompanied by, with, along with *etc.*" দ্বারা দুইটি subject যুক্ত হলে, প্রথম subject অনুযায়ী verb বসে।
9. সঠিক উত্তর- (c) This, is, "pair-জোড়া" এই শব্দটি সর্বদাই singular অর্থে ব্যবহার হয়।
10. সঠিক উত্তর- (a) is, কারণ preposition এর পূর্বে "attendance" head word। আর head word অনুযায়ী verb singular হবে।

Modal Verbs

Modal verb ব্যবহারের মাধ্যমে sentence-এ বিশেষ ধরনের অর্থ প্রকাশ পায়। মূলত modal verb ব্যবহারে মাধ্যমে, বাক্যে subject এর বিভিন্ন দৃষ্টিভঙ্গি বা মনোভাব প্রকাশ পায়।

For example:

i. সে দৌড়ায় = He runs.
ii. সে দৌড়াতে পাওে = He can run.

উল্লেখিত, (i) বাক্যটিতে শুধু দৌড়ানোর কথা বলা হয়েছে কিন্তু (ii) বাক্যটিতে দৌড়াতে পারার সামর্থের কথা বলা হয়েছে। তাহলে (ii) বাক্যে "can" হলো modal verb, যা দ্বারা subject "He" এর ভিন্ন দৃষ্টিভঙ্গি/মনোভাব/ সক্ষমতা প্রকাশ পেল।

বিভিন্ন ধরনের দৃষ্টিভঙ্গি/মনোভাব প্রকাশে ইংরেজিতে যে কয়েকটি Modal verb এর ব্যবহার লক্ষ্য করা যায়:

can, could, may, might, shall, should, will, would, have to, must, ought to, be to, be going to, used to, need, dare, had better, would rather

Modal verb সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য:

i. Modal verb এক ধরনের auxiliary verb যা main verb এর আগে বসে।
ii. Modal verb এর পর অবশ্যই main verb এর base form (v1/bare infinitive) হয়।
iii. Modal verb এর সাথে কখনো "s/es" যুক্ত হয় না।

Can-এর ব্যবহার

"Can" সামর্থ্য বা ক্ষমতা প্রকাশ করে ("Can" expresses ability)।

কিন্তু,"cannot/can't" shows "inability" অর্থাৎ, "cannot" অক্ষমতা প্রকাশ করে।

For example:

He can run five miles at a stretch. = দৌড়ানোর সক্ষমতা অর্থে "can" ব্যবহৃত হলো।
(সে একটানা পাঁচ মাইল দৌড়াতে পারে)

Can I help you? = সাহায্য করার সামর্থ্য প্রকাশে "can" ব্যবহৃত হলো।
(আমি কি তোমাকে সাহায্য করতে পারি?)

"Can"-এর আরো ব্যবহার :

i. ভবিষ্যৎ সম্ভাবনা (future possibility)

For example:

I can meet you tomorrow. = সাধারণ "ভবিষ্যৎ সম্ভাবনা" অর্থে "can" ব্যবহার হয়েছে।
(আমি তোমার সাথে আগামীকাল দেখা করতে পারি।)

It may rain today. = হতেও পারে, নাও হতে পারে এমন অর্থে "may" ব্যবহার করা হয়েছে
(আজ বৃষ্টি হতে পারে।)

He might come tomorrow. = নিশ্চয়ই ঘটবে এমন অর্থে "might" ব্যবহার করা হয়েছে।
(সে অবশ্যই আগামীকাল আসবে।)

অজানা কথা:

i. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে "can/may/might" যেকোনোটিই ব্যবহার করা যায়।
ii. "Might" ব্যবহারে "দৃঢ় সম্ভাবনা" বোঝায়।

ii. অনুমতি প্রার্থনা (beg permission)

For example:

Can I meet you later? (আমি কি তোমার সাথে পরে সাক্ষাত করতে পারি?)
May I come in sir? (আমি কি ভেতরে আসতে পারি?)

লক্ষণীয়, অনুমতির ক্ষেত্রে "can" এর পরিবর্তে "may" ব্যবহার অধিক formal এবং বেশি ভদ্রতা প্রকাশ করে।

অজানা কথা:

i. Cannot help এরপর verb+ing হলে, তা gerund হয়।
ii. "Can" শব্দটি noun হতে পারে, যদি তার বাংলা অর্থ হয় "ধাতু নির্মিত কোন পাত্র"।

For example:

You can can some liquid in a can.
= (তুমি পাত্রের মধ্যে কিছু তরল পদার্থ মজুদ রাখতে পারো।)

উল্লেখ্য, প্রথম "can" modal verb, দ্বিতীয় "can- মজুদ রাখা" main verb (t.v) এবং সবশেষের "can" noun।

Could-এর ব্যবহার

"Could" অতীত ক্ষমতা বা সম্ভাব্যতা প্রকাশ করার পাশাপাশি পরামর্শ এবং অনুরোধ করতে ব্যবহৃত হয়।

For example:

He could come by car. (তিনি গাড়িতে আসতে পারতো।)
I could solve the math term. (আমি গাণিতিক বিষয় সমাধান করতে পারতাম।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "could" ব্যবহার করায়, বাক্য দুইটি past tense হয়েছে যার দ্বারা অতীতে কাজ করার ক্ষমতা বা সম্ভাবনা প্রকাশ পেয়েছে।

অজানা কথা:

"Could" ব্যবহার করলে তার English সমর্থক phrase "may be" এমন অর্থ দিয়ে থাকে এবং বাংলায় সবার শেষে "পারতাম, পারতে, পারতো ইত্যাদি" বাংলা বৈশিষ্ট্য বিদ্যমান থাকে।

"Could"-এর আরো ব্যবহার :

i. সবিনয় অনুরোধ (earnestly request)

For example:
Could you sit beside me? অথবা, Would you sit beside me? (আপনি কি আমার পাশে বসবেন?)
Could you please help me? অথবা, Would you please help me?
(আপনি কি দয়া করে আমাকে সাহায্য করবেন?)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "could" এর পরিবর্তে "would you / can you please / would you please" ব্যবহার করেও বাক্য গঠন করা যায় যা দ্বারা অধিক বিনম্রতা প্রকাশ পাবে।

ii. একবারের জন্য পারা (doing something once)

Structure: Subject + was/were + able to + v1 -----.
অথবা, Subject + managed to + v1 -----.

For example:
I was able to solve the problem. (আমি সমস্যাটির সমাধান করতে সক্ষম হয়েছিলাম।)
অথবা,
I managed to solve the problem. (আমি সমস্যাটির সমাধান করেছিলাম।)
They were able to meet their boss. (তারা তাদের বসের সাথে সাক্ষাৎ করতে সক্ষম হয়েছিল।)
অথবা,
They managed to meet their boss. (তারা তাদের বসের সাথে সাক্ষাৎ করেছিল।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে যে কাজগুলো সম্পন্ন হয়েছে তা মূলত "একবারের জন্য" এমন অর্থ প্রকাশ পাবে।

অজানা কথা:
i. অতিমাত্রায় বিনয়ের সাথে প্রশ্ন করার ক্ষেত্রে "can" এর পরিবর্তে "could" ব্যবহার হয়।
ii. Could + v1 হলে, তা past indefinite tense।
iii. "Could have / Might have + v3" ব্যবহার করলে "অব্যর্থ অতীত সম্ভাবনা" বোঝায়।

For example:
We all could have reached there on time. (আমরা সবাই ঠিক সময়ে সেখানে পৌঁছাতে পারতাম।)
We all might have shared our problems. (আমরা সবাই আমাদের সমস্যাগুলো ভাগাভাগি করতে পারতাম।)

দ্বন্দ্ব দূর করে নাও: "Could not" *Vs* "Might not"
Could not=কিছু ঘটা অসম্ভব
Might not=কী ঘটবে তা অনিশ্চিত

For example:
He could not get the full marks. (সে পূর্ণ নাম্বার পায়নি।) অর্থাৎ পূর্ণ নাম্বার পাওয়া "অসম্ভব" ছিল
He might not get the full marks. (সে পূর্ণ নাম্বার পেত না।) অর্থাৎ পূর্ণ নাম্বার পাওয়ার ব্যাপারটা "অনিশ্চিত" ছিল

May & Might-এর ব্যবহার

সম্ভাব্য ভবিষ্যৎ কাজ কর্ম (future activities):

For example:
He may perform on the stage next day. (সে পরবর্তী দিনে মঞ্চে অভিনয় করতে পারে।)

I might discuss the relevant issue. (আমি প্রাসঙ্গিক বিষয়টি নিয়ে আলোচনা করতে পারি।)
A new problem may be arisen. (একটি নতুন সমস্যার উদয় হতে পারে।)
লক্ষণীয়, উপরের প্রত্যেকটি বাক্য দ্বারা ভবিষ্যতে ঘটবে, এমন কাজকে বোঝানো হয়েছে।

Optative sentence এর starter (সূচনা শব্দ) হিসেবে:

For example:
May you live long. (তুমি দীর্ঘজীবী হও।)
May Allah give you eternal peace. (আল্লাহ তোমাকে চির/অনন্ত শান্তি দান করুক।)

চলমান সম্ভাবনা অর্থে (running possibility):

For example:
She may be joining this program. (সে সম্ভবত অনুষ্ঠানে যোগ দিচ্ছে।)
He might be performing on stage now. (সে মনে হয় এখন মঞ্চে অভিনয় করছে।)
You may be feeling unwell due to irrelevant reason.
(তুমি বোধহয় অপ্রাসঙ্গিক কারণে খারাপ বোধ করছো।)

অজানা কথা:
i. যদিও "feel, seem, taste *etc.*" non-continuous verb এই verb গুলোর সাথে "ing" হয় না। তবে, চলমান সম্ভাবনা অর্থে "may/might + be + ing" হয়।
ii. "Modal verb + be + v3" এমনটি সর্বদাই নাও হতে পারে। উপরের উদাহরণগুলোই তার প্রমাণ।
iii. "Modal verb + be + v3" এমনটি হতে পারে, যদি subject হয় inactive বা বস্তুবাচক, যাকে passive voice বলে।

For example:
It may be confirmed on time. (এটা যথাসময়ে নিশ্চিত হতে পারে।)
It might be confirmed on time.

সাধারণ অনুমতি অর্থে (general permission):

For example:
May I come in, sir? (আমি কি ভিতরে আসতে পারি,স্যার।)
I may help you if you want. (তুমি চাইলে আমি তোমাকে সাহায্য করতে পারি।)
He may attend the ceremony. (সে অনুষ্ঠানে উপস্থিত হতে পারে।)

Shall & Will-এর ব্যবহার

Future Indefinite tense এ auxiliary verb হিসেবে এই দুইটি modal verb (shall & will) ব্যবহার হয়।
শুধুমাত্র 1st person (I, we)-এর পর shall বসে। তবে, will বসানো যায় যে কোনো person এর পর।

For example:
I shall help you. (আমি তোমাকে সাহায্য করব।)
We shall attend a meeting. (আমরা বৈঠকে উপস্থিত হব।)
অথবা,

I will help you.
We will attend a meeting.

অজানা কথা:

i. বর্তমানে Written English-এ "will" এর ব্যবহারই বেশি পরিলক্ষিত হয়।
ii. যেকোনো person এরপর "shall/will" এর short form ('ll) বসানো যায়।
For example: I'll, he'll, she'll, we'll, they'll

দৃঢ় সংকল্প/প্রতিজ্ঞা অর্থে (firm determination):

For example:
I will face the challenge. (আমি চ্যালেঞ্জের মুখোমুখি হবো।) =দৃঢ় সংকল্প বোঝাচ্ছে।
He will meet final round next year. (সে আগামী বছর চূড়ান্ত রাউন্ডে উন্নীত হবে।) = দৃঢ় সংকল্প বোঝাচ্ছে।

প্রস্তাবনা/মতামত চাইতে প্রশ্নবোধক বাক্যে (proposal/ opinion in interrogative sentence):

For example:
Shall I associate with you? (আমি কি তোমাকে সহযোগীতা করব?)
Shall we arrange a stage drama? (আমরা কি মঞ্চ নাটকের আয়োজন করতে পারি?)

অজানা কথা:

প্রস্তাবনার ক্ষেত্রে সর্বদাই "shall" দিয়ে প্রশ্ন করতে হয়। যার জন্য tag question এ "let us" থাকলে "shall we" নেওয়া হয়।

Should & Ought to-এর ব্যবহার

"should" এবং "ought to" দুইটি modal verb এর বাংলা অর্থ "উচিৎ"।

"উচিৎ" অর্থে (obligation):

For example:
You should read the lesson attentively. (মনোযোগ সহকারে তোমার পাঠটি পড়া উচিৎ।)
অথবা, You ought to read the lesson attentively.
He should abide by his parents. (তাকে তার পিতা-মাতাকে মেনে চলা উচিত।)
অথবা, He ought to abide by his parents.

চলমান "উচিৎ" অর্থে (obligation in continuous mood):

For example:
He should be reading this book A to Z now. (তার এই বইটি এখন সম্পূর্ণরূপে পড়া উচিৎ।)
You should be enhancing your willing power now. (তোমার এখন ইচ্ছা শক্তিকে বাড়ানো উচিৎ।)
লক্ষণীয়, এই ধরনের sentence এ continuous বা চলমান উচিৎ অর্থ প্রকাশে "now, at this moment" এই ধরনের শব্দ গুলো লক্ষ্য করা যায়।

"যাতে না" অর্থে (otherwise fact):

For example:
Avoid pen mistakes lest you should get less marks.

(লেখায় ভুল বর্জন করো যাতে না তুমি কম নাম্বার পাও।)
Run fast lest you should miss the train. (দ্রুত দৌড়াও যাতে তুমি ট্রেনটি ধরতে ব্যর্থ না হও।)
এই দুইটি বাক্যকে এইভাবেও লিখা যায়:
Avoid pen mistake lest you might get less marks.
Run fast lest you might miss the train.
অর্থাৎ, "lest + subject" এর পর "should/might" এই দুইটি modal verb এর যেকোনো একটি ব্যবহার করা যায়।

অজানা কথা:

i. "should" এর তুলনায় "ought to" এর ব্যবহার sentence এর অর্থকে বেশি জোরালো করে। তবে lest "conjunction" হিসেবে ব্যবহৃত হলে এক্ষেত্রে সর্বদায় should/might বসে।
ii. "should" এর negative form = should not/shouldn't
এবং "ought to" এর negative form = ought not/oughtn't
Negative করার সময় "ought" এর পরে "to" বসে না।

Would-এর ব্যবহার

ভদ্রতা, নম্রতা প্রকাশে "would" এর ব্যবহার বেশি পরিলক্ষিত হয়।

অতি মাত্রায় ভদ্রতা প্রকাশার্থে (much polite expression):

For example:
I would like to say something. (আমি কিছু বলতে চাই।)
I would like to attend your program. (আমি আপনার অনুষ্ঠানে উপস্থিত হতে চাই।)
লক্ষণীয়, উপরের দুইটি বাক্য দ্বারা অতিমাত্রায় ভদ্রতা প্রকাশ পেয়েছে। তবে, "would like to" ব্যবহার না করে তদোস্থলে "want to" ব্যবহার করা যায়। যা দ্বারা ভদ্রতা প্রকাশ পায় না, এইগুলো general expression।

For example:
I want to say something. (আমি কিছু বলতে চাই।)
I want to attend your program. (আমি আপনার অনুষ্ঠানে উপস্থিত হতে চাই।)
লক্ষণীয়, একটু শক্ত এবং কর্কশ করে কিছু বলার ক্ষেত্রে "would like to"এর পরিবর্তে "want to" ব্যবহার হয়।

ভদ্রতার সহিত কোনো কিছু চাওয়া (requesting something with politeness)

For example:
Would you give me the pen, please? (আপনি কি দয়া করে কলমটি দিবেন?)
Would you help me? (আপনি কি আমাকে সাহায্য করবেন?)

অজানা কথা:

i. "Would you mind + verb + ing + ?" এভাবে "would" ব্যবহারের মাধ্যমে ভদ্রতার সহিত কাউকে কোনোকিছুতে আহ্বান করা হয়। যেমন:
Would you mind giving me a cup of tea? (আপনি কি আমাকে এক কাপ চা দিতে আপত্তি করবেন?)
Would you mind shutting the door? (আপনি কি দরজা বন্ধ করতে আপত্তি করবেন?)
ii. "Would" এর সাথে "rather" এবং "than" যুক্ত হয়।

For example:
I would rather die than beg. (মরে যাবো তবু ভিক্ষা করবো না।)
He would rather sleep than read. (সে ঘুমাবে তবুও পড়বে না।)

Must-এর ব্যবহার

অবশ্যই/ নিশ্চিত এমন অর্থে "must" এর ব্যবহার বেশি লক্ষ্য করা যায়। এছাড়া "must" আরও যেসব অর্থ দিয়ে থাকে-

i. দৃঢ় প্রতিজ্ঞা (firmly resolved)

For example:
I must win the game. (আমি অবশ্যই খেলায় জিতবো/ খেলায় আমাকে জিততেই হবে।)
He must fill the vacancy. (তার অবশ্যই শূন্যতা পূরণ করা উচিৎ/ তাকে শূন্যতা পূরণ করতেই হবে।)

ii. নিষেধাজ্ঞা (prohibition)

For example:
He must not involve in unwise activities. (তার অবিবেচনামূলক কাজে জড়িত হওয়া উচিত নয়।)
You mustn't sit indolently. (তোমার অলস হয়ে বসে থাকা উচিৎ হবে না।)

iii. আদেশমূলক উক্তি (ordering speech)

For example:
You must take care of your parents. (তোমার অবশ্যই পিতা-মাতার যত্ন নিতে হবে।)
You must attend the cultural ceremony. (তোমাকে অবশ্যই সাংস্কৃতিক অনুষ্ঠানে উপস্থিত হতে হবে।)

অজানা কথা:
আদেশমূলক বাক্যগুলোতে "must" মূলত "should" এর সমর্থক হিসেবে ব্যবহার হয়। অর্থাৎ, চাইলে "must" ব্যবহার না করে "should" ব্যবহার করা যাবে।

iv. অনুমান বা সম্ভাবনা অর্থে (future assumption / possibility):

For example:
She must read now. (তাকে এখন পড়তে হবে।) = সম্ভবত অর্থে
You must have missed the schedule train. (তুমি অবশ্যই নির্ধারিত ট্রেনটি ছেড়ে দিয়েছো।) =সম্ভবত অর্থে

অজানা কথা:
অনুমান বা সম্ভাবনা অর্থে "আমার ধারণা / আমার বিশ্বাস" এমন বাংলা ব্যবহার করা যায়।

For example:
আমার ধারণা, তুমি নির্ধারিত ট্রেনটি ছেড়ে দিয়েছ। =You must have missed the schedule train.

Have to-এর ব্যবহার

বাধ্যবাধকতা বোঝাতে "have to" ব্যবহার করা হয়। ক্ষেত্র বিশেষ "have to" এর পরিবর্তে "must" ব্যবহার করা যায়।

Note: "have to" বাহ্যিক কোনো বাধ্যতামূলক বাক্যে ব্যবহার হয়। অন্যদিকে "must" অভ্যন্তরীণ বাধ্যতা বোঝাতে ব্যবহার হয়।

For example:
I have to read 8 hours in a day. (আমাকে অবশ্যই দিনে ৮ ঘন্টা পড়তে হয়/ হবে।)
তার মানে, কোনো ব্যক্তির কথায় বা বাহ্যিক কোনো ঘটনার প্রেক্ষিতে আমি ৮ ঘন্টা পড়তে মনস্থির করেছি।
I must take care of my parents. (আমাকে অবশ্যই আমার বাবা-মায়ের যত্ন নিতে হবে।)
তার মানে, আমি নিজের বা অভ্যন্তরীণ মনোবাসনা থেকে মনস্থির করেছি, আমার অবশ্যই পিতা-মাতার যত্ন নিতে হবে।

"Have to"-এর আরো কিছু ব্যবহার:

i. উপদেশ বোঝাতে (Indicating advice):

For example:
You have to complete the lesson before test exam. (তোমাকে অবশ্যই টেস্ট পরীক্ষার পূর্বেই পাঠটি শেষ করতে হবে।)
He has to reach there on time. (তাকে অবশ্যই সেখানে সময়মত পৌঁছাতে হবে।)

ii. না করে কোনো উপায় নেই (No way to skip anything):

For example:
You have to brush your teeth. (তোমাকে অবশ্যই তোমার দাঁত মাজতে হবে।)
He has to learn English grammar to learn English properly. (তাকে অবশ্যই ইংরেজি ব্যাকরণ শিখতে হবে ইংরেজি ভাষা ভালোভাবে শিখতে।)

অজানা কথা:
i. "have to/has to" যা present tense এ ব্যবহার হয় এবং "had to" ব্যবহার হয় past tense-এ।
ii. American English এ "have to" এর ব্যবহার বেশি লক্ষণীয় কিন্তু, British English এ "must" ও "have to" অর্থভেদে দুইটি'ই ব্যবহার হয়ে থাকে।

Used to-এর ব্যবহার

অতীতের কোনো অভ্যাস বোঝাতে modal verb "used to" ব্যবহার করা হয়।
সহজ করে বললে, অতীতে একটি কাজ হতো, কিন্তু এখন তা আর হয় না বা তাকে আর সত্য বলে প্রমাণ করা যায় না, এমন ক্ষেত্রে "used to" ব্যবহার হয়।
একটি বাংলা বাক্য লক্ষ্য কর:
আমি আমাদের গ্রামে ফুটবল খেলতাম এখন আর খেলিনা। কেননা, এখন আমার যথেষ্ট বয়স হয়েছে।
উপরের বাক্যটিতে "ফুটবল খেলতাম" যা অতীতে ঘটেছে। সুতরাং, "used to" ব্যবহার করে translation করতে হবে।

For example:
I used to play football in our village but now I don't play as I am old enough.
Note: "used to" এর পূর্বে be verb/get এই verb গুলোও বসতে পারে। সেক্ষেত্রে দুইটি shortcut মনে রাখা জরুরী:
i. Subject + used to + v1 + extension
ii. Subject + be verb/get + verb + ing+ extension

For example:
I used to take coffee at late night. (আমি গভীর রাতে/নিশীথে কফি খেতাম।)
I am used to reading 8 hours in a day. (আমি একদিনে ৮ ঘন্টা পড়তে অভ্যস্ত।)
অথবা, I get used to reading 8 hours in a day.
The baby was/got used to sleeping 10 hours in a day. (শিশুটি দিনে ১০ ঘন্টা ঘুমাতে অভ্যস্ত হয়েছিল।)

অজানা কথা:

i. "used to" ও "have to" এমন দুইটি modal verb, যা কোনো বাক্যে ব্যবহার হলে negative/interrogative করতে আলাদা করে auxiliary verb নিয়ে আসতে হয়।
   For example:
   Did he use to take bath in the river?
   He did not use to take bath in the river.
   Does he have to attend the program?
ii. Be verb/become এর পর "used to" ব্যবহার হলে তা adjective হিসেবে ব্যবহার হয়। যার বাংলা অর্থ " অভ্যস্ত"।

Need-এর ব্যবহার

"Need" এমন একটি modal verb যা প্রয়োজনবোধে বাক্যে main verb হিসেবেও ব্যবহৃত হয়।
"Need" অর্থ- প্রয়োজন (modal verb হিসেবে)
"Need" অর্থ- প্রয়োজন হওয়া (principal verb হিসেবে)
Note: "Need" কে semi-modal verb বলা হয়। যেহেতু, এই verb টি একই সাথে modal verb এবং main verb হিসেবে ব্যবহার হয়।

For example:
He need help you. (তার তোমাকে সাহায্য করা প্রয়োজন।)
You need not spend much time on this lesson.
(তোমার এই বিষয়টির উপরে বেশি সময় দেওয়ার প্রয়োজন নাই।)
I need not buy any new book. (আমার নতুন কোনো বই কেনার প্রয়োজন নাই।)
Needn't you read more? (তোমার কি আর বেশি পড়ার প্রয়োজন নাই?)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "need" এর পরে আরো একটি করে main verb আছে। সুতরাং, উপরের চারটি বাক্যতেই "need" modal verb হিসেবে ব্যবহার হয়েছে। Sentence এ "need" modal verb কি না, তা ভালোভাবে বোঝার জন্য নিচের shortcut গুলো দেখে নাও:

Shortcut:
i. Subject + need + main verb (v1) + extension
ii. Need + subject + main verb (v1) + extension + ?

Need যখন main verb হয়:
Need যদি main verb হয়, তবে তা transitive verb হিসেবে বাক্যে বসে। অর্থাৎ, need এর পর অবশ্যই একটি object থাকবে।

Shortcut:
i. Subject + need + object (noun/pronoun/v+ing)
ii. Subject + need + infinitive (to+v1) + extension

For example:
I need your company. (আমার তোমার সঙ্গ প্রয়োজন।)
I need to discuss the matter. (আমার বিষয়টি আলোচনা করা প্রয়োজন।)
লক্ষণীয়, উপরের shortcut অনুসারে দুইটি বাক্যতে "need" main verb এর অবস্থানে বসেছে।
উল্লেখ্য, "need" যদি main verb হয়, তবে তার তিনটি form (need-needed-needed) দেখে tense নির্ণয় হয়।

Need-এর বিশেষ ব্যবহার:

প্রয়োজন না থাকা সত্ত্বেও অতীতে কোনো কাজ করা বোঝালে নিচের structure টি অনুসরণ করতে হবে।
Structure: Subject + need not + have + v3 + extension.

For example:
He need not have attended the party last night. (তার গত রাতে অনুষ্ঠানে যাওয়ার প্রয়োজন ছিলনা।)
I need not have met you. (আমার তোমার সাথে সাক্ষাৎ করার প্রয়োজন ছিলনা।)

অজানা কথা:

i. Affirmative sentence এ খুব কম পরিমানেই "need" modal verb হিসেবে ব্যবহৃত হয়। Negative & Interrogative বাক্যেই "need" এর ব্যবহার বেশি প্রাণবন্ত-সুন্দর দেখায়।
ii. Modal verb "need" কে negative form এ ব্যবহার করার ক্ষেত্রে "need not" ব্যবহার করাই উত্তম। তবে, "needn't" এই contracted form টি ব্যবহার করতে হবে একমাত্র tag question এ।

For example:
You need help him, needn't you?

Dare-এর ব্যবহার

কোনো কিছু সাহসের সাথে মোকাবেলা বা মুখোমুখি প্রকাশ অর্থে "Dare" হ্যাঁ বোধক এবং প্রশ্নবোধক বাক্যে ব্যবহার করতে হয়।
Dare একটি বাক্যে যা modal verb এবং Principal verb উভয় হিসেবেই বসে।

Dare যখন modal verb:

Structure:
i. Subject + dare not + main verb (v1) + extension
ii. Dare + subject + main verb (v1) + extension + ?

For example:
He dare not face any new problem. (নতুন কোনো সমস্যার মুখোমুখি হওয়ার সাহস তার নেই।)
I dare not say you anything. (তোমাকে কিছু বলার সাহস পাচ্ছি না।)
Dare he face me? (তার কি আমার সামনে দাঁড়ানোর সাহস আছে?)
Dare he say that to you? (সে কি সেটা তোমাকে বলার সাহস রাখে?)

How dare he do it? (কতো সাহসে সে এটা করে?)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "dare" modal verb হিসেবে হ্যাঁ বোধক এবং প্রশ্নবোধক বাক্যে ব্যবহার হয়েছে। লক্ষ্য করলে দেখা যায়, প্রতিটি বাক্যেই dare ছাড়াও আরো একটি main verb (v1) আছে।

Dare যখন main verb:

"সাহসের সাথে মোকাবেলা" এমন অর্থে "dare" main verb হিসেবেও ব্যবহার হয়।

Structure:

i. Subject + dare + infinitive (to + v1) + extension
ii. Auxiliary verb + subject + dare + infinitive ----- ?

For example:

I dared to complete the impossible task. (আমি অসম্ভব কাজটি শেষ করতে সাহস করেছিলাম।)
They dare to cross the limit. (তারা সীমা অতিক্রম করার সাহস করে।)
How does she dare to do it? (কিভাবে সে এটা করতে সাহস করে?)
Don't you dare to call me again? (তুমি কি আমাকে পুনরায় ডাকার সাহস করো?)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "dare" main verb হিসেবে বসেছে। কেননা, একমাত্র main verb এর পরেই infinitive বা to + v1 বসে, যা উপরের sentence গুলোতে লক্ষণীয়।

Be to-এর ব্যবহার

প্রথমেই জেনে নেওয়া দরকার " be to" এই modal verb এর ভেতরে আর কোন modal verb গুলো আছে।
Be to = am to, is to, are to, was to, were to
বর্তমান (present tense) = am to, is to, are to ব্যবহার করতে হয়।
অতীত (past tense) = was to, were to ব্যবহার করতে হয়।
Note: am to, is to, are to ব্যবহারে present tense মনে হলেও বাংলা অর্থে তা future tense হয়।

"করতে হয়" এমন অর্থে be to:

For example:

I am to help the poor. (আমাকে গরীবদের সাহায্য করতে হয়।)
He is to read more. (তাকে অধিক পড়তে হয়।)

"কথা আছে" ভবিষ্যতে ঘটবে এমন অর্থে "be to":

For example:

He is to arrive by the evening flight. (সন্ধ্যার ফ্লাইটে তার পৌঁছানোর কথা আছে।)
এই বাক্যটিকে future tense-এ এভাবেও লিখা যায়:
He will arrive by the evening flight.
They are to visit the flood affected area tomorrow. (তাদের আগামীকাল বন্যা দুর্গত এলাকা পরিদর্শনের কথা আছে।)
এই বাক্যটিকে future tense এ এভাবেও লিখা যায়:
They will visit the flood affected area tomorrow.
অর্থাৎ, am to, is to, are to তুলে দিয়ে তদস্থলে "shall/will" বসানো যায়।

"কথা ছিল" এমন অর্থে "be to (was to, were to)":

For example:

She was to attend the final round in last episode. (গত দিনের চূড়ান্ত পর্বে তার উপস্থিত হওয়ার কথা ছিল।)
I was to go to theater with you. (আমার তোমার সাথে নাট্যশালায় যাওয়ার কথা ছিল।)

"অবশ্যই/নিশ্চিত ঘটবে" এমন অর্থে "be to":

For example:

A man is to die. (একজন মানুষকে অবশ্যই মরতে হবে।)
এই কথাটিকে এভাবেও বলা যায়: A man must die.
The patient is to take a pain killer injection.
(রুগীটিকে অবশ্যই/নিশ্চিত একটি ব্যাথা নিরাময় ইনজেকশন নিতে হবে।)
এই কথাটিকে এভাবেও বলা যায়: The patient must take a pain killer injection.

অজানা কথা:

"Be to" এই modal verb-এর মধ্যে "was to, were to" এর ব্যবহার খুবই কম।

Be going to-এর ব্যবহার

প্রথমেই জেনে নেওয়া যাক "be going to" এই modal verb এর ভেতরে কোন verb গুলো আছে।
Be going to = am going to, is going to, are going to
Be going to = was going to, were going to

এখনও হয়নি, ভবিষ্যতে হতে চলেছে (planning) এমন অর্থে "be going to":

For example:

I am going to establish a school for orphan children. (আমি এতিম শিশুদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করতে যাচ্ছি।)
Soon they are going to stage a play jointly. (শীঘ্রই তারা যৌথভাবে একটি নাটক মঞ্চস্থ করতে যাচ্ছে।)

"অবশ্যই ঘটবে/অবশ্যই সম্ভব" এমন অর্থে "be going to":

For example:

The team is going to win in the final round. (দলটি চূড়ান্ত পর্বে অবশ্যই জিততে যাচ্ছে।)
I am going to leave the country. (আমি দেশ ছেড়ে চলে যাচ্ছি।)

অজানা কথা:

Spoken English-এ "going to" কে সংক্ষেপে "gonna" বলা হয়।

For example:

I am going to leave the country.=for written English
I am gonna leave the country.=for spoken English

Confusion between Modal Verb & Continuous Tense

He is going to market. = "is going to + adverb" যা present continuous tense

He is going to open a shop. = "is going to + verb" যা present indefinite

লক্ষণীয়, "is going to" এর পর adverb থাকলে বা স্থানমূলক শব্দ থাকলে তা continuous tense কে বোঝায়।

অন্যদিকে, "be going to + v1" এমনটি থাকলে "be going to" modal verb কে বোঝায়।

অজানা কথা:

i. "be going to+v1" থাকলে তাকে future indicating present tense বলা হয়

ii. was going to, were going to এই modal verb গুলোর ব্যবহার খুবই কম। তবে যদি ব্যবহার হয়, তার অর্থটা কেমন হয় তা দেখে নাও:

He was going to establish a hospital. (তিনি একটি হাসপাতাল প্রতিষ্ঠা করতে যাচ্ছিলেন।)

Had better-এর ব্যবহার

"Had better" এর অর্থ অনেকটা "should" এর মতো।

তবে, "should" এর চেয়ে জোরালো অর্থে "had better" বসে। "Had better" এর বাংলা অর্থ "ভালো, উত্তম, শ্রেয়"।

For example:

He had better take a good preparation for final exam. (তার বার্ষিক পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়াই ভালো/উত্তম।)

It is raining. So, you had better protect your phone. (বৃষ্টি হচ্ছে,তাই তোমার ফোনটির সুরক্ষা নেওয়াই শ্রেয়।)

অজানা কথা:

i. "had better" এর negative করতে "had better + not" বসে।

For example:

I had better not contact you. (তোমার সাথে আমার যোগাযোগ না করাই ভালো।)

ii. "had better" এর negative-interrogative করতে "hadn't + subject + better---?" ব্যবহার করতে হয়।

For example:

Hadn't he better leave the place now? (এখনকি তার স্থানটি ত্যাগ করাই শ্রেয় হবে না?)

iii. সর্বদাই "had better" modal verb। ভুল করেও present form এ "have better / has better" ভাবা যাবে না।

iv. Spoken English এ অনেকেই "had better" এর পরিবর্তে "had best" ব্যবহার করে। যা written English-এ ব্যবহার করা informal।

Semi-Modal Verbs

যে modal verb-গুলো বাক্যে modal auxiliary এবং main verb হিসেবে বসে, তাকে semi-modal verb বলে।

এমন দুটি উল্লেখযোগ্য **semi-modal verb:** "need" এবং "dare"

তবে কিছু বৈশিষ্ট্যের কারণে "used to" এবং "ought to"-কে semi-modal/marginal modal verb হিসেবে ধরা হয়।

"Need" as semi-modal verb:

You need not worry.= "need" as modal verb auxiliary (তোমাকে চিন্তা করতে হবে না।)

Does she need any protection?= "need" as main verb (তার কি কোনো সুরক্ষা দরকার?)

"Dare" as semi-modal verb:

How dare you do the same thing over and over again?= "dare" as modal auxiliary (কোন সাহসে তুমি একই কাজ বারবার করো?)

You dare not tell him this. = "dare" as modal verb auxiliary (তুমি তাকে এই কথা বলার সাহস করো না।)

He dares you. = "dare" as main verb (সে তোমাকে চ্যালেঞ্জ করে)

অজানা কথা:

"need এবং dare" সাধারণত negative/interrogative sentence-এই ব্যবহার হয়।

"Used to"as semi-modal verb:

He used to play cricket well. (সে ভালো ক্রিকেট খেলত।)

He did not use to play cricket well. (সে ভালো ক্রিকেট খেলত না।)

Didn't he used to play cricket well? (সে কি ভালো ক্রিকেট খেলত না?)

অজানা কথা:

i. "Used to" negative করতে "did not used to"ব্যবহার করা যায়, তবে তা কোন written English/exam- এ ব্যবহার করা উচিত নয়।

For example:

He did not used to play cricket well.=informal

ii. "used not to" spoken বা conversation-এ ব্যবহার করতে দেখা যায়, তবে এটিও ব্যবহার করা informal।

For example:

He used not to play cricket well.=informal

"Ought to"as semi-modal verb:

She ought to do more exercise. (তার আরও ব্যায়াম করা উচিত।)

She ought not to do more exercise.

or, She oughtn't to do more exercise. (তার বেশি ব্যায়াম করা উচিত নয়।)

Ought she to do more exercise? (তার কি আরও ব্যায়াম করা উচিত?)

অজানা কথা:

"Ought to"এবং "Used to" semi-modal, যেহেতু person ভেদে এদের সাথে tense অনুযায়ী s/es হয়না, তবে main verb এর মত infinitive এর বৈশিষ্ট্য "to" গ্রহণ করে।

সহজ কথায়, কিছু বৈশিষ্ট্য modal verb এবং main verb এর সাথে মিলে যায়।

Practice
MCQ মাধ্যম

1. Modal verb বাক্যে কেন ব্যবহার হয়?
   (a) বাক্যের অর্থ পরিবর্তনে (b) বাক্যের বিশেষ অর্থ দানে
   (c) বাক্যের কর্তা পরিবর্তনে (d) বিশেষ দৃষ্টিভঙ্গি প্রকাশে
2. "Had better" -এর সমার্থক modal verb নিচের কোনটি?
   (a) can (b) might (c) should (d) ought to
3. Fill in the gap: No man can ----- alone.
   (a) lives (b) live (c) lived (d) living
4. বাধ্য-বাধকতা ও নিষেধাজ্ঞা বোঝাতে নিচের কোন "negative" modal verb ব্যবহার হয়?
   (a) need not (b) must not (c) cannot (d) will not
5. It needs cleaning. -এই বাক্যে "need" কোন ধরনের verb?
   (a) principal (b) auxiliary (c) modal (d) linking
6. He ----- to ride bicycle.
   (a) get used (b) was used (c) used (d) uses
7. I am going to open a charity fund. -এই বাক্যে কোনটি modal verb?
   (a) am (b) am going (c) am going to (d) going to
8. "Have to" এই modal verb টি আর কয়টি modal verb এর base form?
   (a) দুইটি (b) তিনটি (c) চারটি (d) একটি
9. "Dare" কি ধরনের verb?
   (a) main verb (b) modal verb (c) semi modal verb (d) all
10. Choose the correct sentence:
    (a) Would you please don't worry? (b) Would you please not worry?
    (c) Please don't to worry? (d) Would you please not to worry?

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) বিশেষ দৃষ্টিভঙ্গি প্রকাশে, একটি sentence এ modal verb বসার মাধ্যমে sentence টি একটি বিশেষ ধরনের অর্থ দিয়ে থাকে। সেইজন্য বলা হয়, বিশেষ দৃষ্টিভঙ্গি প্রকাশে sentence এ modal verb ব্যবহার হয়।
2. সঠিক উত্তর- (c) should, মনে রাখতে হবে "had better" মানে "শ্রেয়/ভালো/উত্তম" আর "should" মানেও "উচিৎ" অর্থে সর্বোত্তম কোনোকিছু।
3. সঠিক উত্তর- (b) live, যে কোনো modal verb (can, could, may, might *etc.*) এর পর verb এর base form হয়। সেইজন্য, "can" এর পর verb এর base form "live" হয়েছে।
4. সঠিক উত্তর- (b) must not, "অবশ্যই না" এমন নিষেধাজ্ঞা প্রকাশে বাক্যে "must not" ব্যবহার করতে হয়।
5. সঠিক উত্তর- (a) principal, উল্লেখিত বাক্যে "need" যেহেতু একটি verb এবং তার সাথে "s" যুক্ত হয়েছে, সুতরাং verb টি main verb হয়েছে।
6. সঠিক উত্তর- (c) used, অতীত অভ্যাস বোঝাতে modal verb (used to + v1) বসে।
7. সঠিক উত্তর- (c) am going to, মূলত "be going to বা am / is / are / was / were + going to" কে modal verb বলে।
8. সঠিক উত্তর- (a) দুইটি, যথা: i. has to ও ii. had to
9. সঠিক উত্তর- (d) all, যে বাক্যে "dare" একটি verb হয়, তা main verb। "dare"-এর পর আরেকটি verb থাকলে তবে "dare" হয় modal verb। আর যদি কোনো modal verb "main verb" হয়, তবে তাকে semi modal verb বলে।
10. সঠিক উত্তর- (b) Would you please not worry?, ভদ্রতা প্রকাশে "would you please + not + v1 -----?" এই structure টি ব্যবহার করতে হয়।

Gerund

Gerund ও Participle মূলত non-finite verb এর প্রকার। প্রসঙ্গক্রমে "gerund"-এর আলোচনায় participle-এর আলোচনা আসবে।

Gerund এবং Participle-এর উৎপত্তি:

v1 (base form) + ing = Gerund, যা কাজ করে parts of speech "noun"-এর মত।
এইজন্য বলা হয়ে থাকে - Gerund is related/similar to "noun"।
v1 (base form) + ing = Participle, যা কাজ করে parts of speech "adjective"-এর মত।

অজানা কথা:

i. Gerund কে verbal noun বলে যেহেতু এই noun টি verb থেকে উৎপত্তি।
ii. Participle কে verbal adjective বলে যেহেতু এই adjective টি verb হতে উৎপত্তি।
iii. Gerund ও Participle উভয়ই verb হতে উৎপত্তি কিন্তু কোনটিই verb না।

মনে রাখা জরুরী:

Gerund ও Participle বিষয়টি simply "Parts of Speech"-এর আলোচনায় স্থান পাবে।

যেমন: Parts of speech-এর আলোচনায় যদি প্রশ্ন করা হয়-

A rolling stone gathers no moss. = এখানে "rolling"- কি?

(ঘূর্ণায়মান পাথরে শ্যাওলা জমে না /স্থির মস্তিষ্ক ছাড়া উন্নতি করা যায় না)

এখানে "rolling"- Adjective [rolling শব্দটি সর্বদায় "ing" যুক্ত Adjective]

কিন্তু যদি বলা হয়:

A rolling stone gathers no moss.= এখানে "rolling"- কি?

যদি প্রশ্ন হয়:

এটা কি gerund না participle, তাহলে সঠিক উত্তর হবে "participle"।

এবার প্রথমে Gerund-নিয়ে বিস্তারিত আলোচনা

একটি বাক্যে gerund কোথায় বসে, তা জানতে গেলে অবশ্যই জানতে হবে একটি বাক্যে noun কোথায় বসে। অর্থাৎ, noun এর position-ই হচ্ছে gerund-এর position।

Gerund/Noun একটি বাক্যে পাঁচটি অবস্থানে বসে

i. **Sentence-এর subject হিসেবে gerund বসে।**

For example:

Walking is called the best exercise. (হাঁটাকে সর্বোত্তম ব্যায়াম বলা হয়।)

Buying cloths is a time-consuming fact. (জামাকাপড় কেনা একটি সময় সাপেক্ষ ব্যাপার।)

Reading is a good habit. (পড়া একটি ভালো অভ্যাস।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে যথাক্রমে "Walking, Buying, Reading" sentence-এর শুরুতে subject এর অবস্থানে বসেছে। সুতরাং, "ing" যুক্ত এই শব্দগুলো gerund।

Shortcut: Verb + ing (gerund) ----+ verb + extenstion.

ii. **Sentence এর object হিসেবে gerund বসে।**

For example:

It has stopped raining. (বৃষ্টি থেমেছে।)

I like swimming. (আমি সাঁতার কাটতে পছন্দ করি।)

She hates gossiping. (সে খোশ গল্পকে ঘৃণা করে।)

Stop writing. (লেখা বন্ধ করো।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে যথাক্রমে "raining, swimming, gossiping, writing" sentence এর শেষে object হিসেবে বসেছে। সুতরাং, "ing" যুক্ত এই শব্দগুলো gerund।

Shortcut:-----+transitive verb+verb+ing (gerund)

ব্যতিক্রম:

Shortcut:-----+intransitive verb+verb+ing (participle)

For example:

Go fishing. (মাছ ধরতে যাও।)

She came here dancing. (সে এখানে নাচতে এসেছিল।)

iii. **Preposition-এর object হিসেবে gerund বসে।**

For example:

The customers grew tired of waiting. (ক্রেতারা অপেক্ষা করায় ক্লান্ত হয়ে গিয়েছিল।)

He is fond of riding bicycle. (সে সাইকেল চালাতে পছন্দ করে।)

There is no credit in earning money illegally. (অবৈধ টাকা উপার্জনের কোনো কৃতিত্ব নাই।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে যথাক্রমে "waiting, riding, earning" sentence -এ preposition এর পরে object হিসেবে বসেছে। সুতরাং, "ing" যুক্ত এই শব্দগুলো gerund।

Shortcut:-----preposition+verb+ing (gerund)

ব্যতিক্রম:

Shortcut:-----intransitive verb + preposition+verb+ing (participle)

For example:

The girl came in dancing. (মেয়েটি নাচতে নাচতে এলো।)

The girl went away crying. (মেয়েটি কাঁদতে কাঁদতে চলে গেল।)

iv. **Complement হিসেবে gerund বসে।**

For example:

Seeing is believing. (যাই দেখা যায় তাই বিশ্বাসযোগ্য/ দেখাই বিশ্বাস।)

His profession is teaching. (তার পেশা শিক্ষকতা।)

My favorite activity is riding bicycle. (আমার প্রিয় কাজ সাইকেল চালানো।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে "believing, teaching, riding" sentence-এ "be verb" এরপর noun complement হিসেবে বসেছে। সুতরাং, "ing" যুক্ত এই শব্দগুলো gerund।

Shortcut:-----be verb+verb+ing (gerund)

v. **Compound noun হিসেবে gerund বসে।**

For example:

A walking stick has been lost. (হাঁটার লাঠিটি হারিয়েছে।)

Taking exercise is a good habit. (ব্যায়াম করা একটি ভালো অভ্যাস।)

Making tea can be your earning source. (চা বানানো তোমার উপার্জনের উৎস হতে পারে।)

A washing machine will ease your pain. (একটি ওয়াশিং মেশিন আপনার কষ্ট লাঘব করবে।)

Shortcut: verb+ing(gerund)+noun= মূলত একটি বিষয়কে ইঙ্গিত করে

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে "Walking, Taking, Making, Washing" যথাক্রমে "stick, exercise, tea, machine" এই noun গুলোর পূর্বে বসে, একসাথে compound noun হয়েছে। সুতরাং, "ing" যুক্ত এই শব্দগুলো gerund।

অজানা কথা:

Compound noun এমন একটি noun, যা দুই বা ততোধিক শব্দ দিয়ে তৈরি হয়। (A compound noun is a noun that is made with two or more words.)

বাংলা অর্থ বুঝে gerund নির্ণয়:

Gerund দ্বারা "স্থির / সার্বজনীন" কোনো কথা বোঝায়। অর্থাৎ, gerund দিয়ে গঠিত কোনো sentence চলমান কোনো কিছু বোঝায় না।

যেমন: Walking is called the best exercise.

অর্থাৎ, হাঁটাকে সর্বোত্তম ব্যায়াম বলা হয়। আমি যখন এই কথাটি বললাম তখন কেউ হাঁটছে না, বা হাঁটার কাজ করছে না।

এটা শুধুমাত্র একটি কথা। "হাঁটাকে সর্বোত্তম ব্যায়াম বলা হয়" এটা স্থির ঘটনাকে ইঙ্গিত করে।

At a glance

Gerund-এর আলোচনা শেষে তুলনামূলক পার্থক্য

i. **Visiting** new places is fun.=gerund as subject
ii. I love **visiting** new places.= gerund as object
iii. I felt a lot of joy by **visiting** new places.= gerund as object of preposition
iv. My passion is **visiting** new places.= gerund as after linking verb
v. A **visiting** card is very much needed for personal identification.= gerund as compound noun

Participle

Participle ভালোভাবে বুঝতে গেলে, একটি বাক্যে adjective-এর অবস্থান সম্বন্ধে ভালো করে জানতে হবে। অর্থাৎ, একটি বাক্যে adjective যেখানে বসতে পারে, ঠিক সেই স্থানে participle বসবে পারে।

Participle তিন প্রকার:

i. Present Participle=v1+ing, যা কাজ করে parts of speech "adjective" এর মতো
ii. Past Participle = v3 বা verb এর past participle
iii. Perfect Participle = Having + v3

**Participle এর আলোচনাটি বিস্তারিত করার লক্ষ্যে, participle এর আলোচনাটি থাকছে এই Lesson এর শেষে। চলো প্রথমেই past participle ও perfect participle এর বিষয়টি উদাহরণের মাধ্যমে clear হই।

❑ Past Participle :

এটি হলো non finite verb-এর প্রকার যা noun এর পূর্বে adjective হিসেবে বসে।

For example:

i. I don't want to get this broken mobile. (আমি এই ভাঙ্গা মোবাইলটি পেতে চাই না।)
ii. The girl dressed in blue color is my cousin. (নীল রঙের কাপড় পরা মেয়েটি আমার চাচাতো বোন।)
iii. The boiled water is safe for drinking. (ফোটানো পানি পান করার জন্য নিরাপদ।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "broken, dressed, boiled" যথাক্রমে noun "mobile, girl ও water" কে modify করেছে past participle "adjective" হিসেবে।

অজানা কথা:

i. Past participle adjective সাধারণত (ed,d, t, en, n) শেষ দ্বারা হয়।
ii. Conjugation of verb-এর ৩ নং form (v3)-কে adjective হিসেবে ব্যবহৃত হতে পারে।
iii. সকল passive voice-এ be verb পরবর্তী verb-এর past participle/v3 "past participle adjective" হিসেবে কাজ করে।

For example:

This food is eaten by them.
This food was eaten by them.
This food will be eaten by them.

❑ Perfect Participle:

Having এরপর verb এর past participle/v3 হলে তা perfect perticiple হয়, যা দ্বারা অতীতে কোনো কাজ সম্পন্ন (completed) হওয়া কে বোঝায়।

Structure: Having+v3+extenstion+comma (,)+past indefinite

For example:

Having gone there, I became astonished. (সেখানে গিয়ে, আমি অবাক হয়েছিলাম)
Having found my old picture, I was happy. (আমার পুরোনো ছবি পাওয়ায়, আমি খুশি হয়েছিলাম)
The child, having found its mother, was very happy. (শিশুটি তার মাকে দেখে খুব খুশি হয়েছিল)

লক্ষণীয়, Having+verb এর past participle হলেই কেবল তা perfect participle। সুতরাং, উপরের দুইটি বাক্যতে "gone ও found" perfect participle হয়েছে।

অজানা কথা:

Perfect participle যেহেতু অতীতে সম্পন্ন হওয়া কাজকে বোঝায়, সেজন্য পরবর্তী sentence সর্বদায় past tense হয়।

❑ Present Participle:

Verb এর সাথে "ing" যুক্ত শব্দ, যা adjective হিসেবে বাক্যে বসে।

বাক্যে Present Participle-এর অবস্থানে

i. **Noun এর পূর্বে modifier (adjective) হিসেবে participle বসে।**

For example:

I saw a walking man. (আমি হেঁটে চলা মানুষকে দেখেছিলাম।)
Nightingale is a singing bird. (পাপিয়া একটি গায়ক পাখি।)
A barking dog seldom bites. (ঘেউ ঘেউ করা কুকুর কম কামড়ায়।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে "walking, singing ও barking" participle হিসেবে ব্যবহৃত হয়েছে। কেননা, শব্দগুলো যথাক্রমে noun "man, bird ও dog" এর পূর্বে modifier/adjective হিসেবে বসেছে।

Shortcut: Article + verb+ing (participle) + noun বসে।

ব্যতিক্রম:

Shortcut: Article + verb+ing (gerund) + noun, [যখন compound noun এটি হয়]

For example: A walking stick , A washing machine

ii. Object (Noun/Noun phrase/pronoun) এর পরে post modifier (adjective) হিসেবে participle বসে।

For example:

I saw the man walking. (আমি মানুষটিকে হাঁটতে দেখেছিলাম।)

We noticed the girl talking. (আমরা মেয়েটিকে কথা বলতে লক্ষ্য করেছিলাম।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "walking ও talking" participle হিসেবে ব্যবহৃত হয়েছে। কেননা, শব্দগুলো যথাক্রমে object "the man ও the girl" এর পরে post-modifier / adjective হিসেবে বসেছে।

Shortcut: Determiner (article) + object + (verb+ing) participle

iii. Intransitive verb এর পর participle বসে।

For example:

The girl entered the room smiling. (মেয়েটি হাঁসতে হাঁসতে রুমে প্রবেশ করলো।)

She went away dancing. (সে নাচতে নাচতে চলে গেল।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "smiling ও dancing" participle হিসেবে ব্যবহৃত হয়েছে। কেননা, শব্দগুলো যথাক্রমে intransitive verb "entered ও went" এর পরে বসেছে।

অজানা কথা:

i. Intransitive verb এরপর "verb+ing" হলে তা participle হয়।

ii. যদি কোনো word এর অর্থ হয় দ্বিরুক্তিমূলক অর্থাৎ, হাসতে হাসতে, নাচতে নাচতে, বলতে বলতে তবে উক্ত শব্দগুলো participle হয়।

iv. noun/noun phrase-এর modifier হিসেবে participle বসে। এই ধরনের participle phrase গুলো অনেক সময় কমার মাঝে থাকে।

For example:

Hearing the noise, the child woke up. (শব্দ শুনে, শিশুটি জেগে উঠেছিল।)

Riding on a horse, he went to a distant place. (ঘোড়ায় চড়ে সে দূরবর্তী স্থানে গিয়েছিল।)

Closing the door, he sat for a long time. (দরজাটি বন্ধ করে সে অনেকক্ষণ বসে ছিল।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে " Hearing, Riding ও Closing " participle হিসেবে ব্যবহৃত হয়েছে যা পরবর্তীতে থাকা noun গুলোকে modify করেছে।

বাংলা অর্থ বুঝে participle নির্ণয়:

Participle সর্বদাই চলমান (continuous)অবস্থাকে ইঙ্গিত করে।

যেমন: I saw the man singing.

অর্থাৎ, আমি মানুষটিকে গান গাইতে দেখেছিলাম। তার মানে, আমি যখন দেখেছিলাম তখন মানুষটির গান গাওয়ার কাজ "চলমান ছিল"।

অজানা কথা:

i. সকল continuous tense-এ হলে "verb+ing" present participle/adjective হয়।

ii. Present participle, past participle, perfect participle-এরপর বাড়তি অংশ সহ তা participle phrase হয়।

For example:

Hearing the noise, the child woke up.

The boiled water is safe for drinking.

Having found my old picture, I was happy.

উল্লেখ্য, underline করা অংশগুলো participle phrase।

দ্বন্দ্ব দূর করে নাও: Present participle *Vs* Past participle

ব্যক্তির গুণাবলী (ইচ্ছা, আকাঙ্ক্ষা, অনুভূতি) প্রকাশে past participle হয় কিন্তু কোন বিষয়বস্তুর গুণাবলী প্রকাশার্থে present participle হয়।

For example:

He is bored. (সে বিরক্ত)=past participle

কিন্তু, The situation is boring.(পরিস্থিতি বিরক্তিকর।)=present participle

He seemed embarrassed.(তাকে বিব্রত মনে হলো।)=past participle

কিন্তু, This is embarrassing situation.(এটা বিব্রতকর পরিস্থিতি।)=present participle

Gerund ও Participle-এর তুলনামূলক বিশ্লেষণ

Gerund	Participle
i. v1 + ing	v1 + ing
ii. এটি একটি noun	এটি একটি adjective
iii. এটি দ্বারা "স্থির" অবস্থা প্রকাশ করে	এটি দ্বারা "চলমান" অবস্থা প্রকাশ করে
iv. এটিকে verbal noun বলে	এটিকে verbal adjective বলে
v. gerund + modifier = gerund phrase	participle + modifier = participle phrase

Practice
MCQ মাধ্যম

1. নিচের কোনটি gerund এবং participle এর গঠন?
   (a) to + v1 (b) having + v3 (c) v1 + ing (d) preposition + ing
2. A gerund does the work of -----.
   (a) a verb and a noun (b) a verb and an adjective
   (c) a verb and an adverb (d) a verb and a conjunction
3. Participle কে বলা হয়-
   (a) noun phrase (b) verbal noun
   (c) verbal adjective (d) adverbial phrase
4. The customer grew tired of waiting. Underline করা শব্দটি-
   (a) gerund (b) participle (c) verb (d) present participle
5. I saw the man sleeping on the floor. Underline করা শব্দটি-
   (a) verb (b) adjective (c) gerund (d) participle

6. She went away dancing. Underline করা শব্দটি-
   (a) adjective (b) noun (c) infinitive (d) present participle
7. The film is really -----.
   (a) bore (b) boring (c) bored (d) very bored
8. The reading of history is interesting. Underline করা শব্দটি-
   (a) noun (b) adjective (c) adverb (d) both a & b
9. Hearing the noise, the boy woke up. The underlined word is-
   (a) noun (b) gerund (c) verb (d) participle
10. Choose the correct sentence.
   (a) I saw him go to the market. (b) I saw him to go to market.
   (c) I saw him to be gone the market. (d) I saw him going to the market.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) v1 + ing, যে কোনো verb এর base form (v1) + ing হলে তা gerund/participle গঠিত হয়।
2. সঠিক উত্তর- (a) a verb and a noun, gerund একটি বাক্যে noun এর অবস্থানে বসে। আর gerund মূলত verb হতে উৎপত্তি noun। এইজন্য এটিকে verbal noun ও বলা হয়।
3. সঠিক উত্তর- (c) verbal adjective, যেহেতু "participle" verb হতে উৎপন্ন adjective সেইজন্য এটিকে verbal adjective বলা হয়।
4. সঠিক উত্তর- (a) gerund, preposition "of" এর পর verb + ing হওয়ায় "waiting" শব্দটি gerund বা noun হয়েছে।
5. সঠিক উত্তর- (d) participle, একই sentence এ দুইটি verb হলে, শেষের verb টি সাধারণত একটি noun সম্বন্ধে বাড়তি তথ্য দেয়। তখন শেষের verb এর সাথে ing করে participle করতে হয়। এখানে noun "man" সম্বন্ধে "sleeping" একটি বাড়তি তথ্য।
6. সঠিক উত্তর- (d) present participle, কোনো sentence এর শেষে intransitive verb (go, come, enter, laugh *etc.*) এর শেষে "ing" যুক্ত verb থাকলে তা মূলত present participle হয়ে যায়।
7. সঠিক উত্তর- (b) boring, be verb "is" এর পর present participle হিসেবে "boring" বসেছে।
8. সঠিক উত্তর- (a) noun, অন্য কথায় শব্দটি gerund। আর gerund সর্বদাই noun হিসেবে কাজ করে। একটি ছোট structure মনে রেখো: Article + noun + of -----.
9. সঠিক উত্তর- (d) participle, উক্ত বাক্যে "hearing" কমা (,) এর ভেতরে বসায় participle হয়েছে। অন্যকথায়, noun "the noise" সম্পর্কে স্বচ্ছ ধারণা দিচ্ছে "hearing" এই শব্দটি।
10. সঠিক উত্তর- (d) I saw him going to the market, কারণ, একই sentence এ সাধারণত দুইটি verb থাকলে দ্বিতীয় verb এর সাথে "ing" যোগ করে তাকে participle করতে হয়।

Tag Question

বক্তার কথাকে আরও বেশি স্পষ্ট করতে ও স্বীকৃতি পেতে মূলত Tag question ব্যবহার হয়।

What is Tag?

Tag শব্দের অর্থ লাগানো/জুড়ে দেওয়া। কোনো বাক্যের শেষে বক্তার বক্তব্যের সমর্থন পেতে আমরা অনেক সময় বলে থাকি " তাই কি/ তাই নয় কি/ সেকি/ সেকি নয় " ইত্যাদি expression বা ভাব কে tag question বলে।

অজানা কথা:

i. Tag question-এর অপর নাম Tail Question/Mini Question
ii. American format-এ বলা হয় Tag Question
iii. British format-এ বলা হয় Question Tag

Tag question শুরু করার পূর্বে প্রাথমিক কিছু তথ্য:

i. প্রথম অংশকে বলে Statement ।
ii. এবং দ্বিতীয় অংশকে বলে Tag/ Mini Question।
iii. প্রথম অংশ (statement) affirmative হলে tag হবে negative, আর প্রথম অংশ negative হলে tag হবে affirmative।

For example:

Statement	Tag
i. He works in this office	, doesn't he?
ii. He does not work in this office	, does he?

লক্ষণীয়: উপরের ১ নং statement বা বাক্যটি affirmative হওয়ায়, tag হয়েছে negative "doesn't he?" এবং ২ নং statement বা বাক্যটি negative হওয়ায়, tag হয়েছে affirmative "does he?"

তাহলে, Tag question-এর structure:



More examples:

i. She is reading a novel, isn't she? =Negative Tag
ii. She is not reading the novel, is she? =Affirmative Tag
iii. He has completed the task, hasn't he? =Negative Tag
iv. He has not completed the task, has he? =Affirmative Tag
v. I could solve the sum, couldn't I? =Negative Tag
vi. I could not solve the sum, could I? =Affirmative Tag

Tag question করার ক্ষেত্রে ৩টি গুরুত্বপূর্ণ বিষয় মনে রাখতে হবে:

i. Tense অনুযায়ী auxiliary verb = do/does/did *etc.*
ii. Contracted (সংক্ষিপ্ত) negative form = n't
iii. এবং Tag-এ subject এর pronoun form বসে = he/she/they/it/one *etc.*

Tag Question-এ ব্যবহৃত Contracted Forms

Subject ও Tense অনুযায়ী Auxiliary Verbs	Contracted Negative Form (সংক্ষিপ্ত negative form)
I am	I'm / aren't I / ain't
We are	We're / aren't we
You are	You're / aren't you
He is	He's / isn't he
She is	She's / isn't she
It is	It's / isn't it
They are	They're / aren't they
I had/would/could/should	I'd / hadn't I / wouldn't I
She has/had/would/could/should	She's She'd / hadn't she / wouldn't
He had/would/could/should	He'd/hadn't he/wouldn't he
There had	There'd/hadn't there
I will	I'll/won't I
We will	We'll/won't we
You will	You'll/won't you
He will	He'll/won't he
She will	She'll/won't she
It will	It'll/won't it
They will	They'll/won't they
There will	There'll/won't there
You had/would	You'd/hadn't you/wouldn't you
We had/would	We'd/hadn't we/wouldn't we
It had/would	It'd/hadn't it/wouldn't it
They have/had/would	They've/They'd/hadn't they/ wouldn't they

Tag Question-এর Rules

Rule-01:

Statement বা বাক্য affirmative হলে tag হবে negative, এবং statement টি negative হলে tag হবে affirmative।

For example:

i. He will sing a song, won't he?

ii. She has not completed the task, has she?

লক্ষণীয়, প্রথম বাক্যটি "He will sing a song" affirmative হওয়ায়, tag হয়েছে negative (won't he)। কিন্তু, দ্বিতীয় বাক্যটি "She has not completed the task" negative হওয়ায়, tag হয়েছে affirmative (has he)।

Note:

i. Tag question-এ Noun এর pronoun form হয়, আর pronoun থাকলে pronoun-ই হয়।
ii. Tag question-এ সর্বদাই pronoun অনুযায়ী auxiliary verb হবে।
অর্থাৎ, Rita=she, Nerob=he কিন্তু He=he, She=she, They=they *etc.*
iii. কোন বাক্যতে auxiliary verb যদি main verb হয়, তবে সেটাই tag question-এ auxiliary verb হিসেবে বসে।
অর্থাৎ,
He has a pen, hasn't he? **(British rule)**
He has a pen, doesn't he? **(American rule)**
He was busy,wasn't he?

Rule-02:

I am দ্বারা affirmative বাক্য গঠিত হলে তার tag হবে aren't I/ain't I।

For example:

i. I am happy, aren't I? / ain't I?
ii. I am busy now, aren't I? / ain't I?

অজানা কথা:

i. "ain't" is used in American English.
ii. "aren't" is used in British English.
iii. am not, is not, are not, has not, have not-এর contracted form "ain't" হয়।

Rule-03:

Imperative sentence অর্থাৎ, verb দ্বারা বাক্য শুরু হলে তার tag হবে will you/can you/won't you।

For example:

i. Take a seat, won't you?= *polite invitation*
ii. Read the book properly, will you?= *order*
iii. Come here on time, will you?= *order*

অজানা কথা:

i. invitation/request বোঝালে =wont't you
ii. order বোঝালে =will you

Rule-04:

Verb এর পরে object এ you থাকলে তার tag হবে don't I / don't we।

For example:

i. Wish you happy mood, don't I? / don't we?
ii. Thank you, don't I? / don't we?

অজানা কথা:

i. "Verb + you" হলে বাক্যটি assertive sentence হয়ে যায়, যার subject হয় 1st person "I/we" এই জন্য tag হয় "don't I/we"।
ii. "Verb + you" ব্যতীত অন্য কোনো object হলে, tag হয় "will you / won't you" এক্ষেত্রে Rule-03 প্রযোজ্য।

Rule-05:

Do not / Never দ্বারা imperative sentence হলে তার tag হবে will you।

For example:

i. Do not hate the poor, will you?
ii. Never tell a lie, will you?

Rule-06:

Please / Kindly দ্বারা imperative sentence হলে tag হয় can you / will you।

For example:

i. Please extend your helping hand, can you? / will you?
ii. Kindly stay with us, can you? / will you?

Rule-07:

Let us / Let's দ্বারা imperative sentence হলে, tag হয় shall we।

For example:

i. Let us go to study tour, shall we?
ii. Let us spend a good time, shall we?

অজানা কথা:

Let us দ্বারা ভবিষ্যৎ প্রস্তাবনা বোঝায় সেই জন্য future tense এর auxiliary verb "shall" ব্যবহার করা হয়। আর us এর subjective form "we" নিয়ে আসা হয়। এভাবেই tag-এ shall we হয়।

Rule-08:

Let us না থেকে যদি Let me, Let him, Let her, Let them, Let Rahim etc. দিয়ে কোনো imperative sentence হলে তার tag হবে will you / won't you যা Rule-03 এর মত।

For example:

i. Let me go there, will you? / won't you?
ii. Let him sit beside me, will you? / won't you?

Rule-09:

Here, there, Allah, one, it *etc.* subject দ্বারা sentence শুরু হলে tag এ উক্ত শব্দ সমূহ subject হয়।

For example:

i. Here is a phone number, isn't here?
ii. There is a problem between you and him, isn't there?
iii. One should follow one's financial condition, shouldn't one?

Rule-10:

Tag Question-এ "These, Those" এর pronoun "they" হয় এবং "This, That"-এর pronoun "it" হয়।

For example:

i. These are colorful picture, aren't they?
ii. These pictures are colorful, aren't they?
iii. This is my house, isn't it?
iv. That will be finished on time, won't it?

Rule-11:

কোনো বাক্যে subject হিসেবে everybody, somebody, nobody, everyone, none, no one *etc.* থাকলে pronoun হিসেবে tag-এ they বসে।

For example:

i. Everybody wants to be happy, don't they?
ii. Nobody was allowed, were they?
iii. None can trust a liar, can they?

লক্ষণীয়, উক্ত শব্দগুলো থাকলে যেহেতু pronoun হয় they, সেই জন্য pronoun "they" অনুযায়ী auxiliary verb বসাতে হবে। এই জন্য "doesn't they/was they" না হয়ে "don't they/were they" হয়েছে।

দ্বন্দ্ব দূর করে নাও:

Incorrect: Nobody was there, was they?
Correct: Nobody was there,were they?

Incorrect: Everybody wants to be happy, doesn't they?
Correct: Everybody wants to be happy, don't they?

Rule-12:

Sentence এ nobody, none, no one, nothing, never, hardly, scarcely, seldom, few, little *etc.* এই word গুলো থাকলে, sentence টি negative অর্থ দেয় তাই tag করতে হবে affirmative।

For example:

i. Few persons are suitable for the posts, are they?
ii. He has little hope, has he?
iii. Nobody believes you, do they?
iv. A barking dog seldom bites, does it?

অজানা কথা:

A few / a little কোনো বাক্যে থাকলে সেই বাক্যটি হয়ে যাবে affirmative। তাই tag হবে negative।

For example:

A few persons are suitable for the posts, aren't they?
He has a little hope, hasn't he?

Rule-13:

Nothing / anything / something / everything থাকলে tag-এ pronoun হিসেবে it হবে।

For example:

i. Nothing can be possible without great effort, can it?
ii. Anything is accepted, isn't it?
iii. Everything had gone, hadn't it?

Rule-14:

Modal verb-দিয়ে গঠিত sentence এর ক্ষেত্রে, tag করতে উক্ত modal verb-ই বসে।

For example:

i. She could solve the sum, couldn't she?
ii. He has to go there in time, hasn't he?
iii. They ought to read more, oughtn't they?
iv. You need help me now, needn't you?

দ্বন্দ্ব দূর করে নাও:

মনে রেখো, need এর পর আরেকটি verb থাকলে "need" modal verb।

কিন্তু, need এর পরে to + v1 হলে অথবা need এর পরে আর কোনো verb না থাকলে need হবে main verb।

Shortcut গুলো দেখে নাও:

i. Sub+need+ext="do/does" নিতে হবে Present Indefinite হিসেবে।
ii. Sub+need+to+v1= "do/does" নিতে হবে Present Indefinite হিসেবে।
iii. Sub+need+v1+ext="need" নিতে হবে Modal Verb হিসেবে।

For example:

i. He needs a real document, doesn't he?
ii. He needs to say something, doesn't he?
iii. He need fillup the blank, needn't he?

Rule-15:

Used to যদিও একটি modal verb কিন্তু tag question এ used to তুলে দিয়ে did ব্যবহার করতে হয়।

For example:

i. They used to talk more than need, didn't they?
ii. He used to swim in the river daily, didn't he?

Rule-16:

Subject-verb বিহীন "Exclamatory sentence"-এর tag করতে isn't it বসাতে হয়। তবে, exclamatory sentence টিতে subject এবং verb উল্লেখ থাকলে উক্ত subject এবং verb অনুযায়ী tag হবে।

For example:

i. How odd, isn't it?
ii. How funny, isn't it?
iii. What a fantastic idea it was, wasn't it?

অজানা কথা:

যদিও নিয়ম অনুযায়ী Assertive এবং Interrogative sentence-এর Tag Question হওয়ার কথা, তবে কিছু ক্ষেত্রে Informal English-এ Exclamatory sentence-এর Tag হয়ে থাকে।

Rule-17:

কোনো clause, phrase, infinitive phrase, gerund (v+ing) *etc.* যদি বাক্যের subject হয়, তবে tag এ pronoun হিসেবে it বসে।

For example:

i. What you said yesterday was completely fake (মিথ্যা), wasn't it?
ii. Swimming in the river is called the best exercise, isn't it?
iii. To speak with the foreigners helps you to know them, doesn't it?

অজানা কথা:

i. To + v1 + ext. হলে তা infinitive phrase
ii. Verb + ing হলে তা gerund/ verbal noun
iii. Clause মানে যার ভিতরে একটি subject ও একটি finite verb থাকবে।
iv. Phrase হচ্ছে অনেকটা clause এর মতই। তবে phrase এর ভেতরে subject-verb থাকে না।

Rule-18:

Adjective এর পূর্বে the বসলে, তা plural common noun হয়। তাই tag-এ pronoun হিসেবে they বসে।

For example:

i. The brave are always respectable, aren't they?
ii. The rich are not always happy, are they?

লক্ষণীয়, উপরের বাক্যতে "brave এবং rich" শব্দ দুইটি adjective হলেও শব্দ দুটি common noun,যার অর্থ-সাহসীরা এবং ধনীরা।

অজানা কথা:

যদি বলা হতো the brave man, the rich man তাহলে শব্দ দুটি singular common noun হতো, তখন pronoun হিসেবে "he" বসতো।

Rule-19:

Common noun (masculine gender) বাক্যের subject হলে tag এ pronoun "he" বসে।

For example:

i. A student can be permitted, can't he?
ii. A teacher is the light of a society, isn't he?

ব্যতিক্রম:

Man is mortal, aren't they?

উল্লেখিত বাক্যতে "Man" সমগ্র মানবজাতিকে বুঝিয়েছে, সেই জন্য pronoun হিসেবে, "they"নেয়া হয়েছে।

আসলে বাক্যটিকে ঘুরিয়ে যে ভাবে লেখা যায়: Humans are all mortal.

সুতরাং, "Man" represents whole mankind "Humans"

Rule-20:

কোনো sentence এ subject হিসেবে none of, many of, some of, most of, any of থাকে, তবে tag question এ subject হিসেবে ব্যক্তি বোঝালে "they" বিষয়বস্তু বোঝালে "it" বসে।

For example:

i. None of the problems can be solved, can it?
ii. Most of the people knew it before, didn't they?

অজানা কথা:

উপরে উল্লেখিত phraseসমূহের পর noun টি সর্বদাই plural হয়।

For example:

None of the problems, some of the problems, most of the students *etc.*

Rule-21:

Complex sentence কে tag করার সময় সর্বদাই main clause এর দিকে লক্ষ্য রেখে tag করতে হয়।

For example:

i. If you say, I will go, won't I?
ii. What you say is not true, is it?
iii. I can help you as you desire, can't I?

লক্ষণীয়, প্রথম বাক্যে "I will go" main clause। দ্বিতীয় বাক্যে মূলত "It is not true" এইটা main clause এবং তৃতীয় বাক্যে "I can help you" এইটা main clause।

[Clause অধ্যায় থেকে clause সম্বন্ধে জেনে নাও]

অজানা কথা:

Complex sentence-এ "know, believe, think"-এই তিনটি verb থাকলে, দুইটি clause অনুযায়ী tag question করা যায়।

For example:

I know that you are a good officer, don't I? অথবা aren't you?

Rule-22:

কিছু noun যেগুলো মূলত Masculine gender এবং Feminine gender, এগুলোর ক্ষেত্রে Tag-এ pronoun "He" এবং "She" বসে।

Masculine gender:

Sun, Death, Time, Love, Summer (গ্রীষ্মকাল), Winter, Anger, Thunder (বজ্র), Revenge (প্রতিশোধ), Fear (ভয়), Day, Wind,War, Grave (সমাধি) etc.= **He**

Feminine gender:

Modesty (নম্রতা), Earth, Moon, Truth, Religion, Mercy, Nature, Sky, Night, Hope, Peace (শান্তি), Liberty (স্বাধীনতা), Virtue (গুণ), Autumn (শরৎকাল), Spring (বসন্ত), Justice, Charity (দানশীলতা), দেশের নাম, জাহাজের নাম, কোন যানবাহনের নাম etc.= **She**

For example:

i. Death knows no time, does he?
ii. Bangladesh is my birthland, isn't she?
iii. Love has spiritual power, hasn't he?
iv. Nature does not betray one, does she?

Practice:Level-01
আলোচনার আলোকে

Make tag questions of these statements.

a) One lie begets hundred lies, ---?
b) Man hardly believes a liar, ---?
c) Let's buy a nice gift for you, ---?
d) Let them do the work, ---?
e) I need a pen, ---?
f) I am very late, ---?
g) Nobody knows when death comes, ---?
h) I am not doing the same work, ---?
i) How disgusting! ---?
j) I'd help you if you came here, ---?
k) He's done the work, ---?
l) You and I are best friends, ---?
m) A boy like you should not do this, ---?
n) The father rose in him, ---?
o) The USA is a rich country, ---?
p) The girl in her pleased us all, ---?
q) I have few friends, ---?
r) The water of the well wasn't dirty, ---?
s) All of us ought to refrain from telling lies, ---?
t) Work hard to succeed, ---?
u) The little boy cried, ---?
v) Please avoid gossiping, ---?
w) That is true, ---?
x) Man is mortal, ---?
y) If you come, I will go, ---?

Practice:Level-02
জানার প্রয়োগ

1. Make tag questions of these statements.
(a) The moon shines at night, ---?
(b) I am very fond of moonlight, ---?
(c) Let me write a few lines about moonlit night, ---?
(d) People worshipped the moon as their god in the past, ---?
(e) How beautiful the moon is, ---?

2. Make tag questions of these statements.
(a) Something is burning, ---?
(b) Rakib as well as his friends was present, ---?
(c) He did it, ---?
(d) I know nothing about him, ---?
(e) Let's arrange a drama, ---?

3. Make tag questions of these statements.
(a) John bought a nice shirt, ---?
(b) Give me a glass of water, ---?
(c) Let's do something for the boy, ---?
(d) Nobody helped me, ---?
(e) There is little we can do for him, ---?

4. Make tag questions of these statements.
(a) Everybody hankers after money, ---?
(b) Wait here a moment, ---?
(c) Nothing remains certain, ---?
(d) Birds fly very fast, ---?
(e) The evil always suffer, ---?

5. Make tag questions of these statements.
(a) She used to pick a quarrel with you, ---?
(b) Don't discourage her, ---?
(c) You need not have spent much money, ---?
(d) She hardly visits her friends, ---?
(e) We ought to be punctual, ---?

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

1. Make tag questions of these statements.
(a) No one knows his address, ---?
(b) Do not go there, ---?
(c) Honesty brings honour, ---?
(d) Let us go to the museum, ---?
(e) Our love for our country is forever, ---?

2. Make tag questions of these statements.
(a) I have traveled a long, ---?
(b) Please give me a glass of water, ---?
(c) Let's do something for the down-trodden people, ---?
(d) Nobody took the proper initiative, ---?
(e) There is our great effort to do something, ---?

3. Make tag questions of these statements.
(a) Nicotine causes the heart to beat faster, ---?
(b) I am not really starving, ---?
(c) Nothing remains certain, ---?
(d) The brave deserve the fair, ---?
(e) She does not need to support him, ---?

4. Make tag questions of these statements.
(a) Neither of them went there, ---?
(b) That's the last point, ---?
(c) Games and sports are the integral part of education, ---?
(d) Undoubtedly forest is very important, ---?
(e) A barking dog seldom bites, ---?

5. Make tag questions of these statements.
(a) Everybody should go there, ---?
(b) Please do the work, ---?
(c) None of us can do this, ---?
(d) Let's go to Dhaka, ---?
(e) He will come today, ---?

6. Make tag questions of these statements.
(a) Everybody hates a liar, ---?
(b) Nobody believes him, ---?
(c) He is dishonoured everywhere, ---?

(d) He has to drag a miserable life, ---?
(e) So, we should always avoid telling lies, ---?

7. Make tag questions of these statements.
(a) I am ready for the next exercise, ---?
(b) He shouldn't drive so fast, ---?
(c) John, Roni, and Sujon are busy right now, ---?
(d) You speak English, ---?
(e) You don't like me, ---?

8. Make tag questions of these statements.
(a) Let us play football, ---?
(b) No salt is allowed ---?
(c) What a pity!, ---?
(d) Neither of them complained, ---?
(e) Give me a hand, ---?

9. Make tag questions of these statements.
(a) Let us start our journey, ---?
(b) They may play in the evening, ---?
(c) Nobody should laugh at the lame, ---?
(d) There is nothing for her to eat, ---?
(e) She had better stay at home and study, ---?

10. Make tag questions of these statements.
(a) I am a rickshaw puller, ---?
(b) Sometimes passengers shorten my title, ---?
(c) But I don't feel insulted, ---?
(d) I must earn my bread even in the face of some humiliation, ---?
(e) I may suffer poverty but no unhappiness, ---?

11. Make tag questions of these statements.
(a) Telling lies is a great sin, ---?
(b) One lie begets hundred lies, ---?
(c) A student's thinking should be study-centric, ---?
(d) We all must remember that the country is above everything, ---?
(e) Unfortunately, many of us waste our time, ---?

12. Make tag questions of these statements.
(a) I need a pen, ---?
(b) I must write a letter to my friend, ---?
(c) How nice the flowers are, ---?

(d) Have a cup of tea, ---?
(e) The unfed ought to be fed, ---?

13. Make tag questions of these statements.
(a) Their sacrifice has given us freedom, ---?
(b) Some went to the field and some came here, ---?
(c) Never believe what others say, ---?
(d) You is a pronoun, ---?
(e) A man like you should not do this, ---?

14. Make tag questions of these statements.
(a) Who doesn't fear death, ---?
(b) Writing many letters makes him happy, ---?
(c) I'd help you if you came here, ---?
(d) Few people know Latin, ---?
(e) The mother in her rose, ---?

15. Make tag questions of these statements.
(a) Each of the students should be studious, ---?
(b) He's created us all, ---?
(c) What a lot!, ---?
(d) The jury gave the same opinion, ---?
(e) The chairman and secretary came to the party, ---?

Practice
MCQ মাধ্যম

1. Tag question এর অপর নাম কি?
   (a) Easy question (b) Lucid question
   (c) Tail question (d) Interrogative question
2. British Grammar Concept অনুযায়ী কোনটি সঠিক?
   (a) Tag question (b) Question tag
   (c) Tagging question (d) Question of tag
3. Stay connected, -----?
   (a) do I (b) don't I (c) will I (d) won't you
4. Ratul's academic career had been destroyed, -----?
   (a) didn't he (b) hadn't he (c) hadn't it (d) didn't it
5. One should follow one's economic condition, -----?
   (a) should this (b) should one (c) should we (d) shouldn't one
6. Let's have a fun, -----?
   (a) can we (b) will you (c) shall we (d) aren't I

7. None is happy, -----?
   (a) isn't they (b) aren't they (c) are they (d) is they
8. The location of chairman's house is in front of my house, -----?
   (a) isn't it (b) is it (c) isn't he (d) is he
9. Tag question এর শুরু/ প্রথম বাক্যকে কি বলে?
   (a) Clause (b) Statement
   (c) Assertive sentence (d) Declarative sentence
10. The mother in her arose to see the baby, -----?
   (a) did she (b) didn't she (c) did it (d) didn't it

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) Tail question, "tag" মূলত ছোট প্রশ্ন যা "tail-লেজ" হিসেবে একটি বাক্যের শেষে বসে।
2. সঠিক উত্তর- (b) Question tag, American Grammar Concept অনুযায়ী "Tag question"।
3. সঠিক উত্তর- (d) won't you, Imperative sentence এ tag question হিসেবে "will you/won't you" নেওয়া হয়।
4. সঠিক উত্তর- (c) hadn't it, মনে রাখতে হবে apostrophe ('s) যুক্ত subject হলে, apostrophe ('s) এর পরের noun/noun phrase অনুযায়ী tag question এ pronoun বসবে।
5. সঠিক উত্তর- (d) shouldn't one, "one, here, there, God, Allah *etc.*" বাক্যের subject হলে tag question এ pronoun হিসেবে উল্লেখিত শব্দগুলোই বসে।
6. সঠিক উত্তর- (c) shall we, "let + us / let's" দ্বারা imperative sentence এ প্রস্তাব বোঝানোর সর্বদাই future অর্থে "shall we" বসে।
7. সঠিক উত্তর- (c) are they, "nobody, none, no one, everybody, everyone *etc.*" subject হলে pronoun হিসেবে "they" এবং pronoun "they" অনুযায়ী auxiliary verb (are, were, do, have *etc.*) বসে।
8. সঠিক উত্তর- (a) isn't it, apostrophe ('s) যুক্ত subject হলে apostrophe ('s) এর পরের noun/noun phrase অনুযায়ী tag question এ pronoun বসবে। উক্ত বাক্যে apostrophe ('s) এর পর "house" হলো headword। সেইজন্য pronoun হিসেবে "it" হয়েছে।
9. সঠিক উত্তর- (b) Statement, Tag question এর দুইটি অংশ, প্রথম অংশকে বলে statement এবং দ্বিতীয় অংশকে বলে tag question।
10. সঠিক উত্তর- (d) didn't it, কারণ "The mother in her" abstract noun হয়েছে, যার বাংলা অর্থ "মাতৃত্ব"। আর abstract কোনো বিষয় subject হলে pronoun হিসেবে "it" নিতে হয়।

Transformation of Sentences

Changing Sentences

"Transformation of Sentence" বলতে মূলত sentence এর এমন পরিবর্তনকে বোঝায় যেখানে Grammar এর structure বা গঠনে পরিবর্তন করলেও অর্থের কোনো পরিবর্তন ঘটে না।

আরো সহজ করে বললে-

'Transformation of Sentence'মানে বাক্যের অন্তর্নিহিত অর্থ পরিবর্তন না করে, বাক্যের word বা structure পরিবর্তন।

"Transformation of Sentences"-এর এ পর্যায়ে অর্থ অনুযায়ী ৫ প্রকার sentence অর্থাৎ Assertive, Interrogative, Imperative, Optative & Exclamatory এর পরিবর্তন দেখবো:

Assertive Sentence-এর দুইটি রূপ:

i. Affirmative ii. Negative

☑ Affirmative to Negative

(হ্যাঁ বোধক বাক্যকে না বোধক)

Rule-01:

Only / alone থাকলে none but বসে "ব্যক্তি/সৃষ্টিকর্তার" ক্ষেত্রে।
Only থাকলে not more than/ not less than বসে "বয়স বা সংখ্যার" ক্ষেত্রে।
Only থাকলে nothing but "বিষয়বস্তুর" ক্ষেত্রে।

Aff : Only he can solve the sum. (একমাত্র সে-ই অঙ্কটি সমাধান করতে পারে)
Neg : None but he can solve the sum. (সে ছাড়া অন্য কেউ-ই অঙ্কটি সমাধান করতে পারে না)
লক্ষণীয়, "Only" এর Negative form "None but"। কিন্তু, লক্ষ্য করলে দেখা যায় দুইটা বাক্যের অর্থ একই। এটাই Transformation of sentence এর মূল কথা। Structurally negative format হলেও বাক্যটি কিন্তু ঘুরে আগের অর্থেই দাঁড়াবে।
Aff : Allah alone is everywhere. (একমাত্র আল্লাহ সর্বত্র।)
Neg : None but Allah is everywhere. (সর্বত্র আল্লাহ ছাড়া কেউ নেই।)
Aff : The chairman alone will decide. (চেয়ারম্যান একাই সিদ্ধান্ত নেবেন।)
Neg : None but the chairman will decide. (চেয়ারম্যান ছাড়া আর কেউ সিদ্ধান্ত নেবেন না।)
Aff : Rita is only ten years old. (রিতার বয়স মাত্র দশ বছর।)
Neg : Rita is not more than ten years old. (রিতার বয়স দশ বছরের বেশি নয়।)
Aff : I need only a car. (আমার শুধু একটি গাড়ি প্রয়োজন।)
Neg : I need nothing but a car. (গাড়ি ছাড়া আমার কিছুর প্রয়োজন নেই।)

অজানা কথা:

i. Alone "adjective" এবং "adverb" উভয়ই হতে পারে, তবে subject এরপর "alone" বসলে তা adverb হয়।

ii. Without/except এর সমর্থক শব্দ হিসেবে nothing but / none but/ excluding ব্যবহার করা হয়।

Note: তার মানে এই নয় যে, nothing but এর স্থানে without বা except ব্যবহার করা যাবে। Grammar একটি constitution বা সংবিধানের/নিয়মতন্ত্রের ন্যায়! Grammar এর আলোচনাটি সর্বদাই "to the point" অর্থাৎ যেমনটি হওয়ার কথা তেমনটি হওয়া চায়।

Rule-02:

Must / have to থাকলে cannot but + v1 / cannot help + verb + ing
Had to থাকলে could not but + v1 / could not help + verb + ing

For example:

Aff : They have to finish the work on time. (তাদেরকে সঠিক সময়ে কাজটি অবশ্যই শেষ করতে হবে।)

Neg : They cannot but finish the work on time. (তারা সময় মত কাজ শেষ না করে পারে না।)
অথবা, They cannot help finishing the work on time.

Aff : He had to serve their meal. (তাকে তাদের খাবার পরিবেশন করতে হয়েছিল।)

Neg : He could not but serve their meal.
অথবা, He could not help serving their meal. (সে তাদের খাবার পরিবেশন না করে পেরেছিল না।)

অজানা কথা:

"cannot help" এবং "could not help" এর পরবর্তী verb+ing হলে তা "gerund" হয়।

Rule-03:

Always থাকলে "always" এর স্থানে "never" বসে এবং Affirmative শব্দটির বিপরীত শব্দ বসে।

For example:

Aff : She always forgets her address. (সে সবসময় তার ঠিকানা ভুলে যায়।)

Neg : She never remembers her address. (সে কখনোই তার ঠিকানা মনে রাখেনা।)

Aff : He is always late. (সে সবসময় দেরি করে।)

Neg : He is never punctual. (সে কখনোই সময়ানুবর্তিতার জ্ঞান রাখে না।)

Aff : He is always present in the program. (অনুষ্ঠানে সে সব সময় উপস্থিত থাকে।)

Neg : He is never absent from the program. (সে কখনই অনুষ্ঠানে অনুপস্থিত থাকে না।)

Affirmative শব্দের Negative form

[যা মুখস্ত রাখা জরুরি]

Affirmative এর-	Negative রূপ
Present in - উপস্থিত	Absent from - অনুপস্থিত
Active - কর্মঠ	Idle, Inactive, Lazy - অকর্মঠ, অলস
Always - সর্বদা	Never - কখনো না
Big - বড়	Small - ছোট
Brave - সাহসী	Coward - ভীরু
Clear - পরিষ্কার	Unclear - অপরিষ্কার
Comfortable - স্বস্তিময়	Uncomfortable - অস্বস্তিময়
Correct- সঠিক	Incorrect- ভুল
Done - সম্পূর্ণ	Undone - মন্দ কপালে/অসম্পূর্ণ
Doubtful - সন্দেহপূর্ণ	Sure - নিশ্চিত
Friend / Buddy - বন্ধু	Enemy, Foe - শত্রু
Grateful - কৃতজ্ঞ	Ungrateful – অকৃতজ্ঞ
Happy / Cheerful - খুশি	Unhappy - অখুশি
Honest - সৎ	Dishonest - অসৎ
Honour - সম্মান	Dishonour - অসম্মান
Healthy - স্বাস্থ্যকর	Unhealthy - অস্বাস্থ্যকর
Just - সঠিক, ন্যায়	Unjust - অন্যায়
Kind - দয়ালু	Cruel, Unkind - নিষ্ঠুর
Love - ভালোবাসা	Hate - ঘৃণা করা
Moral - নৈতিক	Immoral - অনৈতিক
Mortal - মরণশীল	Immortal - অমরণশীল
Optimistic - আশাবাদী	Pessimistic - হতাশাপূর্ণ
Pleasant - খুশি	Unpleasant - অখুশি
Rich - ধনী	Poor - গরিব
Recognized - স্বীকৃত	Unrecognized- অস্বীকৃত
Remember- স্মরণ করা	Forget- ভুলে যাওয়া
Right- ঠিক	Wrong- ভুল
Sincere- আন্তরিক	Insincere- অনান্তরিক
Wise- জ্ঞানী	Unwise- মূর্খ/নির্বোধ
Willing- ইচ্ছাকৃত	Unwilling- অনিচ্ছাকৃত

অজানা কথা:

i. "have বা has" main verb হলে negative- করতে without বসে।

For example:

Aff : Every rose has a thorn. (প্রতিটি গোলাপের কাঁটা আছে।)

Neg : There is no rose without a thorn. (কাঁটা ছাড়া গোলাপ নেই।)

ii. Affirmative বাক্যে "sometimes/occasionally" থাকলে, তার পরিবর্তে "not always" বসে

For example:

Aff : She is sometimes unhappy.

Neg : She is not always happy.

Rule-04:

সাধারণ affirmative sentence-গুলোকে negative করতে verb এর পরে not এবং affirmative শব্দের negative form দিতে হয়।

For example:

Aff : Mira is an honest girl. (মীরা সৎ মেয়ে।)

Neg : Mira is not a dishonest girl. (মিরা অসৎ মেয়ে নয়।)

Aff : I am optimistic. (আমি আশাবাদী।)

Neg : I am not pessimistic. (আমি হতাশাবাদী নই।)

উল্লেখ্য, এক্ষেত্রে পূর্বে উল্লেখিত affirmative শব্দের negative form গুলো মুখস্ত রাখা জরুরি।

Rule-05:

i. Every থাকলে There is/was no + every-এর পরের noun + but + বাকি অংশ

ii. There is/was no+ noun + who +do/does/did not + verb + বাকি অংশ

কিছু ক্ষেত্রে:

No + noun + affirmative word-এর negative form + বাকি অংশ

For example:

Aff : Every person wants to be happy. (প্রতিটি ব্যক্তিই সুখী হতে চায়।)

Neg : There is no person but wants to be happy. (এমন কোনো ব্যক্তি নেই যে সুখী হতে চায় না।)

অথবা, There is no person who does not want to be happy.

Aff : Every mother loves her child.

Neg : There is no mother who does not love her child.

অথবা, No mother hates her child.

ব্যতিক্রম:

Every যুক্ত বাক্যে "have" main verb হলে:

Aff : Every rose has a thorn.

Neg : There is no rose without a thorn.

লক্ষণীয়, Every যুক্ত বাক্যে "have/has" যদি main verb হয় তবে, "There is no ----- but" না হয়ে, "There is no ----- without" এই structure অনুযায়ী হয়েছে।

অজানা কথা:

i. Every যুক্ত বাক্য past tense হলে negative করতে "There was no+noun-----" ব্যবহার করতে হয়

For example:

Aff : Every person wanted to be winner.

Neg : There was no person but wanted to be winner.

ii. "But" একটি conjunction হলেও "There is no ---- but" এই structure অনুযায়ী "but" শব্দটি Relative pronoun "who" এর মতো অর্থ দিচ্ছে।

Rule-06:

Both ----- and থাকলে not only ----- but also বসে।

For example:

Aff : I like both tea and coffee. (আমি চা ও কফি উভয়ই পছন্দ করি।)

Neg : I like not only tea but also coffee. (আমি শুধু চা ই পছন্দ করি না, কফিও পছন্দ করি।)

Aff : Both you and your best friend has known it. (তুমি এবং তোমার বন্ধু উভয়ই এটি জেনেছো।)

Neg : Not only you but also your best friend has known it.
(শুধু তুমিই না তোমার বন্ধুও এটি জেনেছো)

অজানা কথা:

i. Not only ----- but also এর পরিবর্তে Not ----- but ও ব্যবহার করা হয়।

ii. Both ----- and বা Not only ----- but also / Not ----- but দিয়ে দুইটি subject যুক্ত হলে সর্বদাই দ্বিতীয় subject অনুযায়ী verb বসে।

Rule-07:

চিরন্তন সত্য (universal truth), বৈজ্ঞানিক সত্য (scientific truth) বাক্যকে Negative করতে, শুরুতে It is not that + পরের অংশ negative করতে হয়।

For example:

Aff : The earth is round. (পৃথিবী গোলাকার।)

Neg : It is not that the earth is not round. (এটি এমনটি নয় যে পৃথিবী গোলাকার নয়।)

Aff : Time and tide wait for none. (সময় কারো জন্য অপেক্ষা করে না।)

Neg : It is not that time and tide wait for anyone.
(এটি এমন নয় যে সময় এবং নদীর স্রোত কারো জন্য অপেক্ষা করে।)

অজানা কথা:

চিরন্তন সত্য ও বৈজ্ঞানিক সত্য বাক্যের শুরুতে It is not that ব্যবহার করলে পরের অংশ negative করতে হয়। কিন্তু, We cannot deny that ব্যবহার করলে পরের অংশ অর্থাৎ "চিরন্তন সত্য" বাক্য অপরিবর্তিত থাকে।

For example:

Aff : The sky is blue. (আকাশ নীল)

Neg : It is not that the sky is not blue. (এটি এমনটি নয় যে আকাশ নীল নয়।)

Neg : We cannot deny that the sky is blue. (আমরা অস্বীকার করতে পারিনা যে আকাশ নীল।)

Rule-08:

Too ----- to যুক্ত বাক্যকে negative করতে so ----- that বসাতে হয়।

For example:

Aff : She is too happy to describe in a word. (সে এতটাই খুশি যে এক কথায় বলে শেষ করা যাবে না।)

Neg : She is so happy that she cannot describe in a word.
(সে এতটাই খুশি যে সে এক কথায় বলে শেষ করতে পারে না।)

Aff : Rita was too nervous to speak fluently.
(রিতা এতটাই ভীত ছিল যে স্বত:স্ফূর্তভাবে কথা বলতে পারেনি।)

Neg : Rita was so nervous that she could not speak fluently.
(রিতা এতটাই ভীত ছিল যে সে স্বত:স্ফূর্তভাবে কথা বলতে পারেনি।)

লক্ষণীয়, প্রথম অংশ present tense "is" হওয়ায় পরবর্তীতে "cannot" হয়েছে আর প্রথম অংশে past tense "was" হওয়ায় পরবর্তী অংশে "could not" হয়েছে।

অজানা কথা:

i. "too ----- to" দিয়ে গঠিত sentence "simple sentence"।

ii. "so ----- that" দিয়ে গঠিত sentence "complex sentence"।

iii. "too ----- to" দিয়ে গঠিত sentence এর অর্থ negative হয়।

iv. "too/so" এরপর "adjective/ adverb" বসে।

Rule-09:

As soon as, Hardly ----- had, Scarcely ----- had থাকলে, No sooner had ----- than দিয়ে Negative করতে হয়।

For example:

Aff : As soon as the police came, the criminal ran away.
(পুলিশ আসা মাত্রই অপরাধী দৌড় দিয়েছিল।)

Neg : No sooner had the police come than the criminal ran away.
(পুলিশ আসতে না আসতেই অপরাধী দৌড় দিয়েছিল।)

Aff : As soon as she finished her assignment, she was called for a job.
(তাকে দেওয়া নির্ধারিত কাজটি শেষ হওয়া মাত্রই সে চাকরির জন্য ডাক পেয়েছিল।)

Neg : No sooner had she finished her assignment than she was called for a job.
(নির্ধারিত কাজটি শেষ হতে না হতেই সে চাকরির জন্য ডাক পেয়েছিল।)

অজানা কথা:

i. As soon as থাকলে দুইটি বাক্যই past tense হয়।

ii. No sooner had / hardly had / scarcely had থাকলে প্রথম বাক্যটি past perfect এবং দ্বিতীয় বাক্যটি past indefinite হয়।

iii. No sooner had ----- "than" বসে কিন্তু, Hardly had / Scarcely had ----- "when" বসে। সবগুলো বাক্যের অর্থ "negative"।

Rule-10:

Less ----- than যুক্ত বাক্যকে negative করতে not as ----- as বসাতে হয়।

For example:

Aff : He is less wise than you. (সে তোমার চেয়ে কম জ্ঞানী।)

Neg : He is not so/as wise as you.(সে তোমার মত জ্ঞানী নয়।)
অথবা, He is not wiser than you.

Aff : Robin is less lazy than Rana. (রবিন রানার চেয়ে কম অলস।)

Neg : Robin is not as lazy as Rana. (রবিন রানার মত অলস নয়।)
অথবা, Rana is lazier than Robin.

আরেকটি ধরন:

Aff : He is wiser than you. [comparative+than]

Neg : You are not so/as wise as he.

Aff : Robin is lazier than Rana. [comparative+than]

Neg : Rana is not so/as lazy as Robin.

অজানা কথা:

i. As ও than এর পর subjective form হলে উক্ত "as/than" conjunction হয়।

ii. As ও than এর পর object form হলে উক্ত "as/than" preposition হয়।

Rule-11:

"---------the + superlative + noun" যুক্ত (superlative) বাক্যকে, negative করতে:

Negative structure:
No other + noun + verb + as + superlative-এর positive form + as + প্রথম subject

For example:

Aff : He is the best boy in the class.= [the+superlative+noun] (সে ক্লাসের সেরা ছেলে।)

Neg : No other boy in the class is as good as he. (ক্লাসের অন্য কোনো ছেলে তার মতো ভালো নয়।)

Aff : She is the most beautiful girl.= [the+superlative+noun] (সে সবচেয়ে সুন্দরী মেয়ে।)

Neg : No other girl is as beautiful as she. (তার মত সুন্দরী আর কোন মেয়ে নেই।)

Practice:Level-01
আলোচনার আলোকে

 # Change the following sentences from affirmative to negative:

a) The farmer was dishonest enough.
b) We must depend on it.
c) Every living being needs pure air.
d) Only a man is the maker of his own fortune.
e) I will always remember this day.
f) It lives together.
g) He is as strong as his brother.
h) Only addiction is responsible for it.
i) Mim belongs to a small family.
j) We had to take care of him.

Practice:Level-02
জানার প্রয়োগ

 # Change the following sentences from affirmative to negative:

a) By meeting their expectations, you can inspire them.
b) A frugal man dislikes to spend money without reasons.
c) Peace and prosperity is impossible without being industrious.
d) As soon as he saw me, he ran away.
e) We must read books to enrich our mind.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

 # Change the following sentences from affirmative to negative:

a) For good health, we must eat a balanced diet.
b) One can prosper in life through industry.
c) It is a common affair.
d) Everybody respects a truthful person.
e) They are both honest and pious.
f) Learning a language is similar to riding a bicycle.
g) He is only 12 years old.
h) He is loved by everybody.
i) In a word, a moonlit night is very pleasant.
j) He is both a good student and a story teller.

☑ Assertive to Interrogative
(হ্যাঁ বোধক বাক্যকে প্রশ্নবোধক বাক্যে রূপান্তর)

জেনে রাখা দরকার:

Assertive sentence-কে Interrogative করলে তা মূলত Negative interrogative হয়, যার অর্থগত কোনো পরিবর্তন হয় না।

Rule-01:

Be verb ও have verb যুক্ত sentence টি affirmative হলে interrogative করতে "be verb + not" অথবা "have verb + not" ব্যবহার করতে হয়।

Structure: Be verb + n't/not + subject + ----- + ?

For example:

Ass : She is a beautiful girl. (সে সুন্দরী মেয়ে।)
Int : Isn't / Is not she a beautiful girl? (সে কি সুন্দরী মেয়ে নয়?)
Ass : He has a dream. (তার একটি স্বপ্ন আছে।)
Int : Hasn't/ Has not he a dream? (তার কি একটি স্বপ্ন নাই?)
Note : পরিবর্তনের ক্ষেত্রে Not এর contracted form "n't" ব্যবহার করাই ভালো।

Rule-02:

Be verb ও have verb যুক্ত sentence টি negative হলে interrogative করতে be verb অথবা have verb ব্যবহার করতে হয় subject এর পূর্বে।

Structure: Be verb/Have verb + sub + --------?

For example:

Ass : He is not a singer. (সে একজন গায়ক নয়।)
Int : Is he a singer? (সে কি একজন গায়ক?)
Ass : He has not any ambition. (তার কোনো উচ্চাকাঙ্খা নেই।)
Int : Has he any ambition? (তার কি কোনো উচ্চাকাঙ্খা আছে?)

Rule-03:

Auxiliary verb বিহীন assertive sentence-কে Interrogative করতে tense অনুসারে সাহায্যকারী verb কে subject এর পূর্বে বসাতে হয়।

Structure:

i. Doesn't/Don't + sub + v1----------?= Present Indefinite
ii. Didn't + sub + v1----------?= Past Indefinite

For example:

Ass : She looks after her mother. (সে তার মায়ের দেখাশোনা করে।)
Int : Doesn't she look after her mother? (সে কি তার মায়ের দেখাশোনা করে না?)
Ass : He helped the old man. (সে বৃদ্ধ মানুষটিকে সাহায্য করেছিল।)

Int : Didn't he help the old man? (সে কি বৃদ্ধ মানুষটিকে সাহায্য করেছিল না?)
Ass : I like to travel. (আমি ভ্রমণ করতে পছন্দ করি।)
Int : Don't I like to travel? (আমি কি ভ্রমণ করতে পছন্দ করি না?)
লক্ষণীয়, Present indefinite tense এ auxiliary verb "do ও does" নিয়ে আসা হয়েছে এবং past indefinite tense-এ auxiliary verb "did" নিয়ে আসা হয়েছে।

অজানা কথা:
Do/does/did ব্যবহার করলে পরবর্তীতে main verb এর present form (v1) হয়।

Rule-04:

Assertive sentence এ everybody, everyone বা all "subject" হিসেবে বসলে:
Structure: Who + don't/doesn't/didn't + v1 -----?

For example:
Ass : Everybody wants to be happy. (প্রত্যেক জীবনে সুখী হতে চায়।)
Int : Who does not want to be happy? (সুখী হতে কে না চায়?)
Ass : Everyone listened to my request. (প্রত্যেকেই আমার অনুরোধ শুনেছিল।)
Int : Who did not listen to my request? (আমার অনুরোধ কে শোনেনি?)
Ass : All like you. (সবাই তোমাকে পছন্দ করে।)
Int : Who do not like you? (কারা তোমাকে পছন্দ করে না?)

Rule-05:

Assertive sentence-এ Nobody, None বা No one "subject" হিসেবে বসলে:
Structure:
i. Who + বাকি অংশ + -----?
ii. Aux.verb + anybody/anyone + v1-----?

For example:
Ass : Nobody believes a liar. (কেউ মিথ্যুককে বিশ্বাস করে না।)
Int : Who believes a liar? (কে মিথ্যুককে বিশ্বাস করে?)
অথবা, Does anybody/anyone believe a liar?
Ass : None can avoid his fate. (কেউ তার পরিণতি এড়াতে পারে না।)
Int : Who can avoid his fate? (কে তার পরিণতি এড়াতে পারে?)
অথবা, Can anyone/anybody avoid his fate?
Ass : No one liked his behaviour. (কেউ তার আচরণ পছন্দ করেনি।)
Int : Who liked his behaviour? (কে তার আচরণ পছন্দ করেছিল?)
অথবা, Did anyone/anybody like his behaviour?

অজানা কথা:
i. "Who-এর পর verb -----?"এমন sentence-এ "who" কে Interrogative pronoun বলা হয়।

Rule-06:

Assertive sentence-এ "never" থাকলে Interrogative করতে "ever" বসাতে হয় এবং "nothing" থাকলে "anything" বসাতে হয়।

Structure:
i. Aux.verb + sub + "never" তুলে "ever" + -----?
ii. Aux.verb + sub + "nothing" তুলে "anything" +-----?

For example:
Ass : I never drink cold drink. (আমি কখনও কোমল পানীয় পান করি না।)
Int : Do I ever drink cold drink? (আমি কি কখনও কোমল পানীয় পান করি?)
Ass : She has nothing to say. (তার বলার কিছু নেই।)
Int : Has she anything to say? (তার কি বলার কিছু আছে?)
অথবা, Does she have anything to say?
লক্ষণীয়, Have বা has কোনো sentence-এ একটি verb হলে, তাকে main verb ভেবে present indefinite tense-এর নিয়ম অনুযায়ী interrogative করার সময় শুরুতে "Do/Does" ব্যবহার করা যায়।

অজানা কথা:
i. never এবং ever "adverb" যা সর্বদায় main verb-এর পূর্বে বসে।
ii. nothing এবং anything "pronoun" যা সর্বদায় main verb-এর পরে object হিসেবে বসে।

Rule-07:

Complex sentence-এর interrogative করতে সর্বদাই main clause-কে interrogative করতে হয়।

For example:
Ass : If you say, I will do it. (যদি তুমি বল, তাহলে আমি এটি করব।)

এই বাক্যটি এভাবেও থাকতে পারে:
I will do it if you say.
Int : Won't I do it if you say? (যদি তুমি বলো তাহলে কি আমি এটি করব না?)
Ass : As she got visa, she decided to go abroad.
(যেহেতু সে ভিসা পেয়েছিল, সেহেতু সে বিদেশে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছিল।)
এই বাক্যটি এভাবেও থাকতে পারে:
She decided to go abroad as she got visa.
Int : Didn't she decide to go abroad as she got visa?
(যেহেতু সে ভিসা পেয়েছিল, সে কি বিদেশ যাওয়ার সিদ্ধান্ত নিতনা?)
লক্ষণীয়, প্রথম উদাহরণে "I will do it" এবং দ্বিতীয় উদাহরণে "She decided to go abroad" main clause হওয়ায়, interrogative-এ এই অংশটুকুকেই নিয়ম অনুযায়ী interrogative করা হয়েছে।

অজানা কথা:
i. "Interrogative + assertive + ?" এটাকে Embeded question (সম্প্রসারিত প্রশ্ন) বলে।
ii. If, till, until, unless, as, since, though, although, whether, Wh. words, as if, as though, that *etc.* শব্দ দিয়ে গঠিত sentence-কে complex sentence বলে।
["Simple - Complex - Compound" chapter-এ বিস্তারিত]

Practice:Level-01
আলোচনার আলোকে

Change the following sentences from assertive to interrogative:

a) He has a dream.
b) He is not a singer.
c) She looks after her mother.
d) Everyone listened to my request.
e) No one liked his behavior.
f) She has nothing to say.
g) If you say, I will do it.
h) It lies in every phase of our society.
i) When I reached there, my friend received me cordially.
j) It is too poor to be imagined.

Practice:Level-02
জানার প্রয়োগ

Change the following sentences from assertive to interrogative:

a) A farmer had a wonderful goose.
b) Anger is nothing but a vice.
c) Nobody is aware of it.
d) Everyone prefers walking as an exercise in the morning.
e) It brings peace of mind.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

Change the following sentences from assertive to interrogative:

a) He can sleep soundly at night.
b) Food was very costly at that time.
c) Everybody respects a truthful person.
d) She heard a fearful cry.
e) There is no doubt that newspaper is a very essential thing.
f) The causes of pollution are many.
g) Books are always with us.
h) They do much good to us.
i) He can succeed in life.
j) Nothing is possible.

☑ Assertive to Imperative
(হ্যাঁ বোধক বাক্যকে আদেশমূলক বাক্যে রূপান্তর)

Imperative sentence মূলত আদেশ/উপদেশ/অনুরোধ/নিষেধ মূলক বাক্য।

আরো সহজ করে বললে:

যে বাক্যের শুরুতে সাধারণত verb এর base form (v1) / Do not/ Never / Let / Please / Kindly থাকে তাকে Imperative sentence বলে।

ব্যতিক্রম:

Verb-এর পরে object হিসেবে "you" থাকলে, তা assetive sentence হয়।

For example:

Thank you./Wish you best of luck.=Assetive sentence.

অজানা কথা:

Imperative sentence-এ object হিসেবে কখনোই "you" বসে না, কেননা Imperative sentence-এর subject সর্বদায় "You"হয়। subject এবং object কখনো একই person/pronoun হয়না।

Rule-01:

Simple assertive sentence, যার শুরুতে "You" থাকে এবং বাক্যটি যদি affirmative বা হ্যাঁ বোধক হয়:

Structure:

i. Please/Kindly + verb থেকে বাকি অংশ।
   অথবা,
ii. Main verb + বাকি অংশ + please/kindly (এটির ব্যবহার informal)

For example:

Ass : You finish the work. (তুমি কাজটি শেষ কর।)
Imp : Please finish the work. (দয়া করে কাজটি শেষ কর।)
   অথবা, Finish the work, please.
Ass : You solve the problem. (তুমি সমস্যাটির সমাধান কর।)
Imp : Please solve the problem. (দয়া করে সমস্যাটি সমাধান কর।)
   অথবা, Solve the problem, please.

লক্ষণীয়, Assertive sentence টি যে tense এই থাকুক না কেন, imperative করার পর তা Present Indefinite Tense-এর মতো অর্থ দেবে।

অজানা কথা:

Imperative sentence এর subject হিসেবে সর্বদাই "You" ভাবা হয়। সেইজন্য, Imperative sentence এর শুরুতে subject হিসেবে আর "You" বসাতে হয় না।

অর্থাৎ Go there= imperative sentence, এখানে মূলত "you" লুকানো আছে "You go there."

Rule-02:

Assertive sentence "You" দ্বারা শুরু এবং বাক্যটি negative বা না বোধক হলে:

Structure: Do not / Don't + main verb এর v1 + বাকি অংশ।

For example:

Ass : You should not laugh at the poor. (তোমার গরীবদের উপহাস করা উচিৎ নয়।)
Imp : Do not / Don't laugh at the poor.
Ass : You do not come closer. (তুমি এত কাছে এসো না।)
Imp : Do not/Don't come closer.

Rule-03:

Assertive sentence "You" দ্বারা শুরু এবং বাক্যটিতে "never" থাকলে:

Structure: Never শুরুতেই বসবে + main verb এর v1 + বাকি অংশ।

For example:

Ass : You should never hate the innocent. (তোমার কখনোই অসহায়দের ঘৃণা করা উচিৎ নয়।)
Imp : Never hate the innocent.
Ass : You should never misbehave with your neighbour.
(তোমার কখনোই প্রতিবেশির সঙ্গে খারাপ ব্যবহার করা উচিৎ নয়।)
Imp : Never misbehave with your neighbour.

অজানা কথা:

"Never" এমন একটি adverb, যা সর্বদায় main verb-এর পূর্বে বসে।

Rule-04:

Assertive sentence-এ 1st Person "I" এবং 3rd person "he / she / it / কোনো নাম" থাকলে:

Structure: Let + assertive-এর subject এর object + main verb এর v1 + বাকি অংশ।

For example:

Ass : I solve the problem. (আমি সমস্যাটির সমাধান করি।)
Imp : Let me solve the problem. (আমাকে সমস্যাটির সমাধান করতে দাও।)
Ass : He sings a song. (সে একটি গান গায়।)
Imp : Let him sing a song. (তাকে একটি গান গাইতে দাও।)
Ass : She invented a new tool. (সে একটি নতুন যন্ত্র আবিষ্কার করেছিল।)
Imp : Let her invent a new tool. (তাকে একটি নতুন যন্ত্র আবিষ্কার করতে দাও।)
Ass : Preeti dances well. (প্রীতি ভালই নাচে।)
Imp : Let Preeti dance well. (প্রীতিকে ভালোভাবে নাচতে দাও।)

অজানা কথা:

i. "Let" এর পর সর্বদায় subject-এর object form হয়।
ii. "Let" থাকলে পরবর্তী verb এর base form / v1 হয়।

Rule-05:

Assertive sentence-এ 1st Person plural "we" এবং 3rd person "he/she/it/কোনো নাম" থাকলে এবং বাক্যটি negative বা না বোধক হলে:

Structure: Let + subject-এর object + not + main verb এর v1 + বাকি অংশ।

For example:

Ass : We do not like playing Ha-du-du. (আমরা হা-ডু-ডু খেলা পছন্দ করি না।)
Imp : Let us not like playing Ha-du-du. (এসো হা-ডু-ডু খেলাকে আমরা পছন্দ না করি।)
Ass : She does not take a rest. (সে বিশ্রাম নেয় না।)
Imp : Let her not take a rest. (সে যেন বিশ্রাম না নেয়।)

Practice:Level-01
আলোচনার আলোকে

Change the following sentences from assertive to imperative:

a) The farmers use water in time of cultivation largely.
b) It stores honey in the hive.
c) We should control it for our own sake.
d) He sings a song.
e) She does not take a rest
f) We should be emotionally balanced.
g) We work hard to attain success in our life.
h) We can communicate with others by using a language.
i) We should read books.
j) You finished the work.
k) You should not laugh at the poor.
l) You should never misbehave with your neighbor.

☑ Assertive to Optative
(হ্যাঁ বোধক বাক্যকে ইচ্ছাবোধক বাক্যে রূপান্তর)

Optative sentence দ্বারা শুভ কামনা/প্রত্যাশা বা প্রার্থনা করা বোঝায়।

Rule-01:

যে কোনো assertive sentence-এর শুরুতে অর্থ বুঝে may বসালেই বাক্যটি optative sentence হয়ে যায়।

Structure: May + assertive sentence = Optative sentence

For example:

Ass : You will prosper in life. (আপনি জীবনে উন্নতি করবেন।)
Opt : May you prosper in life. (আপনার জীবনে উন্নতি হোক।)
Ass : He reads the novel again. (সে উপন্যাসটি আবার পড়ে।)

Opt : May he read the novel again. (সে যেন আবার উপন্যাসটি পড়ে।)
Ass : He will live long. (সে দীর্ঘদিন বাঁচবে।)
Opt : May he live long. (সে যেন দীর্ঘদিন বাঁচে।)

অজানা কথা:

আরো কিছু Modified optative sentence রয়েছে, যেগুলোর শুরুতে সাধারণত "May" থাকেনা। এ বাক্যগুলো assertive থেকে optative হয়না। এগুলো সর্বদায় optative form/sentence-এ থাকে।

For example:

Long live the president of Bangladesh. (বাংলাদেশের রাষ্ট্রপতি দীর্ঘজীবী হোন।)
Wish you a very successful conjugal life. (তোমার একটি অত্যন্ত সফল দাম্পত্য জীবন কামনা করি।)
Wish you a joyful journey together. (তোমার সাথে একটি আনন্দদায়ক যাত্রা কামনা করি।)

Practice:Level-01
আলোচনার আলোকে

 # Change the following sentences from assertive to optative:

a) They will help the poor.
b) You will prosper in life.
c) He reads the novel again.
d) You will shine in life.
e) He will live long.

☑ Assertive to Exclamatory
(হ্যাঁ বোধক বাক্যকে বিস্ময়সূচক বাক্যে রূপান্তর)

Rule-01:

Article বিহীন assertive sentence-কে exclamatory করতে শুরুতে "How" বসাতে হয়।

Structure: How + adjective/adverb + subject + verb + !
Ass : She utters very sweetly. (সে খুব মিষ্টি করে কথা বলে।)
Exc : How sweetly she utters! (কত মিষ্টি করে সে কথা বলে!)
Ass : They are completely greedy. (তারা সম্পূর্ণ লোভী।)
Exc : How greedy they are! (কত লোভী তারা!)
Note : Assertive এ very বা completely থাকলে exclamatory-তে তা উঠে যায়।

অজানা কথা:

i. How-এর পর কখনই article "a/an/the" বসে না।
ii. Exclamatory sentence-এ ব্যবহৃত "How বা What"-কে "Anastrophe- অ্যানাস্ট্রোফি" বলা হয়। Anastrophe হল বাক্যের এমন গঠন/কাঠামো, যা বাক্যের অর্থকে জোর (emphasis) প্রয়োগে বা বাক্যে অলংকৃত (Rhetorical effect) করতে ব্যবহৃত হয়।

Rule-02:

Article "a/an" যুক্ত assertive sentence-কে exclamatory করতে শুরুতে "What" বসাতে হয়।

Structure: What + a/an + adjective + noun + subject + verb + !

For example:

Ass : He is an idiot man. (সে একজন নির্বোধ মানুষ।)
Exc : What an idiot man he is! (সে কতইনা নির্বোধ মানুষ!)
Ass : Rina is a good counselor. (রিনা একজন ভালো উপদেষ্টা।)
Exc : What a good counselor Rina is! (রিনা কতইনা ভালো উপদেষ্টা!)

লক্ষণীয়, What অর্থ "কি" এবং how অর্থ "কিভাবে"। কিন্তু, Exclamatory তে what/how-এর অর্থ হয়ে যায় "কতইনা/যেন"।

অজানা কথা:

"very/completely" যার অর্থ "খুব"। Exclamatory sentence করার সময় শব্দটি উঠে যায়। এই "very এবং completely"-এর মত অর্থ দিয়ে থাকে anastrophe "What/How"।

Rule-03

Assertive-এ কিছু phrase থাকলে, সেইগুলো তুলে কিছু exclamatory word বসালেই sentence টি exclamatory হয়ে যায়।

Phrase	Exclamatory word
It is a matter of joy that থাকলে-	= Hurrah! -----
It is a matter of sorrow that থাকলে-	= Alas! -----
It is shameful that থাকলে-	= Fie! -----
It is wonder that / It is a matter of surprise that থাকলে-	= Wow! -----
I wish/I hope থাকলে-	= If + ----- + !

For example:

Ass : It is a matter of joy that I have got the first prize.
(এটা আনন্দের ব্যাপার যে, আমি প্রথম পুরস্কারটি জিতেছি।)
Exc : Hurrah! I have got the first prize.
Ass : It is a matter of sorrow that the old man is no more.
(এটা খুবই দুঃখের বিষয় যে, বৃদ্ধ মানুষটি আর বেঁচে নেই।)
Exc : Alas! the old man is no more.
Ass : It is shameful that you are caught for stealing money.
(এটা লজ্জাজনক যে, তুমি টাকা চুরির দায়ে ধরা পড়েছ।)
Exc : Fie (ছিঃ)! you are caught for stealing money.
Ass : It is wonder that Bangladesh cricket team has qualified for the World Cup.
(এটা বিস্ময়ের ব্যাপার যে বাংলাদেশ ক্রিকেট দল বিশ্বকাপের জন্য যোগ্য হয়েছে।)

Exc : Wow! Bangladesh cricket team has qualified for the World Cup.
Ass : I wish I were in your position. (আমার ইচ্ছা, আমি যদি তোমার অবস্থানে থাকতাম।)
Exc : If I were in your position!
Ass : I think he is out of mind. (আমার ধারণা সে মনোযোগহীন।)
Exc : If he is out of mind!

অজানা কথা:

i. "I wish" unreal condition বা অবাস্তব শর্ত প্রকাশ করে।
ii. "I hope" real condition বা বাস্তবধর্মী শর্ত প্রকাশ করে।

Rule-04

কিছু exclamatory sentence-এ "so/such" বসে।

Structure:

i. Subject + verb + so + adjective
ii. Subject + verb + such + noun phrase

For example:

Ass : His gift was amazing.= adjective
Exc : His gift was so amazing!
Ass : Your behavior is rude.
Exc : Your behavior is so rude!
Ass : I am pleased right now.
Exc : I am so pleased right now!
Ass : He is a kind person.=Noun phrase
Exc : He is such a kind person!
Ass : You have a beautiful plan.
Exc : You have such a beautiful plan!
Ass : You are a traitor.
Exc : You are such a traitor!

অজানা কথা:

সাধারণত "so/such" দিয়ে কোন সম্পূর্ণ (complete) বাক্য হয় না। এজন্য "so/such" ব্যবহারে তা বিস্ময় (exclamation) প্রকাশ করে।

Practice:Level-01
আলোচনার আলোকে

Change the following sentences from assertive to exclamatory:

a) I was very glad to see the sea beach.
b) Cricket is a very exciting game.
c) People look very cheerful.
d) I wish I were a poet like Nazrul.
e) It is a matter of joy that we have won the game.

Practice:Level-02
জানার প্রয়োগ

Change the following sentences from assertive to exclamatory:

a) Social awareness is very essential to resist corruption.
b) They lead a very miserable life.
c) Trees play an important role in our environment.
d) Cricket is very exciting game.
e) He is a boy of very shy nature.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

Change the following sentences from assertive to exclamatory:

a) The farmer was very excited to see the golden egg.
b) Computer is very helpful for us.
c) I wish I were in your position.
d) The moonlight sweetly sleeps upon this bank.
e) It looks very shining on the Jamuna.
f) The next few days were terrible.
g) It is very good and important for good health.
h) He earned very little.
i) It presents a beautiful sight.
j) It is a matter of sorrow that the old man is no more.

Voice Changing

(বাচ্য পরিবর্তন)

অনেক সময় একটি কাজ subject নিজে সম্পন্ন করে থাকে, আবার অনেক সময় একটি কাজ অন্যের দ্বারা সম্পাদিত হয়ে থাকে এই ধরনের কাজগুলো মূলত voice-এর আলোচ্য বিষয়।

আরেকটু সহজ করে বললে-

একটি verb "active" বা "passive" কিনা, তা বর্ণনা করতে voice changing জানতে হয়।

Voice দুই প্রকার: i. Active voice ও ii. Passive voice

❑ Active Voice:

যেখানে Subject সক্রিয় বা active থাকে এবং সরাসরি কাজটি সম্পূর্ণ করতে প্রথমে থাকা subject টি প্রধান হিসেবে বিবেচিত হয়। (The subject of the verb is doing the action)

For example:

He reads a book. (সে একটি বই পড়ে।)

She drew a picture. (সে একটি ছবি এঁকেছিল।)
You have done the work. (তুমি কাজটি করেছ।)
লক্ষণীয়, উপরের তিনটি বাক্যের কাজ সম্পূর্ণ করার ক্ষেত্রে subject (He, she এবং You) সক্রিয় বা active।
এই একই sentence গুলো passive হলে কেমন হবে ? Passive-এর সংজ্ঞার পরে example গুলো লক্ষ্য কর।

❑ Passive Voice:

Subject নিজে কাজ না করে নিষ্ক্রিয় বা inactive থেকে, যদি ঐ কাজটি অন্য কারো দ্বারা সম্পূর্ণ হয় তবে তা passive voice হয়। (The subject of the verb is being acted upon)

For example:

A book is read by him. (বইটি তার দ্বারা পড়া হয়।)
A picture was drawn by her. (তার কর্তৃক/দ্বারা একটি ছবি আঁকা হয়েছিল।)
The work has been done by you. (তোমার কর্তৃক/দ্বারা কাজটি সম্পন্ন হয়েছিল।)
লক্ষণীয়, উপরের তিনটি বাক্যই passive voice।
কেননা,
প্রথম বাক্যের subject "A book" এটা কিছু করছে না, বরং বইটিকেই পড়া হচ্ছে "অন্যের দ্বারা"।
দ্বিতীয় বাক্যে "A picture" কিছু করছে না বরং একটি ছবিকে আঁকা হচ্ছে "অন্যের দ্বারা"।
তৃতীয় বাক্যে "The work" কিছু করছে না বরং কাজটিকে করা হচ্ছে "অন্যের দ্বারা"।

অজানা কথা:

Passive হলে তার অন্তর্নিহিত বাংলা অর্থ হবে- "দ্বারা/কর্তৃক"।

Voice changing-এর ক্ষেত্রে ৩টি গুরুত্বপূর্ণ তথ্য:

i. শুধুমাত্র Transitive verb (verb + object)-এর voice change হয়।
ii. Passive voice-এ অবশ্যই tense অনুসারে be verb + verb এর past participle হবে।
iii. Passive voice এ "by" থাকবেই এমন কোন শর্ত নয়, তবে অনেক ক্ষেত্রে থাকে।

অজানা কথা:

"Have" এমন একটি "transitive verb" যার কোন passive voice হয়না।

Active : I have a cow
Incorrect (passive) : A cow is had by me.
Correct (passive) : A cow is possessed by me. (যদিও এটি informal)

Active হতে Passive করার ৬ টি ধাপ:

i. Active voice-এর object কে subject বানাতে হবে +
ii. Tense অনুসারে be verb নিতে হবে +
iii. Transitive verb-এর past participle করতে হবে +
iv. অতিরিক্ত অংশ (extension) বসাতে হবে (যদি থাকে) +
v. Preposition "by" অথবা "with/at/in/from *etc.*" বসাবে +
vi. Active voice-এর subject এর object form বসাতে হবে।

Voice Changing-এ subject-এর object form সমূহ

Subject	Object	Subject	Object
I	me	We	us
They	them	You	you
He	him	She	her
কোনো নাম	উক্ত নাম (No change)	It	it

অজানা কথা:

"Who" এর object form "whom"।

Tense অনুযায়ী Passive Voice-এ "Be verb" সমূহ:

	Active-এ Tense	Passive-এ be verb সহ Tense
i.	Presente Indefinite = verb অথবা verb + s/es	Subject + am/is/are + v3 + ----
ii.	Present Continuous = am/is/are + verb + ing -----	---- am/is/are + being + v3 ----
iii.	Present Perfect = have/has + v3+ -----	---- have/has + been + v3 ----
iv.	Past Indefinite = v2+ ----	----was/were + v3 ----
v.	Past Continuous = was/were + vreb + ing - ----	---- was/were + being + v3 ----
vi.	Past Perfect = had + v3 -----	---- had been + v3 ----
vii.	Future Indefinite = shall/will + v1 -----	----shall/will + be + v3----
viii.	Future Continuous = shall be/will be + verb + ing -----	---- shall be/will be + being + v3 ----

Note: সকল modal verb (can, could, may, might, shall, should, will, would, have to, be going to, ought to *etc.*) এর পর passive voice-এ একটি "be" যুক্ত হয়।

Note: Present perfect continuous, Past perfect continuous, Future perfect ও Future perfect continuous-এই ৪টি tense এর passive voice সাধারণত দেখা যায় না।

At a glance

[এক নজরে]

Voice changing-এর নিয়ম গুলো শিরোনাম আকারে:

i. Tense Based Voice/Voice of Tense
ii. Voice of Imperative Sentence
iii. Voice of who/whom & Wh questions
iv. Voice of Factitive Object.
v. Voice of Cognate Object.
vi. Voice of Quasi-Passive.
vii. Voice of Reflexive Object.
viii. Using different prepositions instead of "By"

ix. Voice of Complex Sentence
x. Passive to active voice (using imaginative subject)
xi. Something Extra

☑ Tense Based Voice/Voice of Tense

Present Indefinite:

Active : Subject + verb/(verb + s/es) + object.
Passive: Object-এর subject form + am/is/are + v3 + by + subject এর object.

For example:
Active : Cats catch mice at random.
Passive : Mice are caught at random by cats.
Active : We all respect the brave.
Passive : The brave are respected by all of us. =(The + adjective = verb plural)
Active : Does he hate them?
Passive : Are they hated by him?

লক্ষণীয়, Active থেকে passive এ প্রাথমিক rule টি সর্বদাই মনে রাখতে হবে। যেখানে বলা ছিল- "Passive করার ক্ষেত্রে active এর object এর subject + tense অনুসারে be verb + v3 + অতিরিক্ত অংশ (যদি থাকে) + by + active এ যা subject থাকবে passive এ তা object হবে"।

অজানা কথা:

i. Object অবস্থানে the+adjective/ noun বা pronoun "plural" হলে, Passive-এ be verb "are" হয়।
ii. খুব ব্যতিক্রম না হলে বেশিরভাগ ক্ষেত্রে active voice- এ যেটা main verb, তা passive voice- এ past participle adjective হয়ে যায় আর "be verb" হয়ে যায় main verb।

For example:
Active : Cats catch mice at random.=Main verb
Passive : Mice are caught at random by cats.=past participle adjective

Present Continuous:

Active : Subject + am/is/are + verb + ing + object.
Passive : Object এর subject + am/is/are + being + v3 + subject-এর object.

For example:
Active : He is writing me a letter.
Passive : I am being written a letter by him.
অথবা, A letter is being written me by him.

লক্ষণীয়, উপরের বাক্যকে দুইটি object: একটি "me" এবং আরেকটি "letter"। Passive করার সময় যে কোনো একটিকে subject-এ আনা যেতে পারে। আর বাকি object টি preposition "by"-এর পূর্বে বসাতে হবে। তবে বলে রাখা ভালো, ব্যক্তিবাচক object বা indirect object কে শুরুতে subject হিসেবে নেওয়াই শ্রেয়।

Active : They are playing table tennis.
Passive : Table tennis is being played by them.

Active : Is he helping the man?
Passive : Is the man being helped by him?
Active : Isn't he helping the man?
Passive : Isn't the man being helped by him?

অজানা কথা:

Compound auxiliary verbs (am being, is being, are being, was being, were being, have been, has been *etc.*) যুক্ত sentence-কে negative-interrogative করতে, subject-এর দুই পাশে compound auxiliary ভাগ হয়ে যায়।

যেমন: Isn't + sub + being-------?
Is + sub + being------?

Present Perfect Tense:

Active : Subject + have/has + v3 + object.
Passive: Object এর subject + have/has + been + v3 + subject এর object.

For example:
Active : Nitu has completed her homework.
Passive : Her homework has been completed by Nitu.
Active : I have solved the problem properly.
Passive : The problem has been solved properly by me.

লক্ষণীয়, "properly" শব্দটি adverb বা অতিরিক্ত অংশ যা passive voice-এ preposition "by"-এর আগে বসেছে। তবে এই ধরনের adverb-কে শেষেও বসানো যায়।

Active : Have you taken the opportunity?
Passive : Has the opportunity been taken by you?

Past Indefinite:

Active : Subject + v2/verb-এর past form + object.
Passive: Object এর subject + was/were + v3 + subject-এর object.

For example:
Active : He drew a picture.
Passive : A picture was drawn by him.
Active : We all visited the zoo last year.
Passive : The zoo was visited by all of us last year.

অজানা কথা:

সময় নির্দেশক phrase, যেমন: now, today, yesterday, tomorrow, last day, last year, in 1971, in 1952, am, pm *etc.* শব্দগুলোর অবস্থান passive voice-এ পরিবর্তন হয় না। অর্থাৎ, এগুলোকে অতিরিক্ত অংশ ভেবে preposition "by" এর আগে বসানো যাবেনা।

Active : Did he meet her yesterday?
Passive : Was she met by him yesterday?

Past Continuous:

Active : Subject + was/were + verb + ing + object.
Passive : Object এর subject + was/were + being + v3 + subject-এর object.

For example:
Active : They were hurting me.
Passive : I was being hurt by them. [Hurt- কষ্ট দেওয়া, Past ও Past participle একই]
Active : He was reading the "Gulliver's Travels" in the midnight.
Passive : The "Gulliver's Travels" was being read by him in the midnight.
Note: "Gulliver's Travels"-একটি উপন্যাসের নাম। এইজন্য verb "singular" "was" হয়েছে। উপন্যাসটির লেখক Jonathan Swift।
Active : Was she treating the patients politely?
Passive : Were the patients being treated politely by her?

Past Perfect:

Active : Subject + had + v3 + object.
Passive : Object-এর subject + had been + v3 + subject এর object.

For example:
Active : You had written the letter.
Passive : The letter had been written by you.
Active : Had he met the man?
Passive : Had the man been met by him?

অজানা কথা:
Past perfect tense-এ যেহেতু conjunction (before/after) দিয়ে দুইটি tense গঠিত হয়, সেজন্য এই tense-এর passive voice খুবই কম দেখা যায়।

Future Indefinite

Active : Subject + shall/will + v1 + object.
Passive : Object-এর subject + shall/will + be + v3 + subject এর object.

For example:
Active : We will tell you the real incident.
Passive : The real incident will be told you by us.
অথবা, You will be told the real incident by us.

অজানা কথা:
Shall এর ব্যবহার শুধুমাত্র 1st Person (I/we) এর ক্ষেত্রে হয়। তবে সব ক্ষেত্রে "will" ব্যবহার করাটাই শ্রেয়।
Active : Will you confirm the deal tomorrow?
Passive : Will the deal be confirmed by you tomorrow?

Future Continuous:

Active : Subject + shall be/will be + verb + ing + object.
Passive : Object-এর subject + shall be/will be + being + v3 + subject-এর object.

For example:
Active : We will be discussing the matter.
Passive : The matter will be being discussed by us.
Active : Will you be permitting them properly?
Passive : Will they be being permitted properly by you?

☑ Voice of Imperative Sentence

❑ Transitive verb + object দিয়ে Imperative sentence:

Active : Verb + object.
Passive : Let + object + be + v3 (Verb এর Past participle).

For example:
Active : Help the innocent.
Passive : Let the innocent be helped.
Active : Read the book attentively.
Passive : Let the book be read attentively.
Active : Always speak the truth.
Passive : Let the truth be spoken always.

অজানা কথা:
Imperative sentence-এর subject যেহেতু (you) উহ্য থাকে, সেইজন্য চাইলে passive-এ সবশেষে "by you" দেয়া যেতে পারে।

❑ Double object দিয়ে Imperative sentence:

Active : Transitive verb + indirect object (ব্যক্তি) + direct object (বিষয়/বস্তু).
Passive : Let+object (বিষয়/বস্তু) + be + v3 + to/for + object (ব্যক্তিবাচক).

For example:
Active : Give him this letter.
Passive : Let this letter be given to him.
Active : Serve them the items.
Passive : Let the items be served for them.
Active : Pluck me the flower. (আমাকে ফুল ছিঁড়ে দাও।)
Passive : Let the flower be plucked for me.

অজানা কথা:
Passive এ verb "give" এর পর "to" বসে। অন্যান্য verb-এর পর "for" বসে।

❑ **Let দিয়ে গঠিত Imperative Sentence:**

Active : Let + object + v1 + object.
Passive : Let + দ্বিতীয়/শেষ object + be + v3 + by+ প্রথম object.

For example:
Active : Let me help them.
Passive : Let them be helped by me.
Active : Let him finish the work on time.
Passive : Let the work be finished by him on time.

❑ **Do not দিয়ে গঠিত Imperative Sentence:**

Active : Do not / Don't + verb + object.
Passive : Let not + object + be + v3.

For example:
Active : Do not laugh at the poor. (গরিবদের দেখে উপহাস করোনা।)
Passive : Let not the poor be laughed at.
Active : Do not make a noise.=obj যখন noun
Passive : Let not a noise be made.
Active : Do not hate us.= =obj যখন pronoun
Passive : Let us not be hated.

অজানা কথা:
"Do not" দিয়ে গঠিত Imperative sentence-এর object যদি noun না হয়ে pronoun হয়, তবে passive-এ "Let not" না বসে "Let + pronoun + not -----" বসে।

❑ **Never দিয়ে গঠিত Imperative sentence:**

Active: Never + verb + object.
Passive: Let + never + object + be+ v3.
অথবা, Let not + object +ever + be+v3.

For example:
Active : Never tell a lie.
Passive : Let never a lie be told.
অথবা, Let not a lie ever be told.
Active : Never misunderstand me.
Passive : Let me never be misunderstood.
Never let me be misunderstood.
অথবা, Let me not ever be misunderstood.

❑ **Intransitive verb + adverb-এর imperative sentence:**

Active: Verb + adverb অথবা Verb + full stop
Passive: You are requested to + v1 + বাকি অংশ (Adverb)

For example:
Active : Sleep on the bed. ("on the bed" object নয়, এটি adverb)
Passive : You are requested to sleep on the bed.
Active : Go there. ("there" object নয়, এটি adverb)
Passive : You are requested to go there.

অজানা কথা:
Please বা kindly দ্বারা imperative sentence শুরু হলেও passive-এ "You are requested to +v1-----" ব্যবহার করতে হয়। তবে, Advice, Command or Order, Suggestion-এর ক্ষেত্রে সমজাতীয় structure ব্যবহার করা যায়:

দ্বন্দ্ব দূর করে নাও:

Active	Passive
i. Bring me some apples.	Let some apples be brought for me.
ii. Please bring me some apples.	You are requested to bring me some apples.

❑ **Advice:**
Active : Do your homework properly.
Passive : You are advised to do your homework properly.

❑ **Command *or* Order:**
Active : Call a doctor.
Passive : You are ordered to call a doctor.

❑ **Suggestion:**
Active : Respect your parents.
Passive : Your parents should be respected.

এক নজরে Imperative Sentence-এর shortcut

[Active to Passive]

Active	Passive
i. Verb দ্বারা শুরু হলে-	Let +------.
ii. Do not দ্বারা শুরু হলে-	Let not +-----.
iii. Never দ্বারা শুরু হলে-	Let never/Let not----ever +-----.
iv. Verb + adverb দ্বারা শুরু হলে-	You are requested to + v1----.
v. Please/kindly দ্বারা শুরু হলে-	You are requested to + v1----.

কি এবার একটু সহজ লাগছে না?

☑ Voice of Who/Whom & Wh. Questions

Who, whom বা অন্যান্য যেকোনো Wh. word মানেই তা interrogative voice:

❑ Who থাকলে:

Active : Who + verb + object + ?
Passive : By whom + auxiliary verb (tense অনুসারে) + subject + v3 + extension (অতিরিক্ত অংশ) + ?

For example:

Active : Who calls you a liar?
Passive : By whom are you called a liar?
Active : Who will learn computer?
Passive : By whom will computer be learnt?
Active : Who has broken the glass?
Passive : By whom has the glass been broken?
Active : Who is calling me?
Passive : By whom am I being called?

অজানা কথা:

"Who" subjective form, যার objective form "Whom"। এই জন্যই মূলত preposition "by"-এর পরে subjective form না বসে "Who"-এর objective form "Whom" বসে।

❑ Whom থাকলে:

Active: Whom + auxiliary verb + subject + main verb + ?
Passive: Who + be verb (tense অনুসারে) + v3 + by + subject এর object+?

For example:

Active: Whom did he choose?
Passive: Who was chosen by him?
Active: Whom will he tell the story?
Passive: Who will be told the story by him?

❑ Wh. Questions (what, how, which, when, where, why *etc.*) থাকলে:

Active : সকল Wh. Question + auxiliary verb / main verb + --?
Passive : Active-এর Wh. Question + auxiliary verb + subject + v3 + by + active এর subject এর object+?

For example:

Active : What do you want?
Passive : What is wanted by you?
Active : How can I help you?
Passive : How can you be helped by me?
Active : Which pen did he desire?

Passive : Which pen was desired by him?
Active : Why did they collect the old samples?
Passive : Why were the old samples collected by them?

ব্যতিক্রম-০১:

Active : What helps you?
Passive : What are you helped by?
Active : What created the noise?
Passive : What was the noise created by?

লক্ষণীয়, "What"-এর পর main verb দিয়ে interrogative sentence হলে, Passive Voice এ "by" দ্বারা শেষ হয়। তবে অনেক ক্ষেত্রে "By what" শুরুতেও বসতে পারে।

For example:

Active : What helps you?
Passive : By what are you helped?

ব্যতিক্রম-০২:

Active : How many books will you buy from book fair?
Passive : How many books will be bought from book fair by you?
Active : How much money did she spend?
Passive : How much money was spent by her?

উল্লেখ্য, countable noun (গণনাযোগ্য noun)-এর পূর্বে "How many" এবং uncountable noun (অগণনাযোগ্য noun)-এর পূর্বে "How much" বসে।

অজানা কথা:

i. "How many + noun" / "How much + noun" থাকলে, Passive এ তার পরিবর্তন হয় না।
ii. "What"-এর পর auxiliary verb বসলে, "What" হয় "object"।
iii. "What" এর পর main verb বসলে, "What" হয় "subject"।

এক নজরে Interrogative Sentence-এর shortcut

[Active to Passive]

Active	Passive
i. Who দ্বারা শুরু হলে-	By whom+-----?
ii. Whom দ্বারা শুরু হলে-	Who+----?
iii. What + auxiliary verb দ্বারা শুরু হলে-	What+-----? (as object)
iv. What + main verb দ্বারা শুরু হলে-	By what+-----? (as subject)
v. অন্যান্য Wh. Question দ্বারা শুরু হলে-	উল্লেখিত Wh Question+----? (অর্থাৎ পরিবর্তন হবে না)

আশা করি মাথায় আর তথ্যের জট লাগবেনা।

☑ Voice of Factitive Object

Elect, select, make, appoint, call, name, crown, label, choose, consider, prove, declare, judge *etc.* factitive verb গুলোর পর দুইটি object থাকে। সবশেষ object টির নাম- Factitive object।

Active : Subject + উপরে উল্লেখিত যে কোনো verb + সাধারণ object + factitive object.
Passive : সাধারণ object এর subject form + auxiliary be verb (tense অনুযায়ী) + v3 + factitive object + by + active-এর subject-এর object.

For example:

Active : They elected me chairman. (me=chairman)
Passive : I was elected chairman by them.
Active : He calls her fool. (her=fool)
Passive : She is called fool by him.
Active : They named me Hero. (me=Hero)
Passive : I was named Hero by them.

দ্বন্দ্ব দূর করে নাও:

Double Object	Factitive Object
Active: He gave me a pen.	**Active:** He called her fool.
Passive: I was given a pen by him. A pen was given (to) me by him. **Note:** এখানে, সব "Indirect object" এবং a pen "direct object", যা বিভাজন যোগ্য বা আলাদা করা যায়।	**Passive:** She was called fool by him. **কিন্তু কখনোই করা যাবে না:** Fool was called her by him. (wrong) **Note:** এখানে, object "her"-এর পরিচয় বা পরিপূরক complement "fool", যা "her" থেকে আলাদা বা বিভাজন যোগ্য নয়।

অজানা কথ:

Factitive object-কে "noun complement" বলা হয়।

☑ Voice of Cognate Object

Cognate অর্থ- সমজাতীয়। Intransitive verb-এর সাধারণত passive voice হয় না। তবে, বিশেষ ক্ষেত্রে intransitive verb-এর পর intransitive verb-এর ন্যায় যে object যুক্ত করা হয়, উক্ত object-কে cognate object বা সমজাতীয় object বলে।

Active : Subject + intransitive verb + intransitive verb-এর মত object (cognate object).
Passive : Object-এর subject + be verb + v3 + by + subject এর object.

For example:

Active : He fights a good fight.
Passive : A good fight is fought by him.
Active : She dreams a good dream.
Passive : A good dream is dreamt by her.

Active : He lives a sound life.
Passive : A sound life is lived by him.

লক্ষণীয়, "fight", dream ও live" verb তিনটি intransitive। কিন্তু, এর পরে verb এর মতো সমজাতীয় Cognate object থাকায় verb গুলোকে passive করা সম্ভব হয়েছে।

অজানা কথা:

এই ধরনের sentence-এর active থেকে passive করা খুব বেশি যৌক্তিক নয়।

☑ Voice of Quasi-Passive

Quasi অর্থ-আপাতত/প্রায়, সুতরাং, Quasi-Passive মানে যে sentence-কে আপাতত/প্রায় Passive মনে হয়।

আরেকটু সহজ করে বললে:

যে sentence গঠনে active কিন্তু অর্থে passive বা অন্যের দ্বারা সংঘটিত হয় এমনটি বোঝায়, তাকে "Quasi-Passive Sentence" বলে।

Active : Subject + verb + adjective/adverb complement.
Passive :
i. Active-এর subject-ই passive-এর subject + be verb (tense অনুসারে) + v3 + adjective/adverb complement.
অথবা,
ii. Active-এর subject-ই passive এর subject + be verb (tense অনুসারে) + adjective/adverb complement + when + it/they + পূর্বের be verb + v3.

For example:

Active : The book reads well. (বইটি পড়তে ভাল।)
Passive : The book is read well.
অথবা, The book is well when it is read.
Active : Honey tastes sweet. (মধু খেতে মিষ্টি।)
Passive : Honey is tasted sweet.
অথবা, Honey is sweet when it is tasted.
Active : Green mangoes taste sour. (কাঁচা আম খেতে টক।)
Passive : Green mangoes are tasted sour.
অথবা, Green mangoes are sour when they are tasted.
Active : The pill tastes bitter. (বড়িটির স্বাদ তিক্ত।)
Passive : The pill is tasted bitter.
অথবা, The pill is bitter when it is tasted.
Active : The seat felt warm. (আসনটি গরম অনুভূত হয়েছিল।)
Passive : The seat was felt warm.
অথবা, The seat was warm when it was felt.

লক্ষণীয়, উপরের ১ম বাক্যতে "well" শব্দটি adverb এবং পরের বাক্যগুলোতে "sweet, sour, bitter ও warm " শব্দগুলো adjective, যা মূলত complement।
আমরা জানি object ছাড়া voice change হয় না। এই voice গুলো সম্পূর্ণ ব্যতিক্রম।

অজানা কথা:

i. Quasi-passive বাক্যগুলো simple sentence, যার complex রূপ "when" যুক্ত passive voice। অর্থাৎ,
Active : The pill tastes bitter.=Simple sentence
Passive : The pill is bitter **when** it is tasted.=Complex sentence
আর যদি বাক্যটিকে "compound" করতে বলা হয়:
The pill is bitter **and** is tasted.=Compound
The pill is bitter **and** tasted.=Compound

ii. "It" pronoun-টির plural হচ্ছে "they"।
For example:
Mango=it এবং Mangoes=they, Pen=It এবং Pens=They
অনেকেই মনে করে-
"They" Pronoun টি সর্বদায় "ব্যক্তির বহুবচনে" ব্যবহৃত হয়। আশা করি ব্যাপারটা clear হয়েছে।

☑ Voice of Reflexive Object

Object / Possessive-এর সঙ্গে self বা selves যুক্ত হলে তা reflexive (আত্মবাচক) pronoun হয়। যেমন: Himself, herself, myself, themselves *etc.* [Pronoun অংশে বিস্তারিত দেখে নাও]

Active: Subject + verb + reflexive object.
Passive: Active-এর subject ই passive-এর subject + be verb (tense অনুসারে) + v3 + উল্লেখিত reflexive object.

For example:
Active : He funs himself. (সে তার নিজের সাথে তামাশা করে)
Passive : He is funned by himself.
Active : They all hurt themselves.
Passive : They all are hurt by themselves.
অথবা, They all were hurt by themselves.
Note: Hurt- কষ্ট দেওয়া, যার present, past, past participle একই।

☑ Using Different Prepositions instead of "By"

Passive voice-এ সাধারণত preposition "by" ব্যবহার করা হয়। তবে, এমন কিছু verb আছে যাদের পর preposition "by" না বসে অন্যান্য preposition বসে। যেমন: at, with, in, for *etc.*

Active : Subject + verb + object.
Passive : Object-এর subject + be verb + v3 + appropriate preposition (at/with/in/for) + subject-এর object.

For example:
Active : He pleases me.
Passive : I am pleased with him. =please + with + ব্যক্তি
Active : His manner pleases me.
Passive : I am pleased at his manner. =please + at + ব্যক্তির আচরন
Active : He surprised us.
Passive : We were surprised with him.= surprise + with + ব্যক্তি
Active : Panic seized me. (আতঙ্ক আমাকে গ্রাস করেছিল।)
Passive : I was seized with panic.

যে সকল Verb এর পর "By" ছাড়া অন্য Preposition বসে

Appropriate Preposition	
Known-	to
Pleased/displeased-	কাজ, কর্ম, আচরণ হলে- at ব্যক্তি ক্ষেত্রে- with
Satisfied/dissatisfied-	কাজ, কর্ম, আচরন হলে- at ব্যক্তি ক্ষেত্রে- with
Annoyed (বিরক্ত করা) / vexed (উত্যক্ত করা) / surprised (চমকে দেওয়া)-	কাজ, কর্ম, আচরণ হলে- at ব্যক্তি ক্ষেত্রে- with
Marveled (চমকে দেওয়া) / shocked (প্রচন্ড চোট দেওয়া) -	কাজ, কর্ম, আচরন হলে- at ব্যক্তি ক্ষেত্রে- with
Interested (আগ্রহী) / contained (ধারণ করা) /Embodied (সংগঠিত/ রূপায়িত) -	in
Filled (পূর্ণ করা) -	with
Seized (বাজেয়াপ্ত করা/ গ্রাস করা) -	with

☑ Complex Sentence-এর Passive Voice

যে sentence-এর দুইটি অংশ থাকে, একটি main clause আরেকটি sub-ordinate clause তাকে Complex Sentence বলে।
Note: Sub-ordinate clause-এর শুরুতে clause marker (what / why / when / where / how / that *etc.*) থাকে।
For example:
I know what you think.
লক্ষণীয়, "I know" main clause এবং "what you think" sub-ordinate clause কেননা, sub-ordinate conjunction "what" দ্বারা পরের clause-টি শুরু হয়েছে।

Active : Subject + verb + what/why/when/where/how/that *etc.* দিয়ে শুরু clause.
Passive : Subject হিসেবে বসবে (what/why/when/where/how দিয়ে শুরু sentence) + singular be verb (tense অনুসারে) + v3 + by + প্রথম subject-এর object.

❑ Object ছাড়া Sub-ordinate clause:

For example:
Active : I know what you think.
Passive : What you think is known to me.
Or, It is known to me what you think.
Active : She explained how I will reach there.
Passive : How I will reach there was explained by her.
Or, It was explained by her how I will reach there.
Active : What you say pleases me.
Passive : I am pleased at what you say.
Active : All said that he was an honest man.
Passive : That he was an honest man was said by all.
অথবা, It was said by all that he was an honest man.

অজানা কথা:

i. কোনো clause বাক্যের subject হলে তার পর verb হয় সর্বদায় singular হয়।
ii. যে কোনো clause-এর pronoun হিসেবে "It" ধরা হয়। যেমন:
What you say is known to all.
অথবা,
What you say না বলে, বলা যেত: It is known to all.

❑ Object যুক্ত Sub-ordinate clause:

Active : Everybody believes that the boy will get the prize.
Passive : It is believed by everybody that the prize will be got by the boy.
লক্ষণীয়, "That"-এর পরের বাক্যটিতে object "the prize" আছে। সেই জন্য উভয় পাশে passive করা হয়েছে। তবে, "that" এর পরে object না থাকলে শুধুমাত্র "that" clause বাদে অন্যটি passive করতে হবে। যেমন:

পার্থক্যটা অনুধাবন করো:

Active	Passive
I know that she will cook rice.	It is known to me that rice will be cooked by her.
I know that she will cook.	It is known to me that she will cook. **Or,** That she will cook is known to me.

Complex Sentence in Imperative Mood

যেহেতু imperative sentence-কে main clause ভাবা হয়, সেই জন্য শুধুমাত্র imperative sentence-এর সাধারন নিয়ম অনুযায়ী passive করতে হবে।

Active : Imperative sentence + subordinate clause.
Passive : Let + object + be + v3 + subordinate clause.

For example:
Active : Do it as I say.
Passive : Let it be done as I say.
Active : Help him as he wants.
Passive : Let him be helped as he wants.

☑ Passive to Active (Using Imaginative Subject)

কিছু ইংরেজি বাক্য সর্বদাই passive-এ বলা বা লিখাই ভালো। ওই বাক্য গুলোকে যদি active করতে বলা হয়। তবে, পরিবেশ-পরিস্থিতি বা ঘটনা বুঝে একটি কাল্পনিক (imaginative) subject নিয়ে আসতে হয়। যাকে অন্যকথায় "Passive to Active" করা বলে।

Passive: Subject + be verb (tense অনুসারে) + v3 + extension.
Active: কল্পনামূলক subject + tense অনুযায়ী verb + object + extension.

For example:
Passive : English is spoken all over the world.
Active : People speak English all over the world. ["People" কল্পনামূলক subject]
Passive : The trees have been uprooted.
Active : The Tsunami has uprooted the trees. ["Tsunami" কল্পনামূলক subject]
Passive : The unfed should be fed.
Active : We should feed the unfed.
Passive : The child has been kidnapped.
Active : Someone/Smuggler (পাচারকারী) has kidnapped the child.
Note: মানুষ কর্তৃক সংঘটিত হলে কল্পনামূলক subject হিসেবে "Someone" ব্যবহার করা যেতে পারে। তবে, ঘটনাটি ঘটানোর আসল ব্যক্তির নমুনা জানতে পারলে সেই ব্যক্তির নাম ব্যবহার করাই ভালো।
যেমন: উপরের শেষ বাক্যতে শিশুকে kidnap করার ক্ষেত্রে যদিও "someone" ব্যবহার করা হয়েছে। তবে, "kidnap" এর ক্ষেত্রে "Smuggler" শব্দটি subject হওয়ার বেশি যোগ্যতা রাখে।

অজানা কথা:

i. Someone বসবে, ব্যক্তি কর্তৃক সংঘটিত কাজ হলে।
ii. Storm / natural disaster / flood / earthquake বসবে, প্রাকৃতিক বিপর্যয় বোঝালে।
iii. The authority বসবে, প্রাতিষ্ঠানিক কোন দায়িত্ব, কর্তৃত্ব বোঝালে।

☑ Something Extra

i. It is high time/It is time:

Structure:
Active : It is high time to+v1------.
Passive : It is high time + for + object +to be+v3-----.
For example:
Active : It is high time to shut up the shop.
Passive : It is high time for the shop to be shut up.

Active : It is time to close the running project.
Passive : It is time for the running project to be closed.

ii.Infinitives:

❑ **Bare infinitive:** see/help/make/hear *etc.*
Active : I saw him go.
Passive : He was seen to go by me.
Active : I helped him to do/do it.
Passive : He was helped by me to do it.

❑ **Infinitive:** want/wish/like/love *etc.*
Active : I wish him to do the work.
Passive : He is wished to do the work by me.
Or, He is wished by me to do the work.= Inconsistent in terms of meaning

❑ **Something/anything/everything + infinitive:**
Active : There are lots of things to do.
Passive : There are lots of things to be done.
Active : There is nothing to say.
Passive : There is nothing to be said.

Practice:Level-01

Change the following sentences from active to passive:
a) It paralyses the whole nation.
b) We should make the proper use of computer.
c) Who does not love a truthful person?
d) People say that health is the root of all happiness in our life.
e) The princess called the young farmer and rewarded him.
f) We take care of the trees.
g) His work pleased the relative.
h) Some books will make you wise.
i) I saw him leave the place.
j) Call them on time.

Practice:Level-02

Change the following sentences from active to passive:
a) What does he telecast?
b) A sick man cannot enjoy life.
c) People forget their miseries for the time being.
d) Books introduce us to the best society.
e) Everybody dislikes him.
f) He sold the eggs in the market.
g) Do not make a noise.
h) Go as far as the eye can see.
i) Panic seized us.
j) Whom did they call again and again?

Practice:Level-03

Change the following sentences from active to passive:
a) It causes serious damage to the soil.
b) We don't usually see it near the human habitations.
c) Trees help us in many ways.
d) People of all ages enjoy the game.
e) He can take physical exercises.
f) Never ignore them for their negligence.
g) What created the main problem?
h) How will he manage them properly?
i) They made me the leader.
j) One should perform the duty.

Passive to Active:

Change the following sentences from passive to active:
a) Awareness should be created in the public.
b) Much harm is caused by his yielding and reckless activities.
c) The princess was impressed by the melody of the flute.
d) English is spoken all over the world.
e) About fifteen students were expelled.
f) They should be taken care of.
g) Taimur was defeated.
h) Computers are being used in every sphere of our life.

i) The greenhouse effect will be caused by it.
j) The picture has been illustrated beautifully.

Simple - Complex - Compound

Changing Sentence মূলত দুই ধরনের:

এবার Changing Sentence-এর আরেকটি ধরন (Structure/গঠন অনুযায়ী) অর্থাৎ Simple - Complex - Compound-নিয়ে আলোচনা করা যাক।

❑ Simple Sentence কী?

যে বাক্যে একটি subject ও একটি finite verb থাকে, তাকে simple sentence বলে।

আরেকটু সহজ করে বললে-

Simple sentence এমন একটি sentence, যা শুধুমাত্র একটি independent clause নিয়ে গঠিত।

For example:

I wish him to be a doctor. (আমি চাই সে ডাক্তার হোক।)
He sings a song. (সে একটি গান গায়।)
Reaching home, I found nobody. (বাসায় পৌছে, আমি কাউকে পেলাম না।)
We saw the little girl dancing on the stage. (আমরা ছোট বালিকাটিকে মঞ্চে নাচতে দেখেছিলাম।)

লক্ষণীয়, উপরের ৪টি বাক্যতে যথাক্রমে "wish, sing, found ও saw" finite verb এবং প্রতিটি বাক্যের subject একটি করে। সুতরাং, উপরের ৪টি sentence-ই simple sentence।

অজানা কথা:

i. Finite verb সর্বদাই subject এর নিকটবর্তী হবে।
ii. Finite verb মূলত tense গঠনে সাহায্য করে। সহজ করে বললে, যে verb-এর present - past ও past participle হয়। [Finite verb সম্পর্কে বিস্তারিত verb chapter এ]
iii. Simple sentence আকারে অনেক বড় হতে পারে, কিন্তু লক্ষ্য করলে দেখা যাবে subject এবং finite verb-এর সংখ্যা একটি করে।

❑ Complex Sentence কী?

যে বাক্যে একটি main clause এবং একটি dependent/subordinate clause (অধীন বাক্যাংশ) থাকে, তাকে complex sentence বলে।

আরেকটু সহজ করে বললে-

Complex sentence-এ একটি independent clause এবং কমপক্ষে একটি dependent clause থাকে।

Shortcut: independent clause + dependent clause = complex sentence

উল্লেখ্য, এক্ষেত্রে independent clause এবং dependent clause আগে-পরে বসতে পারে।

For example:

If you say, I will respond. (যদি তুমি বল, আমি সাড়া দেব।)

I will help you if you want. (তুমি যদি চাও আমি তোমাকে সাহায্য করব।)
As you were ill, you could not go there. (যেহেতু তুমি অসুস্থ ছিলে, তুমি সেখানে যেতে পারনি।)
I know what you want to say. (আমি জানি তুমি কি বলতে চাও।)
Wait here until help comes. (সাহায্য না আসা পর্যন্ত এখানে অপেক্ষা করো।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে দুইটি করে clause রয়েছে। একটি principal/main clause (independent clause) এবং অন্যটি sub-ordinate clause (dependent clause)।

If, as, what ও until যুক্ত sentence গুলো subordinate clause (অপ্রধান বাক্য)।

আর অন্য sentence গুলো principal clause (প্রধান বাক্য)। সুতরাং, উপরের বাক্যগুলো complex sentence।

অজানা কথা:

i. Complex sentence-এর কিছু চিহ্ন বা conjunction আছে। যেগুলো দেখলে তুমি নিঃসন্দেহে বলতে পারো, বাক্যটি Complex sentence।

   চিহ্নগুলো:

   as (যেহেতু), when (তখন), since (যেহেতু), if (যদি), unless (যদি না), so that (যাতে), in order that (যাতে), so----that (এতো---যে), Though/ although (যদিও), While (যখন), Wh. words, (who / which / that / what / when / where *etc.*), till (যতক্ষণ পর্যন্ত), until (যতক্ষণ পর্যন্ত না), though (যেন) *etc.*

ii. Complex sentence-এ কমপক্ষে দুইটি subject ও দুইটি finite verb থাকে। তার মানে complex sentence মানেই কমপক্ষে দুইটি sentence/clause।

❑ Compound Sentence কী?

দুই বা ততোধিক main clause যখন co-ordinate conjunction দ্বারা যুক্ত করা হয়, তখন তাকে compound sentence বলে।

আরেকটু সহজ করে বললে-

একটি compound sentence অন্তত দুটি independent clause-নিয়ে গঠিত একটি বাক্য।

Shortcut: Independent clause + for / **and** / nor / **but** / **or** / yet / so + Independent clause = Compound sentence

For example:

I got a GPA of 4 and she got a GPA of 3.
(আমি জিপিএ-৪.০০ পেয়েছিলাম এবং সে পেয়েছিল জিপিএ-৩.০০।)
He tried a lot but finally failed to reach there.
(সে অনেক চেষ্টা করেছিল কিন্তু অবশেষে সেখানে পৌছাতে ব্যর্থ হয়েছিল।)
Do or die. (কর নতুবা মর।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে co-ordinate conjunction (and, but, or) দ্বারা দুই পাশে দুইটি main clause-কে যুক্ত করা হয়েছে। এইজন্য, উপরের প্রত্যেকটি বাক্যই compound sentence।

অজানা কথা:

i. Co-ordinate conjunction গুলোকে মনে রাখতে পারো "FANS BOY" বলে। অর্থাৎ, For, And, Not, So, But, Or, Yet
ii. আরো কিছু irregular coordinating conjunction: যেমন- Otherwise, therefore, not only ----- but also *etc.*।
iii. Co-ordinating conjunction এর আগে ও পরে সমজাতীয় subject ও verb হলে দ্বিতীয় বাক্যে সেই subject ও verb উহ্য থাকে।

যেমন: He is poor **but** honest.
আসলে বাক্যটি যেমন ছিল: He is poor **but** he is honest.

Simple - Complex - Compound-এ পরিবর্তনের ক্রম

i. Complex to Simple
ii. Simple to Compound অথবা
iii. Vice-Versa (উল্টা-উল্টি)

সেইজন্য সম্পূর্ণ আলোচনাকে [**Complex থেকে Simple এবং Simple থেকে Compound**] এই ক্রমানুসারে সাজানো হয়েছে।
উল্লেখ্য, এই ক্রমানুসারে আলোচনা করার কারণ হলো বিভিন্ন সময়ে প্রশ্নগুলো এমনভাবে হয়েছে।

Rule-01:

Complex sentence-এ As / since ("কারণ" অর্থে) / when-যুক্ত বাক্যের দুইটি clause-এর subject একই হলে:

Simple-এ শর্তাবলি:
As/since/when উঠে যাবে + as/since/when যুক্ত বাক্যের main verb + ing হবে + comma (,) + দ্বিতীয় clause.

Compound-এ শর্তাবলি:
As/since/when উঠে যাবে + as/since/when-যুক্ত বাক্যটি বসে + and + দ্বিতীয় clause.

For example:

i. **Complex:** As I looked at the stranger, I became frightful.
(যেহেতু আমি আগন্তুকটির দিকে তাকিয়েছিলাম, আমি ভয় পেয়েছিলাম।)
Simple: Looking at the stranger, I became frightful.
(আগন্তুকটির দিকে তাকিয়ে, আমি ভয় পেয়েছিলাম।)
Compound: I looked at the stranger and became frightful.
(আমি আগন্তুকটির দিকে তাকিয়েছিলাম এবং ভয় পেয়েছিলাম।)
ii. **Complex:** When he was sleeping on the bed, he felt the softness of mattress.
(যখন সে বিছানায় ঘুমাচ্ছিল, সে গদির নমনীয়তা অনুভব করেছিল।)
Simple: Sleeping on the bed, he felt the softness of mattress.
(বিছানায় ঘুমিয়ে, সে গদির নমনীয়তা অনুভব করেছিল।)
Compound: He was sleeping on the bed and felt the softness of mattress.
(সে বিছানায় ঘুমিয়েছিল এবং গদির নমনীয়তা অনুভব করেছিল।)

অজানা কথা:

"and/but"-এর আগে ও পরে সমজাতীয় subject/verb হলে, and/but-এর পরে উক্ত subject/verb আর দ্বিতীয়বার বসে না।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : As/Since/When-যুক্ত বাক্যের subject একই হলে:
Simple : Verb+ing-----,+ 2nd clause.
Compound : 1st clause + and + 2nd clause.

Rule-02:

Complex এ, As/since/when যুক্ত বাক্যের দুইটি clause-এর subject ভিন্ন হলে এবং প্রথম clause-এ "be verb/have verb" থাকলে-

Simple-এ শর্তাবলি:
As/since/when উঠে যায় + as/since/when-যুক্ত বাক্যের subject + being (be verb থাকলে) / having (have verb থাকলে) + বাকি অংশ + comma (,) + দ্বিতীয় clause

Compound-এ শর্তাবলি:
As/since/when উঠে যায় + প্রথম clause + and + দ্বিতীয় clause.

For example:

i. **Complex:** As Mita was inattentive, the teacher advised her to be attentive. (যেহেতু মিতা অমনোযোগী ছিল, শিক্ষক তাকে মনোযোগী হতে উপদেশ দিয়েছিল।)
Simple: Mita being inattentive, the teacher advised her to be attentive. (মিতা অমনোযোগী হওয়ায়, শিক্ষক তাকে মনোযোগী হতে উপদেশ দিয়েছিল।)
Compound: Mita was inattentive and the teacher advised her to be attentive. (মিতা ছিল অমনোযোগী এবং শিক্ষক তাকে মনোযোগী হতে উপদেশ দিয়েছিল।)
ii. **Complex:** When all the players had a hope for winning, the coach felt relaxed. (যখন সকল খেলোয়াড়ের জেতার আশা ছিল, কোচ স্বস্তি পেয়েছিল।)
Simple: All the players having a hope for winning, the coach felt relaxed. (সকল খেলোয়াড়ের জেতার আশা থাকায়, কোচ স্বস্তি পেয়েছিল।)
Compound: All the players had a hope for winning and the coach felt relaxed. (সকল খেলোয়াড়ের জেতার আশা ছিল এবং কোচ স্বস্তি পেয়েছিল।)

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : As/since/when যুক্ত বাক্যের subject ভিন্ন এবং "be verb/have verb" হলে:
Simple : Subject+being/having+---,+ 2nd clause.
Compound : 1st clause+and +2nd clause.

অজানা কথা:

i. Be verb যেটাই থাকুক, "being" হবে এবং have verb যেটাই থাকুক, "having" হবে। কেননা, "ing" সবসময় মূল form-এর সাথে যুক্ত করতে হয়।
ii. কমার ভেতরে বসা being/having "participle" হয়ে যায়।

Rule-03:

Complex এ, As/since/when-যুক্ত বাক্যের subject একই ব্যক্তি/বস্তু হলে এবং প্রথম বাক্যে be verb / have verb থাকলে এবং বিশেষ কোনো কারণ নির্দেশ করলে-

Simple-এ শর্তাবলি:

As/since/when ও subject উঠে যায় + Because of + as/since/when যুক্ত বাক্যের subject এর Possessive form + being (be verb থাকলে) / having (have verb থাকলে) + বাকি অংশ + comma (,) + দ্বিতীয় clause.

Compound-এ শর্তাবলি:

As/since/when উঠে যায় + প্রথম clause + and + দ্বিতীয় clause

For example:

i. **Complex:** Since he was small, he could not help his father's business. (যেহেতু সে ছোট, সে তার বাবার ব্যবসায় সাহায্য করতে পারেনি।)
   Simple: Because of his being small, he could not help his father's business. (সে ছোট হওয়ায়, সে তার বাবার ব্যবসায় সাহায্য করতে পারেনি।)
   Compound: He was small and could not help his father's business. (সে ছোট ছিল এবং তার বাবার ব্যবসায় সাহায্য করতে পারেনি।)

ii. **Complex:** As the man had a son, he thought him as his last adaptation. (যেহেতু লোকটির একটি পুত্র সন্তান ছিল, সে তাকে শেষ সম্বল ভেবেছিল।)
   Simple: Because of his having a son, the man thought him as his last adaptation. (পুত্র সন্তান থাকায়, লোকটি তাকে শেষ সম্বল ভেবেছিল।)
   Compound: The man had a son and thought him as his last adaptation. (লোকটির একটি পুত্র সন্তান ছিল এবং তাকে শেষ অবলম্বন ভেবেছিল।)

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : As/Since/When যুক্ত বাক্যের subject একই ব্যক্তি/বস্তু এবং "কারণ" প্রকাশ করলে:
Simple : Because of + possessive + being/having---,+2nd clause.
Compound : 1st clause + and + 2nd clause.

অজানা কথা:

i. শুধু "Because of" নয়, যে কোনো phrase-এর সাথে "of" থাকলে "possessive + verb + ing" হয়।
ii. "Because of"-এর পর সরাসরি adjective-এর noun করা যেতে পারে। যেমন:
   Because of illness, she did not go there.
   অথবা, Because of her illness, she did not go there.
iii. দুইটি clause-এর subject আলাদা হলে, অবশ্যই "Because of" এর পর "**possessive**+noun/noun phrase" বসাতে হবে।
   Complex : Since **she** was ill, **I** did not meet her.
   Simple : Because of being ill, I did not meet her. [Incorrect]
   Simple : Because of **her** being ill/, I did not meet her. [Correct]

Rule-04:

Complex-এ যদি, If যুক্ত বাক্যটি affirmative (হ্যাঁ-বোধক) হয়:

Simple-এ শর্তাবলি:

If + subject তুলে "By + if" যুক্ত sentence-এর verb + ing + বাকি অংশ + comma (,) + দ্বিতীয় clause.

Compound-এ শর্তাবলি:

"If" তুলে প্রথমে clause + and + দ্বিতীয় clause.

For example:

i. **Complex:** If you study a lot, you can get a good result.
   (যদি তুমি অনেক পড়, তবে তুমি ভালো ফলাফল পেতে পারো।)
   Simple: By studying a lot, you can get a good result.
   (অনেক পড়ার মাধ্যমে তুমি ভালো ফলাফল পেতে পারো।)
   Compound: Study a lot and get a good result.
   (অনেক পড় এবং ভালো ফলাফল পাও।)
   অথবা, You study a lot and can get a good result.

ii. **Complex:** You will survive if you take proper steps.
   (তুমি টিকে থাকবে যদি তুমি যথার্থ পদক্ষেপ নাও।)
   Simple: By taking proper steps, you will survive.
   (যথার্থ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে তুমি টিকে থাকবে।)
   Compound: Take proper steps and survive. (যথার্থ পদক্ষেপ নাও এবং টিকে থাকো।)

লক্ষণীয়, Compound sentence -এ verb দ্বারা শুরু হওয়ায় "and" পরবর্তী আলাদা করে subject "you" উল্লেখ করা হয়নি।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : If+sub+------(affirmative sentence).
Simple : By+verb+ing-----,+2nd clause.
Compound : 1st clause +and+ 2nd clause.

অজানা কথা:

i. If-যুক্ত clause-টি শেষে থাকলে, সেই clause-টি শুরুতে এনে simple করতে হবে।
   For example:
   Complex : You can get a good result if you study a lot.
   Simple : By studying a lot, you can get a good result.
ii. By+verb এর সাথে ing হলে "ing"-যুক্ত verb টিকে "gerund/noun/verbal noun" বলে।

Rule-05:

Complex Sentence-টি যদি If + negative বা unless যুক্ত হয়:

Simple-এ শর্তাবলি:

If + subject তুলে + Without বসে + if যুক্ত বাক্যের main verb এর সাথে "ing" হয় + comma (,) + দ্বিতীয় clause

Compound-এ শর্তাবলি:

If উঠে যায় + প্রথম clause + or + দ্বিতীয় clause

For example:

i. Complex: If you do not attend the meeting, you will not know the real incident.
(যদি তুমি মিটিংয়ে/সভায় উপস্থিত না হও, তুমি আসল ঘটনা টি জানতে পারবে না।)
Simple: Without attending the meeting, you will not know the real incident.
(মিটিংয়ে/সভায় উপস্থিত হওয়া ছাড়া তুমি আসল ঘটনাটি জানতে পারবে না।)
Compound: Attend the meeting or you will not know the real incident.
(মিটিংয়ে উপস্থিত হও নতুবা তুমি আসল ঘটনা জানতে পারবে না।)

ii. Complex: Unless you play well, you can't win the game.
(যদি না তুমি ভালো খেলো, তুমি খেলায় জিততে পারবে না।)
Simple: Without playing well, you can't win the game.
(ভালো খেলা ছাড়া তুমি খেলায় জিততে পারবে না।)
Compound: Play well or you can't win the game.
(ভালো খেলো নতুবা/অথবা তুমি খেলায় জিততে পারবে না।)

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : If+sub+------(negative sentence)/Unless+------
Simple : Without+(verb+ing)-----,+2nd clause
Compound : 1st clause +or+ 2nd clause

Note: If-এর পরের বাক্যটি affirmative বা negative উভয়ই হতে পারে। কিন্তু, unless-এর পরে সর্বদাই affirmative বাক্য বসে।

মনে রেখো, শুধুমাত্র এই একটি ক্ষেত্রে compound করতে "or" ব্যবহার হয়। তবে "or"-এর সমার্থক conjunction "otherwise" বসানো যাবে।

অজানা কথা:

i. If বা Unless-যুক্ত বাক্যকে conditional sentence বলে।
ii. Without এর পর verb-এর সাথে ing হলে "ing" যুক্ত verb-টি gerund হয়ে যায়।
iii. "By ও Without" দুটিই preposition। তবে, একে অপরের বিপরীতার্থক অর্থ দিয়ে থাকে। অর্থাৎ, "By" affirmative sentence এর জন্য, অন্যদিকে "Without" negative sentence এর জন্য ব্যবহৃত হয়।

Rule-06:

Complex sentence-টিতে so that/in order that থাকলে:

Simple-এ শর্তাবলি:

প্রথম clause + so that/in order that থেকে modal verb পর্যন্ত তুলে "to" + দ্বিতীয় sentence-এর verb-এর base form (v1) + বাকি অংশ

Compound-এর শর্তাবলি:

প্রথম clause + and + subject + wants to/want to/ wanted to + v1 + বাকি অংশ

For example:

i. **Complex:** He works hard so that he can get a good result.
(সে কঠোর পরিশ্রম করে যাতে সে ভালো ফলাফল পেতে পারে।)
Simple: He works hard to get a good result.
(ভালো ফলাফল পেতে সে কঠোর পরিশ্রম করে।)
Compound: He works hard and wants to get a good result.
(সে কঠোর পরিশ্রম করে এবং ভালো ফলাফল পেতে চায়।)

ii. **Complex:** She tried to solve the problem so that she could get the next opportunity.
(সে সমস্যাটির সমাধান করতে চেষ্টা করেছিল যাতে সে পরবর্তী সুযোগটি পেতে পারে।)
Simple: She tried to solve the problem to get the next opportunity.
(পরবর্তী সুযোগটি পেতে সে সমস্যাটির সমাধান করতে চেষ্টা করেছিল।)
Compound: She tried to solve the problem and wanted to get the next opportunity.
(সে সমস্যাটির সমাধান করতে চেষ্টা করেছিল এবং পরবর্তী সুযোগটি পেতে চেয়েছিল।)

লক্ষণীয়, Simple-এ "so that" থেকে modal verb পর্যন্ত তুলে দিয়ে "to + verb" এর base form হয়েছে। Compound-এ আগের tense-টি present tense "works" হওয়ায় "and" এর পর "want to /wants to" হয়েছে এবং আগের tense টি past tense "tried" হওয়ায় "and" এর পর "wanted" হয়েছে।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : 1st clause+so that/in order that+ sub+modal verb+v1---
Simple : 1st clause+to+v1----
Compound : 1st clause+and want/wants/wanted +to+v1----

অজানা কথা:

Main verb-এর আগে "to" বসালে, সেটা infinitive হয়।

Rule-07:

Complex sentence টিতে "so-----that" থাকলে:

Simple-এ শর্তাবলি:

প্রথম subject + verb + "so" তুলে "too" +adj/adv.+ "that থেকে modal verb" তুলে to + v1+ বাকি অংশ।

Compound-এ শর্তাবলি:

1st clause-এ "too" তুলে "very" + and + দ্বিতীয় clause।

For example:

i. **Complex:** The boy is so little that he cannot do this small task.
(বালকটি এতোই ছোট যে সে এই ছোট কাজটি করতে পারে না।)
Simple: The boy is too little to do this small task.
(বালকটি এতোই ছোট যে এই ছোট কাজটি করতে পারে না।)
Compound: The boy is very little and he cannot do this small task.
(বালকটি খুব ছোট এবং সে এই ছোট কাজটি করতে পারে না।)

ii. **Complex:** The sum was so hard that I could not understand it.
(অঙ্কটি এতোটাই কঠিন যে আমি বুঝতে পারিনি।)
Simple: The sum was too hard to understand it.
(অঙ্কটা বোঝা খুব কঠিন ছিল।)
অথবা, The sum was too hard for me to understand it.
Compound: The sum was very hard and I couldn't understand it.
(অঙ্কটা খুব কঠিন ছিল এবং আমি বুঝতে পারিনি।)

লক্ষণীয়, প্রথম clause-টি present tense হলে, পরের clause-এ হয় "cannot" এবং প্রথম clause-টি past tense হলে পরের clause-এ হয় "could not"।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex: ------+so-----+that+sub+can/could+not-----
Simple: ---------+too-------+to+v1----
Compound: ------+very-----+and------

অজানা কথা:

i. "too-----to" থাকলে বাক্যের অর্থ সাধারণত negative হয়।
ii. "so-----that"-কে co-relative conjunction/pair conjunction বলে।
iii. "too/so/very" শব্দগুলো adverb, তাই পরের word টি adjective/adverb হয়।

Rule-08:

Complex sentence টিতে Though/Although থাকলে:

Simple-এ শর্তাবলি:

Though/Although উঠে যায় + শুরুতে In spite of / Despite + Though/Although-যুক্ত বাক্যের subject এর possessive + being (be verb থাকলে) / having (have verb থাকলে) / verb + ing (যে কোনো main verb থাকলে) + বাকি অংশ + comma (,) + দ্বিতীয় clause

Compound-এ শর্তাবলি:

Though/Although বাদে প্রথম clause + but + দ্বিতীয় clause

For example:

i. **Complex:** Though he got American visa, he did not go to America.
(যদিও সে আমেরিকান ভিসা পেয়েছিল তবুও সে আমেরিকায় যায়নি।)
Simple: In spite of / Despite his getting American visa, he did not go to America.
(আমেরিকার ভিসা পাওয়া সত্ত্বেও সে আমেরিকায় যায়নি।)
Compound: He got American visa but did not go to America.
(সে আমেরিকান ভিসা পেয়েছিল কিন্তু আমেরিকায় যায়নি।)
ii. **Complex:** Though he is poor, he is honest. (যদিও সে গরিব, তবুও সে সৎ।)
Simple: In spite of / Despite his being poor, he is honest. (গরীব হওয়া সত্ত্বেও সে সৎ)
Compound: He is poor but honest. (সে গরীব কিন্তু সৎ।)

Note: শুধুমাত্র Though / Although"-কে compound করতে "but" ব্যবহার করা হয়। আর কোন নিয়মেই compound করার ক্ষেত্রে "but" ব্যবহার করা লাগেনা।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex : Though/Although+-------
Simple : In spite of/Despite+possessive+(verb+ing/noun)----,+2nd clause
Compound : 1st clause+but+2nd clause

অজানা কথা:

i. "In spite of " এবং "Despite" মূলত preposition, সেজন্য এদের পরে "verb+ing" হয়।
ii. শুধুমাত্র এই compound-এর ক্ষেত্রে "but" বসে, আর কোনো ক্ষেত্রে নয়।

Rule-09:

Complex sentence-টিতে "while" থাকলে:

Simple-এ শর্তাবলি:

"While" তুলে "Besides" + বাকি অংশ

Compound-এ শর্তাবলি:

Subject + verb (পরের sentence-এর tense অনুযায়ী) + not only + প্রথম বিষয় + but also + দ্বিতীয় বিষয়

For example:

i. **Complex:** While taking tea, I took coffee. (চা খেতে খেতে কফি নিলাম।)
Simple: Besides taking tea, I took coffee. (চা খাওয়ার পাশাপাশি কফিও নিলাম।)
Compound: I took not only tea but also coffee.
(আমি শুধু চা-ই নিইনি, কফিও নিয়েছিলাম।)
ii. **Complex:** While singing, she was dancing. (যখন সে গান গাচ্ছিল, তখন সে নাচছিল।)
Simple: Besides singing, she was dancing. (গান গাওয়ার পাশাপাশি সে নাচছিল।)
Compound: She was not only singing but also dancing.
(সে শুধু গান'ই গাইছিলোনা, নাচছিলোও বটে।)

লক্ষণীয়, While-এর পরে যে verb এর সাথে ing করা হয়। পরের বাক্যের tense দেখে সেই verb এর tense পরিবর্তন করা হয়েছে।

❑ Shortcut-এ সহজ হোক:

Complex:While+(verb+ing)-----,+2nd clause
Simple: Besides+(verb+ing)-----,+2nd clause
Compound: not only-----but also

অজানা কথা:

i. Besides অর্থ-"অধিকন্তু/পাশাপাশি/এছাড়াও" যেটি preposition ও adverb উভয় হয়। উল্লেখিত বাক্যে Preposition হিসেবে ব্যবহার হয়েছে, কেননা adverb এর পর "ing" হয় না।

ii. While মূলত "conjunction" তবুও এর পর "verb+ing" হয়েছে, কারণ বাক্যটিতে subject লুকানো আছে।
For example:
While taking tea,----------
While I was taking tea,--------

iii. "not only ----- but also/not---but" কে pair conjunction বলা হয়।

Rule-10:

Complex sentence-এ যদি, who/which/that (relative pronoun) থাকে, তাহলে তা সাধারণত ৩টি ধরনে পরিবর্তন হয়।

Type-01: ------+ Determiner + Participle (v+ing) + Noun
Type-02: ------+ Noun/Pronoun + Participle (v+ing)
Type-03: ------+ Article + Adjective + Noun

❑ Type-01 অনুযায়ী Example:

i. **Simple:** I see a singing bird. = [Participle + noun দিয়ে simple sentence]
(আমি একটি গান গাওয়া পাখি দেখি।)
Complex: I see a bird which is singing. = জীবজন্তু বোঝানোতে "which" হয়েছে
(আমি একটি পাখি দেখি যেটা গান গাইছে।)
Compound: I see a bird and it is singing. = জীবজন্তু বোঝানোতে and এর পর "it" হয়েছে
(আমি একটি পাখি দেখি এবং এটি গান গাইছে।)

ii. **Simple:** I saw a standing man. [Participle + noun দিয়ে simple sentence]
(আমরা দাঁড়িয়ে থাকা একজন মানুষকে দেখেছিলাম।)
Complex: I saw a man who was standing. = ব্যক্তি বোঝানোতে "who" হয়েছে
(আমি একজন মানুষকে দেখেছিলাম যে দাঁড়িয়েছিল।)
Compound: I saw a man and he was standing. = ব্যক্তি বোঝানোতে and এর পর "he" নেওয়া হয়েছে
(আমি একজন মানুষ দেখেছিলাম এবং সে দাঁড়িয়েছিল।)

লক্ষণীয়, প্রথম simple sentence-টি present tense হলে, complex sentence টি present continuous tense হয় এবং প্রথম simple sentence-টি past tense হলে, complex sentence-টি past continuous tense হয়।

অজানা কথা:
Participle মানেই চলমান বা continuous কোন কাজ। এইজন্য complex করার সময় present continuous অথবা past continuous tense হয়।

❑ Type-02 অনুযায়ী Example:

i. **Simple:** I saw the man jumping. = [noun (obj) + participle দিয়ে simple sentence]
(আমি মানুষটিকে লাফ দিতে দেখেছিলাম।)
Complex: I saw that the man was jumping. = প্রথম বাক্য + সর্বদাই "that" + দ্বিতীয় বাক্য
(আমি দেখেছিলাম যে মানুষটি লাফ দিচ্ছিলো।)

Compound: I saw and the man was jumping. = প্রথম বাক্য + and+ দ্বিতীয় বাক্য
(আমি দেখেছিলাম এবং মানুষটি লাফ দিচ্ছিলো।)

ii. **Simple:** We notice him drawing. = [pronoun(obj) + participle দিয়ে simple sentence]
(আমরা তাকে ছবি আঁকতে দেখি।)
Complex: We notice that he is drawing. = প্রথম বাক্য + সর্বদাই "that" + দ্বিতীয় বাক্য
(আমরা দেখি যে, সে ছবি আঁকছে।)
Compound: We notice and he is drawing. = প্রথম বাক্য + and+ দ্বিতীয় বাক্য
(আমরা দেখি এবং সে ছবি আঁকছে।)

❑ Type-03 অনুযায়ী Example:

i. **Simple:** We saw a dead man. = [Article + adjective + noun দিয়ে simple sentence]
(আমরা একটি মৃত মানুষ দেখেছিলাম।)
Complex: We saw a man who was dead. = ব্যক্তিকে বোঝানোর "who" বসেছে
(আমরা একটি মানুষ দেখেছিলাম যে ছিল মৃত।)
Compound: We saw a man and he was dead. = (ব্যক্তিকে বোঝানোর and এর পর "he" হয়েছে)
(আমরা একটি মানুষকে দেখেছিলাম এবং সে ছিল মৃত।)

ii. **Simple:** They see a big tree. = [Article + adjective + noun দিয়ে simple sentence]
(তারা একটি বড় গাছ দেখে।)
Complex: They see a tree that/which is big. = বস্তু হওয়ায় "that/which" বসেছে
(তারা একটি গাছ দেখে যা বড়।)
Compound: They see a tree and it is big. = বস্তুকে বোঝানোর and এর পর "it" হয়েছে
(তারা একটি গাছ দেখে এবং এটি বড়।)

Note: Relative pronoun-যুক্ত sentence-কে Transformation করার ক্ষেত্রে rules এর থেকে example-ই better।
এজন্য example এবং পাশের note দেখে বোঝার চেষ্টা করো কি থাকলে পরিবর্তনে কি আনা হয়েছে।

Something More

আরো কিছু sentence আছে যেগুলো প্রায়শই বিভিন্ন পরীক্ষায় আসতে দেখা যায়। নিম্নে সেই সকল sentence গুলোর "Simple to Complex" করে দেখানো হলো:

Problem-01:

গণনাযোগ্য noun এর পূর্বে enough থাকলে "so many---that" যোগ করে complex করতে হয়।
Simple : She collected **enough** old things to make an archive.
(সে অনেক পুরনো জিনিস সংগ্রহ করেছিল সংগ্রহশালা তৈরির উদ্দেশ্যে।)
Complex : She collected **so many** old things **that** she could make an archive.
(সে অনেক পুরনো জিনিস সংগ্রহ করেছিল যা দিয়ে সে সংগ্রহশালা তৈরী করতে পারে।)
লক্ষণীয়, Simple-এ enough + countable noun/noun phrase "old things" থাকায় complex-এ "so many ----- that" বসেছে।

Problem-02:

গণনা করা যায় না এমন noun এর পূর্বে enough থাকলে "so much" যোগ করে complex করতে হয়।

Simple : She has **enough** wealth to impress the buyers.
(ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তার যথেষ্ট সম্পদ আছে।)

Complex : She has **so much** wealth **that** she can impress the buyers.
(তার যথেষ্ট সম্পদ আছে যা দ্বারা সে ক্রেতাদের আকৃষ্ট করতে পারে।)

লক্ষণীয়, "wealth- সম্পদ" শব্দটি uncountable, যার পূর্বে enough বসেছে। এই জন্য complex এ "so much ----- that" বসেছে।।

অজানা কথা:

i. Many + countable noun (plural)
ii. Much + uncountable noun

Problem-03:

Subject + be verb + adjective (complement) থাকলে:

Simple : Health is wealth. (স্বাস্থ্যই সম্পদ।)
Complex : It is health which is wealth. = "It ----- which" ব্যবহার করতে হবে (এটা স্বাস্থ্য যা সম্পদ)
Compound : It is health and wealth. = Compound-এ সাধারণ নিয়ম অনুযায়ী "and" বসে
(এটা স্বাস্থ্য এবং সম্পদ।)
Simple : Unity is strength. (একতাই বল।)
Complex : It is unity which is strength. (এটাই ঐক্য যা শক্তি।)
Compound : It is unity and strength. (এটি ঐক্য এবং শক্তি।)

Problem-04:

"Know" verb এর object হিসেবে clause থাকলে:

i. **Complex:** I know where she lives. = ("know" এর পর "where" দিয়ে একটি clause)
(আমি জানি সে কোথায় বাস করে।)
Simple: I know her living place. = (clause এর verb এর সাথে সঙ্গতি রেখে clause কে phrase এ পরিণত করতে হবে) (আমি তার থাকার জায়গা জানি।)
অথবা, I know her residence. (আমি তার বাসা জানি/চিনি।)

ii. **Complex:** Everybody knows when I will leave. (প্রত্যেকে জানে কখন আমি স্থানটি ত্যাগ করব।)
Simple: Everybody knows my leaving time. (আমার স্থানটি ত্যাগ করার সময় প্রত্যেকেই জানে।)
অথবা, Everybody knows the time of my departure. (আমার প্রস্থানের সময় প্রত্যেকেই জানে।)

iii. **Complex:** I know what his name is. (আমি জানি তার নাম কি।)
Simple: I know his name.(আমি তার নাম জানি।)

লক্ষণীয়, Simple করার সময় একটি subject ও একটি finite verb ঠিক রেখে, বাকি clause টির অর্থ বুঝে phrase তৈরী করা হয়েছে।

লক্ষ্য রাখতে হবে, phrase ব্যবহারের মাধ্যমে পূর্বের clause-এর অর্থ যেন পরিবর্তন হয়ে না যায়।

Problem-05:

"When" যুক্ত clause-টি "সময়" নির্দেশ করলে, simple করতে সময় যুক্ত clause-কে "at/in" preposition দিয়ে phrase-এ পরিণত করতে হবে।

Complex : When I was 10 years old, I lived in USA.
Simple : At the age of 10, I lived in USA.

Complex : When it was raining, we were playing football.
Simple : At the time of raining, we were playing football.

Complex : When it was 2020, the terrible covid-19 spread all over the world.
Simple : The terrible covid-19 spread all over the world in 2020.
Or, In 2020, the terrible covid-19 spread all over the world.

Complex : When it was winter, we visited our relatives' house.
Simple : We visited our relatives' house in winter.

অজানা কথা:

Preposition "at/in" দিয়ে গঠিত phrase গুলোকে Prepositional phrase বা adverbial phrase বলে।

Practice:Level-01
আলোচনার আলোকে

To simple:
Change the following sentences to simple sentences:

a) If you do not work hard, you cannot shine in life.
b) Run fast and you will catch the train.
c) When his father saw it, he became very angry.
d) He may have vast property but he can not enjoy it.
e) If we get up early, we can inhale fresh oxygen.
f) Since he did not have a house, he lived with his wife in the hut.
g) Though he is old, he is very active.
h) People who live in plenty do not eat the right kind of food.
i) I saw that a cottage was burning.
j) When it is time to lay eggs, the cuckoos lay eggs in the nests of the crows.

Practice:Level-02
জানার প্রয়োগ

Change the following sentences to simple sentences:

10. সঠিক উত্তর- (b) "I will meet you tomorrow", he said. কারণ reported speech প্রথমে থাকলে inverted comma (“ ”) এর পর comma (,) ব্যবহার করে reporting verb দিতে হয়।

Connector & Linking Word

(সংযোগকারী শব্দ)

Connector বা linking word দুটি independent clause বা স্বাধীন বাক্যের মধ্যে সংযোগ স্থাপন করে বাক্যের অর্থকে প্রবাহমান রাখে। তাহলে দুইটি স্বাধীন বাক্যের মধ্যে সংযোগ স্থাপনকারী শব্দসমূহকে Connector/Linker বলে।

আরো সহজ করে বললে-

Sentence connector গুলো ব্যবহার হয় একটি বাক্য থেকে আরেকটি বাক্যে ধারণা (idea) গুলোর মিশ্রন করতে এবং paragraph-এর সংহতি বজায় রাখতে।

Traditional grammar গুলোতে connector এবং linker-কে ভিন্ন ভাবে দেখানো হয়:

Connector: Full stop এর পর বা কোন sentenc এর শুরুতে সংযোগ স্থাপনকারী যে শব্দ বসে, তাকে connector বলে।

Linker: একটি sentence এর ভেতরে সংযোগ স্থাপনকারী যে শব্দ বসে, তাকে linker বলে।

For example:

a) He decided to go to England. **Then** he informed his mother of the matter.
b) I reached there on time. **So** everyone was very happy.
c) I know the man **who** met me last year.
d) Study a lot **until** success comes.

লক্ষণীয়, উপরে (a) ও (b) নং বাক্যতে "Then এবং So " connector হিসেবে বসেছে।
(c) ও (d) নং বাক্যতে "who এবং until " linker হিসেবে বাক্যের মাঝে বসেছে।

অজানা কথা:

i. Sentence connector গুলো মূলত conjunction।
ii. Conjunction একের অধিক "word-শব্দ/phrase-শব্দগুচ্ছ/clause-বাক্যাংশ" কে যুক্ত করে।
iii. Modern/contemporary English-এ connector এবং linking word ভিন্ন কিছু নয়।

নিম্নে কিছু গুরুত্বপূর্ণ Connector/Linking word-এর তালিকা দেওয়া হলো

☑ "সময়" প্রকাশক কিছু connector:

i. While (যখন) - I warned you *while* you were doing the same mistakes. (আমি তোমাকে সাবধান করেছিলাম যখন তুমি একই ভুলগুলো করেছিলে।)
ii. When (যখন) - When you were 18 years old, you got a golden opportunity to go abroad. (যখন তোমার বয়স ছিল আঠারো তখন তুমি বিদেশ যাওয়ার সুবর্ণ সুযোগ পেয়েছিলে।)
iii. At present / Nowadays (বর্তমানে/আজকাল) - At present social awareness is very necessary to remove the ill practice of food adulteration. (বর্তমানে খাদ্যে ভেজালের কুপ্রথা দূর করতে সামাজিক সচেতনতা খুবই প্রয়োজন।)

iv. Before/After (পূর্বে/পরে) -
The coach reached the playground *after* the players had reached the playground. (কোচ খেলার মাঠে পৌঁছানোর পর খেলোয়াড়রা সেখানে গিয়েছিলো।)
The coach had reached the playground *before* the players reached the playground. (খেলোয়াড়রা মাঠে পৌঁছানোর পূর্বেই কোচ মাঠে পৌঁছেছিলো।)
v. At that time (সেই সময়) - *At that time* I was busy when you called me. (সেই সময় আমি ব্যস্ত ছিলাম যখন তুমি আমাকে ডেকেছিলে।)
vi. Afterwards (পরে/ভবিষ্যতে) - The students were surprised by the teacher's teaching method but were less impressed hearing his lifestyle *afterwards*. (শিক্ষার্থীরা শিক্ষকের পড়ানোর নতুন পদ্ধতি দেখে অবাক হয়েছিল কিন্তু পরে তার জীবনচর্চার কথা শুনে কিছুটা কম মুগ্ধ হয়েছিলো।)

অজানা কথা:

i. একই সময়ে ঘটে যাওয়া (সেটা হতে পারে present/past/future সময়ে) দুইটি ঘটনার যোগসুত্র হিসেবে connector "while" বসে।
ii. একেবারে নির্দিষ্ট (a specific point in time) সময়ে ঘটে যাওয়া কাজ এর যোগ সূত্র হিসেবে connector "when" বসে।

☑ "অতিরিক্ত তথ্য যুক্তকারী" কিছু connector:

i. In addition (অধিকন্তু/তাছাড়াও) - *In addition* to reading academic books, I like to read magazine. (পাঠ্য বই পড়া ছাড়াও আমি পত্রিকা পড়তে পছন্দ করি।)
ii. Anyway/Anyhow (যাই হোক) - You have missed the last train. *Anyway*, you can stay with me. (তুমি শেষ ট্রেনটি ছেড়ে দিয়েছো। যাই হোক, তুমি আমার সাথে থাকতে পারো।)
iii. Again (আবার) - She lost her wallet. *Again*, she missed her last train schedule. (সে তার টাকা রাখার ব্যাগটি হারিয়েছিলো। আবার, সে তার ট্রেনের সময়টাও মিস করেছিলো।)
iv. However/Besides (তাছাড়াও) - He lost his all papers. *Howeve,* he fell in a new problem. (সে তার সমস্ত কাগজপত্র হারিয়েছিলো। তাছাড়াও, সে আরো একটি নতুন সমস্যায় পড়েছিলো।)
v. Then/After that (তারপর) - He asked me a question. *Then* I answered. (সে আমাকে একটি প্রশ্ন করেছিলো। তারপর আমি উত্তর দিয়েছিলাম।)
vi. For example/For instance (উদাহরণস্বরূপ) - All avoided him *for example*- his friends, his brothers and his wife as well. (সবাই তাকে বর্জন করেছিলো, উদাহরণস্বরূপ- তার বন্ধুরা, তার ভাইয়েরা এবং তার স্ত্রীও।)
vii. According to / Accordingly (অনুসারে) - *According to* your suggestion, I completed my task. (তোমার পরামর্শ অনুসারে আমি আমার করণীয় কাজটি শেষ করেছিলাম।)
viii. Furthermore (আরো) - He collected many old coins. *Furthermore*, he is searching for new coins. (সে অনেক পুরনো মুদ্রা সংগ্রহ করেছিলো। সে আরো নতুন মুদ্রা খুঁজছে।)

☑ "সাদৃশ্যতা/তুলনা" প্রকাশক কিছু connector:

i. Likewise (তদ্রূপ) - Your father was a famous singer. *Likewise*, you are a singer. (তোমার বাবা ছিলেন একজন বিখ্যাত গায়ক। তদ্রূপ ভাবে তুমিও একজন গায়ক।)

ii. As ----- as / So ----- as (তেমন ----- যেমন) - Zeba is *as* beautiful *as* Zerin. (জেবা তেমনই সুন্দর যেমনটা জেরিন।)

iii. Whereas (যেখানে) - Ratul got a GPA of 5.00, *whereas* you got a GPA of 4.00. (রাতুল জিপিএ-৫ পেয়েছিলো যেখানে তুমি পেয়েছিলে জিপিএ-৪।)

iv. Thus/In this way (এভাবে) - After completing her graduation, she got the job. *Thus* she has organised her life. (তার স্নাতক শেষ করার পর সে চাকরি পেয়েছিলো। এভাবেই সে তার জীবন সাজিয়েছে।)

v. Like (মতো) - Your presence is *like* a thunderbolt. (তোমার উপস্থিতি অনেকটা অপ্রত্যাশিত /বজ্রধ্বনীর মতো।)

☑ "কারণ/ফলাফল" প্রকাশক কিছু connector:

i. As a result (ফলে) - He failed in test exam. *As a result* he did not appear at final exam. (সে টেস্ট পরীক্ষায় ফেল করেছিলো। ফলে সে ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি।)

ii. As/Since (যেহেতু) - *As* you did the mistake, you faced many problems. (যেহেতু তুমি ভুলটি করেছিলে সেহেতু তুমি সমস্যার সম্মুখীন হয়েছিলে।)

iii. Consequently/So/Therefore (ফলশ্রুতিতে/অতএব/সুতরাং) - You were absent in the class. *Consequently/So/Therefore*, you did not know the matter of assignment. (তুমি ক্লাসে অনুপস্থিত ছিলে। ফলশ্রুতিতে, তুমি কাজটি/এ্যাসাইনমেন্টটির ব্যাপারে জানতে পারোনি।)

iv. Finally (অবশেষে) - He lost his all documents and suffered a lot. *Finally*, he got his all documents back. (সে তার সমস্ত প্রমাণাদি হারিয়েছিলো এবং অনেক কষ্টও ভোগ করেছিলো। অবশেষে সে তার সমস্ত প্রমাণাদি ফিরে পেয়েছিল।)

v. Because (কারণ) - He is out of mind *because* his father has died today. (তার মন খারাপ কারণ তার বাবা মারা গেছে।)

vi. That is why/For the reason (এইজন্য/এই কারণে) - He is irregular in his studies. *That is why* you should take care of him. (সে তার পড়াশোনায় অনিয়মিত। এইজন্য তোমার উচিত তার প্রতি যত্নবান হওয়া।)

☑ "সমজাতীয় তথ্য/ঘটনা/ক্রমবর্ণনা" প্রকাশক কিছু connector:

i. And (এবং) - The weather was rough *and* we were confined in the room. (আবহাওয়া প্রতিকূলে ছিলো এবং আমরা ছিলাম ঘরে বন্দি।)

ii. Which/That (যা/যে) - We are searching something *which/that* is innovative. (আমরা কিছু খুঁজছি যা উদ্ভাবনীমূলক/নতুন।)
We know *that* we are living in the era of technology. (আমরা জানি যে আমরা প্রযুক্তির যুগে বাস করছি।)

iii. Who (যে) - Allah helps those *who* help themselves. (আল্লাহ তাদেরকে সাহায্য করে যারা নিজেদেরকে সাহায্য করে।)

iv. Firstly/Secondly/Thirdly (প্রথমত/দ্বিতীয়ত/তৃতীয়ত) - There are many reasons for water pollution. *Firstly*, we do unwise activities. *Secondly*, we are not careful. *Thirdly/Finally* we don't know the bad impact of using water pollution. (পানি দূষণের অনেক কারণ। প্রথমত, আমরা অনেক অনভিজ্ঞ কাজ করি। দ্বিতীয়ত, আমরা সচেতন নই। তৃতীয়ত/সর্বশেষ আমরা দূষিত পানি ব্যবহার করার খারাপ প্রভাব জানিনা।)

☑ "একে অপরের সম্পূরক" এমন কিছু connector:

i. Not only ----- but also (শুধু ---- নয় ----- বটে) - The GM wants *not only* the recent files *but also* the back-dated files. (মহাব্যবস্থাপক শুধু বর্তমান নথিগুলোই চায়না সে পুরনো নথিগুলোও চায়।)

ii. Both ----- and (উভয়ই) - *Both* housing *and* living are great problem in Dhaka city. (ঢাকায় বাড়ি করা ও বাস করা উভয়ই বড় সমস্যা।)

iii. Either ----- or (এটি ----- ঐটি) - You don't know, the real reason is *either* this *or* that. (তুমি জান না, আসল কারণ হয় এইটা নতুবা ঐটা।)

iv. Neither ----- nor (এটিও না ----- ঐটিও না) - The boss like *neither* you *nor* me. (বস তোমাকেও পছন্দ করেনা আমাকেও করেনা।)

v. Whether ----- or not (কি না -----) - *Whether* you come to me *or* not I will meet the man. (তুমি আমার কাছে আসো বা না আসো আমি লোকটির সাথে সাক্ষাৎ করবো।)

অজানা কথা:

উল্লেখিত connector গুলোকে pair conjunction বলা হয়।

☑ "বিপরীত অর্থ" প্রকাশক কিছু connector:

i. Although/Though (যদিও) - *Although/Though* he tried a lot, he failed. (যদিও সে অনেক চেষ্টা করেছিলো, তবুও সে ব্যর্থ হয়েছিলো।)

ii. Than (চেয়ে) - She is smaller *than* he. (সে তার চেয়ে ছোট।)

iii. Or (অথবা/নতুবা) - Do *or* die. (হয় করো নতুবা মরো।)
- Stay with me *or* get ready for next obstacles. (আমার সাথে থাকো নতুবা পরবর্তী বাধা সমূহের জন্য প্রস্তুত থাকো।)

iv. But (কিন্তু) - The boy got the citizenship of Bangladesh *but* his parents did not get it. (বালকটি বাংলাদেশের নাগরিকত্ব পেয়েছিলো কিন্তু তার পিতামাতা পায়নি।)

v. Otherwise (অন্যথায়) - Stay with me as I call you. Otherwise, I will never recall you. (আমার সাথে থাকো যেহেতু আমি তোমাকে ডাকি। অন্যথায়, আমি তোমাকে আর স্মরণ করবো না।)

vi. On the other hand/On the contrary (অপর পক্ষে/পক্ষান্তরে) - Dowry system is a social issue. *On the other hand*, Hortal is a political issue. (যৌতুক প্রথা একটি সামাজিক সমস্যা। অন্যদিকে হরতাল একটি রাজনৈতিক সমস্যা।)

vii. Instead/Rather (পরিবর্তে/বরং) - He took Math instead of Biology. (সে জীববিজ্ঞানের পরিবর্তে গণিত নিয়েছিলো।)

viii. Sometimes/Often (মাঝে মাঝে/প্রায়শই) -
Sometimes we meet him in midnight. (মাঝে মাঝে আমরা তার সাথে মধ্য রাতে দেখা করি।)
They *often* meet me in midnight. (তারা আমার সাথে প্রায়শই মধ্যরাতে দেখা করে।)

☑ "উদ্দেশ্য" প্রকাশক কিছু connector:

i. In order to (উদ্দেশ্যে) - All the students went to public library *in order to* read the daily newspaper. (সকল ছাত্র-ছাত্রী উন্মুক্ত পাঠাগারে গিয়েছিলো পত্রিকা পড়ার উদ্দেশ্যে।)
ii. Owing to/Due to (জন্য) - I was absent in the rag day *due to* my illness. (আমার অসুস্থতার জন্য আমি র‍্যাগ-ডে তে অনুপস্থিত ছিলাম।)
iii. With a view to / for (জন্য) - Students should go to study tour with a view to exploring something. (নতুন কিছু আবিষ্কারের উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সফরে যাওয়া উচিৎ।)

অজানা কথা:
"In order to , Owing to/Due to , With a view to / for" এগুলো মূলত preposition, তবে দুইটি sentence-এর মাঝে বসলে তা linker/conjunction হয়।

☑ "শর্ত" প্রকাশক কিছু connector:

i. If (যদি) - *If* you suggest me, I will follow your suggestion. (যদি তুমি আমাকে পরামর্শ দাও তাহলে আমি তোমার পরামর্শ অনুসরণ করবো।)
ii. Unless (যদি না) - *Unless* you study more, you will not cut a good figure in the exam. (যদি না তুমি অনেক পড়ো, তুমি পরীক্ষায় ভালো ফল পাবে না।)

অজানা কথা:
"If/Unless" দ্বারা গঠিত sentence কে conditional sentence বলে।

☑ "ঘটনার পরিসমাপ্তি" প্রকাশক কিছু connector:

i. Finally/At the end/So (অবশেষে/সুতরাং) - The jury board discussed the relevant issue day long. *Finally* they took an appropriate decision. (নির্ণায়ক সভা প্রাসঙ্গিক সমস্যাটি নিয়ে দিনব্যাপী আলোচনা করেছিলো। অবশেষে, তারা একটি ঠিকঠাক সিদ্ধান্ত নিয়েছিলো।)
ii. After all/Above all/In this respect (সর্বোপরি/এই ক্ষেত্রে) - You did many mistakes. *After all* you could not get immigration visa. (তুমি অনেক ভুল করেছিলে। সর্বোপরি তুমি এইজন্য অভিবাসী ভিসা পেয়েছিলে না।)
iii. Mainly/Specially (প্রধানত/বিশেষ ভাবে) - We preffered a soup menu *specially* chinese soup. (খাদ্য তালিকার মধ্যে আমরা বিশেষ করে চাইনিজ সুপ পছন্দ করেছিলাম।)
iv. Indeed/No doubt (প্রকৃতপক্ষে/নিঃসন্দেহে) - *Indeed*, he is a freedom fighter, we know. (প্রকৃতপক্ষে, আমরা জানি, সে একজন মুক্তিযোদ্ধা।)

অজানা কথা:
যে connector গুলোর পর কমা বসে, সেগুলোকে adverb অথবা adverbial phrase বলা হয়।

Practice:Level-01
আলোচনার আলোকে

Complete the sentences using connectors/linking words:

a) On Eid day I bought new clothes --- Punjabi for them.
b) Our teacher explained the right thing --- we failed to understand.
c) Mr. Raju will try to go abroad --- start a new business in the country.
d) --- everyone uses Google as an important source of information.
e) I am glad to see you. ---, how fast have you come?
f) --- you will understand your mistakes.
g) Once he wasted money. ---, he is living a miserable life.
h) ---, the administration has banned night wandering.
i) It is the wrong path --- will lead you further in the wrong direction.
j) I like --- local food and foreign food.
k) --- she was late in class, the teacher did not tell her anything.
l) I can speak Hindi well. ---, he can write Hindi well.
m) ---you do the right thing on time, your future will be bright.
n) They went through all the steps. ---, they fell behind due to a minor mistake.
o) ---, a mannered person wants to be in touch with another good mannered person.
p) I could not go to school --- I was very sick.
q) --- their proposal was good enough, the authorities considered the matter.
r) I did everything --- the message given by the head of the organization.
s) --- he was 12 years old, he was more talented.
t) I can do a lot --- writing poems.

Practice:Level-02
জানার প্রয়োগ

1. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

Although	but	not only	both	and	but also	unless

Life in villages and that in town has (a) --- advantages and disadvantages. Village life is calm and quite and free from traffic jam (b) --- city life is full of noise. (c) --- village life has many attraction and advantages, it lacks many facilities available in the city. City life (d) --- provides us with the facilities of education and treatment (e) --- with many other amenities.

2. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

If	and	Along with	though	thus	so	since

Computer virus is terror to the users of computers. (a) --- it is not the biological virus, it disturbs the plain operation of a computer. Computer virus is usually a programme to

delete the files which are saved (b) --- useful memories. Sometimes the virus attacks the hard disk (c) --- harms it. (d) --- these happen, (e) --- no operation is possible after the attack.

3. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

if	according to	what	where	which	and	if

The foods that we eat can be divided into six kinds (a) --- what substances they contain and (b) --- benefits they do to us. Fish, meat, peas and milk provide us with protein (c) --- builds our body and help us grow. (d) --- we do not take all these, we cannot grow well. Vitamins and mineral salts protect us from diseases (e) --- keep us fit for work.

4. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

beside	like	through	during	on	along

It was late night when I started for my home. While I was walking (a) --- the roads, it looked (b) --- an unknown Dhaka. Some dogs were lying idly (c) --- the footpath. There was a busy traffic as it is often found (d) --- the day time. I stopped (e) --- the neighboring park and took a long breath. Suddenly a police car stopped before me and asked what I was doing there alone at such late night.

5. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

because	that	in fact	but	although	who

Those (a) --- learn nothing in life are set down as failures. (b) --- they have neglected little things. They may themselves consider (c) --- the world has gone against them, (d) --- they have been their own enemies. There has long been a popular belief in good luck (e) --- like many other popular nations it is gradually giving way.

6. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

So	while	that	and	than	so that	similarly

It is true that new friends are compared to silver and the old friends to gold (a) --- it is a common knowledge (b) --- gold is more valuable metal (c) --- silver. (d) --- old friends are more important than new ones. (e) --- old friends have been tried but new ones have not been put to any test yet.

7. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

But	even	at last	if	at first	although	which

Dengue fever is a serious disease (a) --- is caused by a kind of virus called Dengue Virus. (b) --- this virus was identified in Africa. (c) --- now it has spread all over the world. (d) --- in most cases dengue fever has its remedy. It is better to prevent it. (e) --- we keep our dwelling houses clean and people are conscious of it, we can easily avoid this disease.

8. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

so	nowadays	but also	generally	usually	and	in the past

A thing of beauty is a joy for ever. A flower is a symbol of beauty (a) --- purity. Its sweet smell attracts one to all. (b) --- flower cultivation was very rare in our country. But the scenario has changed. (c) --- many people cultivate flower not only for enjoying their beauty (d) --- for earning money. Now in big cities and towns many flower shops have flourished where different kinds of flowers are sold. (e) --- flower cultivation holds bright prospect.

9. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

but also	both	if	moreover	as well as	what	so

Paper has become an inseparable item of modern civilization (a) --- it is removed from earth, our life will be motionless. For writing anything (b) --- we need is paper. Not only books, newspapers etc. are printed on paper (c) --- various information is put or printed on it. (d) --- we can put our present thought in paper for future. Considering these all, we should remain grateful to paper (e) --- its inventor.

10. Fill in the blanks with suitable linking words or connectors from the list:

For this	because	moreover	to begin with	however	after that

Yesterday was my first day at my new job. (a) --- I was very nervous (b) ---I didn't know anybody, (c) --- I had heard that the boss was very impatient. (d) --- when I met the boss, I discovered that he was an old school friend of mine. (e) --- everything went very well.

Practice:Level-03
পূর্ণাঙ্গ দক্ষতা নির্ণয়

1. **Use appropriate sentence connectors:**
Education is essential in our life. (a) --- we are not properly educated we cannot live in honourable life in society. It teaches us (b) --- how to earn but also how to spend. (c) ---, it teaches (d) --- to live in amity with others in society. (e) --- we must get proper education. (f) --- we should bear in mind (g) --- education is not only what we learn at educational institutions (h) --- we can learn outside these institutions. (i) ---, education is a life-long process. It begins just after our birth (j) --- ends only with death.

2. **Use appropriate sentence connectors:**
Dowry is now a great problem in Bangladesh. (a) --- its origin traces back to Hindu culture. According to Hindu tradition daughters inherit nothing from their parents. (b) --- at the time of their marriage the parents (c) --- guardians of a Hindu bride have to give money, gold etc. to the bridegroom. (d) --- unfortunately this very

thing has turned into a Muslim custom. Though it has been referred to as a forbidden thing in Islam, it is going on. (e) ---, it is a great curse. It is harmful (f) --- to the family of the bride (g) --- to society. (h) ---, it destroys the dreams and hopes of a young girl. (i) --- we must remove it from society at any cost. (j) --- it will harm our society greatly.

3. **Use appropriate sentence connectors:**
Mobile phone is one of the greatest inventions of modern science. It is useful (a) --- in respect of communication (b) --- in many other ways. We can enjoy videos, songs etc. on it. (c) --- we can enjoy the programmes of radio and TV through it. (d) ---, its price is not so high. Common people can buy it easily. (e) --- it has proved itself a very important thing in our daily life. (f) --- it has dark aspects also. Young boys and girls enjoy pornography (g) --- obscene things on it. (h) --- they are getting morally depraved. (i) --- we must be careful about things. (j) --- it will lead our young generation to the pit of darkness.

4. **Use appropriate sentence connectors:**
(a) --- globalization is the process of expanding trade and commerce all over the world by creating a borderless market. (b) --- it has a far-reaching effect on many aspects of life. It is affecting many aspects of our life (c) --- our culture, music, dress, food, our way of life etc. (d) --- our own culture is losing its individuality. (e) --- we notice this thing closely it becomes clear to us. Now young boys and girls cut their hair in the styles of western people. They sing (f) --- in the tone of western music but also to the musical instruments of western countries. (g) --- our native songs are gradually losing their popularity. True that western culture has many good things. (h) --- we should not follow it blindly. (i) --- we should absorb what is good. We must be careful about it, (j) --- we are to lose our individuality in course of time.

5. **Use appropriate sentence connectors:**
Load-shedding is the suspension of electricity on certain lines (a) --- the demand is greater than the generation. It is acute in Bangladesh (b) --- energy shortage affects the citizens' life and the development of the country. In our country load-shedding occurs at any time. (c) --- normally it happens just after the evening. (d) ---, it is greatly harmful. Due to it, production in mills and factories get stopped and (e) --- it causes great economic loss to the country. (f) ---, students' study is hampered. Patients in the hospital (g) --- suffer. So this problem should be solved (h) --- possible. We hope (i) --- government should ponder over the matter (j) --- take necessary steps against this curse.

6. **Use appropriate sentence connectors:**
Health is the greatest wealth of human beings. (a) --- a sick man having high rise buildings, huge amount of money, highest degrees from famous universities in the world, cannot enjoy their fruits. He gets irritated even in good things. (b) --- he suffers greatly. (c) ---, a healthy poor man enjoy the world to the utmost. He can enjoy (d) ---delicious foods (e) --- beautiful sights of the world. He feels happy among his friends. (f) --- good health is a great blessing in life. (g) --- we must be careful about our health. In order to be healthy we must maintain the rules of health. (h) --- we must eat balanced diet having all the basic nutritious elements. (i) --- we have to take regular physical exercise. (j) ---, we have to maintain hygiene.

7. **Use appropriate sentence connectors:**
The process of globalization obviously requires a common language for international communication. (a) --- many different reasons, English has achieved the prestige of being that language. (b) ---, it has crossed national borders to reach people (c) --- speak other languages. It is no longer the unique possession of British (d) --- American or other native-speaker people, (e) --- a language (f) --- belongs to the world's people. (g) ---, bilingual and multilingual users of English far outnumber its monolingual native-speakers. This phenomenon has led to a bewildering variety of English around the world. (h) --- more and more people speak English, more and more varieties have emerged (i) --- are strongly influenced by the pronunciation, grammar (j) --- idioms of the respective mother tongues.

8. **Use appropriate sentence connectors:**
Bangladesh is a small country. (a) --- it has a large population. This huge population is creating various problems (b) --- poverty, unemployment, terrorism, etc. (c) ---, people here live in great distress. (d) --- we look at the city life, we see it is afflicted with so many problems. Here (e) --- these problems are created by excessive pressure of overpopulation. (f) ---, population has become the cause of many problems. (g) --- we must control population growth. In order to rein population growth back we have to undertake some steps. (h) --- we should make people conscious of the bad effects of over population. (i) ---, we must make the people knowledgeable about the methods of birth control. (j) ---, illiteracy and ignorance have to be eliminated from society so that people can take sensible decision of their own.

9. **Use appropriate sentence connectors:**
Pahela Baishakh is one of our greatest festivals. This fair is not connected to any special community (a) --- it is connected to our whole nation. On this day, all people irrespective of religion and colour indulge in pure delight. (b) --- it is our national festival. Pahela Baishakh is observed (c) --- in the cities but also in rural

areas. (d) --- the whole country assumes a festive look. (e) ---, this fair is connected to our national identity. We became independent on the identity (f) --- we are Bangladeshi (g) --- Bengali is our mother tongue. This sense and unity encouraged us so greatly (h)___ no enemy could subdue us. We celebrate it with different programmes. Radio and television (i) --- air various programmes. (j) --- newspapers bring out special supplements on this occasion.

10. Use appropriate sentence connectors:

Drug addiction is (a) --- a national problem but it is also a global one. A large number of people (b) --- the young generation are addicted to it. There are many types of drug (c) --- morphine, heroine, marijuana, cocaine etc. Most of the people are addicted to it at their teenage. (d) --- they realize the consequences of drug addiction, it is too late. They want to shirk off the habit. (e) --- they cannot. The drug addicts are a threat to (f) --- their families and society. When the drug addicts do not get money to buy drugs, they become ferocious. They misbehave with their parents. (g) --- they become terrorists. The causes of drug addiction are many. (h) --- the main causes are depression, bad company, unhappy condition in family. (i) ---, curiosity to taking drug often leads to addiction. (j) ---, people of all walks of life should come forward to save the young generation from this curse.

Practice
MCQ মাধ্যম

1. Connectors বা Linkers মূলত কাকে যুক্ত করে?
   (a) word (b) phrase (c) clause (d) all
2. Connector যোগে গঠিত বাক্য কোন ধরনের বাক্য?
   (a) Simple (b) Complex (c) Compound (d) Both b & c
3. He treats me ----- he knew me before.
   (a) like (b) as if (c) as (d) when
4. Hurry up -----.
   (a) in order that you might be late. (b) lest you should miss the bus.
   (c) yet you might be late. (d) provided you might be late.
5. I will not go ----- I'm invited.
   (a) because (b) lest (c) unless (d) otherwise
6. Scarcely had we reached the station ----- the train started.
   (a) then (b) at once (c) when (d) after than
7. She is ----- punctual ----- efficient.
   (a) neither, but (b) either, or (c) very, but (d) neither, nor
8. ----- he could visit the national museum.
   (a) In spite of his being poor (b) Despite of his being poor
   (c) In spite of his being poverty (d) In spite of poor

9. It has been raining since morning. এই বাক্যে since কি?
   (a) connector (b) linker (c) conjunction (d) preposition
10. Attend on time ----- you will miss the show.
   (a) or (b) otherwise (c) unless (d) as

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) all, অর্থাৎ, connector বা linker মূলত word, phrase, clause কে যুক্ত করে।
2. সঠিক উত্তর- (d) Both b & c, যেহেতু, connector দুইটি sentence কে যুক্ত করে, সেইজন্য এটি complex বা compound যেকোনো ধরনের বাক্যই হতে পারে।
3. সঠিক উত্তর- (b) as if, প্রথম বাক্যটি present tense এবং দ্বিতীয় বাক্যটি past tense হলে "যেনো" অর্থে "as if/as though" বসে। উক্ত sentence টির বাংলা অর্থঃ সে আমার সাথে এমন আচরণ করে যেনো সে আমাকে পূর্বে থেকেই চিনতো।
4. সঠিক উত্তর- (b) lest you should miss the bus. "lest" এর পরের বাক্যতে modal verb অবশ্যই "should/might" নিয়ে আসতে হয়।
5. সঠিক উত্তর- (c) unless, উক্ত sentence টির বাংলা অর্থ- আমি যাবোনা যদিনা (unless) আমাকে দাওয়াত দেওয়া হয়।
6. সঠিক উত্তর- (c) when, "scarcely had ----- when -----" বসাতে হয়।
7. সঠিক উত্তর- (d) neither, nor, sentence টির বাংলা অর্থঃ সে না সময়নিষ্ঠ না দক্ষ। এমন দুইটি গুণাবলি না অর্থে "neither ----- nor" এই pair conjunction টি ব্যবহার করতে হয়।
8. সঠিক উত্তর- (a) In spite of his being poor, "সত্ত্বেও/হওয়া সত্ত্বেও" এমন অর্থে "In spite of / Despite + possessive + being/having + adjective" এই structure টি অনুসরণ করতে হয়। সেইদিক থেকে "(a)" নং উত্তরটি সঠিক।
9. সঠিক উত্তর- (d) preposition, কেননা preposition এর পর object হিসেবে noun (morning) বসেছে।
10. সঠিক উত্তর- (b) otherwise, sentence টির সুন্দর বাংলা করলে এমনটি হয়ঃ সঠিক সময়ে উপস্থিত হও, অন্যথায় (otherwise) তুমি অনুষ্ঠানটি দেখতে পারবে না।

Prefix & Suffix

(উপসর্গ এবং অনুসর্গ)

Prefix & Suffix-এর মাধ্যমে conversion of words (শব্দের রূপান্তর) সম্বন্ধে জানা যায়। Prefix ও Suffix যোগ করার মাধ্যমে একটি word আরেকটি নতুন parts of speech এ রূপান্তর হয়। মনে রেখো, prefix ও suffix জানার মাধ্যমে শুধুমাত্র তোমার grammar এর জ্ঞান-ই বৃদ্ধি পায় না, বরং একটি শব্দের সঙ্গে ছোট একটা চিহ্ন যোগ করে আরও একটি নতুন word/vocabulary তৈরীর মাধ্যমে তোমার vocabulary power (শব্দভান্ডার) বৃদ্ধি পায়।

What is prefix?

Prefix এর বাংলা অর্থ- উপসর্গ। কোনো শব্দের অগ্রে/পূর্বে যে বর্ণ বা বর্ণসমষ্টি বসে তাকে prefix বলে।

আরো সহজ করে বললে-

Prefix হল একটি শব্দ অংশ যা একটি শব্দের শুরুতে যুক্ত হয় একটি নতুন অর্থ তৈরি করে। (A prefix is a word part added to the beginning of a word to create a new meaning.)

For example:

dis + honest = dishonest (অসৎ)	un + necessary = unnecessary (অপ্রয়োজনীয়)
im + mortal = immortal (অমর)	be + head = behead (শিরশ্ছেদ করা)
non + stop = nonstop (অবিরাম)	en + joy = enjoy (উপভোগ করা)

লক্ষণীয়, "dis, im, non, un, be, en" এই বর্ণসমষ্টি গুলো word এর পূর্বে prefix হিসেবে বসে নতুন নতুন word তৈরী হয়েছে।

অজানা কথা:

Prefix কে অনেক সময় "half word" বলা হয়।

What is suffix?

Suffix এর বাংলা অর্থ- অনুসর্গ । মূল শব্দের অন্তে/শেষে যে বর্ণ বা বর্ণসমষ্টি যুক্ত হয়, তাকে suffix বলে।

আরো সহজ করে বললে-

Suffix হল একটি শব্দ অংশ যা একটি শব্দের শেষে যুক্ত হয় একটি নতুন অর্থ তৈরি করে।

(A suffix is a word part added to the end of a word to create a new meaning.)

For example:

faith + ful = faithful (বিশ্বস্ত)	arrive + al = arrival (আগমন)
earth + ly = Earthly (পার্থিব)	pay + ee = payee (যাকে অর্থ প্রদান করা হয়)
fashion + able = fashionable (রুচিসম্মত)	speak + er = speaker (বক্তা)
eat + able = eatable (খাওয়ার যোগ্য)	write + r = writer (লেখক)
digit + al = digital (সংখ্যা সংক্রান্ত)	deep + th = depth (গভীরতা)

লক্ষণীয়, "ful, ly, able, al, ee, er, r, th" এই বর্ণসমষ্টি গুলো word এর শেষে suffix হিসেবে বসে নতুন নতুন word তৈরী হয়েছে।

মনে রেখো: এমন অনেক শব্দ আছে যার পূর্বে prefix এবং পরে suffix উভয়ই বসতে পারে।

For example:

Unnecessarily = un + necessary + ly
Unmentionable = un + mention + able
Irregularity = ir + regular + ity

অজানা কথা:

i. Prefix এবং Suffix কে Affix (বর্ধন) বলে।
ii. Prefix এর মাধ্যমে গঠিত শব্দ সাধারণত মূল শব্দের বিপরীত অর্থ দেয়।
iii. Suffix যোগ করলে মূল শব্দের অর্থ পরিবর্তন হয় না, তবে parts of speech (পদ) পরিবর্তন হয়।

Prefix & Suffix-এ ভালো করতে কি জানা দরকার?

এই যদি হয় তোমার প্রশ্ন, তবে জেনে রাখো-

একটি বাক্যে কোথায় noun, verb, adjective এবং adverb বসে, তা জানতে হবে, তবেই Prefix & Suffix- সম্বন্ধে সঠিক ধারণা পাওয়া যাবে।

প্রথমে এমন কিছু গুরুত্বপূর্ণ কিছু word দেওয়া হলো যেগুলোতে ভিন্ন ভিন্ন prefix ও suffix ব্যবহারের মাধ্যমে ভিন্ন ভিন্ন parts of speech তৈরী হয়েছে। শুধু দেখে রাখলে হবে না, এগুলোকে আয়ত্তে রাখা চাই।

Prefixes

☑ Prefix-এ প্যাটার্ন-01:

"dis" যোগে শব্দসমূহ:

dis + allow = disallow (নামঞ্জুর করা)	dis + agree = disagree (অসম্মত হওয়া)
dis + hearten = dishearten (নিরুৎসাহিত করা)	dis + obey = disobey (অমান্য করা)
dis + honest = dishonest (অসৎ)	

অজানা কথা:

"dis, il, im, in, ir, mis, non, un" এই prefix গুলো যুক্ত হয়ে মূল word টি negative (না বোধক) অর্থ দেয়।

☑ Prefix-এ প্যাটার্ন-02:

"il" যোগে শব্দসমূহ:

il + literate = illiterate (অশিক্ষিত)	il + logical = illogical (অযৌক্তিক)
il + legible = illegible (যা সহজে পড়া যায় না)	il + legal = illegal (বেআইনি)
il + liberal = illiberal (অনুদার)	

☑ Prefix-এ প্যাটার্ন-03:

"im" যোগে শব্দসমূহ:

im + mature = immature (অপরিণত /অপক্ক)	im + potent = impotent (অক্ষম)
im +measurable = immeasurable (অপরিমেয়)	im + pure = impure (ভেজাল)
im + partial = impartial (নিরপেক্ষ)	im + polite = impolite (অবিবেচক)
im + possible = impossible (অসম্ভব)	im + personal = impersonal (উদাসীন)
im + mortal = immortal (অমর)	im + moderate =immoderate (অপরিমিত)
im + patient = impatient (অধীর)	im + movable = immovable (নিশ্চল)

☑ Prefix-এ প্যাটার্ন-04:

"in" যোগে শব্দসমূহ:

in + born = inborn (সহজাতক)	in + complete = incomplete (অসম্পূর্ণ)
in + justice = injustice (অবিচার)	in + correct = incorrect (অশুদ্ধ)
in + active = inactive (নিষ্ক্রিয়/অলস)	in + definite = indefinite (অনির্দিষ্ট)
in + capable = incapable (অযোগ্য)	in + discipline = indiscipline (বিশৃঙ্খলা)
in + visible = invisible (অদৃশ্য)	in + sensible = insensible (বোধশক্তিহীন)
in + animate = inanimate (নিষ্প্রাণ, প্রাণহীন)	

☑ Prefix-এ প্যাটার্ন-05:

"ir" যোগে শব্দসমূহ:

ir + rational = irrational (বিচার শক্তিহীন)	ir + regular = irregular (অনিয়মিত)
ir + resolute = irresolute (অপ্রতিরোধ্য)	ir + relevant = irrelevant (অপ্রাসঙ্গিক)
ir + resistible = irresistible (অপ্রতিরোধ্য)	ir + responsible = irresponsible (দায়িত্বহীন)
ir + religious = irreligious (ধর্মবিরোধী)	

☑ Prefix-এ প্যাটার্ন-06:

"mis" যোগে শব্দসমূহ:

mis + management = mismanagement (অব্যবস্থাপনা)	mis + fortune = misfortune (দুর্ভাগ্য)
mis + take = mistake (ভুল)	mis + lead = mislead (ভুলভাবে চালনা করা)
mis + fire = misfire (ভুল গুলি ছোড়া)	mis + behavior = misbehavior (অসৎ আচরণ)
mis + use = misuse (অপব্যবহার)	

☑ Prefix-এ প্যাটার্ন-07:

"non" যোগে শব্দসমূহ:

non + abridgment = non-abridgment (অসংক্ষিপ্তকরণ)	non + stop = nonstop (অবিরাম)
non + sense = nonsense (অর্থহীনতা)	non + violence = non-violence (অহিংসা)
non + abolition = non-abolition (অবিলুপ্তি)	non + self = nonself (আত্মহীন)

☑ Prefix-এ প্যাটার্ন-08:

"un" যোগে শব্দসমূহ:

un + easy = uneasy (অস্বস্তিকর)	un + pleasant = unpleasant (অপ্রীতিকর)
un + fit = unfit (অনুপযুক্ত)	un + necessary = unnecessary (অপ্রয়োজনীয়)
un + popular = unpopular (জনপ্রিয়তাহীন)	un + social = unsocial (অসামাজিক)
un + abated = unabated (অখন্ড/অক্ষুন্ন)	un + conscious = unconscious (অচেতন)
un + able = unable (অক্ষম)	un + developed = undeveloped (অনুন্নত)
un + common = uncommon (অসাধারণ)	un + usual = unusual (অস্বাভাবিক)
un + fortunate = unfortunate (হতভাগ্য)	un + safe = unsafe (অনিরাপদ /বিপজ্জনক)
un + armed = unarmed (নিরস্ত্র)	un + wise = unwise (অনভিজ্ঞ)
un + kind = unkind (নির্দয়)	

☑ Prefix-এ প্যাটার্ন-09:

"be" যোগে শব্দসমূহ:

be + lie = belie (মিথ্যা ধারণা জন্মানো)	be + quiet = bequiet (শান্ত করা)
be + cloud = becloud (মেঘাচ্ছন্ন করা)	be + head = behead (শিরচ্ছেদ করা)
be + fall = befall (ঘটা)	be + late = belate (বিলম্ব করা)
be + mean = bemean (হেয় করা)	be + little = belittle (ছোট করা)
be + fool = befool (বোকা বানানো)	be + fit = befit (মানানসই হওয়া)
be + siege = besiege (অবরোধ করা)	be + tide = betide (ঘটা)
be + friend = befriend (বন্ধুত্ব করা)	be + known = beknown (পরিচিত করা)

অজানা কথা:

Adjective বা noun এর পূর্বে "be" prefix যুক্ত হয়ে "verb" গঠিত হয়।

☑ Prefix-এ প্যাটার্ন-10:

"en" যোগে শব্দসমূহ:

en + danger = endanger (বিপদাপন্ন করা)	en + able = enable (সক্ষম করা)
en + chant = enchant (মুগ্ধ করা)	en + force = enforce (বল প্রয়োগ করা)
en + courage = encourage (উৎসাহিত করা)	en + list = enlist (তালিকাভুক্ত করা)
en + title = entitle (উপাধি দেওয়া)	en + joy = enjoy (উপভোগ করা)
en + large = enlarge (বৃদ্ধি করা)	en + rich = enrich (ধনী করা)
en + fold = enfold (ভাঁজ করা)	en + tail = entail (ঘটা)

অজানা কথা:

Adjective বা noun এর আগে "en" prefix যুক্ত হয়ে "verb" word গঠিত হয়।

Suffixes

☑ Suffix-এ প্যাটার্ন-01

"ful" যোগে শব্দসমূহ:

fear + ful = fearful (ভয়ার্ত)	cheer + ful = cheerful (আনন্দময়)
help + ful = helpful (সহায়ক)	care + ful = careful (যত্নশীল)
use + ful = useful (প্রয়োজনীয়)	mercy + ful = merciful (দয়ালু)
duty + ful = dutiful (দায়িত্ববান)	beauty + ful = beautiful (সুন্দর)
fruit + ful = fruitful (ফলদায়ক)	faith + ful = faithful (বিশ্বস্ত)

অজানা কথা:

i. Noun এর সাথে "ful" suffix যুক্ত হয়ে "adjective" word গঠিত হয়।

ii. কিছু ব্যতিক্রম শব্দ আছে যেগুলোর শেষে "ful"থাকা সত্ত্বেও শব্দগুলো noun।
যেমন: Spoon**ful** (এক চামচ), Hand**ful** (এক মুঠো), Mouth**ful** (একগ্রাস), Bucket**ful** (এক বালতি), Cup**ful** (এক কাপ) *etc.*

☑ Suffix-এ প্যাটার্ন-02:

"less" যোগে শব্দসমূহ:

sense + less = senseless (অনুভূতিহীন)	faith + less = faithless (বিশ্বাসহীন)
meaning + less = meaningless (অর্থহীন)	cheer + less = cheerless (নিরানন্দ)
care + less = careless (অসতর্ক)	taste + less = tasteless (স্বাদহীন)
fear + less = fearless (ভীতিহীন)	life + less = lifeless (প্রাণহীন)
aim + less = aimless (লক্ষ্যহীন)	use + less = useless (নিষ্প্রয়োজন)

☑ Suffix-এ প্যাটার্ন-03

"ness" যোগে শব্দসমূহ:

vague + ness = vagueness (অস্পষ্টতা)	kind + ness = kindness (দয়া)
kind + ness = kindness (দয়া)	fresh + ness = freshness (সজীবতা)
happy + ness = happiness (সুখ)	short + ness = shortness (সংক্ষিপ্ততা)
careless + ness = carelessness (উদাসীনতা)	quiet + ness = quietness (শান্তি)

অজানা কথা:

"ness" যুক্ত শব্দ গুলো abstract noun

☑ Suffix-এ প্যাটার্ন-04

"ly" যোগে শব্দসমূহ:

bad + ly = badly (জরুরীভাবে)	rapid + ly = rapidly (দ্রুতবেগে)
clear + ly = clearly (গভীরভাবে)	sick + ly = sickly (রোগা)
coward + ly = cowardly (কাপুরুষোচিত)	slow + ly = slowly (মন্থরভাবে)
direct + ly = directly (সম্পূর্ণরূপে)	smiling + ly = smilingly (হেসে হেসে)
earth + ly = earthly (পার্থিব)	week + ly = weekly (সাপ্তাহিক)
exact + ly = exactly (সম্পূর্ণরূপে)	initial + y = initially (প্রারম্ভিকভাবে)
man + ly = manly (পুরুষোচিত)	

অজানা কথা:

i. Adjective এর সাথে "ly" suffix যুক্ত হলে তা "adverb of manner" হয়।

ii. Noun এর সাথে "ly" suffix যুক্ত হলে তা "adjective" হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-05

"able" যোগে শব্দসমূহ:

answer + able = answerable (উত্তরসাধ্য)	forget + able = forgettable (ভুলে যাওয়ার মতো)
comfort + able = comfortable (আরামদায়ক)	move + able = movable (চলনশীল)
drink + able = drinkable (পানযোগ্য)	objection + able = objectionable (আপত্তিজনক)
fashion + able = fashionable (কেতাদুরস্ত)	reason + able = reasonable (যুক্তিপূর্ণ)

অজানা কথা:

Noun ও verb এর সাথে "able" suffix যুক্ত হলে "adjective" word গঠিত হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-06

"al" যোগে শব্দসমূহ:

accident + al = accidental (দুর্ঘটনামূলক)	deny + al = denial (সত্য অস্বীকার)
digit + al = digital (সংখ্যা-সংক্রান্ত)	dismiss + al = dismissal (বরখাস্ত)
verb + al = verbal (ক্রিয়াপদ-সংক্রান্ত)	propose + al = proposal (প্রস্তাব)
approve + al = approval (অনুমোদন)	refuse + al = refusal (প্রত্যাখ্যান, অস্বীকৃতি)
arrive + al = arrival (আগমন)	remove + al = removal (অপসারণ)
bury + al = burial (দাফন)	try + al = trial (বিচার)

অজানা কথা:

i. Noun-এর সাথে "al" suffix যুক্ত হয়ে "adjective" word গঠিত হয়।

ii. Verb-এর সাথে "al" suffix যুক্ত হয়ে "noun" word গঠিত হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-07

"ee" যোগে শব্দসমূহ:

exam + ee = examinee (পরিক্ষার্থী)	train + ee = trainee (প্রশিক্ষণার্থী)
pay + ee = payee (যাকে অর্থ প্রদান করা হয়)	nominate + ee = nominee (মনোনীত ব্যক্তি)
allot + ee = allottee (বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি)	address + ee = addressee (প্রাপক)
employ + ee = employee (নিয়োগপ্রাপ্ত ব্যক্তি)	

☑ Suffix-এ প্যাটার্ন-08

"er, eer, r" যোগে শব্দসমূহ:

hunt + er = hunter (শিকারি)	rule + r = ruler (শাসক)
make + r = maker (নির্মাতা)	speak + er = speaker (বক্তা)
rich + er = richer (অধিকতর ধনী)	work + er = worker (শ্রমিক)
write + r = writer (লেখক)	fight + er = fighter (যোদ্ধা)
produce + r = producer (প্রযোজক)	big + er = bigger (অধিকতর বড়)
tall + er = taller (অধিকতর লম্বা)	drive + r = driver (চালক)

অজানা কথা:

Verb-এর সাথে "ee, eer, er, r" suffix যুক্ত হয়ে noun word গঠিত হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-09

"th" যোগে শব্দসমূহ:

true + th = truth (সত্য)	wide + th = width (প্রশস্ততা)
dear + th = dearth (অভাব)	long + th = length (দৈর্ঘ্য)
warm + th = warmth (উষ্ণতা)	broad + th = breadth (প্রশস্ততা)
deep + th = depth (গভীরতা)	strong + th = strength (শক্তি)

অজানা কথা:

Adjective-এর শেষে "th" suffix যুক্ত হয়ে "noun" word গঠিত হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-10

"hood" যোগে শব্দসমূহ:

lively + hood = livelihood (জীবিকা)	child + hood = childhood (শৈশব)
adult + hood = adulthood (পূর্ণবয়স্কতা)	boy + hood = boyhood (বাল্যজীবন)
false + hood = falsehood (মিথ্যা)	

অজানা কথা:

"hood" যুক্ত শব্দ গুলো abstract noun।

☑ Suffix-এ প্যাটার্ন-11

"dom" যোগে শব্দসমূহ:

martyr + dom = martyrdom (শাহাদাৎ)	free + dom = freedom (স্বাধীনতা)
wise + dom = wisdom (জ্ঞান)	king + dom = kingdom (রাজ্য)

অজানা কথা:

কোনো word এর শেষে "hood/dom" suffix থাকলে তা " abstract noun" হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-12

"ian" যোগে শব্দসমূহ:

Malaysia + ian =Malaysian (মালাইশিয়াবাসী)	Ukraine + ian = Ukrainian (ইউক্রেইনের লোক)
Egypt + ian = Egyptian (মিশরীয়)	Canada + ian = Canadian (কানাডাবাসী)
Italy + ian = Italian (ইটালিবাসী)	
Iran + ian = Iranian (ইরানবাসী)	

অজানা কথা:

"ian" যুক্ত শব্দ গুলো proper adjective। কেননা এগুলো proper noun থেকে সৃষ্ট adjective।

☑ Suffix-এ প্যাটার্ন-13

"ic" যোগে শব্দসমূহ:

Arab + ic = Arabic (আরবি)	Prose + ic = Prosaic (গদ্যময়)
Islam + ic = Islamic (ইসলাম ধর্মীয়)	

অজানা কথা:

কিছু noun এর শেষে "ic" suffix যুক্ত হয়ে "adjective" word গঠিত হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-14

"ing" যোগে শব্দসমূহ:

hamper + ing = hampering (ব্যাহত)	write + ing = writing (লেখা)
read + ing = reading (পড়া)	die + ing = dying (মুমূর্ষু)
dance + ing = dancing (নাচ)	record + ing = recording (লিপিবদ্ধকরণ)

অজানা কথা:

i. verb + ing = gerund/verbal noun হয়।

ii. verb + ing = participle/ verbal adjective হয়। "ing" যুক্ত শব্দটি কি noun/adjective, সেটা নির্ভর করবে বাক্যে কোন অবস্থানে বসেছে তার উপর।

☑ Suffix-এ প্যাটার্ন-15

"ment" যোগে শব্দসমূহ:

allot + ment = allotment (বরাদ্দ)	appoint + ment = appointment (সাক্ষাৎ/নিযুক্তি)
replace + ment = replacement (পুনঃস্থাপন)	improve + ment = improvement (উন্নতি)
advertise + ment = advertisement (বিজ্ঞাপন)	argue + ment = argument (তর্ক)
employ + ment = employment (চাকরি)	attach + ment = attachment (সংযোজন, আসক্তি)
announce + ment = announcement (ঘোষণা)	manage + ment = management (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা)
agree + ment = agreement (চুক্তি)	establish + ment = establishment (প্রতিষ্ঠান)
enjoy + ment = enjoyment (আনন্দ)	require + ment = requirement (প্রয়োজন)

☑ Suffix-এ প্যাটার্ন-16

"tion" যোগে শব্দসমূহ:

operate + tion = operation (অস্ত্রোপচার)	oppose + tion = opposition(বিরোধিতা)
expect + tion = expectation (প্রত্যাশা)	pretend + tion = pretension (ভান)
eliminate + tion = elimination (উচ্ছেদ)	upgrade + tion = upgradation (উন্নতকরণ)
contend + tion = contention (কলহ)	utilize + tion = utilization (ব্যবহার)
narrate + tion = narration (বর্ণনা)	accommodate + tion = accommodation (বাসস্থান)

select + tion = selection (পছন্দ)	assimilate + tion = assimilation (একত্রিত করে এমন)
attend + tion = attention (মনোযোগ)	collect + tion = collection (সংগ্রহ)
stimulate + tion = stimulation (উত্তেজনা)	eradicate + tion = eradication (নির্মূলকরণ)
translate + tion = translation (অনুবাদ)	invite + tion = invitation (নিমন্ত্রণ)
notify + tion = notification (অবগতকরণ)	locate + tion = location (স্থান)

অজানা কথা:

i. Verb-এর সাথে "ment/tion" suffix যুক্ত হয়ে "noun" word গঠিত হয়।

ii. "ment/tion/hood/ness/ty" *etc.* suffix যুক্ত noun "abstract noun" হয়।

iii. এই সকল noun-এর পর verb সর্বদাই singular হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-17

"ous" যোগে শব্দসমূহ:

ruin + ous = ruinous (অধঃপতিত)	suspicion + ous = suspicious (সন্দেহজনক)
grief + ous = grievous (কষ্টদায়ক)	courage + ous = courageous (সাহসী)
marvel + ous = marvelous (বিস্ময়কর)	virtue + ous = virtuous (সদগুণের অধিকারী)
danger + ous = dangerous (বিপজ্জনক)	poison + ous = poisonous (বিষাক্ত)
glory + ous = glorious (মহিমান্বিত)	joy + ous = joyous (আনন্দদায়ক)
victory + ous = victorious (জয়সূচক)	

অজানা কথা:

Noun এর সাথে "ous" suffix যুক্ত হয়ে তা "adjective" হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-18

"s বা es" যোগে শব্দসমূহ:

read + s = reads (পড়ে)	go + es = goes (যায়)
girl + s = girls (বালিকারা)	mango + es = mangoes (আমগুলো)
stop + s = stops (থামানো)	

অজানা কথা:

i. "s" বা "es" এক ধরনের suffix।

ii. Singular (countable noun)-এর সাথে "s/es" যুক্ত হয়ে "plural noun" হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-19

"ship" যোগে শব্দসমূহ:

scholar + ship = scholarship (ছাত্রবৃত্তি)	fellow + ship = fellowship (সাহচর্য)
friend + ship = friendship (বন্ধুত্ব)	member + ship = membership (সদস্যপদ)
partner + ship = partnership (অংশীদারিত্ব)	lord + ship = lordship (মালিকানা)

অজানা কথা:

i. Common noun-এর সাথে "ship" suffix যুক্ত হয়ে abstract হয়।

ii. "ship" এমন একটি suffix, যা পূর্বের noun word এর সাথে যুক্ত হওয়ার পরেও শব্দটি noun-ই থেকে যায়।

☑ Suffix-এ প্যাটার্ন-20

"sion" যোগে শব্দসমূহ:

impress + sion = impression (মুগ্ধতা)	concede + sion = concession (অনুমোদন)
decide + sion = decision (সিদ্ধান্ত)	extend + sion = extension (প্রসার)
provide + sion = provision (রসদ)	

☑ Suffix-এ প্যাটার্ন-21

"en" যোগে শব্দসমূহ:

broad + en = broaden (প্রশস্ত করা)	haste + en = hasten (তাড়াতাড়ি করা)
loose + en = loosen (ঢিলা করা)	black + en = blacken (কালো করা)
light + en = lighten (হালকা করা)	height + en = heighten (উন্নত করা)
deep + en = deepen (গভীর করা)	thick + en = thicken (পুরু করা)
bright + en = brighten (উজ্জ্বল করা)	

অজানা কথা:

i. Adjective এর শেষে "en" suffix যুক্ত হয়ে "verb" word হয়।

☑ Suffix-এ প্যাটার্ন-22

"ize, ise" যোগে শব্দসমূহ:

sympathy + ise = sympathise (সহানুভূতি প্রদর্শন করা)	local + ise = localise (স্থানীয়করণ করা)
civil + ise = civilise (সভ্য করা)	authority + ize = authorize (ক্ষমতা অর্পণ করা)
industrial + ise = industrialise (শিল্পায়িত করা)	memory + ise = memorise (মুখস্থ করা)
apology + ize = apologize (ক্ষমা চাওয়া)	equal + ise = equalise (সমতা করা)

অজানা কথা:

i. কোনো শব্দের শেষে "ize/ise" suffix থাকলে তা "verb" হয়।

ii. শব্দের শেষে "ze" থাকলে তা American spelling (আমেরিকান বানান)।

iii. শব্দের শেষে "se" থাকলে তা British spelling (ব্রিটিশ বানান)।

☑ Suffix-এ প্যাটার্ন-23

"y/ey" যোগে শব্দসমূহ:

sun + y = sunny (রৌদ্রালোকিত)	hand + y = handy (লঘুহস্ত)
sand + y = sandy (বালুময়)	air + y = airy (হাওয়াই)
blood + y = bloody (রক্তক্ষয়ী)	health + y = healthy (স্বাস্থ্যবান)
storm + y = stormy (ঝড়ো)	dirt + y = dirty (নোংরা)
rock + y = rocky (পাথুরে)	greed + y = greedy (লোভী)
wealth + y = wealthy (সম্পদশালী)	leaf + y = leafy (পত্রবহুল)
fat + y = fatty (মোটাসোটা)	noise + y = noisy (গোলমেলে)

অজানা কথা:

Noun এর শেষে "y/ey" suffix যুক্ত হয়ে "adjective" word গঠিত হয়।

Prefix & Suffix এ পূর্ণাঙ্গতা পেতে- তোমাকে অবশ্যই জানতে হবে, একটি sentence-এ noun, verb, adjective ও adverb কোথায় এবং কখন বসাতে হয়। তাই এবার আমরা জানার চেষ্টা করব, একটি বাক্যে noun, verb, adjective ও adverb-এর অবস্থান সম্পর্কে।

Position of Noun in a Sentence

[একটি বাক্যে noun-এর অবস্থান]

Position-01:

বাক্যের subject হিসেবে noun word বসে।

For example:

(Persevere) is a great virtue. = Ans: Perseverance (অধ্যাবসায় একটি ভালো গুণ।)

(Illiterate) means inability to read and write. = Ans: Illiteracy

(অজ্ঞতা বলতে লিখা ও পড়ার অক্ষমতাকে বোঝায়।)

(Honest) is the best of all virtues. = Ans: Honesty (সততা সকল গুণাবলির মধ্যে সর্বোত্তম।)

লক্ষণীয়, "Persevere, Illiterate, Honest" এই শব্দগুলো বাক্যের subject position-এ বসেছে। সেইজন্য, শব্দগুলোকে "noun" word বানানো হয়েছে।

Position-02:

বাক্যের object হিসেবে noun word বসে।

For example:

Deforestation means (destroy) of forests. = Ans: destruction / destroying

(অরণ্য বিনাশ বলতে বন ধ্বংস করাকে বোঝায়।)

Farmers depend on (cultivate). = Ans: cultivation (কৃষকরা কৃষিকার্যের উপর নির্ভরশীল।)
We need (develop). = Ans: development (আমাদের উন্নয়ন/অগ্রগতি প্রয়োজন।)
লক্ষণীয়, "destroy, cultivate, develop" এই শব্দগুলো verb এর পরে object অবস্থানে বসায় শব্দগুলোকে "noun" word বানানো হয়েছে।

Position-03:

"To" ব্যতীত অন্যান্য preposition-এর পরে object হিসেবে noun word বসে।
For example:
An ideal student is careful about (responsible).=Ans: responsibility
(একজন আদর্শ ছাত্র দায়িত্বের ব্যাপারে সতর্ক।)
The baby suffers from (malnutritious). = Ans: malnutrition (শিশুটি পুষ্টিহীনতায় ভোগে।)
Now the parents feel lack of (aware). = Ans: awareness
(এখন অভিভাবকরা সচেতনতার অভাব অনুভব করে।)
লক্ষণীয়, "responsible, malnutritious, aware" এই শব্দগুলো preposition এর পরে বসায়, উক্ত শব্দগুলোকে "noun" word বানানো হয়েছে।

Position-04:

Complement হিসেবে "noun" word বসে।
For example:
He was a (free) fighter. = Ans: freedom (তিনি ছিলেন একজন মুক্তিযোদ্ধা।)
Mobile phone is a (give) of modern science. = Ans: gift
(মোবাইল ফোন আধুনিক বিজ্ঞানের একটি উপহার।)
Bangladesh is my (birth). = Ans: birthland (বাংলাদেশ আমার জন্মভূমি।)
লক্ষণীয়, "free, give, birth" শব্দগুলো পূর্বের উল্লেখিত noun এর পরিচয় বহন করছে, যাকে আমরা complement (পরিপূরক) বলতে পারি। আর যা complement-এর position-এ বসে, তা "noun" word হয়।
Note: Complement হিসেবে অর্থ অনুযায়ী adjective wordও বসতে পারে।

Position-05:

Subject-এর apposition হিসেবে comma (,) এর পরে noun word বসে।
For example:
Rita, a (dance), will perform in today's program. = Ans: dancer
(রিতা, যে একজন ডান্সার, আজকের অনুষ্ঠানে অভিনয় করবে।)
Sakib-Al-Hasan, a (cricket), is busy with his personal task. = Ans: cricketer
(সাকিব-আল-হাসান, যে একজন ক্রিকেটার, সে তার ব্যক্তিগত কাজে ব্যস্ত।)
I, the (narrate) of this story, will prove the fact. = Ans: narrator
(আমি, যে এই গল্পের বর্ণনাদাতা, আসল ব্যাপারটি প্রমাণ করব।)
লক্ষণীয়, "dance, cricket, narrate" শব্দগুলো পূর্বের noun/pronoun-এর আরেকটি পরিচয়, যা দুই কমার মাঝে আছে যাকে appisition বলা হয়। এই appositive-এর position-এ যে word টি বসে তাকে noun word করতে হয়।

Position of Verb in a Sentence

[একটি বাক্যে ক্রিয়ার অবস্থান]

Position-01:

Assertive: Subject + main verb + extension.
অথবা, Subject + auxiliary verb + main verb + extension.
For example:
Shetu (joy) the game. = Ans: enjoys (সেতু খেলাটি উপভোগ করে।)
The old man (tell) a story. = Ans: tells (বৃদ্ধ মানুষটি গল্প বলে।)
He is (force) the law. = Ans: enforcing (তিনি আইন প্রয়োগ করছেন।)

Position-02:

❑ **Exclamatory:** -----! + subject + verb + extension.
অথবা, What/How ----- + subject + verb!
For example:
Hurrah! he (gift) his lost child. = Ans: got (কি মজা/আনন্দ! সে তার হারিয়ে যাওয়া সন্তানকে পেয়েছিল।)
What a nice scenery he (hold)! = Ans: upholds (কি চমৎকার দৃশ্য সে তুলে ধরে!)
How sweetly she (present) herself! = Ans: represents (কত মিষ্টিভাবে সে নিজেকে উপস্থাপন করে!)

Position-03:

Interrogative:
----- auxiliary verb + subject + main verb ----- ?
For example:
Can you (belief) me? = Ans: believe (তুমি কি আমাকে বিশ্বাস করতে পারো ?)
What do you (thought) about us? = Ans: think (তুমি আমাদের সম্বন্ধে কি ভাবো ?)
Why did she (new) the passport? = Ans: renew (কেন সে পাসপোর্টটি নবায়ন করেছিল ?)

Position-04:

Imperative:
i. Verb (v1) + extension
ii. Let us+v1+ extension
iii. Do not / Never + v1 + extension
iv. Please/Kindly + verb (v1) + extension
For example:
5. সঠিক উত্তর- (b) Dash (-), হঠাৎ করেই চিন্তার আকস্মিক পরিবর্তনে Dash চিহ্ন ব্যবহার করতে হয়। লক্ষণীয়, Hyphen ও Dash এর মধ্যে একটা পার্থক্য আছে।
6. সঠিক উত্তর- (c) He said to me, "Never say, 'I won't.", কেননা indirect narration-এর নিয়ম অনুযায় "(c)" নং উত্তর সঠিক এবং একটি quotation বা উদ্বৃতির মধ্যে আরেক জনের কথা (I won't) থাকলে অবশ্যই single inverted comma (') একটি ব্যবহার করতে হয়।
7. সঠিক উত্তর- (b) First bracket, সাধারণত এই ধরনের বিষয় পত্রিকাতে লক্ষ্য করা যায়। যেকোনো ব্যক্তির নাম আসলেই ব্যক্তির নামের পর first bracket দিয়ে ব্যক্তির বয়স উল্লেখ করা হয়। যেমন: Mr. Akbar (80) is no more today.
8. সঠিক উত্তর- (b) Dona, my best friend, wrote me something. কোনো ব্যক্তির নামের পর যদি তাকে কোনো বিশেষণে ডাকা হয়, তবে appositive-এর নিয়ম অনুযায়ী দুই পাশে comma দিতে হয়।
9. সঠিক উত্তর- (a) Asterisk, আর Parenthesis মানে first bracket ()।
10. সঠিক উত্তর- (b) ; therefore, she কেননা, "finally, however, therefore, likewise, nevertheless *etc.*" conjunctive adverb হিসেবে বাক্যের মাঝে বসলে semi colon + উক্ত শব্দ + comma বসে।

Capitalization

(বড় হাতের letter এর ব্যবহার)

English-এ letter বা বর্ণকে দুইভাবে লেখা হয়। একটি small letter এবং আরেকটি capital letter। এখন আলোচনা করব কোথায় এবং কখন capital letter দ্বারা word শুরু করতে হয়।

Capital letter বসে যেসব ক্ষেত্রে

Rule-01:
যে কোনো English বাক্যের শুরুর word:
What is your name? I want to know. Please tell me in detail.

Rule-02:
যে কোনো কবিতার যে কোনো লাইনের প্রথম word:
Twinkle, twinkle, little star, (ঝিকিমিকি ঝিকিমিকি ছোট তারা,)
How I wonder what you are! (আমি অবাক হই জেনে তুমি যা।)
Up above the world so high, (পৃথিবীর থেকে ওপরে এতো,)
Like a diamond in the sky. (আকাশে হীরার মতো।)

অজানা কথা:
ছোটদের জনপ্রিয় একটি কবিতা, যার নাম "The Star"। যা লিখেছেন Jane Taylor নামক কবি। কবিতাটির জনপ্রিয়তা শুরু হয় ১৮০৬ সালে প্রকাশের পর থেকেই।

Rule-03:
Proper noun-এর শুরুর word:
Rita, **M**ita, **D**haka, **B**angladesh, **A**merica *etc.*

Rule-04:
Proper noun থেকে গঠিত adjective এর শুরুর word:
Bangladesh এর adjective = **B**angladeshi
India-এর adjective = **I**ndian
China-এর adjective = **C**hinese
America-এর adjective = **A**merican

Rule-05:
ব্যক্তির কোনো পদবি বোঝাতে:
Advocate Lutfar Rahman, **P**rof. Md. Nahid, **T**he Headmaster, **T**he Principal *etc.*

Rule-06:
কোনো বই, উপন্যাস বা নাটকের নামের ক্ষেত্রে:
As You Like It, **H**amlet, **M**acbeth, **G**ulliver's Travels *etc.*

Rule-07:
কোনো প্রতিষ্ঠানের নামের ক্ষেত্রে:
Govt. **N**R High School, **P**.N Girls' School, **D**haka Commerce College *etc.*

Rule-08:
খ্যাতনামা ব্যক্তির পদ বোঝাতে:
Secretary General Rashed, **P**resident Abbas

Rule-09:
খ্রীষ্টানদের যাজকের নামের ক্ষেত্রে:
Father De Patric, **J**ustin Martyr, **P**ope Clement

Rule-10:
"I =আমি; English = ইংরেজি ভাষা" বোঝাতে capital letter হয়:
I am interested to learn **E**nglish.

Rule-11:
Colon-এরপর capital letter দিয়ে নতুন sentence শুরু হয়, যেহেতু Colon-কে (=) হিসেবে ভাবা হয়।

I believe : **Y**ou can do it.
My advice : **E**veryone should be here

Where capital letter is not needed
(যেখানে বড় হাতের অক্ষরের প্রয়োজন নেই)

Rule-01: ঋতুর নামের ক্ষেত্রে:
winter (শীতকাল), spring (বসন্তকাল), autumn/fall (শরৎকাল), summer (গ্রীষ্মকাল)

অজানা কথা:
আন্তর্জাতিকভাবে উপরের এই চারটি ঋতুকেই গননা করা হয়। তবে, বাংলাদেশো ক্ষেত্রে চারটি ঋতুর সাথে আরো নতুন দুইটি ঋতু যোগ হয়: rainy (বর্ষাকাল) and late autumn (হেমন্তকাল)।

Rule-02:
দিকের নামের ক্ষেত্রে:
east (পূর্ব), west (পশ্চিম), north (উত্তর), south (দক্ষিণ)

অজানা কথা:
NEWS মূলত যে শব্দেগুলোর সংক্ষিপ্ত রূপ-
N = North, E = East, W = West, S = South

Rule-03:
বাবা, মা, ভাই, বোন এমন সম্পর্ক বোঝাতে:
My mother is my heaven. (আমার মা আমার স্বর্গ।)
Their relationship is like brother and sister. (তাদের সম্পর্ক ভাই-বোনের মত।)

Rule-04:
কোনো ব্যক্তির পরিচয় বোঝাতে:
He is our boss. He is selected our captain.


Basic Level শেষ হলো, এবার শুরু হচ্ছে ইংরেজি শেখার ইতিকথা
Advanced Level...

কিছু তথ্য

কিছু বিষয় হয়তবা কোনোদিনই পরীক্ষাতে আসবে না। তবে, বিষয়গুলো না জানার কারণে ইংরেজি শেখার অপূর্ণতা থেকে যাবে।

১. প্রথম ইংরেজি Dictionary আবিষ্কৃত হয় ১৭৫৫ সালে।
২. ইংরেজি Grammar-এর সূচনা হয় William Bullokar এর হাত ধরে ১৫৮৬ সালে।
৩. সারা পৃথিবীতে ৮৪০ মিলিয়ন মানুষ ইংরেজিকে প্রথম অথবা দ্বিতীয় ভাষা হিসেবে ব্যবহার করে।
৪. পৃথিবীর ৬৭টি দেশে ইংরেজি ভাষাকে সরকারি ভাষা হিসেবে ব্যবহার করা হয়।
৫. পৃথিবীর একমাত্র দেশ চীন, যারা International Language "English"-কে বাদ দিয়েই একটি "Developed Country" তে রূপান্তরিত হয়েছে।





Clause & Its Details

What is clause?

Clause শব্দের অর্থ বাক্যাংশ (a part of a sentence)। যার ভেতরে একটি subject ও একটি finite verb থাকে তাকে clause বলে। (A clause must have subject and finite verb)

আরো সহজ হবে **shortcut** ২টি দেখলে-

i. One subject + one finite verb (v1,v2,v3)= clause

or,

ii. Subject + predicate= clause

For example:

I know the lad who is inborn talented. (আমি বালকটিকে চিনি যে জন্মগত মেধাবী)

When you said "bye", I looked at you. (যখন তুমি "বিদায়" বলেছিলে, আমি তোমার দিকে তাকিয়ে ছিলাম)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে দুইটি করে clause বা বাক্যাংশ আছে।

প্রথম বাক্যটিতে "know" এবং "is" দুইটি finite verb। সুতরাং, "I know the lad" এবং "who is inborn talented" এই দুইটি clause এর শর্ত পূর্ণ করেছে।

দ্বিতীয় বাক্যে "said" এবং "looked" দুইটি finite verb। সুতরাং, "When you said bye" এবং "I looked at you" এই দুইটি clause এর শর্ত পূর্ণ করেছে।

অজানা কথা:

i. Predicate এর ভেতরে অবশ্যই একটি finite verb থাকে।

ii. ছোট একটি বাক্যকে আরো বড় করে, মনের ভাব প্রকাশ করতে মূলত clause-এর ব্যবহার।

iii. Sentence যদি হয় একটি, তাহলে তাকে কোন clause বলার দরকার নেই তা শুধু sentence।

For example:

Go there. I like you.= এগুলো শুধুই sentence

Go there as I order . I like what you like.= এবার এগুলোকে clause বলা যাবে

Kinds of Clauses

Clause মূলত তিন প্রকার:

i. Principal/Main/independent clause

ii. Co-ordinate clause

iii. Sub-ordinate/dependent clause

Sub-ordinate clause আবার তিন প্রকার:

i. Noun clause

ii. Adjective clause

iii. Adverb clause

❑ Principal clause:

যে clause বা বাক্যাংশ নিজের অর্থের পরিপূর্ণতার জন্য অন্য কোনো clause (subordinate clause) এর উপর নির্ভরশীল নয়।

(A principal clause is an independent clause which can exist even *without* a sub-ordinate clause)

For example:

We enjoyed the cricket match which was amazing. (আমরা ক্রিকেট খেলাটি উপভোগ করেছিলাম যেটা ছিল চমকপ্রদ)

লক্ষণীয়,

We enjoyed the cricket match = আমরা ক্রিকেট খেলা উপভোগ করেছিলাম

অন্যদিকে, which was amazing = যা ছিল চমকপ্রদ

এবার ভেবে দেখ, উপরের কোন বাক্যটি পরিপূর্ণ অর্থ দিচ্ছে, অন্য বাক্যের সাহায্য ছাড়া।

নিঃসন্দেহে, "We enjoyed the cricket match" তাহলে এই বাক্যটি principal clause।

অন্যদিকে, "which was amazing" এই clause টি অন্য বাক্যের উপর নির্ভর করে পরিপূর্ণ হচ্ছে। এইজন্য, এই বাক্যটি sub-ordinate/dependent (পরাধীন) clause।

অজানা কথা:

Principal clause এবং sub-ordinate clause-এর মিশ্রণকে একসাথে Matrix Clause বলে।

আরেকটু সহজ করে বললে, Matrix clause-ই complex sentence।

I bought a laptop as my old one had been stolen.= Matrix Clause

❑ Co-ordinate clause:

দুইটি principal clause যখন co-ordinate conjunction (and, but, or *etc.*) দ্বারা যুক্ত হয় তখন তাকে co-ordinate clause বলে।

For example:

The student studied a lot but failed in last step.
(ছাত্রটি অনেক পড়াশোনা করেছিল কিন্তু শেষ পর্যায়ে ব্যর্থ হয়েছিল)

Go ahead or face a new problem. (সামনে এগিয়ে চলো অথবা/নতুবা নতুন সমস্যার সম্মুখীন হও)

She is studious and sincere. (সে পড়ুয়া এবং আন্তরিক)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যতে "but, or, and" দুই পাশে দুইটি main clause কে যুক্ত করেছে। সুতরাং, উপরের তিনটি বাক্যকেই co-ordinate clause বলা যায়।

অজানা কথা:

i. Co-ordinate conjunction দ্বারা গঠিত sentence কে compound sentence বলে।

ii. Co-ordinate conjunction এর প্রথম বাক্য/clause এর subject ও verb দ্বিতীয় বাক্য/clause এর মত অনুরূপ হলে, দ্বিতীয় বাক্যটিতে উক্ত subject ও verb পুনরায় বসে না।

For example: He is poor but honest. (সে গরিব কিন্তু সৎ।)

আসলে sentence টি ছিল: He is poor but he is honest.

iii. কিছু ক্ষেত্রে co-ordinate conjunction না থাকলেও তা compound sentence হতে পারে।

For example:

Veni,Vidi,Visi=compound sentence

(I came, I saw, I conquered= এলাম, দেখলাম, জয় করলাম।)

আসলে বাক্যটিকে যেভাবে লেখা যায়:

I came, I saw **and** I conquered= Compound sentence

iv. অনেক সময় দুইয়ের অধিক principal clause একত্রিত হয়েও compound sentence হতে পারে।

For example:

I laugh, I run, I leap, I sing for joy.
(আমি হাসি, আমি দৌড়াই, আমি লাফাই, আমি আনন্দের জন্য গান করি।)

I laugh, I run, I leap **and** I sing for joy.=compound sentence

Sub-ordinate clause

এর প্রকার সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা:

Noun clause:

Noun clause মূলত কিছু শব্দের সমষ্টি, যা বাক্যে noun এর অবস্থানে বসে noun এর শূন্যতা পূরণ করে। Noun clause ভালোভাবে বুঝতে হলে "Position of noun" বা noun-এর অবস্থান জানা জরুরী। সেইজন্য, সম্ভব হলে "Noun" অধ্যায় থেকে "Noun" এর শেষ আলোচনা "Position of Noun in a Sentence" দেখে নাও।

Noun clause-এর অবস্থান

1. Subject হিসেবে noun/noun clause বসবে।

Shortcut: Clause + verb + extension.

For example:

What you say is known to all. (তুমি যা বল তা সবার জানা।)

That you have finished the work is not unknown to all. (তুমি যে কাজটি শেষ করেছ তা কারো কাছে অজানা নয়।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "What you say" এবং "That you have finished the work" এই দুইটি clause বাক্যের শুরুতে subject হিসেবে বসেছে। সুতরাং, shortcut অনুযায়ী, প্রথমে বসা clause গুলো noun clause।

অজানা কথা:

i. clause বাক্যের subject হলে verb হয় singular।

For example:

What you say is known to all.

How he describes the issues is really fantastic.

ii. মনে রাখা দরকার, যে কোন clause এর pronoun হিসেবে "It" ব্যবহার করা যায়।

For example:

What you say is known to all.

= It is known to all.
How he describes the issues is really fantastic.
= It is really fantastic.

iii. clause marker (what) দিয়ে শুরু হলে noun clause-এ "what" এর অর্থ হয় "যা"।

2. Object হিসেবে noun/noun clause বসবে।

Shortcut:

i. Subject + transitive verb + clause
ii. Subject + transitive verb + ব্যক্তিবাচক object + clause (object হিসেবে)

Note: Transitive verb হলো সেই verb যার পরে object থাকে। জেনে রাখো, একটি বাক্যে transitive verb এর object দুইটিও হতে পারে।।

For example:

I know what you have said. (আমি জানি যা তুমি বলেছ।)
He asked me whether I would help him. (সে আমাকে জিজ্ঞাসা করেছিল আমি যদি তাকে সাহায্য করি।)

লক্ষণীয়, উপরের প্রথম বাক্যে "know" একটি transitive verb যার পরে "what you have said" object হিসেবে বসেছে। সুতরাং, shortcut অনুসারে শেষ clause টি অবশ্যই noun clause।

দ্বিতীয় বাক্যে, "asked" transitive verb যার object দুইটি। প্রথম object হলো "me" এবং দ্বিতীয় object এর স্থানে "whether I would help him" বসেছে। সুতরাং, shortcut (ii) অনুসারে শেষের clause টি অবশ্যই noun clause।

অজানা কথা:

i. একসাথে দুইটি object বসলে, প্রথমে বসে ব্যক্তিবাচক object + বিষয়/বস্তুবাচক object/clause।
ii. Intransitive verb এরপর clause বসলে, তা adverbial clause হবে।
Shortcut: Intransitive verb + clause (adverbial clause)
For example:
Go where they stay.
iii. অনেক সময় transitive verb এরপর clause থাকলেও তা adverb clause হতে পারে, যদি নির্দিষ্ট কিছু adverb clause এর conjunction লুকানো থাকে।
For example:
We read that we may learn.=adverb clause

বাক্যটিতে যে conjunction লুকানো আছে:

We read **so that** we may learn.=adverb clause

3. Linking verb এর পর complement হিসেবে noun/noun clause বসবে।

Shortcut: Subject + be verb (linking verb) + clause
For example:
It is how we solve. (এটা হচ্ছে/হয় যেভাবে আমরা সমাধান করি।)
The reason is why they are native. (কারণ যে তারা স্বদেশী।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতেই linking verb "is" এর পরে "how we solve" এবং "why they are native" এই দুইটি clause বসেছে। সুতরাং, clause দুইটি complement আর complement এর position এ যা বসে সেটি noun clause।

[Complement সম্বন্ধে পূর্ণ ধারণা পেতে "Complement" অধ্যায়টি দেখে নাও]

4. Preposition এর পর noun/noun clause বসবে।

Shortcut: ----- + preposition + clause
For example:
I am sure of who you are. (আমি নিশ্চিত তুমি যা।)
I will depend on what you will announce. (তুমি যা ঘোষণা দেবে তাতে আমি নির্ভরশীল হবো।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যতে "of" ও "on" এই দুইটি preposition এর পর "who you are" এবং "what you will announce"এই দুইটি clause বসেছে। সুতরাং, clause দুইটি noun clause।

অজানা কথা:

Preposition এরপর relative pronoun "which/whom" দিয়ে কোন clause থাকলে, তা হবে adjective clause।

For example:
The movie was amazing for which we waited. =Adjective clause
(ছায়াছবি টি অসাধারন ছিল যার জন্য আমরা অপেক্ষা করেছিলাম।)

At a glance

Noun clause-এর অবস্থান

i. Subject=noun clause
ii. Object=noun clause
---asked+Indirect object+noun clause
iii. Be verb (linking verb)+noun clause
iv. Preposition+noun clause

Adjective clause:

Adjective clause মূলত বাক্যে adjective এর শূন্যতা পূরণ করে। অর্থাৎ, একটি বাক্যে parts of speech হিসেবে adjective যে যে অবস্থানে বসে adjective clause ও সেই একই অবস্থানে বসে।

Adjective clause-এর অবস্থান

1. Noun-এর post modifier হিসেবে adjective clause বসে।

Shortcut: Subject + verb + noun + clause
For example:
I lost my cellphone which was expensive. (আমি আমার মুঠোফোনটি হারিয়েছিলাম যেটা ছিল দামী।)
He tells a tale that sounds untrue. (সে এমন একটি গল্প বলে যা অসত্য শোনায়।)

লক্ষণীয়, প্রথম বাক্যতে "my cellphone" noun, যার সম্পর্কে অতিরিক্ত তথ্য দিচ্ছে "which was expensive"। সুতরাং, এই clause টি adjective clause।
দ্বিতীয় বাক্যে, "a tale" বাক্যের object বা noun, যার সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিচ্ছে "that sounds untrue"। সুতরাং, এই clause টিও অবশ্যই adjective clause।

অজানা কথা:

i. Adjective clause অবশ্যই শুরু হবে relative pronoun (who, who, which, that, whose, why, when) দ্বারা।
Shortcut: ---who, whom, which, that, whose, why, when + **clause** = adjective clause
For example:
Rabbi has a friend whose sister lives in U.S.A.
I miss the day when mobile phone did not exist.
The man who is handsome is coming here.
ii. Intransitive verb-এরপর "why,when" শব্দগুলো বসলে, উক্ত শব্দগুলোকে relative adverb বলা হয়।

দ্বন্দ্ব দূর করে নাও:

❑ **দ্বন্দ্ব-০১:**

"That" clause কখন adjective clause এবং noun clause হয়।
উদাহরণ দুইটি লক্ষ্য করো:
The task **that you have done** is fake.=Adjective clause
The fact **that you have done** is fake.= Noun clause
উল্লেখ্য, fact/belief/idea/evidence-এরপর "that clause" থাকলে, তা noun clause হবে। এছাড়া অন্য সকল ক্ষেত্রে "that clause" কে adjective clause বলা হয়।
জেনে রাখা দরকার:
অধিকাংশ Grammarian-রা এই বাক্যটিকে Tautology (পুনরুক্তি) বলেছে।
Tautology sentence= The fact **that you have done it** is fake.
যেভাবে লেখা উচিত= It is fake that you have done it.

❑ **দ্বন্দ্ব-০২:**

তবে বাক্যের শুরুতে এবং শেষে subject এবং object হিসেবে "That clause" বসলে, তা Noun clause হবে এক্ষেত্রে কোনভাবেই "That clause" টি adjective clause হওয়ার সম্ভাবনা নেই।
For example:
That you have done it is fake.=Noun clause as subject
He said that you have done it.= Noun clause as object

2. Subject-এর post modifier হিসেবে adjective clause বসে।

Shortcut: Subject + clause + verb + extension.
For example:
The time when the game starts is not fixed. (কখন খেলাটি শুরু হবে তা নির্ধারন হয়নি।)

The reason why I have failed is clear to all. (আমি কেন ব্যর্থ হয়েছি তার কারন সবার কাছে পরিষ্কার।)
লক্ষণীয়, উপরের প্রথম বাক্যটিতে "when the game starts" এই clause টি "the time" কে modify বা বিশেষায়িত করেছে অতিরিক্ত তথ্য দিয়ে। সুতরাং, এই clause টি adjective clause।
দ্বিতীয় বাক্যে "why I have failed" এই clause টি "the reason" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়েছে। সুতরাং, এই clause টিও adjective clause।

অজানা কথা:

i. Adjective clause-কে অন্যকথায় relative clause ও বলে। যেহেতু, এই clause গুলো relative pronoun দ্বারা গঠিত হয়।
ii. অনেক সময় adjective clause- এ relative pronoun উহ্য থাকতে পারে।
For example:
Have you noticed the pen I lost? = adjective clause
আসলে বাক্যটিতে relative pronoun "that" উহ্য আছে:
Have you noticed the pen **that** I lost? = adjective clause

At a glance

adjective clause–এর অবস্থান

i. ---noun phrase+clause = adjective clause
ii. Noun phrase+clause--- = adjective clause

Adverb Clause:

Adverb Clause মূলত বাক্যে parts of speech "adverb" এর অবস্থানে বসে।

Adverb Clause সাধারণত ৯ ধরনের

i. Time related adverb clause
2. Place related adverb clause
3. Purpose related adverb clause
4. Reason related adverb clause
5. Condition related adverb clause
6. Result related adverb clause
7. Comparison related adverb clause
8. Contrast related adverb clause
i. Adverb clause of degree
ii. Adverb clause of manner
9. Supposition related adverb clause

❑ **Time** related adverb clause:
whenever, when, while, before, after, as, since, till, until, as soon as, no sooner ----- than, hardly ----- when ইত্যাদি sub-ordinate conjunction দ্বারা যুক্ত clause কে **adverb clause of time** বলে।

For example:
She reached the station after we had reached the station.
(আমরা স্টেশনে পৌছানোর পর সে পৌছেছিল।)
As you are happy, I can leave now. (যেহেতু তুমি খুশি আমি এখন যেতে পারি।)
Wait here till I don't come back. (এখানে অপেক্ষা করো যতক্ষণ না আমি ফিরে আসি।)
লক্ষণীয়, Underline করা clause গুলো adverb clause of time, কেননা উল্লেখিত subordinate conjunciton (after, as, till) গুলোর মাধ্যমে adverb clause গঠিত হয়েছে।

❑ **Place** related adverb clause:
Where এবং Wherever এই দুইটি sub-ordinate conjunction দিয়ে গঠিত clause কে **adverb clause of place** বলে।
For example:
You can stay where you like. (তোমার যেখানে খুশি থাকতে পারো।)
You can visit wherever you wish. (তোমার যেখানে খুশি সেখানে বেড়াতে যেতে পারো।)
I went where she visits daily. (আমি সেখানে গিয়েছিলাম যেখানে সে প্রতিদিন যায়।)

অজানা কথা:
i. Where দ্বারা নির্দিষ্ট স্থানকে বোঝায়।
ii. Wherever দ্বারা অচেনা-অজানা অনির্দিষ্ট স্থানকে বোঝায়।

❑ **Purpose** related adverb clause:
lest, so ----- that, so that, in order that দ্বারা গঠিত clause কে **adverb clause of purpose** বলে।
For example:
He reads a lot so that he can get A+. (সে অনেক পড়াশোনা করে যাতে সে A+ পায়।)
Avoid pen mistake lest you should/might get less marks.
(লিখা জনিত ভুল বর্জন করো যাতে কম নাম্বার না পাও।)
We eat fruits so that we may be healthy. (আমরা ফলমূল খাই যাতে আমরা সুস্থ থাকতে পারি।)

❑ **Reason** related adverb clause:
as, since, because দ্বারা গঠিত clause কে **adverb clause of reason** বলে।
For example:
I am helpless because I am out of pocket. (আমি অসহায় কারণ আমার পকেট শূন্য।)
Since you did a blunder/mistake, you got punished. (যেহেতু তুমি ভুল করেছ, সেহেতু শাস্তি পেয়েছিলে।)
As he was nervous, he could not do well in oral test.
(যেহেতু সে ভীত ছিল, সেহেতু সে মৌখিক পরীক্ষায় ভালো করেনি।)

অজানা কথা:
i. As এবং since এর সমর্থক conjunction হিসেবে "seeing that/seeing as" phrase গুলো ব্যবহার করা যেতে পারে।

যেমন: He can help them as he is enough wealthy. বা He can help them seeing that he is enough wealthy.
ii. As এবং since দ্বারা গঠিত clause কে একই সাথে "adverb clause of time" বলা হয়।

❑ **Condition** related adverb clause:
Conditional sentence গঠনের ক্ষেত্রে যে conjunction (if, whether, unless, providing that) দিয়ে conditional sentence গঠিত হয়, ঐ conjunction গুলোর সমন্বয়ে গঠিত হয় **adverb clause of condition**।
For example:
If you are honest, you can try to get it. (যদি তুমি সৎ হও, এটা পেতে চেষ্টা করতে পারো।)
I don't know whether you come or not. (আমি জানিনা তুমি আসবে কি না।)
Unless you read attentively, you will fail in the exam. (মনোযোগ দিয়ে না পড়লে পরীক্ষায় ফেল করবে।)
I will help you providing that you want it. (আমি তোমাকে সাহায্য করবো যদি তুমি চাও।)

❑ **Result** related adverb clause:
that, so, such এই conjunction গুলোর সাহায্যে **adverb clause of result** গঠিত হয়।
For example:
So extremely did he serve the dish that all the guests got frightful.
(সে খাবার ডিশটি এমনইভাবে দিয়েছিল যাতে সমস্ত অতিথীরা ভয় পেয়েছিল।)
It is such a good book that I want to read. (এটা এমনই একটি ভালো বই যা আমি পড়তে চাই।)
He mentioned a small amount that I wished to observe.
(সে এত ছোট পরিমাণ উল্লেখ করেছিল যা আমি দেখতে চেয়েছিলাম।)

অজানা কথা:
Such এর পর adjective + noun বসে।
That এর পরে subject দ্বারা বাক্য শুরু হয়।
❑ **Comparison** related adverb clause: এটি দুই ধরনের:
i. Adverb clause of degree (than ও as দিয়ে গঠিত clause)
ii. Adverb clause of manner (as if, as though ও like দিয়ে গঠিত clause)
For example: (Adverb clause of degree)
The boy is as wise as the girl is. (বালকটি ততটাই জ্ঞানী যতটা বালিকাটি।)
Rana is not so clever as we know. (রানা অতটা জ্ঞানী নয় যতটা আমরা জানি।)
Rita is better than Runu. অথবা, Rita is better than Runu is. (রিতা রুনুর থেকে ভালো।)

For example: (Adverb clause of manner)
You look like you have seen a giant. (তোমাকে দেখে মনে হচ্ছে তুমি কোনো দৈত্য দেখেছো।)
He behaves me as if/as though he knew me. (সে আমার সাথে এমন আচরন করে যেন সে আমাকে চেনে।)
He is sleeping like a tired person. (সে ক্লান্ত ব্যক্তির মত ঘুমাচ্ছে।)

অজানা কথা:

i. As if/As though এর আগে ও পরে সমজাতীয় tense ইঙ্গিত করলে "as if/as though" এর পর subject ও verb বাদ দেওয়া যায়। যেমন:
She ran off to the house as if he were fleeing.
অথবা, She ran off to the house as if fleeing.
(সে বাড়ি থেকে উধাও হয়েছিল যেন সে বাড়ি থেকে পালিয়েছিল।)

❑ **Contrast** related adverb clause:
though, although, in spite of, despite, still, nevertheless, just দ্বারা গঠিত clause কে **adverb clause of contrast** বলে।

For example:
Although he got American visa, he did not go to America.
(যদিও সে আমেরিকার ভিসা পেয়েছিল, তবুও সে আমেরিকায় যায়নি।)
In spite of his physical problem, he joined on the sports day.
(তার শারীরিক সমস্যা থাকা সত্ত্বেও সে ক্রীড়া দিবসে যোগদান করেছিল।)
All the members were present in the meeting nevertheless they were deprived.
(সকল সদস্যই সভাতে উপস্থিত ছিল যদিও তারা বঞ্চিত ছিল।)

❑ **Supposition** related adverb clause:
no matter, however, even though, even if *etc.* দ্বারা গঠিত sentence কে **adverb clause of supposition** বলে।

For example:
I will not go with you even if you send a car.
(আমি তোমার সাথে যাবোনা এমনকি যদিও তুমি গাড়ি পাঠাও।)
No matter what you think, don't try to get it back.
(তুমি কি ভাবেছো ব্যাপার না, তবে এটি ফিরে পাওয়ার চেষ্টা করো না।)
However the old man is, he is very optimistic.
(তবে বৃদ্ধ মানুষটি যেমনই হোক, সে কিন্তু আশাবাদী।)

At a glance

Adverb clause–এর বৈশিষ্ট্য

1. **Adverb Clause of Time:** whenever, when, while, before, after, as, since, till, until, as soon as, no sooner ----- than, hardly ----- when
2. **Adverb Clause of Place:** where এবং wherever
3. **Adverb Clause of Purpose:** lest, so ----- that, so that, in order that
4. **Adverb Clause of Reason:** as, since, because
5. **Adverb Clause of Condition:** if, whether, unless, providing that
6. **Adverb Clause of Result:** that, so, such
7. **Adverb Clause of Comparison:**

Adverb clause of degree: than এবং as
Adverb clause of manner: as if, as though এবং like

8. **Adverb Clause of Contrast:** though, although, in spite of, despite, still, nevertheless, just
9. **Adverb Clause of Supposition:** no matter, however, even though, even if

উল্লেখ্য, specific (নির্দিষ্ট) করে না জানতে চাইলে, উল্লেখিত বৈশিষ্ট্যগুলো থাকলে তা adverb clause হবে।

For example:
If you call me, I will respond.= **Adverb clause of condition**
If you call me, I will respond.= **Adverb clause**

সবচেয়ে বড় দ্বন্দ্বের সমাধান

i. I remember **where I was born**.=---transitive verb+clause
= noun clause
ii. I remember the place **where I was born**.= ---noun+clause
= adjective clause
iii. I want to go **where I was born**.= ---intransitive verb+clause
= adverb clause

Practice
MCQ মাধ্যম

1. Clause শব্দের অর্থ কি?
(a) বাক্যাংশ (b) শব্দগুচ্ছ
(c) শব্দের সমন্বয় (d) নির্দেশক
2. Clause এ ব্যবহৃত বিশেষ চিহ্নকে কি বলে?
(a) Clause definer (b) Clause symbol
(c) Clause marker (d) Clause instructor
3. Clause কত প্রকার?
(a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
4. Clause এর ভেতরে অবশ্যই থাকবে-
(a) Subject ও object (b) Subject ও complement
(c) Subject ও verb (d) Subject ও adverb
5. Now you are completely secured. বাক্যটি কোন clause?
(a) Main clause (b) Independent clause
(c) Both a & b (d) কোনোটিই নয়
6. I know where he lives. The underlined clause is-
(a) Noun clause (b) Adjective clause
(c) Adverb clause (d) Principal clause

7. The book which I bought is lost. The underlined clause is-
   (a) Noun clause (b) Adjective clause
   (c) Adverb clause (d) Principal clause
8. Teacher asked me why I was late. The underlined clause is-
   (a) Noun clause (b) Adjective clause
   (c) Adverb clause (d) Principal clause
9. I know the lad who is mad. The underlined clause is-
   (a) Noun clause (b) Adjective clause
   (c) Adverb clause (d) Principal clause
10. I will not help you unless you want help. The underlined clause is-
   (a) Noun clause (b) Adjective clause
   (c) Adverb clause (d) Principal clause

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) শব্দগুচ্ছ, এটা একই সাথে phrase এরও অর্থ।
2. সঠিক উত্তর- (c) Clause marker, যে চিহ্ন (marker) এর মাধ্যমে clause নির্ণয় হয়।
3. সঠিক উত্তর- (b) তিন, যথা: i. Principal clause; ii. Sub-ordinate clause; iii. Co-ordinate clause।
4. সঠিক উত্তর- (c) Subject ও verb, অবশ্যই একটি clause এর ভেতরে দুইটি বৈশিষ্ট্য বিদ্যমান: i. Subject; ii. Verb (finite)।
5. সঠিক উত্তর- (c) Both a & b, পূর্ণাঙ্গ একটি sentence কে main clause / independent clause বলে।
6. সঠিক উত্তর- (a) Noun clause, transitive verb (know) এর পর clause হওয়ায়, তা noun clause। Shortcut: Subject + transitive verb + noun clause।
7. সঠিক উত্তর- (b) Adjective clause, "The book" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিচ্ছে "which I bought" সুতরাং, এই clause টি adjective clause। Shortcut: Subject + relative pronoun যুক্ত adjective clause + verb + extension।
8. সঠিক উত্তর- (a) Noun clause, উক্ত বাক্যে দুইটি object: একটি "me" আর অন্যটি "why I was late"। আর আমরা জানি, object position এ noun clause বসে। Shortcut: Subject + transitive verb + ব্যক্তিবাচক object + noun clause।
9. সঠিক উত্তর- (b) Adjective clause, উক্ত বাক্যে "the lad" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিচ্ছে "who is mad" এই clause টি, সুতরাং, এটি Adjective clause। Shortcut: Subject + transitive verb + object + relative pronoun যুক্ত noun clause।
10. সঠিক উত্তর- (c) Adverb clause, মনে রাখতে হবে "unless, if, though, although *etc.*" দিয়ে গঠিত clause "Adverbial clause" হয়।

Phrase and Its Details

(শব্দগুচ্ছ)

What is phrase?

Phrase হচ্ছে একটি শব্দগুচ্ছ, যার কোনো subject এবং verb থাকে না। (A phrase is a group of words which has no subject and verb.)

For example:

I saw a singing girl. (আমি একটি গান গাওয়া বালিকাকে দেখেছিলাম।)
Take care of your health. (আপনার স্বাস্থ্যের যত্ন নিন।)
This pen is unique. (এই কলমটি অনন্য।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যে যথাক্রমে "a singing girl, your health, This pen" এই শব্দসমূহ phrase। কেননা, লক্ষ্য করলে দেখা যায়, এই phrase সমূহের ভেতরে subject এবং verb নেই।

অজানা কথা:

Phrase এর মৌলিক গুণাবলি ৩ টি-

i. Phrase-এ কখনোই subject থাকবে না।
ii. Phrase-এ কোন finite verb (সমাপিকা ক্রিয়া) থাকবে না।
iii. Phrase টি বাক্যে একটি parts of speech-এর মত কাজ করে।

জেনে রাখা দরকার:

Phrase-এ finite verb না থাকলেও, non finite verb থাকবে।
Non finite verbs: Gerund/Participle/Infinitive
For example:
Swimming in the river is scary.=Gerund in noun phrase
I saw **a singing girl**.=Participle in noun phrase
To tell a lie is a great sin.= Infinitive in noun phrase

Phrase-এর প্রয়োজনীয়তা:

i. ছোট বাক্য বড় করে লিখতে,
ii. এবং মনের কথা আরও বেশী স্পষ্ট ও হৃদয়গ্রাহী করতে।

For example:
Shimu eats pizza daily.
=My little sister Shimu is eating an Italian food pizza during the week.
এভাবেই ছোট একটি বাক্যকে phrase ব্যবহারে বড় করা যায় এবং অর্থ আরও বেশী স্পষ্ট হয়।

Phrase Vs Idiom

An Idiom is a phrase that has metaphorical meaning but phrase has it's literal meaning. (Idiom এক ধরনের phrase যার অর্থ অনেকটা "আক্ষরিক নয় এমন" কিন্তু phrase এর অর্থ অনেকটা "আক্ষরিক"।)

আরেকটু সহজ করে:

যদিও phrase এবং idiom এর অর্থ একই, তবে মৌলিক পার্থক্য হলো phrase নিজস্ব অর্থ প্রকাশ করে, কিন্তু idiom বা শব্দগুচ্ছ তার নিজস্ব অর্থ প্রকাশ না করে, সম্পূর্ণ ভিন্ন অর্থ প্রকাশ করে।

For example:

A black sheep = কুলাঙ্গার; **লক্ষণীয়,** মূল ইংরেজি শব্দসমূহের সাথে বাংলার মিল নেই।

An apple of discord = বিবাদের বিষয়; **লক্ষণীয়,** ইংরেজির সাথে বাংলার কোনো মিল নেই।

Black and white = লিখিত ভাবে; **লক্ষণীয়,** "Black and white" এর আমরা যেই বাংলাটি জানি তা কিন্তু হলো না।

Idiom বা Phrase-এর চমৎকার মিল যেখানে

দুইটিতেই কোন subject ও verb থাকে না। এইসব নানাবিধ কারণেই আমরা "Idiom and Phrase" কথাটি একসাথে বলতে বেশি অভ্যস্থ হয়েছি।

Kinds of Phrases

Phrase মূলত ৭ প্রকার:

1. Noun phrase
2. Adjective phrase
3. Verb phrase
4. Adverbial phrase
5. Prepositional phrase
6. Conjunctional phrase
7. Interjectional phrase

অজানা কথা:

i. Parts of speech-এর ৮ প্রকার এর মধ্যে শুধুমাত্র "pronoun" দিয়ে কোনো phrase হয় না।

For example:

None of us was happy enough.=phrase

তুমি অবশ্যই স্বীকার করবে "None of us" phrase কিন্তু যদি বলা হয়, কি phrase তাহলে নিশ্চয়ই বলবে না, pronoun phrase।

কেননা তুমি জেনেছো, pronoun কখনো phrase হয় না। জেনে রাখো এটি একটি ব্যতিক্রম "noun phrase"।

ii. Noun phrase কে সংক্ষেপে "NP" বলা হয়, অন্যদিকে Noun/Pronoun কে "N/P" বলা হয়।

Phrase এর আরো দুইটি প্রকার:

i. Infinitive phrase
ii. Participle phrase

Noun Phrase

যে phrase টি বাক্যে noun এর অবস্থানে বসে noun এর শূন্যতা পূরণ করে। Noun phrase-এ মূল শব্দ noun, এই noun -এর আগে পরে modifier বসে।

Structure of noun phrase

Structure-01:

article + adjective + noun

For example:

They looked at *the ugly girl*. (তারা কুৎসিত মেয়েটির দিকে তাকিয়েছিল।)

A colorful picture reflects much. (একটি রঙিন ছবি বেশি প্রতিফলিত হয়।)

লক্ষণীয়, "the ugly girl" এবং "A colorful picture" এই phrase দুইটি "article + adjective + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

অজানা কথা:

i. Noun phrase এর অপর নাম Nominal phrase।
ii. Modifier+**noun**+modifier = noun phrase

For example:

The **man** with a huge problem came to me.

The man with a huge problem= noun phrase

Structure-02:

Noun + preposition + noun

For example:

He repaired *the broken leg of chair*. (সে চেয়ারের ভাঙ্গা অংশটি মেরামত করেছিল।)

He is *a man of letters*. (সে একজন বিদ্বান ব্যক্তি।)

লক্ষণীয়, "leg of chair" এবং "a man of letters" এই phrase দুইটি "noun + preposition (of) + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

Structure-03:

Noun + and/or + noun

For example:

He works *day and night*. (সে রাত দিন কাজ করে।)

They need *pen and pencil* to draw the picture. (ছবিটি আঁকতে তাদের কলম ও পেন্সিল প্রয়োজন।)

Earning money or gaining knowledge is not equivalent. (অর্থ উপার্জন করা অথবা জ্ঞান অর্জন করা সমান নয়।)

লক্ষণীয়, "day and night", "pen and pencil" এবং "Earning money or gaining knowledge" এই phrase তিনটি "noun + and/or + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

Structure-04:

's + noun অথবা, possessive (his, her, my, your *etc.*) + noun

For example:

Speaker's speech creates an amazing environment. (বক্তার বক্তৃতা এক মনোমুগ্ধকর পরিবেশ সৃষ্টি করে।)

His drawing is truly praiseworthy. (তার চিত্রায়ন সত্যিই প্রশংসনীয়।)

লক্ষণীয়, "Speaker's speech" এবং "His drawing" এই phrase দুইটি " 's + noun / possessive (his) + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

অজানা কথা:

's এবং possessive দ্বারা অধিকারে থাকা বিষয়কে বোঝায়।

Structure-05:

Noun + noun যোগে noun phrase গঠিত হয় , যাকে অন্যকথায় compound noun বলা হয়।

For example:

We missed *the school bus*. (আমরা স্কুল বাসটি ছেড়ে দিয়েছিলাম।)

A leather bag was lost last night. (গত রাতে একটি চামড়ার ব্যাগ হারিয়েছে।)

লক্ষণীয়, "the school bus" এবং "A leather bag" এই phrase দুইটি "noun + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

Structure-06:

To + v1 + noun

For example:

I want *to solve the sum*. (আমি অংকটি সমাধান করতে চাই।)

To speak English fluently is very necessary. (ইংরেজিতে স্বতস্ফূর্ত কথা বলা খুবই প্রয়োজন।)

লক্ষণীয়, "to solve the sum" এবং "to speak English" এই phrase দুইটি "to + v1 + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

অজানা কথা:

To+v1+extension=Infinitive phrase।

যেহেতু noun এর অবস্থানে infinitive বসতে পারে, এই জন্য infinitive phrase-কে noun phraseও বলা যায়।

For example:

I want <u>to solve the sum</u>.= Infinitive phrase (structurally)

I want <u>to solve the sum</u>.= Noun phrase as object (functionally)

Structure-07:

Gerund (verb + ing) + noun

For example:

I like *reading newspaper*. (আমি পত্রিকা পড়া পছন্দ করি।)

Making tea is my hobby. (চা বানানো আমার শখ।)

লক্ষণীয়, "reading newspaper" এবং "making tea" এই phrase দুইটি "gerund (verb + ing) + noun" এই structure অনুযায়ী গঠিত হয়েছে। সুতরাং, phrase গুলো noun phrase।

অজানা কথা:

অনেকেই "verb + ing + extension" দেখলে participle phrase ভাবে। কিন্তু, participle phrase এর ব্যবহারটা adjective এর মত। Participle phrase-এর আলোচনায় তার বিস্তারিত ধারণা পাবে।

At a glance

Noun phrase-এর সকল গঠন

i. Article + adjective + noun
ii. Noun + preposition + noun
iii. Noun + and/or + noun
iv. 's + noun / possessive + noun
v. Noun + noun
vi. To + v1 + noun
vii. Gerund (verb + ing) + noun

Adjective Phrase

Adjective phrase বাক্যে adjective এর অবস্থানে বসে। মনে আছে তো, adjective এর কাজ noun বা pronoun এর পূর্বে বা পরে বসে দোষ-গুণ বর্ণনা করা। তেমনিভাবে, adjective phrase ও noun বা pronoun সম্বন্ধে দোষ, গুণ প্রকাশ করে।

Structure of adjective phrase

Structure-01:

Adjective + preposition + noun.

For example:

The boy is *good at tennis*. (বালকটি টেনিস খেলায় ভালো।)

Bangladesh is *full of natural resources*. (বাংলাদেশ প্রাকৃতিক সম্পদে ভরপুর।)

লক্ষণীয়, italic বা বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের noun "the boy" এবং "Bangladesh" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify/বিশেষায়িত করছে।

অজানা কথা:

i. বেশিরভাগ adjective phrase "be verb" এর পরে বসে।
ii. Adjective pharse-এর ক্ষেত্রে মূল highlighted শব্দটি হবে adjective। adjective pharse-এ adjective তিন জায়গায় বসতে পারে।

For example:

I am <u>**happy** for the news</u>.= Adjective phrase

I am <u>very **happy** for the news</u>. = Adjective phrase

I am <u>very **happy**</u>. = Adjective phrase

iii. Adjective pharse-এ adjective এরপরে যা থাকে, তা adjective এর complement এবং adjective এর পূর্বে যা থাকে তা modifier।

Structure-02:

Noun + of/with + noun

For example:

I saw a man *of good manners*. (আমি একজন সদালাপী মানুষ দেখেছিলাম।)

They rejected the proposal *with great sorrow*. (তারা দুঃখের সাথে প্রস্তাবনাটি বাতিল করেছিলো।)

লক্ষণীয়, italic বা বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের noun "a man" এবং "the proposal" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify/বিশেষায়িত করছে।

অজানা কথা:

Noun Phrase-এর ভেতরে অনেক সময় adjective phrase থাকে। এক্ষেত্রে কোন অংশটুকুকে ইঙ্গিত (underline) করা হচ্ছে, এটি লক্ষ রাখতে হবে।

For example:

I saw a man of good manners.=Noun phrase

কিন্তু,

I saw a man of good manners.=Adjective phrase

এখানে "of good manners" phrase টি noun শব্দ "a man" এর post modifier হিসেবে বসেছে।

Structure-03:

Present participle (verb + ing) + preposition + extension.

For example:

The actor *acting in the serial* is very popular.
(সিরিয়ালে অভিনয় করে বেশ জনপ্রিয় এই অভিনেতা।)

The boy *reading in class five* is orphan. (বালকটি যেকিনা পঞ্চম শ্রেণিতে পড়ে সে এতিম।)

লক্ষণীয়, italic বা বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের noun "The actor" এবং "The boy" সম্বন্ধে তথ্য দিয়ে modify করছে।

অজানা কথা:

উপরের structure অনুযায়ী noun এর পরে বসা "verb + ing" word কে participle-ও বলা যায়।

Structure-04:

Past participle (v3) + preposition + extension.

For example:

The girl *dressed in yellow color* is my cousin. (হলুদ রঙের জামা পরিহিত মেয়েটি আমার চাচাতো বোন।)

The car *damaged in the accident* has been repaired. (সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গাড়িটি মেরামত করা হয়েছে।)

লক্ষণীয়, italic বা বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের noun "The girl" এবং "The car" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify/বিশেষায়িত করছে।

অজানা কথা:

i. বাক্যগুলো মূলতো এমন:

The girl who is dressed in yellow color is my cousin.

The car that has been damaged in the accident has been repaired.

Structure-05:

Adjective + hyphen (-) + adjective + noun

For example:

He is *a narrow-minded* person. (সে একজন হীনমন-মানসিকতা সম্পূর্ণ ব্যক্তি।)

It is *a well-decorated* house. (এটি একটি সুসজ্জিত বাসা।)

লক্ষণীয়, বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের pronoun "He" এবং "It" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify/বিশেষায়িত করছে। অন্যকথায়, এই phrase গুলো noun "person এবং house" এর পূর্বে pre-modifier হিসেবে বসেছে।

অজানা কথা:

i. দুইটি adjective এর মাঝে hyphen বসলে তাকে hyphened adjective বলা হয়।

ii. নির্দিষ্ট কিছু adverb word (well, fast, best, more) এরপর adjective বসলে, মাঝে অবশ্যই "hyphen" বসবে।

Incorrect: He starts eating more nutritious food.

Correct: He starts eating more-nutritious food.

Structure-06:

as/so + adjective + as + noun

For example:

The man is *as wise as the ancient people*. (লোকটি প্রাচীন মানুষের মতোই জ্ঞানী।)

She is *as meritorious as her brother*. (সে তার ভাইয়ের মতোই মেধাবী।)

লক্ষণীয়, বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের noun "The man" এবং pronoun "She" সম্বন্ধে তুলনামূলক অতিরিক্ত তথ্য দিয়ে modify/বিশেষায়িত করছে।

Structure-07:

Adjective + infinitive + extension

For example:

It is *hard to solve the sum*. (অংকটি সমাধান করা কঠিন।)

They are *able to help the innocent*. (তারা অসহায়দের সাহায্য করতে সক্ষম।)

লক্ষণীয়, বাঁকা করে লিখা phrase গুলো adjective phrase, কেননা উক্ত phrase গুলো পূর্বের pronoun "It" এবং "they" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify/ বিশেষায়িত করছে।

অজানা কথা:

Adjective বাদ দিয়ে শুধু "to+v1+ext." অংশকে ইঙ্গিত করলে তা infinitive phrase।

For example:
It is hard to solve the sum.=adjective phrase
It is hard to solve the sum.= infinitive phrase

Verb Phrase

যে phrase টি subject এর পরে verb এর অবস্থানে বসে, verb এর কাজ করে তাকে Verb phrase বলে।
আরো সহজ করে বললেঃ
Auxiliary verb এরপর main verb-কে verb phrase বলে।

Structure of verb phrase

Structure: Auxiliary verb + principal/main verb
For example:
Rita *is singing* a song. (Auxiliary verb "is" এবং main verb "singing" মিলে verb phrase)
(রিতা একটি গান গাইছে)
I *can help* you. (Modal verb "can" এবং main verb "help" মিলে verb phrase)
(আমি তোমাকে সাহায্য করতে পারি।)
He *is going to establish* a high school. (Modal verb "is going to" এবং main verb "establish" মিলে verb phrase)
(সে একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে যাচ্ছে।)
She *has completed* her task. (Auxiliary verb "has" এবং main verb "completed" মিলে verb phrase)
(সে তার কাজটি শেষ করেছে।)

অজানা কথাঃ
i. Verb phrase-এ একের অধিক compound auxiliary verb-ও থাকতে পারে। যেমনঃ would have, will be, have been, had been *etc.*
ii. "Non-finite verb+extension" কে verbal phrase বলা হয়।
Infinitive : I wanted to solve her problem.=Verbal pharse
Participle : Entering the room, I found nothing.= Verbal pharse
Gerund : Walking in the morning makes you fit.= Verbal pharse উল্লেখ্য, এগুলোকে আলাদা করে "Infinitive phrase, Participle phrase এবং Gerund phrase" বলা যাবে।

Adverbial Phrase

Adverbial Phrase-বাক্যে Adverb-এর অবস্থানে বসবে।

Structure of adverbial phrase

Structure-01:

Intransitive verb+preposition+article+adjective+noun
For example:
Usain Bolt runs *at a great speed*. (Usain Bolt একজন "Jamaican" দৌড়বিদ)
(উসাইন বোল্ট দ্রুত গতিতে দৌড়ায়)
They came *all of a sudden*. (তারা সবাই হঠাৎ করেই এসেছিল।)

লক্ষণীয়, intransitive verb "run" এবং "came"-এর পর বাঁকা করে লিখা phrase গুলো adverb-এর শূন্যতা পূরণ করেছে। সুতরাং, phrase গুলো adverbial phrase।

অজানা কথাঃ
যেহেতু preposition দিয়ে শুরু হয়েছে, অতএব এগুলোকে prepositional pharse বলা যায়।

Structure-02:

সময় নির্দেশক phrase যখন preposition + ----- সময় নির্দেশক noun হয়।
For example:
At present I'm very busy. (preposition "at" এবং noun "present" যোগে phrase)
(বর্তমানে আমি খুব ব্যস্ত।)
Once upon a time I met a traveler. (preposition "upon" এবং noun "time" যোগে phrase)
(একদা আমি একজন ভ্রমণকারীর সাথে সাক্ষাৎ করেছিলাম।)

অজানা কথাঃ
Adverbial phrase বাক্যের শুরুতে subject এর পূর্বে অথবা বাক্যের শেষে বসে।

Structure-03:

Preposition + (article/adjective) + noun (স্থানবাচক/সময়বাচক শব্দ)
For example:
I went there *on time*. (Preposition "on" এবং সময়বাচক শব্দ "time" যোগে গঠিত phrase)
(আমি সেখানে সময়মত গিয়েছিলাম।)
He lives *in a small cottage*. (Preposition "in" এবং স্থানবাচক শব্দ "cottage" যোগে গঠিত phrase)
(সে ছোট একটি কুঁড়েঘরে বাস করে।)

Structure-04:

Every + সময় নির্দেশক শব্দ
যেমনঃ Every month, everyday, every week, every year, every morning, every night *etc.*
For example:
Everyday I miss the program. / I miss the program *everyday*.
(প্রতিদিনই আমি অনুষ্ঠানটি মনে করি।)
Every year we will meet one another. (প্রতিবছর আমরা একে অপরের সাথে সাক্ষাৎ করব।)

অজানা কথাঃ
অনেক "adverb" verb-এর আগে বসে verb কে modify করে। কিন্তু, উপরে উল্লিখিত adverb-সমূহ কখনোই verb-এর পূর্বে বসে না। উল্লিখিত adverb সমূহ sentence-এর শুরুতে বা শেষে বসে।

অজানা কথাঃ
Preposition "to" যুক্ত pharse অনেক ধরনের হতে পারেঃ
I went to the market to buy some products.
i. Infinitive phrase (to+v1+ext.)

ii. Verbal pharse
iii. Adverbial phrase (adverb phrase of purpose)

Prepositional Phrase

যে phrase "preposition"-এর অবস্থানে বসে preposition-এর মত কাজ করে, তাকে prepositional phrase বলে।

অজানা কথা:

Prepositional phrase "preposition" দিয়ে শুরু হয়।

Structure of Prepositional Phrase

Structure-01:

Preposition + noun/noun phrase

For example:

I found my lost pen *in the playground.* (আমি আমার হারানো কলমটি খেলার মাঠে পেয়েছিলাম।)

She is dancing *on the stage.* (সে মঞ্চে নাচছে।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যে preposition "in" ও "on" এর পর noun phrase "the playground" এবং "the stage" বসায় preposition থেকে বাকি অংশটুকু মিলে prepositional phrase গঠন করেছে।

দ্বন্দ্ব দূর করে নাও:

❑ **দ্বন্দ্ব-০১:**

Preposition দিয়ে শুরু হলে, সেটা অবশ্যই গঠনগত (structurally) দিক থেকে prepositional phrase। তবে তা কার্যকরীভাবে (functionally) অনেক ধরনের phrase হতে পারে।

For example:

He is a man of action.=prepositional phrase

He is a man of action.=Adjective pharse as modifier of noun "a man"

It is our bus by the river bank.= prepositional phrase

It is our bus by the river bank=Adjective pharse as modifier of noun "our bus"

এখান থেকে প্রমাণিত, কিছু ক্ষেত্রে prepositional phrase-কে কোনোভাবেই adverbial phrase বলা যায় না।

❑ **দ্বন্দ্ব-০২:**

বাক্যে prepositional phrase-এর অবস্থান এবং অর্থ অনুযায়ী বিভিন্ন ধরনের হতে পারে।

For example:

He is from London.=**Adjective pharse**

Shortcut : Be verb+adjective phrase/modifying pronoun.
He advised me from London.=**Adverbial phrase**

Shortcut : Sub+verb+obj+adverb phrase/indicating location.
Mr.Akmal from London will observe us. =**Noun phrase**

Shortcut : Phrase as subject+verb+ext.

উল্লেখ্য, preposition "from" দিয়ে শুরু এবং এরপর বাকি অংশ, নিঃসন্দেহে এইটুকু prepositional phrase। তবে বাক্যে অবস্থান এবং অর্থ অনুযায়ী এগুলোকে prepositional phrase বলা যৌক্তিক নয়।

Structure-02:

Preposition + verb + ing (gerund) + extension

For example:

He is addicted *to playing cards.* (সে তাস খেলায় আসক্ত।)

Young generation is fond *of listening western music.* (তরুণ প্রজন্ম পাশ্চাত্য সঙ্গীত পছন্দ করে।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যে preposition "to" ও "of" এর পর gerund "playing" এবং "listening" বসায়, preposition থেকে বাকি অংশটুকু মিলে prepositional phrase হয়েছে।

Structure-03:

Preposition + স্থান/সময়/কারণ প্রকাশক শব্দ

For example:

You should not meet me *at late night.* ("late night" সময়কে নির্দেশ করে)
(গভীর রাতে আমার সাথে তোমার সাক্ষাৎ করা উচিৎ নয়।)

Spread the balls *on the floor.* ("the floor" স্থানকে নির্দেশ করে)
(বলগুলো মেঝেতে ছড়িয়ে দাও।)

I will reach your home *without taking any rickshaw.* ("taking any rickshaw" কারণ নির্দেশ করে)
(কোনো রিক্সা নেওয়া ছাড়াই আমি তোমার বাসায় পৌছাবো।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যে preposition "at", "on" এবং "without"-এর পর সময়/স্থান/কারণ প্রকাশক শব্দ "late night", "the floor" এবং "taking any rickshaw" বসায়, preposition থেকে বাকি অংশটুকু মিলে prepositional phrase হয়েছে।

Structure-04:

Preposition + wh. word + extension.

For example:

Rajshahi, *from where I started my first mission.* (রাজশাহী, যেখান থেকে আমি আমার জীবনের প্রথম উদ্দেশ্য শুরু করেছিলাম।)

The boy *to whom I gave an opportunity* is considered to be thief.
(যে বালকটিকে আমি সুযোগ দিয়েছিলাম তাকে চোর ভাবা হলো।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যে preposition "from" ও "to"-এর পর Wh. word "where" এবং "whom" থাকায় preposition থেকে বাকি অংশ prepositional phrase।

অজানা কথা:

Preposition phrase বাক্যের subject অবস্থানে বসলে, সর্বদায় preposition-এর পূর্বে থাকা headword অনুযায়ী verb বসে।

For example:

A man with many problems stay/**stays** unhappy.

কারণ, Headword "A man" = stays
Many people in this area **is/are** still ignorant.
কারণ, Headword "Many people" = are

Conjunctional Phrase

যে phrase একটি sentence-এ বসে এক এর অধিক word, phrase, sentence বা clause-কে যুক্ত করে, তাকে conjunctional phrase বলে।

কিছু গুরুত্বপূর্ণ conjunctional phrase এর উদাহরণ:

As soon as, no sooner, as well as, as if, as far as, as quickly as, neither ----- nor, either ----- or, not only ----- but also, both ----- and, as a result *etc.*

For example:

The boy started reading *as soon as* he woke up. (বালকটি ঘুম থেকে জাগা মাত্রই পড়া শুরু করেছিল।)

No sooner had we called the police than the criminal ran away.
(আমরা পুলিশকে ডাকতে না ডাকতেই দুষ্কৃতিকারী পালালো।)

Tonmoy *as well as* his family members has attended today's party.
(তন্ময় এবং তার পরিবারের সবাই আজকের অনুষ্ঠানে উপস্থিত হয়েছে।)

Either you *or* your classmate met me yesterday.
(হয় তুমি নতুবা তোমার সহপাঠী আমার সাথে গতকাল সাক্ষাৎ করেছিল।)

লক্ষণীয়, উপরের sentence গুলোতে italic/বাঁকা করে লিখা phrase গুলো conjunctional phrase।

অজানা কথা:

"Conjunction ----- conjunction", অর্থাৎ, Not only ----- but also, either ----- or, neither ----- nor *etc.* জাতীয় conjunction-কে pair conjunction-বলা হয়।

Interjectional phrase

যে phrase গুলো মনের আকস্মিক ভাব প্রকাশ করে এবং যার পরে একটি note of exclamation mark (!) বসে, সেই phrase গুলো interjectional phrase বলে।

English-এ ব্যবহৃত গুরুত্বপূর্ণ কিছু interjectional phrase:

Oh my God!	For God's sake! / For heaven's sake!
What a pity!	Thank God!
What a miracle!	By Jove!
My goodness!	Fie! Fie!

Oh my God! What have you done? (ও আমার প্রভু! তুমি এ কি করেছো?)

What a pity! He has failed in BCS written exam.
(কি দুঃখজনক! সে বিসিএস লিখিত পরীক্ষায় অকৃতকার্য হয়েছে।)

What a miracle! Our president is present in our weekend meeting.
(কি আশ্চর্য! আমাদের সাপ্তাহিক সভায় আমাদের সভাপতি উপস্থিত আছেন।)

My goodness! You have visited my new company.
(আমার সৌভাগ্য! আপনি আমার নতুন কোম্পানি পরিদর্শন করেছেন।)

For God's sake! Don't try to get it back. (প্রভু/স্রষ্টার দোহাই! এটি আর ফিরে পেতে চেষ্টা করোনা।)
Thank God! We are out of danger now. (স্রষ্টাকে ধন্যবাদ! আমরা এখন বিপদমুক্ত।)
By Jove! Stop this unwise thinking. (দেবরাজের শপথ! এই অনভিজ্ঞ চিন্তাভাবনা বন্ধ কর।)
Fie! Fie! You did the same wrong again. (ছি! ছি! তুমি আবার একই ভুল করেছ।)

Infinitive Phrase

Infinitive phrase মূলত "to + v1 + extension" দিয়ে গঠিত phrase

Structure of Making Infinitive Phrase

Structure:

to + v1 + noun/noun phrase
সহজ করে বললে, infinitive-এর একটি object থাকবে।

For example:

To practice cricket regularly will help you to be a good cricketer.
(নিয়মিত ক্রিকেট অনুশীলন করা তোমাকে ভালো ক্রিকেটার হতে সাহায্য করবে।)

I am very happy *to meet you.* (তোমার সাথে সাক্ষাৎ করে আমি খুব খুশি।)

I failed *to solve the problem of two brothers.* (আমি দুই ভাইয়ের সমস্যা সমাধানে ব্যর্থ হয়েছিলাম।)

লক্ষণীয়, উপরের তিনটি বাক্যে বাঁকা করে লিখা phrase গুলো infinitive phrase, কেননা "to + v1 + extension" structure অনুযায়ী phrase গুলো গঠিত হয়েছে।

অজানা কথা:

Infinitive phrase বাক্যের subject এবং object অবস্থানে বসতে পারে। এই জন্য infinitive phrase-কে noun phrase-ও বলা হয়।

For example:

i. To read newspaper should be your habit.
   Structurally : Infinitive phrase
   Functionally : Noun phrase as subject
ii. To tell a lie is a great sin.
   Structurally : Infinitive phrase
   Functionally : Noun phrase as subject
iii. I wanted to hide myself.
   Structurally : Infinitive phrase
   Functionally : Noun phrase as object

কি! মনে আছে তো ?

infinitive phrase-কে verbal phraseও বলা যায়

Participle Phrase

Participle phrase মূলত adjective phrase-কে বোঝায়। Participle phrase ভালোভাবে বুঝতে চাইলে সর্বপ্রথম "Gerund & Participle" chapter থেকে participle-এর মৌলিক ধারণা এবং প্রকারগুলো জেনে নাও।

Participle phrase তিন প্রকার:

i. Present participle=v1+ing
ii. Past participle=v3
iii. Perfect participle=Having+v3

Present Participle Phrase:

Structure:

v1 + ing + extension, যা বাক্যে noun বা pronoun কে modify করে।

For example:

Finally *checking over his answer*, the examiner announced his final result.
(সর্বশেষে তার উত্তরটি যাচাই করে পরীক্ষক তার চূড়ান্ত ফল ঘোষণা দিয়েছিল।)

Searching in the room, my father got his lost wallet.
(ঘরে খোঁজা খুঁজি করে, আমার বাবা তার হারানো টাকার ব্যাগটি পেয়েছিল।)

লক্ষণীয়, প্রথম বাক্যতে, "checking" present participle এবং "checking over his answer" participle phrase, যা "the examiner"-কে modify বা বিশেষায়িত করছে।

দ্বিতীয় বাক্যে, "searching" present participle এবং "searching in the room" participle phrase, যা "my father"-কে modify বা বিশেষায়িত করছে।

Past Participle Phrase:

Structure:

v3 + extension, যা বাক্যে noun বা pronoun-এর পূর্বে বা পরে বসে noun বা pronoun-কে modify করে।

For example:

Excited about dinner, our new colleague reached to the hotel swiftly.
(নৈশ খাবারে উদ্দীপ্ত হয়ে, আমাদের নতুন সহকর্মী দ্রুততার সাথে হোটেলে পৌঁছেছিল।)

Frightened by the loud sound, the dog hid in the jungle.
(উচ্চশব্দে ভীত হয়ে, কুকুরটি জঙ্গলে লুকালো।)

I have a boat *made of wood*. (আমার একটা কাঠের নৌকা আছে।)

লক্ষণীয়, প্রথম বাক্যতে, "excited" past participle এবং "excited about dinner" past participle phrase, যা "our new colleague" কে modify করছে।

দ্বিতীয় বাক্যে, "frightened" past participle এবং "frightened by the loud sound" past participle phrase, যা "the dog"-কে modify করছে।

তৃতীয় বাক্যে, "made of wood" past participle phrase, যা noun"boat"-এর পরে বসে modify করছে।

Perfect Participle Phrase:

Structure:

Having + v3 + extension, যা বাক্যে noun বা pronoun কে modify করে।

For example:

Having completed the work, she joined our party.
(কাজটি শেষ করে, সে আমাদের অনুষ্ঠানে উপস্থিত হয়েছিল।)

Having sung a song, the little girl got chance to playback.
(একটি গান গেয়ে, ছোট মেয়েটি সিনেমায় গান গাওয়ার সুযোগ পেয়েছিল।)

লক্ষণীয়, প্রথম বাক্যে, "Having completed" perfect participle এবং "Having completed the work" perfect participle phrase, যা "she" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify করেছে।

দ্বিতীয় বাক্যে, "Having sung" perfect participle এবং "Having sung a song" perfect participle phrase, যা "the little girl" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে modify করেছে।

দ্বন্দ্ব দূর করে নাও:

প্রত্যেকটি participle phrase-কে adjective phrase বলা হয়, কেননা participle মানেই adjective।

For example:

i. Completing the work, I saw you.=Participle phrase
ii. Completed the work, I saw you.=Past participle phrase
iii. Having completed the work, I saw you.=Perfect participle phrase

অনুধাবন করো

একটি অংশের মধ্যে কত ধরনের phrase লুকিয়ে আছে!

The quick brown fox jumps over a very lazy dog.

i. over a lazy dog = Prepositional phrase/adverbial phrase
ii. a very lazy dog = Noun phrase
iii. very lazy = adjective phrase

Practice
MCQ মাধ্যম

1. Phrase কত প্রকার?
   (a) ৬ (b) ৭ (c) ৮ (d) ৯
2. কোন parts of speech কখনোই phrase হতে পারে না?
   (a) Noun (b) Pronoun (c) Adjective (d) Adverb
3. She stood in front of me. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Adjective phrase
   (c) Preposition phrase (d) Adverbial phrase
4. She could not attend the meeting on account of illness. The underlined phrase is-
   (a) Prepositional phrase (b) Adverbial phrase
   (c) Noun phrase (d) Adjective phase

5. His coming back was completely risky. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Adjective phrase
   (c) Adverbial phrase (d) Prepositional phrase
6. Not only you but also all your all friends denied the proposal. The underlined phrase is-
   (a) Adjective phrase (b) Conjunctional phrase
   (c) Interjectional phrase (d) Adverbial phrase
7. They worked with care. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Prepositional phrase
   (c) Adverbial phrase (d) Adjective phrase
8. This is the book printed by Modern Press. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Prepositional phrase
   (c) Adverbial phrase (d) Adjective phrase
9. What a pity! you got it. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Prepositional phrase
   (c) Interjectional phrase (d) Conjunctional phrase
10. I want to eat bread for lunch. The underlined phrase is-
   (a) Noun phrase (b) Adjective phrase
   (c) Prepositional phrase (d) Infinitive phrase

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) ৭, যথা: i. Noun phrase; ii. Adjective phrase; iii. Verb phrase; iv. Adverbial phrase; v. Prepositional phrase; vi. Conjunctional phrase; vii. Interjectional phrase।
2. সঠিক উত্তর- (b) Pronoun, Parts of Speech-এর একমাত্র pronoun ব্যতীত অন্য ৭টি প্রকারই phrase হতে পারে।
3. সঠিক উত্তর- (d) Adverbial phrase, কেননা উক্ত বাক্যে "in front of" মূলত intransitive verb "stood" সম্বন্ধে তথ্য দিচ্ছে।
4. সঠিক উত্তর- (a) Prepositional phrase, কারণ, উক্ত বাক্যে "on account of" তুলে দিয়ে তদোস্থলে একটি সাধারণ preposition "for" দিলেও অর্থের খুব একটা পরিবর্তন হয় না।
5. সঠিক উত্তর- (a) Noun phrase, কেননা, "His coming back" phrase টি বাক্যের subject position-এ বসেছে। আর আমরা জানি, subject হতে গেলে তাকে noun অথবা noun phrase হতে হয়।
6. সঠিক উত্তর- (b) Conjunctional phrase, "as soon as, no sooner ----- than, not only ----- but also *etc.*"-কে conjunctional phrase বলে। কেননা, এরা দুইটি clause বা বাক্যাংশকে যুক্ত করে।

7. সঠিক উত্তর- (c) Adverbial phrase, কেননা, উক্ত বাক্যে phrase "with care" তুলে তদোস্থলে adverb "carefully" ও বসানো যেতে পারে। অন্যকথায়, যেকোনো intransitive verb; যেমন: work, come, go, sleep *etc.*-এর পর কোনো phrase বসলেই তা adverbial phrase হবে।
8. সঠিক উত্তর- (d) Adjective phrase, কেননা উক্ত phrase টি noun "the book" সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিয়ে noun-টিকে বিশেষায়িত করেছে।
9. সঠিক উত্তর- (c) Interjectional phrase, কেননা, বিস্ময়সূচক চিহ্নের মাধ্যমে বোঝা যাচ্ছে এটি interjectional phrase।
10. সঠিক উত্তর- (d) Infinitive phrase, কেননা, "To + v1+ extension" দ্বারা Infinitive phrase গঠিত হয়।

Framing Questions

(WH. Question Making)

আমরা দৈনন্দিন জীবনে অনেক প্রশ্ন করে থাকি। এই প্রশ্নগুলো করার ক্ষেত্রে বিশেষ কিছু শব্দের সাহায্য নিয়ে থাকি। এই শব্দগুলোই ইংরেজিতে Wh. word নামে পরিচিত। প্রশ্নকরার ক্ষেত্রে যে সকল Wh. word এর সাহায্য নেওয়া হয়, তাদেরকে Wh. Questions বলে।

Wh. Questions মূলত ৯ ধরনের:

Who-কে	Whom- কাকে	Whose- কার
What- কি	Which-কোনটি	When- কখন
Where-কোথায়	Why-কেন	How- কিভাবে

Who দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

i. Who + main verb + extension?
ii. Who + auxiliary verb + main verb + extension?
iii. Who + auxiliary verb + subject + main verb + extension?
iv. Who + auxiliary verb + subject + main verb + extension + preposition (to/with/for/by)?

Structure অনুযায়ী ক্রমান্বয়ে example গুলো দেয়া হল:

i. Thomas Edison invented gramophone.
   Question: Who invented gramophone? (কে কলের গান আবিষ্কার করেন?)
ii. Mr. Anwar has warned me.
   Question: Who has warned you? (কে তোমাকে সাবধান করেছে?)
iii. I am suggesting my younger brother.
   Question: Who are you suggesting? (তুমি কাকে পরামর্শ দিচ্ছো?)

iv. I sang with a new singer.
Question: Who did you sing with? (তুমি কার সাথে গান গেয়েছিলে?)

অজানা কথা:

i. Assertive sentence-এ ব্যক্তিবাচক subject (proper noun), personal pronoun (He, She, I *etc.*), না থেকে যদি indefinite pronoun (somebody, anybody, anyone, nobody, none, no one, everybody, everyone, all *etc.*) subject হিসেবে থাকে, তবে who দিয়ে প্রশ্ন করতে হয়।
Structure: Who+----------?
For example:
None believes a liar.
Question: Who believes a liar? (কে মিথ্যাবাদীকে বিশ্বাস করে?)
Nobody will help you.
Question: Who will help you? (কে তোমাকে সাহায্য করবে?)

ii. Everybody, everyone, all বা every যুক্ত noun (every person, every girl *etc.)* থাকলে, তা তুলে who + aux. verb+negative...? বসে।
Structure: Who+aux.verb (tense অনুযায়ী) + negative ----------?
For example:
Everybody wishes to go abroad.
Question: Who does not wish to go abroad? (কে বিদেশ যেতে চায় না?)
Every man is responsible for doing heinous deed.
Question: Who is not responsible for doing heinous deed?
(কে এই জঘন্য কাজের জন্য দায়ী না?)

iii. Assertive-এ 1st person থাকলে interrogative-এ পরিবর্তন নিম্নরূপ:

Assertive	interrogative
I/we	you
me/us	you
my/our	your

For example:
I sang with a new singer.
Question: Who did **you** sing with?
Mr. Anwar has warned **me.**
Question: Who has warned **you**?
This is **my** main problem.
Question: What is **your** main problem?

Whom দিয়ে গঠিত প্রশ্ন

Verb/preposition-এর পর "noun" থাকলে whom দিয়ে প্রশ্ন করতে হয়।
Structure:
Whom + auxiliary verb (tense অনুসারে) + subject + main verb + extension + question mark.
For example:
The car was designed by a Korean engineer.
Question : Whom was the car designed by?
অথবা, By whom was the car designed?(কার দ্বারা গাড়িটির নকশা করা হয়েছিল?)
This pen belongs to the little girl.
Question : Whom does the pen belong to?
অথবা, To whom does the pen belong? (কলমটি কার?)
উল্লেখ্য, উপরের প্রথম বাক্যে preposition "by" + noun "a Korean engineer" এবং দ্বিতীয় বাক্যে preposition "to" + noun "the little girl" থাকায়, "Whom" দ্বারা প্রশ্ন করা হয়েছে।
অজানা কথা:
"Whom" যেহেতু "who" এর object, সেইজন্য শুরুতে "preposition (by/to) + whom" দিয়েও Wh. Question করা যায়।

Whose দিয়ে গঠিত প্রশ্ন

Assertive Sentence- এ ('s) এবং (of)-এর ব্যবহারের মাধ্যমে অধিকার প্রকাশ পেলে, সেই Assertive Sentence -কে interrogative করতে "Whose" ব্যবহার করতে হয়।
Structure:
i. Whose + noun + main verb + subject?
ii. Whose + noun + auxiliary verb (tense অনুসারে) + subject + main verb + extension?

For example:
It is Sabina's villa.
Question: Whose villa is it? ('s-এর পরের noun টি "whose"-এর পরে বসে) (এটি কার বাগান-বাড়ি?)
I took the help of Mr. Bose.
Question: Whose help did you take? (of-এর পূর্বের noun টি "whose"-এর পরে বসে)
(তুমি কার সাহায্য নিয়েছিলে?)
লক্ষণীয়, উপরের দুইটি বাক্যে অধিকারমূলক অর্থ প্রকাশ পাওয়ায় "whose" দ্বারা প্রশ্ন করা হয়েছে।
অজানা কথা:
Assertive sentence-এ "determiner (article/possessive) + noun" থাকলেও "whose"-এর পরে determiner বসে না।
For example:
"Whose the/this pen" কথাটি ভুল, বরং বলতে হবে- "Whose pen"

What দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

i. What+auxiliary verb (tense অনুসারে)+subject+main verb+extension?
ii. What + noun + auxiliary verb (tense অনুসারে) + subject + main verb + extension?
iii. What + main verb + subject + extension?

For example:

I want some new magazines.
Question: What do you want? (তুমি কি চাও?)
I like to read "The Daily Star".
Question: What newspaper do you like to read? (তুমি কি পত্রিকা পড়তে পছন্দ করো?)

উল্লেখ্য, কোনো নির্দিষ্ট জিনিসকে সামগ্রিক/সাধারণ অর্থে, অর্থাৎ, common noun বোঝাতে "What + common noun" দিয়ে প্রশ্ন করতে হয়।

বাক্যটিকে "Which" দিয়েও প্রশ্ন করা যেতে পারে:

For example:

Which newspaper do you like to read? (তুমি কোন পত্রিকা পড়তে পছন্দ কর?)

পেশা বোঝাতে "what + be verb ——?" কিভাবে প্রশ্ন করতে হয়।

He is a doctor/teacher.
Question: What is he? (সে কী করে?)

অজানা কথা:

i. What + noun (common noun)-যোগে interrogative:

Pepsi, Coca-cola, Black horse = What things / What cold drinks
Book, Pen, Pencil = What things
Diarrhoea/ Cancer= What diseases
The Daily Star/ The Prothom Alo = What newspapers
অর্থাৎ, Proper noun থাকলে, "What + উক্ত proper noun এর common noun" হয়।

ii. What —— preposition (of/about/in/for) যোগে interrogative:

died for/of = What ----- for/of?
talk about = What ----- about?
interested in = What ----- in?
for + verb + ing / noun = What ----- for?

For example:

She died **for** her/the country.
Question: What did she die **for**? (সে কিসের জন্য মরেছিল?)
She died **of** cancer.
Question: What did she die **of**? (সে কি রোগে মরেছিল?)
She is talking **about** a new lesson.

Question: What is she talking **about**? (সে কোন বিষয় নিয়ে কথা বলছে?)
She is interested **in** western music.
Question: What is she interested **in**? (সে কিসে আগ্রহী?)
This device is suitable **for** making tea.
Question: What is this device suitable **for**? (এই যন্ত্রটি কিসের জন্য উপযুক্ত?)

লক্ষণীয়, assertive-এ যদি appropriate preposition-থাকে, তবে interrogative-এ তা শেষে বসে।

Which দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

i. Which+thing+main verb+ extension?
ii. Which+ thing+auxiliary verb+subject(person)+main verb+ extension?

For example:

This magazine will give true news.
Question: Which magazine will give true news? (কোন ম্যাগাজিন সত্য খবর দেবে?)
This book is very informative
Question: Which book is very informative? (কোন বইটি তথ্যবহুল?)

উল্লেখ্য, প্রশ্ন করার সময় "Which" ব্যবহার করায়, পূর্বের determiner "This" আর বসেনি, অর্থাৎ এমন ক্ষেত্রে determiner গুলো "Which"-এ রূপান্তরিত হয়।

অজানা কথা:

Which-এরপর বস্তুবাচক subject বসলে, উক্ত "Which" বাক্যে subject হিসেবে বসে।
I like this mobile phone.
Question: Which mobile phone do you like? (কোন মোবাইল ফোনটি তোমার পছন্দ?)
I bought seasonal fruits.
Question: Which fruits did you buy? (তুমি কি ফলমূল কিনেছো?)

অজানা কথা:

Which দিয়ে প্রশ্ন করা বাক্যে যদি ব্যক্তিবাচক subject থাকে, তাহলে উক্ত Which "object" হিসেবে বসে।

দ্বন্দ্ব দূর করে নাও:

"কোনটি/কোন" অর্থে Which এবং What উভয়টি ব্যবহার করা যায়।

For example:

কোন কলমটি তুমি কিনতে চাও?
=Which pen do you want to buy?
=What pen do you want to buy?

একইভাবে,
তুমি কোন ক্লাসে পড়?
= Which class do you read in?
= What class do you read in?

অজানা কথা:

i. Noun-এর পূর্বে "Which/What" বসলে, এদেরকে interrogative adjective বলা হয়।

ii. Interrogative adjective এর সংখ্যা ৩টি: Which, What, Whose.

When দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

When+auxiliary verb (tense অনুসারে)+subject+main verb+extension?

For example:

I met him yesterday.

Question: When did you meet him? (তুমি কখন তার সাথে সাক্ষাৎ করেছিলে?)

I get a little rest in the afternoon.

Question: When do you get a little rest? (তুমি কখন একটু অবসর পাও?)

অজানা কথা:

i. Assertive sentence-এ সময় (am, pm, year, week, month, day, night *etc.*) উল্লেখ থাকলে, "When" দ্বারা প্রশ্ন করতে হয়।

ii. When/While/At the age দিয়ে গঠিত কোনো clause বা phrase থাকলেও তা তুলে "When" দ্বারা প্রশ্ন করতে হয়।

For example:

He came to me while the movie was telecasting (সরাসরি সম্প্রচার).

Question: When did he come to you? (কখন সে তোমার কাছে এসেছিল?)

When I was ten, I got my first prize.

অথবা, At the age of ten, I got my first prize.

Question: When did you get your first prize? (কখন তুমি তোমার প্রথম পুরস্কারটি পেয়েছিলে?)

Where দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

i. Where + main verb (be verb) + extension?

ii. Where + auxiliary verb (tense অনুসারে) + subject + main verb + extension?

❑ **Be verb যদি main verb হয়, তবে "Where + উক্ত be verb ---?" দিয়ে প্রশ্ন করতে হয়।**

For example:

My mom is in the kitchen room.

Question: Where is your mom? (তোমার মা কোথায়?)

❑ **Assertive-এ preposition"in/from" থাকলে interrogative এ তা শেষে বসে।**

She lives in USA.

Question: Where does she live in? (সে কোথায় বাস করে?)

They come from Myanmar.

Question: Where do they come from?

অথবা, From where do they come? (তারা কোথা থেকে আসে?)

অজানা কথা:

i. "Preposition+Wh. word",এই ধরনের প্রশ্নগুলো spoken English-এ বেশি ব্যবহার হয়ে থাকে, যা informal pattern।

ii. Assertive sentence-এ কোনো স্থানের নাম উল্লেখ থাকলে, "Where" দিয়ে প্রশ্ন করতে হয়। তবে, assertive sentence-এ বাক্যে "সময় ও স্থানের নাম" উভয় থাকলে "when and where" দ্বারা প্রশ্ন করতে হয়।

For example:

Sufia Kamal was born **in 1911** **in Bangladesh**. [সময় + স্থান]

Question: When and where was Sufia Kamal born? (সুফিয়া কামাল কখন এবং কোথায় জন্মগ্রহণ করেছিলেন?)

Why দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

i. Why + be verb + extension + ?

ii. Why + auxiliary verb (tense অনুসারে) + subject + main verb + extension + ?

For example:

I am cheerful to see you.

Question: Why are you cheerful? ("Why + be verb" যোগে প্রশ্ন)
(তুমি প্রফুল্ল কেন?)

She went to market for collecting flowers.

Question: Why did she go to market? (সে কেন বাজারে গিয়েছিল?)

More examples:

I along with my family members visited the Zoo with a view to seeing many wild animals.

Question: Why did you along with your family members visit the Zoo?
(তুমি কেন তোমার পরিবারের সদস্যদের সাথে চিড়িয়াখানা বেড়াতে গিয়েছিলে?)

He works hard so that he can get better facility.

Question: Why does he work hard? (কেন সে কঠোর পরিশ্রম করে?)

অজানা কথা:

Assertive sentence- এ "with a view to, due to, owing to, in order that, so that, for, in order to, to + v1, as/since/because *etc.*"-এর কোনো একটি থাকলে, "Why" দিয়ে প্রশ্ন করতে হয়।

How দিয়ে গঠিত প্রশ্ন

Structure:

How + auxiliary verb + subject + main verb + ?

For example:
She overcame the problem closing the issue.
Question: How did she overcome the problem? (কিভাবে সে সমস্যাটি অতিক্রম করেছিল?)

প্রশ্ন করার ক্ষেত্রে "How"-এর সাথে আরও কিছু শব্দের Collocation

❑ How + long	= সময়ের ব্যপ্তি /কতসময় ধরে
❑ How + far	= কত দূর/ দুইটি স্থানের দূরত্ব
❑ How + old	= বয়স
❑ How + high	= উচ্চতা
❑ How + fast/speed	= কতদ্রুত / গতিবেগ
❑ How + often	= কতবার
❑ How + much	= কোনো পণ্যের দাম / পরিমাণ
❑ How + many + countable noun	= কত সংখ্যক
❑ How + much + uncountable noun	= কি পরিমাণ

Structure অনুযায়ী Example-গুলো ক্রমানুসারে:
The movie will be continued for three hours.
Question : How long will the movie be continued? (Passive অর্থে "will --- be + v3" হয়েছে)
(কতক্ষণ ধরে সিনেমাটি চলবে?)
My house is about 3 kilometres from my school.
Question : How far is your house from your school? (স্কুল থেকে তোমার বাড়ি কতদূর?)
Jerry is twelve years old.
Question : How old is jerry? (সর্বদাই "How + old" বসে) (জেরির বয়স কত?)
The boy drives his bike at a speed of 40 kilometers.
Question : How fast does the boy drive his bike?
(বালকটি কতদ্রুত তার মোটর সাইকেল চালায়?)
He earns 50,000/- per month from social media.
Question : How much does he earn per month from social media?
(কোনো উৎস থেকে টাকা উপার্জন বোঝাতে "How much")
(সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে সে প্রতিমাসে কত উপার্জন করে?)
The book costs me 400/- taka.
Question : How much did the book cost? (পণ্যের দাম বোঝাতে "How much") (বইটির দাম কত?)
My uncle gave me two story books.
Question : How many story books did your uncle give you?
("story books-গল্পের বইগুলো" গণনাযোগ্য noun হওয়ায় "How many" ব্যবহার হয়েছে)
(তোমার চাচা তোমাকে কতগুলো গল্পের বই দিয়েছিল?)
Her mother desires to have two pieces of furniture.
Question : How much furniture does her mother desire to have?
("furniture-আসবাবপত্র" অগণনাযোগ্য noun হওয়ায় "How much" ব্যবহার হয়েছে)
(তোমার মা কি পরিমাণ আসবাব পত্র নিতে চায়?)

সাধারণ নিয়ম থেকে ভিন্ন

৬ নিয়ম-০১:
ব্যক্তি ও ব্যক্তির পেশা (occupation) একই বাক্যে উল্লেখ থাকলে, What দ্বারা "পেশা" কে প্রশ্ন করতে হয়।
For example:
Mr. Anwar is a banker.
Question: What is Mr. Anwar? (জনাব আনোয়ার কী করেন?)
অজানা কথা:
যখন কারো কোনো "পেশা" বোঝাতে "What is/was" দ্বারা প্রশ্ন করা হয়, তখন অর্থ হয়ে থাকে "কী করেন/করতেন"। তাহলে মনে রাখা জরুরী, "What is/What was" দ্বারা সর্বদায় "কি হয়/ কি ছিল" এমনটি বোঝায় না।

৬ নিয়ম-০২:
ব্যক্তি কর্তৃক সৃষ্টি (invention), books, magazine, instrument, idea *etc.* একই বাক্যে উল্লেখ থাকলে, "Who" দ্বারা "ব্যক্তি" কে প্রশ্ন করতে হয়।
For example:
Thomas Edison invented phonograph.
Question: Who invented phonograph. (কে ধ্বনিনির্দেশক যন্ত্র আবিষ্কার করেন?)

৬ নিয়ম-০৩:
ব্যক্তি/স্থান/ সময় দিয়ে কোনো বাক্য থাকলে, প্রশ্ন করার ক্ষেত্রে "সময়/স্থানকে" প্রাধান্য দিয়ে "When/Where" দিয়ে প্রশ্ন করতে হবে।
For example:
Kazi Nazrul was born in **1899** at **Asansol, India**.
Question: When was Nazrul born?
অথবা, Where was Nazrul born?
অথবা, When and where was Nazrul born? (সর্বদায়, was/were+born=passive অর্থে)
অজানা কথা:
প্রশ্ন করার ক্ষেত্রে মনে রাখতে হবে- ব্যক্তির থেকেও বেশি গুরুত্ব পাবে ব্যক্তির সৃষ্টি এবং ব্যক্তির সঙ্গে সম্পৃক্ত স্থান এবং তারিখ।

৬ নিয়ম-০৪:
স্থানে পৌঁছানোর মাধ্যম (by bus, by train, by Aeroplane, by rickshaw *etc.)* উল্লেখ থাকলে, "How" দ্বারা প্রশ্ন করতে হয়।
For example:
All the guests reached the station by bus.
Question: How did all the guests reach the station? (অতিথিরা কিভাবে স্টেশনে পৌঁছেছিল?)

I came here by rickshaw.
Question: How did you come here? (তুমি এখানে কীভাবে এসেছিলে?)

↳ নিয়ম-০৫:

একই বাক্যে ব্যক্তি (person), স্থান (place), সংখ্যা (number- one, two, three *etc.*) থাকলে, সংখ্যাকে প্রাধান্য দিতে "How many" দ্বারা প্রশ্ন করতে হয়।

For example:
Tanika, my daughter, collected **three** old coins from an old box.
Question: How many coins did Tanika collect from an old box? (তনিকা পুরাতন বাক্স থেকে কতগুলো পুরাতন মুদ্রা সংগ্রহ করেছিল?)

Practice

☑ Practice: 01

Answer/Statement	Question
This word has a special meaning.	What has a special meaning?
The station is two kilometers away from this place.	How far is the station from this place?
I was held up in traffic jam near a bus stand.	Where were you held up in traffic Jam?
Her husband is a doctor.	Who is a doctor? What is her husband?
Royal Bengal tigers abound in the sundarbans.	Where do Royal Bengal Tigers abound in?

☑ Practice: 02

Answer/Statement	Question
He visited Bangladesh, India and Pakistan.	Where did he visit? Or, Which countries did he visit? Or, Who visited Bangladesh, India and Pakistan?
Everybody wishes to be happy.	Who does not wish to be happy? Or, What does everybody wish?
The national memorial stands at Savar.	Where does the National Memorial stand? Or, What stands at Saver?
She was thirty-six.	How old was she? Or, Who was thirty six?
I was requested by my boss to do so.	By whom were you requested to do so? Or, Who requested you to do so?

☑ Practice: 03

Answer/Statement	Question
Of all fruits, I like bananas most.	Which of the fruits do you like most? Or, Which fruit do you like most?
I saw him long ago.	When did you see him? Or, Whom did you see long ago?
She looks like a baby doll.	How does she look like?
The boy has overcome the problems.	What has the boy overcome? Or, Who has overcome the problems?
The parcel is from Saudi Arabia.	Where is the parcel from? Or, What is from Saudi Arabia?

☑ Practice: 04

Answer/Statement	Question
The meeting ended at 4 p.m.	When did the meeting end? Or, What ended at 4 p.m.?
She can speak four languages.	How many languages can she speak?
None hits accurately every time.	Who hits accurately every time?
My friend called on me to lend him some money.	Why did your friend call on you? Or, Who called on you to lend some money? Or, What did your friend call on you to lend?
She speaks English fluently.	How does she speak English? Or, What does she speak fluently?

☑ Practice: 05

Answer/Statement	Question
I was born in Rajshahi.	Where were you born?
My friends invited me.	Who invited you?
Of the two pencils, I want the red one.	Which of the pencils do you want?
The programme was cancelled because of rain.	Why was the programme cancelled? Or, What was cancelled because of rain?
Anger is man's wors enemy.	What is man's worst enemy?

☑ Practice: 06

Answer/Statement	Question
English has been made easier by the use of online platform.	How has English been made easier? Or, What has been made easier by the use of online platform?

I have been waiting since two o'clock.	How long have you been waiting?
Rajshahi is famous for mangoes.	Why is Rajshahi famous? Or, What is Rajshahi famous for? Or, What is famous for mangoes?
He was late because he got up late.	Why was he late?
Our liberation war took place in 1971.	When did your liberation war take place? Or, What took place in 1971?

☑ **Practice: 07**

Answer/Statement	Question
The sun sets at 5.00 p.m.	When does the sun set? Or, What sets at 5.00 p.m?
He deceived his friend.	Whom did he deceive?
The incident happened last month.	When did the incident happen? Or, What happened last month?
These are Ripon's books.	Whose books are these?
He is 12 years old.	How old is he?

☑ **Practice: 08**

Answer/Statement	Question
I want to speak with the officer.	Whom do you want to speak with?
I am feeling well today.	How are you feeling today?
The pen costs me fifty taka.	What costs you fifty taka? Or, How much does the pen cost you?
I am studying English to get a good job.	Why are you studying English?
Dhaka is famous for mosques.	Why is Dhaka famous? Or, What is Dhaka famous for? Or, What is famous for mosques?

☑ **Practice: 09**

Answer/Statement	Question
Our home is only 5 minutes walking distance from the school.	How far is your home from the school?
Since she was beautiful, everyone was attracted.	Why was everyone attracted?
He had ammunition business.	Which business did he have?
The news of his mother's death made me sad.	What made you sad?
He ran away as soon as he saw me.	When did he run away?

☑ **Practice: 10**

Answer/Statement	Question
I had missed the Saturday flight.	What did you miss? Or, Which flight did you miss?
I feel fresh and free.	How do you feel?
Dhaka is the capital of Bangladesh.	What is the capital of Bangladesh?
I saw her cooking meat.	Whom did you see cooking meat?
The office was closed at 4 p.m.	When was the office close? Or, What was closed at 4 p.m.?

☑ **Practice: 11**

Answer/Statement	Question
The buses sixty miles per hour.	How far does the bus run per hour? Or, What runs sixty miles per hour?
John Keats died at the age of 25.	When did John Keats die? Or, Who died at the age of 25?
We helped the flood-affected people.	Whom did you help?
A case has been filed in the regard.	What has been filed?
This tool is used for boring.	What is used for boring? Or, What is this tool used for?

☑ **Practice: 12**

Answer/Statement	Question
He uses his friend's mobile.	Whose mobile does he use?
He will teach us English.	Who will teach you English? Or, What will he teach you?
I perferred Tagore's song.	Whose song did you prefer?
He came late owing to an accident.	Why did he come late?
The college was built in 1970.	When was the college built? Or, What was built in 1970?

☑ **Practice: 13**

Answer/Statement	Question
I shall meet the President.	Whom will you meet?
The parcel is from Dhaka.	Where is the parcel from? Or, What is from Chittagong?
I rode my brother's car.	Whose car did you ride? Or, What did you ride?
They will give her the red one.	What will they give her?
He visits me once a week.	How often does he visit you?

☑ **Practice: 14**

Answer/Statement	Question
Study is the main pursuit of a student.	What is the main pursuit of a student? Or, Whose main pursuit is study?
Sumi can write poems well.	How can Sumi write poems?
A hawker is a clever person.	What type of person is a hawker? Or, Who is a clever person?
I will go to the President.	Whom will you go to?
Sajid went on foot.	How did Sajid go? Or, Who went on foot?

☑ **Practice: 15**

Answer/Statement	Question
My daughter gets up at 5.00 a.m.	When does your daughter get up? Or, Who gets up at 5.00 a.m.?
Safe drinking water is the crying need of the day.	What is the crying need of the day?
They came to us.	Who came to you?
Rajshahi stands on the Padma.	Where does Rajshahi stand? Or, What stands on the Padma?
One must finish everything in time.	What must one finish in time?

☑ **Practice: 16**

Answer/Statement	Question
My daughter gets up at 5.00 am.	When does your daughter get up? Or, Who gets up at 5.00 am.?
Safe drinking water is the crying need of the day.	What is the crying need of the day?
They came to us.	Who came to you?
All the guests ignored me.	Who ignored you?
One must finish everything in time.	What must one finish in time?

☑ **Practice: 17**

Answer/Statement	Question
The word phonograph means something that can write or record sound.	What does the word 'phonograph' mean?
They can serve the nation if they are properly nursed.	When can they serve the nation?
Money cannot buy happiness.	What cannot buy happiness? Or, What cannot money buy?
The man died of malaria.	Who died of malaria? Or, How did the man die?

Thomas Alva Edison was born in 1847.	When was Thomas Alva Edison born? Or, Who was born in 1847?

☑ **Practice: 18**

Answer/Statement	Question
I advised him to read attentively.	What did you advise him?
Our president will live long.	Who will live long? Or, Whose president will live long?
The King lived in an island.	Where did the king live? Or, Who lived in an Island?
This company was established in 1999.	When was the company established? Or, What was established in 1919?
The streets of the city are lighted by electric lights.	What are lighted by electric lights? Or, How are the streets of the city lighted?

☑ **Practice: 19**

Answer/Statement	Question
Every country has a national flag.	What has every country? Or, What does every country have?
We got independence through a bloody battle.	How did you get independence? Or, What did you get through a bloody battle?
Patriotism is a very nobel virtue.	What is patriotism? Or, What is a nobel virtue?
I saw a terribe street accident last month.	When did you see a terrible street accident? Or, What did you see last month?
A popular saying is that time and tide wait for none.	What is a popular saying?

☑ **Practice: 20**

Answer/Statement	Question
She is the heroine of the play.	Who is the heroine of the play? Or, Who is she?
Don resembles his elder sister.	Whom does Don resemble? Or, Who resembles his elder sister?
She had long face.	What had she? Or, Which type of face had she?

Walking in the morning is good for health.	What is good for health? Or, What is walking in the morning good for?
The telephone was invented in 1876.	When was the telephone invented? Or, What was invented in 1876?

Practice
MCQ মাধ্যম

1. ইংরেজিতে কত ধরনের Question দেখা যায়?
   (a) তিন (b) চার (c) পাঁচ (d) ছয়
2. নিচের কোন Wh. word "Objective" form-এ ব্যবহৃত হয়?
   (a) Whose (b) Which (c) Who (d) Whom
3. ----- did he take to the orientation program?
   (a) Who (b) Whom (c) When (d) Which
4. ----- did you like to watch?
   (a) Which movie (b) Whose movie (c) What movie (d) When movie
5. That is his pen.-এই বাক্যটিকে সঠিক কোন Wh. word দিয়ে প্রশ্ন করা উচিত?
   (a) Which is his pen? (b) What is his pen?
   (c) Which one is his pen? (d) What his pen is?
6. She felt uneasy when I recalled her.-এই বাক্যটিকে সঠিক কোন Wh. word দিয়ে প্রশ্ন করা উচিত?
   (a) How does she feel uneasy when I recalled her?
   (b) How did she felt uneasy when you recalled her?
   (c) How did she feel uneasy when you recalled me?
   (d) How did she feel uneasy when you recalled her?
7. Choose the incorrect sentence:
   (a) How fast does the man drive his bike?
   (b) How essential is the water in our life?
   (c) How long has he lived here? (d) How much people are there?
8. He bought some magazines for knowing recent articles.-এই বাক্যটিকে সঠিক কোন Wh. word দিয়ে প্রশ্ন করা উচিত?
   (a) Why did he buy some magazines? (b) What did he buy some magazines?
   (c) When did he buy some magazines? (d) For whom did he buy some magazines?
9. "The little girl is writing a poem." The correct framing question of the following sentence is-
   (a) Where is the little girl writing? (b) Why is the little girl writing?
   (c) When is the little girl writing? (d) What is the little girl writing?
10. Choose the correct sentence:
   (a) Who is in America? (b) Who are in America?
   (c) Who have been in America? (d) Who will in America?

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) চার, যথা: i. Wh question: ii. Yes/No question: iii. Tag question: iv. Embedded question
2. সঠিক উত্তর- (d) Whom, এটি মূলত "Who" এর objective form।
3. সঠিক উত্তর- (b) Whom, উক্ত sentence টির বাংলা অর্থ হবে- "সে উদ্বোধনী অনুষ্ঠানে কাকে সাথে নিয়েছিল?" এখানে "কারো সাথে" এমন অর্থ প্রকাশ করায় "Whom" নিতে হবে।
4. সঠিক উত্তর- (b) Whose movie, উক্ত sentence টির বাংলা অর্থ হবে- "কার ছবি/সিনেমা তুমি দেখতে পছন্দ করতে?" এখানে কার ছবি বোঝাতে "Whose movie" ব্যবহার করতে হবে। Shortcut: Whose + noun ----- + ? (তবে *কোন ছবি* এমন অর্থে (a) নং উত্তরও সঠিক হতে পারে।)
5. সঠিক উত্তর- (a) Which is his pen? "কোনটি তার কলম?" এমন প্রশ্ন করলে উত্তর আসবে "That is his pen." সুতরাং, "কোনটি" বোঝাতে "Which + verb + -----?" এমন structure ব্যবহার করতে হবে।
6. সঠিক উত্তর- (d) How did she feel uneasy when you recall her? প্রদত্ত বাক্যের বাংলা অর্থ হয়- "সে অস্বস্তি অনুভব করেছিল, যখন আমি তাকে স্মরণ করেছিলাম/ডেকেছিলাম" এই বাক্যটির প্রশ্নবোধককে উল্লেখ করতে হবে "সে কেমন বোধ করেছিল -----?" সুতরাং, "কেমন" অর্থে "How" দিয়ে প্রশ্ন করতে হবে। উল্লেখ্য, Assertive বাক্যতে "I" থাকলে Interrogative এ সেটা "You" এ পরিণত হয়।
7. সঠিক উত্তর- (d) How much people are there? এখানে ভুল উত্তরটি খুঁজে বের করতে বলা হয়েছে। "Much" এর পর কখনোই countable plural noun (people) হবে না। উল্লেখ্য, "many + countable plural noun" এবং "much + uncountable noun"।
8. সঠিক উত্তর- (a) Why did he buy some magazines? প্রদত্ত বাক্যটির বাংলা অর্থ হয়- "সে কিছু ম্যাগাজিন কিনেছিল সাম্প্রতিক কিছু প্রবন্ধ সম্বন্ধে জানার জন্য।" এখানে প্রশ্নতে অবশ্যই বলতে হবে- "কেন (Why) সে কিছু ম্যাগাজিন (magazine) কিনেছিল?" এইজন্য প্রশ্নতে Wh. word "Why" কে বাছাই করতে হবে।
9. সঠিক উত্তর- (d) What is the little girl writing? "ছোট মেয়েটি কি (What) লিখছে?" এমন প্রশ্ন করাতে "What" কে'ই best হিসেবে ধরতে হবে।
10. সঠিক উত্তর- (a) Who is in America? কারণ "Who" যখন বাক্যের subject অবস্থানে বসে, তখন তা singular অর্থে "He/She" এর মত একজন ব্যক্তিকে বোঝায়, সেজন্য verb "singular" হয়। তবে, "Who are you?" এই বাক্যে main subject "you"।

Affirmative & Negative Agreement

(হ্যাঁ বোধক এবং না বোধক চুক্তিজ্ঞাপন)

সমজাতীয় দুইটি বাক্যের verb এর পুনরাবৃত্তি (double use) এড়াতে, affirmative ও negative বাক্যকে বিশেষ কিছু conjunction এর মাধ্যমে যে একত্রিত করা হয়, তা'ই মূলত affirmative & negative agreement।

এটাতো জানাই আছে, Assertive sentence দুই প্রকার:

i. Affirmative ii Negative

সেই অনুযায়ী agreement দুই প্রকার:

i. **Affirmative agreement**= দুইটি হ্যাঁ-বোধক বাক্যকে যুক্তকরণ

For example:

I am nervous. You are nervous.

ii. **Negative agreement**= দুইটি না বোধক বাক্য কে যুক্তকরণ

For example:

He has not seen it. I have not seen it.

Affirmative বাক্যের Agreement

Structure-01:

প্রথম বাক্য + **and** + দ্বিতীয় বাক্যের subject + auxiliary verb + also/too + full stop

Structure-02:

প্রথম বাক্য + **and so** + auxiliary verb + subject + full stop

For example:

I am nervous. You are nervous.

= I am nervous **and** you are also/too.

= I am nervous **and so** are you.

More examples:

i. **She works in a factory. Her father works in a factory**

=She works in a factory **and** her father does too/also.

=She works in a factory **and so** does her father.

(সে একটি কারখানায় কাজ করে এবং তার বাবাও করে।)

উল্লেখ্য, structure বা গঠনগত পার্থক্য থাকলেও দুই ধরনের structure-এ বাক্যের অর্থগত কোনো পার্থক্য নেই।

ii. **I will watch the drama.You will watch the drama.**

=I will watch the drama **and** you will too.

=I will watch the drama **and so** will you. (আমি নাটক দেখব এবং তুমিও দেখবে।)

iii. **Time has changed.You have changed.**

=Time has changed **and** you have also.

=Time has changed **and so** have you. (সময় বদলে গেছে এবং তুমিও বদলে গেছো।)

iv. **He is hard working. I am hard working.**

=He is hard working **and** I am too/also.

=He is hard working **and so** am I. (সে কঠোর পরিশ্রমী এবং যেমনটা আমিও।)

অজানা কথা:

i. সর্বদাই প্রথম sentence-এর tense অনুসারে পরবর্তীতে subject অনুসারে auxiliary verb বসাতে হবে।

ii. বাক্যের শেষে বসা adverb "too/also" এর অর্থ- as well (আরো)।

iii. উল্লেখিত বাক্যগুলোকে co-ordinate conjunction "and" দিয়েও যুক্ত করা সম্ভব, তবে তা "agreement" বোঝাবে না, তা মূলত changing senetnec হবে।

For example:

I am nervous. You are nervous.

=I am nervous **and** you are nervous.

=I **and** you are nervous.

Negative বাক্যের Agreement

Structure-01:

প্রথম negative বাক্য + **and neither/nor** + auxiliary verb + দ্বিতীয় subject + full stop

Structure-02:

প্রথম negative বাক্য + **and** + দ্বিতীয় subject + auxiliary verb + not either+ full stop

For example:

He has not seen it. I have not seen it.

= He has not seen it and neither have I.

= He has not seen it and I have not either.

More examples:

i. **He does not like sweets. I do not like sweets.**

=He does not like sweets **and neither** do I.

=He does not like sweets **and** I don't not **either**. (সে মিষ্টি পছন্দ করে না এবং আমিও করিনা।)

উল্লেখ্য, structure বা গঠনগত পার্থক্য থাকলেও দুই ধরনের structure-এর বাক্যের অর্থগত কোনো পার্থক্য নেই।

ii. **Rita cannot type well. Her sister can not type well.**

= Rita cannot type well **and neither** can her sister.

= Rita cannot type well **and** her sister cannot **either**.

(রিতা ভালোভাবে লিখতে পারে না এবং তার বোনও পারেনা।)

iii. **He did not write me something.You did not write me something.**

= He did not write me something **and neither** did you.

= He did not write me something **and** you did not **either**.

(সে আমার কাছে কিছু লেখেনি এবং তুমিও লেখনি।)

iv. **She did not remember me. I did not remember her.**

= She did not remember me **and neither** did I.

= She did not remember me **and** I did not **either**. (সে আমাকে মনে রাখেনি এবং আমিও রাখিনি।)

অজানা কথা:

i. সর্বদাই প্রথম sentence-এর tense অনুসারে পরবর্তীতে subject-এর পরে auxiliary verb বসবে।

ii. বাক্যের শেষে বসা "either" শব্দটি adverb।

iii. Affirmative agreement এবং Negative agreement-এর sentence-গুলো, দেখতে প্রশ্নবোধক মনে হলেও মূলত তা assertive sentence, তাই শেষে full stop বসে।

ভিন্নধারার Agreement

❑ ধারা-০১:

একই ধরনের বাক্যের পুনরাবৃত্তি এড়াতে Affirmative অথবা Negative agreement এর দ্বিতীয় অংশে "কমা+and vice versa" ব্যবহার করা হয়।

For example:

I called you.You called me.
= I called you, and vice versa.
He did not agree to my proposal. I did not agree to his proposal.
= He did not agree to my proposal, and vice versa.

❑ ধারা-০২:

Affirmative agreement এবং Negative agreement-এর ক্ষেত্রে দুই পাশের verb একই হলে, আমরা যে নিয়মগুলো দেখেছি তার ব্যতিক্রম হবে যদি দুই পাশের verb হয় আলাদা।

Structure: প্রথম বাক্য + কমা + nor+aux.verb+দ্বিতীয় subject+ main verb+ext.

For example:

He does not <u>like</u> coffee. He does not <u>love</u> drinking soft drink.
= He does not like coffee, **nor** does he love soft drink.
He does not <u>tell</u> a lie. He does not <u>cheat</u> others.
= He does not tell a lie, **nor** does he cheat others.
He did not write to me. He did not telephone.
= He did not write to me, **nor** did he telephone.

Practice
MCQ মাধ্যম

1. Rita likes to watch English movie -----.
   (a) and me too (b) and I too (c) and so do I (d) and I also do
2. Bari cannot go outside and I cannot -----.
   (a) neither (b) too (c) also (d) either
3. He is working hard and -----.
   (a) I am so (b) so I am (c) so am I (d) and so I too
4. She was very exhausted and -----.
   (a) so was I (b) so I was (c) so, was I (d) and so was I
5. Fahim does not tell a lie -----.
   (a) not he cheats other people (b) nor does he cheat other people
   (c) neither does he cheat other people (d) he does not cheat other people
6. She did not write me a letter, nor -----.
   (a) did he telephone (b) he telephoned
   (c) does he telephone (d) he did not telephone
7. You do not like cold coffee and -----.
   (a) do I neither b) neither do I (c) neither do me (d) either do I
8. I can remember their names and so ----- my sister.
   (a) can (b) does (c) might (d) may
9. He is good and -----.
   (a) so she is (b) so is she (c) as like she (d) so he was
10. Choose the correct sentence:
    (a) I am worried about it, and so he is.
    (b) I am worried about it, and so he is worried.
    (c) I am worried about it, and so is he.
    (d) I am worried about it and so he was.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- <u>(c) and so do I,</u> এটি মূলত affirmative agreement-এর নিয়ম অনুযায়ী হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb + দ্বিতীয় subject (I)
2. সঠিক উত্তর- <u>(d) either,</u> এটি negative agreement-এর নিয়ম অনুযায়ী হয়েছে। Structure: প্রথম negative বাক্য + and + দ্বিতীয় subject + auxiliary verb + not either+ full stop
3. সঠিক উত্তর- <u>(c) so am I,</u> এটি affirmative sentence-এর নিয়ম অনুযায়ী হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb + দ্বিতীয় subject (I)
4. সঠিক উত্তর- <u>(a) so was I,</u> এটিও affirmative agreement-এর নিয়ম অনুযায়ী হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb + দ্বিতীয় subject (I)
5. সঠিক উত্তর- <u>(b) nor does he cheat other people,</u> negative agreement-এর নিয়ম অনুযায়ী "(b)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Negative বাক্য + nor + প্রথম বাক্যের tense অনুযায়ী auxiliary verb + subject + main verb + extension
6. সঠিক উত্তর- <u>(a) did he telephone,</u> negative agreement-এর নিয়ম অনুযায়ী "(a)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Negative বাক্য + nor + প্রথম বাক্যের tense অনুযায়ী auxiliary verb (did) + subject (he) + main verb (telephone)

7. সঠিক উত্তর- (b) neither do I, negative agreement-এর নিয়ম অনুযায়ী "(b)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Negative বাক্য + neither + প্রথম বাক্যের tense অনুযায়ী auxiliary verb (do) + subject (I)
8. সঠিক উত্তর- (a) can, affirmative agreement-এর নিয়ম অনুযায়ী "(a)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb (can) + দ্বিতীয় subject (my sister)
9. সঠিক উত্তর- (b) so is she, affirmative agreement-এর নিয়ম অনুযায়ী "(b)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb (is) + দ্বিতীয় subject (she)
10. সঠিক উত্তর- (c) I am worried about it, and so is he. affirmative agreement-এর নিয়ম অনুযায়ী "(c)" নং উত্তর সঠিক হয়েছে। Structure: Affirmative বাক্য + and so + প্রথম বাক্যের tense অনুযায়ী Auxiliary verb (is) + দ্বিতীয় subject (he)

Degree of Comparison

Degree of Comparison-এ মূলত adjective-এর ৩টি form (positive-comparative-superlative) নিয়ে আলোচনা করা হয়। এগুলো পরিবর্তনের প্রাথমিক ৬ টি ধাপ Transformation-অংশে আলোচনা করা হয়েছে। এখানে আরো কিছু advanced level-এর নিয়মগুলো তুলে ধরা হলো। যে নিয়মগুলো পূর্বের আলোচনা থেকে সম্পূর্ণ ব্যতিক্রম।

Rule-01:

সর্বদায় সকল adjective-এর ৩টি form হয় না, কিছু শব্দ বৈশিষ্ট্য ছাড়াই superlative হয়।

For example:

Incorrect : He got the most extreme point.
Correct : He got the extreme point. (সে চূড়ান্ত সংকটাপন্ন।)

উল্লেখ্য, প্রথম বাক্যটি সঠিক মনে হলেও তা ভুল/incorrect। কেননা, "extreme" শব্দটি নিজেই superlative, তাই এর পূর্বে superlative-এর বৈশিষ্ট্য "most" ব্যবহার করা যাবে না।

এমন কিছু শব্দ মুখস্ত করে রাখা দরকার, যেগুলো সর্বদাই superlative:

Extreme- চরম, perfect- নিখুঁত, eternal- চিরন্তন, supreme- সর্বোচ্চ, universal- সর্বজনীন, unique- অনন্য, absolute- পরম, round- বৃত্তাকার, square- মানানসই *etc.*

More examples:

Incorrect : He is the most perfect judge.
Correct : He is a perfect judge. (তিনি সবচেয়ে নিখুঁত বিচারক।)
Incorrect : This is the most unique case.
Correct : This is a unique case. (এটি একটি অনন্য ঘটনা।)

উল্লেখ্য, superlative এর বৈশিষ্ট্য যুক্ত না হওয়ায়, article "the"ও ব্যবহার করা যাবে না।

Rule-02:

সাধারণ নিয়ম অনুযায়ী comparative এর পর "than" বসে, তবে নির্দিষ্ট কিছু শব্দের পর "than" না বসে "to" বসে। এই শব্দ গুলোকে latin comparative বলা হয়।

Incorrect: She is superior than me.
Correct: She is superior to me.

উল্লেখ্য, উপরের বাক্যটিতে "superior +than" থাকায় Incorrect, নিয়ম অনুযায়ী সঠিক উত্তর "superior +to" হয়েছে।

Latin comparatives:

Senior- বড়, junior- ছোট, superior- উচ্চতর, posterior- পরবর্তী, inferior- নিকৃষ্ট, prior- পূর্বে, ulterior- অধিকতর দূরবর্তী *etc.*

More examples:

Incorrect : He is junior than his brother.
Correct : He is junior to his brother. (সে তার ভাইয়ের থেকে ছোট।)
Incorrect : They are inferior than their colleagues.
Correct : They are inferior to their colleagues. (তারা তাদের সহকর্মীদের থেকে নিকৃষ্ট।)

অজানা কথা:

i. উল্লেখিত বাক্যগুলোতে "to" এর অর্থ- "প্রতি/দিকে" নয়, বরং "থেকে"।
ii. এই জাতীয় Latin adjective word এর শেষে "or" থাকে।

Rule-03:

কিছু শব্দের পরে "most" যুক্ত করে superlative করা হয়।

যেমন: innermost, topmost, foremost, uppermost, utmost *etc.*

For example:

Their eyes were on the topmost branches of the tree.
(তাদের চোখ ছিল গাছের উপরের ডালে।)

She is one of the foremost experts on child psychology.
(তিনি শিশু মনোবিজ্ঞানের অগ্রগণ্য বিশেষজ্ঞদের একজন।)

Rule-04:

Positive degree তে "as---as/so-----as" বসে, এক্ষেত্রে সূক্ষ্ম একটি পার্থক্য আছে।

যেমন:

i. as---as বসে, affirmative বাক্যে।
ii. so---as বসে, negative বাক্যে।

For example:

He is as good as his close friend.=Affirmative sentence
He is not so good as his close friend. = Negative sentence

অজানা কথা:

i. "as---as so---as" মূলত এক ধরনের adverb। তবে শুধু শেষের "as" কে আলাদা করে conjunction/ preposition হিসেবে ভাবা হয়।

For example:

She is as good as he.=as+subject form "he"(formal)

She is as good as him. as+object form "him" (informal)

উল্লেখ্য, প্রথম বাক্যে "as" conjunction এবং দ্বিতীয় বাক্যে "as" preposition।

ii. বাক্যে এই দুটি adverb-এর উলটপালট ব্যবহারকে খুব বেশী গুরুত্বপূর্ণ ভুল হিসেবে মনে করা হয় না।

Rule-05:

একই ব্যক্তি বা বস্তুর দুইটি গুণের তুলনা হলে, positive degree এর পূর্বে more বসে, যদিও উক্ত positive degree-এর comparative form থাকে।

For example:

He is more good than bad. (সে খারাপের চেয়ে ভালো।)

যা করা যাবে না: He is better than bad.

উল্লেখ্য, "He" এর দুইটি গুণাবলী "good" এবং "bad"।

More examples:

The dog is more tired than hungry. (কুকুরটি ক্ষুধার্তের চেয়ে ক্লান্ত বেশি।)

This bottled water is more shiny than edible.

(এই বোতলজাত পানি ভক্ষণযোগ্যের তুলনায় চকচকে।)

Rule-06:

Positive degree-তে অতিমাত্রায় জোর দিতে intensifier "very" বসে এবং comparative degree-তে "much" বসে।

Shortcut: very +positive degree এবং much +comparative degree

For example:

Today's weather is very hot.=very+positive

Today's weather is much hotter.=much+comparative

My room is very comfortable for living.

My room is much more comfortable for living.

অজানা কথা:

Much "determiner" হলেও comparative degree-এর পূর্বে much বসলে, তা adverb হয়ে যায়।

Rule-07:

দুইটি বিষয়বস্তু বা দুইজন মানুষের মধ্যে তুলনার ক্ষেত্রে comparative এর আগে "the" বসে। এক্ষেত্রে "two /pair" কথা উল্লেখ থাকে।

Shortcut:

i. the + comparative+-------+of the two/of the pair

ii. of the two/of the pair +-------+ the + comparative

For example:

He is the better of the two.

It is the better of the pair.

Of the two he is the more brilliant.

অজানা কথা:

"Of the two"এর পরিবর্তে "of the three/four/five" "ইত্যাদি থাকলে, বাক্যটি superlative degree হয়।

For example:

Of the three he is the most brilliant.

He is the best of the four.

Rule-08:

"যত-----তত" এমন অর্থে নির্দিষ্ট একটি structure অনুযায়ী adverb comparative হয়।

Structure: The+comparative+------, the+ comparative+------.

For example:

The more you read, the more you learn. (যতই পড়িবে ততই শিখিবে।)

The sooner, the better. (যতই শীঘ্রই হয় ততই ভালো।)

The greater the demand, the higher the price. (চাহিদা যত বেড়ে যায় দাম তত বৃদ্ধি পায়।)

Rule-09:

"One of the" থাকলে বাক্যটি superlative হয়, এক্ষেত্রে নির্দিষ্ট একটি structure অনুযায়ী বাক্যটি গঠিত হয়।

Structure:------one of the+--noun(plural)----+preposition(in/of)+----

For example:

She is one of the most brilliant students in the class.

He is one of the happiest men of his society.

Rule-10:

Comparative degree-তে প্রথম noun অনুযায়ী "than" এরপর that of /those of বসে।

Structure:

i. Noun (singular)+----------+than that of+-------

ii. Noun (plural)+----------+than those of+-------

For example:

The road of Rajshahi is better than that of Dhaka.

The roads of Rajshahi are better than those of Dhaka.

এই বাক্যগুলোকে আরেকভাবে লেখা যেতে পারে:

The road of Rajshahi is better than the road of Dhaka.

The roads of Rajshahi are better than the roads of Dhaka.

উল্লেখ্য, একই শব্দের পরবর্তী ব্যবহার পরিহার করতে, "that of/those of" ব্যবহার করা হয়।

Practice
MCQ মাধ্যম

1. Degree of Comparison বলতে মূলত কী বোঝায়?
   (a) বাক্যে অন্যান্য শব্দের সাথে adjective-এর সম্পর্ক
   (b) Adjective-এর তুলনামূলক বিশ্লেষণ
   (c) adjective-এর তিনটি form সম্পর্কে বিস্তারিত ধারণা
   (d) adjective এবং adverb-এর বিশেষ ব্যবহার
2. Which of the following sentence is correct?
   (a) He has the most supreme power. (b) He has a supreme power.
   (c) He has supreme power. (d) He has most supreme power.
3. The situation is ___ than ever.
   (a) aggravate (b) graver (c) grave (d) worst
4. This five star restaurant is ___ than most other restaurants.
   (a) as expensive as (b) expensive
   (c) more expensive (d) most expensive
5. He is superior ___ me in all respects.
   (a) than (b) to (c) with (d) of
6. Which of the following is incorrect?
   (a) He is better than me. (b) He is better than mine.
   (c) He is better than I. (d) None of the above.
7. I fell ___ now.
   (a) more happier (b) much happy (c) much happier (d) more happy
8. Of the two evils, choose the ___.
   (a) little (b) less (c) least (d) none
9. The ___ you worry, the better.
   (a) much (b) more (c) little (d) less
10. These shoes are the ___ expensive of all.
    (a) last (b) least (c) less (d) lesser (e) lattest

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) Adjective-এর তুলনামূলক বিশ্লেষণ, সম্পূর্ণ lesson থেকে এটাই স্পষ্ট হয়েছে Degree of Comparison মূলত adjective-এর তুলনামূলক বিশ্লেষণ নিয়ে আলোচনা করে থাকে।
2. সঠিক উত্তর- (b) He has a supreme power., "supreme" শব্দটি নিজেই superlative, এজন্য "supreme" এর পূর্বে superlative-এর কোন বৈশিষ্ট্য বসবে না।
3. সঠিক উত্তর- (b) graver, "than" থাকলে বাক্যটি comparative হয়, এজন্য grave-এর comparative form "graver" হয়েছে।

4. সঠিক উত্তর- (c) more expensive, "than most other" যুক্ত বাক্যটি comparative হয়, এইজন্য "more+ expensive" হয়েছে।
5. সঠিক উত্তর- (b) to, "superior" একটি latin adjective, এরপর "than" না বসে "to" বসে।
6. সঠিক উত্তর- (b) He is better than mine, প্রশ্নে বলা হচ্ছে নিচের কোন বাক্যটি ভুল (incorrect)। (b) নং উত্তর ভুল, কেননা "than" এর পর double possessive "mine" বসার কথা নয়, যেহেতু শুরুতে শুধু একজন ব্যক্তিকে বোঝানো হয়েছে।
7. সঠিক উত্তর- (c) much happier, comparative degree-এর পূর্বে adverb হিসেবে much বসে।
8. সঠিক উত্তর- (b) less, "of the two" থাকলে বাক্যটি comparative হওয়ার কথা, সেই জন্য little-এর comparative form "less" হয়েছে।
9. সঠিক উত্তর- (d) less, বাক্যটির বাংলা অর্থ "যত কম চিন্তা করবে ততোই ভালো" এমন "যত---তত" অর্থে The + comparative "less" হয়েছে।
10. সঠিক উত্তর- (b) least, "of all" থাকলে বাক্যটি superlative হয়। এজন্য the+superlative "least" হয়েছে।

Parallelism
(সমান্তরালতা/সমান/সাদৃশ্য)

Parallelism কী?
একটি বাক্য নির্দিষ্ট কিছু conjunction (and, but, or, as well as, than, is, so --- as, as --- as, either --- or, neither --- nor, not only --- but also *etc.*) দ্বারা যুক্ত হলে, conjunction-গুলোর আগে ও পরে সমজাতীয় noun / pronoun / adjective / verb / adverb / infinitive বসে। এটিই মূলত parallelism।

অজানা কথা:
Parallelism-কে parallel structure / parallel construction ও বলা হয়।

Parallelism করার ধাপসমূহ

❑ **ধাপ-০১:**
(and/as well as) দিয়ে parallel-
For example:
Incorrect: Fahim is a scholar, an athlete and artistic.
Correct : Fahim is a scholar, an athlete and an artist.
(ফাহিম একজন বিদ্বান, খেলোয়াড় এবং চিত্রকর।)
লক্ষণীয়, উপরের বাক্যতে and এর পূর্বে "scholar, athlete" শব্দগুলো noun হওয়ায়, and এর পরেও noun হবে। সেইজন্য "artistic" এর noun form "artist" করা হয়েছে।

অজানা কথা:

"as well as" মূলত multi-word preposition & adverb তবে, parallel-এর নিয়মের ক্ষেত্রে অনেকটা conjunction "and" এর সাথে মিলে যায়। বাক্যে ব্যবহার হলে বাংলা অর্থের ভিন্নতা লক্ষ্য করা যায়।

For example:

They like walking as well as skiing.
(তারা হাঁটার পাশাপাশি স্কিইং করতে পছন্দ করে।)= এখানে হাঁটা মূল পছন্দের বিষয়

They like walking and skiing.
(তারা হাঁটা এবং স্কিইং পছন্দ করে।)= এখানে হাঁটা এবং স্কিইং দুইটাই সমান পছন্দের বিষয়

❑ ধাপ-০২:

(or/but) দিয়ে parallel-

For example:

Incorrect : I usually go fishing or doing something on Friday.
Correct : I usually go fishing or do something on Friday.
(আমি সাধারণত মাছ ধরতে অথবা এইজাতীয় অন্যকিছু করতে শুক্রবারে যাই।)

লক্ষণীয়, "go + fishing" অর্থাৎ, verb + পরবর্তী verb এর সাথে ing, এমন গঠন or এর আগে হওয়ায় or এর পর parallel (সমান্তরাল) করতে "do + something" করা হয়েছে।

❑ ধাপ-০৩:

(than) দিয়ে parallel-

For example:

Incorrect : In an admission test, to answer correctly is more important than finish quickly.
Correct : In an admission test, to answer correctly is more important than to finish quickly. (ভর্তি পরীক্ষায়, দ্রুত শেষ করার চেয়ে সঠিকভাবে উত্তর দেয়া বেশি গুরুত্বপূর্ণ।)

লক্ষণীয়, উপরের বাক্যতে "than" এর পূর্বে "to answer correctly" to + v1 + adverb এমন গঠন হওয়ায় "than" এর পরে "to + finish + quickly" করা হয়েছে।

অজানা কথা:

i. "Than" যখন conjunction হয়, তখন উভয় পাশে সমজাতীয় tense হয়।
   For example:
   He is better than I am.
   She was better than I was.
ii. "Than" preposition হতে পারে, যদি "than"-এরপরে subject এর object form হয়।
   For example:
   He is better than me.
   I was better than him.

❑ ধাপ-০৪:

(Be verb, similar to) দিয়ে parallel-

For example:

Incorrect : Riding a bicycle is similar to drive a car.
Correct : Riding a bicycle is similar to driving a car. (সাইকেল চালানো কারগাড়ি চালানোর অনুরূপ।)

লক্ষণীয়, "similar to" এর আগে riding a bicycle থাকায়, পরবর্তীতে "driving a car" করে parallel করা হয়েছে।

Incorrect : Seeing is to believe.
Correct : Seeing is believing. (দেখাই বিশ্বাস।)
Note: Gerund+be verb+Gerund

লক্ষণীয়, যে বাক্যে be verb হয়, main verb তার আগের শব্দ অনুযায়ী পরের শব্দ হয়। সেজন্য "Seeing" gerund হওয়ায় "is" এর পর gerund "believing" হয়েছে।

তাহলে আরো একটি উদাহরণ দেখা যাক:

Incorrect : To see is believing.
Correct : To see is to believe. (দেখা মানেই বিশ্বাস।)
Note: Infinitive+be verb+infinitive

❑ ধাপ-০৫:

(more than) দিয়ে parallel-

For example:

Incorrect : Shela likes me more than he.
Correct : Shela likes me more than him.
(শিলা আমাকে তার চেয়ে বেশি পছন্দ করে।)

লক্ষণীয়, "more than" এর পূর্বে objective form "me" থাকায় "more than" এর পরে "him" হয়েছে।

❑ ধাপ-০৬:

(either--or/neither--nor/not only--but also/both—and) দিয়ে parallel-

For example:

Incorrect : I am interested in both plants and animal.
Correct : I am interested in both plants and animals.
(আমি উদ্ভিদ ও প্রাণীসমূহ উভয় বিষয়ে আগ্রহী)

Incorrect : Either you or him did the task.
Correct : Either you or he did the task. (হয় তুমি নতুবা সে কাজটি করেছিল।)

লক্ষণীয়, "Either ----- or / Neither ----- nor" যখন subject-কে যুক্ত করে, তখন উভয় পাশে subjective form হয়। সেইজন্য, or এর পরে him-এর পরিবর্তে "he" করা হয়েছে।

অজানা কথা:

উল্লেখিত conjunction-গুলোকে pair conjunction/correlative conjuntion বলা হয়।

Practice
MCQ মাধ্যম

1. Parallelism করণে নিচের কোনটির ব্যবহার লক্ষণীয়?
   (a) preposition (b) conjunction (c) adverb (d) interjection
2. নিচের কোন শব্দগুলো বাক্যকে parallel করতে ব্যবহার করা হয়?
   (a) for, with, as (b) alike, both, either
   (c) either --- or, both --- and, neither --- nor
   (d) regarding, concerning, joining
3. Mita is a scientist, a poet and -----.
   (a) teaching (b) teacher (c) a teacher (d) a popular teacher
4. Iqbal entered the room and ----- silent.
   (a) became (b) sit (c) speak (d) thought
5. I am fond of gardening, reading and -----.
   (a) to dance (b) dancing (c) danced (d) dance
6. I like to swim, play tennis and -----.
   (a) ride (b) riding (c) to ride (d) to be ridden
7. Seeing is -----.
   (a) to believe (b) believed (c) believing (d) belief
8. I am happy and -----.
   (a) cheer (b) cheerful (c) excitement (d) worry
9. The bus ran over him and we all-----.
   (a) to notice (b) noticing (c) notice (d) noticed
10. Riding a bicycle is similar to -----.
    (a) drive a car (b) driving a car
    (c) when you drive a car (d) to be driven a car

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) conjunction, যেমনঃ and, but, or *etc.* বাক্যে সমান্তরাল করণে ব্যবহার করা হয়।
2. সঠিক উত্তর- (c) either --- or, both --- and, neither --- nor, এগুলোকে co-relative/pair conjunction বলে, যারা বাক্যে বসে parallel বা সমান্তরালকরণে ব্যবহার হয়।
3. সঠিক উত্তর- (c) a teacher, "and" এর পূর্বে "a scientist, a poet" এভাবে "article + noun" হওয়ায় পরবর্তীতে "a teacher" এই উত্তরটি নিতে হবে।
4. সঠিক উত্তর- (a) became, লক্ষণীয়, "and" এর পূর্বে verb "entered", past tense হওয়ায় "and" এর পরের verb "became" কে অর্থ অনুযায়ী নিতে হবে।
5. সঠিক উত্তর- (b) dancing, "and" এর পূর্বের "gardening, reading" শব্দগুলোতে "ing" যুক্ত হওয়ায় পরবর্তীতে "ing" যুক্ত শব্দ "dancing" নিতে হবে।

6. সঠিক উত্তর- (a) ride, "and" এর পূর্বে "to + v1" অর্থাৎ, "to swim" এমনটি হওয়ায় পরবর্তীতে "ride" নিতে হবে। উল্লেখ্য, "and" এর পরবর্তীতে "to + v1" পুনরায় ব্যবহার করতে হয়না।
7. সঠিক উত্তর- (c) believing, be verb "is" এর পূর্ববর্তী শব্দটি "ing" যুক্ত হলে parallel করতে পরবর্তী শব্দটিও "ing" যুক্ত হয়।
8. সঠিক উত্তর- (b) cheerful, "and" এর পূর্ববর্তী শব্দ "happy" adjective হওয়ায় "and" এর পরবর্তীতে adjective শব্দ "cheerful" নেওয়া হয়েছে।
9. সঠিক উত্তর- (d) noticed, "and" এর পূর্ববর্তী tense/verb "ran" past tense এ হওয়ায় "and" এর পরবর্তী verb "noticed" past tense করা হয়েছে।
10. সঠিক উত্তর- (b) driving a car, কেননা "is similar to" এর পূর্বে "riding a bicycle" থাকায় সমজাতীয় structure করতে পরবর্তীতেও "verb + ing + noun" অর্থাৎ, "driving a car" নিতে হবে।

Redundancy

(বাহুল্যদোষ/ অপ্রয়োজনীয়তা)

Redundancy মূলত English Grammar-এ "Common Mistake in English" এর আলোচ্য বিষয়। অর্থাৎ grammar-এর নিয়ম অনুযায়ী redundancy এক ধরনের ভুল।
একটি বাক্যে একটি শব্দ/শব্দগুচ্ছের পুনরাবৃত্তিকে redundancy বলে। (The repetition of a word or phrase in a sentence is called redundancy.)

কয়েকটি জানাশোনা **redundancy** দেখে নেওয়া যাক-

i. শিক্ষক অনেক সময় বলে থাকেন "Reading পড়"
ii. শিক্ষার্থী পড়া বুঝতে না পারলে বলে "Repeat again, sir"
iii. Cricket খেলার মাঠে শোনা যায় "বলটা catch ধরো"
iv. পথচারীরা বলে থাকেন "গাড়িটি back side করুন"
v. একজন বন্ধু আরেকজনকে বলে থাকে "তুই আমার টাকা return back দিবি"

এই জাতীয় অনেক কথাই প্রতিদিন আমরা বলে থাকি যা **redundancy** (বাহুল্যদোষ) সমস্যা।
একটি বাক্যে সাধারণত চার ধরনের **Redundancy** দেখা যায়ঃ

i. Redundant Expression
ii. Excessive Use of Preposition
iii. Unnecessary Phrase
iv. Repetition of Noun by Pronoun

-এই ধরনের redundancy একটি বাক্যে ব্যবহার করা যাবে না।

☐ Redundant Expression:

যা ভুল (Redundant expression)	যা বলতে হবে	যে কারণে ভুল
Join together	join অথবা together	একসাথে join together সমজাতীয় অর্থ প্রকাশ করে।
Back side	শুধু back অথবা side	দুটি word এর অর্থ একই।
The whole entire	whole অথবা entire	whole- সমগ্র, entire- সব/সমগ্র যা একই রকম অর্থ দেয়।
Time period	time অথবা period	time এবং period সম অর্থ দেয়।
Renew again	renew অথবা again	renew মানেই পুনরায় বা আবার নবায়ন করা। সুতরাং, again বলা যাবে না।
Almost nearly	almost অথবা nearly	almost এবং nearly সম অর্থ দেয়।
Reason because	reason অথবা because	reason এর সাথে because হয় না।
Cousin brother/sister	শুধু cousin	cousin অর্থ চাচাতো ভাই/বোন, তাই cousin brother বলার দরকার নেই।
Advance forward	advance অথবা forward	advance অর্থ সামনের দিকে। সুতরাং, advance এর সাথে forward বলার দরকার নেই।
Sufficient enough	sufficient অথবা enough	sufficient এর সাথে কখনোই enough বসে না।
New innovation	শুধু innovation	innovation মানেই নতুনত্ব, তাই new শব্দ ব্যবহার অনেকটা বাড়াবাড়ি।
New discover	শুধু discover	discover মানেই নতুন কিছু আবিষ্কার।
United together	শুধু united	united এর সাথে together হয় না।
Dictionary book	শুধু dictionary	dictionary যেহেতু একটি বই তাই আলাদা করে book বলার কি দরকার আছে?
Lodging house	হয় lodging নতুবা house	lodging মানেই থাকার বাসাবাড়ি সুতরাং, house বলার দরকার নেই।
Final conclusion	হয় final নতুবা conclusion	conclusion মানেই শেষ কথা, এজন্য final conclusion হয় না।
Return back	return নতুবা back	return মানেই ফেরৎ দেওয়া, যার সাথে back কথাটি বেমানান।
Proceed forward	হয় proceed নতুবা forward	proceed মানেই সম্মুখপানে যার সাথে কখনোই forward ব্যবহার করা যায় না।
Entire/total/wide monopoly	শুধু monopoly	monopoly অর্থ "একচেটিয়া" যে শব্দটির সঙ্গে অন্য কোন বিশেষণ যুক্ত করা যাবে না।

যা ভুল (Redundant expression)	যা বলতে হবে	যে কারণে ভুল
Go fetch	হয় go নতুবা fetch	fetch বলতে-কোন কিছু নিয়ে আসা কে বোঝায়। তাই আলাদা করে go দেওয়া যাবে না।
Prefer most	শুধু prefer	prefer অর্থ "অধিকতর পছন্দ করা" এই শব্দটির আগে কোন বিশেষণ যুক্ত করা যাবে না।
True/real fact	শুধু fact	fact বলতে "প্রকৃত ঘটনা" কে বোঝায়। তাই আলাদা করে "true/real-ব্যবহার করা যাবে না।

☐ Excessive Use of Preposition

For example:

1. **Incorrect** : He is entering into the room.
   Correct : He is entering the room. (enter + no preposition) (সে রুমে প্রবেশ করছে।)
   Note: enter + into হতে পারে, যা দ্বারা চুক্তি (agreement, engagement) করা বোঝায়।
   যেমন: Recently I have entered *into* an agreement.(সম্প্রতি আমি একটি চুক্তিতে চুক্তিবদ্ধ হয়েছি।)
2. **Incorrect** : I will discuss about the matter.
   Correct : I will discuss the matter. (discuss + no preposition) (আমি বিষয়টি নিয়ে আলোচনা করব।)
3. **Incorrect** : I will meet with you.
   Correct : I will meet you. (meet + no preposition) (আমি তোমার সাথে দেখা করবো।)
   Note: কোন বিশেষ ঘটনার মুখোমুখি বোঝাতে- "meet + with" বসে।
   যেমন: The man *met with* prejudice.(মানুষটি কুসংস্কার এর মুখে পড়েছিল।)
4. **Incorrect** : He ordered for a cup of tea.
   Correct : He ordered a cup of tea. (order + no preposition) (সে এক কাপ চা চেয়েছিল।)
5. **Incorrect** : This is painted in green.
   Correct : This is painted green. (paint + no preposition) (এটি সবুজ রঙে আঁকা।)
6. **Incorrect** : I await for you.
   Correct : I await you. (await + no preposition, তবে wait + for বসে)
   Correct : I wait for you. (আমি তোমার জন্য অপেক্ষা করি।)
7. **Incorrect** : He has resigned from the post.
   Correct : He has resigned the post. (resign + no preposition) (সে পদটি থেকে অব্যহতি নিয়েছে।)
8. **Incorrect** : He resembles to his father.
   Correct : He resembles his father. (resemble + no preposition) (সে তার বাবার মত।)
9. **Incorrect** : I want to go to abroad.

Correct : I want to go abroad. (go + no preposition + abroad, তবে go + to + নির্দিষ্ট স্থানের নাম)
(আমি বিদেশে যেতে চাই।)

10. **Incorrect** : He answered to my question.
Correct : He answered my question. (answer + no preposition)
(সে আমার প্রশ্নের উত্তর দিয়েছিলো।)
11. **Incorrect** : They have investigated against me.
Correct : They have investigated me. (investigate + no preposition)
(তারা আমার বিরুদ্ধে তদন্ত করেছে।)

At a glance

যে preposition গুলোর ভুল ব্যবহারে Redundancy হয়ে থাকে-

Wrong	Right
entering **into**	entering
discuss **about**	discuss
meet **with**	meet
ordered **for**	ordered
painted **in**	painted
await **for**	await
resigned **from**	resigned
resemble **to**	resembles
go **to** abroad	go abroad
answered **to**	answered
investigate **against**	investigate
Join **in/to**	join
with bag and baggage	bag and baggage
with heart and soul	heart and soul

অজানা কথা:
Resemblance এবং Answer "noun" হিসেবে ব্যবহার হলে, তারপরে preposition "to" বসতে পারে।
For example:
Incorrect : They have shown resemblance each other.
Correct : They have shown resemblance **to** each other.
Incorrect : It refers answer the question No-01
Correct : It refers answer **to** the question No-01

☐ Unnecessary Phrase

Unnecessary phrase এমন কিছু phrase যার কোন প্রয়োজনীয়তা নেই।
For example:

Incorrect : He knows a great deal in term of the condition of the situation.
Correct : He knows a great deal of the situation.
Incorrect : He had a tendency to talk too much more.
Correct : He had a tendency to talk too much.
Incorrect : This disease is very painful of it's nature.
Correct : This disease is very painful.
Incorrect : At first time everyone was scared
Correct : At first everyone was scared.
উল্লেখ্য, unnecessary phrase-এর নির্দিষ্ট কোন তালিকা নেই।
এক্ষেত্রে বুঝে নিতে হবে, যা না বললেই পূর্ণাঙ্গ অর্থ হতে পারে, তাই unnecessary phrase এবং তা বাদ দিতে হবে তবেই বাক্যটি (correct) সঠিক হবে।

☐ Repetition of Noun by Pronoun

Noun বাক্যের subject অথবা object অবস্থানে বসতে পারে, কিন্তু এই অবস্থানগুলোতে একই সাথে noun এবং pronoun বসানো ভুল।
For example:
Incorrect : Mahir **he** is able to do it properly.
Correct : Mahir is able to do it properly.
Incorrect : Nothing can give the man **he** the light of hope.
Correct : Nothing can give the man the light of hope.

Practice
MCQ মাধ্যম

1. Redundancy বলতে কি বোঝায়?
(a) অশুদ্ধ বাক্য (b) অনাকাঙ্খিত শব্দ (c) বাহুল্য দোষ (d) গুরুচন্ডালী
2. "The two brothers show resemblance with each other." এই বাক্যে কোন শব্দটি ব্যবহার করা অতিরিক্ত/redundancy problem হয়েছে।
(a) show (b) resemblance c) with (d) each
3. The committee will discuss ----- the matter.
(a) about (b) on (c) against (d) no preposition
4. "He is my cousin brother." এই বাক্যে কোন শব্দটি ব্যবহার করা অতিরিক্ত / redundancy problem হয়েছে।
(a) is (b) my (c) cousin (d) brother
5. Choose the correct sentence:
(a) This is sufficient enough. (b) This is enough sufficient.
(c) This is enough. (d) This is sufficiently enough.
6. I want to go ----- abroad.
(a) for (b) to (c) in (d) no preposition

7. Choose the correct sentence:
   (a) I await for you. (b) I wait you.
   (c) I await you. (d) I have been awaiting for you.
8. "He has discovered a new thing." এই বাক্যে কোন শব্দটি ব্যবহার করা অতিরিক্ত / redundancy problem হয়েছে।
   (a) has (b) discovered (c) a (d) new
9. Choose the correct sentence:
   (a) He has resigned the post. (b) He has resigned from the post.
   (c) He has resigned upon the post. (d) He has resigned to the post.
10. "The man ordered to his servant to sit down silently." এই বাক্যে কোন শব্দটি ব্যবহার করা অতিরিক্ত / redundancy problem হয়েছে।
   (a) to (b) to sit (c) silently (d) বাক্যটি সম্পূর্ণ সঠিক

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) বাহুল্য দোষ, বাক্যে কোনো অনাকাঙ্খিত/অপ্রয়োজনীয় কথার পুনরাবৃত্তি হলে তাকে redundancy বা দ্বিরুক্তি/বাহুল্য দোষ বলে।
2. সঠিক উত্তর- (c) with, "resemblance-সাদৃশ্য/অনুরূপ" এই word টির সাথে কোনো preposition বসে না। সেইজন্য, "with" বসানো ভুল হয়েছে।
3. সঠিক উত্তর- (d) no preposition, "discuss-আলোচনা করা" এই word টির সাথে কোনো preposition বসে না।
4. সঠিক উত্তর- (d) brother, "cousin" মানেই চাচাতো ভাই/বোন, তাই আলাদা করে cousin brother/cousin sister বলা যাবে না। যা redundancy problem।
5. সঠিক উত্তর- (c) This is enough., মনে রাখা দরকার "enough" ও "sufficient" এই দুইটি শব্দের অর্থ একই। দুইটি শব্দেরই বাংলা অর্থ: "যথেষ্ট/পর্যাপ্ত" তাই দুইটি শব্দকে কোনো বাক্যে একসাথে ব্যবহার করা যাবে না।
6. সঠিক উত্তর- (d) no preposition, "go abroad" এটি একটি group verb। আর group verb এর মাঝে নতুন করে কোনো preposition বসানো যায় না। "go abroad" অর্থ বিদেশ যাওয়া।
7. সঠিক উত্তর- (c) I await you., "await-প্রতীক্ষা করা/অপেক্ষা করা" যার পর কোনো preposition বসে না। তবে, "wait" এর পর preposition "for" বসে।
8. সঠিক উত্তর- (d) new, "discover" মানেই নতুন (new) কোনো কিছু আবিষ্কার করা। সুতরাং, "discover" শব্দটি ব্যবহার করলে সেই বাক্যে "new" ব্যবহার করা redundancy problem।
9. সঠিক উত্তর- (a) He has resigned the post., "resign" যার অর্থ "কোনো কিছু থেকে ইস্তফা দেওয়া" এই শব্দটির পর কোনো preposition বসে না। সেইজন্য সঠিক উত্তর "(a)" বাছাই করা হয়েছে।
10. সঠিক উত্তর- (a) to, কেননা "order" এই reporting verb এর পর কোনো preposition না বসে, সরাসরি object বসে।

Embedded Question

(বাক্যের ভেতরে প্রশ্ন / সম্প্রসারিত প্রশ্নবাক্য)

What is embedded question?

একটি complex sentence এর ভেতরে প্রশ্ন করার ধরন বা নিয়মকেই embedded question বলা হয়।
আরেকটু সহজ করে বললে-
Embedded Question বলতে এমন ধরনের প্রশ্ন কে বোঝায়, যা অন্য sentence/statement-এর মাঝে লুকিয়ে থাকে।

Interrogative sentence	Sentence/Statement
Who knows	what the correct answer is?
=Who knows what the correct answer is?=**Embedded Question**	

Embedded Question এর ক্ষেত্রে ৩টি কথা মনে রাখা দরকার:

i. Embedded question মানেই তা complex sentence।
ii. Embedded sentence-এ একটি principal clause ও একটি sub-ordinate clause থাকে।
iii. Principal clause ছাড়া অন্য কোনো sentence কে প্রশ্ন করা যাবে না।

For example:
Incorrect : Can you tell me when will you come?
Correct : Can you tell me when you will come? (Int. + ass. + ?)
(তুমি কি আমাকে বলতে পারো তুমি কখন আসবে?)

লক্ষণীয়, Incorrect এর বাক্যটিতে দুইটি clause বা বাক্যাংশই interrogative করা হয়েছে।
অর্থাৎ, "Can you tell me" এবং "when will you come" দুইটি sentence-এ subject এর আগে auxiliary verb বসেছে, যেখানে দুইটি বাক্যই interrogative হয়েছে।

তবে, Correct-এ যা হবে, প্রথম বাক্যটি interrogative pattern + পরেরটি assertive pattern কিন্তু প্রশ্নবোধক চিহ্ন সবার বসবে।
Shortcut: Interrogative + assertive + question marks (?)

More examples:
Incorrect: Do you know what is his problem?
Correct : Do you know what his problem is? (তুমি কি জানো তার সমস্যা কি?)
Incorrect: Can you tell me what is your problem?
Correct : Can you tell me what your problem is? (তুমি কি আমাকে বলতে পারো তোমার সমস্যা কি?)
Incorrect: Can anybody tell me how tall is she?
Correct : Can anybody tell me how tall she is? (কেউ কি আমাকে বলতে পারো সে কত লম্বা?)

অজানা কথা:

i. Embedded question-এ sub-ordinate clause-এ Wh. word (*what, why, when, who,* where, which, how *etc.*) sub-ordinate conjunction বসে।

ii. Embedded question-এ প্রশ্নবোধক চিহ্ন sub-ordinate clause এর পরে বসে।

❑ দ্বন্দ্ব দূর করে নাও:

If you come, I will go.

এভাবে sub-ordinate clause টি প্রথমে থাকলে বাক্যটিকে একটু ঘুরিয়ে নিতে হবে:

I will go if you come.

=Won't I go if you come?

অর্থাৎ, sub-ordinate clause-কে শেষ দিকে বসাতে হবে।

Embedded Question-এর আরো ২ টি ধরন

i. Imperative sentence with sub-ordinate clause

ii. Assertive sentence with sub-ordinate clause

❑ Imperative sentence with sub-ordinate clause:

Structure:

Imperative sentence (verb দ্বারা শুরু) + subordinate clause + full stop (.)

For example:

Incorrect: Tell me how are you?

Correct : Tell me how you are. ("Tell me" imperative sentence+sub-ordinate clause)
(কেমন আছো বলো।)

লক্ষণীয়, উপরের Incorrect বাক্যটি দেখলে মনেই হবে না বাক্যটিতে ভুল আছে। বাক্যটি আসলে প্রশ্নবোধক শোনালেও "how" শব্দটি একটি conjunction হিসেবে বসে পুরো বাক্যটিকে assertive বাক্যে পরিণত করেছে এবং শেষে full stop বসেছে।

More examples:

Incorrect: Explain why did you go there?

Correct : Explain why you went there. (তুমি সেখানে কেন গিয়েছিলে ব্যাখ্যা করো।)

Incorrect: Tell me what is he doing?

Correct : Tell me what he is doing. (সে কি করছে আমাকে বলো।)

অজানা কথা:

বাংলা অর্থ করার সময় sub-ordinate clause-এর অর্থটি আগে করতে হয়, তাহলে বাংলা অর্থ সুন্দর শোনায়।

❑ Assertive sentence with sub-ordinate clause:

Structure: Assertive sentence + sub-ordinate clause + full stop (.)

For example:

Incorrect: I asked him what was his name?

Correct: I asked him what his name was. (Assertive + "what" থেকে sub-ordinate clause)
(আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম তার নাম কি।)

লক্ষণীয়, Embedded Question-এর এই নিয়মটি narration-এর direct থেকে indirect করার নিয়ম।

More examples:

Incorrect: I don't know who is he?

Correct : I don't know who he is. (আমি জানি না সে কে।)

Incorrect: Nobody knows why was the meeting postponed?

Correct : Nobody knows why the meeting was postponed.
(কেন সভা স্থগিত করা হয়েছিল তা কেউই জানে না।)

Embedded Question নিয়ে একজন শিক্ষার্থীর ভাবনা:

একজন শিক্ষার্থী embedded Question-এ incorrect sentence-টা কে প্রাথমিক ভাবে সঠিক মনে করে। কেননা, অর্থের দিক দিয়ে বাক্যটিকে যথার্থই মনে হয়। শুধুমাত্র grammatical নিয়মের ক্ষেত্রেই আসল ভুলটি ধরা পড়ে।

At a glance

Embedded Question-এর সকল structure:

i. Interrogative + assertive + question mark (?)

ii. Imperative + sub-ordinate clause + full stop (.)

iii. Assertive + sub-ordinate clause + full stop (.)

Practice
MCQ মাধ্যম

1. Embedded Question এর বাংলা অর্থ কী?
   (a) ছোট প্রশ্ন (b) সম্প্রসারিত প্রশ্ন (c) জটিল প্রশ্ন (d) যৌগিক প্রশ্ন
2. Embedded Question কোন ধরনের বাক্য হতে গঠিত হয়?
   (a) Compound (b) Simple (c) Complex (d) Both a & c
3. নিচের কোন বাক্যটি সঠিক?
   (a) Tell me how are you? (b) Tell me how you are.
   (c) Tell me how you are? (d) How are you tell me?
4. Fill in the gap: Why ----- return the money?
   (a) did you not (b) you (c) you did not (d) you didn't
5. I don't know -----.
   (a) where he lives (b) where does he live
   (c) where did he live (d) where is he live
6. Can you tell me ----------?
   (a) what is his name (b) what his name is
   (c) what his name has been (d) what is name

7. How long ----- to cross the Atlantic by ship?
   (a) is it (b) does it need (c) does it take (d) does it want
8. Do you know when ----- ?
   (a) does the class start (b) the class starts
   (c) the class will start (d) the class will be open
9. Choose the correct sentence:
   (a) How do he does the work? (b) How does he the work?
   (c) How does he do the work? (d) How he does the work?
10. We asked him why ----- telephoned earlier.
   (a) he had not (b) he was not (c) he has not (d) he did not

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (b) সম্প্রসারিত প্রশ্ন, এটি মূলত বড় sentence থেকে সম্প্রসারিত প্রশ্ন করাকে বোঝায়।
2. সঠিক উত্তর- (c) Complex, "complex" sentence ছাড়া কখনোই embedded question হয় না।
3. সঠিক উত্তর- (b) Tell me how you are., Imperative sentence এর পর (how) conjunction দিয়ে পরের বাক্যটিকে assertive pattern এ সাজাতে হবে। সেইদিক থেকে একমাত্র "(b)" নং উত্তরটি সঠিক।
4. সঠিক উত্তর- (a) did you not, এটি মূলত simple interrogative sentence pattern-এ গঠিত হয়েছে। Structure: Wh. word + auxiliary verb + subject + -----?
5. সঠিক উত্তর- (a) where he lives, বাক্যটি শুনতে প্রশ্নবোধক মনে হলেও মূলত এটি assertive বাক্য। সেইজন্য পরের অংশটি assertive pattern এ সাজাতে হবে। Structure: ----- Wh. word + subject + verb -----.
6. সঠিক উত্তর- (b) what his name is, এই দ্বিতীয় বাক্যটি শুনতে অনেকের কাছে প্রশ্নবোধক মনে হতে পারে কিন্তু আসলে তা মোটেই প্রশ্নবোধক নয়, মূলত এটি assertive বাক্য। সেইজন্য পরের অংশটি assertive pattern এ সাজাতে হবে। Structure: ----- Wh. word + subject + verb -----?
7. সঠিক উত্তর- (c) does it take, উল্লেখিত বাক্যটি simple interrogative pattern-এই গঠিত হয়েছে। Structure: Wh. word + tense অনুযায়ী auxiliary verb + subject ----?
8. সঠিক উত্তর- (b) the class starts, Complex sentence কে প্রশ্ন করার নিয়ম: প্রথম বাক্যটি প্রশ্নবোধক + Wh. word + দ্বিতীয় বাক্যটি assertive pattern-এ। সেইদিক থেকে একমাত্র "(b)" নং উত্তরটি ঠিক আছে।
9. সঠিক উত্তর- (c) How does he do the work?, simple interrogative sentence-এর নিয়ম: "Wh. word + auxiliary verb + subject -----?" অনুযায়ী "(c)" নং উত্তরটি নেওয়া হয়েছে।
10. সঠিক উত্তর- (a) he had not, কারণ narration-এর নিয়ম অনুযায়ী reporting verb অর্থাৎ, "asked" past tense হওয়ায় পরবর্তীতে past perfect tense করে assertive sentence করতে হবে।

Dangling Modifier

(ঝুলন্ত বিশেষণ)

"Dangling" শব্দটি Verb word "Dangle-দোলা" থেকে উৎপত্তি। "Dangling Modifier" আসলে English Grammar -এর একটি সমস্যার নাম। যাকে অন্যকথায় "Common Mistake in English" বলা যেতে পারে।

"Dangling Modifier" এর অপর নাম "Illogical Participle/Misplaced Modifier/Hanging Modifier/Floating Modifer"

Dangling Modifier:

"Dangling Modifier" এমন একটি শব্দ বা বাক্য, যা বাক্যটিতে স্পষ্টভাবে বলা হয়নি এমন একটি শব্দকে সংশোধন করে।

সহজভাবে আরো একটু ভেঙ্গে বললে-

সঠিক subject-এর পাশে সঠিক modifier না বসানোই, dangling modifier নামে পরিচিত।

Dangling Modifier	Clause
Having completed the task,	everything will be ok.
Having completed the task,	**I think** everything will be ok.

কাজটি (the task) কে শেষ করল, তা উল্লেখ না থাকায় "I think" নিয়ে আসা হয়েছে।

এবার নিচের বাক্যটিতে লক্ষ্য করো:

Incorrect : Walking in the park, a snake bit him.
Correct : Walking in the park, **he** was bitten by a snake.
(পার্কে হাঁটার সময়, সে সাপের কামড় খেয়েছিল।)

লক্ষণীয়, incorrect বাক্যটিতে "Walking" বা "হাঁটতে থাকা" কাজটি একজন ব্যক্তি করার কথা কিন্তু কমার পরে subject হিসেবে "a snake-সাপ" বসেছে, সেটাই হলো ভুল যা "Dangling modifier /Misplaced of modifier"।

এইজন্য correct -এ "Walking- হাঁটাতে থাকা" কাজটি কে করেছে? অবশ্যই একজন ব্যক্তি, সেই জন্য কমার (,) পরে ব্যক্তিবাচক subject "he" কে নিয়ে এসে অর্থ অনুযায়ী passive voice করা হয়েছে।

অজানা কথা:

i. যে কোনো modifier একটি "ধারণা" সম্পর্কে স্পষ্ট বর্ণনা দেয়।
ii. Dangling modifier -কে native speaker-রা unclear modifier বলে।

Dangling Modifier সম্পর্কে ৩টি গুরুত্বপূর্ণ তথ্য:

i. Dangling modifier সবসময় কমার মাঝে থাকে।
ii. Dangling অংশে subject ব্যক্তি/বস্তুবাচক লুকানো থাকবে।
iii. Dangling অংশে সরাসরি subject উল্লেখ থাকে না তবে, subject সম্পর্কে ধারণা পাওয়া যায়।

Structure: ------dangling------, ----subject+----.

উদাহরণে বিষয়টি আরো স্পষ্ট হবে:

Incorrect : Excited to learn English, YouTube Video lessons watched by me.
Correct : Excited to learn English, I watched YouTube Video lessons.

লক্ষণীয়, "কমা/(,)"-এর পূর্বের অংশটুকু Dangling Modifier, যেখানে কোনো subject উল্লেখ নেই কিন্তু "Excited-উত্তেজিত হওয়া" এই শব্দটি দেখে বোঝা যাচ্ছে এখানে একজন ব্যক্তি উহ্য আছে। সেই জন্য "কমা (,)" এর পরে ব্যক্তিবাচক subject "I" বসেছে।

☑ প্রথমেই জেনেছো "Dangling Modifier" এক ধরনের ভুল আর এই ভুলগুলো সাধারণত ৪টি ধরণে হয়ে থাকে। সুতরাং, ভুলগুলো ধরতে গেলে এই ৪টি ধরণ সম্পর্কে ভালোভাবে জানতে হবে।

❑ ভুলের ধরণ 01:

Present participle + -----.

Incorrect : Walking in the park, a snake bit him.
Correct : Walking in the park, **he** was bitten by a snake.

লক্ষণীয়, verb এর base form "Walk" -এর সাথে "ing" হওয়ায়, এটি present participle। যেহেতু, "হাঁটার কাজটি" একজন ব্যক্তি করতে পারে, সেজন্য কমার (,) পরে একজন ব্যক্তিকে subject হিসেবে ভাবা হয়েছে। এই জন্য পূর্বের verb-এর সাথে সঙ্গতি রেখে অর্থ অনুযায়ী subject "he" নেওয়া হয়েছে।

তাহলে ব্যাপারটা এমন:
"Walking" ব্যক্তির কাজ বা ব্যক্তি কর্তৃক সম্পাদিত কাজ = subject (He)

❑ ভুলের ধরণ 02:

Past participle + -----.

Incorrect : Excited to learn English, YouTube Video lessons watched by me.
Correct : Excited to learn English, I watched YouTube Video lessons.

লক্ষণীয়, যেকোনো verb এর past participle বাক্যের শুরুতে বসলে, সেটি past participle হয়। এখানে "Excited- উত্তেজিত হওয়া" past participle। এখন ভাবতে হবে "Excited" কে হতে পারে? অবশ্যই একজন ব্যক্তি। সেইজন্য কমার (,) পরে ব্যক্তিবাচক subject "I" নেওয়া হয়েছে।

তাহলে ব্যাপার দাঁড়ালো:
"Excited" - হওয়ার কাজটি একজন ব্যক্তি কর্তৃক হয়েছে = subject (I)

❑ ভুলের ধরণ 03:

Perfect participle (having + v3) +-----.

Incorrect : Having arrived late for practice, a written excuse needed by the captain.
Correct : Having arrived late for practice, **the captain** needed a written excuse.

লক্ষণীয়, Having এর পর যেকোনো verb এর past participle (v3) হলে, সেটি perfect participle হয়, তাহলে এখানে "Having+arrived---" perfect participle।

এখানে দেখা যাচ্ছে perfect participle এর ভেতরে "arrived-পৌঁছেছিল" এই verb টি আছে। এখন প্রশ্ন হচ্ছে, কে পৌঁছেছিল? অবশ্যই একজন ব্যক্তি। সেই জন্য কমার (,) পরে ব্যক্তিবাচক subject "the captain" নেওয়া হয়েছে।

তাহলে বোঝা গেল:
"Arrived" পৌছানোর কাজটি ব্যক্তি কর্তৃক ঘটেছে= subject (the captain)

❑ ভুলের ধরণ 04:

Preposition + verb + ing + -----.

Incorrect : After jumping of a boat, the shark bite the man.
Correct : After jumping of a boat, **the man** was bitten by the shark.

লক্ষণীয়, Preposition এর পর verb এর সাথে "ing+ext" থাকলে, সেটাকে prepositional phrase বলে। তাহলে এখানে "After jumping of +ext" এই অংশটুকু prepositional phrase।
Prepositional phrase-এর মাঝে verb "jumped" বলে দিচ্ছে "লাফ দেওয়া" কাজটি একজন মানুষ কর্তৃক সম্ভব। সেইজন্য "কমা" এর পরে ব্যক্তিবাচক subject "the man" বসেছে।

আসল ব্যাপার (nitty-gritty):

i. "কমা (,)" এর প্রথম অংশে যেমন verb, সেই verb কার দ্বারা সম্পাদিত, সেটি হতে পারে ব্যক্তি অথবা বস্তু। এইটি ভালোভাবে বুঝে কমা (,) পরবর্তী subject বসাতে হবে।
ii. বাক্যের বাংলা অর্থ না বুঝে, শুধু grammar এর নিয়ম জেনে Dangling modifier নির্ণয় করা সম্ভব নয়।

দ্বন্দ্ব দূর করে নাও:

অনেকক্ষেত্রে Dangling modifier-কে সঠিক হিসেবে মনে করা হয় যদি তা সম্পর্কে পূর্বে বলা থাকে।

For example:

Having followed a strict diet, his weight dropped fast.
(একটি কঠোর ডায়েট অনুসরণ করে, তার ওজন দ্রুত হ্রাস পেয়েছে।)

উল্লেখিত, Dangling modifier- এর আলোচনা অনুযায়ী বাক্যটিতে ভুল আছে। তবে যদি এমন ভাবা হয় পূর্বে বিষয়টি স্পষ্ট করা হয়েছে কার ওজন কমেছে তাহলে এই বাক্যটিকে সঠিক বলা যেতে পারে।

Dangling-modifier-ভেবে সঠিক করলে বাক্যটি যেমন হবে:

Having followed a strict diet, his weight was dropped fast. [in passive]

Practice
MCQ মাধ্যম

1. Modifier এর আলোচনায় সাধারণত কার সঙ্গে সম্পর্ক নিরূপণ হয়?
   (a) প্রথম verb -এর সঙ্গে দ্বিতীয় verb -এর সম্পর্ক
   (b) প্রথম verb -এর সঙ্গে দ্বিতীয় subject -এর সম্পর্ক
   (c) প্রথম subject -এর সঙ্গে দ্বিতীয় subject-এর সম্পর্ক
   (d) প্রথম phrase -এর সঙ্গে দ্বিতীয় subject-এর সম্পর্ক
2. Fill in the gap: Closing her eyes, ----- slept.
   (a) he (b) her (c) she (d) the girls
3. Fill in the gap: Spreading the news, ----- was about true news.
   (a) he (b) the man (c) it (d) the news
4. Choose the correct sentence.
   (a) Flying outside the window, he grabbed the papers.
   (b) Flying out of the window, he grabbed the papers.
   (c) Flying out of the window, the papers were grabbed by him.
   (d) Flying out of the window, the papers grabbed by him.
5. No confusion of the grammatical subject occurs in-
   (a) Young and experienced, the task seemed easy to me.
   (b) Young and experienced, it seemed to be an easy task.
   (c) Young and experienced, I thought the task easy.
   (d) Young and experienced,it was an easy task for me.
6. Find out the correct sentence.
   (a) Hearing the good news, I was happy.
   (b) Hearing the good news, happiness was mine.
   (c) Hearing the good news, happy was I.
   (d) Hearing the good news, mine was happiness.
7. While going to class, -----.
   (a) the dog bit me (b) dog bit me
   (c) a dog bit me (d) I was bitten by a dog
8. Walking through the forest, -----.
   (a) the path of the traveler was moonlit.
   (b) the traveler saw the moon above the trees.
   (c) the moon lit up the leaves of the trees.
   (d) the moon appeared like a luminous ball.
9. While attempting to reach his home before the storm, -----.
   (a) the bicycle of john broke down
   (b) it happened that John's bike broke down.
   (c) the storm caught John (d) John had an accident on his bicycle.

10. Upon hatching, -----.
    (a) young ducks know how to swim.
    (b) swimming is known by young ducks.
    (c) the knowledge of swimming is in young ducks.
    (d) how to swim is known in young ducks.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর: (b) প্রথম verb -এর সঙ্গে দ্বিতীয় subject -এর সম্পর্ক, প্রথম অংশটি "phrase" এই phrase এর ভিতর যে ধরনের verb থাকে, সেটা অনুযায়ী "কমা (,)" এর পরে subject নির্ণয় হয়।
2. সঠিক উত্তর: (c) she, যেহেতু প্রথম অংশে একজন "মেয়ের চোখ" বন্ধ রাখার কথা বলা হচ্ছে। তাই পরবর্তীতে subject হিসেবে "she" নেওয়া হয়েছে।
3. সঠিক উত্তর: (c) it, প্রথম অংশে "News-সংবাদ" ছড়ানোর কথা বলা হয়েছে। সেইজন্য পরবর্তীতে "News" এর pronoun "it" নেওয়া হয়েছে।
4. সঠিক উত্তর: (c) Flying out of the window, the papers were grabbed by him., যেহেতু কাগজগুলো উড়ে যাওয়ার কথা বলা হচ্ছে, তাই পরবর্তীতে "the paper" কে subject হিসেবে নিয়ে এসে passive voice করা হয়েছে।
5. সঠিক উত্তর: (c) Young and experienced, I thought the task easy., "Young-যুবক; experienced-অভিজ্ঞ" এগুলো কিসের সাথে যায়? অবশ্যই একজন ব্যক্তি। সেইজন্য "কমা(,)" এর পরে ব্যক্তিবাচক "I" নেওয়া হয়েছে।
6. সঠিক উত্তর: (a) Hearing the good news, I was happy., "News" বা "খবর" -টি শোনার পর কে খুশি হতে পারে? অবশ্যই একজন ব্যক্তি। সেইজন্য পরবর্তী অংশে ব্যক্তিবাচক subject "I" নেওয়া হয়েছে।
7. সঠিক উত্তর: (d) I was bitten by a dog, এখানে ক্লাসে যাওয়ার সময় এর কথা বলা হচ্ছে। এখন লক্ষ্য রাখতে হবে ক্লাসে কে যায়? অবশ্যই একজন ব্যক্তি। এইজন্য ব্যক্তিবাচক subject "I" কে "কমা (,)" এর পরে নিয়ে আসা হয়েছে এবং নিয়ম অনুযায়ী passive voice করা হয়েছে।
8. সঠিক উত্তর: (b) the traveler saw the moon above the trees, এখানে বনের মধ্যে হাঁটার কথা বলা হচ্ছে, এখন লক্ষ্য রাখতে হবে হাঁটার কাজটি কে করতে পারে? অবশ্যই একজন ব্যক্তি। সেইজন্য ব্যক্তিবাচক subject "the traveler" কে "কমা (,)" এর পরে নিয়ে আসা হয়েছে।
9. সঠিক উত্তর: (d) John had an accident on his bicycle., এখানে প্রথম অংশে ঝড়ের পূর্বে বাড়ি পৌছানোর কথা বলা হয়েছে। এখন লক্ষ্য রাখতে হবে, কে বাড়িতে পৌছাতে পারে? অবশ্যই একজন ব্যক্তি। সেইজন্য অর্থ বুঝে পরবর্তীতে ব্যক্তিবাচক subject "John" কে আনা হয়েছে।
10. সঠিক উত্তর: (a) young ducks know how to swim, এখানে প্রথম অংশে হাঁসের বাচ্চাগুলো জন্মানোর (hatching) পরে তাদের অবস্থার কথা বলা হচ্ছে। সুতরাং "কমা (,)" এর পরে অর্থ বুঝে "young ducks-পূর্ণবয়স্ক হাঁস" কে subject হিসেবে বেছে নেওয়া হয়েছে।

Inversion of Verbs

(ক্রিয়ার উল্টো ব্যবহার)

একটি assertive sentence সাধারণত "subject + main verb অথবা subject + auxiliary verb + main verb" এভাবেই গঠিত হওয়ার কথা। কিন্তু, তা না হয়ে কিছু negative adverb বাক্যের শুরুতে বসে সাথে auxiliary verb কে subject এর পূর্বে নিয়ে আসে যা দ্বারা বাক্যে জোর প্রদান করা হয়, এটিই মূলত inversion of verbs।

Inversion করার ক্ষেত্রে নির্দিষ্ট কিছু negative adverb/negative phrase মুখস্ত রাখা জরুরি:

No sooner -তৎক্ষণাৎ	Hardly -কদাচিৎ	Never before- পূর্বে কখনোই না Never again- কখনোই নয়
Not once - একটিও না	Seldom - কদাচিৎ	Not once - একবারের জন্যও নয়
Not - না	Scarcely - কদাচিৎ	Rarely - খুবই কম
Barely - কদাচিৎ	Until - যতক্ষণ পর্যন্ত না	Only rarely- একমাত্র বিরল ভাবে
Not only - শুধু তাই নয়	Only until - একমাত্র ততক্ষণ পর্যন্ত না	Nowhere - কোথাও না
In no way -একবারেও না	Little -নাই অর্থে	Neither/Nor

Structure:
উল্লেখিত negative adverb + tense অনুযায়ী auxiliary verb + subject + main verb + ----- + full stop (.)

For example:
Incorrect: Never I will do it again.
Correct : Never will I do it again. (কখনও আমি আর এটা করব না।)

Incorrect: Rarely you will see anyone using radio.
Correct : Rarely will you see anyone using radio. (খুব কমই কাউকে রেডিও ব্যবহার করতে দেখবে।)

Incorrect: Not only the whales are the largest animal but also they are the most intelligent.
Correct : Not only are the whales the largest animal but also they are the most intelligent animal. (তিমি শুধুমাত্র বৃহৎ প্রাণীই নয় বুদ্ধিমানও বটে।)

Incorrect: Seldom we have good return because they are criminal.
Correct : Seldom do we have good return because they are criminal.
(আমরা আর ভালো কিছুই ফেরত পাবো না কারণ তারা অপরাধী।)

অজানা কথা:
i. Hardly, Not only---but (also), No sooner, Scarcely দিয়ে যুক্ত প্রথম বাক্যটি inversion হয়।
ii. শুধু negative adverb/phrase নয়, অন্য নির্দিষ্ট কিছু adverb phrase (only then, only later, only in this way, only after+verb+ing,) এরপরেও inversion হয়।

For example:
Only in this way he can save money.
= Only in this way can he save money.(inversion)

আরো কিছু Inversion

❑ Introductory "Here/There"

Structure:
i. Here/There + singular verb + subject (singular) -----
ii. Here/There + plural verb + subject (plural) -----

For example:
Here is a list of phone numbers. (Here + v(sin) + যেহেতু পরের subject টি singular)
(এইখানে ফোন নাম্বারগুলোর তালিকা আছে।)

There is a problem in you. (There + v(sin) + যেহেতু পরের subject টি singular)
(তোমার মধ্যে একটি সমস্যা আছে।)

Here are the phone numbers. (Here + v (plu) + যেহেতু পরের subject টি plural)
(ফোন নাম্বারগুলো এখানে।)

There are many problems in your area. (There + v(plu) + যেহেতু পরের subject টি plural)
(তোমাদের এলাকায় অনেক সমস্যা আছে।)

❑ 3rd conditional

3rd conditional sentence এর "If" বাদ দিয়ে তার পরিবর্তে "had" ব্যবহার করে inversion করতে হয়।
Structure: Had+sub+v3----------full stop (.)
For example:
If he had reached there on time, he would have known the real fact.
এই বাক্যটি **inversion** করলে নিম্নরূপ হবে:
Had he reached there on time, he would have known the real fact.
(যদি সে সেখানে সময়মত পৌঁছাতো, সে আসল ঘটনাটি জানতে পারতো।)
If she had got her first prize, she would have pleased.
এই বাক্যটি **inversion** করলে নিম্নরূপ হবে:
Had she got her first prize, she would have pleased.
(যদি সে তার প্রথম পুরস্কারটি পেতো, সে অনেক খুশি হতো।)
লক্ষণীয়, "Had" দ্বারা গঠিত inversion sentence টি 3rd conditional। সুতরাং, সহজ করে বললে, শুরুতে had দ্বারা গঠিত inversion sentence কে 3rd conditional sentence বলা হয়।

❑ Only when/Only if/Only after

এই তিনটি **adverb phrase** থাকলে, সবসময় দ্বিতীয় বাক্যটি **inversion** হবে।
Only when I see the sight I become speechless.
= Only when I see the sight do I become speechless. (inversion)

এই বাক্যটিকে **inversion** না করে আরেকভাবে লেখা যেতে পারে:
=I become speechless **only when** I see the sight.

ব্যতিক্রম:

"Only then" থাকলে প্রথম বাক্যটি inversion হবে।

Only then I knew why they entered.
= Only then **did I** knew why they entered. (inversion)

অজানা কথা:

Inversion করার মূল প্রয়োজনীয়তাই হলো বাক্যের অর্থকে জোর প্রদান করা।

For example:

Normal Sentence: I seldom take coffee. (আমি কফি কম পান করি।)

Inversion Sentence: Seldom I take coffee. (আমি খুব কমই কফি পান খাই।)

Practice
MCQ মাধ্যম

1. Inversion of verbs -এ ব্যবহৃত word গুলো কী ধরনের শব্দ?
   (a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
2. Inversion of verbs বাক্যে কেন ব্যবহৃত হয়?
   (a) বাক্যকে সহজ করতে (b) বাক্যে জোর প্রয়োগে
   (c) বাক্যের অর্থকে প্রাণবন্ত করতে (d) বাক্যের গঠনশীলতা মজবুত করতে
3. Fill in the gap: Never ----- do it again.
   (a) I will (b) will I (c) I would (d) would I
4. Hardly ----- entered the room when he realized the real fact.
   (a) he had (b) he was (c) had he (d) did he

Rarely ----- seen far from water.
- tted turtle (b) spotted turtles are
- (d) have spotted turtles

ut of work as today.
(b) Formerly there never were
ave (d) Never before have
rsity.
(c) has been (d) had
re. (b) Never again I will go there.
(d) Never again does I go there.
he sky.
here (c) There are (d) Are there

10. নিচের কোন বাক্যটিতে "inversion of verbs" এর নিয়ম অনুসরণ করা হয়েছে?
    (a) Recently I have met you. (b) I along with you reached the place.
    (c) Long long ago a mighty king ruled over his kingdom.
    (d) No sooner had he seen me than he left the place.

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (d) Adverb, যেমন: no sooner, neither, not once, hardly, until, never again, only, rarely *etc.* এইসমস্ত শব্দগুলো adverb।
2. সঠিক উত্তর- (b) বাক্যে জোর প্রয়োগে, কোনো একটি কথাকে অতিমাত্রায় "জোর প্রকাশে" inversion of verbs ব্যবহৃত হয়।
3. সঠিক উত্তর- (b) will I, Inversion এর নিয়ম অনুযায়ী "Never" থাকলে পরবর্তীতে "Tense অনুযায়ী auxiliary verb + subject + -----" হয়। সেইদিক থেকে "(b)" নং উত্তরটি সঠিক।
4. সঠিক উত্তর- (c) had he, Inversion এর নিয়ম অনুযায়ী "Hardly" থাকলে পরবর্তীতে "Tense অনুযায়ী auxiliary verb + subject + -----" হয়। সেইদিক থেকে "(c)" নং উত্তরটি সঠিক।
5. সঠিক উত্তর- (c) are spotted turtles, Inversion এর নিয়ম অনুযায়ী "Rarely" থাকলে পরবর্তীতে "Tense অনুযায়ী auxiliary verb + subject + -----" হয়। সেইদিক থেকে "(c)" নং উত্তরটি সঠিক।
6. সঠিক উত্তর- (d) Never before have, "Never" দিয়ে বাক্য শুরু হলে auxiliary verb কে subject এর শুরুতে নিয়ে আসতে হয়। লক্ষ্য করলে দেখা যায় "(d)" নং option টি তে সেই নিয়মটি ঠিক আছে।
7. সঠিক উত্তর- (b) are, কোনো বাক্যের শুরুতে adjective থাকলে সেটিও inversion এর নিয়ম অনুযায়ী উক্ত adjective এর পরে verb দ্বারা শুরু হয়। উল্লেখ্য, প্রদত্ত বাক্যটিকে আরেকভাবেও লেখা যেতে পারে: "The uses of adversity are sweet." তবে "William Shakespeare"-এর কথা অনুযায়ী "Sweet are the uses of adversity." এটিই সঠিক, যার বাংলা অর্থ: "বিপদই প্রকৃত কষ্টিপাথর"।
8. সঠিক উত্তর- (a) Never again will I go there, "Never again" এই negative adverb টি থাকলেও বাক্যটিকে inversion করতে হয়।
9. সঠিক উত্তর- (c) There are, "There" দ্বারা কোনো বাক্য শুরু হলে তার structure: There + verb (singular/plural) + subject (singular/ plural) -----.
10. সঠিক উত্তর- (d) No sooner had he seen me than he left the place., কেননা "No sooner" এই adverb টি থাকলে inversion এর নিয়ম অনুযায়ী "auxiliary verb + subject -----" হয়। সেইদিক থেকে "(d)" নং উত্তরে inversion এর নিয়ম অনুসরণ করা হয়েছে।

" প্রতি দিনের পড়া প্রতিদিন শেষ করবে,
তাহলেই দেখবে English-এ ভীতি হয়েছে দূর,
আর তুমি পৌঁছে গেছো অনেক দূর।
যদি তুমি এই কথাগুলো শোন,
...তাহলেই হবে অনন্য।"

Subjunctive

এটি মূলত American English-এর একটি নিয়ম/ধরন। কিছু noun, verb ও adjective-এর সাথে "that" clause ব্যবহারের ফলে Subjunctive Mood গঠিত হয়।

Subjunctive mood-এর ৩টি উদ্দেশ্য:

i. কোন কিছু চাওয়া (to want something)
ii. কোন কিছুর সম্ভাবনা প্রকাশ পাওয়া (the possibility of something being revealed)
iii. কোন কিছু কল্পনা করা (to imagine something)

Subjunctive mood সম্পর্কে জানতে গেলে কিছু noun word, verb word এবং adjective word মুখস্থ রাখা জরুরি।

Subjunctive Mood-এ ব্যবহৃত Verb Word সমূহ

Propose - প্রস্তাব করা	Command-আদেশ করা	Suggest - পরামর্শ দেওয়া	Advise-উপদেশ দেওয়া
Insist - জেদ করা	Move - চলাফেরা করা	Require - চাওয়া	Ask - প্রশ্ন করা
Demand - চাওয়া	Urge - চালনা করা	Request -অনুরোধ করা	Prefer - অধিকতর পছন্দ করা
Stipulate - চুক্তির শর্ত করা	Doubt - সন্দেহ করা	Regret - দুঃখ প্রকাশ করা	Wish - ইচ্ছা করা

Subjunctive Mood-এ ব্যবহৃত Adjective Word সমূহ

Important - গুরুত্বপূর্ণ	Imperative - বাধ্যতামূলক	Urgent - জরুরী
Necessary - প্রয়োজনীয়	Mandatory - বাধ্যতামূলক	Essential - গুরুত্বপূর্ণ
Proposed - প্রস্তাবিত	Suggested - পরামর্শকৃত	Preferable - অধিকতর পছন্দনীয়
Obligatory - বাধ্যতামূলক	Recommended- সুপারিশকৃত	Requested - অনুরোধকৃত

Subjunctive Mood-এ ব্যবহৃত Noun Word সমূহ

Proposal - প্রস্তাবনা	Request - প্রস্তাব	Advice - উপদেশ
Insistence - জেদ	Recommendation- সুপারিশ	Stipulation - চুক্তি
Demand - চাহিদা	Suggestion - পরামর্শ	Necessity - প্রয়োজনীয়তা
Preference - পক্ষপাত	Requirement - প্রয়োজন	Obligation - বাধ্যবাধকতা

☑ **উল্লেখিত (verb/adjective/noun) শব্দসমূহ + "that"clause = Subjunctive Mood - এক্ষেত্রে "that" clause-এর পর যে শর্তগুলো মানতে হবে:**

i. verb সর্বদা base form (v1) হবে।
ii. Past tense হওয়া সত্ত্বেও, "that" clause-এর পর verb-এর past form না হয়ে, base form হবে।
iii. Modal verb ব্যবহার করা যাবে না।

iv. Be verb (am, is, are, was, were) না বসিয়ে সরাসরি "be" বসাতে হবে।
v. Do not / does not / did not না হয়ে, সরাসরি not + v1 হবে।

For example:

i. The doctor suggested that the patient (lose) his weight.
(ডাক্তার পরামর্শ দিয়েছিলো যে রুগীটিকে ওজন কমাতে হবে।)
Ans: lose

ii. It is imperative that you (will be) there. (এটা বাধ্যতামূলক যে তুমি সেখানে থাকবে।)
Ans: be

iii. I suggest that he (go) there. (আমি পরামর্শ দেই যে, সে সেখানে যাক।)
Ans: go

iv. The boss prefers that he (speak) with his clients.
(বস অধিকতর পছন্দ করেন যে, সে তার গ্রাহকদের সাথে কথা বলুক।)
Ans: speak

লক্ষণীয়, উপরের ৪টি বাক্যতে "suggested, imperative, prefer + that" থাকায়, subjunctive-এর নিয়ম অনুসারে পরবর্তীতে verb-এর base form (v1) হয়েছে।

সম্ভবত এই নিয়মগুলো না জানলে, অনেক শিক্ষার্থীই যে answer গুলো করত-

i. The doctor suggested that the patient lost/should lose weight.
ii. It is imperative that you will be/should be there.
iii. I suggest that he should go there.
iv. The boss prefers that he speaks/should speak with his clients.

এগুলো **British English** অনুযায়ী ভুল নয়, তবে **American English** অনুযায়ী, যে ভুল হয়েছে:

i. নং বাক্যে lost/should lose ব্যবহার না করে, verb-এর base form "lose" ব্যবহার করতে হবে।
ii. নং বাক্যে "will be/should be" modal verb ব্যবহার না করে, শুধু "be" ব্যবহার করতে হবে।
iii. নং বাক্যে should go ব্যবহার না করে, verb-এর base form "go" ব্যবহার করতে হবে।
iv. নং বাক্যে speaks/should speak ব্যবহার না করে, verb-এর base form "speak" ব্যবহার করতে হবে।

অজানা কথা:

i. Subjunctive mood মূলত Right forms of verbs-এর আলোচ্য বিষয়।
ii. উল্লেখিত শব্দসমূহ এবং "that"-এই শর্ত দুইটি একটি বাক্যে না থাকলে, তা সাধারণ British English অনুযায়ী বাক্যটিকে correction করতে হবে। যেমন:

British English *Vs* American English

British English : He says that he **should attend** the party on time.
(সে বলে যে তার পার্টিতে সঠিক সময়ে উপস্থিত হওয়া উচিৎ।)

American English : It is imperative that **he attend** the party on time.
(এটা বাধ্যতামূলক যে তাকে সঠিক সময়ে পার্টিতে উপস্থিত হতে হবে।)

Practice
MCQ মাধ্যম

1. Subjunctive মূলত কোন দেশীয় English rule-কে বোঝায়?
   (a) Bangladeshi (b) British (c) American (c) Australian
2. Subjunctive mood-এর ক্ষেত্রে কোন clause-এর ব্যবহার লক্ষণীয়?
   (a) if clause (b) that clause (c) wh. clause (d) relative clause
3. Subjunctive clause –এ কোন তিন ধরনের parts of speech জানা জরুরী?
   (a) preposition, verb, adverb (b) verb, conjunction, adverb
   (c) noun, adjective, verb (d) adverb, verb, interjection
4. It is essential that you ----- there on time.
   (a) be (b) will be (c) are (d) have been
5. I suggest that he ----- there.
   (a) went (b) goes (c) go (d) will go
6. I suggested that he ----- take legal action.
   (a) must (b) should (c) will (d) none
7. I request that the work -----.
   (a) should be done (b) will be done (c) is done (d) be done
8. We urge that the boy ----- now.
   (a) leave (b) leaves (c) should leave (d) left
9. He prefers that he ----- with his patient patiently.
   (a) speaks (b) speak (c) is to speak (d) speaking
10. Choose the correct answer:
    The doctor insisted that his patient -----.
    (a) that he take bed rest (b) take bed rest
    (c) takes bed rest (d) should take bed rest

ব্যাখ্যাসহ সঠিক উত্তর

1. সঠিক উত্তর- (c) American, Subjunctive mood মূলত American English যা British English-এর grammar এর একটি আলোচ্য বিষয়।
2. সঠিক উত্তর- (b) that clause, অবশ্যই নির্দিষ্ট কিছু শব্দের পর "that"-যুক্ত clause-ই subjunctive mood-এর একমাত্র বৈশিষ্ট্য।
3. সঠিক উত্তর- (c) noun, adjective, verb, Subjunctive সম্বন্ধে বুঝতে গেলে কিছু নির্দিষ্ট noun, adjective, adverb মুখস্থ রাখতে হয় যা তোমরা subjunctive lesson থেকে জানতে পেরেছো।
4. সঠিক উত্তর- (a) be, কেননা, "essential that+sub---" এর পরে subject-এর পর verb-এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(a)" নেওয়া হয়েছে। কেননা, am, is, are, was, were-এর base form "be"।

5. সঠিক উত্তর- (c) go, কেননা, "suggest that+sub---" এর পরে subject এর পর verb-এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(c)" নেওয়া হয়েছে।
6. সঠিক উত্তর- (d) none, কেননা "suggest that+sub---" এর পরে subject এর পর verb-এর base form দরকার। কোনো রকমের modal verb নেওয়া যাবে না।
7. সঠিক উত্তর- (d) be done, কেননা "request that+sub---" এর পরে subject এর পর verb-এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(d)" নেওয়া হয়েছে। এখানে মূলত "is done"-এর পরিবর্তে "be done" হয়েছে।
8. সঠিক উত্তর- (a) leave, কেননা "urge that+sub---" এর পরে subject-এর পর verb এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(a)" নেওয়া হয়েছে।
9. সঠিক উত্তর- (b) speak, কেননা "prefers that+sub---" এর পরে subject-এর পর verb এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(b)" নেওয়া হয়েছে। উল্লেখ্য, subjunctive mood-এর ক্ষেত্রে যে word গুলো মুখস্থ রাখার কথা সেগুলো মুখস্থ না থাকলে প্রায়শই শিক্ষার্থীরা ভুল উত্তর বেছে নেয়।
10. সঠিক উত্তর- (b) take bed rest, কেননা "insist that+sub---" এর পরবর্তীতে subject এর পর verb এর base form হবে। সেইজন্য, সঠিক উত্তর "(b)" নেওয়া হয়েছে।

Run on Sentence

এই lesson টি মূলত Common Mistakes in English বা English-এর সাধারণ ভুলের আলোচ্য বিষয়। Run on Sentence কোনো একক lesson হওয়ার কথা নয়। তবে, ইদানিং বেশ কিছু পরীক্ষাতে এই lesson টি খুব বেশি আসতে দেখা যায়, সেইজন্য sentence correction-এর অধ্যায় থেকে এই lesson টিকে সম্পূর্ণ আলাদা করে একটি পূর্ণাঙ্গ lesson আকারে দেয়া হলো।

Run on Sentence:

অবিরাম গতিতে দুইটি independent clause বা স্বাধীন বাক্য চলতে থাকাকেই Run on Sentence বলে।

Run on Sentence-এর মূল সমস্যা:

দুইটি independent clause বা স্বাধীন বাক্য কখনই full stop ছাড়া, অন্য কোনো punctuation marks দিয়ে যুক্ত হওয়ার কথা নয়।

কিন্তু, যখন দুইটি independent clause বিশেষ কিছু punctuation marks যেমন- comma, semi-colon *etc.* দ্বারা যুক্ত হয়, তখন বাক্য দুটি দেখতে সঠিক মনে হলেও আসলে তা ভুল। এটিই মূল সমস্যা এবং এটাই run on sentence।

For example:

I was on time, she was very late. = দুইটি independent clause "কমা" দ্বারা যুক্ত হয় না।

এই বাক্যটিকে সঠিক করে যেভাবে লিখা যায়:

I was on time. She was very late.
অথবা, I was on time but she was very late.
অথবা, Although I was on time, she was very late.

লক্ষণীয়, প্রথম "I was on time, she was very late" বাক্যটিতে "কমা" ব্যবহার করে দুইটি independent clause-কে যুক্ত করা হয়েছে। যেটা run on sentence বা "কমা" জনিত ভুল।

আরেকটি example:

He did not attend the party, he was ill. = "কমা" ব্যবহার করায় বাক্যটি run on sentence।

এই বাক্যটিকে সঠিক করে যেভাবে লিখা যায়:

He did not attend the party as he was ill.
অথবা, As he was ill, he did not attend the party.
অথবা, He did not attend the party because he was ill.

লক্ষণীয়, প্রথম "He did not attend the party, he was ill" বাক্যটিতে "কমা" ব্যবহার করায় দুইটি principal clause যুক্ত করার নিয়ম ভঙ্গ করা হয়েছে।

অজানা কথা:

i. Run on sentence-এর অপর নাম fused sentence/comma fault।
ii. Run on sentence-এ সর্বদাই দুইটি principal clause থাকবে।

Common Mistakes in English

ইংরেজিতে এমন অনেক word/phrase আছে যেইগুলো লিখার সময় আমাদের ভেতরে confusion (দ্বন্দ্ব) তৈরী হয়। আপাত দৃষ্টিতে এগুলোকে ভুল হিসেবে মনে হয়না। ইংরেজির এই ভুল/সমস্যাগুলোই মূলত Common Mistakes in English/Errors in English নামে পরিচিত। যে বিষয়গুলো নিয়ে বেশি দ্বন্দ্ব সৃষ্টি হয়, সেগুলো আলোচনা করা হলো:

Good *Vs* Well

যদিও দুইটি word-এর অর্থ- ভালো, তবে grammatically কিছুটা ভিন্ন প্রয়োগ লক্ষ্য করা যায়। যেমন:

I am good = যা দ্বারা emotional state (আবেগের অবস্থা) বোঝায়।
I am well = যা দ্বারা health condition (স্বাস্থ্যগত অবস্থা) বোঝায়।

"Good" এবং "Well"-এর তুলনামূলক পার্থক্য

Good	Well
Good শব্দটি adjective।	Well শব্দটি adverb।
Structure: i. Be verb + good ii. Determiner+good+noun iii. Linking verb + good	**Structure:** i. Transitive verb+object+well ii. Intransitive verb + well

Table অনুসারে "Good"-এর examples:

He is good. (be verb + good) (সে ভালো।)
He has a good plan. (determiner + good + noun) (তার একটি দারুণ পরিকল্পনা আছে।)
You seem good. (linking verb "seem" + good) (তোমাকে দেখে ভালো মনে হচ্ছে।)

Table অনুসারে "Well" এর examples:

You sang the song well. (object "the song" + "well" বসেছে) (তুমি গানটি ভাল গেয়েছিলে।)
She dances well. (Intransitive verb "dance" + "well" বসেছে) (সে ভালো নাচে।)

ব্যতিক্রম:

This idea is well-known to all. (এই ধারণাটি সবার কাছে সুপরিচিত।)
লক্ষণীয়, বাক্যটিতে be verb-এর পরে "well" বসেছে, যা adverb।

অজানা কথা:

i. Linking verb এরপর "well" বসলে, তা adjective হবে।
   For example: You don't look well.=adjective
ii. বাক্যের শুরুতে "Well" এবং এরপর comma বসলে, তা Interjection/Adverb হয়।
   For example: Well, I will support you.= Interjection/Adverb
iii. Adjective "pretty"-এরপর good বসলে তা, adverb হয়।
   For example: You are doing pretty good in your duty.=Adverb
iv. For+good=adverb, যার বাংলা অর্থ চিরতরে
   For example: He left the place for good.=adverb

And *Vs* As well as

"And এবং As well as" দুটি word/phrase-এর অর্থ "এবং"। কিছু ক্ষেত্রে "As well as"-এর অর্থ হয় "ছাড়াও/অধিকন্তু"।

"And" এবং "As well as" এর তুলনামূলক পার্থক্য

And	As well as
i. And একটি conjunction	i. As well as একটি multi-word preposition/ conjunction
ii. And দ্বারা একাধিক subject যুক্ত হলে verb হয় plural।	ii. As well as দ্বারা একাধিক subject যুক্ত হলে, প্রথম subject অনুযায়ী verb বসে।
iii. And যুক্ত subject-এর পূর্বে determiner" each/every" বসলে verb হয় singular।	iii. As well as দ্বারা যুক্ত subject-অংশে "each/ every" বসেনা।
iv. দুইটি noun যুক্ত করার ক্ষেত্রে "both---and" বসে।	iv. দুই এর অধিক noun যুক্ত করার ক্ষেত্রে "both--- and---as well as" বসে।

Table অনুসারে "and"-এর examples:

Boy and girl are giving their best. ("and" দ্বারা যুক্ত হওয়ায় verb plural "are" হয়েছে)
(ছেলে মেয়ে তাদের সেরাটা দিচ্ছে।) .
Each boy and girl is giving his/her best. ("each" থাকায় verb singular "is" হয়েছে)
(প্রতিটি ছেলে মেয়ে তার সেরাটা দিচ্ছে।)
I like both tea and coffee. অথবা, I like tea, coffee and soup.
(আমি চা এবং কফি দুটোই পছন্দ করি।) (আমি চা,কফি এবং স্যুপ পছন্দ করি।)

Table অনুসারে "as well as"-এর examples:

Rana as well as his friends is going to concert. (প্রথম subject "Rana" অনুযায়ী verb "is" হয়েছে।
(রানার পাশাপাশি তার বন্ধুরাও কনসার্টে যাচ্ছে।)

Incorrect : Each boy as well as girl is going there.
Correct : A boy as well as a girl is going there.
(সেখানে একটি ছেলের পাশাপাশি একটি মেয়েও যাচ্ছে।)

লক্ষণীয়, "as well as"-এর সাথে কখনোই "each/every" বসে না।

I like tea as well as coffee.
অথবা, I like both tea and coffee as well as vegetable-soup.
(আমি চা কফির পাশাপাশি সবজি-স্যুপ পছন্দ করি।)

অজানা কথা:

i. বাক্যের শেষে adverb" also" এর মত অর্থে "as well" বসে।
For example: We want to meet you as well. (আমরা আপনার সাথেও দেখা করতে চাই।)
ii. পূর্বের sentence-এর সাথে, অর্থের যৌক্তিকতা মিলকরণে দ্বিতীয় sentence-এর শুরুতে conjunction "And" বসে।
For example: They didn't come to the program. And that was not the only problem.

No *Vs* Not

দুইটি word ই negative অর্থে ব্যবহৃত হয়।

"No" এবং "Not"-এর তুলনামূলক পার্থক্য

No	Not
i. No একটি adjective	i. Not একটি adverb
ii. No + noun/noun phrase বসে	ii. Be verb + not বসে
iii. "No" noun কে negative করে	iii. "Not" verb কে negative করে
iv. "No"-এর পর determiner বসে না	iv. "Not"-এরপর determiner "any/ many/ much/ enough" বসে

Table অনুসারে "No"-এর examples:

I have no time to meet you. (No + noun word "time") (তোমার সাথে দেখা করার সময় আমার নেই।)
No friends are allowed here. (No + noun word "friends") (এখানে কোন বন্ধুর অনুমতি নেই।)
I have no dilemma. (No + noun word "dilemma") (আমার কোন দ্বিধা নেই।)
Incorrect : I have no any problem. (No এর পর determiner "any" বসেনা)
Correct : I have no problem. (আমার কোনো সমস্যা নেই।)

Table অনুসারে "Not"-এর examples:

It is not performed properly. (Be verb "is" + not) (এটা ঠিকঠাকভাবে সম্পন্ন করা হয়নি।)
They were not perfect at all. (not+adjective word "perfect") (তারা আদৌ নিখুঁত ছিলনা।)

I am not a student. (Be verb "am" + not বসেছে) (আমি ছাত্র নই।)
This is not the solution of present time. (not-এর পর determiner "the" বসেছে)
(এটা বর্তমান সময়ের সমাধান নয়।)
Incorrect : I do not have money.
Correct : I do not have much/enough money. (Not+অর্থ অনুযায়ী determiner "much/enough" বসেছে)
(আমার যথেষ্ট/পর্যাপ্ত টাকা নেই।)

অজানা কথা:

i. No-এর pronoun "none"
ii. No + Noun (singular/plural) =Noun phrase
iii. নিষেধ মূলক কথার ক্ষেত্রে "No+verb+ing" হয়, এই "verb+ing"-কে gerund/verbal noun বলে।
For example: No smoking, No parking, No gossiping
iv. মুখস্ত রাখা দরকার- "No"এর সাথে নির্দিষ্ট কিছু word যুক্ত হয়ে collocation তৈরি হয়।
For example: No problem/No chance/No way/No idea *etc.*
v. No একটি adjective, তবে তা যদি adverb-এরপূর্বে বসে, তাহলে তা হয়ে যাবে adverb।
For example: He is feeling no better today.=adverb
vi. Not-এরপর object form বসে।
For example: Not me, Not you *etc.*

Due to *Vs* Owing to

Phrase দুইটির অর্থ "জন্য"। কারণপ্রকাশক ইংরেজি বাক্যে এই দুইটি phrase ব্যবহার করা হয়। অর্থ একই হলেও grammatically যে ভিন্নতা আছে তা Table-এর মাধ্যমে তুলে ধরা হলো:

Due to	Owing to
i. Due to অর্থ- "জন্য"	i. Owing to অর্থ-"জন্য"
ii. Due to একটি adjective/ compound preposition Structure: Be verb + due to -----	ii. Owing to একটি compound preposition Structure: Main verb + owing to -----
iii. Due to =caused by	iii. Owing to = because of/as a result of/

"Due to"-এর examples:

I was absent in the meeting due to my illness. (অসুস্থতার জন্য আমি সভায় অনুপস্থিত ছিলাম।)
His failure was due to his inattentive study. (তার ব্যর্থতা ছিল পড়াশোনায় অমনোযোগিতার জন্য।)
লক্ষণীয়, প্রথম ও দ্বিতীয় বাক্যে be verb "was" আছে এবং বাংলা অর্থ "জন্য" প্রকাশে "due to" নেওয়া হয়েছে।

"Owing to"-এর examples:

The bridge was damaged owing to the recent earthquake.
(সেতুটি সাম্প্রতিক সময়ের ভূমিকম্পের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছিল।)
I am shocked owing to your misconduct. (তোমার অসদাচরণ দেখে আমি হতবাক।)

লক্ষণীয়, প্রথম ও দ্বিতীয় বাক্যে main verb "damaged ও shocked"-এর পর "জন্য" অর্থ প্রকাশে "owing to" নেওয়া হয়েছে।

অজানা কথা:

i. Due to এবং Owing to-এর ক্ষেত্রে common একটি গঠন:
ফল প্রকাশক sentence + **due to/owing to** + কারণ প্রকাশক phrase

ii. Sentence-এর শুরুতে "জন্য" অর্থে "Due to/Owing to" ব্যবহার করা যায়, তবে Due to বেশি ব্যবহৃত হয়ে থাকে।
For example: Due to/Owing to natural calaminty, they suffered a lot.

iii. অনেক ক্ষেত্রে grammarian-রা স্বীকৃতি দিয়েছেন "Because of" এর মত অর্থ দিলেই, সেখানে Due to অথবা Owing to এর যেকোনো একটি বসানো যায়।
For example:
He was placed under house **because of** his horrific behavior.
(তার ভয়ঙ্কর আচরণের কারণে তাকে বাড়িতে রাখা হয়েছিল।)
= He was placed under house **due to** his horrific behavior.
= He was placed under house **owing to** his horrific behavior.

Many *Vs* Much

দুইটি শব্দের অর্থ "অনেক/বেশি"। দুইটি শব্দের অর্থ এক হলেও বিশেষ কিছু noun এর বিবেচনায় এদের ব্যবহার ভিন্ন হয়।

"Many" এবং "Much"-এর তুলনামূলক পার্থক্য

Many	Much
i. Many অর্থ "বেশি" যার সমার্থক শব্দ "a lot of/lots of"।	i. Much অর্থ "বেশি" যার সমার্থক শব্দও "a lot of"।
ii. Many-এর পূর্বে "too" বসিয়ে নতুন একটি phrase গঠিত হয় "too many"। যার অর্থ অনেক বেশি/বেশি সংখ্যক।	ii. Much-এর পূর্বে "too" বসিয়ে নতুন একটি phrase গঠিত হয় "too much"। যার অর্থ অনেক বেশি/অত্যাধিক পরিমাণ।
Structure: Many + countable noun (plural) + verb (plural)	**Structure:** Much + uncountable noun + verb (singular)

"Many"-এর examples:

Many friends are out of our program. (অনেক বন্ধুই আমাদের অনুষ্ঠানের বাহিরে।)
There were too many students to face final round.
(অনেক বেশি সংখ্যক ছাত্রই চূড়ান্ত পর্বে মোকাবেলা করার জন্য ছিল।)
Once too many people were deprived of basic needs.
(একদা অনেক বেশি সংখ্যক মানুষই মৌলিক অধিকার থেকে বঞ্চিত ছিল।)

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে "many"-এর পরের "friends, students, people" countable noun যা plural হয়েছে।

"Much"-এর examples:

I have much time to talk to you. (তোমার সাথে কথা বলার জন্য আমার বেশ সময় আছে।)
He wasted much water in watering the trees. (সে গাছে পানি দিয়ে অনেক পানির অপচয় করেছিল।)
Too much politeness often gives rise to suspicion. (বেশি ভদ্রতা অনেক সময় সন্দেহের জন্ম দেয়।)
লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে much-এর পরের "time, water, politeness" noun গুলো uncountable আর শেষ বাক্যে uncountable noun "politeness" subject হওয়ায় singular verb (gives) হয়েছে।

অজানা কথা:

i. Uncountable noun সর্বদাই singular হিসেবে ধরা হয়।

ii. "Many/Much"-এর পর অবশ্যই একটি noun থাকবে, এইজন্য many/much-কে determiner বলা হয়।

iii. Many বেশি ব্যবহৃত হয়ে থাকে negative এবং interrogative sentence-এ।
For example:
I don't have many friends in this new town.=Negative
Were there many problems?=Interrogative

iv. "Many of/much of +-----" এমন ক্ষেত্রে Many/Much-কে "pronoun" বলা হয়।
For example:
Many of you witnessed the incident.=Pronoun (তোমাদের অনেকেই ঘটনাটির সাক্ষী ছিল।)
Much of the work has been completed.=Pronoun (কাজের অনেকটাই শেষ হয়েছে।)

v. Much + adjective (comparative form) এমন ক্ষেত্রে, much হয় adverb।
For example:
This question is much easier.=adverb (এই প্রশ্নটি তুলনামূলক সহজ।)
This is much more beautiful.=adverb (এটি তুলনামূলকভাবে অনেক বেশি সুন্দর।)

Few *Vs* Little

শব্দ দুইটি noun-এর পূর্বে বসলেও, অর্থগত এবং grammatically বেশ ভিন্নতা রয়েছে।

"Few" এবং "Little" এর তুলনামূলক পার্থক্য

Few	Little
i. "Few" এর অর্থ "নাই" যা একটি বাক্যকে negative অর্থ দেয়।	i. "Little" এর অর্থ "নাই" যা একটি বাক্যকে negative অর্থ দেয়।
ii. Few-এর ইংরেজি সমর্থক (not many/hardly any)	ii. Little-এর ইংরেজি সমর্থক (not much/ hardly any)
iii. A few-এর অর্থ "অল্প কয়েকটি" যা বাক্যে affirmative অর্থে ব্যবহৃত হয়।	iii. A little-এর অর্থ "অল্প পরিমাণ" যা বাক্যে affirmative অর্থে ব্যবহৃত হয়।
iv. A few-এর সমর্থক শব্দ (some)।	iv. A little-এর সমর্থক শব্দ (some)।
v. The few-এর অর্থ "কিছু কিন্তু সবগুলো"	v. The little-এর অর্থ "অল্প পরিমাণ কিন্তু সবটুকু"

vi. The few-এর সমর্থক শব্দ (not many but all)।	vi. The little-এর সমর্থক শব্দ (not much but all)।
Structure:	**Structure:**
Few+countable noun (plural)	Little+uncountable noun
Degree form:	**Degree form:**
Few-fewer-fewest	Little-less-least

"Few"-এর উদাহরণগুলো আলোচনার সঙ্গে মিলিয়ে দেখো:

I have few friends in Dhaka University. (ঢাকা বিশ্ববিদ্যালয়ে আমার বন্ধু নেই বললেই চলে।)

Or, I do not have many friends in Dhaka University.

I have a few friends so I'm happy enough. (আমার অল্পকিছু বন্ধু আছে এজন্য আমি যথেষ্ট খুশি।)

I wanted to collect the few men power for next procedure. (পরবর্তী প্রক্রিয়ার জন্য আমি কিছু লোকবল সংগ্রহ করতে চেয়েছিলাম।)

Fewer people get American visa now a days. (খুব কম সংখ্যক মানুষই আজকাল আমেরিকার ভিসা পায়।)

লক্ষণীয়, প্রথম বাক্যে "few" বাক্যকে negative (না-বোধক) করেছে।

দ্বিতীয় বাক্যে, "a few" বাক্যকে affirmative (হ্যাঁ-বোধক) অর্থ দিয়েছে।

তৃতীয় বাক্যে, "The few" সম্পূর্ণ বাক্যকে affirmative (হ্যাঁ-বোধক) অর্থ দিয়েছে।

চতুর্থ বাক্যে, তুলনামূলক কম বুঝাতে Few এর comparative form "Fewer" হয়েছে।

অজানা কথা:

i. Few-এর পর countable noun (plural)+verb সর্বদাই plural হয়।

ii. Few = almost none

For example:

He has few problems. It means "the problems" are **almost none.**

iii. "Few" subject হিসেবে বসলে, তা একটি pronoun।

For example:

A few of the students were selected.=Pronoun

Many died and few were survived.=Pronoun

iv. **Few-এর degree form :**

Positive	Comparative	Superlative
Few	Fewer	Fewest

"Little"-এর উদাহরণগুলো আলোচনার সঙ্গে মিলিয়ে দেখো:

There is little water in the jug. (জগে কোনো পানি নেই বললেই চলে।)

The glass on the table contains a little water. (টেবিলের উপরের গ্লাসটিতে অল্প পরিমাণ পানি আছে।)

The little money we had, the thief stole it. (অল্প কিছু টাকা যা আমাদের ছিল, চোর তা চুরি করেছিল।)

She has less hope than recovery. (তার মুক্তিলাভের আশা তুলনামূলক কম।)

লক্ষণীয়, প্রথম বাক্যে "little" বাক্যকে negative (না-বোধক) করেছে।

দ্বিতীয় বাক্যে, "a little" বাক্যকে affirmative বা হ্যাঁ-বোধক অর্থ দিয়েছে।

তৃতীয় বাক্যে, "The little" সম্পূর্ণ বাক্যকে affirmative (হ্যাঁ-বোধক) করেছে এবং

চতুর্থ বাক্যে, "less" comparative degree of Little যা "তুলনামূলক কম" এমন অর্থ দিয়েছে।

অজানা কথা:

i. Little + "uncountable noun" subject =verb (singular)

ii. Little = almost nothing

For example: He has little money. It means "money" is **almost nothing.**

iii. বাক্যের শেষে A little বসলে তা adverb, "a bit- কিছুটা" এর মত অর্থ দেয় হয়।

For example: He smiled a lot.=Adverb

iv. "Little" subject হিসেবে বসলে, তা একটি pronoun।

For example: Little of the progress will be noticed soon.=Pronoun

v. Little এর অর্থ হবে "small" যদি তা countable noun এর পূর্বে বসে।

For example: He has a little baby. (তার একটি ছোট বাচ্চা আছে।)

Economic *Vs* Economical

শব্দ দুইটি adjective হলেও অর্থগত দিক দিয়ে ব্যাপক পার্থক্য লক্ষণীয়:

Economic = অর্থনৈতিক (এটি দ্বারা মানুষের আর্থিক অবস্থাকে বোঝায়।)

Economical = মিতব্যয়ী (এটি দ্বারা একজন মানুষের প্রয়োজন অনুযায়ী খরচ করাকে বোঝায়।)

সুতরাং, এই দুইটি শব্দ ব্যবহারের পূর্বে লক্ষ্য করতে হবে, আমি কি "অর্থনৈতিক" নাকি "মিতব্যয়ী" কোন অর্থে শব্দটি ব্যবহার করছি !

For example:

Incorrect : His economical condition is very severe.

Correct : His economic condition is very severe. (তার অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ।)

লক্ষণীয়, উপরের বাক্যতে বাংলায় "অর্থনৈতিক" অবস্থা বোঝানোয় "economic condition" ব্যবহার করা হয়েছে।

Incorrect : He is too economic to describe in a word.

Correct : He is too economical to describe in a word.
(সে এতটা মিতব্যয়ী যে এক কথায় বলে শেষ করা যাবে না।)

লক্ষণীয়, উপরের বাক্যতে বাংলায় "মিতব্যয়ী" অবস্থা বোঝানোয় "economical condition" ব্যবহার করা হয়েছে।

অজানা কথা:

Economic = অর্থনৈতিক, এক্ষেত্রে adjective + noun বসবে।

Economical = মিতব্যয়ী, এক্ষেত্রেও adjective + noun বসবে।

Economics = অর্থনীতি (noun), এটি দ্বারা কলেজ/বিশ্ববিদ্যালয়ের পঠিত Subject-কে বোঝায়।

Economy = অর্থনীতি (noun), এটি দ্বারা কোনো কিছুর অর্থনীতিকে বোঝায়।

For example:

I want to read Economics in lieu of Psychology.
(আমি মনোবিজ্ঞানের পরিবর্তে অর্থনীতি পড়তে চাই।)

The economy of Bangladesh largely depends on agriculture.
(বাংলাদেশের অর্থনীতি বিশালভাবে কৃষির উপর নির্ভর করে।)

লক্ষণীয়, প্রথম বাক্যটিতে "Economics" দ্বারা পঠিত subject-কে বোঝানো হয়েছে।
দ্বিতীয় বাক্যটিতে "Economy" দ্বারা কোনো কিছুর উপর নির্ভর করা অর্থনৈতিক একটি অবকাঠামো/উৎসকে বোঝানো হয়েছে।

Beside *Vs* Besides

দুইটি শব্দের উচ্চারণ অনেকটা একই রকম মনে হলেও অর্থ এবং Grammatically বেশ ভিন্নতা আছে।

"Beside" এবং "Besides" এর তুলনামূলক পার্থক্য

Beside	Besides
i. Beside অর্থ "পাশে/সাথে"। Beside-এর ইংরেজি সমার্থক শব্দ "close to/at the side of" ii. Beside-একটি preposition **Structure:** Beside + noun/pronoun/noun phrase	i. Besides অর্থ "তাছাড়াও/ছাড়া"। Besides-এর ইংরেজি সমার্থক শব্দ "without/ except/in addition to/also" ii. Besides-একটি preposition এবং linking adverb **Structure:** Besides + noun / besides + কমা + subject -----.

"Beside" এর examples:

Can I sit <u>beside</u> you? (Preposition "beside" + pronoun "you") (আমি কি তোমার পাশে বসতে পারি?)
Put the box <u>beside</u> that file. (beside + noun phrase "that file") (বাক্সটি ওই নথিটির পাশে রাখো।)
She told a story sitting <u>beside</u> me. (beside + pronoun "me") (সে আমার পাশে বসে একটি গল্প বলেছিল।)
লক্ষণীয়, উপরের তিনটি বাক্যেই "beside" preposition রূপে বসেছে। কেননা, "beside"-এর পরে একটি করে object আছে।

অজানা কথা:

i. "Beside" যেহেতু preposition, সেইজন্য beside-এর পরে সর্বদাই object বসবে।
ii. "Beside" দিয়ে English-এ দুইটি গুরুত্বপূর্ণ phrase:
Beside the point- অপ্রাসঙ্গিক (irrelevant)
Beside oneself- অতিমাত্রায় উত্তেজিত (to be extremely excited)

"Besides" এর examples:

<u>Besides</u> Rana and Rani, I saw another one. (রানা আর রানী ছাড়াও আমি আরেকজনকে দেখলাম।)
What are you doing <u>besides</u> present job? (বর্তমান চাকুরি ছাড়া তুমি আর কী করছো?)
I am doing tuition. <u>Besides,</u> I am trying to get a new opportunity. (আমি টিউশনি করছি। এছাড়া, নতুন করে সুযোগ পাওয়ার চেষ্টা করছি।)
লক্ষণীয়, প্রথম ২টি বাক্যে "besides" preposition হিসেবে বসেছে।
তবে, তৃতীয় বাক্যে besides-একটি adverb কেননা, এরপরে একটি comma বসেছে।

অজানা কথা:

"Beside" এবং "Besides" দুইটিই preposition। তবে, "Besides" এর পর comma বসলে তা linking adverb হয়।

দ্বন্দ্ব দূর করে নাও:

i. Beside/Besides (preposition) + Noun/Noun phrase
ii. Besides (Adverb) + কমা + Noun/Noun phrase

Each Other *Vs* One Another

Each other এবং One another মূলত reciprocal pronoun। এই দুইটি pronoun দ্বারা পারস্পারিক সম্পর্ক বোঝায়।

Each other = দুইটি ব্যক্তি/বস্তুর মধ্যে পারস্পারিক সম্পর্ক।

For example:
Incorrect : Abir and Abida like <u>one another</u>.
Correct : Abir and Abida like <u>each other</u>. (আবির এবং আবিদা একে অপরকে পছন্দ করে।)
লক্ষণীয়, যেহেতু Abir এবং Abida দুইজন ব্যক্তি, সুতরাং তাদের পারস্পারিক সম্পর্ক বোঝাতে each other ব্যবহার করা হয়েছে।

অজানা কথা:

Each other/One another-এর সাথে ('s) ব্যবহার হতে পারে।
For example:
Rita often uses Ratul's mobile and Ratul often uses Rita's mobile.

তাহলে, উপরের বাক্যটিকে আরও যেভাবে লিখা যেতে পারে:

Rita and Ratul often use each other's mobile. (রিতা ও রাতুল প্রায়ই একে অপরের মোবাইল ব্যবহার করে।)
One another = দুই এর অধিক ব্যক্তি/বস্তুর মধ্যে সম্পর্ক বোঝাতে।

For example:
Incorrect : They should know each other.
Correct : They should know one another. (তাদের একে অপরকে জানা উচিৎ।)
লক্ষণীয়, "They" দ্বারা সাধারণত দুইয়ের অধিক কোনো বিষয়বস্তু/ব্যক্তিকে বোঝায়। সুতরাং, দুইয়ের অধিক ব্যক্তিকে বোঝানোয় উপরের বাক্যে "one another" ব্যবহার করা হয়েছে।

ব্যতিক্রম:

Incorrect : Mina and Monir are bosom friends. <u>They</u> help one another.
Correct : Mina and Monir are bosom friends. <u>They</u> help each other.
(মিনা এবং মনির ঘনিষ্ঠ বন্ধু। তারা একে অপরকে সাহায্য করে।)
লক্ষণীয়, উপরের বাক্যতে "They" দ্বারা দুইজন ব্যক্তি "Mina & Monir"-কে বোঝানোয় "they" থাকা স্বত্বেও "each other" ব্যবহার করা হয়েছে।
অর্থাৎ, "They" দ্বারা সাধারণত দুইয়ের অধিক ব্যক্তি বা বস্তুকে বোঝালেও "They"-এর পূর্বে যদি দুইজন ব্যক্তি বা দুইটি বস্তুর নাম উল্লেখ থাকে, তাহলে "They" দ্বারা দুইজনকে বা দুইটি বস্তুকে বোঝায়।

অজানা কথা:

i. Passive voice-এ "Each other/One another" কখনো subject হতে পারে না।

For example:
Active : They help one another.
Passive : They are helped by one another.

ii. Each other/One another সর্বদাই object position-এ বসবে।

iii. "Each other/One another" reciprocal pronoun। ভুল করেও pronoun phrase বলা যাবে না। কেননা, pronoun phrase বলে কোনো phrase নেই।

iii. অনেক সময় বিখ্যাত লেখকগণ Grammar-এর এই নিয়মগুলো অনুসরণ করেননি।

For example:

i. "When we are married and have more occasions to know one another."- *William Shakespeare*

ii. "Sixteen ministers who meet weekly at each other's house."-Samuel Johnson

লক্ষণীয়, প্রথম বাক্যে "We" বা দুইজন উল্লেখ থাকায় "each other" বসার কথা ছিল, কিন্তু সেই নিয়মটি "William Shakespeare" অনুসরণ করেননি।

দ্বিতীয় বাক্যে "Sixteen ministers" দুইয়ের অধিক ব্যাক্তিগন উল্লেখ থাকায় "one another" বসার কথা ছিল কিন্তু সেই নিয়মটি "Samuel Johnson" অনুসরণ করেননি।

Sometimes *Vs* Sometime *Vs* Some time

উচ্চারণ কিছুটা এক রকম মনে হলেও, অর্থ ও grammatical নিয়ম অনুযায়ী ৩টির মধ্যে বেশ পার্থক্য লক্ষণীয়।

"Sometimes, Sometime এবং Some time"-এর তুলনামূলক পার্থক্য

Sometimes	Sometime	Some time
i. এটি একটি adverb ii. বাংলা অর্থ "মাঝে মাঝে" (occasionally)	i. এটি একটি adverb ii. যে অর্থে ব্যবহৃত হয় " ভবিষ্যতে বা অতীতের কোন একটি অজানা বা সিদ্ধান্তহীন কাজ "	i. এটি adjective+noun ii. বাংলা অর্থ "কিছু সময়" (some amount of time)

"Sometimes"-এর examples:

Sometimes I feel the necessity of spoken English.
(মাঝে মাঝে আমি স্পোকেন ইংলিশ এর প্রয়োজনীয়তা অনুভব করি।)

Sometimes we make mistake finding true friends.
(আমরা মাঝে মধ্যে সত্যিকার বন্ধু খুঁজতে ভুল করি।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যে যেখানে "sometimes" ব্যবহার করা হয়েছে, তদোস্থলে "occasionally" ব্যবহার করলেও sentence-এর অর্থ নষ্ট হয় না, অর্থাৎ sometimes=occasionally।

অজানা কথা:

i. Sometimes দিয়ে গঠিত sentence "present indefinite tense" হয়।

ii. Sometimes-কে adverb of frequency বলা হয়।

"Sometime"-এর examples:

I will meet you sometime next day. (আমি পরেরদিন কোন এক সময় দেখা করবো।)

We should discuss the matter sometime.
(বিষয়টি নিয়ে আমাদের পরবর্তী কোনো এক সময় আলোচনা করা উচিত।)

I will fix it sometime. (আমি এটা একসময় ঠিক করে দেব।)

লক্ষণীয়, কোনো এক সময় বা একদা এমন অর্থে "sometime" adverb রূপে বাক্যে object-এর পরে বসেছে।

অজানা কথা:

Noun-এর পূর্বে sometime বসলে তা, adjective হয়। যেমন:

You are her sometime friend.=Adjective (তুমি তার এক সময়ের বন্ধু।)

"Some time"-এর examples:

Please give me some time to implement your planning.
(দয়া করে আমাকে আপনার পরিকল্পনা বাস্তবায়নে কিছু সময় দিন।)

I need some time to do the work properly. (কাজটি ঠিকঠাক করতে আমার কিছু সময় প্রয়োজন।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যেই "some" এর পর একটু space (ফাঁকা) দিয়ে "time" লিখা হয়েছে। যার মাধ্যমে "adjective + noun" এই সূত্রের প্রয়োগ ঘটেছে।

অজানা কথা:

i. "Some+ time"-কে noun phrase বলা হয়।

ii. Noun-এর পূর্বে বসা "Some"-কে adjective/determiner বলা হয়।

Different + from / to / than

দুইয়ের অধিক বিষয়/বস্তুর মধ্যে তুলনা করার ক্ষেত্রে adjective "different" ব্যবহার করা হয়। Different এর পর preposition "from/to/than" বসে। এখন জানা দরকার Different-এর পর কখন কোন preposition বসে।

Different + from : মূলত একই সাথে British ও American written English এ ব্যবহার হয়।
অন্যদিকে,
Different + to : শুধুমাত্র British English-এ Spoken English-এ ব্যবহার হয়।
এবং,
Different + than : মূলত word/phrase/clause-কে যুক্ত করে। এই ব্যবহারটি American English-এ বেশি লক্ষ্য করা যায়।

For example:

a. This mobile phone is totally different from the new one.
(এই মোবাইল ফোনটা নতুনটা থেকে সম্পূর্ণ আলাদা।)

b. This mobile phone is totally different to the new one.
(এই মোবাইল ফোনটা নতুনটা থেকে সম্পূর্ণ আলাদা।)

c. This mobile phone is totally different than the new one.
(এই মোবাইল ফোনটা নতুনটা থেকে সম্পূর্ণ আলাদা।)

d. Your position in this industry seems different than I observed.
(আমি যা ভেবেছিলাম তার তুলনায় এই কারখানায় তোমার অবস্থান ভিন্ন/আলাদা মনে হচ্ছে।)

উল্লেখ্য, উপরের তিনটি বাক্যই সঠিক।

তবে, a-নং বাক্যটি formal বা written English-এ বেশি ব্যবহার হয়।
b-নং বাক্যটি spoken English- এ বেশি ব্যবহার হয়।
c ও d-নং বাক্যটি British English-এ দেখা যায়না বললেই চলে। এই ধরনের *sentence* একমাত্র American English-এ লক্ষ্য করা যায়।

অজানা কথা:

i. **Different** শব্দটির বিভিন্ন রূপ:
Different - (ভিন্ন) Adj
Differential - (পার্থক্যমুলক) Adj
Difference - (ভিন্নতা) Noun
Differentiate - (পার্থক্য করা)/ Differ- (তফাৎ হওয়া/ করা) Verb
Differently - (ভিন্নভাবে) adv

ii. Different-এর বিপরীত শব্দ কখনোই indifferent বলা যাবে না। different অর্থ "ভিন্ন", অন্যদিকে indifferent অর্থ "উদাসীন"।

দ্বন্দ্ব দূর করে নাও:

i. Than (conjunction) + clause
ii. Than (preposition) + word/phrase
For example:
Your position seems different **than** I observed.=Conjunction
Your position seems different **than** their position.=Preposition
iii. different/ differential-এর সাথে নির্দিষ্ট কিছু শব্দ বসে।
For example:
Completely/very/entirely + different
Way/pay/income + differential(s) [এক্ষেত্রে differential "noun" হবে]

Make *Vs* Do *Vs* Commit

উপরের তিনটি শব্দই verb তবে ক্ষেত্রবিশেষে এই তিনটি শব্দের ব্যবহারে ভিন্নতা লক্ষ্য করা যায়। নির্দিষ্ট কিছু শব্দের পূর্বে "make, do, commit" বসে।

❑ **Make-এর পর নির্দিষ্ট phrase/word:**
Make + a mistake (ভুল) / an error (ভুল) / a blunder (সাংঘাতিক ভুল)

❑ **Make দিয়ে আরো কিছু collocation:**
Make + a phone/a speech/a profit/a cup of tea
Make + breakfast/lunch/dinner
Make + plans/sure/money

❑ **Do-এর পর নির্দিষ্ট phrase/word:**
Do + wrong (ভুল) / harm (ক্ষতি) / injury (জখম)

❑ **Do দিয়ে আরো কিছু collocation:**
Do+ your best/exercise/homework/housework
Do+ a good/great/terrible + job

❑ **Commit-এর পর নির্দিষ্ট phrase/word:**
Commit + a fault(দোষ)/a crime(অপরাধ)/an offense(অপরাধ)/a sin(পাপ)
an act of violence/terrorism (একটি সহিংসতার/ সন্ত্রাসবাদের কাজ)/an error

❑ **Article ছাড়া আরো কিছু collocation:**
Commit + murder (হত্যা)/fraud (জালিয়াতি)/adultery (ব্যভিচার)

For example:
Incorrect : You have committed a great mistake.
Correct : You have made a great mistake.
অথবা, You have committed a fault/a crime/an offense *etc.*
(তুমি একটি দোষ/অপরাধ করেছো।)

Incorrect : You have made wrong with me.
Correct : You have done wrong with me.
অথবা, You have made a mistake/an error/a blunder.
(তুমি একটি সাংঘাতিক ভুল করেছো।)

Incorrect : He did a fault.
Correct : He committed a fault.
অথবা, He did wrong/harm/injury. (সে ভুল করেছিল।)

লক্ষণীয়, উপরের উদাহরণগুলোতে দুই-ভাবেই পরিবর্তন দেখা যাচ্ছে। Verb-এর জায়গা ঠিক রেখে নির্দিষ্ট/উল্লিখিত phrase-এর পরিবর্তন অথবা নির্দিষ্ট phrase-এর ব্যবহার ঠিক রেখে verb (make, do, commit)-এর পরিবর্তন।

অজানা কথা:

i. নির্দিষ্ট শব্দের পরে আর একটি নির্দিষ্ট শব্দের বন্ধন বা মিতালিকে collocation বলে। এই verb (Make, Do, Commit)-গুলোর পরে নির্দিষ্ট শব্দ বসার নিয়মগুলো collocation অনুযায়ী হয়েছে।
ii. "Make, Do, Commit" এই verb গুলো transitive verb তাই এগুলোর পর object হিসেবে উপরোক্ত নির্দিষ্ট noun/noun phrase গুলো বসে।
iii. Make-এর পরে বসা ভুলগুলো "minor mistake"
Commit-এর পরে বসা ভুলগুলো "major mistake"
Do-এর পরে বসা ভুলগুলো "general mistake/incident"

Say *Vs* Tell

"Say" এবং "Tell" দুইটি verb-এর অর্থই "বলা"। এই "বলা" নিয়ে অনেক না বলা কথাই রয়ে গেছে অনেকের কাছে। কিন্তু, এই lesson-এর মাধ্যমে "say, tell" নিয়ে না বলা সকল কথাই এখন বলে দেয়া হবে।

Say:

যা দ্বারা সাধারণ কোনো কথা বলা বোঝায়।

Say-এর verb form:

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Say	said	said

For example:

I don't say anything. (আমি কোনো কিছু বলিনা।)

He wanted to say something regarding the dowry system.
(যৌতুক প্রথা নিয়ে সে কিছু বলতে চেয়েছিল।)

অজানা কথা:

i. "Say" verb-টি transitive verb এবং intransitive verb উভয় হতে পারে।

For example:

Come and say hello.= transitive

He said to me he was busy.= transitive

"It was fantastic" said he.= intransitive

ii. said পরবর্তী যে that clause বসে, তা direct object/noun clause.

For example:

He said that he was busy.= direct object/noun clause

iii. Say-এর পর নির্দিষ্ট কিছু শব্দ বসে collocation তৈরি করে।

For example:

Say + Hello/Goodbye/Hi

Say + Yes/No

Say + something/no more/a prayer

Tell:

সাধারণত কোনো ব্যক্তিকে কোনো তথ্য দেওয়ার ক্ষেত্রে ব্যবহৃত হয়।

Tell-এর verb form:

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Tell	told	told

For example:

I told him to bring a DSLR. (আমি তাকে একটি DSLR আনতে বলেছিলাম।)

He wanted to tell you something regarding the dowry system.
(সে তোমাকে যৌতুক প্রথা সম্পর্কে কিছু বলতে চেয়েছিল।)

জানতে কি? DSLR = "Digital Single-Lens Reflex"

অজানা কথা:

i. "Tell" সর্বদায় transitive verb, এর পর অবশ্যই প্রথমটি "ব্যক্তিবাচক" এবং দ্বিতীয়টি "বিষয়বস্তুবাচক" object হয়।

Structure : Sub + tell + ব্যক্তিবাচক object + বিষয়বস্তুবাচক object

Incorrect : He tells something.

Correct : He tells me something.

ii. "Tell" transitive verb হওয়ার কারণে এর পর সরাসরি preposition বসে না।

iii. "Tell"-এরপর direct object হিসেবে noun phrase/noun clause/infinitive phrase বসে।

For example:

He told me the real story.= Noun phrase

He told me what the real story was.= Noun clause

He told me to leave the place.= Infinitive phrase

iv. Tell-এর পর নির্দিষ্ট কিছু শব্দ বসে collocation তৈরি করে।

For example: Tell + a lie/a secret/a story/one's name/for sure/a joke

Speak *Vs* Talk

"Speak" এবং "Talk" এই দুইটি verb-এর অর্থও "বলা"।

Speak:

সাধারণ কথোপকথন/কোনো ভাষায় কথা বলার ক্ষেত্রে "speak" ব্যবহার করা হয়।

Speak-এর verb form:

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Speak	Spoke	Spoken

For example:

I spoke to/with my manager about a new business.
(আমি আমার ব্যবস্থাপকের সাথে নতুন ব্যবসা সম্বন্ধে কথা বলেছিলাম।)

অথবা,

I talk to my manager about a new business.
(আমি আমার ব্যবস্থাপকের সাথে নতুন ব্যবসা সম্বন্ধে কথা বলি।)

উল্লেখ্য, "speak" এর জায়গায় "talk to" ব্যবহার করা যেতে পারে, তবে তা informal use হিসেবে ধরা হয়।

অজানা কথা:

i. Speak একটি intransitive verb, তাই এর পর preposition (to/with) দিয়ে ব্যক্তিবাচক object দিতে হবে।

For example:

Can I speak with/to you?

He will speak with/to me.

ii. Speak-এর পর preposition "about/on" বসলে পরবর্তীতে বস্তুবাচক object হয়।

For example:

I will speak about/on the topic.

They have spoken about/on our concerns.

iii. নির্দিষ্ট কোন ভাষায় কথা বলার ক্ষেত্রে "speak" বসে, তবে কোন ভাষায় দক্ষতা প্রকাশার্থে "*speak+in*" বসে।

For example:

She speaks English/Hindi. (সে ইংরেজি/ হিন্দি বলে।)

She speaks in many languages. (সে অনেক ভাষায় কথা বলে।)

iv. Speak-এর সাথে আরও ২টি preposition-এর ব্যবহার লক্ষ্য করা যায়।

For example:

Speak+for= I speak for this. (আমি এটার পক্ষে কথা বলি।)

Speak ill+of= Don't speak ill of him. (তার সম্পর্কে মন্দ কথা বলোনা।)

v. Speak এর adjective "spoken"। এজন্য বলা হয়ে থাকে "Spoken English"

Talk:

কোনো বিষয়ের উপরে আলোচনা করার ক্ষেত্রে "talk" verb টি ব্যবহার করা হয়। "talk" কথাটি বললেই "Talk Show" অনুষ্ঠানগুলোর কথা মনে হয়, যেখানে কোনো একটি specific বিষয়ের উপরে আলোচনা করা হয়।

Talk-এর verb form:

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Talk	Talked	Talked

For example:

I will talk about a new alarming issue.
(আমি নতুন একটি উদ্বেগজনক বিষয় নিয়ে কথা বলবো।)

He talks in English. (কোনো ভাষায় পারদর্শিতার ক্ষেত্রে "talk in" বসে) (সে ইংরেজিতে কথা বলে।)

অজানা কথা:

i. "Talk" verb-টি transitive এবং intransitive উভয় হতে পারে।

ii. Talk-এর পর preposition "to/with" বসলে object হয় ব্যক্তিবাচক।

For example:

I will talk to you soon.

Or, I will talk with you soon. (আমি তোমার সাথে শীঘ্রই কথা বলব।)

iii. Talk এর পর preposition "of/about" বসলে object হয় বিষয়বস্তু বাচক।

For example:

He is talking of/about the war. (সে যুদ্ধ নিয়ে (যুদ্ধ সম্বন্ধে) কথা বলছে।)

iv. মোবাইল ফোনে কথা বলার ক্ষেত্রে "talk+on" বসে।

For example:

We talked on the phone for over an hour. (এক ঘন্টার বেশি সময় ধরে আমরা ফোনে কথা বলেছিলাম।)

v. Talk-এর adjective "Talkative-বাচাল"।

❖ সবকিছুই rules মেনে হয় না:

For example: Always speak the truth. (সর্বদাই সত্য কথা বলবে।)

এই sentence-এ "speak"-এর পেছনে কোনো logic (যুক্তি) খোঁজার দরকার নেই। কেননা, উল্লিখিত sentence-একটি proverb (প্রবাদ)।

"Noun + ly" Vs "Adjective + ly"

শিক্ষার্থীরা প্রায়শই ভুল করে থাকে, ভুলটি হলো ly যুক্ত কোনো শব্দ দেখলেই তাকে adverb ভাবা। কিন্তু, এই ধারণাটি সবসময় সঠিক হয় না। তার কারণ-

"Noun + ly" যোগে কোনো শব্দ গঠিত হলে, সেটি adjective হয়।

অন্যদিকে,

"Adjective + ly" যোগে কোনো শব্দ গঠিত হলে, সেটি adverb হয়।

For example:

Friendly, motherly, fatherly, heavenly, manly *etc.*
(বন্ধুসুলভ, মাতৃসুলভ, পিতৃসুলভ, স্বর্গীয়, পুরুষোচিত ইত্যাদি)

উক্ত শব্দগুলো adjective কেননা, "friend, mother, father, heaven, man" শব্দগুলো noun, যার সাথে "ly" যুক্ত হয়েছে।

Nicely, wisely, beautifully, smartly *etc.* (সুন্দরভাবে, বুদ্ধিমত্তার সাথে, সুন্দরভাবে, সুদর্শনভাবে ইত্যাদি)

উক্ত শব্দগুলো adverb কেননা, "nice, wise, beautiful, smart" শব্দগুলো adjective, যার সাথে "ly" যুক্ত হয়েছে।

Shortcut:

i. Noun + ly = Adjective

ii. Adjective + ly = Adverb

অজানা কথা:

i. "ly" যুক্ত adverb কে adverb of manner বলে।

ii. "ly" যুক্ত adjective কে adverb বানাতে নিচের structure-টি অনুসরণ করতে হবে।

Structure: in a ----- way/manner.

For example:

In a friendly way, in a fatherly manner, in a heavenly way *etc.*
(বন্ধুত্বপূর্ণভাবে, পিতৃসুলভ আচরণে, স্বর্গীয়ভাবে ইত্যাদি)

They invited us in a friendly way.

He accepted me in a fatherly manner.

অজানা কথা:

i. Adverb-এর বাংলা অর্থ হয় "ভাবে" বা "সাথে"।

For example:

Nicely- (সুন্দরভাবে), Timely- (সময়মত), Attentively-(মনোযোগের সাথে)

ii. কিছু শব্দ আছে যাদের সাথে "ly" থাকলেও সেগুলো adverb নয় সেগুলো adjective।

For example:

Costly- ব্যয়বহুল, Daily(adj/adv)-দৈনিক, Holy- পবিত্র, Kindly- সদয়, Jolly- প্রফুল্ল, Oily-তৈলাক্ত, Ugly- কুৎসিত, Weekly- সাপ্তাহিক, Yearly- বার্ষিক *etc.*

Who *Vs* Whom
Whoever *Vs* Whomever

উল্লেখিত ২টি শব্দকে আমরা relative pronoun হিসেবে জানি। আমাদের এই জানা মোটেই ভুল নয়, তবে sentence-এ ব্যবহারের বেলায় আমরা অনেকেই ভুল করে থাকি। **"Who এবং *Whom*"-এর মধ্যে তুলনামূলক পার্থক্য :**

Who	Whom
i. Who = Subjective form ii. Whoever = "যেই হোক" এমন অনির্দিষ্ট ব্যক্তিকে বোঝাতে বসে।	i. Whom = Objective form ii. Whomever = "যাকেই হোক" এমন অনির্দিষ্ট ব্যক্তিকে বোঝাতে বসে।
Structure: i. ---noun/pronoun/NP + who + verb --- ii. ----- preposition + whoever + verb ---	**Structure:** i. ----- noun/pronoun/ NP + whom + subject ----- ii. --preposition + whomever + subject --

Table অনুসারে "Who"-এর examples:

I know the lad who is innocent. (Noun "the lad" + who + verb দ্বারা বাকি অংশ)
(আমি বালকটিকে চিনি যে নির্দোষ।)

We helped the man who wanted to get it. (Noun "the man" + who + verb দ্বারা বাকি অংশ)
(আমরা মানুষটিকে সাহায্য করেছিলাম যে সাহায্য চেয়েছিল।)

Give the meal to whoever is hungry. (Preposition "to" + whoever + verb দ্বারা বাকি অংশ)
(যে ক্ষুধার্ত তাকে খাবার দিন।)

Rita who I know is a good dancer.

এই বাক্যটি এভাবেও লিখা যায়:

I know Rita who is a good dancer. (রিতা ,যাকে আমি চিনি, একজন ভালো নৃত্যশিল্পী।)

অজানা কথা:

i. Who বাক্যের মাঝে বসলে who কে relative pronoun বলে।
ii. Who বাক্যের শুরুতে বসলে এবং শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসলে, Who কে interrogative pronoun বলে।
iii. "Who" দিয়ে গঠিত clause-কে adjective clause/relative clause বলে।

For example:
I know the lad who is innocent.=adjective clause

Table অনুসারে "Whom"-এর examples:

I know the lad whom all like. (whom + subject "all" দিয়ে বাকি অংশ)
(আমি বালকটিকে চিনি যাকে সকলেই পছন্দ করে।)

I will help the man whom our leader wanted to help. (whom + subject "our leader" দিয়ে বাকি অংশ)
(আমি মানুষটিকে সাহায্য করব যাকে আমাদের নেতা সাহায্য করতে চেয়েছিলেন।)

Give the meal to whomever you wanted to give. (preposition "to" + whomever + subject দিয়ে বাকি অংশ) (খাবারটি তুমি যাকেই দিতে চেয়েছিলে তাকে দিয়ে দাও।)

Whom should I say something? (কাকে আমার কিছু বলা উচিত?)

অজানা কথা:

i. Whom যেহেতু object form, এইজন্য preposition এর পরে whom বসতে পারে। Passive voice-এ তা লক্ষ্য করা যায়।

For example:
By whom, To whom, With whom *etc.*

ii. বাংলায় যদি "যাকেই হোক" এমন কোনো কথা বলা হয় সেক্ষেত্রে whomever বসাতে হয়।
iii. Whoever এবং whomever শব্দ দুটি লিখার ক্ষেত্রে space ব্যবহার করে ever লিখা যায় না।

Better *Vs* More good

Good-এর তিনটি form প্রায় সবারই জানা। যেমন:

Good – better – best

কিন্তু, যদি কখনো বলি-

Good – more good – best

তুমি কি মেনে নেবে?

আমরা সবাই জানি সমজাতীয় ব্যক্তির সাথে ব্যক্তি, বস্তুর সাথে বস্তু অথবা একজন ব্যক্তির গুণাবলিকে আরেকজন ব্যক্তির গুণাবলির সাথে তুলনা করা হয়।

For example:

Rana is better than Ratul. (ব্যক্তির সাথে ব্যক্তির তুলনা)
(রানা, রাতুলের থেকে/চেয়ে ভালো।)

My pen is better than your pen. (বস্তুর সাথে বস্তুর তুলনা)
(আমার কলম তোমার কলমের চেয়ে ভালো।)

Your proposal is better than my proposal. (বিষয়ের সাথে আরেকটি বিষয়ের তুলনা)
(তোমার প্রস্তাব আমার প্রস্তাবের থেকে ভালো।)

কিন্তু,

যদি বলি "রানা খারাপের তুলনায় বেশি ভালো", তাহলে তার English কি হবে?

Rana is more good than bad. (একজন ব্যক্তির দুইটি গুণাবলি)
(রানা যতটা খারাপ, তার চেয়ে বেশি ভালো।)

I am more brave than nervous. (ব্যক্তি একজন কিন্তু তার দুইটি গুণাবলি)
(আমি যতটা ভীতু, তার চেয়ে বেশি সাহসী।)

This mobile is more slim than outlooking. (একটি মোবাইলের দুইটি গুণাবলি)
(মোবাইলটিকে দেখে যা মনে হয় তার চেয়ে বেশি চিকন।)

লক্ষণীয়, একটি বিষয়/বস্তু/ব্যক্তির দুইটি গুণের তুলনামূলক পার্থক্যের বোঝানোর ক্ষেত্রে "more + adjective + than" বসেছে।

অজানা কথা:

i. Adjective-এর পূর্বে more বসলে তা adverb হয়।
   For example: She is more intelligent than her sister.=adverb
ii. Adverb-এর পূর্বে more বসলে তা adverb হয়।
   For example: She dances more carefully.=adverb
iii. Object পরবর্তী more-কে adverb বলা হয়।
   For example: I like you more than your friend.=adverb
iv. Noun-এর পূর্বে more বসলে তা determiner হয়।
   For example:
   He spent more money in this purpose.=determiner
   More friends will be included in our party.=determiner
v. "No more" একটি adjective যা "dead" এর সমার্থক শব্দ।
   For example: He is no more.=dead (adjective)
vi. Better নিয়ে কিছু grammatical রহস্য:
   i. Determiner + better (adjective) + Noun
   ii. Better (adverb) + adjective
   iii. Try to + better (verb)
   For example:
   He needs a better job.= adjective
   He is better satisfied.= adverb
   He is trying to better his lot.= verb

The country *Vs* A country

Country মানে দেশ, এটা সবার জানা। তবে, country এর আগে article "the" এবং "a" বসে country-এর আসল অর্থকে ভিন্ন অর্থ করে দেয়।

For example:

The country = a village বা গ্রামকে বোঝায়।

অন্যদিকে,

A country = যেকোন অনির্দিষ্ট দেশকে বোঝায়। যেমন: America, Malaysia *etc.*

For example:

The country is very fine where I went to see natural beauty.
(গ্রামটি সুন্দর যেখানে আমি প্রাকৃতিক দৃশ্য দেখতে গিয়েছিলাম।)

A country is very fine where I went to visit all small states.
(দেশটি অনেক সুন্দর যেখানে আমি সকল ছোট প্রদেশ পরিদর্শনে গিয়েছিলাম।)

লক্ষণীয়, উপরের দুইটি বাক্যের প্রথমটি দ্বারা একটি গ্রামকে বোঝানো হয়েছে। কেননা, "The + country" মানেই কোনো একটি গ্রাম (village)।

দ্বিতীয় বাক্য দ্বারা কোনো একটি দেশকে বোঝানো হয়েছে। কেননা, "A + country" মানেই কোনো একটি অনির্দিষ্ট দেশ (country)।

ব্যতিক্রম:

দেশের নামের পরে the country থাকলে, "the country" দ্বারা দেশকে বোঝায়।

যেমন:

I went to visit India, the country seemed interesting to me.
(আমি ভারতে বেড়াতে গিয়েছিলাম দেশটি আমার কাছে চমৎকার মনে হয়েছিল।)

It's *Vs* Its

উল্লেখিত শব্দ দুইটির উচ্চারণ (pronunciation) এক রকম হলেও "s" সংযোজনে grammatically ব্যাপক ভিন্নতা পরিলক্ষিত হয়।

☑ **It's** যাকে ভাঙলে পাওয়া যাবে "It is" অথবা, "It has"।

Shortcut:

It is + extension
It has + v3 + extension

অর্থাৎ, sentence-এ verb-এর past participle (v3) থাকলে "It's" মূলত It has এবং sentence-এ verb এর কোন past participle (v3) না থাকলে, "It's" মূলত It is হয়।

For example:

It's your turn. (v3 না থাকায় এটা মূলত "It is") (এবার তোমার পালা।)
It's been done. (v3 "done" থাকায় এটা মূলত "It has") (এটা সম্পন্ন হয়েছে।)
It's you who did it. (v3 না থাকায় এটা মূলত "It is") (এটা হচ্ছো তুমি, যে এটা করেছিলে।)
It's been raining. (v3 "been" থাকায় এটা মূলত "It has") (বৃষ্টি হচ্ছে।)

অজানা কথা:

Is/Has-এর contracted form ('s)।

☑ **Its** মূলত "It" এর possessive form।

"Its" means "ownership" অর্থাৎ, "Its" দ্বারা"It"-এর অধিকারে থাকা কোন বিষয়বস্তুকে বোঝানো হয়।

অর্থাৎ,

Subject	Object	Possessive
Dog/Book = It	It	Its

কোনো জড় বিষয়/বস্তু/ইতর প্রাণী-এর possessive হিসেবে "Its" ব্যবহার করা হয়। যার বাংলা অর্থ "ইহার"।

Shortcut:

Its + noun/noun phrase

For example:

The moon has lost its beauty. (Its + noun "beauty" বসেছে) (চাঁদ তার সৌন্দর্য হারিয়েছে।)
Every country has its own constitution. (Its + noun phrase "own constitution" বসেছে)
(প্রত্যেকটি দেশের নিজের সংবিধান আছে।)
The pen is unique for its appearance. (Its + noun "appearance" বসেছে)
(কলমটি দেখার দিক থেকে অনুপম।)

অজানা কথা:

i. "Its"-কে neuter possessor বলা হয়।

For example:

This is his pen. = Masculine possessor

This her pen. = Feminine possessor

This is its paw (থাবা). = neuter possessor

ii."Its+noun"-কে একসাথে noun phrase বলে।

There *Vs* It

There:

It is used to denote that something exists. (কোন কিছু বিদ্যমান বোঝাতে "There" ব্যবহৃত হয়।)

For example:

There are two books on the table.

(টেবিলের উপরে দুইটি বই আছে /টেবিলের উপরে দুইটি বই বিদ্যমান আছে।)

একটি বাক্যে "There" বসলে তার গঠন হয় নিম্নরূপ:

Structure:

i. There + verb (singular) + subject (singular)---- .

ii. There + verb (plural) + subject (plural)---- .

For example:

There is a conflict between the two brothers.(singular verb "is")

(দুই ভাইয়ের মধ্যে একটি দ্বন্দ্ব আছে।)

There has been an accident.(singular verb "has") (একটি দুর্ঘটনা ঘটেছে।)

There are lots of birds on the roof of the house. (plural verb "are")

(ঘরের ছাদের উপরে অনেকগুলো পাখি আছে।)

There are two people waiting outside. (বাহিরে দুজন মানুষ অপেক্ষা করছে।)

উল্লেখ্য, উপরের প্রতিটি বাক্যের বাংলার মাঝে বিদ্যমান কথাটি রয়েছে। যেমন:

(দুই ভাইয়ের মধ্যে একটি দ্বন্দ্ব বিদ্যমান আছে।, ঘরের ছাদের উপরে অনেকগুলো পাখি বিদ্যমান।)

অজানা কথা:

i. বাক্যের শুরুতে "There" বসলেও "There"-কে subject বলা হয় না বরং এটিকে Introductory "There" বা সূচনাসূচক "There" বলা হয়। এই ধরনের বাক্যের শুরুতে থাকা "There" মূলত pronoun।

ii. বাক্যের শুরুতে "There" ব্যবহারে বাক্যের গঠনকে "Inversion of verbs"-এর গঠন বলা হয়, যেখানে subject-এর পূর্বে verb থাকে।

iii. নির্দিষ্ট কোন স্থান অর্থে "There"-কে adverb of place বলা হয়।

For example:

We reached there on time.=adverb/adverb of place (আমরা সেখানে সময়মতো পৌছেছিলাম।)

There I saw a tiger. =adverb/adverb of place (সেখানে আমি একটি বাঘ দেখেছিলাম।)

iv. "There"দিয়ে দুইটি গুরুত্বপূর্ণ collocation:

Hello + there/ Hi + there, এগুলো Phone in conversion-এ বেশি ব্যবহৃত হয়।

It:

To indicate something indefinite (অনির্দিষ্ট করে কোনো কিছুকে ইঙ্গিত করতে "It" বসে।)

For example:

It is getting a bit late now. (এখন একটু দেরি হয়ে যাচ্ছে।)

লক্ষণীয়, এই বাক্যে "It"-এর নিজস্ব কোন অর্থ নেই। এখানে "It" দ্বারা মূলত অনির্দিষ্ট করে "দেরি হওয়া" বিষয়কে ইঙ্গিত করা হচ্ছে।

একটি বাক্যে "It" বসলে তার গঠন হয় নিম্নরূপ:

Structure:

It + verb (singular) + ext. (অর্থাৎ "It"-এর পর verb সর্বদায় singular হয়।)

It + be verb + adjective + that clause/infinitive phrase

For example:

It is raining cats and dogs. (মুষলধারে বৃষ্টি হচ্ছে।)

It is good that she has completed her homework. (এটা ভালো যে সে তার বাড়ির কাজ সম্পন্ন করেছে।)

It was amazing to talk with the man. (লোকটির সাথে কথা বলা ছিল চমকপ্রদ।)

অজানা কথা:

i. বাক্যের শুরুতে Subject হিসেবে "It" বসলে, তাকে dummy subject/empty subject বলে, কেননা বাক্যে এই subject "It"-এর নিজস্ব কোন অর্থ নেই।

ii. নির্দিষ্ট কিছু verb (appear, seem, look, occur *etc.*)-এর পূর্বে "It"বসে।

For example:

It seems (that) he will complete the task himself.

(মনে হচ্ছে তিনি নিজেই কাজটি সম্পন্ন করবেন।)

It appears unlikely that interest rates will fall further.(সুদের হার আর কমবে বলে মনে হয় না।)

It occurred to me that he might talk to me.

(এটা আমার কাছে মনে হয়েছিল সে আমার সাথে কথা বলবে।)

iii. Main clause/Cleft sentence- এর subject বা object-কে জোর (emphasis) দিতে "It" বসে।

For example:

It is he who is the main person. (তিনিই প্রধান ব্যক্তি।)

It was the person who told the real story. (তিনিই সেই ব্যক্তি যে আসল ঘটনা বলেছিল।)

= It was the person told the real story.= cleft sentence

উল্লেখ্য, cleft sentence হল এমন এক ধরনের বাক্য, যা মূলত complex sentence কিন্তু তাতে complex -এর বৈশিষ্ট্য থাকেনা। সম্পূর্ণ বাক্যটির অর্থ হয় একটি বা এক বিষয় কেন্দ্রিক (single message)।

Other *vs* Others *vs* The other *vs* Another

☑ **Other** =অতিরিক্ত, অন্যগুলো, বিকল্প, ভিন্ন ধরনের (different type of)

Structure:

i. Other + noun (uncountable)

ii. Determiner + other + noun (countable)

"Other" uncountable noun এবং countable noun উভয়ের পূর্বে বসতে পারে।

For example:

They lacked a lot of information. They should know other information. *[other = অতিরিক্ত]*
(তাদের অনেক তথ্যের অভাব ছিল। তাদের অন্যান্য/অতিরিক্ত তথ্য জানা উচিত।)

Some advice was very helpful. Other advice was conflicting. [other = অন্য]
(কিছু পরামর্শ খুব সহায়ক ছিল। অন্যান্য পরামর্শ বিরোধিতামূলক ছিল।)

Some news carries a beautiful message, other news disturbs the people. *[other= ভিন্ন ধরনের]*
(কিছু খবর সুন্দর বার্তা বহন করে, অন্য (ভিন্ন) খবর মানুষকে বিরক্ত করে।)

I have this kind of book. I need the other books. *[other + noun (plural)]*
(আমার এই ধরনের বই আছে। আমার অন্যান্য/ ভিন্ন ধরনের বই দরকার।)

I have two friends here. My other friend is coming today.
(এখানে আমার দুই বন্ধু আছে। আমার অন্য বন্ধু আজ আসছে।)

Our math teacher comes to class on time. No other teacher comes to class on time.
(আমাদের গণিত শিক্ষক সময়মতো ক্লাসে আসেন। অন্য কোনো শিক্ষক সময়মতো ক্লাসে আসেন না।)

অজানা কথা:

Other-এর পর noun থাকলে, উক্ত "other"-কে "determiner" বলা হয়। উপরের উদাহরণগুলো লক্ষণীয়।

Others

☑ **Other/others** "pronoun" হিসেবে বসে, যদি তার পরে কোন noun না থাকে।

For example:

I have to discuss the topic more than any other.
[এখানে noun phrase "the topic"-কে নির্দেশ করতে "other" শব্দটি pronoun হিসেবে বসেছে।]

I know one of the ten members. I am trying to recognize others.
[এখানে অন্যান্যদেরকে বোঝানোর ক্ষেত্রে "other" এর plural pronoun form "others" বসেছে।]

অজানা কথা:

"Other" হচ্ছে singular pronoun এবং "Others" হচ্ছে plural pronoun।

The other

☑ **The other** এর পর "singular" এবং "plural" উভয় noun হতে পারে।

Structure:

i. The other+ noun (singular), যা দ্বারা দুইজন ব্যক্তি বা দুটি বস্তুর দ্বিতীয়টিকে বুঝায়।

ii. The other+ noun (plural), যা দ্বারা অবশিষ্ট (remaining) ব্যক্তি বা বস্তুকে বোঝায়।

For example:

This mobile is brought from abroad. The other mobile is bought from here.
(এই মোবাইলটি বিদেশ থেকে আনা। অন্য/দ্বিতীয় মোবাইলটি এখান থেকে ক্রয় করা।)

Our car is on the other side of the big car. [The other=the opposite]
(আমাদের গাড়িটি বড় গাড়িটির ঠিক বিপরীত পাশে।)

Pen and notebook are here but where are the other things?
(কলম এবং নোটবুক এখানে আছে কিন্তু অবশিষ্ট জিনিসপত্রগুলো কোথায়?)

There are 10 VIP guests at our program. When will the other two VIP guests attend?
(আমাদের অনুষ্ঠানে ১০ জন VIP অতিথি রয়েছেন। অবশিষ্ট দুইজন VIP অতিথি কখন উপস্থিত হবেন?)

অজানা কথা:

i. Noun-এর পূর্বে "the other" বসলে, তা determiner হিসেবে বসে।

ii. "The other"-এর পর কোনো noun না থাকলে এবং "the other" দ্বারা পূর্বের কোন noun/noun phrase নির্দেশ করলে "the other" pronoun হয়।

For example:

I have two watches. One is of golden colour and the other is of silver colour.
(আমার দুইটি ঘড়ি আছে। একটি সোনালী রংয়ের এবং আরেকটি রূপালী রংয়ের।)

He had his sunglass in one hand and his fashionable stick in the other.
(তার এক হাতে সানগ্লাস এবং অন্য হাতে তার সুরুচিসম্মত লাঠি ছিল।)

Another

☑ **Another** শব্দের জন্ম উৎস: (an + other= another)

Another-এর অর্থ: আরেকটি (one more), ভিন্ন, আলাদা, বিকল্প।

Structure: another + noun (singular)

For example:

Would you have another cup of tea? (আপনি কি আরেক কাপ চা খাবেন?)

I had another problem. (আমার আরেকটি সমস্যা ছিল।)

You missed the car. You should choose another way.
(তুমি গাড়িটি ছেড়ে দিয়েছো। তোমার উচিত বিকল্প উপায় নির্বাচন করা।)

অজানা কথা:

i. "another"-এর পর noun বসলে, উক্ত another-টি determiner হয়।

ii. "another"-এর পর noun না থাকলে, উক্ত another-টি pronoun হয়।

For example:

Now he is in our company but after one week he will join another.
(এখন সে আমাদের কোম্পানিতে কিন্তু এক সপ্তাহ পর সে অন্য কোম্পানিতে যোগ দেবে।)

It is changing from one state to another. (এটি এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তিত হচ্ছে।)

মনে রাখা জরুরী:

i. "Other" যখন determiner হবে তখন তার কোন plural হবে না।

ii. "Other" যখন pronoun হয় তখন তার plural "others" হবে।

iii. another সর্বদায় singular হিসেবে ব্যবহৃত হয়। এটার কখনোই plural form "anothers" হয়না।

Pair of Words

(একই জাতীয় শব্দ)

কিছু শব্দ রয়েছে, যাদের বানান ও উচ্চারণ কিছুটা একই রকম, তবে বাংলা অর্থ ভিন্ন। তাই বাক্যে ব্যবহারের সময় নির্দিষ্ট কিছু নিয়ম মেনে, বাংলা বুঝে ব্যবহার করতে হয়, নতুবা ভুল হয়ে যায়।
একটি উদাহরণ দিয়ে বোঝা যাক, Pair of Words ভালোভাবে না জানলে কি ধরনের সমস্যা হতে পারে:
ধরো তুমি বলতে চাচ্ছ-
"সবকিছু ঠিকঠাক" যার ইংরেজি "Everything is alright / all right.
তাহলে এবার ভেবে দেখো-
তুমি কি "alright" নেবে নাকি "all right" নেবে ?
আমার মনে হয়, ইতোমধ্যে তুমি confused (দ্বিধান্বিত) হয়ে গেছো যে কোনটি নেওয়া দরকার?
সঠিক উত্তর: all right
কেননা, "all right" এর অর্থ "ঠিকঠাক"।
অন্যদিকে "alright" হলো informal use যা Spoken English -এ ব্যবহার করা হয়।

অজানা কথা:
"Pair of Words"-এর অপর নাম- "Homonyms-হোমোনিমস", যার বাংলা অর্থ-সমোচ্চারিত শব্দসমূহ।
যে ধরনের শব্দগুলো (Pair of Words) সাধারণত আমাদের জন্য সমস্যা সৃষ্টি করে, সেইগুলোকে "Problem" শিরোনামে দেওয়া হল:

↳ Problem-01:

All right (adjective + noun) = ঠিকঠাক, ঠিক আছে
Alright = informal; এটি Spoken English-এ ব্যবহার করা হয়।
For example:
Everything you have said is all right.
Everything you have said is alright. (তুমি যা বলেছ সব কিছুই ঠিক।)
লক্ষণীয়, দুইটি বাক্যের বাংলা অর্থ একই তবে দ্বিতীয় বাক্যটির ব্যবহার informal। এই ধরনের ব্যবহার Spoken English-এ বেশি দেখা যায়।

↳ Problem-02:

Access (noun) = প্রবেশাধিকার
Excess (adjective) = অতিরিক্ত, বাড়তি
For example:
The access of young children is reserved. (ছোট শিশুদের প্রবেশাধিকার সংরক্ষিত।)
Earning excess money brings unrest in life. (অতিরিক্ত টাকা উপার্জন জীবনে অশান্তি নিয়ে আসে।)

↳ Problem-03:

Allusion (noun) = ইশারা / ধারণা
Illusion (noun) = মোহ / বিভ্রম

For example:
Old poetic allusions are still much more popular.
(পুরনো কাব্যিক ধারণাগুলো এখনো অনেক বেশি জনপ্রিয়।)
You are living in an unknown illusion. (তুমি এক অজানা মোহের মধ্যে বসবাস করছ।)

↳ Problem-04:

Affect (verb) = প্রভাবিত করা
Effect (noun/verb) = প্রভাব/ প্রভাবিত করা
For example:
Illegally earned money affects the next generation.(অবৈধ উপায়ে অর্জিত টাকা পরবর্তী প্রজন্মকে প্রভাবিত করে।)
Modernity has some bad effects. (আধুনিকতার কিছু খারাপ প্রভাব আছে।)
These drugs can sometimes effect miraculous cures.
(এই ওষুধগুলি কখনও কখনও অলৌকিক নিরাময় দিয়ে থাকে।)

↳ Problem-05:

Accept (verb) = গ্রহণ করা
Except (preposition) = বাদে, ব্যতীত
For example:
If you want to pay money, I will accept. (যদি তুমি টাকা দিতে চাও আমি গ্রহণ করবো।)
I will listen to all your words except not coming. (তোমার না আসার কথা ব্যতীত সকল কথা শুনবো।)

↳ Problem-06:

Alive (adjective) = জীবিত
Live (adverb) = সরাসরি (সম্প্রচার)
Lively (adjective) = হাসিখুশি
For example:
The warrior finally returned alive. (যোদ্ধাটি অবশেষে জীবিত ফিরে এসেছিল।)
The cricket match between Bangladesh and India will be telecast live.
(বাংলাদেশ এবং ভারতের মধ্যকার ক্রিকেট খেলাটি সম্প্রচারিত হবে।)
I wish/want all members a lively presence. (আমি সকল সদস্যদের হাসিখুশি উপস্থিতি চাই।)

↳ Problem-07:

Cite (verb) = উল্লেখ করা, বিবৃতি দেওয়া
Site (noun) = স্থান, অবস্থান
Sight (noun) = দৃশ্য
For example:
Nelson Mandela cited that he would never again appear in public.
(নেলসন ম্যান্ডেলা আর কোনদিন জনসমক্ষে আসবেন না বলে বিবৃতি দিয়েছিলেন।)

We can sit in a nice site and discuss the matter.
(আমরা সুন্দর একটি স্থানে বসে বিষয়টি নিয়ে আলোচনা করতে পারি।)
When I get free time, I go out to see the natural sight.
(যখন আমি অবসর সময় পাই তখন আমি প্রাকৃতিক দৃশ্য দেখতে বের হই।)

Problem-08:

Drown (verb) = ডুবে মারা যাওয়া (ব্যক্তি/প্রাণী)
Sink (verb) = ডুবে যাওয়া (বস্তু)
For example:
The little boy drowned in a pond near the house.(ছোট শিশুটি বাড়ির কাছের পুকুরে ডুবে মারা গেছে।)
The ship with many passengers sank. (অনেক যাত্রী নিয়ে জাহাজটি পানিতে ডুবে গিয়েছিল।)

Problem-09:

Economic (adjective) = অর্থনৈতিক
Economical (adjective) = মিতব্যয়ী
For example:
Your economic activities are not suitable at all. (তোমার অর্থনৈতিক কর্মকাণ্ড মোটেই মানানসই নয়।)
He is an economical man but not stingy. (সে একজন মিতব্যয়ী ব্যক্তি কিন্তু কৃপণ নয়।)

Problem-10:

Illicit (adjective) = অবৈধ
Illegitimate (adjective) = জারজ, নিষিদ্ধ
Elicit (verb) = বের করে আনা
For example:
Illicit relationship is a curse to the society. (অবৈধ সম্পর্ক সমাজের কাছে অভিশাপ।)
All of the society know him as an illegitimate child.
(সমাজের সবাই তাকে জারজ সন্তান হিসেবে জানে।)
He knows how to elicit the truth in the midst of lies.
(সে জানে মিথ্যার মধ্য থেকে সত্যকে কিভাবে বের করে আনতে হয়।)

Problem-11:

Quiet (adjective) = শান্ত
Quit (verb) = পরিত্যাগ করা
Quite (adverb) = বেশ
For example:
She looks very quiet but in reality it is not. (সে দেখতে অনেক শান্ত কিন্তু বাস্তবে তা নয়।)
Finally he completely quitted the dissent. (অবশেষে সে ভিন্নমতকে সম্পূর্ণরূপে পরিত্যাগ করল।)
He is a quite optimistic man. (সে বেশ আশাবাদী একজন মানুষ।)

Problem-12:

Eligible (adjective) = যোগ্য
Illegible (adjective) = অস্পষ্ট
For example:
Everyone thought (that) he was the eligible person for the post.
(সবাই ভেবেছিল ওই পদের জন্য সে যোগ্য ব্যক্তি ছিল।)
Good marks are not obtained in the exam with illegible handwriting.
(অস্পষ্ট হাতের লেখার মাধ্যমে পরীক্ষায় ভালো মার্কস পাওয়া যায় না।)

Problem-13:

Loose (adjective/verb) = ঢিলেঢালা/ঢিলেঢালা করা
Lose (verb) = হারানো
Loss (noun) = ক্ষতি
For example:
Loose clothing is one of the means of peace. (ঢিলেঢালা পোশাক প্রশান্তির অন্যতম মাধ্যম।)
The old man has lost all in his last age. (বৃদ্ধ মানুষটি শেষ বয়সে তার সব হারিয়েছে।)
Losing value/honour is the greatest loss of/for a person.
(মান সম্মান হারানোটা একজন ব্যক্তির জন্য সবচেয়ে বড় ক্ষতি।)

Problem-14:

09. Incorrect : My brother is in temper.
Correct : My brother is in a temper. (আমার ভাই রাগান্বিত।)
Note: in a +temper/rogue/hurry

10. Incorrect : I have bought dozen eggs.
Correct : I have bought a dozen eggs. (আমি বারোটি ডিম কিনেছি।)
Note: a + dozen/ pair/ little

11. Incorrect : Our vacation is about to come to close.
Correct : Our vacation is about to come to a close. (আমাদের ছুটি প্রায় শেষ হয়ে আসল।)
Note: "come to + a close/an end- শেষ হয়ে আসা" এগুলো phrase।

12. Incorrect : This is slip of tongue.
Correct : This is a slip of the tongue. (এটা মুখের কথা জনিত ভুল।)

13. Incorrect : This is slip of pen.
Correct : This is a slip of the pen. (এটা কলমের লিখা জনিত ভুল।)
Note: "a sleep of the tongue, a sleep of the pen" এগুলো phrase।

14. Incorrect : He gave false witness (সাক্ষী).
Correct : He gave false evidence. (সে মিথ্যা সাক্ষ্য/প্রমান দিয়েছিল।)
Note: Witness (সাক্ষী), যা একজন ব্যক্তিকে বোঝায়।
Evidence (প্রমান), এটি মূলত ব্যক্তির দেওয়া "প্রমাণ"।

15. Incorrect : Quote the poem from heart.
Correct : Quote the poem from memory. (কবিতাটি মুখস্থ করো।)
Note: মুখস্থ করার কয়েকটি phrase:
"Commit to + memory, Quote from + memory, Learn by + heart"

16. Incorrect : The weather of this place does not suit me.
Correct : The climate of this place does not suit me.
(এই স্থানের জলবায়ু আমার সঙ্গে মানায় না।)
Note: নির্দিষ্ট স্থানের আবহাওয়া বোঝাতে "climate" বসে, কিন্তু সামগ্রিক আবহাওয়া বোঝাতে "weather" বসে।
Weather is the condition of atmosphere at a particular place over a short period of time.
Climate refers to the weather pattern of a place over a long enough period. [*Wikipedia*]
অজানা কথা:
i. **Weather-এর পূর্বে যে adjective গুলো বসে:**
Hot/cold/warm/dry + weather
Severe/extreme + weather
Good/bad/poor/fine + weather
ii. **Weather-এর পরে যে noun গুলো বসে:**
A weather+ map/chart/report

17. Incorrect : Please credit this sum to my name.
Correct : Please credit this sum to my account. (এই টাকাগুলো এই নাম্বারে জমা দাও।)
Note: ব্যাংকে টাকা জমা/উঠাতে নাম লাগেনা, বরং "account number" লাগে।

18. Incorrect : I shall go by the 5:30 o'clock train.
Correct : I shall go by the 5:30 train. (আমি ৫:৩০ এর ট্রেনে যাবো।)
Note: পূর্ণ সংখ্যার ক্ষেত্রে o'clock বসে।
যেমন: 5:00 o'clock কিন্তু, 5:30 o'clock বলা যাবে না।

19. Incorrect : He is not as tall as me.
Correct : He is not as tall as I. (সে ততটা লম্বা নয় যতটা আমি।)
Note: as/than এর পর subjective form বসে। কিন্তু than/as কে preposition ভাবলে, পরবর্তীতে object form বসে। তবে subject form বসানো অধিক গ্রহণযোগ্য।

20. Incorrect : Your pen is not better than my.
Correct : Your pen is not better than mine. (তোমার কলম আমার কলমের চেয়ে ভালো।)
Note: Comparative এ তুলনার ক্ষেত্রে সমজাতীয় ব্যক্তি, বিষয় বা বস্তুর মধ্যে তুলনা হতে হবে এবং প্রথম subject-এ possessive ব্যবহার করলে পরবর্তীতে possessive ব্যবহার করতে হবে।

উপরের বাক্যতে your pen = my pen অথবা your pen = mine, যা *double possessive*। মনে রেখো, mine এর ভেতরে লুকানো আছে "my +noun (pen)"।

21. Incorrect : One should respect his superiors.
Correct : One should respect one's superiors.
(একজনকে তার বড়দের/শ্রেষ্ঠদের সম্মান করা উচিৎ।)
Note: Indefinite pronoun "One" এর possessive "one's"।

22. Incorrect : The boys made him the captain.
Correct : The boys made him captain. (বালকগুলো তাকে অধিনায়ক বানিয়েছিল।)
Note: Factitive verb "elect, select, make, appoint, call *etc.*" এর পর common noun-এর পূর্বে article বসে না।

23. Incorrect : He is in wrong.
Correct : He is in the wrong. (সে ভুলের মধ্যে আছে।)
Note: The phrase **"In the wrong"** refers someone who is involved in an argument /dispute has behaved in a way which is morally or legally wrong.

24. Incorrect : He is junior than you by two years.
Correct : He is junior to you by two years. (সে তোমার থেকে দুই বছরের ছোট।)

25. Incorrect : He is superior than me in position.
Correct : He is superior to me in position. (সে অবস্থানের দিক দিয়ে আমার থেকে বড়।)
Note: Latin comparative: "senior, junior, posterior, ulterior, superior *etc.*"-এর পর সর্বদাই "to" বসে।

26. Incorrect : Rice is more preferable than bread.
Correct : Rice is preferable to bread. (রুটি অপেক্ষা ভাত অধিকতর পছন্দনীয়।)
Note: "preferable" শব্দটি নিজেই comparative-এর মত অর্থ দেয়। সেইজন্য, more যুক্ত করে preferable কে comparative করা যাবে না। preferable-এর পরে "than" না বসে সর্বদাই "to" বসে।

27. Incorrect : He was hung for murder.
Correct : He was hanged for murder. (খুনের দায়ে তার ফাঁসি হয়েছিল।)
Note: hung (v3)= কোন কিছু উঁচুতে ঝুলানো, hanged (v3)= ফাঁসিতে ঝুলানো।

28. Incorrect : The boat was drowned in the river.
Correct : The boat sank in the river. (নৌকাটি নদীতে ডুবে গিয়েছিল।)
Note: drowned (v2)= মানুষ ডুবে গেলে, sank (v2)= কানো বস্তু পানিতে ডুবে গেলে।

29. Incorrect : He denied to help me.
Correct : He refused to help me. (সে আমাকে সাহায্য করতে প্রত্যাখান করেছিল।)
Note: deny অর্থ অস্বীকার করা, অন্যদিকে refuse অর্থ প্রত্যাখান করা।

Deny: to say that something is not true. [*oxford*]
Refuse: to say or show that you will not do something that somebody has asked you to do.

30. Incorrect : He has taken admission in this school.
Correct : He has got himself admitted in this school. (সে এই স্কুলে ভর্তি হয়েছে।)
Note: ভর্তি হওয়া অর্থে, নিচের structure অনুসরণ করতে হবে:
Structure: --- get/got + reflexive (myself, himself, herself *etc.*) + admitted ---.

31. Incorrect : You may inform to your father.
Correct : You may inform your father. (তুমি তোমার বাবাকে অবগত/জানাতে পারো।)

32. Incorrect : I will inform this accident to him.
Correct : I will inform him of this accident. (আমি তাকে দুর্ঘটনাটি সম্পর্কে জানাবো।)
Note: "Inform + of" হয়, তবে বাক্যে যদি একটি object থাকে সেক্ষেত্রে inform এর পর কোনো preposition বসে না। কিন্তু, object যদি হয় দুইটি সেক্ষেত্রে
Shortcut: --- Inform + ব্যক্তিবাচক object + of + বিষয়/বস্তুবাচক object

33. Incorrect : I hope I am out of pocket.
Correct : I am afraid I am out of pocket. (আমি ভীত আমার টাকা নেই।)
Note: ভীতিময় কোন কিছু/খারাপ সম্ভাবনা অর্থে "I am afraid" বসে। ভালো কিছু সম্ভাবনাময় এমন অর্থে "I hope" বসে।

34. Incorrect : S.T Coleridge would take opium.
Correct : S.T Coleridge used to take opium. (কোলরিজ আফিমে আসক্ত ছিলেন।)
Note: অতীত অভ্যাস বোঝাতে "used to + v1" হয়।
অজানা কথা:
S.T Coleridge একজন বিখ্যাত writer ছিলেন, যার অতীত অভ্যাস ছিল "opium" নামক নেশা দ্রব্য সেবন করা।

35. Incorrect : We are used to swim.
Correct : We are accustomed to swimming. (আমরা সাঁতারে অভ্যস্থ।)
Note: Accustomed to= প্রথাগত কাজে অভ্যস্ত বোঝাতে বসে।

36. Incorrect : The doctor saw her pulse.
Correct : The doctor felt her pulse. (ডাক্তারটি তার স্পন্দন অনুভব করেছিলেন।)
Note: কোনো রোগীর নাড়ি দেখা বোঝাতে "feel/felt" হয়।

37. Incorrect : Long have I laid on bed.
Correct : Long have I lain on bed. (অনেকক্ষণ ধরে আমি বিছানায় শুয়েছিলাম।)
Note: শুয়ে থাকা অর্থে: Lie-lay-lain

38. **Incorrect :** I am some what well today.
Correct : I am pretty well today. (আজকে আমি বেশ ভালো আছি।)

39. **Incorrect :** I am somewhat sure.
Correct : I am pretty sure. (আমি দারুনভাবে নিশ্চিত।)
Note: "pretty +well/sure-বেশ/দারুন; pretty sure-সম্পূর্ণ রূপে নিশ্চিত"

40. **Incorrect :** I feel some better today.
Correct : I feel somewhat better today. (আজকে আমি কিছুটা ভালো বোধ করছি।)
Note: Somewhat= কিছুটা

41. **Incorrect :** It is much cold today.
Correct : It is very cold today./ It is much colder today.
(আজকে খুব ঠান্ডা/ আজকে অধিকতর ঠান্ডা।)
Note: very+adjective-এর positive form এবং much + adjective-এর comparative form।

42. **Incorrect :** His father left back a vast property.
Correct : His father left behind a vast property. (তার বাবা বিপুল সম্পদ রেখে গেছেন।)
Note: উত্তরাধিকার সূত্রে সম্পদ রেখে যাওয়া অর্থে "leave behind" বসে।

43. **Incorrect :** The accused was acquitted for the charge.
Correct : The accused was acquitted of the charge.
(অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ থেকে খালাস দেওয়া হয়েছিল।)

44. **Incorrect :** This man is charged of murder.
Correct : This man is charged with murder. (এই ব্যক্তির বিরুদ্ধে খুনের অভিযোগ রয়েছে।)

45. **Incorrect :** I know nothing on the contrary.
Correct : I know nothing to the contrary. (আমি এই বিষয়ে ভিন্ন কিছু জানিনা।)

46. **Incorrect :** His argument is similar with yours.
Correct : His argument is similar to yours. (তার যুক্তিতর্ক তোমার যুক্তিতর্কের অনুরূপ।)

47. **Incorrect :** Father is angry upon me.
Correct : Father is angry with me. (বাবা আমার প্রতি রাগান্বিত।)

48. **Incorrect :** Milton was not contemporary of Shakespeare.
Correct : Milton was not contemporary with Shakespeare.
(কবি মিল্টন শেক্সপিয়ারের সমকালীন/সমসাময়িক কবি ছিলেন না।)

Note:
Appropriate preposition: acquitted + of, charged +with, nothing +to, similar + to, angry +with, contemporary +with.

49. **Incorrect :** He persisted me to go there.
Correct : He persisted in my going there. (সে আমাকে যেতে জোর করেছিল।)

50. **Incorrect :** He insisted me to go there.
Correct : He insisted on my going there.
(সে আমাকে সেখানে যাওয়ার জন্য জোর দিয়েছিল।)

51. **Incorrect :** He desisted me to go there.
Correct : He desisted from my going there.
(তিনি আমাকে সেখানে যাওয়া থেকে বারণ করেছিলেন।)
Note: "persist+in; insist+on; desist+from" এর পর possessive + verb + ing (gerund) হয়।

52. **Incorrect :** He prevented me to go there.
Correct : He prevented me from going there. (সে আমাকে সেখানে যেতে বাধা দিয়েছিল।)

53. **Incorrect :** My friend called upon my house.
Correct : My friend called at my house. (আমার বন্ধু আমার বাসায় এসে দেখা করেছিল।)

54. **Incorrect :** I called with him in his office.
Correct : I called on him at his office. (আমি তার অফিসে তার সাথে সাক্ষাৎ করেছিলাম।)

55. **Incorrect :** He called for a doctor.
Correct : He called in a doctor. (সে একজন ডাক্তার ডেকেছিল।)
Group verb: call at-কোনো স্থানে এসে দেখা করা; call on-সাক্ষাৎ করা; call in-কাউকে ডাকা।

56. **Incorrect :** Your answer does not admit correction.
Correct : Your answer does not admit of correction.
(তোমার উত্তরে নির্ভুলতার প্রমাণ মেলে না।)

57. **Incorrect :** Tell to him what I say.
Correct : Tell him what I say. (তাকে বল আমি যা বলছি।)
Note: "Tell" transitive verb হওয়ায় এর পর preposition না বসে সরাসরি object বসে।

58. **Incorrect :** He boasts for his learning.
Correct : He boasts of his learning. (সে তার পান্ডিত্য/বিদ্যা নিয়ে অহংকার করে।)

59. **Incorrect :** He paid visit to his parents.
Correct : He paid a visit to his parents. (সে তার পিতামাতার সাথে দেখা করতে গিয়েছিল।)
Note: "pay a visit"(phrase) = to go somewhere to spend time with someone.

60. **Incorrect :** Hearing the news, he burst in tears.
Correct : Hearing the news, he burst into tears. (সংবাদটি শুনে সে কান্নায় ভেঙ্গে পড়লো।)

61. **Incorrect :** My brother died by smallpox.
Correct : My brother died of smallpox. (আমার ভাই গুটি বসন্তে মারা গেছে।)
Note: die of-রোগে মরা

62. **Incorrect :** It is nine o'clock in my watch.
Correct : It is nine o'clock by my watch. (আমার ঘড়িতে নয়টা বাজে।)

63. **Incorrect :** He was cured from the disease.
Correct : He was cured of the disease. (সে রোগ থেকে সুস্থ হয়েছিল।)

64. **Incorrect :** There is no access for room.
Correct : There is no access to the room. (রুমে প্রবেশাধিকার নেই।)

65. **Incorrect :** He is tired for repetition.
Correct : He is tired of repetition. (সে পুনরাবৃত্তিতে ক্লান্ত।)

66. **Incorrect :** The old house is infested by rats.
Correct : The old house is infested with rats. (পুরনো বাড়িটি ইঁদুরে উপদ্রুত।)

67. **Incorrect :** Fortune smiles at the industrious.
Correct : Fortune smiles on the industrious. (ভাগ্য পরিশ্রমীদের প্রতি সুপ্রসন্ন।)[Proverb]

68. **Incorrect :** He was born from good parents.
Correct : He was born of/to good parents. (সে ভালো পিতামাতার ঘরে জন্মেছে।)
Note: born+of/to= জন্ম উৎস

69. **Incorrect :** The lady gave birth of a child.
Correct : The lady gave birth to a child. (ভদ্রমহিলা একটি সন্তানের জন্ম দিয়েছেন।)

70. **Incorrect :** He was found guilty with murder.
Correct : He was found guilty of murder. (তাকে হত্যার দায়ে দোষী সাব্যস্ত করা হয়েছিল।)

71. **Incorrect :** The meeting was presided by the president.
Correct : The meeting was presided over by the president.
(সভাপতি সভায় সভাপতিত্ব করেছিলেন।)

72. **Incorrect :** Compare this copy with the original.
Correct : Compare this copy to/of the original.
(আসলটির সাথে অনুলিপি/নকলটির তুলনা কর।)

73. **Incorrect :** He is capable for doing hard work.
Correct : He is capable of doing hard work. (সে কঠোর পরিশ্রম করতে সক্ষম।)

74. **Incorrect :** The train is running in time.
Correct : The train is running to time. (ট্রেনটি সময়মত চলছে।)

Note: in time = নির্দিষ্ট শেষ সময়ের একটু আগে
on time = নির্দিষ্ট সময়, আগেও না পরেও না
to time = সময়মত ঘটে চলা গতিশীল অবস্থা

75. **Incorrect :** Copy this word by word.
Correct : Copy this word for word. (প্রতিটি শব্দ হুবহু অনুলিপি করো।)
Note: হুবুহু অনুকরণ অর্থে "word for word" বসে।

76. **Incorrect :** I warned them about their danger.
Correct : I warned them of their danger. (আমি তাদের বিপদ সম্পর্কে সতর্ক করেছিলাম।)

77. **Incorrect :** We write with ink.
Correct : We write in ink. (আমরা কালি দিয়ে লিখি।)

78. **Incorrect :** What is the time in your watch?
Correct : What is the time by your watch? (তোমার ঘড়িতে কয়টা বাজে?)

79. **Incorrect :** Unless you do not work hard, you will fail.
Correct : Unless you work hard, you will fail.
(যদি না তুমি কঠোর পরিশ্রম কর, তুমি ব্যর্থ হবে।)
Note: "Unless"-এর পরের বাক্যটি negative sentence হয়না। কেননা, "Unless" নিজেই negative অর্থ দেয়।

80. **Incorrect :** I wish I was in your shoes.
Correct : I wish I were in your shoes./I wish I got into your shoes.
(আমি যদি তোমার অবস্থানে হতাম।)
Note: "I wish I were in your shoes/ I wish I got into your shoes " এইগুলো idiomatic expression।

81. **Incorrect :** No sooner I arrived, he went away.
Correct : No sooner had I arrived than he went away.
(আমি পৌছাতে না পৌছাতে সে চলে গেল।)
Note: "No sooner had +----- +conjunction (than)" এইভাবে দুইটি বাক্য যুক্ত হয়।

82. **Incorrect :** Do you know the alphabets?
Correct : Do you know the alphabet? (তুমি কি বর্ণমালা সম্বন্ধে জানো?)
Note: Alphabet মানেই "বর্ণমালা"। Alphabet এর সাথে "s" যুক্ত হয় না।

83. **Incorrect :** Try to be a man of your words.
Correct : Try to be a man of your word. (ওয়াদা পালনকারী মানুষ হওয়ার চেষ্টা করো।)

84. **Incorrect :** A man should be true to his words.
Correct : A man should be true to his word.
(একজন মানুষের উচিত তার নিজের কথাই অটল থাকা।)

Note:
A man of his word (phrase) = a man who keeps promises, who can *be trusted.*
True to his word (phrase) = doing what one said one would do.

85. Incorrect : I saw ten sheeps and three deers.
Correct : I saw ten sheep and three deer. (আমি দশটি ভেড়া ও তিনটি হরিণ দেখেছিলাম।)
Note: "sheep-ভেড়া: deer-হরিণ" এই noun গুলোর plural হয় না।

86. Incorrect : His informations are false.
Correct : His information is false. (তার তথ্য ভুল।)
Note: Uncountable noun: "information, advice, scenery, furniture, bread *etc.*" সর্বদাই singular হয়।

87. Incorrect : I like his poetries very much.
Correct : I like his poems (or poetry) very much. (আমি তার কবিতাগুলো খুব পছন্দ করি।)
Note: Poetry এর কোন plural হয় না।

88. Incorrect : His English knowledge is poor.
Correct : His knowledge of English is poor. (তার ইংরেজির জ্ঞান খুব কম।)
Note: Determiner+noun+of+noun = Noun phrase

89. Incorrect : This is the boy who I like.
Correct : This is the boy whom I like. (এই সেই বালক যাকে আমি পছন্দ করি।)
Note: Relative pronoun "who/whom"-এর গঠনটি দেখে নাও:
----- who + verb -----
----- whom + subject -----

90. Incorrect : They who were innocent were released.
Correct : Those who were innocent were released.
(যারা নিরীহ ছিল তারা মুক্তি পেয়েছিল।)
Note: Relative pronoun "who" এর আগে antecedent (they/them) না বসে "those" বসে।

91. Incorrect : Neither Nirob nor his friends paid his dues.
Correct : Neither Nirob nor his friends paid their dues.
(নিরব বা তার বন্ধুরা তাদের বকেয়া পরিশোধ করেনি।)
Note: Or, nor-এর পরের subject অনুযায়ী possessive বসে।

92. Incorrect : My friend and I tried his best.
Correct : My friend and I tried our best.
(আমার বন্ধু এবং আমি আমাদের সর্বোচ্চ চেষ্টা করেছিলাম।)
Note: একের অধিক subject-এর মধ্যে 1st person (I / we) থাকলে, possessive "our" বসে।

93. Incorrect : Either of the three books will give true information.
Correct : Any one of the three books will give true information.
(তিনটি বইয়ের যেকোনো একটি সঠিক তথ্য দিবে।)
Note: যেকোনো একটি বোঝাতে "any one of---" বসে।
যেকোনো দুইটি বোঝাতে " either of---" বসে।

94. Incorrect : The boy is sickly in body.
Correct : The boy is sick in body. (ছেলেটি শারীরিকভাবে অসুস্থ।)
Note: Be verb + adjective "sick" হয়েছে।

95. Incorrect : Your brother only is reliable.
Correct : Your brother alone is reliable. (আপনার ভাই একাই নির্ভরযোগ্য।)
Note: ব্যক্তির ক্ষেত্রে predicative adjective হিসেবে "alone" বসে।

96. Incorrect : He came with his head open.
Correct : He came with his head bare. (সে খালি মাথায় এসেছিল।)
Note: head bare- খালি মাথা; অন্যদিকে, head open- খোলা মাথা। এবার তুমিই ভেবে নাও, কোনটি ব্যবহার করা উচিত।

97. Incorrect : It has rained today morning.
Correct : It has rained this morning. (এই সকালে/আজ সকালে বৃষ্টি হয়েছে।)
Note: আজ সকাল= this morning, আজ সকাল এর ইংরেজি "today morning" নয়।

98. Incorrect : This man is devoted to gambling.
Correct : This man is addicted to gambling. (এই মানুষটি জুয়া খেলায় আসক্ত।)
Note: ভালো কাজে আসক্তি = devoted to, মন্দ কাজে আসক্তি = addicted to,
"gambling-জুয়া খেলা" যা নিঃসন্দেহে মন্দ কাজ।

99. Incorrect : He went to a far place.
Correct : He went to a distant place. (সে দূরের কোনো স্থানে গিয়েছিল।)
Note: far = সময়কে বোঝায়।। যেমন: far + time/far + away
distant সর্বদাই কোন স্থানের দূরত্বকে বোঝায়। যেমন: distant + place

100. Incorrect : Whole Bangladesh mourned his death.
Correct : The whole Bangladesh mourned his death.
(সমগ্র বাংলাদেশ তার মৃত্যুতে শোক করেছিল।)
Note: সর্বদায় The + whole + noun একসাথে বসে।

101. Incorrect : He has got cold.
Correct : He has got a cold. (তার সর্দি লেগেছে।)

102. Incorrect : The old man has got cough.
Correct : The old man has got a cough. (বৃদ্ধের কাশি হয়েছে।)

103. Incorrect : I am suffering from the fever.
Correct : I am suffering from a fever. (আমি জ্বরে ভুগছি।)
Note: a + cold/cough/fever

104. Incorrect : The story is incredulous.
Correct : The story is incredible. (গল্পটি অবিশ্বাস্য।)
Note:
Incredible (কোনো গল্প): impossible or very difficult to believe.
Incredulous (মানুষের ক্ষেত্রে): not willing or not able to believe something.

105. Incorrect : This man is rogue.
Correct : This man is a rogue. (এই মানুষটি ভবঘুরে /পাজী/ খচ্চর।)

106. Incorrect : This man is fool.
Correct : This man is a fool. (এই মানুষটি একটা বোকা।)

107. Incorrect : This man is coward.
Correct : This man is a coward. (এই মানুষটি একজন কাপুরুষ।)
Note: rogue/fool/coward এই noun গুলো common noun হওয়ায় এদের পূর্বে "a" বসেছে।

108. Incorrect : We are in hurry.
Correct : We are in a hurry. (আমরা তাড়াহুড়োর মধ্যে আছি।)

109. Incorrect : You have done great deal of work.
Correct : You have done a great deal of work. (তুমি অনেক কাজ করেছো।)
Note: a + great deal of, a + lot of, a + number of *etc*.

110. Incorrect : All books have been stolen, I had.
Correct : All the books have been stolen, I had.
(সবগুলো বই চুরি হয়েছে যা আমার ছিল।)
Note: Both/all + the + noun (plural)

111. Incorrect : I go out for walk every morning.
Correct : I go out for a walk every morning.
(আমি প্রতিদিন সকালে হাঁটার জন্য বের হই।)
Note: Phrase "for a walk-হাঁটা/হাঁটার জন্য"।

112. Incorrect : The boy is making noise in the class.
Correct : The boy is making a noise in the class. (বালকটি ক্লাসে গোলযোগ করছে।)

113. Incorrect : An uncultured man is no better than beast/brute.
Correct : An uncultured man is not better than a beast/brute.
(একজন অসভ্য মানুষ পশুর চেয়ে ভালো নয়।)
Note: "beast/brute-পশু" যা common noun। common noun কোনো বাক্যে একা বসে না, হয় সে determiner (article) গ্রহণ করবে নতুবা common noun টি plural হবে।

114. Incorrect : Kindness of Omar is known to all.
Correct : The kindness of Omar is known to all.
(খলিফা ওমরের মহানুভবতা সবার কাছে জানা।)

115. Incorrect : Gold of this ring is pure.
Correct : The gold of this ring is pure. (এই আংটির সোনা খাঁটি।)
Note: The + material/abstract noun + of -----

116. Incorrect : I have many work in hand.
Correct : I have much work in hand. (আমার হাতে অনেক কাজ।)
Note: "work" শব্দটি uncountable হওয়ায় তার পূর্বে much বসেছে।
Shortcut: many + countable noun (plural); much + uncountable noun

117. Incorrect : I am quite in dark on this matter.
Correct : I am quite in the dark on this matter. (আমি এই ব্যাপারে সম্পূর্ণ অজ্ঞ।)

118. Incorrect : Your uncle is the most wisest man in the village.
Correct : Your uncle is the wisest man in the village.
(তোমার চাচা গ্রামের মধ্যে সবচেয়ে জ্ঞানী।)

119. Incorrect : He is the cleverest of the two boys.
Correct : He is the cleverer of the two boys. (দুইজন বালকের মধ্যে সে বেশি চালাক।)

120. Incorrect : Of the two books, the latter is best.
Correct : Of the two books, the latter is the better. (দুইটি বইয়ের মধ্যে পরেরটা উত্তম।)
Note: of the two / of the pair থাকলে বাক্যটি comparative হয়, এক্ষেত্রে comparative এর আগে "the" বসে।

121. Incorrect : There is no less than five hundred boys in the class.
Correct : There are no fewer than five hundred boys in the class.
(ক্লাসে পাঁচশোর কম ছেলে নেই।)
Note: little + uncountable noun; few + countable noun
এখানে, five hundred boys "countable noun" হওয়ায় few এর comparative form "fewer" বসেছে।

122. Incorrect : The part of the story is more interesting.
Correct : The later/previous part of the story is more interesting.
(গল্পের পরবর্তী/পূর্বের অংশ বেশি আকর্ষণীয়।)

123. Incorrect : Soloman was wiser than all judges.
Correct : Soloman was wiser than all other judges.
(রাজা সোলাইমান অন্যান্য সকল বিচারকদের থেকে বেশি জ্ঞানী ছিলেন।)
Note: comparative sentence-এ than all + other+plural common noun বসে।

124. Incorrect : No boy in the class is as meritorious as he.
Correct : No other boy in the class is as meritorious as he.
(ক্লাসের কোনো বালকই তার মত মেধাবী নয়।)
Note: positive sentence-এ No other + singular common noun।

125. Incorrect : He is older than anybody in the village.
Correct : He is older than anybody else in the village.
(সে গ্রামের অন্য সবার চেয়ে বয়সে বড়।)
Note: Comparative sentence-এ "কেউনা/কেউ নয়" এমন অর্থে "than anybody else" বসে।

126. Incorrect : Of all other nations, the Americans are the richest.
Correct : Of all the nations, the Americans are the richest.
(সকল জাতির মধ্যে আমেরিকানরা সবচেয়ে বেশি ধনী।)
Note: Of all the + plural common noun= superlative degree

127. Incorrect : She is the cleverest and beautiful girl in this house.
Correct : She is the cleverest and most beautiful girl in this house.
(সে এই বাড়ির সবচেয়ে চালাক এবং সবচেয়ে সুন্দরী মেয়ে।)
Note: "and, but, or"-এর আগে-পরে সমজাতীয় adjective form হয়। "and" এর পূর্বে superlative "cleverest" থাকায়, পরবর্তীতে "most beautiful" হয়েছে।

128. Incorrect : He spoke me to wait for him.
Correct : He told me to wait for him. (সে আমাকে তার জন্য অপেক্ষা করতে বলেছিল।)
Note: Narration-এর নিয়ম অনুযায়ী reporting verb হিসেবে "speak" নয়, "said/told" ব্যবহার করতে হয়।

129. Incorrect : Two-third of the work is done.
Correct : Two-thirds of the work is done. (দুই-তৃতীয়াংশ কাজ শেষ।)
Note: Fraction বা ভগ্নাংশের ক্ষেত্রে Hyphene (-) চিহ্নের পরের সংখ্যাটি plural হয়। তবে, one থাকলে Hyphene এর পরের শব্দটি plural হয় না।
যেমন: One-third, one-fourth কিন্তু, two-thirds, three-fourths *etc.*

130. Incorrect : Many a flowers are seen in the garden.
Correct : Many a flower is seen in the garden. (বাগানে কতইনা ফুল দেখা যায়।)
Note: Many a + noun (singular) = verb (singular)
Many + noun (plural) = verb (plural)

131. Incorrect : This house is made of bricks.
Correct : This house is made of brick. (এই বাড়িটি ইটের তৈরী।)
Note: "brick" countable ও uncountable উভয়-ই হতে পারে। তবে, building material অর্থে noun টি uncountable যার সাথে "s" যুক্ত হয় না, তবে, "a pile of bricks" হতে পারে।

132. Incorrect : The girl has curling hair.
Correct : The girl has curly hair. (মেয়েটির চুল কোঁকড়ানো।)
Note: Adjective-এর সাথে "ing" যুক্ত করা যায় না। "curly" শব্দটি নিজেই adjective। সুতরাং, adjective" curly" + noun হয়েছে।

133. Incorrect : I am fond of vegetable.
Correct : I am fond of vegetables. (আমি শাকসবজি খুবই পছন্দ করি।)
Note: "শাকসবজি" বুঝাতে সর্বদায় "vegetables" হয়।

134. Incorrect : I feel out of spirit.
Correct : I feel out of spirits. (আমি বিষন্ন অনুভব করছি।)

135. Incorrect : They waited out of door for tickets.
Correct : They waited out of doors for tickets.
(তারা টিকিট পাওয়ার জন্য দরজার বাইরে অপেক্ষা করছিল।)

136. Incorrect : I felt out of sort.
Correct : I felt out of sorts. (আমি মনমরা অনুভব করেছিলাম।)
Note: out of + spirits/doors/sorts. এইগুলো phrase

137. Incorrect : I want some blotting.
Correct : I want some blotting paper. (আমি কিছু শোষক কাগজ চাই।)
Note: "blotting paper" এক বিশেষ ধরনের কাগজ।

138. Incorrect : I live in a boarding.
Correct : I live in a boarding house. (আমি একটি বোর্ডিং হাউজে থাকি।)
অজানা কথা:
Traditional grammar-এ একসাথে "blotting + paper, boarding + house" ব্যবহারকে Redundancy বলে।

139. Incorrect : I have an urgent business.
Correct : I have an urgent piece of business. (আমার একটি জরুরি কাজ আছে।)
Note: business একটি uncountable noun যাকে countable করতে "a piece of" ব্যবহার করা হয়েছে।

140. Incorrect : I shall buy a pen, a pencil and others.
Correct : I shall buy a pen, a pencil and other things.
(আমি একটি কলম, একটি পেন্সিল এবং অন্যান্য জিনিস কিনবো।)

141. Incorrect : I shall go to Dhaka, Rajshahi and others.
Correct : I shall go to Dhaka, Rajshahi and other places.
(আমি ঢাকা, রাজশাহী এবং অন্যান্য শহরে যাবো।)
Note: ব্যক্তি বোঝালে = ব্যক্তির নাম ----- and + other persons
বস্তু বোঝালে = বস্তুর নাম ----- and + other things
স্থানের নাম বোঝালে = স্থানের নাম ----- and + other places

142. Incorrect : We all enjoyed the theater.
Correct : We all enjoyed the play. (আমরা সবাই নাটকটি উপভোগ করেছিলাম।)
Note: theater-নাট্যমঞ্চ; play-নাটক। আমরা নাটক উপভোগ করি, নাট্যমঞ্চ নয়।

143. Incorrect : Here is a big number of money.
Correct : Here is a big amount of money. (এখানে বড় অঙ্কের টাকা আছে।)
Note: an amount of + uncountable noun
a number of + countable noun

144. Incorrect : There is no place for us.
Correct : There is no room for us. (আমাদের জন্য কোনো জায়গা নেই।)
Note: Room: referring empty space that can be used for a particular purpose

145. Incorrect : It is a nice poetry.
Correct : It is a nice poem. (এটা একটি সুন্দর কবিতা।)
Note:
Poetry: a genre of literature (সাহিত্যের ধারা), যেমন: lyric/epic + poetry *etc.*
Poem: a piece of writing (লেখার একটি অংশ), যেমন: a prose+poem, an epic + poem *etc.*
একটি poem বলা যাবে, কিন্তু একটি poetry বলা যাবে না। Poetry মূলত কোন ধরনের সাহিত্যকর্ম (lyric/epic +poetry) তা উল্লেখ করতে হবে।

146. Incorrect : I went to home.
Correct : I went home. (আমি বাড়ি গিয়েছিলাম।)
Note: "home" শব্দটি adverb হওয়ায় তার পূর্বে কোনো preposition বসে না।
ব্যতিক্রম: preposition+determiner+home
যেমন: I went to his home.

147. Incorrect : I applied for a free ship.
Correct : I applied for a free studentship.
(আমি বিনামূল্যে পড়ার জন্য আবেদন করেছিলাম।)

148. Incorrect : He took offense at his words.
Correct : He took insult at his words. (সে তার কথায় অপমান বোধ করেছিল।)
Note: Offense = একটি বেআইনি কাজ, **Insult** = একটি মন্তব্য বা কথার দ্বারা কাউকে অসন্তুষ্ট করা

149. Incorrect : I met two females on the way.
Correct : I met two women on the way. (পথে দুজন মহিলার সাথে আমার দেখা হল।)
Note: "Woman" এর plural "Women"। "Female" এর কখনো plural হয় না।

150. Incorrect : Do not keep association with bad boys.
Correct : Do not keep company with bad boys. (দুষ্ট ছেলেদের সাথে সঙ্গ দিও না।)
Note: "সঙ্গ দেওয়া / মেশা" অর্থে "keep company + with" ব্যবহার করতে হয়।

151. Incorrect : My elder brother defray my fooding expenses
Correct : My elder brother defrays my food expenses.
(আমার বড় ভাই আমার খাবারের খরচ বহন করে।)

152. Incorrect : A kind man gave me fooding and lodging.
Correct : A kind man gave me food and lodging.
(একজন দয়ালু মানুষ আমাকে খাবার এবং থাকার জায়গা দিয়েছিল।)
Note: "food" শব্দটি noun, noun এর সাথে "ing" হয় না।

153. Incorrect : Who will pay your schooling fees?
Correct : Who will pay your school fees? (কে তোমার বিদ্যালয় খরচ চালাবে?)
Note: school fee= বিদ্যালয় খরচ, schooling=শিক্ষা

154. Incorrect : The little boy wore half-pants.
Correct : The little boy wore shorts. (ছোট ছেলেটি হাফ প্যান্টস্ পড়েছিল।)
Note: "shorts" মানেই "হাফ প্যান্টস্"

155. Incorrect : Put your sign in this letter.
Correct : Put your signature in this letter. (এই চিঠিতে তোমার সই/স্বাক্ষর কর।)
Note: "possessive + noun" হয় সেজন্য "your + signature" হয়েছে।

156. Incorrect : Your son is a man of business.
Correct : Your son is a man of action. (তোমার ছেলে একজন কাজের মানুষ।)
Note: "a man of business" নামে কোনো phrase নেই।

157. Incorrect : All family members are well.
Correct : All his family members are well. (তার পরিবারের সবাই ভালো।)
Note: কথাকে স্পষ্ট/নির্দিষ্ট করতে "all + my/his/her" ব্যবহার করতে হবে।

158. Incorrect : Good night, Sir, have a seat here.
Correct : Good evening/morning, Sir, have a seat here.
(শুভ সন্ধ্যা/সকাল স্যার, এখানে বসুন।)
Note:
"good night" এর পরিবর্তে "good evening / good morning" ব্যবহার করা formal (রীতিসিদ্ধ)। কেননা, American বা British সমাজে "রাত্রিবেলা"-কে বেড়ানোর সময় মনে করা হয় না। সেজন্য, তারা "good night" কথাটি রাত্রিকালিন ব্যবহারে ঠিক মনে করে না।

Some More Important Corrections

Sl.No.	Incorrect	Correct
01.	I saw his pulse.	I felt his pulse.
02.	The land is belonged with an old lady.	The land is belonged to an old lady.
03.	I like his childlish simplicity.	I like his childlike simplicity.
04.	He shook hands to her.	He shook hands with her.
05.	I sold all of my furnitures.	I sold all of my furniture.
06.	All information is current.	All the information is current.
07.	I think of him as our best friend.	I think of him as my best friend.
08.	Men usually want to have his own way.	Men usually want to have their own way.
09.	I am very busy today morning.	I am very busy this morning.
10.	I never will come back.	I will never come back.
11.	His failure resulted for lack of attention.	His failure resulted from lack of attention.
12.	Her hairs are very long.	Her hair is very long.
13.	Paper is made by wood.	Paper is made from wood.
14.	The chair is made from wood.	The chair is made of wood.
15.	He casted his vote for you.	He cast his vote for you.
16.	Come on nine o'clock at Friday.	Come at nine o'clock on Friday.
17.	I am very busy today morning.	I am very busy this morning.
18.	His hair is not straight and curly.	His hair is not straight but curly.
19.	Does he have house?	Does he have a house?
20.	Had you finished the work yet?	Have you finished the work yet?
21.	He appeared in the exam.	He appeared at the exam.
22.	I saw him to play football.	I saw him playing football.
23.	I prefer walking than riding.	I prefer walking to riding.
24.	I should take leave form you.	I should take leave of you.
25.	Please give me attend.	Please give me attendance.
26.	I have read the first and the second chapters of the book.	I have read the first and second chapters of the book.
27.	It has been raining since two days.	It has been raining for two days.
28.	Many man has done so.	Many a man has done so.
29.	The game drew numerous spectator.	The game drew numerous spectators.
30.	Three-fourth of the work have been done.	Three-fourths of the work has been done.
31.	Whom do you think he is?	Who do you think he is?

Sl.No.	Incorrect	Correct
32.	He cannot pronunciation the word.	He cannot pronounce the word.
33.	A drowning man catches at the straw.	A drowning man catches at a straw.
34.	The idle man cannot prosper in life.	An idle man cannot prosper in life.
35.	Which of following sentence is incorrect?	Which of the following sentence is incorrect?
36.	The news are true.	The news is true.
37.	Neither of us were present.	Neither of us was present.
38.	There is no way for doubt in it.	There is no room for doubt in it.
39.	I went my home.	I went to my home.
40.	I have read a poetry.	I have read a piece of poetry.
41.	Fire and water does not agree.	Fire and water do not agree.
42.	Time and tide wait for none.	Time and tide wait for none.= as proverb Time and tide waits for none.
43.	I saw him writing anything.	I saw him writing something.
44.	She is taller than me am.	She is taller than I am.
45.	He went there by foot.	He went there on foot.
46.	He ran fast lest he miss the train.	He ran fast lest he might miss the train.
47.	He did everything except follow my example.	He did everything except following my example.
48.	Listen for my advice.	Listen to my advice.
49.	We get up from dawn.	We get up at dawn.
50.	Either you or he are to blame.	Either you or he is to blame.
51.	The examiner looked on my papers.	The examiner looked over my papers.
52.	One of the passer-by rescued her.	One of the passers-by rescued her.
53.	He is my older brother.	He is my elder brother.
54.	While he was walking in the garden, a snake bite him.	While he was walking in the garden, a snake bit him.
55.	An Akbar is not born in every ages.	An Akbar is not born in every age.
56.	He absented himself the college.	He absented himself from the college.
57.	I could not but shedding tears.	I could not but shed tears.
58.	No pains were spareded.	No pains were spared.
59.	He gave me many advice.	He gave me some advice.
60.	The doctor saw the pulse of the patient.	The doctor feels the pulse of the patient.

Sl.No.	Incorrect	Correct
61.	The horse and carriage are at the door.	The horse and carriage is at the door.
62.	You are the proud of Bangladesh.	You are proud of Bangladesh.
63.	Scarcely had we started than it began to rain.	Scarcely had we started when it began to rain.
64.	What the awful weather!	What an awful weather!
65.	There is a book and a pen on the table.	There are a book and a pen on the table.
66.	We made fun from it.	We made fun of it.
67.	He shouted at top of his voice.	He shouted at the top of his voice.
68.	I forbade him from going.	I forbade him to go.
69.	He is comparatively better today.	He is better today.
70.	I am senior than you by three years.	I am senior to you by three years.
71.	Is today's film worth watch?	Is today's film worth watching?
72.	I am quite surely of his honesty.	I am quite sure of his honesty.
73.	My silent is due to my ill.	My silence is due to my illness.
74.	Cowards die several times before their death.	Cowards die many times before their death.
75.	Catherine gave her examination.	Catherine took her examination.
76.	I have no pen to write in.	I have no pen to write with.
77.	Untied the tie.	Untie the tie.
78.	I used to getting up early in the morning.	I used to get up early in the morning.
79.	He rejected my invitation.	He declined my invitation.
80.	You writing is impossible for reading.	You writing is impossible to read.
81.	The poor is born to suffer.	The poor are born to suffer.
82.	I have already read this book two times.	I have already read this book twice.
83.	He is suffering of illness.	He is suffering from illness.
84.	Guard the children from bad company.	Guard the children against bad company.
85.	He is sick in flattery.	He is sick of flattery.
86.	He ate the almost whole fish.	He ate almost the whole fish.
87.	You are mistaking in holding this view.	You are mistaken in holding this view.

Sl.No.	Incorrect	Correct
88.	I earned near a hundred dollars last week.	I earned nearly a hundred dollars last week.
89.	He is wearing a pair of sunglass.	He is wearing a pair of sunglasses.
90.	Each of the boys have a pen.	Each of the boys has a pen.
91.	It is I who are responsible for the mismanagement.	It is I who am responsible for the mismanagement.
92.	Lake Chilika is in Orissa.	The Lake Chilika is in Orissa.
93.	He got the work to be done.	He got the work done.
94.	She was marry with a rich man.	She was married with a rich man.
95.	I have been knowing him for a long time.	I have known him for a long time.
96.	She fights her sister everyday.	She fights with her sister everyday.
97.	Fear makes me tremble in where I stand.	Fear makes me tremble where I stand.
98.	The country has adopted a new industry policy.	The country has adopted a new industrial policy.
99.	Over a billion of people use Microsoft Windows Operating systems.	Over a billion people use Microsoft Windows Operating systems.
100.	Unless you do not work, hard you will fail.	Unless you work hard, you will fail.
101.	I cannot tolerate separation from him.	I cannot bear separation from him.
102.	I got my fooding expenses.	I got my food expenses.
103.	She found the boy to cry.	She found the boy crying.
104.	He was too clever not to miss the point.	He was too clever to miss the point.
105.	Two -thirds of it are true.	Two-thirds of it is true.
106.	What shoe size you are?	What shoe size are you?
107.	Let you and I do it.	Let you and me do it.
108.	You are pride of Bangladesh.	You are the pride of Bangladesh.
109.	The traffic is mismanageable in Dhaka.	The traffic is unmanageable in Dhaka.
110.	It is my principal objection I am tired.	My principal objection is that I am tired.
111.	Forty miles are a long way.	Forty miles is a long way.
112.	I was fixed in traffic for two hours.	I was stuck in traffic for two hours.
113.	He came lately today.	He came late today.
114.	The girl entered the room to laugh.	The girl entered the room laughing.

Idiom & Phrase

(বাগধারা)

Idiom & Phrase বলতে কতগুলো শব্দ সমষ্টিকে বুঝায় যা বিশেষ অর্থ প্রকাশ করে। মনের ভাব সুন্দরভাবে প্রকাশ ও ভাষায় শ্রুতিমাধুর্য রক্ষার জন্য বাক্যে এগুলো অলংকার হিসেবে ব্যবহৃত হয়।

বহুল ব্যবহৃত ২০০-টি Idiom & Phrase

[Basic Level]

A- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

1. **ABC** (প্রাথমিক জ্ঞান -primary knowledge)
   He does not know the ABC of English grammar. (তার ইংরেজি ব্যাকরণের প্রাথমিক জ্ঞান সম্বন্ধে জানা নেই।)
2. **A bolt from the blue** (বিনা মেঘে বজ্রপাত -something quite unexpected)
   This news was like a bolt from the blue. (এই খবরটি ছিল অনেকটা বিনা মেঘে বজ্রপাতের মতো।)
3. **Above all** (সর্বোপরি -more than anything else)
   He above all is a criminal. (সর্বোপরি সে একজন দুষ্কৃতিকারী।)
4. **Above board** (অকপটে-beyond doubt)
   Your deed is frank and above board. (তোমার চুক্তি স্পষ্ট এবং অকপট।)
5. **A brief period** (অল্প সময় -short time)
   The invigilator gave his answer script after a brief period. (পরিদর্শক তাকে অল্পসময় পর উত্তরপত্র দিয়েছিল।)
6. **Achilles heel** (দুর্বলতা -weak point)
   You should try to find out your Achilles heel. (তোমাকেই তোমার দুর্বলতা খুঁজে বের করার চেষ্টা করা উচিত।)
7. **After all** (পরিশেষে -in the end, finally)
   After all they kept their promise. (পরিশেষে তারা তাদের ওয়াদা রেখেছিল।)
8. **All at once** (হঠাৎ -suddenly)
   All at once all the students entered the principal's room. (হঠাৎ সকল ছাত্র/ছাত্রী অধ্যক্ষের কক্ষে প্রবেশ করল।)
9. **All but** (প্রায় -nearly, almost)
   The program is all but completely successful. (অনুষ্ঠানটা প্রায় সম্পূর্ণরূপেই সফল।)
10. **All in** (পরিশ্রান্ত/ক্লান্ত -tired, exhausted)
    I felt all in after completing the task. (কাজটি শেষ করে আমি ক্লান্ত অনুভব করেছিলাম।)
11. **All on/of a sudden** (হঠাৎ -by chance, suddenly)
    All on a sudden my bosom friend called me. (হঠাৎ আমার ঘনিষ্ঠ বন্ধু আমাকে ডেকেছিল।)

12. **All in all** (সর্বেসর্বা -Supreme)
    Mr. Bose is all in all in computer science. (মি. বোস কম্পিউটার বিজ্ঞানে সর্বেসর্বা।)
13. **Apple of discord / Bone of contention** (বিবাদের বিষয় -matter of dispute)
    The piece of land was the apple of discord between the two brothers. (দুই ভাইয়ের মধ্যে বিবাদের বিষয় ছিল ভূমিখন্ডটি।)
14. **As if** (যেন -as it would be)
    He talks to me as if he were a superman. (সে আমার সাথে কথা বলে যেন সে একজন মহামানব।)
15. **As it were** (যেন -as it would be)
    The green grass as it were the child of nature. (সবুজ ঘাস যেন প্রকৃতির সন্তান।)
16. **At bay** (কোণঠাসা -in a tight corner)
    His father is at bay for his son's condition. (ছেলেটির বাবা ছেলেটির অবস্থা দেখে কোণঠাসা/বেকায়দায়।)
17. **At one's back and call** (অনুগত/বাধ্য -obedient)
    No one wants to stay at one's back and call. (কেউই কারো বাধ্য হতে চায় না।)
18. **At a loss** (হতবুদ্ধি -puzzled)
    He was at a loss to fix the deal. (সে চুক্তিটা নির্ধারণ করতে হতবুদ্ধি/গোলকধাঁধায় পড়েছিল।)
19. **At a low ebb** (হ্রাস পাওয়া -declining)
    Now his popularity is at a low ebb. (এখন তার জনপ্রিয়তা কম/হ্রাসকৃত।)
20. **At a stretch** (একটানা -without break)
    He can run one mile at a stretch. (সে একটানা এক মাইল দৌড়াতে পারে।)
21. **At daggers drawn** (খারাপ সম্পর্ক -at enmity, on the point of fighting)
    Now their relationship is at daggers drawn. (এখন তাদের সম্পর্কটা অনেক খারাপ/সাপে-নেউলের মত।)
22. **At home** (দক্ষ-Skilled, আরামদায়ক-comfortable)
    She is at home in Mathematics. (সে গণিতে দক্ষ।)
23. **At large** (স্বাধীন -free)
    You are at large from our bondage. বাংলা অর্থঃ তুমি আমাদের বন্ধন থেকে মুক্ত।
24. **At last** (অবশেষে -in the long run)
    At last God helped them. (অবশেষে স্রষ্টা তাদেরকে সাহায্য করেছিল।)
25. **At least** (at the lowest -কমপক্ষে)
    At least three documents are needed to complete the task. (কাজটি সম্পূর্ণ করতে কমপক্ষে তিনটি প্রমাণ প্রয়োজন।)
26. **At one's finger-ends** (নখদর্পনে -ready at hand)
    You should have everything at your finger-ends to reach the goal (তোমার লক্ষ্যে পৌঁছাতে তোমার সবকিছু নখদর্পনে থাকা উচিৎ।)
27. **At one's wit's end** (হতবুদ্ধি/হতবাক -puzzled)
    I am at my wit's end to see his condition. (আমি তার অবস্থা দেখে হতবাক।)

28. **At random** (হ-য-ব-র-ল/এলোমেলো -scattered)
Your living approach is somewhat at random. (তোমার জীবনযাপনের ধরণ কিছুটা এলোমেলো।)
29. **At sixes and sevens** (এলোমেলো ভাবে -without any aim)
Everything on the table was at sixes and sevens. (টেবিলের উপরের সবকিছু এলোমেলো ছিল।)
30. **At stake** (বিপদে/বিপন্ন -in danger)
Though she is strong enough, she is at stake now. (যদিও সে যথেষ্ট শক্তিশালী, তবুও সে বিপদে আছে।)
31. **At the eleventh hour** (শেষ মুহূর্তে -at the last moment)
We admitted the patient in hospital at the eleventh hour. (আমরা রোগীটিকে শেষ মুহূর্তে হাসপাতালে ভর্তি করেছিলাম।)

B- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

32. **Bad blood** (শত্রুতা -ill feeling, enmity)
Avoid bad blood to live peacefully. (শান্তিতে বসবাস করতে শত্রুতা ত্যাগ করো।)
33. **Bad egg** (মন্দ ব্যক্তি -corrupted person)
Avoid a bad egg person. (মন্দ ব্যক্তিকে এড়িয়ে চল।)
34. **Bad names** (গালিগালাজ -call names)
You should not call the senior bad names. (বড়দের গালাগালি করা উচিৎ না।)
35. **Bag and baggage** (সবকিছুসহ -with all belongings)
They left the place bag and baggage. (তারা সবকিছুসহ স্থানটি ত্যাগ করেছিল।)
36. **Bell the cat** (কঠিন কাজের নেতৃত্ব দেওয়া -to lead the difficult work)
Nobody wants to do it as this work seems to bell the cat. (কেউই এটি করতে চায়না কারন কাজটি অনেকটা বিড়ালের গলায় ঘন্টা বাধার মত।)
37. **Bottom line** (গুরুত্বপূর্ণ বিষয় -the essential point)
The bottom line has been finished successfully. (গুরুত্বপূর্ণ বিষয়টি সফলভাবে শেষ হয়েছে।)
38. **Beat about the bush** (মূল বিষয় বাদ দিয়ে অন্য কথা বলা -talk irrelevantly)
While meeting avoid beating about the bush. (আলোচনা চলাকালীন মূল আলোচনা বাদ দিয়ে অন্য কথা পরিহার করো।)
39. **Bed of roses** (পুষ্পশয্যা -comfortable condition)
Life is not a bed of roses. (জীবন পুষ্পশয্যা নয়।)
40. **Before long** (শীঘ্র -soon)
He will come to my house before long. (খুব শীঘ্রই সে আমার বাসায় আসবে।)
41. **Beggar description** (বর্ণনাতীত হওয়া -cannot be described)
Their misery was indescribable was beggar description. (তাদের দুঃখ-দুর্দশা ছিল অবর্ণনীয়।)
42. **Bird's eye view** (এক নজরে দেখা -a rough idea)
Go through the books without having a bird's eye view. (এক নজরে না দেখে বইটি ভালোভাবে পড়ো।)

43. **Bid fair** (সম্ভাবনা থাকা -have the possibility of prospering)
Our plans bid fair to succeed. (আমাদের পরিকল্পনা সফল হওয়ার সম্ভাবনা আছে।)
44. **Big gun** (নেতৃস্থানীয় ব্যক্তি -a leading man)
Now the big guns are in critical moment. (এখন নেতৃস্থানীয় ব্যক্তিরা সংকটময় মুহূর্তে।)
45. **Big hearted** (হৃদয়বান ব্যক্তি -very kind)
My grand father was well known as a big hearted person. (আমার দাদা হৃদয়বান ব্যক্তি হিসেবে সুপরিচিত ছিলেন।)
46. **Birds of a feather** (একই স্বভাবের লোক -person of a similar nature)
Birds of a feather flock together. (ঝাঁকের কই ঝাঁকেই মেশে।)
47. **Blue blood** (আভিজাত্য -aristocratic)
Never boast of having blue blood. (আভিজাত্য নিয়ে কখনো অহংকার করোনা।)
48. **Bookworm** (ভীষণ পড়ুয়া -one who always reads books only)
The boy is a bookworm. (বালকটি ভীষণ বইপড়ুয়া।)
49. **Black sheep** (কুলাঙ্গার -wicked man)
Really you are a black sheep. (সত্যিই তুমি একটা কুলাঙ্গার।)
50. **Breathe one's last** (মারা যাওয়া -die)
One day we must breathe our last. (একদিন আমরা মারা যাবো।)
51. **Bring to book** (শাস্তি দেওয়া -punish, rebuke)
The thief was brought to book for stealing money. (চোরটিকে টাকা চুরির দায়ে শাস্তি দেওয়া হয়েছিল।)
52. **Bring to light** (প্রকাশ করা -make open)
The real fact will be brought to light very soon. (আসল ঘটনাটি খুব শীঘ্রই প্রকাশ হবে।)
53. **Bring to pass** (ঘটানো -cause to happen)
Do not bring to pass such an incident. (এমন ঘটনা ঘটিও না।)
54. **Build castles in the air** (আকাশকুসুম কল্পনা করা -indulge in idle vision, be a dreamer)
Avoid building castles in the air while you are working. (কাজের সময় অবাস্তব কল্পনা/আকাশকুসুম কল্পনা করা বাদ দাও।)
55. **Burning question** (তীব্র আলোচিত বিষয় -matter of strong debate)
Price hike is now a burning question. (দ্রব্যমূল্যের উর্ধ্বগতি একটি তীব্র আলোচিত বিষয়।)
56. **By all means** (সর্বোতভাবে -in all possible ways, certainly)
He is committed to help us by all means. (সে আমাদেরকে সর্বোতভাবে সাহায্য করতে দৃঢ়-প্রতীজ্ঞ।)
57. **By and by** (শীঘ্র -soon)
Reach the station by and by. (স্টেশনে দ্রুত পৌঁছাও।)
58. **By no means** (কোন ভাবেই না -in no way)
By no means I will allow these guys. (কোন ভাবেই এই বালকগুলোকে আমি অনুমতি দেব না।)

59. **By fair means or foul** (ভালো কিংবা মন্দ যেকোন ভাবে -by anyway possible)
Complete the work by fair means or foul. (ভালো খারাপ যেভাবেই হোক কাজটি শেষ করো।)

60. **By fits and starts** (মাঝে মাঝে খুব উদ্যমের সাথে -at irregular interval)
He is studying by fits and starts. (সে মাঝে মাঝে উদ্যমী হয়ে পড়াশোনা করে।)

61. **By hook or by crook** (যেকোন উপায়ে -by fair means or foul)
I want to solve the problem by hook or by crook. (আমি যেকোনো উপায়ে সমস্যাটি সমাধান করতে চাই।)

62. **By leaps and bounds** (দ্রুতগতিতে -very rapidly)
The price of essential commodities is increasing by leaps and bounds. (নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম দ্রুতগতিতে বেড়েই চলেছে।)

63. **By the by/By the way** (প্রসঙ্গক্রমে -in course of talking, by the way)
By the by/By the way why have you called me? (যাই হোক, তুমি আমাকে ডেকেছ কেনো?)

C- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

64. **Call a spade a spade** (অপ্রিয় সত্য কথা বলা -to speak plainly)
He always calls a spade a spade. (সে সর্বদাই অপ্রিয় সত্য কথা বলে।)

65. **Call in question** (সন্দেহ করা -doubt)
They are called in question. (তাদেরকে সন্দেহ করা হয়।)

66. **Call names** (গালমন্দ করা -bad names)
You should not call names to your classmate. (তোমার সহপাঠীদের গালমন্দ করা উচিৎ নয়।)

67. **Carry the day** (জয়লাভ করা -win victory)
They are committed to carry the day in today's match. (তারা আজকের খেলায় জয়লাভ করতে দৃঢ়প্রতীজ্ঞ।)

68. **Catch red handed** (হাতেনাতে ধরা -catch in action)
The thief was finally caught with red handed. (পরিশেষে চোরটি হাতেনাতে ধরা পড়েছিল।)

69. **Cats and dogs** (মুষলধারায় -very heavily)
It has been raining cats and dogs since morning. (সকাল থেকে মুষলধারায় বৃষ্টি হচ্ছে।)

70. **Cock and bull story** (আষাঢ়ে গল্প -absurd/false story)
None believes a cock and bull story. (কেউই আষাঢ়ে/আজগুবি গল্প বিশ্বাস করে না।)

71. **Come off with flying colours** (জয়লাভ করা -win a victory)
Bangladesh cricket team will come off with flying colours in next cricket match. (বাংলাদেশ ক্রিকেট দল পরবর্তী খেলায় বিজয় লাভ করবে।)

72. **Come to nothing** (ব্যর্থ হওয়া -fail)
All his plans have come to nothing. (তার সমস্ত পরিকল্পনা ব্যর্থ হয়েছে।)

73. **Come round** (সুস্থ হওয়া -cure)
I hope you will come round soon. (আমার ধারণা খুব শীঘ্রই তুমি সুস্থ হবে।)

74. **Crocodile tears** (লোকদেখানো কান্না -pretended cry, false sorrow)
Give up your crocodile tears. (তোমার লোকদেখানো কান্না বন্ধ করো।)

75. **Crying need** (প্রধান বা জরুরী প্রয়োজন -urgent need)
ICT based learning is a crying need in recent era. (প্রযুক্তিনির্ভর শিক্ষা আধুনিক সময়ে খুবই প্রয়োজন।)

76. **Cut to the quick** (মর্মাহত হওয়া/করা -be hurt)
His behaviour cut us to the quick. (তার আচরণ আমাদেরকে মর্মাহত করেছিল।)

77. **Chicken-hearted** (ভীরু/কাপুরুষ -cowardice, timid)
A chicken-hearted man like you is not perfect for this post. (তোমার মত ভীরু মানুষ এই পদের জন্য যোগ্য নয়।)

78. **Curry favour** (তোষামোদ করে প্রিয় হওয়া -be favorite through flattery)
A dishonest person always tries to curry favour with his boss. (একজন অসৎ ব্যক্তি সর্বদাই তার বসের তোষামোদ করে প্রিয় হতে চেষ্টা করে।)

D- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

79. **Dead against** (ঘোর বিরোধী -bitterly against)
I am dead against the dowry system. (যৌতুক প্রথার আমি ঘোর বিরোধী।)

80. **Dog days** (সবচেয়ে গরমের দিন -hot weather)
They are suffering a lot in dog days. (তারা গরমের দিনে কষ্ট পাচ্ছে।)

81. **Do yeoman's services** (বিনাস্বার্থে/জনস্বার্থে ভাল কাজ -render valuable services)
It is really a good work to do yeoman's services. (এটা সত্যিকারই বিনা স্বার্থে ভালো কাজ করা।)

E- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

82. **Eat humble pie** (অপমান হজম করে ক্ষমা করা -to act very humbly)
I cannot eat humble pie as I don't deserve that. (আমি এই অপমান হজম করে ক্ষমা চাইতে পারবোনা যেহেতু আমি এই অপমানের যোগ্য নই।)

83. **End in smoke** (ব্যর্থ হওয়া -fail)
At last his steps ended into smoke. (অবশেষে তার সকল পদক্ষেপ ব্যর্থ হয়েছিল।)

F- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

84. **Fair weather friends** (সুসময়ের বন্ধু -friends of good time)
We should beware about fair weather friends. (আমাদের সুসময়ের বন্ধুদের ব্যাপারে সাবধান হওয়া উচিৎ।)

85. **Fall flat** (ব্যর্থ হওয়া -have no effect)
They have fallen flat to complete the project due to his illness. (তারা কাজটি/প্রকল্পটি সম্পূর্ণ করতে ব্যর্থ হয়েছে তার অসুস্থতার জন্য।)

86. **Few and far between** (কদাচিৎ -Rarely)
They come to my house few and far between. (তারা আমার বাসায় আসেনা বললেই চলে।)

87. **Fight shy of** (এড়িয়ে চলা -avoid)
Always try to fight shy of selfish persons. (সর্বদাই স্বার্থপর ব্যক্তিদের এড়িয়ে চলো/চলুন।)

88. **Fish out of water** (অস্বস্তিকর অবস্থা -in an uneasy situation)
I cannot tolerate anything like a fish out of water. (আমি এমন অস্বস্তিকর অবস্থা সহ্য করতে পারি না।)

89. **Flesh and blood** (রক্ত মাংসের শরীর -human body)
This cannot be thought by flesh and blood. (এটাকে রক্ত মাংসের শরীর ভাবা যায় না।)

90. **For good/For ever** (চিরতরে -everlastingly)
He has left the tuition for good/for ever. (সে চিরদিনের জন্য টিউশনি ছেড়ে দিয়েছে।)

G- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

91. **Gain the day** (জয়লাভ করা-win)
Bangladesh cricket team has gained the day by winning the first prize. (বাংলাদেশ ক্রিকেট দল প্রথম পুরস্কার নিয়ে জয়লাভ করেছে।)

92. **Gala day** (উৎসবের দিন -a day of festivity)
We are enjoying our gala day. (আমরা উৎসবের দিন উপভোগ করছি।)

93. **Gift of the gab** (বাকপটুতা/ভীষণ বক্তা -power of delivering speech)
A gift of the gab like our leader can impress all easily. (আমাদের নেতার মত বাকপটুতা সহজেই সবাইকে মুগ্ধ করতে পারে।)

94. **Give a hand** (সাহায্য করা -to help)
Please give a hand to the poor. (দয়া করে গরীবদের সাহায্যের হাত বাড়িয়ে দিন।)

95. **Go to the dogs** (গোল্লায় যাওয়া বা নষ্ট হওয়া -be ruined)
Your son has gone to the dogs because of bad company. (তোমার সন্তান অসৎ সঙ্গের জন্য নষ্ট হয়েছে।)

H- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

96. **Hall mark** (বিশুদ্ধতার প্রতীক, স্বতন্ত্র বৈশিষ্ট্য -unique characteristics)
This poet's language has created a hall mark in the history of poetry. (এই কবির ভাষা কবিতার ইতিহাসে এক স্বতন্ত্র বৈশিষ্ট্য সৃষ্টি করেছে।)

97. **Hard and fast** (ধরা-বাঁধা -fix, rigid)
I don't like any hard and fast rules. (আমি কোন ধরাবাঁধা নিয়ম পছন্দ করি না।)

98. **Hard nut to crack** (কঠিন সমস্যা -a difficult problem)
It was hard nut to crack for them. (এটা তাদের জন্য কঠিন সমস্যা ছিল।)

99. **Head and tail** (মাথামুণ্ডু-a complete sense)
I cannot understand the head and tail of the bank math. (ব্যাংক গণিতের মাথামুণ্ডু আমি কিছুই বুঝিনা।)

100. **Heart and soul** (প্রাণপণে -with all vigor)
She tried heart and soul to get a govt. job. (সে সরকারি চাকুরি পেতে প্রাণপণে চেষ্টা করেছিল।)

101. **Hey day** (সুসময় -good time)
Everybody wants to enjoy his/her hey day. (প্রত্যেকেই সুসময়/সুন্দর মুহূর্ত উপভোগ করতে চায়।)

102. **High and low** (সর্বত্র -everywhere)
He found his son high and low. (সে সর্বত্রই তার সন্তানকে খুঁজেছিল।)

103. **Hold good** (সত্য হওয়া -apply to be true)
I think it will not hold good in future. (আমার ধারণা এটি ভবিষ্যতে সত্য হবে না।)

104. **Hold water** (তাৎপর্যপূর্ণ হওয়া -be effective, bear examination)
Your document may not hold water before the judge. (তোমার প্রমাণ সম্ভবত বিচারকের কাছে তাৎপর্যপূর্ণ হবে না।)

105. **Hue and cry** (শোরগোল -a noise)
We heard a hue and cry from the ancient castle. (প্রাচীন অট্টালিকা থেকে আমরা শোরগোল শুনেছিলাম।)

106. **Hush money** (ঘুষ -bribe)
You should not take any hush money. (তোমার কোনো ঘুষ নেওয়া উচিৎ নয়।)

I- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

107. **In a nut shell** (সংক্ষেপে -very briefly, precise)
This matter cannot be described in a nut shell. (বিষয়টি সংক্ষেপে বর্ণনা করা যাবে না।)

108. **In a dilemma** (উভয়সংকট –problem from both sides)
Now he is in a dilemma what to do after his retirement. (এখন সে উভয় সংকটে যে তার অবসরের পর সে কি করবে।)

109. **In black and blue** (বেদম প্রহার -beating severely)
The thief was beaten black and blue. (চোরটিকে বেদম প্রহার/মার দেওয়া হয়েছিল।)

110. **In black and white** (কাগজে-কলমে -in writing)
Give me the details in black and white. (কাগজে-কলমে বিস্তারিত দাও।)

111. **In full swing** (পুরোদমে -in full activity)
Our practice is going on in full swing. (আমাদের অনুশীলন পুরাদমে চলছে।)

112. **In lieu of** (পরিবর্তে -in stead of)
I answered Biology in lieu of Mathematics. (আমি গণিতের পরিবর্তে জীববিজ্ঞানের উত্তর করেছিলাম।)

113. **In no time** (শীঘ্রই -very soon)
The authority will announce the final merit list in no time. (কর্তৃপক্ষ শীঘ্রই চূড়ান্ত মেধা তালিকা ঘোষণা করবে।)

114. **In the mean time** (ইতোমধ্যে -in the time between)
In the mean time the Prime Minister has reached in the flood affected area. (ইতোমধ্যে প্রধানমন্ত্রী বন্যা কবলিত এলাকায় পৌছেছেন।)

115. **In vogue** (প্রথা বা প্রচলিত -in fashion)
This rule is not in vogue. (এই নিয়মটি প্রচলিত নয়।)

116. **In vain** (ব্যর্থ -fruitless)
Our efforts seemed in vain to see her condition. (তার অবস্থা দেখে আমাদের প্রচেষ্টা ব্যর্থ মনে হয়েছিল।)

117. **Iron will** (দৃঢ় সংকল্প -determined)
The girl has become successful because of her iron will. (মেয়েটি তার দৃঢ় সংকল্পের জন্য সফল হয়েছে।)

118. **Irony of fate** (ভাগ্যের নির্মম পরিহাস -by bad luck)
It is an irony of fate that the boy has lost his parents at his early age. (ভাগ্যের কি নির্মম পরিহাস, বালকটি জীবনের শুরুতেই তার পিতা-মাতাকে হারিয়েছে।)

K- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

119. **Keep pace with** (তাল মিলিয়ে চলা -cope with)
He is trying to keep pace with modern society. (সে আধুনিক সমাজের সাথে তাল মিলিয়ে চলার চেষ্টা করছে।)

120. **Key stone** (মূলনীতি -principal rules)
Reading more and more should be the key stone of an ideal student. (বেশি বেশি পড়াই একজন আদর্শ ছাত্র/ছাত্রীর মূলনীতি হওয়া উচিৎ।)

121. **Kith and kin** (আত্মীয় স্বজন -near relatives)
I have no kith and kin in Dhaka. (ঢাকায় আমার কোনো আত্মীয় স্বজন নেই।)

122. **Know no bounds** (সীমাহীন হওয়া -to be boundless)
Their sorrows knew no bounds. (তাদের কষ্টের কোনো সীমা ছিলনা।)

L- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

123. **Lame excuse** (বাজে অজুহাত -bad plea)
I don't like any lame excuse. (আমি কোনো বাজে অজুহাত পছন্দ করি না।)

124. **Lion's share** (সিংহভাগ -major part)
He got the lion's share of his father's money. (সে তার বাবার টাকার সিংহ ভাগ / বেশির ভাগ পেয়েছিল।)

125. **Laughing stock** (হাসির পাত্র -an object of ridicule)
Now you seem to be a laughing stock to all. (এখন তোমাকে সবার কাছে হাসির পাত্র মনে হয়।)

126. **Leave no stone unturned** (চেষ্টার ত্রুটি না করা -to neglect no means)
He left no stone unturned to get a good job. (সে একটি ভালো চাকুরি পেতে চেষ্টার ত্রুটি করেনি।)

127. **Lead a cat and dog life** (সব সময় ঝগড়া করা-lead a life of quarrels)
Avoid leading a cat and dog life. (সবসময় ঝগড়া-ঝাঁটি এড়িয়ে চলো।)

128. **Learn by heart** (মুখস্ত করা -Memorise)
My little daughter has learnt by heart ten poems. (আমার ছোট মেয়েটি দশটি কবিতা মুখস্থ করেছে।)

129. **Let alone** (বলাই বাহুল্য/দূরের কথা -can not be thought)
He cannot buy a cycle let alone a motorcycle. (সে একটি সাইকেলই কিনতে পারে না, আর একটি মোটর সাইকেলতো দূরের কথা।)

M- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

130. **Maiden speech** (প্রথম বক্তৃতা -first speech)
His maiden speech attracted the audience immensely. (তার প্রথম বক্তৃতা দর্শককে দারুণভাবে মুগ্ধ করেছিল।)

131. **Make both ends meet** (আয়-ব্যয় মেলানো -live within means)
He is not able to make both ends meet. (সে তার আয়-ব্যয় মেলাতে ব্যর্থ।)

132. **Make good** (ক্ষতিপূরণ করা -compensate for)
The company has promised to make good his loss. (কোম্পানি তার ক্ষতি পূরণের অঙ্গীকার করেছে।)

133. **Make room** (জায়গা করা -to capture place)
Do not make room for any dishonest person in your party. (তোমার পার্টিতে কোনো অসৎ ব্যক্তিকে জায়গা দিওনা।)

134. **Man in the street** (সাধারণ মানুষ -ordinary person)
An ideal politician leads his life like a man in the street. (একজন আদর্শ রাজনীতিবিদ সাধারণ মানুষের মত জীবন যাপন করে।)

135. **Man of letters** (বিদ্বান ব্যক্তি -a scholar, educated and respected person)
A man of letters should be respected by all. (একজন বিদ্যান ব্যক্তির সবার দ্বারা শ্রদ্ধা পাওয়া উচিত।)

136. **Man of parts** (গুণী ব্যক্তি -a virtuous or expert person)
Sher-e-Bangla was a man of parts. (শের-এ-বাংলা একজন গুণী ব্যক্তি ছিলেন।)

137. **Man of straw** (অপদার্থ -worthless man)
I don't like a man of straw. (আমি অপদার্থ মানুষকে পছন্দ করি না।)

138. **Man of words** (এক কথার লোক -a man who keeps his word)
We should respect a man of words. (আমাদের এককথার ব্যক্তিকে শ্রদ্ধা করা উচিৎ।)

139. **Man of light and leading** (নামকরা ব্যক্তি -renowned person)
The emperor, Akbar was a man of light and leading. (সম্রাট আকবর ছিলেন একজন নামকরা ব্যক্তি।)

140. **Moot point** (অমীমাংসীত বিষয় -an undecided matter)
The issue was a completely moot point. (বিষয়টি সম্পূর্ণরূপে অমীমাংসিত ছিল।)

141. **Muster strong** (বহু সংখ্যায় জড়ো হওয়া -to gather in a large number)
A lot of people mustered strong to see the criminal. (অনেক সংখ্যক মানুষ দুষ্কৃতিকারীকে দেখতে একত্রিত হয়েছিল।)

N- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

142. **Nip in the bud** (শুরুতে নষ্ট হওয়া/অঙ্কুরে বিনষ্ট হওয়া -destroy in the initial)
All his hopes were nipped in the bud after listening the result. (ফলাফলটি শোনার পর তার সমস্ত আশা ভরসা নষ্ট হয়েছিল।)

143. **Nick of time** (উপযুক্ত সময়ে -suitable time)
Our chief guest arrived in the nick of time. (আমাদের প্রধান অতিথি সঠিক/উপযুক্ত সময়ে পৌঁছেছিলেন।)

144. **Nook and corner** (আনাচে কানাচে -everywhere)
The old man found his lost stick in every nook and corner of the house. (বৃদ্ধ মানুষটি ঘরের প্রতিটি আনাচে কানাচে তার হারানো লাঠি খুঁজেছিল।)

145. **Null and void** (বাতিল -invalid)
Finally the old system has been declared null and void. (অবশেষে পুরোনো পদ্ধতিটি বাতিল ঘোষিত হয়েছে।)

O- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

146. **On the wane** (ক্রমহ্রাসমান -declining)
The price of essential commodities is not on the wane. (নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম কমছে না।)

147. **Out of danger** (বিপদমুক্ত -free from danger)
Now the patient is out of danger. (এখন রোগীটি সম্পূর্ণ বিপদ মুক্ত।)

148. **Out of date** (অপ্রচলিত, সেকেলে -old fashion)
The system is somewhat out of date. (পদ্ধতিটি কিছুটা সেকেলে।)

149. **Out and out** (সম্পূর্ণরূপে -thoroughly, in every way)
She is out and out a kind hearted woman. (সে সম্পূর্ণরূপে একজন দয়ালু ও বড় মনের মহিলা।)

150. **Out of sorts** (অসুস্থ -not well)
I could not attend the seminar because of my out of sorts. (আমার অসুস্থতার জন্য আমি সেমিনারে উপস্থিত হতে পারিনি।)

151. **Of one's own accord** (স্বেচ্ছায় -willingly)
A student should learn English of his/her own accord. (একজন ছাত্র/ছাত্রীর নিজ ইচ্ছায় ইংরেজি শেখা উচিৎ।)

152. **On and on** (ক্রমাগত -without stopping)
The workers are becoming inactive on and on. (কর্মীরা ক্রমাগতভাবে অকেজো/অকর্মঠ হচ্ছে।)

153. **On the spur of the moment** (ক্ষণিকের উত্তেজনাবশত -without previous thought)
All the students raised their thundered voice on the spur of the moment. (সকল ছাত্র/ছাত্রীরা ক্ষণিকের উত্তেজনাবসত বজ্রসম আওয়াজ করেছিল।)

154. **Over head and ears** (গভীর ভাবে/ সম্পূর্ণরূপে নিমজ্জিত -deeply)
A student should concentrate on his study over head and ears. (একজন ছাত্র/ছাত্রীর উচিৎ তার পড়াশোনায় গভীরভাবে মনোনিবেশ করা।)

P- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

155. **Part and parcel** (অবিচ্ছেদ্য অংশ -an integral part)
A library is a part and parcel of an ideal school. (একটি আদর্শ স্কুলের জন্য একটি গ্রন্থাগার অবিচ্ছেদ্য অংশ।)

156. **Pick up a quarrel** (ঝগড়া বাঁধানো -make a quarrel)
Stop picking up a quarrel with your friends. (বন্ধুর সাথে ঝগড়া বাঁধানো বন্ধ করো।)

157. **Play a trick** (প্রতারণা করা -deceive)
You should not play a trick with the innocent. (অসহায়দের সাথে তোমার প্রতারণা করা উচিৎ নয়।)

158. **Play truant** (স্কুল পালানো -flee from school)
An ideal student never play truant. (একজন আদর্শ ছাত্র/ছাত্রী কখনোই স্কুল থেকে পালায় না।)

159. **Point blank** (সরাসরি -directly)
He denied point black to help me. (সে সরাসরি আমাকে সাহায্য করতে অস্বীকার করেছিল।)

R- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

160. **Rag day** (শিক্ষা জীবনের শেষ দিন -a closing day)
Now the students of final semester are enjoying the rag day. (এখন শেষ বর্ষের ছাত্র/ছাত্রীরা শিক্ষা জীবনের শেষ দিনটি উপভোগ করছে।)

161. **Red letter day** (স্মরণীয় দিন –a memorable day)
The 16th December is a red letter day for Bangladeshi. (১৬ই ডিসেম্বর বাংলাদেশীদের জন্য একটি স্মরণীয় দিন।)

162. **Red tape** (অফিসিয়াল আনুষ্ঠানিকতা -official formalities)
The authority announced a day which is called a red tape day. (কর্তৃপক্ষ একটি দিনের ঘোষণা দিয়েছিল যা অফিসিয়াল আনুষ্ঠানিকতা দিবস।)

163. **Rack and ruin** (ধ্বংস -damage)
His uncontrolled lifestyle has made him rack and ruin. (তার অনিয়ন্ত্রিত জীবনযাপন তাকে ধ্বংস করেছে।)

164. **Read between the lines** (মর্মার্থ বোঝা -understand the significance)
I cannot read between the lines of the poem. (আমি কবিতার লাইনগুলোর মর্মার্থ বুঝিনা।)

S- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

165. Safe and sound (নিরাপদে -safe & healthy)
Finally my parents came to house safe and sound after completing Hajj. (অবশেষে হজ্ব কার্য শেষ করে আমার বাবা-মা নিরাপদে বাড়ি এসেছেন।)

166. Snake in the grass (লুকায়িত বিপদ -a hidden problem)
Be aware of a snake in the grass. (লুকায়িত বিপদ হতে সাবধান হও।)

167. Sine die (অনির্দিষ্টকাল -indefinite time)
The MLM office has been closed for sine die. (অনির্দিষ্টকালের জন্য এমএলএম (Multi Level Marketing) অফিস বন্ধ হয়েছে।)

168. Slow coach (অলস ব্যক্তি -an idle person)
A slow coach like you can not do the work on time. (তোমার মত অলস ব্যক্তি এই কাজটি সঠিক সময়ে করতে পারবে না।)

169. Soft soap (তোষামোদকারী -flattery for self motives)
You are a soft soap person to me. (তুমি আমার কাছে একজন তোষামোদকারী ব্যক্তি।)

170. Sprightly dance (প্রাণবন্ত নাচ -lively dance)
Her sprightly dance impressed all. (তার প্রাণবন্ত নাচ আমাদেরকে মুগ্ধ করেছিল।)

171. Square meal (পুষ্টিকর খাদ্য -nutritious food)
The child should need square meal. (শিশুটির পুষ্টিকর খাদ্য প্রয়োজন।)

172. Steer clear of (এড়িয়ে চলা -avoid)
You should not steer clear of the elder. (তোমার বড়দের এড়িয়ে চলা উচিৎ নয়।)

173. Sum and substance (সারমর্ম -summary)
The authority wants to know the sum and substance of the incident. (কর্তৃপক্ষ ঘটনাটির সারমর্ম জানতে চায়।)

174. Swan song (শেষ লেখা -last work)
Have you read the swan song of Rabindranath Tagore? (তুমি কি রবীন্দ্রনাথের শেষ লেখাটি পড়েছো?)

T- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

175. Take into account (বিবেচনা করা -consider)
The authority should take into account their proposals. (কর্তৃপক্ষের উচিৎ তাদের প্রস্তাবগুলোকে বিবেচনা করা।)

176. Take place (ঘটা -occur)
Our farewell program will take place in the first week of January. (জানুয়ারির প্রথম সপ্তাহে আমাদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।)

177. Take to heart (মর্মাহত হওয়া -cut to the quick)
He has taken to heart to hear the dreadful news. (সে ভয়ঙ্কও খরবটি শুনে মর্মাহত হয়েছে।)

178. Take to one's heels (পালিয়ে যাওয়া -to run away, to escape)
The criminal took to his heels at the sight of the police. (দুষ্কৃতিকারী পুলিশের নজর থেকে পালিয়েছে।)

179. Take to task (তিরস্কার করা -rebuke)
Vice President has taken to task us for our misdeed. (ভাইস প্রেসিডেন্ট আমাদের অপকর্মের জন্য তিরস্কার করেছে।)

180. Tall talk (বড় বড় কথা -boastful talk) = He always tall talks us. (সে সর্বদাই আমাদের সাথে বড় বড় কথা বলে।)

181. Through thick and thin (বাঁধা বিপত্তি সত্ত্বেও -through all difficulties)
A true friend will always remain beside you through thick and thin. (একজন সত্যিকার বন্ধু বাধা বিপত্তি সত্ত্বেও তোমার পাশে থাকবে।)

182. Tooth and nail (কঠোরহস্তে -strongly, desperately)
The chairman is judging tooth and nail. (চেয়ারম্যান কঠোরহস্তে বিচারকার্য করছেন।)

183. To kick the bucket (মারা যাওয়া -die)
Finally the murderer has been kicked the bucket in cross fire. (অবশেষে খুনীটি ক্রসফায়ারে মারা গেল।)

184. Turn a deaf ear (মনোযোগ না দেওয়া -to pay no attention)
The chairman turned a deaf ear to the victim's speech. (চেয়ারম্যান সমস্যাক্রান্ত ব্যক্তির কথায় মনোযোগ দিলেন না।)

185. Turn over a new leaf (নতুনত্বের সূচনা করা -begin a new phase of life)
Internet has turned over a new leaf in the history of modern world. (ইন্টারনেট আধুনিক পৃথিবীর ইতিহাসে নতুন দিনের সূচনা করেছে।)

186. Ten to one (খুব সম্ভব -very likely)
Ten to one he has got GPA-4.00. (খুব সম্ভবত সে জিপিএ-৪.০০ পেয়েছে।)

U- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

187. Up and doing (উদ্যোগী -active)
To get a good job, be up and doing in your studies. (একটি ভালো চাকুরি পেতে তুমি তোমার পড়াশোনায় উদ্যোগী হও।)

188. Up to date (অত্যাধুনিক -Up to the minute)
Now everyone is trying to be up to date with the passage of time. (এখন প্রত্যেকেই সময়ের সাথে সঙ্গতি রেখে আধুনিক হওয়ার চেষ্টা করছে।–

189. Utopian scheme (আকাশ-কুসুম কল্পনা -to build castles in the air)
Please do not think utopian scheme. (দয়া করে আকাশ কুসুম কল্পনা কর না।)

W- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

190. Weal and woe (সুখে-দুঃখে -in joy and sorrow)
I will be with you in well and woe. (আমি সুখে-দুঃখে তোমার পাশে থাকব।)

191. White elephant (দামী কিন্তু কার্যকর নয়/ অকেজো -a very costly or troublesome possession)
The lame horse is like a white elephant. (ল্যাংড়া ঘোড়াটি অকেজো জিনিসের মতো।)

192. Without delay (শীঘ্রই -soon)
They will attend the program without delay. (তারা শীঘ্রই অনুষ্ঠানে উপস্থিত হবে।)

193. Without fail (অবশ্যই/নিশ্চিত -certainly, definitely)
She will come back without fail. (সে অবশ্যই ফিরে আসবে।)

194. White lie (ছোট মিথ্যা -slight false)
The boy told a white lie to get rid of punishment. (শাস্তি থেকে বাঁচতে বালকটি ছোট একটি মিথ্যা বলেছিল।)

195. Widow's mite (গরীবের সামান্য দান -small contribution of a poor man)
We should evaluate the widow's mite. (গরীবের সামান্য দানকে আমাদের মূল্যায়ন করা উচিৎ।)

196. Wild goose chase (পন্ডশ্রম -useless pursuit)
It was like a wild goose chase. (এটা ছিল অনেকটা বৃথাশ্রম/পন্ডশ্রমের মত।)

197. Well off (সম্পদশালী -rich)
Now Mr. Bari is well off for his son. (এখন মি. বারি তার সন্তানের জন্য সম্পদশালী।)

198. Well to do (স্বচ্ছল -economically solvent)
He is a son of a well to do family. (সে একটি স্বচ্ছল পরিবারের সন্তান।)

199. With open arms (উষ্ণভাবে -warmly)
You are invited with open arms. (আপনি উষ্ণভাবে আমন্ত্রিত।)

Y- দিয়ে গুরুত্বপূর্ণ Phrase & Idiom

200. Yellow dog (হীন ব্যক্তি/নিচু মানসিকতা -dishonest person) = No one likes a yellow dog like you. (কেউই তোমার মতো নিচু মানসিকতার ব্যক্তিকে পছন্দ করে না।)

Most Important ১০০টি Idioms and Phrases

[Advanced Level]

Sl No.	Idiom	Meaning
01.	**Achilles heel**	দূর্বল জায়গা - a weak point
02.	**After one's own heart**	কারো পছন্দ মত-to one's own liking
03.	**All in**	ক্লান্ত - very tired
04.	**A fantasy**	কল্পিত গল্প - an imaginary story
05.	**An ordinance**	অধ্যাদেশ - a law
06.	**At daggers drawn**	শত্রুতা - a state of hostility
07.	**A green horn**	অনভিজ্ঞ মানুষ - an inexperienced man
08.	**All in once**	আকস্মিকভাবে - Suddenly
09.	**At a stretch**	একটানা - without break/without stopping
10.	**A man of letters**	জ্ঞানী ব্যক্তি -a scholar
11.	**Bottom Line**	গুরুত্বপূর্ণ বিষয় - the essential point
12.	**At the eleven hours**	শেষ মুহূর্তে -at the last moment
13.	**An apple of discord**	বিবাদের বিষয় - an object of dispute
14.	**A man of straw**	অকাজের লোক - a man with no substance
15.	**At a round rate**	একদাম - fixed price
16.	**At sixes and sevens**	এলোমেলো - random
17.	**At home**	দক্ষ - at ease
18.	**A bed of roses**	ফুলসজ্জা - a life only of joy and happiness
19.	**At all**	আদৌ - in any way
20.	**Bull market**	ক্রমবর্ধমানভাবে বেড়ে যাওয়া - rising
21.	**Greek and Latin**	কঠিন - difficult meaning
22.	**Boot leg**	চোরাচালানী -smuggle
23.	**Blue blood**	বংশীয় আভিজাত্য-aristocratic birth
24.	**Fits and starts**	অনিয়মিতভাবে-irregularly
25.	**Bolt from the blue**	বিনা মেঘে বজ্রপাত (হঠাৎ ঘটে যাওয়া কিছু)- something that happens suddenly
26.	**Bring to pass**	কোনো কিছু ঘটা-cause to happen
27.	**Bill of fare**	খাদ্য তালিকা - a list of dishes at restaurant
28.	**Maiden century**	প্রথম শতাব্দী- first century
29.	**Black and White**	লিখিতভাবে - in writing
30.	**Beggars description**	অবর্ণণীয় (বিশ্বাস করা অসম্ভব) – to be impossible to believe
31.	**Bring to book**	শাস্তি দেওয়া-rebuke/punish
32.	**Head is in the clouds**	দিবাস্বপ্ন দ্রষ্টা-a day dreamer
33.	**By virtue of**	গুণে/বদৌলতে - instead
34.	**Burning question**	গুরুত্বপূর্ণ বিষয় - an important question/issue
35.	**A black Sheep**	কুলাঙ্গার - a worthless person
36.	**By leaps and bounds**	দ্রুতগতিতে-rapidly
37.	**By turns**	পর্যায়ক্রমে-gradually
38.	**Brush up**	গবেষণালব্ধ জ্ঞান - improve one's previous knowledge by study

Sl No.	Idiom	Meaning
39.	Hold water	উত্তীর্ণ হওয়া-bear examination
40.	Buoyant health	সুস্বাস্থ্য-sound health
41.	Hard and fast	বাঁধাধরা - fixed
42.	Brought to light	প্রকাশিত হওয়া - revealed
43.	The bone of contention	চিরবিবাদ-eternal conflict
44.	Bear market	মন্দা বাজার-Recession market
45.	A bird brain	বোকা-a fool
46.	Capital punishment	মৃত্যুদণ্ড-death penalty
47.	Cut and dry	পূর্ব নির্ধারিত- already decided / fixed
48.	Catch sight of	নজরে আসা- see for a moment
49.	Below the salt	নিম্নমানের-lowly
50.	Call to mind	স্মরণ করা-remember
51.	Dead letter	অচল-law not in force
52.	Catch a tartar	শক্তিশালী প্রতিপক্ষের সম্মুখীন হওয়া- meet a powerful opponent
53.	Cock and Bull story	আষাঢ়ে গল্প-absurd and unlikely story
54.	Cats and dogs	মুষলধারে- something happened at once
55.	Call names	তিরস্কার করা- Rebuke
56.	Cooking the accounts	মিথ্যা নথিপত্র-preparing false accounts
57.	Cat's sleep	ঘুমের ভান- pretension of sleep
58.	To do away with	মুক্তি পাওয়া - to get rid of
59.	dilly-dally	সময় নষ্ট করা- waste time
60.	Dog days	গরম আবহাওয়া- hot weather
61.	A dark horse	অদ্ভুত ব্যক্তি-strange man
62.	To end in smoke	ব্যর্থতায় পর্যবসিত হওয়া- to come to nothing
63.	Every inch	শুরু থেকে শেষ- top to bottom
64.	Hard-drinking	প্রচুর মদ্যপান করা-drinking a lot of alcohol
65.	For good	চিরতরে- permanently
66.	hole and corner	দুর্নীতি করা- doing something unfair in a competition
67.	To fight shy of	বেকার- unemployed
68.	Few and far between	খুব কম- very few
69.	A flying visit	অল্প সময়ের পরিদর্শন- A very short visit

Sl No.	Idiom	Meaning
70.	To keep one's head	শান্ত করা- to keep calm
71.	Keep your chin up	সাহসের সঙ্গে এগিয়ে চলা-be brave
72.	To get along with	মানিয়ে নেয়া-to adjust
73.	A gala day	আনন্দের দিন-a day of festivity
74.	Go to dogs	গোল্লায় যাওয়া- be ruined
75.	A hard nut to crack	বড় শক্ত ব্যক্তি-difficult person
76.	Give a hand	সাহায্যের হাত বাড়ানো- to help
77.	In a fix	হতভম্ব/উভয় সংকট- wangers from two directions
78.	Kith and kin	আত্মীয়-স্বজন- blood relations/relatives
79.	Growing up socially	সমাজবদ্ধ জীবন-to live in a society
80.	Go all out	কঠিন চেষ্টা-trying hard
81.	Head over heels in love	অনেক বেশী ভালবাসা-loving somebody very much
82.	A maiden speech	প্রথম বক্তৃতা- first speech
83.	Lead story	গুরুত্বপূর্ণ সংবাদ- important news in newspaper
84.	Look blank	অবাক হওয়া- bewildered
85.	To make good	ক্ষতিপূরণ করা- to compensate
86.	Out and Out	সম্পূর্ণরূপে- thoroughly
87.	Swan song	শেষ কর্ম- last work
88.	To cut the crack	কথা বন্ধ করে আবার শুরু- to stop talking and starting
89.	Tooth and nail	প্রচন্ড চেষ্টা- tried hard
90.	A white lie	ক্ষতি নয় এমন মিথ্যা- harmless lie
91.	Evil days	দুর্ভাগ্যের সময়কাল-a period of misfortune
92.	Foul play	প্রতারণা- cheating
93.	Cat and dog life	ঝগড়া-বিবাদে পূর্ণ জীবন-life full of quarrels
94.	Be in a tight corner	কঠিন পরিস্থিতিতে-in a very difficult situation
95.	Sitting on the fence	সিদ্ধান্তের বিষয়ে দ্বন্দ্ব-hesitate between two decisions
96.	In high spirits	খুব উৎফুল্ল/খুশি-very happy
97.	A brown study	নিজস্ব চেতনায় অমনোযোগী ভাব-dreaming/ Inattentive feeling
98.	Pay off old scores	প্রতিশোধ নেওয়া-take revenge
99.	Alpha and omega	শুরু এবং শেষ-the beginning and the end
100.	An acid test	একটি জটিল পরীক্ষা-a critical test

Basic Sentence Structures

ইংরেজি বাক্য তৈরি করার আত্মবিশ্বাস দেবে এই lesson টি। Grammar-এর খুঁটিনাটি বিষয়গুলো জানার পরেও বাক্য গঠনের সুনির্দিষ্ট structure আয়ত্তে না থাকার কারণে একজন শিক্ষার্থী নির্ভুল ইংরেজি বাক্য লিখতে পারে না। এই অধ্যায়ে ইংরেজি বাক্য তৈরিতে ব্যবহার হয় এমন মৌলিক structure নিয়ে আলোচনা করা হয়েছে। এগুলো বুঝে পড়লে এবং তা আয়ত্তে থাকলে একজন শিক্ষার্থী Freehand Writing এবং Spoken English-এ দারুণভাবে উপকৃত হবে।

উল্লেখ্য, আলোচনাটির শিরোনাম Basic দিয়ে শুরু হলেও আসলে এটি advanced Level-এর আলোচনা। Basic Level ভালোভাবে দখলে না থাকলে এই অধ্যায়টি অনেকক্ষেত্রে কঠিন মনে হতে পারে।

☑ Assertive

Structure-01:

Subject + verb (intransitive)

অর্থাৎ Subject হিসেবে Noun/Pronoun/Noun Phrase বসতে পারে এবং তারপরে intransitive verb (int.v) বসবে।

For examples:

i. Mim dances. (মিম নাচে।)
ii. She sleeps. (সে ঘুমায়।)
iii. The little girl laughs. (ছোট মেয়েটি হাসে।)
iv. He died. (সে মারা গেছে।)
v. It snows. (তুষারপাত হয়।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু Intransitive Verb:

Agree - সম্মত হওয়া	Lie - মিথ্যা কথা	Shout - চিৎকার করা
Appear - দৃশ্যমান হওয়া	Limp - খুঁড়িয়ে হাঁটা	Sigh - দীর্ঘশ্বাস ফেলা
Arrive - গন্তব্যে পৌছানো	Listen - মনোযোগসহ শোনা	Sit - বসা
Belong - স্বত্বাধীন হওয়া	Live - বসবাস করা	Skip - হালকাভাবে লাফানো
Collapse - ভেঙে পড়া	Look - তাকানো	Sleep - ঘুমানো
Consist - গঠিত হওয়া	March - চলা	Slide - পিছলে যাওয়া
Cost - দাম হওয়া	Mourn - শোক করা	Smell - গন্ধ পাওয়া
Cough - কাঁশি	Move - নড়ানো, সরানো	Smile - মৃদু হাসি দেওয়া
Cry - কাঁদা	Occur - ঘটা	Snarl - কর্কশ কণ্ঠে কথা বলা
Depend - নির্ভর করা	Pause - বিরতি নেওয়া	Sneeze - হাঁচি দেওয়া
Die - মারা যাওয়া	Peep - চতুর দৃষ্টিতে দেখা	Soak - ভিজে যাওয়া, সিক্ত হওয়া
Disappear - অদৃশ্য হওয়া	Pout - ঠোঁট বাঁকানো/ ফোলানো	Spin - সুতা কাটা
- বেরিয়ে আসা	Pray - প্রার্থনা করা	Spit - থুতু ফেলা

Exist - বিদ্যমান থাকা	Recline - হেলান দেওয়া	Squeak - ক্যাঁচক্যাঁচ শব্দ করা
Explode - উচ্চরবে বিস্ফোরিত হওয়া	Relax - শিথিল হওয়া	Stagger - নড়াচড়া করা
	Relent - সদয় হওয়া	Stand - দাঁড়ানো
Fade - সজীবতা হারানো	Remain - অবশিষ্ট/বাকি থাকা	Stay - থাকা/অবস্থান
Fall - পড়ে যাওয়া	Result - ফলে যাওয়া	Swim - সাঁতার কাটা
Fast - উপবাস করা	Revolt - বিদ্রোহ করা	Wait - অপেক্ষা করা
Float - ভাসা	Rise - ওঠা	Wake - কিংবা
Fly - ওড়া	Roll - গড়িয়ে দেওয়া/গড়ানো	Walk - পদচারণা করা
Gallop - দ্রুত অগ্রসর হওয়া	Run - পরিচালনা করা, চালান	Wander - উদ্দেশ্যহীনভাবে ঘুরে বেড়ানো
Go - যাওয়া, চলা	Rush - তীব্র বেগে ছুটে যাওয়া/ধেয়ে আসা	Wave - দোলা
Grow - জন্মানো/বৃদ্ধি পাওয়া	Scream - তীব্র চিৎকার বা আর্তনাদ করা	Whirl - ঘুরপাক খাওয়া
Happen - সংঘটিত হওয়া	Shake - ঝাঁকা/ঝাঁকানো/ নাড়া	Wiggle - নড়াচড়া করা, নাড়ানো
Inquire - প্রশ্ন করা	Swing - দোলা বা দোলানো	Work -কাজ করা
Jump - লাফ দেওয়া	Twist - পাকানো	Yell - চেঁচিয়ে ওঠা
Kneel - হাঁটু গেড়ে বসা	Vanish - হঠাৎ অদৃশ্য হওয়া	
Last - টেকা, টেকসই হওয়া	Vomit - বমি করা	
Laugh - শব্দ করে হাসা	Wade - অতি কষ্টে চলা	
Lean - হেলে যাওয়া/ হেলা		
Leap - লাফ দেওয়া		
Learn - শেখা, জ্ঞানার্জন করা		

Structure-02:

Subject+ verb (intransitive)+adverbial/adjunct

অর্থাৎ Subject এবং verb দিয়ে এখানে শেষ হবে না, পরবর্তীতে adverbial/adjunct দরকার হয়।

For examples:

i. He is walking in the play ground. (সে মাঠের মধ্যে হাঁটছে।)
ii. The man works in the factory. (লোকটি কারখানায় কাজ করে।)
iii. She slept on the floor. (সে মেঝেতে ঘুমিয়ে ছিল।)
iv. I am reading at home. (আমি বাসায় পড়ছি।)
v. The boy is coming here. (বালকটি এখানে আসছে।)

উল্লেখিত বাক্যগুলোতে verb এর পরের অংশটুকু adverbial/adjunct

Structure-03:

Subject + Verb (linking verb)+complement

অর্থাৎ subject এবং complement এর মাঝে থাকা verb টি linking verb/copula verb।

For examples:

i. Everything seemed normal. (সবকিছু স্বাভাবিক লাগছিল।)

ii. You look worried. (তোমাকে দেখে বিষন্ন মনে হয়।)
iii. The man went mad. (লোকটা পাগল হয়ে গিয়েছিল।)
iv. I am your big fan. (আমি আপনার বড় ভক্ত।)
v. All the audience kept silent. (সব দর্শক চুপ করে ছিল।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু Linking verb:

appear	- দৃশ্যমান হওয়া	taste	- স্বাদ নেওয়া
look	- প্রতীয়মান হওয়া	turn	- ঘোরা/ফেরা
seem	- মনে হওয়া/বোধ হওয়া	feel	- উপলব্ধি করা
indicate	- নির্দেশ করা	sound	- শব্দ করা
grow	- জন্মানো	get	- হওয়া, অবস্থান্তরে যাওয়া
go	- হয়ে যাওয়া	come	- পরিণত হওয়া
stay	- থাকা, অবস্থান করা	become	- হয়ে আসা
keep	- রাখা	prove	- প্রমাণিত করা
remain	- থাকা	act	- কিছু করা, কাজ করা, সক্রিয় হওয়া
smell	- গন্ধ পাওয়া	be verb (am/is/are/was/were)	

Structure-04:

Subject + Verb (factitive verb)+object+ complement

অর্থাৎ object পরবর্তী আর কিছু না বসালে এই ধরনের বাক্য পূর্ণতা পায় না। এক্ষেত্রে উল্লেখিত verb টি main verb বা factitive verb হয়।

For examples:

i. He made me captain. (সে আমাকে অধিনায়ক বানিয়েছিল।)
ii. We call him our king. (আমরা তাকে আমাদের রাজা বলে ডাকি।)
iii. All elected me president. (সবাই আমাকে সভাপতি নির্বাচিত করেছিল।)
iv. We found it easy. (আমরা এটাকে সহজভাবে দেখেছিলাম।)
v. The committee named Mr. Benoy chairman of the board.
(কমিটি মিঃ বিনয় কে বোর্ডের চেয়ারম্যান মনোনীত করেছিল।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু Factitive verb:

elect, appoint, make, choose, deem, assign, name, select, judge, call, crown, label, designate.

Structure-05:

Subject + verb (transitive verb) + object

For examples:

i. She cooks rice. (সে ভাত রান্না করে।)
ii. They met me. (তারা আমার সাথে দেখা করেছিল।)

iii. The little girl is making tea. (ছোট মেয়েটি চা বানাচ্ছে।)
iv. Everyone congratulated him. (সবাই তাকে অভিনন্দন জানিয়েছিল।)
v. He has finished his work. (সে তার কাজ শেষ করেছে।)

Structure-06:

Subject + verb (transitive verb) +Indirect object + Direct object

For examples:

i. He asked me the real reason. (সে আমাকে আসল কারণ জিজ্ঞেস করেছিল।)
ii. I gave my friend a pen. (আমি আমার বন্ধুকে একটি কলম দিয়েছিলাম।)
iii. The teacher gave us advice. (শিক্ষক আমাদেরকে উপদেশ দিয়েছিলেন।)
iv. I paid him the money. (আমি তাকে টাকা দিয়েছিলাম।)
v. He told me the details of the incident. (সে আমাকে ঘটনার বিস্তারিত বলেছিল।)

Structure-07:

Subject + verb (transitive verb) + Direct object + Preposition+ Indirect object

For examples:

i. I gave a pen to my friend. (আমি আমার বন্ধুকে একটি কলম দিয়েছিলাম।)
ii. The teacher gave advice to us. (শিক্ষক আমাদেরকে উপদেশ দিয়েছিলেন।)
iii. I paid the money to him. (আমি তাকে টাকা পরিশোধ করেছিলাম।)
iv. He told the details of the incident to me. (সে আমাকে ঘটনার বিস্তারিত বলেছিল।)
v. Father brought a gift for me. (বাবা আমার জন্য একটি উপহার নিয়ে এসেছিলাম।)

Structure-08:

Subject + verb (intransitive verb)+adverbials

For examples:

i. They run in the open field. (তারা ফাঁকা মাঠে দৌড়ায়।)
ii. We sleep on the floor. (আমরা মেঝেতে ঘুমাই।)
iii. Birds fly freely. (পাখিরা স্বাধীনভাবে উড়ে বেড়ায়।)
iv. The passengers arrived on time. (যাত্রীরা সঠিক সময়ে পৌছেছিল।)
v. They all came here. (তারা সবাই এখানে এসেছিল।)

Structure-09:

Subject + verb + infinitive /infinitive phrase

For examples:

i. I want to sleep. (আমি ঘুমাতে চাই।)
ii. She likes to meet foreigners. (সে বিদেশিদের সঙ্গে দেখা করতে পছন্দ করে।)
iii. I promise to help you. (আমি প্রতিজ্ঞা করছি তোমাকে সাহায্য করবো।)
iv. I forgot to reach there on time. (আমি সেখানে যথাসময়ে পৌছতে ভুলে গিয়েছিলাম।)
v. They refused to give the chance. (তারা সুযোগ দিতে অস্বীকার করেছিল।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু verb, যেগুলোর পর infinitive বসে:

afford	- সামর্থ্য থাকা	long	- আকাঙ্ক্ষা করা
agree*	- রাজি হওয়া	like	- পছন্দ করা
aim	- তাক করা	manage	- নিয়ন্ত্রণ করা
appear**	- দৃষ্টিগোচর হওয়া	offer	- প্রস্তাব করা
arrange*	- সাজিয়ে রাখা	prepare	- প্রস্তুত করা
want	- প্রয়োজন হওয়া	pretend	- ভান করা
bother	- বিরক্ত করা	proceed	- অগ্রসর হওয়া
care	- গ্রাহ্য করা	promise*	- প্রতিশ্রুতি দেওয়া, কথা দেওয়া
claim*	- দাবি করা	propose	- প্রস্তাব দেওয়া
consent	- রাজি হওয়া	prove	- প্রমাণ করা
decide*	- রায় দেওয়া/ মীমাংসা করা	refuse	- প্রত্যাখ্যান করা
demand*	- চাওয়া/ দাবি করা	seek	- খোঁজা
determine*	- দৃঢ় সংকল্প করা	resolve*	- সিদ্ধান্ত গ্রহণ করা
fail	- ব্যর্থ হওয়া	seem**	- মনে হওয়া
forget	- ভুলে যাওয়া	strive	- সংগ্রাম করা
guarantee*	- জামিন হওয়া	swear*	- শপথ করে বলা
happen*	- ঘটা	tend	- তত্ত্বাবধান করা
hasten	- দ্রুত করা	threaten	- হুমকি দেওয়া
hesitate	- দ্বিধা/ইতস্তত করা	trouble	- দুশ্চিন্তায় ফেলা
hope*	- আশা/ভরসা/প্রত্যাশা করা	undertake	- দায়িত্ব গ্রহণ করা
learn	- শেখা, জ্ঞানার্জন করা	vow*	- প্রতিজ্ঞা করা

(*) চিহ্ন দেওয়া verb-এর পর infinitive এবং gerund উভয়ই হয়।

Structure-10:

Subject +verb + object + infinitive/infinitive phrase

For examples:

i. He ordered me to go there. (সে আমাকে সেখানে যাওয়ার নির্দেশ দিলেন।)
ii. The old man suggested me to follow that way. (বৃদ্ধ মানুষটি আমাকে সেই পথে চলার পরামর্শ দিলেন।)
iii. A teacher advises his students to be attentive on their lesson.
(একজন শিক্ষক তার ছাত্রদের তাদের পাঠের প্রতি মনোযোগী হওয়ার পরামর্শ দেন।)
iv. None helped him to go ahead. (কেউ তাকে সামনে এগিয়ে যেতে সাহায্য করেনি।)
v. They asked me to explain the incidents. (তারা আমাকে ঘটনাগুলো ব্যাখ্যা করতে বলেছিল।)

Structure-11:

Subject +verb + object + bare infinitive/bare infinitive phrase

For examples:

i. I ordered him to leave the place. (আমি তাকে স্থানটি ছাড়তে আদেশ করেছিলাম।)
ii. We saw the thief flee. (আমরা চোরটিকে পালিয়ে যেতে দেখেছিলাম।)
iii. Let him tell. (তাকে বলতে দাও।)
iv. I heard him sing a sweet song. (আমি তাকে সুমিষ্ট গান গাইতে শুনেছিলাম।)
v. She has made me cry. (সে আমাকে কাঁদিয়েছে।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু verb যেগুলোর পর bare infinitive বসে:

bid, let, make, see, hear, need, dare

Structure-12:

Subject + verb + Gerund

For examples:

i. I can not imagine living in that big house. (আমি ভাবতে পারছি না ওই বৃহৎ ঘরে থাকার কথা।)
ii. The little baby began crying. (ছোট শিশুটি কাঁদতে শুরু করলো।)
iii. We denied going there. (আমরা সেখানে যাওয়ার কথা অস্বীকার করেছিলাম।)
iv. I enjoy reading books. (আমি বই পড়ে আনন্দ পাই।)
v. Stop talking like a fool. (মূর্খের মতো কথা বলা বন্ধ করো।)

☐ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং বেশি দৃশ্যমান কিছু verb যেগুলোর পর Gerund (verb + ing) বসে

advise- উপদেশ দেওয়া, allow- অনুমতি দেওয়া, appreciate- সঠিকভাবে মূল্যায়ন করা, avoid- এড়িয়ে যাওয়া, begin- শুরু করা, cease- থামা, complete- সম্পূর্ণ করা, consider- ভাবা, continue- চলতে থাকা, defend- রক্ষা করা, delay- দেরি করা, deny- অস্বীকার করা, despise- অবজ্ঞা করা, discuss- আলোচনা করা, dislike- অপছন্দ করা, don't mind- কিছু মনে না করা, dread- আতঙ্কিত হওয়া, encourage- উৎসাহিত করা, enjoy- উপভোগ করা, finish- শেষ করা, forget- ভুলে যাওয়া, hate- ঘৃণা করা, neglect- অবহেলা করা, involve- জড়িত করা, keep- রাখা, like- পছন্দ করা, love- ভালোবাসা, mention- উল্লেখ করা, mind- মনোযোগ দেওয়া, miss- ব্যর্থ হওয়া, need- প্রয়োজন হওয়া, imagine- কল্পনা/মনে করা, permit- অনুমতি দান করা, postpone- স্থগিত করা, prefer- অধিকতর পছন্দ করা, propose- প্রস্তাব দেওয়া, recall-স্মরণ করা, recommend- সুপারিশ করা, regret- অনুতপ্ত হওয়া, remember- মনে করা, try- চেষ্টা করা, understand- বোঝা, require- দরকার পড়া, resent- অসন্তুষ্ট হওয়া, resist- বিরোধিতা করা, risk- ঝুঁকি নেওয়া, start- শুরু করা, stop- থামিয়ে দেওয়া, suggest- পরামর্শ দেওয়া, tolerate- সহ্য করা, report- বিবরণ দেওয়া।

উল্লেখিত শব্দগুলোর মধ্যে যেগুলোর পর gerund ও Infinitive উভয় হতে পারে :

Begin- শুরু করা, Keep- রাখা, Forget- ভুলে যাওয়া, Regret- অনুতপ্ত হওয়া, Need- প্রয়োজন হওয়া, Dread- আতঙ্কিত হওয়া, Try- চেষ্টা করা, Stop- থামিয়ে দেওয়া, Start- শুরু করা, Remember- মনে করা

Structure-13:

Subject + verb + object + participle

For examples:

i. I saw the man drawing a picture. (আমি লোকটিকে ছবি আঁকছে দেখলাম।)
ii. They find me doing something. (তারা আমাকে কিছু করতে দেখে।)
iii. I heard someone singing. (আমি কোন একজনকে গান গাইতে শুনেছিলাম।)
iv. We watched the little girl playing. (আমরা ছোট মেয়েটিকে খেলতে দেখেছিলাম।)
v. I noticed the man coming to us. (আমি লোকটিকে আমাদের দিকে আসতে দেখেছিলাম।)

Structure-14:

Subject + verb + object + past participle adjective

For examples:

i. I had the broken chair fixed. (আমি ভাঙ্গা চেয়ারটি ঠিক করিয়েছিলাম।)
ii. I want to get the TV repaired. (আমি টেলিভিশনটি মেরামত করাতে চাই।)
iii. He did not get her teeth checked. (সে তার দাঁতগুলো পরীক্ষা করিয়ে নেয়নি।)
iv. We found the gate opened. (আমরা দরজাটি খোলা দেখেছিলাম।)
v. I heard it described. (আমি এটা বর্ণনা করতে শুনেছি।)

Structure-15:

Introductory (There) + verb + subject + adverbials

For examples:

i. There is a big mosque in the village. (গ্রামের মধ্যে বড় একটি মসজিদ আছে।)
ii. There is a big problem in you. (তোমাদের ভেতরে বড় একটি সমস্যা বিদ্যমান।)
iii. There are lots of winter birds around the trees. (গাছের চারপাশে অনেক শীতকালীন পাখি আছে।)
iv. There are some unwanted people on the program. (অনুষ্ঠানে কিছু অযাচিত মানুষ আছে।)
v. There lived an old minister in the palace. (রাজপ্রাসাদে একজন বয়স্ক মন্ত্রী বাস করত।)

Structure-16:

Introductory (It) + verb (linking verb) + complement

For examples:

i. It was out of control. (এটা ছিল নিয়ন্ত্রণের বাহিরে।)
ii. It is not a common incident. (এটা কোন সাধারণ ঘটনা নয়।)
iii. It is your turn. (এবার তোমার পালা।)
iv. It is my promise. (এটা আমার ওয়াদা।)
v. It was a real incident. (এটা সত্য ঘটনা ছিল।)

☑ Interrogative

Structure-01:

Aux.Verb (Be verb) + subject + complement?

For examples:

i. Is this your room? (এটা কি তোমার কক্ষ?)
ii. Was he in danger? (সে কি বিপদের মধ্যে ছিল?)
iii. Are you happy? (তুমি কি খুশি?)
iv. Is he scared? (সে কি ভীত?)
v. Are they worried? (তারা কি চিন্তিত?)

Structure-02:

Aux.Verb (Have verb) + subject + main verb/v3+extension?

For examples:

i. Have you finished your work? (তুমি কি তোমার কাজ শেষ করেছ?)
ii. Has he known the incident? (সে কি ঘটনাটি জেনেছে?)
iii. Have they complained to the boss? (তারা কি বসের কাছে অভিযোগ জানিয়েছে?)
iv. Have you met him? (তুমি কি তার সাথে সাক্ষাৎ করেছ?)
v. Has he obtained a good result? (সে কি ভাল ফলাফল করেছে?)

Structure-03:

Aux.Verb (Do verb) + subject + main verb + extension?

For examples:

i. Do they speak English? (তারা কি ইংরেজিতে কথা বলে?)
ii. Does he lie? (সে কি মিথ্যা বলে?)
iii. Do they play? (তারা কি খেলে?)
iv. Does the baby sleep? (শিশুটি কি ঘুমায়?)
v. Did he call you? (সে কি তোমাকে ডেকেছিল?)

Structure-04:

Wh.Questions + aux.verb + subject + main verb + object?

For examples:

i. How can I help you? (কীভাবে আমি আপনাকে সাহায্য করতে পারি?)
ii. When will you reach there? (তুমি কখন সেখানে পৌছাবে?)
iii. What is she cooking? (সে কি রান্না করছে?)
iv. Why are you laughing? (তুমি কেন হাসছো?)
v. What will you do? (তুমি কি করবে?)

Structure-05:
Wh.Questions + aux.verb (do verb) + subject + main verb ?
For examples:
i. How do you manage them? (তুমি কিভাবে তাদেরকে পরিচালনা করো?)
ii. What do you want? (আপনি কি চান?)
iii. Where does he live? (সে কোথায় বাস করে?)
iv. Why did they make a noise? (তারা কেন গোলযোগ করেছিল?)
v. When did you go there? (কখন তুমি সেখানে গিয়েছিলে?)

Structure-06:
Wh.Questions (Who/What)+ aux.verb (be verb) + subject ?
For examples:
i. What is your father? (তোমার বাবা কি করে?)
ii. Who are you? (তুমি কে?)
iii. Who is your favorite person? (তোমার প্রিয় ব্যক্তি কে?)
iv. What is he? (সে কি করে?)
v. Who is he? (সে কে?)

☑ Imperative

Structure-01:
Verb (intransitive)+full stop
For examples:
i. Go.(যাও/যান।)
ii. Sleep. (ঘুমাও/ঘুমান।)
iii. Move. (এগিয়ে চলো।)
iv. Run. (দৌড়াও।)
v. Wait. (অপেক্ষা করো।)

Structure-02:
Verb (intransitive) + adverb
For examples:
i. Go fast. (দ্রুত যাও।)
ii. Sleep on the floor. (মেঝেতে ঘুমাও।)
iii. Move freely. (মুক্তভাবে সামনে চলো।)
iv. Run slowly. (আস্তে দৌড়াও।)
v. Wait here. (এখানে অপেক্ষা করো।)

Structure-03:
Verb (transitive) +object
For examples:
i. Close your eyes. (তোমার চোখ বন্ধ করো।)
ii. Help the poor. (গরিবকে সাহায্য করো।)
iii. Open the door. (দরজাটি খোলো।)
iv. Extend a helping hand. (সাহায্যের হাত বাড়িয়ে দাও।)
v. Read the poem. (কবিতাটি পড়ো।)

Structure-04:
Verb (transitive) + object + adverb
For examples:
i. Close your eyes carefully. (সাবধানে তোমার চোখ বন্ধ করো।)
ii. Help the poor generously. (গরিবদের সাহায্য করো উদারভাবে।)
iii. Open the door quietly. (আস্তে করে দরজা খোলো।)
iv. Extend a helping hand there. (সেখানে সাহায্যের হাত বাড়িয়ে দাও।)
v. Read the poem attentively. (কবিতাটি মনোযোগ দিয়ে পড়ো।)

Structure-05:
Verb (transitive) + indirect object + direct object
For examples:
i. Give him his pen. (তাকে তার কলমটি দাও।)
ii. Ask him the correct answer. (তাকে সঠিক উত্তর জিজ্ঞাসা করো।)
iii. Teach them the ideal lesson. (তাদেরকে আদর্শ শিক্ষা দাও।)
iv. Send him an SMS. (তাকে একটি এসএমএস পাঠাও।)
v. Show me your CV. (আমাকে তোমার জীবনবৃত্তান্ত দেখাও।)

Structure-06:
Please/kindly + verb + extension
For examples:
i. Please focus on your work. (দয়া করে নিজের কাজে মনোযোগ দাও।)
ii. Kindly take your seat here. (দয়া করে এখানে বসুন।)
iii. Please give me a cup of tea. (দয়া করে আমাকে এক কাপ চা খাওয়ান।)
iv. Kindly extend your helping hand. (দয়া করে আপনার সাহায্যের হাত বাড়ান।)
v. Please come with me. (দয়া করে আমার সাথে চলুন।)

Structure-07:
Let + object + verb + extension

For examples:

i. Let me say something. (আমাকে কিছু বলতে দাও।)
ii. Let him go. (তাকে যেতে দাও।)
iii. Let him come here. (তাকে এখানে আসতে দাও।)
iv. Let them take rest for a while. (তাদেরকে একটু বিশ্রাম নিতে দাও।)
v. Let me remember the real thing. (আমাকে আসল বিষয়টি মনে করতে দাও।)

Structure-08:

Do not(don't)/Never + verb + extension.

For examples:

i. Don't be upset by his words. (তার কথায় মন খারাপ করোনা।)
ii. Never tell a lie. (কখনো মিথ্যা বলো না।)
iii. Don't talk too much. (বেশি কথা বলোনা।)
iv. Do not impose your opinion on others. (নিজের মতামত অন্যের উপর চাপিয়ে দিও না।)
v. Never believe a liar. (মিথ্যাবাদীকে কখনোই বিশ্বাস করো না।)

☑ Optative

Structure-01:

May/Wish+subject+verb+object/adverbial

For examples:

i. May you be happy in your life. (তুমি তোমার জীবনে সুখী হও।)
ii. Wish you a brilliant result. (তোমার উজ্জ্বল ফলাফল কামনা করি।)
iii. May Allah reward you well. (আল্লাহ তোমাকে উত্তম প্রতিদান দিক।)
iv. Wish you a very successful life. (আপনার সফল জীবন কামনা করছি।)
v. May you reach your goal. (তুমি তোমার লক্ষ্যে পৌছাও।)

☑ Exclamatory

Structure-01:

Exclamatory word + sub + verb + object/complement/adverbials

For examples:

i. Hurrah! we are free from danger. (কি আনন্দ ! আমরা বিপদ থেকে মুক্ত।)
ii. Alas! he lost his mother at a young age. (দুঃখের বিষয়! সে অল্প বয়সে মাকে হারিয়েছে।)
iii. Fie! you are so bad. (ছি! তুমি এত খারাপ।)
iv. Bravo! You have done the right thing. (সাবাস! তুমি ঠিক কাজ করেছো।)
v. Wow! you have got two prizes. (অবাক বিষয়! তুমি দুইটি পুরস্কার পেয়েছো।)

Structure-02:

What/How + complement + subject + verb (linking verb)!

For examples:

i. What a beautiful landscape it is/was! (কি সুন্দর প্রাকৃতিক দৃশ্য (এটা)!)
ii. How stupid you all are! (তোমরা সবাই কত বোকা!)
iii. What a beautiful song it was! (এটা কতই না সুন্দর গান ছিল!)
iv. How awfully my hair is falling out ! (কি ভীষণভাবে আমার চুলগুলো ঝরে পড়ছে!)
iv. What a terrible picture it is! (এটা কতইনা ভয়ঙ্কর ছবি!)

Essential Translations

ইংরেজিতে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় যে ধরনের বাক্য তার কিছু নমুনা ইংরেজি translation দেওয়া হলো। এইগুলো বুঝে পড়লে এগুলোর মত করে আরো অনেক translation করা সম্ভব।

☑ Gerund based:

Verb + ing = Gerund, যা noun এর অবস্থানে বসে।

For example:

১. সকালে হাঁটা একটি ভাল ব্যায়াম। = Walking in the morning is a good exercise.
২. ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। = Smoking is injurious/harmful to health.
৩. মিথ্যা বলা ভালো নয়। = Telling lie is not good.
৪. লেখা বন্ধ করো। = Stop writing.
৫. পত্রিকা পড়া নিঃসন্দেহে ভাল অভ্যাস। = Reading newspaper is absolutely a good habit.
৬. সে রোমাঞ্চকর বই পড়তে ভালবাসে। = She loves reading thrilling books.
৭. পড়া তার প্রিয় কাজ। = His favorite activity is reading.
৮. তার প্রিয় শখ গান গাওয়া। = Her favorite hobby is singing.
৯. সে দ্রুত ভিক্ষাবৃত্তি অবলম্বন করল। = He quickly resorted to begging.
১০. ছুটির দিন পরিবার পরিদর্শনের জন্য উপযুক্ত। = Holidays are perfect for visiting family.
১১. বক্তৃতা দেওয়া বেশিরভাগ মানুষের জন্য কঠিন। = Giving speeches is hard for the most people.
১২. পুরোনো কয়েন সংগ্রহ করা আমার প্রিয় শখগুলোর মধ্যে একটি। = Collecting old coins is one of my favorite hobbies.

☑ Participle based:

Verb + ing = present participle, যা adjective-এর অবস্থানে বসে।

V3/Past participle form of verb = Past participle যা adjective এর অবস্থানে বসে।

Having + v3 = Perfect participle, যা adjective-এর অবস্থানে বসে।

For example:

১. ঘুমন্ত কুকুরকে ঘুমাতে দাও। = Let the sleeping dog sleep.
২. ঘুমন্ত শিশুকে ঔষধ খাওয়াবেন না। = Do not give medicine to a sleeping baby.

৩. তোমার জন্য অপেক্ষা করার সময় আমি নতুন কিছু জানতে পেরেছিলাম। = Waiting for you, I learnt something new.
৪. রান্না করার আগে তোমার হাত ধুয়ে নেওয়া উচিত। = Before cooking, you should wash your hands.
৫. মেয়েটি পড়তে ভালবাসে জেনে তার বাবা তার জন্য অনেকগুলো বই কিনেছিল। = Knowing she loves to read, her father bought a lot of books for her.
৬. নতুন বছর শুরু হওয়ায় কর্তৃপক্ষ নতুন সিদ্ধান্ত নিল। = Starting the new year, the authorities took a new decision.
৭. লাইনে দাঁড়িয়ে বুঝতে পেরেছিলাম একটি আসন নিশ্চিত করা কত কঠিন। = Standing in the queue, I realized how difficult to secure a seat.
৮. শিক্ষকের উপদেশ উপেক্ষা করে সকল পরীক্ষার্থী হল রুম ত্যাগ করেছিল। = All the examinees left the hall room, ignoring the teacher's advice.
৯. বিক্রিত মাল কখনই ফেরত নেওয়া হয় না। = Goods sold are never returned.
১০. হাসপাতালে নেওয়া বৃদ্ধ মানুষটি সুস্থ হয়েছে। = The old man taken to hospital has been recovered.
১১. পরীক্ষায় পাশ করায় সে বিদেশে গেল। = Having passed the exam, he went abroad.
১২. পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হওয়ায় তারা বেশ খোশ মেজাজে ছিল। = Having completed the exam preparation, they were in a very happy mood.

☑ Infinitive based:

To+v1= Infinitive

For example:

১. ভুল করা মানুষের স্বভাব। = To err is human/It is human nature to make mistakes.
২. বলা সহজ কিন্তু করা কঠিন। = It is easy to say but difficult to do.
৩. সে এত দূর্বল যে হাঁটতে পারে না/ সে হাঁটার ক্ষেত্রে দূর্বল। = He is too weak to walk.
৪. লোকটি প্রায় মরতে চলেছে/ লোকটি মুমূর্ষ। =The man is about to die.
৫. এখন পড়ার সময়। = It is time to read.
৬. কথা বলা ভালো। = It is good to talk.
৭. আমি আমার অধিকার পেতে চাই। = I want to get my rights.
৮. তাকে জানা মানেই তাকে ভালোবাসা। = To know her is to love her.
৯. থাকব কি থাকব না এটাই হল প্রশ্ন। =To be or not to be, that is the question.
১০. তুমি কি কিছু পান করতে চাও? = Would you like something to drink?
১১. তোমার নিজেকে মূল্যায়নের এটাই সঠিক সময়। = This is the right time to evaluate yourself.

☑ Modal verb based:

Active voice-এ সকল modal verb + v1

For example:

Can: (to mean the ability to do something- কোন কিছু করার সামর্থ্য বোঝাতে)

১. এটা সবাই করতে পারে। = Everyone can do it.
২. তুমি চাইলেই এটি সমাধান করতে পারো। = You can solve it if you want.
৩. সে অনেক ভাষায় কথা বলতে পারে। = He can speak many languages.

May, Might, Could: (something is possible but not certain- সম্ভব কিন্তু অনিশ্চিত এমন ক্ষেত্রে)

৪. আজ বৃষ্টি হতে পারে। = It may rain today.
৫. আজ অবশ্যই বৃষ্টি হবে। = It might rain today.
৬. তারা এটা করতে পারত। = They could do it.

Should, Must: (to show probability without certainty- নিশ্চিয়তা ছাড়াই সম্ভাবনা দেখাতে)

৭. তার পরিবারের সকলে অবশ্যই খুশি হবে। = Everyone in his family must be happy.
৮. তার এখনই ঘুমিয়ে যাওয়া উচিত। = He should sleep now.

Will, Would: (to show an ongoing or habitual future action- একটি চলমান বা অভ্যাসগত ভবিষ্যৎ কর্মের ক্ষেত্রে)

৯. আমরা সঠিক সময়ে কাজটি শেষ করব। = We will finish the work at the right time.
১০. আমরা সঠিক সময়ে কাজ শেষ করতাম যদি তোমার দেখা পেতাম। = We would finish the work on time if we saw you.

☑ Introductory "There" based:

বাক্যের শুরুতে সূচনা-সূচক **subject** হিসেবে **"There"** বসে।

For example:

১. এই নীতিমালার ক্ষেত্রে কোনো ধরাবাঁধা নিয়ম নেই। = There are no hard and fast rules in this policy.
২. গাড়ির ভিতরে পানির বোতল আছে। = There is a water bottle inside the car.
৩. পুকুরে অনেক ধরনের মাছ। = There are many types of fish in the pond.
৪. তোমার ভেতরে আত্মবিশ্বাসের অভাব আছে। = There is a lack of self-confidence in you.
৫. অনুষ্ঠানে অনেক অপরিচিত মানুষ আছে। =There are many unknown persons in the program.
৬. এত বড় গ্রামে একটি টিউবয়েল। = There is a tubewell in such a big village.
৭. অনুষ্ঠানে কিছু উর্ধ্বতন কর্মকর্তা থাকতে পারে। = There might be some senior officials in the program.
৮. একটা দুর্ঘটনা হয়েছে/ঘটেছে। = There has been an accident.
৯. আমাকে ফোন করলে সমস্যা হতো না। = There would not have been a problem if you had called me.
১০. ভবিষ্যতে অনেক কিছু করার থাকবে। = There will be a lot to do in future.

☑ Introductory "It" based:

বাক্যের শুরুতে Subject হিসেবে "It" বসে, তবে এক্ষেত্রে "It" এর নিজস্ব কোন অর্থ থাকে না।

For example:

১. আমার মনে হয় আজ বৃষ্টি হবে। = I think it may rain today.
২. সকাল থেকে গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে। = It has been drizzling since morning.
৩. মনে হয় তুমি তাকে চেনো। = It seems (that) you know him.
৪. এটা ক্রমেই খারাপের দিকে যাচ্ছে। = It is getting worse.
৫. তাদের সাথে তর্ক করে লাভ নেই। = It is no use arguing with them.
৬. সে আসুক আর না আসুক তাতে কিছু যায় আসে না। = It does not matter whether he comes or not.
৭. এটা অস্বীকার করা যাবে না যে তিনি মূল অপরাধী। = It cannot be denied that he is the main culprit.
৮. এটা বলা হয় যে অধিকাংশ মানুষ ভ্রমণ উপভোগ করে। = It is said that most people enjoy traveling.
৯. মিস্টার জন, যে এই কাজটা করেছে। = It is Mr. John who has done this.
১০. এটা সত্য যে তুমি তাই পাবে যা প্রত্যাশা করো। = It is true that you will get what you expect.

☑ Conditional sentence based:

শর্ত মূলক বাক্য, যেখানে সর্বদায় দুইটি clause থাকে।

1st Conditional: If + present indefinite + future indefinite

For example:

১. যদি তুমি বলো, তাহলে আমি এটি করব। = If you say, I will do it.
২. যদি অতিথিরা আসে, আমি তাদের সঙ্গে কথা বলব। = If the guests come, I will talk to them.
৩. যদি তুমি যথাসময়ে উপস্থিত হও, তাহলে আমি তোমাকে সব বলবো। = If you attend on time, I will tell you everything.
৪. আমি বিষয়টি মেনে নেব যদি তুমি আমার শর্তে রাজি হও। = I will accept the matter if you agree to my terms.
৫. যদি সে আমাকে দাওয়াত করে, আমি তার অনুষ্ঠানে যোগ দেবো। = If he invites me, I will attend his ceremony.
৬. যদি পরিশ্রম করো, তাহলে অবশ্যই সফল হবে। = If you work hard, you will succeed.
৭. যদি তোমাকে বলা হয়, তুমি এটি করবে। = If you are told, you will do it.
৮. যদি কাজে ফাঁকি দাও, চাকরি থেকে ছাঁটাই হবে। = If you cheat at work, you will be fired.
৯. আমি তোমার সাথে থাকব যদি তুমি সঠিক পথে থাকো। = I will be with you if you are on the right path.
১০. যদি সে একই কাজ বারবার করে, আমি তাকে শাস্তি দেবো। = If he does it again and again, I will punish him.
১১. যদি বেশি ফাস্টফুড খাও, তাহলে অনেক বেশি মোটা হয়ে যাবে। = If you eat more fast food, you will become much fatter.

2nd Conditional: If + past indefinite + sub+would/could/might+v1----

For example:

১. যদি সে সেখানে যেত, তাহলে সে সবকিছু জানতে পারত। = If he went there, he would know everything.
২. যদি তুমি অনেক পড়াশোনা করতে, তুমি ভালো ফলাফল করতে। = If you studied hard, you would get good results.
৩. যদি তারা তোমার কথায় রাজি থাকতো, এই ঘটনার পুনরাবৃত্তি হতো না। = If they agreed with you, this incident would not be happened again.
৪. যদি তুমি বলতে, তবেই আমি এটা জানতাম। = If you said it, I would know it.
৫. যদি তুমি আলোচনা না বুঝতে, আমি তোমাকে বুঝিয়ে দিতাম। = If you did not understand the discussion, I would make you understand.
৬. যদি তারা সন্তানের যথাযথ যত্ন নিত, সে বিপদে যেত না। = If they took proper care of the child, he would not be gone astray.
৭. যদি সকালে বাজারে যেতে, টাটকা সবজি পেতে। = If you went to market in the morning, you would get fresh vegetables.
৮. যদি আমি ভালো বোধ করতাম, তাহলে আমি অজুহাত দেখাতাম না। = If I felt well, I would not make excuses.
৯. যদি আমি তোমার অবস্থানে থাকতাম, তাহলে এটি করতাম না। = If I were you, I would not do this.
১০. যদি সে আমাদের পরিবারের সদস্য হত, আমরা অনেক খুশি হতাম। = If she/he were a member of our family, we would be very happy.

3rd Conditional: If + past perfect + sub+would/could/might+have+v3----

For example:

১. ছাত্ররা যদি নিয়মিত ক্লাসে উপস্থিত থাকতো, তাহলে সকল প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে পারতো। = If the students had attended the class regularly, they could have answered all the questions correctly.
২. যদি বৃষ্টি হতো, আমরা বাহিরে যেতাম না। = If it had rained, we would not have gone out.
৩. যদি বাবা আমাকে বাজারে যেতে বলতো, আমি যেতাম। = If my father had told me to go to market, I would have gone.
৪. যদি তুমি তোমার সমস্যার কথা বলতে, ডাক্তার ভালো ঔষধ দিত। = If you had talked about your problem, the doctor will give you proper medicine.
৫. যদি তারা কঠোর পরিশ্রমী হত, তাদের জীবনে এমন দিন আসতো না। = If they had worked hard, such a day would not have come in their life.
৬. যদি প্রধান অতিথি আসত, আমাদের অনুষ্ঠান সফল হতো। = If the chief guest had come, our program would have been successful.
৭. যদি পরিবেশ সুন্দর হতো, তাহলে সবাই খুশি হত। = If the environment had been beautiful, everyone would have been happy.
৮. যদি সবাই সময় মত বিদ্যুৎ বিল না দিত, তাহলে কর্তৃপক্ষ সংযোগ কেটে দিত। = If everyone had not paid the electricity bill on time, the authorities would have cut the line.

৯. যদি সরকারি অনুদান না আসত, তাহলে স্থানীয় প্রশাসন এই কাজটির দায়িত্ব নিত। = If government grants had not approved, the local administration would have taken the responsibility for this work.
১০. আমি এটা কোনো ভাবে অস্বীকার করতাম না, যদি আমি এটা করতাম। = I would not have denied it if I had done this.

☑ Conjunction based:

দুইটি বাক্য একত্রীকরণ-এর ক্ষেত্রে এবং অর্থগত দিক থেকে conjunction গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

For example:

১. যেহেতু তুমি ডেকেছিলে আমরা সবাই উপস্থিত হয়েছিলাম। = As you called, we all were present.
২. দুই বছর হয়ে গেল যখন তোমার সঙ্গে সাক্ষাৎ হয়েছিল। = It is two years since I met you.
৩. আমি তাদের সাহায্য করবো যদিও তারা আমাকে অবহেলা করে। = I will help them although they neglect me.
৪. যদি সময়ের কাজ সময়ে করো তাহলে ভবিষ্যতে অবসর সময় বেশি পাবে। = If you work on time, you will have more leisure time in future.
৫. তারা তাদের সমস্যা কাটিয়ে ওঠার চেষ্টা না করলে, কেউ তাদের সমস্যার সমাধান করতে পারবে না। = Unless they try to overcome their problem, none can solve it.
৬. এটি সবাই পারবেনা কারণ সবাই সবকিছু পারেনা। = Not everyone can do it because not everyone can do everything.
৭. কর্তৃপক্ষ নতুন সিদ্ধান্ত নিতে অক্ষম কারণ নীতিমালা এটি সমর্থন করে না। = The authorities are unable to make new decisions because the policy does not support it.
৮. সে এমনভাবে কথা বলে যেন সে সবকিছু জানে। = He speaks such a way as if he knew everything.
৯. তুমি তাই করো যা তোমার করা উচিত। = Do what you should do.
১০. আমি যেতে না বলা পর্যন্ত এখানেই থাকো। = Stay here until I tell you to go.

☑ Passive Mood:

যে কাজ অন্যজন বা অন্যকিছু কর্তৃক সম্পাদিত হয়ে থাকে।

Structure: Subject + be verb (tense অনুযায়ী) + v3-----

For example:

১. এমন সমস্যা আপনাআপনি সমাধান হয়। = Such problems are solved automatically.
২. তাদের চাওয়া পূরণ হয়েছিল। = Their wishes were fulfilled.
৩. এমন ঘটনা ভবিষ্যতে আর দেখা যাবে না। = Such incidents will not be seen in future.
৪. সমস্যাটি বর্তমানে তীব্রতর হচ্ছে। = At present the problem is being intensified.
৫. হারিনো মালগুলো উদ্ধার করা হচ্ছিল। = Lost goods were being recovered.
৬. তাদের জন্য বরাদ্দকৃত অর্থগুলো তাদের দিতে থাকবে। = The money allocated for them will be given to them.
৭. তারা আল্লাহর করুণা পেতে থাকবে। = They will receive/get the pity of Allah.

৮. তাদের দাবি পূর্ণতা পেয়েছে। = Their demands have been fulfilled.
৯. তাদের সমস্যা অন্যভাবে সমাধান হতে পারে। = Their problems may be solved in another way.
১০. তার গৌরবগাথা অবশ্যই সকল মানুষ কর্তৃক স্বীকৃত হবে। = His glory must be recognized by all the people.

☑ Time & Date expressing:

সময় বা দিন-ক্ষণ বিভিন্নভাবে প্রকাশ হয়ে থাকে, এক্ষেত্রে নির্দিষ্ট কিছু ইংরেজি শব্দ ব্যবহার করা হয়।

For example:

১. এখন পৌনে পাঁচটা বাজে। = It is a quarter to five.
২. এখন পাঁচটা বাজতে পাঁচ মিনিট। = It is five minutes to five now.
৩. এখন পাঁচটা বেজে পাঁচ মিনিট। = It is five minutes past five now.
৪. সোয়া পাঁচটা বাজে। = It is a quarter past five.
৫. এখন সাড়ে পাঁচটা বাজে। = It is half past five.
৬. পাঁচটা বাজে। = It is 5 o'clock.
৭. এইমাত্র পাঁচটা বাজল। = It has just struck at five.
৮. প্রায় পাঁচটা বাজে। = It is about 5 o'clock.
৯. আর কোন সময় নাই। = A few nano seconds are left.
১০. আমরা আড়াইটার বাসে গিয়েছিলাম। = We went by the 2:30 bus.
১১. এখন সময় কতো?/ এখন কয়টা বাজে? = What time is it?
১২. মাঝে মাঝে বেড়িয়ে যেও। = Visit us at times.
১৩. আজকে কী বার? = What day is it?
১৪. আজকে কত তারিখ? = What is the date today?
১৫. আজ মার্চের ১ তারিখ। = It is the 1st of March.

Some More Important Translations

[আরো কিছু গুরুত্বপূর্ণ translation]

১. আমি চা পান করি না। = I do not take tea.
২. আমি তোমার নিকট বিশেষ কৃতজ্ঞ। = I am much obliged to you.
৩. কিছু করার আগে ভাল করে ভেবে নাও। = Look before you leap.
৪. তোমার বাবা কী করেন? = What is your father?
৫. ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়। = The world is prosaic in the state of hunger.
৬. সে কিংকর্তব্যবিমূঢ় হয়ে গেল। = He found himself at his wits' end.
৭. ঢাকা কী জন্য বিখ্যাত? = What is Dhaka famous for?
৭. তার পেশা কি? = What is he?
৮. তোমার বক্তৃতা সংক্ষেপ কর। = Cut short your speech.
৯. নিজের কাজে মন দাও। = Mind your own business.

১০. এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম। = Struggle, this time, is the struggle for liberation.

১১. নতুন করে শুরু কর। = Start afresh.

১২. স্বপ্ন হলো তাই, যা তোমাকে ঘুমাতে দেয় না। = It's dream which doesn't let you sleep.

১৩. হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে। = I have been travelling the way of the world for a thousand years.

১৪. বোবার শত্রু নেই। = Closed mouth catches no fly.

১৫. সে ভাত না খেয়ে শুধু পানি খায়। = He drinks water without having rice.

১৬. রাজশাহীতে প্রচুর আম ফলে। = Mangoes grow in plenty in Rajshahi.

১৭. সকালে পাখিরা কিচিরমিচির করে। = Birds twitter at dawn.

১৮. পুষ্টিকর খাদ্য স্বাস্থ্যের জন্য ভালো। = Nutritious food is good for health.

১৯. বাংলাদেশ দিনে দিনে উন্নতি করুক। = May Bangladesh prosper day by day.

২০. আয়ের অধিক ব্যয় করিও না। = Don't live beyond your means.

২১. পরীক্ষা সন্নিকটে/খুবই নিকটবর্তী। = The examination is knocking at the door.

২২. তোমার দেশ কোথায়? = Where do you come from?

২৩. এক টাকার ভাংতি দাও। = Give me change for a taka.

২৪. সে অংকে কাঁচা। = He is weak in Mathematics.

২৫. তুমি গেলেও যা না গেলেও তা। = It is all the same whether you go or not.

২৬. সংবাদপত্র তথ্য ভাণ্ডার। = Newspaper is the store of information.

২৭. মানুষ কোথা থেকে এলো, সে যাবেই বা কোথায়? = Where is man's past, where is his future?

২৮. সুন্দর মুখের জয় সর্বত্র। = Good face wins all.

২৯. মন কাঁদে। = Heart aches.

৩০. ছেলেটি কাঁদতে কাঁদতে আমার কাছে এল। = The boy came to me crying.

৩১. শব্দটি কেটে দাও। = Pen through the word.

৩২. তিনি ইংরেজির একজন বিগদ্ধ অধ্যাপক। = He is an erudite professor of English.

৩৩. তুমি কি কখনো কক্সবাজার গিয়েছো? = Have you ever been to Cox's Bazar?

৩৪. মেয়েটি হাসতে হাসতে ঘরে ঢুকলো। = The girl entered the room laughing.

৩৫. কেটলিতে পানি টগবগ করছে। = Water is simmering in the kettle.

৩৬. বাতিটি নিভিয়ে দাও। = Put out the light.

৩৭. ফুলটি ফুটি ফুটি করছে। = The flower is about to bloom.

৩৮. আমি চেষ্টার কোনো ত্রুটি করিনি। = I left no stone unturned.

৩৯. তুমি কি জানো সে কোথায় থাকে? = Do you know where he lives?

৪০. মানুষ যত পায়, তত চায়। = Man wants/gets as much as he wants/gets.

৪১. গুজবে কান দেওয়া উচিত নয়। = One should not give ear to rumours.

৪২. তার এখানে কোনো বন্ধু নেই বললেই চলে। = He has few friends here.

৪৩. কাল কি এখানে বৃষ্টি হয়েছিল? = Did it rain here yesterday?

৪৪. আমরা না হেসে পারলাম না। = We could not but laugh.

৪৫. রহিম মন্দের ভাল। = Rahim is more good than bad.

৪৬. তার কোনো জোরালো রাজনৈতিক আদর্শ নেই। = He has no political axe to grind.

৪৭. বাঁচো এবং বাঁচতে দাও। = Live and let live.

৪৮. আমরা কাজ নিয়ে থাকি। = We mean business.

৪৯. মানুষ মরণশীল। = Man is mortal.

৫০. চোরটি হাতেনাতে ধরা পড়ল। = The thief was caught red-handed.

৫১. আমার যদি পাখির মত ডানা থাকত। = Had I the wings of a bird!

৫২. ডাক্তার ডাকো। = Call in a doctor.

৫৩. প্রত্যেকে তার সৌন্দর্যের ভূয়সী প্রশংসা করত। = Everybody cried up her beauty.

৫৪. স্মার্টফোন এক সময় জনপ্রিয়তা হারাবে। = Smartphones will lose its popularity someday.

৫৫. গায়কটির কণ্ঠ খুব সুরেলা। = The singer has a very sonorous voice.

৫৬. সে আমার কথায় আপত্তি করল। = He objected to what I said.

৫৭. যতই পড়িবে ততই জানিবে। = The more you read, the more you learn.

৫৮. ট্রেনটি সময়মত চলছে। = The train is running on time.

৫৯. দুর্দিনের জন্য সঞ্চয় কর। = Save something for rainy days.

৬০. আমি থিয়েটারে তাকে দেখতে পেলাম। = I caught sight of her at the theatre.

৬১. মেধা মানে সমস্যা এড়াবার যোগ্যতা। = Genius is a capacity for avoiding trouble.

৬২. ওকে বসার জায়গা দাও। = Please make room for her.

৬৩. ভর্তি পরীক্ষা একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা। = Admission test is a competitive exam.

৬৪. তোমার গায়ের জামাটি খুব সুন্দর। = The shirt on you is very nice.

৬৫. সম্ভব হলে একটু বেড়িয়ে যেও। = If possible, please drop by.

৬৬. তার বইটি সম্প্রতি প্রকাশিত হয়েছে। = His book has recently been published.

৬৭. অন্ধজনে দেহো আলো। = Give light to the blind.

৬৮. যে এখানে আসে সেই কষ্ট পায়। = Whoever comes here suffers.

৬৯. সে গভীর রাতে পড়তে অভ্যস্ত হয়ে পড়েছিল। = He got used to reading at late night.

৭০. লোকটির কান পাতলা। = The man is credulous.

৭১. আল্লাহ তোমার মঙ্গল করুন। = May Allah bless you.

৭২. হলুদ এবং নীল মিলে সবুজ হয়। = Yellow and blue makes green.

৭৩. সে আনন্দে আত্মহারা হয়ে গেল। = He was beside himself with joy.

৭৪. আমি অল্পকাল সেখানে ছিলাম। = I was there for a short time.

৭৫. ঝমঝম করে বৃষ্টি আসিল। = The rain came down in torrents.

৭৬. মেয়েটি লেখার চেয়ে পড়া বেশি পছন্দ করে। = The girls prefers reading to writing.

৭৭. গাছগুলো দিন দিন লম্বা হচ্ছে। = The trees are growing taller day by day.

৭৮. সে আমার আপন ভাই। = He is my own brother.
৭৯. জীবন পুষ্পশয্যা নয়। = Life is not a bed of roses.
৮০. জ্ঞানীরা বেশি কথা বলেন না। = The wise do not talk much.
৮১. সময় শেষ হয়েছে। = Time is over.
৮২. তিনি কদাচিৎ মিথ্যা কথা বলেন। = He seldom tells a lie.
৮৩. শোনা কথায় বিশ্বাস করিও না। = Do not believe in hearsay.
৮৪. সে অনেক কষ্টে কয়েকটা কথা বলল। = He got out a few words.
৮৫. বইটি কেমন কাটছে? = How is the book selling?
৮৬. আমার মাথা ঘুরছে। = I feel giddy.
৮৭. সকাল থেকে গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে। = It has been drizzling since morning.
৮৮. সে আমার মনের মত লোক। = He is a man after my heart.
৮৯. কর্তৃপক্ষ তাকে তিরস্কার করলো। = The authority took him to task.
৯০. কখনো অপরের নিন্দা করো না। = Never speak ill of others.
৯১. ছেলেটি তার পিতার মত। = The boy takes after his father.
৯২. ছেলেটি হাড়ে হাড়ে দুষ্ট। = The boy is wicked to the backbone.
৯৩. আমি তোমার জায়গা হলে ঝুঁকিটি নিতাম না। = If I were in your shoes, I would not have taken the risk.
৯৪. শোঁ শোঁ করে বাতাস বইছে। = The wind is howling.
৯৫. দুঃখের প্রয়োজনীয়তা মধুর। = Sweet are the uses of adversity.
৯৬. এই অংকটি কঠিন। = This sum is hard.
৯৭. বইটি পোকায় কেটেছে। = Moths have eaten into the book.
৯৮. সে অত্যন্ত ধূর্ত। = He is very cunning.
৯৯. এখন অনেক রাত। = It is deep night now.
১০০. রাকিব সাঁতার কাটতে জানে। = Rakib knows how to swim.
১০১. আকাশে মেঘ জমেছে। = Clouds have gathered in the sky.
১০২. অন্যের দোষ ধরা সহজ। = It is easy to find fault with others.
১০৩. সমাজ বিরোধীরা এখনও ধরা ছোঁয়ার বাইরে। = The anti-socials/anti-social elements are still at large.
১০৪. ভাই ভাই ঠাঁই ঠাঁই। = Brothers will part.
১০৫. মৃত্যুর সময় অসময় নেই। = Death follows no time table.
১০৬. শরৎকালে গাছের পাতা ঝরে যায়। = A tree sheds its leaves in autumn.
১০৭. সে আমাকে গালাগালি করল। = He called me names.
১০৮. আগুন নিভে গেছে। = The fire is out.
১০৯. গাছে এখনও ফল ধরে নাই। = The tree has not yet borne fruit.

১১০. ট্রেনটি দেরিতে আসায় আমার অনেক অসুবিধা হল। = I was much put out by the late arrival of the train.
১১১. তার সাথে আমার সুসম্পর্ক নেই। = I am not on good terms with him.
১১২. আমি তাকে অনেক দিন থেকে চিনি। = I have known him for a long time.
১১৩. দলনেতা ধরা পড়েছে। = The ring leader was caught.
১১৪. নদীটি খুবই গভীর। = The river is very deep.
১১৫. তারা ঘোর বিবাদমান ছিল। = They are at dagger's dawn.
১১৬. এ বেঞ্চে কোন জায়গা নেই। = There is no room in this bench.
১১৭. তার হাতের লেখা কাঁচা। = His hand writing is bad.
১৮. এই সংবাদটি পত্রিকায় প্রকাশিত হয়েছিল। = This news appeared in the newspaper.
১১৯. এটা ব্যর্থতায় পর্যবসিত হল। = It resulted into failures.
১২০. আমি ফলমূল পছন্দ করি। = I like fruits.
১২১. তুমি কার ছেলে? = Who is your father?
১২২. সে কলেরায় মারা গিয়েছে। = He died of cholera.
১২৩. শত্রুকে খাটো করে দেখো না। = Do not cry down your enemy/foe.
১২৪. সে গোল্লায় গেছে। = He has gone to dogs.
১২৫. তার ওজন বেশ বেড়েছে। = He has put on much weight.
১২৬. কখনও সাহস হারাইও না। = Never lose heart.
১২৭. লোকটি মরমর অবস্থা। = The man is about to die.
১২৮. তিনি আমাকে অনেক উপদেশ দিয়েছিলেন। = He gave me a lot of advice.
১২৯. সে গভীর চিন্তায় নিমগ্ন ছিল। = He was absorbed in thoughs.
১৩০. গরীবেরা দিন আনে দিন খায়। = The poor live from hand to mouth.
১৩১. আমার তিন জোড়া জুতা আছে। = I have three pairs of shoes.
১৩২. খাবারটি বাসি বলে মনে হয়েছিল। = The food seemed to be stale.
১৩৩. স্বাধীনতা কোন জাতির উপর নেমে আসে না। = Independence doesn't descend upon a people.
১৩৪. তিনি একটি স্বপ্ন দেখলেন। = He dreamt a dream.
১৩৫. তিনি কানে কম শোনেন। = He is hard of hearing.
১৩৬. তিনি অল্প কথার মানুষ। = He is a man of few words.
১৩৭. তার দুঃখের সীমা নেই। = His sorrows know no bounds.
১৩৮. আমি যদি তার মত হতে পারতাম! = I wish I were he!
১৩৯. দৃশ্যটি অতি মনোরম। = The scenery is very charming.
১৪০. তিনি গৌরবময় সাফল্য অর্জন করেন। = He came off with flying colours.
১৪১. অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়। = Death is preferable to dishonour.
১৪২. সংস্কৃতি সর্বদায় বিবর্তিত হচ্ছে। = Culture is constantly evolving.
১৪৩. লোকটি মহাসঙ্কটে পড়েছে। = The man is in great trouble.

১৪৪. চরিত্র জীবনের মুকুট। = Character is the crown of life.
১৪৫. দয়া একটি মহৎ গুণ। = Kindness is a great virtue.
১৪৬. জার্মানরা ফরাসিদের আক্রমণ করে। = The Germans attacked the French.
১৪৭. তুমি কোন শ্রেণিতে পড়ো? = What class do you read in?
১৪৮. এভাবেই কেটে যাবে দিন। = This is how the day will go.
১৪৯. সাফল্যের কোন সহজ পথ নেই। = There is no short cut to success.
১৫০. বইটি আমার। = The book belongs to me.
১৫১. এই মহিলা দুটি সন্তানের জন্ম দিয়েছেন। = This lady has borne two children.
১৫২. এটি একটি পাঁচশত টাকার নোট। = This is a five hundred taka note.
১৫৩. ধূমপান একটি মারাত্মক অভ্যাস। = Smoking is a dangerous habit.
১৫৪. ঠাণ্ডায় লোক কষ্ট পাচ্ছে। = People are suffering from cold.
১৫৫. বিবাদীকে যথাসময়ে সমনজারী করা হয়েছিল। = The defendant was issued summons in time.
১৫৬. আমি দেখলাম যে ঘড়িটা বন্ধ হয়ে গেছে। = I found that the clock had stopped.
১৫৭. সে এসেছিল বন্ধুর বেশে। = He came in the guise of a friend.
১৫৮. সে চা খায়। = She takes tea.
১৫৯. তার পোড়া কপাল। = He is out of luck.
১৬০. অজ্ঞতা অন্ধকারের শামিল। = Ignorance is like darkness.
১৬১. মানুষ বায়ু ছাড়া বাঁচতে পারে না। = Man can't live without air.
১৬২. আমিই তোমার শিক্ষক। = It is I who am your teacher.
১৬৩. মুদ্রাস্ফীতি বাড়তে থাকায় টাকার দাম কমেছে। = As inflation is rising, the value of the taka is decreasing.
১৬৪. ডাক্তার রোগীটির নাড়ী দেখলেন। = The doctor felt the pulse of the patient.
১৬৫. সে ঘোলা জলে মাছ শিকার করতে চেয়েছিল। = He wanted to fish in the troubled water.
১৬৬. অতি আদরে ছেলেটি গোল্লায় গেল। = Too much indulgence has spoiled the boy.
১৬৭. আমি তাঁকে একজন রুচিশীল মানুষ মনে করেছিলাম। = I took him to be a man of taste.

Proverb

(প্রবাদ-প্রবচন)


একজন বক্তার কথাকে সুন্দর, প্রাণবন্ত ও অর্থবহ করতে প্রবাদের গুরুত্ব অনেক। গুরুত্বপূর্ণ ১০০ টি বাংলা প্রবাদ এবং তার ইংরেজি রূপ (proverb) দেওয়া হলো:

০১. যার প্রতিকার নাই তা সইতেই হয়। = What cannot be cured must be endured.
০২. ভাগ্যের লিখন না যায় খন্ডন। = What is lotted cannot be blotted.
০৩. কারও পৌষ মাস, কারও সর্বনাশ। = One man's meat is another man's poison.
= What is sport to the cat is death to the rat.
০৪. কই মাছের প্রাণ বড়ই শক্ত। = A cat has nine lives.
০৫. কাজের বেলায় কাজী, কাজ ফুরোলে পাজী। = When the danger is gone, God is forgotten.
০৬. মূর্খ যদি মাথায় রয়, জ্ঞানীর কি আর কদর হয়? = Where ignorance is a bliss, it is folly to be wise.
০৭. ইচ্ছা থাকলে উপায় হয়। = Where there is a will, there is a way.
০৮. নাচতে না জানলে উঠোন বাঁকা। = A bad workman quarrels with his tools.
০৯. ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেই ডরায়। = A burnt child fears/dreads the fire.
১০. বিপদেই বন্ধুর পরিচয়। = A friend in need is a friend indeed.
১১. শুরু যদি ভালো হয়, যুদ্ধ হবে অর্ধেক জয়। =Well begun, half done.
= A good beginning is half the battle.
১২. চকচক করলেই সোনা হয় না। = All that glitters is not gold.
১৩. সবুরে মেওয়া ফলে। = Patience is bitter but its fruit is sweet.
= All things come to him who waits.
১৪. সব ভালো, যার শেষ ভালো। = All's well that ends well.
১৫. অলস মস্তিষ্ক শয়তানের কারখানা। = Indolence is the root of all evils.
= An idle brain is the devil's workshop.
১৬. কর্ম অনন্ত, জীবন সংক্ষিপ্ত। = Art is long, life is short.
১৭. যেমন কর্ম তেমন ফল। = As you sow, so you reap.
১৮. পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়। = A mad man and an animal have no difference.
১৯. মাথা নেই তার মাথাব্যাথা। = Bachelor's wives and maids' children are always well-taught.
২০. পিরিতের পেত্নি ভালো। = Beauty lies in the eyes of the beholder.
= Beauty lies in the beholder's eyes.
২১. ভিক্ষার চাল, কাঁড়া আর আকাঁড়া। = Beggars must not be choosers.
২২. দুষ্ট গরুর চেয়ে শূন্য গোঁয়াল ভালো। = Better an empty house than an ill tenant.
২৩. চোরে চোরে মাসতুতো ভাই। = Birds of a feather flock together.
২৪. যত গর্জে তত বর্ষে না। = Barking dogs seldom bite.
২৫. একবারে না হওয়ার চেয়ে দেরীতে হওয়াও ভালো। = Better late than never.

২৬. আগে ঘর, তবে তো পর। = Charity begins at home.
২৭. ভালো হতে পয়সা লাগে না। = Courtesy costs nothing.
= Civility costs nothing.
২৮. ভীরু মরে শতবার মরণের আগে। = Cowards die many times before their death.
২৯. আয় বুঝে ব্যয় করো। = Cut your coat according to your cloth.
৩০. অসারের তর্জন গর্জনই সার। = Empty vessels sound much.
৩১. মেঘ দেখে কেউ করিসনে ভয়, আড়ালে তার সূর্য হাসে। = Every cloud has a silver lining.
৩২. চাচা আপন প্রাণ বাঁচা। = Self-preservation (self-defense) is the first law of nature.
= Every man is for himself.
৩৩. উপদেশ অপেক্ষা দৃষ্টান্ত ভালো। = Example is better than precept.
৩৪. অভিজ্ঞতাই সর্বশ্রেষ্ঠ শিক্ষক। = Experience is the best teacher.
৩৫. ব্যর্থতাই সাফল্যের সোপান/সিঁড়ি। = Failure are the pillars of success.
৩৬. যারে দেখতে নারী তার চলন বাঁকা। = Faults are thick where love is thin.
৩৭. হাতি-ঘোড়া গেল তল, পিঁপড়া বলে কত জল। = Fools rush in where angels fear to tread.
৩৮. বীরভোগ্যা বসুন্ধরা। = Fortune favours the brave.
৩৯. লোভে পাপ, পাপে মৃত্যু। = Greed begets sin, sin fetches death.
৪০. গুণি মানুষ গুণি কাজ করে। = Handsome is what handsome does.
৪১. সততাই সর্বোউত্তম পন্থা। = Honesty is the best policy.
৪২. ক্ষুধা পেলে বাঘেও ঘাস খায়। = Hanger is the best sauce.
৪৩. পাপের ধন প্রায়শ্চিত্তে যায়। = Ill got, ill spent.
৪৪. কুঁড়ের অন্ন হয় না। = A sleeping fox catches no poultry.
= Indolence is the mother of poverty.
৪৫. পরিশ্রম সাফল্যের চাবিকাঠি। = Industry is the key to success.
৪৬. জ্ঞানই শক্তি। = Knowledge is power.
৪৭. অতীতকে নিয়ে দুঃখ করোনা। = Let bygones be bygones.
৪৮. ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না। = Look before you leap.
৪৯. ভালোবাসা কথার কথা নয়। = Love is fruitful in service.
৫০. বুঝে ঝোপ, মার কোপ। = Make hay while the sun shines.
৫১. মানুষ নিজেই তার ভাগ্যের নির্মাতা/কারিগর। = Man is the architect of his own fate.
৫২. মানুষ ভাবে এক, হয় আরেক। = Man proposes, God disposes.
৫৩. রাই কুড়িয়ে বেল। = Many a little makes a mickle.
৫৪. বিপদ কখনও একা আসে না। = Misfortunes never come alone.
৫৫. অভাবে স্বভাব নষ্ট। = Necessity knows no law.
৫৬. প্রয়োজনই আবিষ্কারের জননী। = Necessity is the mother of invention.
৫৭. জলেই জল বাঁধে। = Nothing succeeds like success.

৫৮. কষ্ট না করলে কেষ্ট মেলে না। = No pain, no gain.
৫৯. কাছে থাকলে পোঁড়ে মন, দূরে গেলে ঠনঠন। = Out of sight, out of mind.
৬০. পেটে খেলে পিঠে সয়। = Pain is forgotten when gain follows.
৬১. বজ্র আঁটুনি, ফস্কা গেরো। = Penny wise, pound foolish.
৬২. গাইতে গাইতে গায়েন। = Practice makes a man perfect.
৬৩. প্রতিকারের চেয়ে প্রতিরোধ শ্রেয়। = Prevention is better than cure.
৬৪. অহংকার পতনের মূল / অতি দর্পে হত লঙ্কা। = Pride goes before fall/destruction.
৬৫. সুসময়ে বন্ধু বটে অনেকেই হয়, অসময়ে হায় হায় কেউ কারও নয়।
= Prosperity begets friends, adversity tries them.
৬৬. কাঁটা দিয়ে কাঁটা তোলা। = Set a thief to catch a thief.
৬৭. ধীরে কিন্তু নিয়মিত, এমনি কাজে সবই জিতো। = Slow and steady wins the race.
৬৮. ভাত খায় ফ্যান দিয়ে, গপ্প মারে দই। = Small roast, big boast.
৬৯. শাসন করা দিলে ছেড়ে, ছেলে খাবে পকেট মেরে। = Spare the rod and spoil the child.
৭০. ঝড় গেলে আম পড়ে না। = Strike the iron while it is hot.
৭১. দুঃখের পরে সুখ আসে। = Sweet are the uses of adversity.
৭২. চোর না শোনে ধর্মের কাহিনী। = The devil would not listen to the Scripture.
৭৩. বড় পদের বড় দায়। = The higher the post, the greater the responsibilities.
৭৪. যত গুড়, তত মিষ্টি। = The more, the merrier.
৭৫. অসী অপেক্ষা মসী শক্তিশালী। = The pen is mightier than the sword.
৭৬. যার জ্বালা সেই জানে। = The wearer best knows where the shoe pinches.
৭৭. ভাবিয়া করিও কাজ। = Think before you ink.
৭৮. সময় ও নদীর স্রোত কারও জন্যে অপেক্ষা করে না। = Time and tide wait for none.
৭৯. মানুষ মাত্রই ভুল। = To err is human.
৮০. অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট। = Too many cooks spoil the broth.
৮১. অতি চালাকের গলায় দঁড়ি। = Too much cunning overreaches itself.
৮২. নিজ ভাল তো জগত ভালো। = To the pure all things are pure.
৮৩. দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ। = Two heads are better than one.
৮৪. সত্য কখনও চাপা থাকে না। = Truth will out.
৮৫. দুইজনে হয় বন্ধু খাঁটি, তিন জনেতে ঝগড়া-ঝাটি। = Two is company, three is none.
৮৬. একতায় উত্থান, বিভেদে পতন। = United we stand, divided we fall.
৮৭. একতাই বল। = Unity is strength.
৮৮. পুণ্য (সৎকর্ম) নিজেই নিজের পুরস্কার। = Virtue is its own reward.
৮৯. আগুনে পুড়েই সোনা খাঁটি। = Suffering is the test of virtue.
= Virtue thrives best in adversity.
৯০. অপচয় কোরো না, অভাব হবে না। = Waste not, want not.

৯১. অল্পবিদ্যা ভয়ঙ্করী। = A little learning is a dangerous thing.
৯২. সঙ্গ দোষে, লোহা ভাসে। = A man is known by the company he keeps.
৯৩. চর্চায় দক্ষতা বাড়ে / পরিচর্যায় পরিচ্ছন্নতা বাড়ে। = A rolling stone gathers no moss.
৯৪. সময়ের এক ফোঁড়, অসময়ের দশ ফোঁড়। = A stitch in time saves nine.
৯৫. বৃক্ষ তোমার নাম কী, ফলে পরিচয়। = A tree is known by its fruits.
৯৬. অতি লোভে তাঁতী নষ্ট। = Grasp all, lose all./ All covet, all lost.
৯৭. উলু বনে মুক্তা ছড়ানো / বানরের গলায় মুক্তার হার। = To cast pearls before swine.
৯৮. গাছে কাঁঠাল গোঁফে তেল। = To count chickens before they are hatched.
৯৯. যেমন বাপ, তেমন বেটা। = Like father, like son.
১০০. দাঁত থাকতে দাঁতের মর্যাদা বোঝা যায় না। = Blessings are not valued till they are gone.



বলে রাখা ভালো, যেহেতু এই বইটি Basic English Grammar-এর বই। সেইজন্য, Writing Part-এর বিস্তারিত ব্যাপার বর্জন করে শুধুমাত্র মৌলিক বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে।

Paragraph Writing

What is paragraph?

Paragraph is a group of sentences about one idea (অর্থাৎ, Paragraph হলো একটি ধারণা সম্বন্ধে কিছু বাক্যের সমষ্টি) ।

A paragraph has three major parts:

(একটি paragraph-এর তিনটি মূল অংশ)

i. Topic sentence
ii. Supporting sentences/adding details
iii. Conclusion

Topic sentence:

Topic sentence বলতে paragraph-এর প্রথম sentence কে বুঝায় বলে যা paragraph-এর মূল ধারণা সম্বন্ধে বলে।

Supporting sentence:

Supporting sentence বলতে বেশ কিছু বাক্যকে বোঝায় যা মূল ধারণা বা topic sentence-এর সম্বন্ধে বিস্তারিত ধারণা দেয়।

Conclusion:

এটি paragraph-এর শেষ বাক্য, যে বাক্যের মাধ্যমে paragraph-এর topic sentence বা মূল ধারণাকে পুনরায় মনে করিয়ে দেয়া হয়।

Paragraph সম্বন্ধে আরও কিছু অজানা কথা:

i. Paragraph-এর অবশ্যই একটি শিরোনাম থাকবে।
ii. Paragraph-টি অবশ্যই এক প্যারা (para) তে শেষ করতে হবে।
iii. Paragraph লিখার ক্ষেত্রে word limitation উল্লেখ না থাকলে, ১৫০ শব্দের মধ্যে paragraph লিখা উচিৎ।

একটি Real Test-এর মাধ্যমে paragraph-এর পুরো বিষয়টিকে clear করা যাক:

ধরা যাক, পরীক্ষায় *Dengue Fever* নিয়ে একটি paragraph লিখতে বলা হলো। তাহলে, তার topic sentence, supporting sentences এবং conclusion কেমন হবে দেখে নাও।

Dengue Fever

Dengue fever is a fatal disease now. It is a mosquito-borne viral infection caused by dengue virus. Dengue virus is spread among us from some Aedes mosquitoes. These mosquitoes thrive in areas with standing water including water tanks, containers and old tires. Gen[illegible]y bite in day time. Since World War-II dengue has become a cause o[illegible]nple fever, it has taken a serious turn this year, espec[illegible] it causes death. **So, public awareness along** [illegible] **mandatory to prevent this tropical disease,**

অর্থ: ডেঙ্গু জ্বর এখন একটি মারাত্নক রোগ। এটা মশা-সৃষ্ট সংক্রামক রোগ, যা সৃষ্টি হয় ডেঙ্গু ভাইরাস থেকে *এডিস* মশার মাধ্যমে আমাদের মাঝে ডেঙ্গু ভাইরাস ছড়ায়। এই মশাগুলো জমে থাকা পানি, বিশেষ করে পানির ট্যাংক, পানির পাত্র, এবং পুরোনো গাড়ির টায়ারে বংশ বিস্তার করে। সাধারণত এই মশাগুলো দিনের বেলাতে কামড় দিয়ে থাকে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় থেকেই ডেঙ্গু উদ্বেগের কারণ হয়ে দাড়িয়েছে। যদিও ডেঙ্গু জ্বর একটি সাধারন জ্বর, তবে এই বছর এই জ্বরটি এক মারাত্মক রূপ নিয়েছে বিশেষ করে বাংলাদেশে। মাঝে মাঝে এটি থেকে মৃত্যু পর্যন্ত হয়। সুতরাং, এই গীষ্মকালীন রোগ ডেঙ্গু জ্বর প্রতিরোধে সরকারের কর্মকান্ডের সঙ্গে জনসচেতনতা গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, উপরের paragraph-টিতে লক্ষ্য করলে দেখবে bold বা মোটা করে লিখা প্রথম বাক্যটি paragraph-এর topic sentence, যা paragraph-এর মূল ধারণা, dengue fever-কে highlight করছে।

Bold বা মোটা কালি করা ছাড়া বাকি যে বাক্যগুলো তা supporting sentences। কেননা, এই সবগুলো sentence ই topic sentence-এর ধারণাকে বিস্তারিত বর্ণনা করেছে।

এবং সবশেষে bold বা মোটা করে লিখা বাক্যটি paragraph-এর conclusion বা উপসংহার, যে sentence-এর মাধ্যমে paragraph-এর মূল ধারণাকে আবারও মনে করিয়ে দেয়া হয়েছে।

Letter Writing

(পত্র লিখন)

পত্র লিখন বা পত্র রচনা এক বিশেষ ধরনের লিখন যার মাধ্যমে আমাদের সাধারণ জীবনের সামাজিক কার্যক্রম বর্ণিত হয়। খুব কাছের মানুষ তথা বন্ধু-বান্ধব,আত্মীয়-স্বজন; সংবাদপত্র; ব্যবসা অথবা সরকারী উদ্দেশ্যে আমরা বিভিন্ন সময় চিঠি লিখে থাকি।

Letter মূলত দুই প্রকার:

i. Informal Letter/Letter
ii. Formal Letter/Application

What is informal letter?

সকল ব্যক্তিগত letter-ই মূলত informal letter। কাছের বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন এর কাছে লিখিত চিঠিই মূলত informal/personal letter নামে পরিচিত।

বিভিন্ন ধরনের letter দেখা যায়। তবে, নিচের ছয়টি ধরন বেশি লক্ষণীয়:

i. Job application or CV
ii. Business letters
iii. Letters to relatives
iv. Letters to friends
v. Letters to newspapers
vi. Official letters

What is formal letter?

ব্যক্তি বা সমষ্টিগত স্বার্থে সকল আবেদন পত্রই মূলত formal letter/application নামে পরিচিত।

একটি letter বা চিঠির মৌলিক অংশ ৬টি:

i. শিরোনাম

ii. সম্বোধন বা অভিবাদন
iii. মূল বিষয়বস্তু
iv. বিদায়মূলক কথা/উক্তি
v. পত্রলেখকের স্বাক্ষর
vi. খামের উপরে প্রাপকের নাম ও ঠিকানা

শিরোনাম:

এখানে লেখকের living place (থাকার জায়গা) এবং তারিখ (যে তারিখে পত্রটি লিখা হয়) লিখতে হয়। আধুনিক নিয়মে শিরোনামটি চিঠির বাম পাশে, উপরে দিতে হয়।

Note: Official চিঠিপত্রের ক্ষেত্রে শিরোনাম একটু ভিন্ন।

সম্বোধন বা অভিবাদন:

যার কাছে চিঠি লিখা হয় তার নামটি এবং তার পরে কমা। যেমন: Dear friend, Dear sir, Dear Badhon *etc.*

মূল বিষয়বস্তু:

একটি চিঠির সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি অংশ হচ্ছে এই "মূল বিষয়বস্তু" অংশটি। এ অংশেই মূলত মূল বিষয়বস্তু নিয়ে আলোচনা থাকে। এই অংশটিতে এক বা একাধিক প্যারা থাকতে পারে। তবে তিনটি প্যারা হলে সবচেয়ে বেশি দৃষ্টিনন্দন হয়। এ অংশটি Dear friend বা Dear sir এর ঠিক নিচ থেকে শুরু হয়।

বিদায়মূলক কথা/উক্তি

চিঠির এই অংশই মূলত শেষ অংশ। এটি মূলত চিঠির বাম পাশে নিচের দিকে লিখতে হয়। যেমন: Your faithfully, Your most obedient pupil, Sincerely yours *etc.*

পত্রলেখকের স্বাক্ষর:

এই অংশে বিদায়মূলক কথা বা উক্তির পওে, ঠিক নিচে পত্র লেখকের স্বাক্ষর বাঞ্ছনীয়।

খামের উপরে প্রাপকের নাম ও ঠিকানা:

"From এবং To" এই শিরোনামে একটি খাম (Envelop) এঁকে, "To" এর পাশে প্রাপকের সম্পূর্ণ ঠিকানা দিতে হবে। যেমন:

From, ---------- ---------- ----------	To, Mir Sabbir 306/2, Dhanmondi, Dhaka-1000.

চিঠি লিখার সময় যে বিষয়গুলো মনে রাখা উচিত:

1. Letter লেখার নিয়ম অনুযায়ী বিভিন্ন অংশগুলোকে সঠিক ভাবে সঠিক জায়গায় আছে কিনা লক্ষ্য রাখতে হবে।
2. কোন উদ্দেশ্যে পত্র লিখা হচ্ছে, সেটা মাথায় রেখে তা প্রথম para (অংশে) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
3. যার কাছে চিঠিটি লিখা হচ্ছে তার সঙ্গে সম্পর্কের গভীরতা/মাত্রা বুঝে সঠিক শব্দ চয়নে চিঠি লিখতে হবে।
4. অপ্রয়োজনীয় কথা বর্জন করে প্রাপকের জানতে চাওয়া বিষয়গুলোকে লিখার ভেতরে অন্তর্ভুক্ত করতে হবে।
5. প্রাপকের উদ্দেশ্যে বিশেষ কিছু বলার থাকলে বিদায়মূলক উক্তি বা শেষ অংশে তা স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

6. পত্র লিখনের ক্ষেত্রে সর্বদাই শব্দচয়ন সহজ এবং simple sentence হওয়া উচিৎ।
7. একটি চিঠিতে তিনের অধিক para না করাই ভালো। বলে রাখা ভালো, প্রতি para-তে কমপক্ষে পাঁচ থেকে দশটি বাক্য থাকবে।
8. চিঠির লেখাগুলোকে সম্পূর্ণ অর্থবহ করতে punctuation marks বা বিরাম চিহ্নের গুরুত্ব অনেক। সেইজন্য চিঠি লেখার সময় capitalization & punctuation marks ভালোভাবে লক্ষ্য রাখতে হবে।

Application Writing

বিশেষ আদব কায়দা মেনে স্কুল, কলেজ ও অফিসে লিখিত পত্রকে Formal letter বা Application বলে।

Application লিখার ক্ষেত্রে ছয়টি বিষয় মনে রাখতে হয়:

i. যে তারিখে application টি লিখা হচ্ছে তা application-এর শুরুতে বাম পাশে দিতে হয়।
ii. তারিখের নিচে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পদবি ও নাম উল্লেখপূর্বক ঠিকানা জুড়ে দিতে হয়।
iii. Subject (শিরোনামে) যে বিষয়ে application-টি লিখা হচ্ছে, তা উল্লেখ করতে হয়।
iv. সম্বোধন সূচক শব্দ ব্যবহার করতে হয়। যেমন: Sir, Madam *etc.*
v. বিনয়ের সাথে application-এর লেখাটি শুরু করে, মূল বিষয়বস্তু উপস্থাপন করতে হয়।
vi. পরিশেষে, "Yours faithfully / Yours obedienty *etc.*" উল্লেখ করে application যিনি লিখলেন তার নাম উল্লেখ করতে হয়।

একটি আদর্শ Application এর শুরু ও শেষ যেমন হয়:

20 January 2022
The Headmaster / The Principal
SRK High School and College,
Nil Badda, Rajshahi.
Subject: Prayer for -----.

Sir,
I beg to state that ----------

---------.

I therefore pray and hope ----------.

Yours obediently,
Md. Zakirul Alam

অনেকের পক্ষে হলে:

On the behalf of class- X/XI/villagers *etc.*

Report Writing

(প্রতিবেদন লিখন)

কোনো ঘটনা, পরিস্থিতি বা সমস্যা সংক্রান্ত তথ্যভিত্তিক বিবৃতি বা বিবরণকে Report বা প্রতিবেদন বলে।

Report দুই প্রকার:

i. General reporting
ii. News reporting

What is general reporting?

কোনো বিষয়বস্তু নিয়ে তথ্যমূলক একটি বিবরণ। এটিকে অনেকটা Essay বা প্রবন্ধের সাথে তুলনা করা যেতে পারে। General reporting-এর ক্ষেত্রে শুধু শিরোনাম দিয়ে লেখা শুরু করলেই হয়।

What is news reporting?

Press media বা সংবাদ মাধ্যমকে লক্ষ্য করে যে report বা প্রতিবেদন লিখা হয় তাই news reporting। News reporting কে অনেক সময় paragraph writing-এর সাথে তুলনা করা হয়। তবে paragraph writing-এ চারটি বিষয় লক্ষ্য রাখতে হয় না, যে চারটি বিষয় news reporting-এ লক্ষ্য করতে হয়।

একটি report-এর গুরুত্বপূর্ণ চারটি অংশ:

i. Title বা শিরোনাম
ii. Report এর source বা উৎস
iii. The whole report elaborately বা বিস্তারিত বর্ণনা
iv. Conclusion বা উপসংহার

How a title should be (শিরোনাম যেমন হওয়া উচিৎ):

A report should have a title / a heading / a caption that should be brief but clear concept. অর্থাৎ, একটা report এর একটি শিরোনাম থাকা উচিৎ, যেটা হবে সংক্ষিপ্ত কিন্তু স্পষ্ট ধারণা দেবে।

The source of report (রিপোর্ট এর উৎস):

Reporter's name or Staff reporter (reporter's name), date, place of incident:.....
যেমন:
Staff reporter, 20th January 2020, Zero point, Rajshahi:

The whole report elaborately:

Report-এর এই অংশে দুইটি ভাগে report তুলে ধরতে হবে। প্রথম অংশে সম্পূর্ণ report-কে দুই/তিন লাইনে সারমর্ম আকারে তুলে ধরতে হবে এবং পরবর্তী অংশে সম্পূর্ণ report বিস্তারিত (elaborately) তুলে ধরতে হবে।

How a conclusion should be:

Report-এ শেষ বাক্যটি মূলত report-এর conclusion বাক্য হিসেবে ধরা হয়, যেখানে report বা প্রতিবেদন সংশ্লিষ্ট একটি গুরুত্বপূর্ণ message বা বার্তা থাকে যা সংশ্লিষ্ট মহলকে নাড়া দেয়।

একটি আদর্শ মানের Report লিখার ক্ষেত্রে যে বিষয়গুলো মনে রাখতে হবে:

1. Report-এ 1st person (I/We) অর্থাৎ, আমি বা আমরা কথাটি পরিহার করতে হবে।
2. Report-এর ভাষা হবে সহজ এবং বাক্য হবে simple structure-এ।
3. Report writing এ question mark, quotation mark এবং exclamation mark কে বর্জন করে বাক্যগুলোকে assertive -এ রূপান্তর করতে হবে।
4. তথ্যের নির্ভুলতার জন্য তথ্যের পাশে বয়স, তারিখ বা উৎসের নাম উল্লেখ করতে হবে।

Précis Writing

(সার সংক্ষেপ)

Précis একটি French শব্দ। Précis শব্দের অর্থ সার সংক্ষেপ বা সারমর্ম। Précis মূলত summary-এর সমর্থক শব্দ।

Précis writing-এর উদ্দেশ্য:

Précis লেখার মাধ্যমে কোনো passage-এর মূল ভাব বের করার যোগ্যতা পরীক্ষা করা হয়। অর্থাৎ, Précis writing এর মাধ্যমে একজন শিক্ষার্থীর reading skill এবং writing skill যাচাই করা হয়।

Précis লেখার সময় যে নিয়মগুলো মানতে হয়:

1. Précis writing-টি অবশ্যই নিজের ভাষায় উপস্থাপন করতে হবে। অর্থাৎ, উপরে উল্লেখিত passage থেকে কোনো লাইন হুবুহু copy/নকল করা যাবে না।
2. Précis writing-এ শব্দ সংখ্যার limitation উল্লেখ থাকে না। এইজন্য Précis writing-টি মূল passage-এর one-third বা তিন ভাগের এক ভাগ পরিমাণ লিখতে হবে।
3. উদাহরণ, উপমা, প্রশ্নবোধক চিহ্ন, inverted কমা ইত্যাদি পরিহার করে simple sentence-এ লিখতে হবে।
4. মূল বিষয়ের উপর নজর রেখে একটি title বা শিরোনাম দিতে হবে।

Note: Summary-তে title দিতে হয় না। কিন্তু Précis এ অবশ্যই title দিতে হয়।

Memorandum Writing

(অফিসিয়াল চিঠি)

What is memo?

According to Oxford dictionary-memo writing বলতে এক বিশেষ ধরনের অফিসিয়াল চিঠিকে বোঝায় যা একই সংস্থা বা প্রতিষ্ঠানের ভেতরে একজন ব্যক্তি থেকে আরেকজন ব্যক্তিকে প্রদান করা হয়।

Memorandum লেখার ক্ষেত্রে ৬টি ধাপ অনুসরণ করতে হয়:

1. Letter-এর শুরুর দিকে "Memo" কথাটি লিখতে হয়।
2. Letter বা চিঠির শুরুতে company/organization এর নাম দিতে হয়।
3. "To" দ্বারা নির্দিষ্ট ব্যক্তি/কর্মীদের উল্লেখ করতে হয়। যেমন:
   To: All officials and workers.

4. "From" দিয়ে প্রতিষ্ঠানের ব্যক্তির নাম উল্লেখ করতে হবে যিনি এই "Memo"-টির sender (প্রেরক)।
5. "To"-এর সরাসরি ডান পাশে "Date" শিরোনামে তারিখ উল্লেখ করতে হবে। যেমন: To: All officials and workers. Date: January 20, 2020
6. "Subject" শিরোনাম দিয়ে উল্লেখ করতে হবে কোন বিষয়ের উপরে সংশ্লিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে "Memo" টি লিখা হচ্ছে।

Memo writing-এর একটি আদর্শ ধরন নিচে দেওয়া হলো:

Memo

To : All officials and workers Date: January 20, 2020
From : Milton Khondokar
Subject : Increasing awareness of working hour

My organization is happy to have your presence in the purpose of making company's good will. I believe you are doing your best to make sure the betterment of our organization. I am trying to give you all possible facilities that you desire. I wish you were connected in your scheduled work upto the mentioned last hour.

E-mail Writing

E-mail means electronic mail.

চিঠি লেখার একটি আধুনিক ধরনের নাম E-mail। চিঠি লিখতে লাগে একটি কলম ও একটি সাদা পাতা। অন্যদিকে E-mail-এর জন্য চাই internet connection-সহ একটি computer/laptop বা mobile-জাতীয় অন্যকোনো modern device।

একটি আদর্শ E-mail writing-এ পাঁচটি ধাপ:

i. "To" দিয়ে প্রাপকের ঠিকানা, তবে তা অবশ্যই "G-mail/Yahoo" এই ধরনের address হতে হবে।
ii. "Subject" দিয়ে shortcut-এ যে বিষয়ে E-mail লিখা হচ্ছে তা উল্লেখ করতে হবে।
iii. সম্বোধন মূলক শব্দ "salutation to the receiver"-কে লক্ষ্য করে উল্লেখ করতে হবে। যেমন: Dear Mamun, Dear Mom *etc.*
iv. মূল লিখাটি letter-এর মত করে লিখতে হবে। তবে, E-mail কে letter এর তুলনায় ছোট করে লিখতে হবে।
v. পরিশেষে, name of the sender বা প্রেরকের নাম উল্লেখ করতে হবে।

তবে, academic পরীক্ষাতে e-mail যেভাবে লেখা যেতে পারে:

From : rana0099@gmail.com
To : xarhad@yahoo.com
Sent : 13 January 2022, 5 pm
Subject : Wanting a suggestion.
Dear xarhad,
I hope you are well ----------

---.

Mr. Rakib

Note: E-mail লেখার ক্ষেত্রে বক্স করে লেখা বাধ্যতামূলক নয়। তবে, কেউ যদি লিখতে চায় তাতে তেমন কোনো ভুল নেই।

Completing Story

(গল্প লিখন)

একজন শিক্ষার্থীর ভেতরে লুকিয়ে থাকা সৃজনশীলতা নির্ণয়ের একটি পদ্ধতির নাম completing story। Completing story লিখার মাধ্যমে একজন শিক্ষার্থীর ভাষা ব্যবহারের দক্ষতা বুঝতে পারা যায়। বর্তমান সময়ে Completing story লিখার ক্ষেত্রে সাধারণত একটি গল্পের কিছু অংশ দেওয়া থাকে। সেইটা অনুযায়ী বাকি গল্পটা বা ঘটনাটি complete (পূর্ণ) করতে হয়।

Completing story-কে সাধারণত দুইভাগে ভাগ করা হয়:

i. Traditional story:

এই গল্পগুলো মূলত নৈতিক শিক্ষামূলক গল্প বা এমন কিছু গল্প যা বছরের পর বছর ধরে মানুষের মাঝে ছড়িয়ে আছে। যেমন:

Bayzid's devotion to his mother
Unity is strength
Honesty is the best policy

এই শিরোনামের গল্পগুলো চাইলেও অন্য কোনোভাবে বর্ণনা করা যায় না। তবে হ্যাঁ, মূল theme বা বিষয়বস্তু ঠিক রেখে নতুন grammatical structure অনুসরণ করে লিখা যেতে পারে।

ii. Creative story:

এটি মূলত কাল্পনিক ঘটনা বা বিষয়কে ইঙ্গিত করে লিখা হয় এমন একটি story। এই creative story-এর মাধ্যমে একজন শিক্ষার্থীর সঠিক grammar structure ব্যবহার করার মাধ্যমে ভাষা প্রয়োগের সর্বোচ্চ কৌশল সম্বন্ধে জানার চেষ্টা করা হয়। যেমন:

A blind man who lost his stick
Quarrling between senior and junior
Friendship is a name of trust

Graph & Chart

Graph বা Chart মূলত এক ধরনের visual fact (দৃশ্যায়মান বিষয়) কে বোঝায়। কোনো একটি চিত্রের মধ্যে নির্দিষ্ট জরিপকৃত কোনো তথ্য বা উপাত্ত সুন্দর ও সাবলিল ভাবে বর্ণনাকেই Graph & Chart বলে।

অনেক ধরনের Graph ও Chart দেখতে পাওয়া যায় তার ভেতরে উল্লেখযোগ্য:

i. Bar graphs/Diagrams/Bar charts
ii. Chart
iii. Table
iv. Pie chart
v. Line chart
vi. Histogram

Paragraph-এর মতো graph এবং chart লিখার ক্ষেত্রেও কয়েকটি বিষয় মনে রাখা জরুরী:

i. Topic sentence: ব্যক্তিগত মতামত পরিহার করে, কোন বিষয়ের উপরে graph/chart লিখতে বলা হয়েছে সেই বাক্যটি লিখতে হবে।
ii. Supporting sentence: এই অংশে সম্পূর্ণ graph এবং chart বিস্তারিত লিখতে হবে। বলে রাখা ভালো, graph/chart-এ শুধুমাত্র বর্ণনা করলেই হবে না, বর্ণনাটি হতে হবে তুলনামূলক বিশ্লেষণ। অর্থাৎ, সবচেয়ে বেশি-সবচেয়ে কম, সবচেয়ে উঁচু-সবচেয়ে নিচু, ভালো-মন্দ এমন compare & contrast (সাদৃশ্য-বৈসাদৃশ্য) মূলক বর্ণনা হবে।
iii. Concluding sentence: সবশেষে, topic sentence-এর কথা মাথায় রেখে শেষ একটি বাক্য দিতে হবে, যার মধ্য দিয়ে graph বা chart-এর সারকথা ফুটে উঠবে। তবে, এক্ষেত্রে ব্যক্তিগত কথা অর্থাৎ 1st person (I/We) দিয়ে কোনো বাক্য লিখা যাবে না।

সাধারণত একটি graph এ যেসব linker ব্যবহার করা হয়:

একটি নমুনাই সকল Graphs/Chart/Pie Chart এর সমাধান

The graph/pie chart shows the (মূল বিষয় বস্তু/যার উপর base করে graph লিখতে হবে) ___. According to the graph / At a glance (এই graph থেকে প্রাথমিক যে ধারনা পাচ্ছি তা লিখতে হবে) ___. The graph shows that (প্রাপ্ত ধারনা কে আরেকটু বিস্তারিত লিখতে হবে) ___. But (graph এর আলোচ্য বিষয়ের মধ্যে যা বিপরীত মুখী তা তুলে ধরতে হবে) ___. However, (graph এর যা ইতিবাচক তা তুলে ধরতে হবে) ___. Again, (নতুন কোন কিছু যোজন করতে হবে যদি থেকে থাকে) ___. Also (আরও নতুন কোন কিছু যোজন করতে হবে, যদি থেকে থাকে) ___. Thus/Overall, the graph shows (পরিশেষে আবারো লিখতে হবে graph-এর Highlighted points গুলো) ___.

একটি Graph বা Chart সাধারণত চারটি ধরনে বর্ণিত হয়ে থাকে। এই বর্ণনাগুলো নিচের শব্দগুলোর সাহায্যে আরো বেশি সহজ, সাবলিল এবং পাঠকপ্রিয় হতে পারে।

উর্দ্ধমুখী graph-এর বর্ণনায় নিচের verb গুলো ব্যবহার করা যেতে পারে:

increased to, climb to, up to

নিম্নমুখী graph এর বর্ণনায় নিচের verb গুলো ব্যবহার করা যেতে পারে:
dropped to, decreased to, reduced to

কোনো তথ্য/উপাত্তের পরিবর্তন না ঘটলে নিচের verb গুলো ব্যবহার করা যেতে পারে:
did not change, remained stable at

তথ্য কম-বেশি বা উঠা-নামা করলে নিচের verb গুলো ব্যবহার করা যেতে পারে:
Raise and fall, fluctuate around

CV Writing

(জীবন বৃত্তান্ত লিখন)

CV = Curriculum Vitae (British term)
অন্যকথায়, CV-কে Resume ও বলা যায়, যা American term।
CV বা Resume লেখার ক্ষেত্রে অবশ্যই Cover Letter সংযোজন করতে হবে।

Cover letter-এর মূলত চারটি অংশ:
প্রথম অংশ: সম্বোধনের পর এই অংশে চাকরি সংক্রান্ত তথ্যাবলির উৎস এবং লেখার উদ্দেশ্য উল্লেখ করতে হয়।
দ্বিতীয় অংশ: Applicatint বা প্রার্থীর চাকরির সঙ্গে সম্পর্কিত তথ্যগুলো প্রাসঙ্গিক কি না তা বলতে হবে।
তৃতীয় অংশ: কেন একজন প্রার্থী উল্লেখিত চাকরিটি পেতে চায় সেই ব্যাপারটি তুলে ধরতে হবে।
চতুর্থ অংশ: একজন প্রার্থী সাক্ষাৎকারের আশায় একটি request (অনুরোধমূলক) বাক্য দিয়ে শেষ করতে হবে।

একটি আদর্শ মানের CV-এর নমুনা নিচে দেওয়া হলো

Question: Write a C.V with cover letter for the post of an English teacher.

25-01-2022
The Secretary
Managing Committee
C.S.C, Dhaka.
Sub : Application for the post of _____.(যে চাকুরী তার নাম)

Sir,
With reference to the advertisement published on 01.01.2020 in "The Daily Star" for appointment to a post of___(যে চাকুরী তার নাম) in your school/college/institution/under you. I beg to offer myself as one of the candidates for the post and furnish the following particulars for your sympathetic consideration.

I hope that you will give me an opportunity to prove my competence for the post.
Yours obediently
Md. A

CURRICULUM VITAE

1. Name : Md. A
2. Father's name : Md. K
3. Mother's name : Miss. Afsana Begum
4. Permanent Address : 3/6 Puran Thana Road, Dhaka
5. Present Address : Matihar, Kazla, Rajshahi
6. Date of birth : 01.01.1992
7. Nationality : Bangladeshi (by birth)
8. Religion : Islam (Sunni)
9. Marital status : Single.
10. Mobile : 01722-******
11. Academic Qualifications :

Name of Exam	Year of passing	Board/ University	Result/GPA
S.S.C.	2008	Rajshahi Board	5.00
H.S.C.	2010	Rajshahi Board	5.00
B.A. Hons.	2014	Rajshahi University	2nd class
M.A in English	2015	Rajshahi University	2nd class

12. Experience : 2/3 years experience as an Assistance Teacher / Lecturer / worker / partner in X school / college / institution.
13. Reference :1. Prof. Md. Zakir
Rajshahi University
Phone:01722 635423
2. Prof.Reza Chowdury
Rajshahi College
Phone:01723 665422
14. Attachment : (i) Photocopies of all certificates
(ii) Passport Size Photo two copies

উল্লেখ্য, Experience (12. No) ও Reference (13. No) C.V লিখার ক্ষেত্রে বাধ্যতামূলক নয়।

Dialogue Writing

(সংলাপ লিখন)

দুইজন ব্যক্তি বা দুইটি দলের মধ্যে প্রাসঙ্গিক কোনো বিষয় নিয়ে কথাকে ইংরেজিতে dialogue বলে। Dialogue এর মূল উদ্দেশ্যই হলো দুইজন ব্যক্তির মনের ভাব বা চিন্তাধারার স্বতস্ফূর্ত প্রকাশ।

Dialogue wirting-এ কত শব্দ (word) হওয়া উচিৎ:

সাধারণত ১২০ বা ১৫০ শব্দের dialogue-কে standard বা আদর্শমানের dialogue writing ধরা হয়। উল্লেখ্য, Exam paper বা প্রশ্ন পত্রে যদি কখনো dialogue writing-এর word limitation উল্লেখ করা থাকে, তবে সেই ক্ষেত্রে উল্লেখ্য সংখ্যা মাথায় রেখে dialogue লিখতে হবে। মনে রাখতে হবে, নির্দিষ্ট word limitation-এর ক্ষেত্রে শতকরা ৫টি word কম বা বেশি লিখা যেতে পারে।

একটি আদর্শ মানের dialogue লিখতে, যে বিষয়গুলো মনে রাখা দরকার:

i. কোন বিষয়ের উপরে dialogue লিখতে বলা হচ্ছে সেই বিষয়টির কথা মাথায় রেখে dialogue-টি লিখতে হবে।

